# অলেকিক রহস্য।

৫ম বর্ষ।]

আবণ, ১৩২০

্রম সংখ্যা।

### আমাদের পঞ্চমবর্ষ।

ভগবানের ক্লপায় অলোকিক ব্যুহত্ত পঞ্চমবর্ষে পদার্পণ করিল। এই পঞ্চমবর্ষে আমরা অনেক অলোকিক ঘটনার সংবাদ পাঠকবর্গের সম্প্রে উপস্থিত করিয়াছি। যে উদ্দেশ্তে আমাদের দেশে অক্তান্ত ধর্ম্মসংস্কীয় পুশুক ও পত্রিকা প্রকাশিত হইরাছে ও ইইতেছে, অলোকিক রহন্ত প্রকাশের উদ্দেশ্ত তাহাই; এ কথা আমরা পূর্বেও বিস্থাছি, এখনও বলিতেছি। শুধু কতকগুলা ভূত প্রেতের গল্ল করিয়া পাঠকের মনস্তুষ্টি করিব, চঞ্চল বালক বালিকাদিগকে শাস্ত করিবার জন্ত, তন্ময় করিয়া ঘূম পাড়াইবার জন্ত, বৃদ্ধ পিতামহীরা যেমন আষাছে গল্ল করিয়া থাকেন, আমরাও সেইরূপ বাজে গল্লে পাঠকের অবকাশ সময়টা আমোদে কাটাইবার সংহায্য করিব, সে উদ্দেশ্ত আমাদের নহে। স্থুবের কথা, পাঠকবর্গের অধিকাংশই এখন আমাদের উদ্দেশ্ত ব্রিতে পারিয়াছেন। বৃবিতে পারিয়াছেন, একাস্ত জড়বাদীদিগের মনে পরলোকের অন্তিত্বের বিশ্বাস আনমনের জন্তই আমরা এডদিন চেষ্টা করিয়া আসিতেছি। সে চেষ্টা অনেকটা ফলবঙী ইইয়াছে। সকলেই না হউন, অনেকেই এখন পরজগতের অন্তিত্বে বিশ্বাসী ইইয়া তত্ত্বামুসন্ধিৎস্থ ইইয়াছেন।

পূর্বেই বলিয়াছি আমাদের এ আলোচনা আমাদের মত স্বর্ত্তি অধিকারী লইয়া-সনাতন ধর্ম্মের এইটা বিশেষত্ব যে অধিকারিভেদে ইহাতে বিভিন্ন প্রকারের সাধন শিক্ষা প্রদত্ত হইয়াছে।

याहात रममन (भारते मन्न. এই धार्याहे दकवन महिकाभ भाषात वावस्था ক হিন্না থাকে। পেটেণ্ট ঔষধ ব্যবসায়ীর মত ইহা সর্ব্ধরোগের এক ঔষধেরই ব্যবস্থা করে না। তাই মুক্তি-পথাবদখীর জ্ঞ ইহাতে এত বিভিন্ন পম্থার নির্দেশ। যিনি জ্ঞানপথে অগ্রসর হইবার যোগ্য, তাঁহার জ্ঞাল লাভের প্রকৃত উপায় প্রদর্শিত হইয়াছে। যিনি ভক্তির আশ্রয় গ্রহণ করিতে ইচ্ছুক তাহার জন্ম ভক্তির কত প্রকৃষ্ট পন্থ। উন্মুক্ত রহিয়াছে। কর্মধোগীর জন্ম অনস্তকর্ম নিদিষ্ট। তুমি তাহার যে কোনটী অবলম্বন করিয়া অগ্রসর হও। ্তুমি নিরাকারবাদী, তোমার জন্তে নিগুণি ত্রক্ষের উপাসনার ব্যবস্থা রহিয়াছে। তুমি সাকারবাদী, ভোমার সমক্ষে ভেত্তিশ কোটি দেবতার শোভন মূর্ত্তি সাজান রহিয়াছে। তুমি তাহার যে কোনটাকে আশ্রয় কর এবং ভাহার সাহায্যে মুক্তি লাভ কর : কিন্তু কোনও পথে অগ্রসর হইবার আগে তোমাকে বিশ্বাস বলিয়া বস্তুটীকে পথের সম্বল করিতে হইবে। হৃদয়ের নিভূত কলবে এই বিখাদটীকে সমস্ত ধারণ করিয়া পথ চলিতে इटेरव। नहिल्ल रा पथ धतिश्रा ठल ना रकन, शखरा छात्न উপস্থিত হইতে পারিবে না। গীতায় শ্রীভগবান বলিয়াছেন,—

"অজ্ঞশ্চাশ্রদ্ধানশ্চ সংশয়্যা বিন্যাতি।

নায়ং লোকোহন্তি ন পরো ন স্থং সংশয়াত্মনঃ॥'

অজ্ঞ, শ্রদ্ধা বিরহিত ও সংশয়াঝা বিনাশ প্রাপ্ত হয়, অর্থাৎ ইহারা ্কোনও কালে মুক্তির অধিকারী হইতে পারে না। কিন্তু নিতান্ত হু:খের বিষয় আজি কালি আমাদের অধিকাংশই এথন পূর্ব্বোক্ত তিন দোষের কোনও না কোনও দোষে ছষ্ট। কেহ বা শান্তজান রহিত বলিগা

সনাতন ধর্ম সম্বন্ধে একেবারে অনভিজ্ঞ। ইহাদিপকে কোনও পাশ্চংতা বংশাবলীর কীর্মন করিতে বল, ইহারা অনায়াসে তাহা করিতে পারিবে। কিন্তু নিজ্ঞের তৃতীয় পুরুষের নাম জিজ্ঞাসা করিলে আকাশ পানে চাহিয়া থাকিবে। আর্থারের বীরত্বগাথা ইই।দিগের কণ্ঠস্থ, কিন্তু নহুষের নাম শুনিবা মাত্র ইইারা নেশায় বেছ'স হইয়া যান।

কাহারও বা শাস্ত্রচর্কা থাকিলেও শাস্ত্রবাক্যে তাদৃশী শ্রদ্ধা নাই। পাশ্চাত্য শিক্ষার ফলে ঋষিবাক্য আমাদের অনেকেরই বুদ্ধির কাছে গঞ্জিকাদেবীর উক্তিতে পরিণত হইয়াছে।

শুধু ইংরাজি নবীশদিগকেই বা বলি কেন, আমাদের শান্তব্যবসায়ী-দিগের মধ্যেও অনেকে শান্তের যথার্থ মর্মা গ্রহণ করিতে অপারগ। শুধু পুঁপিগত বিদ্যা লইমাই —শাস্ত্রের বাক্যাথ লইমাই তাঁহারা আত্মপরিভপ্তি সাধন করিয়া থাকেন। ভিতরে প্রবেশ করিতে তাঁহাদের প্রবৃত্তি বভ কমই দেখা যায়। অংশীকিক রহস্তের সংবাদাদি পাঠ করিয়া. জনৈক বিজ্ঞ অধ্যাপক আমাদের একদিন প্রশ্ন করিয়াছিলেন "এ সব ঘটনা কি সত্য ?'' অপচ ইহাঁরা যজমানের গৃহে শ্রাদ্ধাদি কার্য্য নিষ্পন্ন করিয়া থাকেন। ইহাঁদের অংপ্রবাকো একেবারে অনাস্থা **(मथाहेट ज जाज्य नाहे, उटर यन हेड्ँ।(मर जः मटा अदिश्र्।** ষে একদিক হইতেই আমাদের সমাজে অবিখাদের স্রোত প্রবেশ করিয়াছে, এ কথা বলিলে সভ্যের অপলাপ করা হয়। কালবশে এই স্রোত সমাজের প্রতি ন্তরে অর বিন্তর প্রবেশ করিয়াছে। অথচ স্থতি-শাস্তের অর্দ্ধিক অঙ্গ প্রেত-তত্ত্বাদির দ্বারাই সজ্জিত। কেমন করিয়া পর্লোক-গত জীবের মঙ্গল সাধন হইবে, এই চিস্তাতেই করুণাময় আর্থ্যমনীষিগণ অনেক সময় অতিবাহিত করিয়া গিয়াছেন। তবে দেশে আবার স্থবাতাস বহিতে আরম্ভ করিয়াছে। পাশ্চাত্য শিক্ষা কিছু কালের জন্ম আমাদের

দেশের তথা কথিত শিক্ষিতদিগকে মোহগ্রস্ত করিয়াছিল, কিন্তু একেবারে আত্মহারা করিতে পারে নাই। গুন্ধ মাত্র জড়ের অন্তিত্বে বিশ্বাস স্থাপন করিয়া এখন আর কেহ বড একটা শান্তিলাভ করিতে পারিতেছেন না। ইহ জগতের সীমান্তে অব্ধিত জীবগণের সহিত পরিচিত হইবার জন্ম অনেকেই এখন কালায়িত। কিন্তু স্বস্থির ও সংযতভাবে অধ্যাত্মচর্চা করিবার অব-काम ध्यम छाँहारा त्र मर्था । ज्यानरक बहे नाहे। जन्नि छात्र । अन्नि छात्र । अन्नि छात्र ।

প্রিণাম চিস্তায় তাঁহাদের জীবনের অধিকাংশ সময়ই অভিবাহিত হইয়া যায়। এদিকে নানাদিক হইতে নানা জাতীয় তর্কের প্রহারে তাঁহাদের চিত্ত এডই বিচলিত যে, প্রাচীন ঋষিমতে সম্পর্ণ বিশ্বাস স্থাপন করিতে তাঁধানের সাহসে কুলায় না। এরপ অবস্থায় ভক্তি কথা, জান কথা লইয়া বড় বড শাস্ত্রের উক্তি বোঝা মাথায় করিয়া তাঁহাদের সমুথে ডালি ধরিলে কি হইবে ? আগে যে কোনও সহজ উপায় অবলম্বনে তাঁহাদের বিশ্বাদের বীজ বপন করাই দৰ্মণা বাজনীয়। বীজ উপ হইয়া একবার অন্ধুরিত হইলে ভাহার পর শাস্ত্রবাকোর সার দিয়া ভাহার মূল একবার দৃঢ় করিয়া চিত্ত-ক্ষেত্রে সংলগ্ন করিয়া দিতে গারিলে, কালে ভাহাতে সোণা ফ্রনিতে পারে, এই বিশ্বাদেই আমর: এই অলোকিক চিকিৎদার ব্যবস্থা করিয়াছি। এ বাবস্থা নৃতন নহে, আমাদিগের তন্ত্রপান্তে বহুকাল পূর্ব্ব ইইতে প্রেত-তত্ত্বাদি আলোচিত হইয়াছিল। যে উদ্দেশ্যে ইহা আলোচিত হইত, আমরা সেউদ্দেশ্য ভূলিয়াছিলাম বলিয়া এই তত্ত্ব সমাজের চক্ষে একদিন হেয় হইয়া দাঁড়াইয়াছিল।

কিন্ত্র জ্বাতের হিতার্থে দকল্মপ্রলাময় ঋষিগণের দ্বারাই এই বিদা আমাদিগকে প্রদত্ত হইরাছিল। মারণ, উচ্চাটন, স্তম্ভন, বশীকরণ, সংখা-হন প্রভৃতি আভিচারিক ক্রিয়ারও জগতে প্রয়োজন আছে। নূতন নগর वनाहर्ट इहेरन वन कांत्रिया, शालन मतीरुलानि निधन माधन कतिया छान প্রস্তুত করিতে হয়। তিন দিনের পথ তিন দণ্ডের মধ্যে যাইবার প্রয়োজন ছইলে শ্রীরামচন্ত্রের স্থায় পথমধ্যও বিল্ল ম্পিণী তারকার নিধনসাধন করিতে হয়। তপস্থার বিল্ল উৎপাদন করিলে থর দূষণাদি রাক্ষদগণকে সংহার করিতে হয়। প্রতি মাঙ্গলিক কার্য্যের প্রারম্ভে —

> ''ভৃতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীস্পাঃ। অপসপত্ত তে সর্কে চণ্ডিকাস্তেণ ভাডিতাঃ।

এই মন্ত্র উচ্চারণ করিয়া ভূজাপদারণ করাই বিধি। মানুষে নির্বিদ্নে যাহাতে ওপস্তা করিতে পারে, যাহাত্তে প্রুলদেহাত্মক জ্ঞানপরিত্যাগ করিয়া, ফুল্ম জগতের প্রবেশমুখে এই সমস্ত অনিষ্টকারী জীবর দ্বারা সাধক উৎপীড়িত না হয়, এই জ্বন্তই যোগিগণ এই সকল অবিচার ক্রিয়ার অনুষ্ঠান করিয়া গিয়াছেন। পরার্থে এই সকল শক্তি প্রপুক্ত হইলে ইহারা জীবের প্রথ মঙ্গলের কারণ। স্বার্থে প্রযুক্ত হইলে ইহাদের তুলা অনিইকারী শক্তি জগতে মার নাই। অনলোদগারী বড়বড় আংগেরাজ্র ইহাদের তুলনায় কিছুই নয়। কালবংশ আর্থান্ধ হইয়া মানব এই দকল শক্তির যখন অপবাবহার করিতে লাগিল, তথনই সাধুগণ এই সকল রত্ন আবার তাঁহাদের গুপ্তভাগুরে লুকাইয়া রাখিলেন।

এখন ও পর্যান্ত ইহা সাধারণের চক্ষের অন্তরালে লুকাইয়া রহিয়াছে। সাধারণ্যে ইহা কথন প্রকাশিত হয় নাই, অথবা হইবে না। গুরু শিষ্যকে উপযুক্ত বুঝলে, জীবের হিত্যাধনজন্য কথন কথন এই সকল বিদ্যার পরিচয় দিয়া থাকেন।

ষাঁহারা এই সকল বিদ্যায় অভাস্ত স্থাজগৎ গ্রম্মাই কেবল তাঁহাদের কার্যা। সাধারণ মানবের অলক্ষ্যে ইহাঁদের দ্বারা জগতের কত যে উপ-কার সাধিত হইতেছে, তাহার ইয়তা নাই।

তবে এই সকল বিদ্যায় পারদর্শী হ ওয়াই জীবনের মুণ্য উদ্দেশ্য নছে।

আমাদের সকলেরই একমাত্র উদ্দেশ্য মুক্তি। জীব অষ্টপাশে বন্ধ। এই অষ্ট পাশের পীড়নে আমরা নিরন্তর জর্জারিত হইতেছি। যাহাতে নেই পীড়ন হইতে চির জীবনের জনা মুক্তি লাভ করিতে পারি, আমরা সকলেই কেবল প্রাণপণে ভাহারই চেষ্টা করিতেছি। একথা শুনিতে আপাতঃ বিশায়কর বটে, কিন্তু একটু গভীর চিন্তা করিয়া দেখিলে বুঝিতে পারা যায় বাস্তবিক ভাহাই। বন্ধনের পর মুহূর্ত হইভেই জীবে আপনাকে মুক্ত করিবার চেষ্টা করিতেছে। নিতান্ত অজ্ঞ হইতে জ্ঞানিশ্রেষ্ট পর্যান্ত ঐ একমাত্র উদ্দেশ্যে ইহজগতে লাপন আপন কার্যা করিতেছে। **ভবে কেহ পথ না জানি**য়া আপনাকে আরও বন্ধনরজ্জুর পাকে পাকে জড়াইতেছে, কেহ বা ধীর শান্তচিত্তে আপনার ভিতরে আত্মার অন্তিত্ব অনুভব করিয়াধীরে ধীরে বন্ধনরজ্জুর পাক খুলিতেছে। কার্য্য একই, ভাব শ্বতন্ত্র। সংগারে সাধারণতঃ যাহাকে আমরা ছঃথ বলি, ভাহার নিবৃত্তিই মুক্তির একমাত্র উপায় মনে করিয়া লোকে স্থথায়েষণে বাগ্র হইয়া থাকে। কামী ইন্দ্রিয়দেবায় নিরত হয়, লোভী পরধন অপহরণের জন্ত ওৎস্কা প্রকাশ করে। ইন্দ্রিয়গণের স'হাযো এই স্থভোগ করিবার চেষ্টায় বছকাল পরে জীবনের এক সময়ে যথন লোকে বুঝিতে পারে যে ইন্দ্রিয়ের সাহায্যে যে স্থুখ তাহা ক্ষান্তায়ী, তাহাতে চিন্ত চির্নাদনের জ্বন্ত পরিতৃপ্ত হইতে পারে না; তথন দে স্থুখেক চির প্রতিষ্ঠিত করিবার জন্ম ব্যাকুল হয়। জন্ম জন্মের ব্যাকুলতায় ভগবং-কুপায় একদিন তাহার অস্তশ্চকু প্রক্টিত হইয়া থাকে। তথন সে আপনার স্বরূপ কথঞিৎ উপ-ল্পিকরিতে সমর্থ হয়। এই উপল্পির সঙ্গে সঙ্গে তাহার আত্মজান লাভের ব্যাকুলতা আসে। তথন যে সমস্ত ক্রিয়ার ছারা সে আপনাকে দুঢ়রূপে বন্ধন করিয়াছিল, এথন হইতে প্রতিক্রিয়ার ঘারা সে সেই বন্ধন হুইতে মুক্ত হুইতে চেষ্টিত হয়। এই স্ময়েই সে সৃদ্পুরুর সাহায্য লাভ

করে; এবং কঠোর সাধনার ফলে অবশেষে আত্মজ্ঞান লাভ করিয়া থাকে।

> পরাঞ্চিথানি ব্যস্তৃণাৎ স্বয়স্তৃং, তেন পরাক্ পশুতি নাস্তরাত্মন্। কেচিদ্ধীরা প্রত্যগাত্মানমৈছেৎ, ব্যাব্ভচকুরমৃত্ত্মিছন্॥

শ্বয়ন্ত ব্রহ্মা ইন্দ্রিয়গণকে বহিমুখি করিয়া সৃষ্টি করিয়াছেন: এই জন্ত ইন্দ্রিয়ের সাহায্যে দেখিতে চেষ্টা করিলে জীব আপনার বাহিরের বস্তুই দেখিতে পায়, আপনাকে দেখিতে পায় না। কেবল ধীর ব্যক্তিগণই অমৃতত্ব লাভের ঐকান্তিকী ইচ্ছায় নিজের অভান্তরে দৃষ্টি সংলগ্ধ করিয়া আত্মদাক্ষাৎকার লাভ করিয়াছেন। যাহাতে জীব অস্তর্দু দি লাভ করিতে পারে, আমরা, অতি সহজ উপায় দ্বারা, এতদিন তাহারই চেষ্টা করিয়া আসিতেছি। যদি জীব একবার বুঝিতে পারে, সুল দেহাস্তে তাহার অন্তিত্বের বিলোপ হয় না: যদি বুঝিতে পারে. এখানে ভালমন হে কাজই করুক না কেন মরণায়ে ভাহার দা'রও সঙ্গে সঙ্গে লইয়া যায় যে জ্ঞানে আমরা ইম্জগতে স্থত্বঃখ সম্ভোগ করি, সেই জ্ঞানেই অথচ সহস্র-গুণ অনুভৃতি লইয়া আমরা পরজগতে স্থুখহুঃথ দন্তোগ করিব,—যদি আমরা কোনও রকমে ইহা বুঝিতে পারি, তাহা হইলে আমাদের মন আপনামাপনি অন্তমুখীন হইবার চেষ্টা করিবে। তথন হইতে ঐকান্তিক मत्न जामत्रा छानात्वयी श्हेत। यिनिन यथार्थ निभामा जानित्त, त्महे দিনই গুরু আসিয়া হাত ধরিয়া জ্ঞানের পথে লইয়া যাইবেন। তাহার জ্ঞ অন্ত কাহারও মুধাপেক্ষা করিতে হইবে না। আমরা প্রত্যেক প্রাতার জন্ম দেই শুভ মুহূর্ত্ত প্রার্থনা করি, এবং যে ভাগ্যবানের সে শুভ মুহুর্ত্ত উপস্থিত ইইয়াছে, তাঁহাকে অন্তরের দহিত প্রণাম করি।

# আইরিশ কুঠিরে ভূতের উপদ্রব।

আয়রলণ্ডে ফাইফ্ মাইল সহরের নিকটবর্ত্তী কুনেদ নগবে একটী ভূত একটা বিধবা স্ত্রীলোক এবং তাঁহার বালক বালিকাকে এরূপ ভাবে ভীত করিয়াছে যে পরিবারবর্গটী ভূতের হাত হইতে পরিত্রাণ পাইবার জন্ম তাঁহাদের বাসম্থান পরিত্যাগ করিবেন মনস্থ করিতেছেন।

কিছু দিন হইল বিধবা মিসেদ্ মারফি এবং তাঁহার বালক বালিকারা নিজেদের ক্ষুদ্র কুঠিরে অলৌকিক শব্দ দারা ব্যক্তিবাস্ত হইয়া পড়েন। প্রথমে তাঁহারা মনে করিতেন ধে ইন্দুর শব্দ করিতেছে, কিন্তু অন্নেমণ করিয়া দেখেন ধে ঐক্লপ শব্দ ইন্দুরের দ্বারা হইতে পারে না। এবং আরো জানা ধায় যে ভূতেরা বালক বালিকাদের উদ্দেশ্যেই ঐক্লপ শব্দ করিয়া থাকে। বালক বালিকারা দরে না থাকিলে সমস্ত নিস্তক্ধ থাকে, আর উহারা দরে থাকিলে শব্দগুলিও তাহাদের একদর হইতে অক্সদরে পশ্চাৎ অক্সধাবন করে।

শক্তুলি কথন বা ইন্দুরে মানী আঁচড়ান শক্তের মন্ত, কথন বা দেওয়ালে আঘাতের শব্দের মত, কথন বা মাথার উপরে মানুষের পদ -শব্দের মত বোধ হইত। অবিশ্বাদী প্রতিবেশীরা যে ঘরে বালক বালিকারা শয়ন করে দেই ঘরে রাত্রি যাপন করিয়াছেন এবং ভূতের অস্তিত্ব বিশ্বাদ করিয়া এবং ভীত হৈইয়া প্রাতে উঠিয়া প্রস্থান করিয়াছেন।

এক দিবদ তুইজন দৃত্কায় ক্লমক একটা বালি কার বিছানার পার্স্থে বুদিয়া চৌকি দিতেছিল, কিন্তু বালিকার চীৎকারে তাহার তন্ত্রা ভালিয়া

যায়. এবং বালিকাটী বলিয়া উঠিল, "কোন জিনিষ আমাকে ধরিতেছে"। তাহারা জিজ্ঞাসা করিল "কোথায় ?" বালিকাটী তাহাদের প্রশ্নের উত্তর শ্বরূপ নিজের বক্ষ দেখাইয়া দিল, তৎক্ষণাৎ তাহারা তাহার বক্ষ হইতে পোষাক অপুসারিত করিয়া দিল: কিন্তু বালিকার ভয়ের কারণ কিছ ব্ঝিতে পারিল না।

অন্ত একদিবস যে বিছানায় চুইটা শিশু শয়ন করিয়াছিল, সেই বিছানার চাদর, চুইটী অবিশ্বাসী প্রতিবেশীর সাক্ষাতে, আ কর্ষিত এবং কম্পিত হইয়াছিল।

কি দিবা, কি বাত্র সকল সময়ই শব্দ গুনিতে পাওয়া যায় এবং ভূতের বিঅমান থাকায় পরিবারবর্গটা এক্লপ ভাবে ভীত হইয়াছে যে তাহারা কুঠির বিক্রম করিয়া অগুত্র য ইবার জন্ম চিন্তা করিতেছেন।

পুন: পুন: বহু রোমিয় ধর্মসম্প্রদায়ের পাদ্রীগণের এন্স্থিলেন এবং মোনাঘান সহর হইতে ঝাসিয়া এই কুঠির পরদির্শন করিয়াছেন। স্থানীয় পাদ্রীরা বছবার উপাসনা করিয়াছেন এবং ভৃতেদের তাড়াইবার জন্ত বছ বুথা চেষ্টা করিয়াছেন ।

এ মণীক্ত বস্তু।

## গোপেশ্বরের চাকুরী।

#### দ্বিতীয় অধ্যায়।

যে সময়ের কথা তথন চুঁচড়ার ব্যারাকে গোরাপল্টন থাকিত; পাশেই চন্দননগর, পাশ্চাতা সভ্যতার ক্ষুদ্র লীলাভূমি ও স্থরধাম ফ্রেঞ্চ **ठक्तनशत्र** ।

### ''চন্দননগর ধাম ফ্রেঞ্চ অধিকার কলেবর কুদ্র কিন্তু বড়ই বাহার"

কাজেই এই স্থাপের স্থাগ সমন্বিত, যুবতী সেবাদাসী পরিবেটিত শ্রীধাম হোটেল পরিশোভিত চন্দননগর, ব্যারাকের গোরা পণ্টনদের তীব আকর্ষণে সর্বলাই টানিয়া আনিত।

ভাহার উপর পাতা মার্কা এক বোতল অমৃত মদিরার মূল্য মোট ছয় আনা, সুতরাং ইহার প্রলোভনও বড় সামাত ছিল না।

মুসভা সুর্দিক ও আতিথেয় ফরাসী জাতিও এই পরদেশী বঁধুয়াগণের আতিথ্য সৎকারের কোনরূপ ক্রটি করিত না এবং প্রায়ই বিশেষ অমুরোধ ও স্তুতি মিনতির দারা উহাদের অনেকেই পরম সমাদরে সরকারী ধরম-শালার রাত্রিবানের বিশেষ বন্দোবস্ত করিয়া দিত, অর্থাৎ বে এক্টেয়ার দেখিলে ফরাদী পুলিশ প্রায়ই রাত্রে তুড়ুম ঠুকিয়া দিত।

ফলে রাত্রে ব্যারাক হইতে দৈনিকের অন্তপস্থিতি নিবন্ধন সামরিক শুঙ্খলার বড়ই ব্যাঘাত ঘটিত। একদিকে বোতলনিবাসিনী স্থুরাদাসী পিম্পগণের চাটবচন ও কর্সেটওয়ালী খোটেলসঞ্চারিণী বারবিলাসিনী দেবাদাসীর তীব্র মোহময়ী আকর্যণ, অন্ত দিকে দরাসী পুলিশের অবিশ্রাম্ভ তুড়ুম ঠোকার হুবাবস্থা; একদিকে কঠোর দামরিক আইনের বিপর্যায় ও विभृष्यना, अधिमत्क आस्त्रक्कीं जिक आहेरनत कृष्ठे शानस्थान । स्त्रना यात्र অনেকটা এই সকল কারণেই গোরাপণ্টন চু'চড়া হইতে উঠাইয়া ল্ওয়া হয়। বহুদিন যাবং ব্যারাক শুক্ত পড়িয়াছিল। এখন ইগতে কাছাগ্ৰী বদিভেছে।

ক্ষীরোদ বাবু এই পল্টনের গোমস্তা ছিলেন; নবীন যুবক ক্ষীরোদ वाव् रावेत्त्वत पूर्व विकारम त्मर ७ मत्नत क्तृर्खि -वाहित्र मिरक कारभन्न नृज्य, ভিতর দিকে উল্লন্ডন। কমিদিয়রেটের বাবু, নবীন বয়স, কাঁচা পয়সা, দোরস্ত সঙ্গী ও উড়ুকু প্রাণ, স্বতরাং কীরোদ ইহার কোনটীরই সম্যক্ স্থবান্থার ক্রটী করে নাই।

সন্ধ্যার পর হইতেই চকু ও মেজাজ গোলাপী, প্রাণথোলা উচ্চ কণ্ঠের আবেগময় ক্ষুর্ত্তি ও আলাপ, নূপুরের নিরুণ, বামাকঠের তান ও প্রভাতের খোঁয়াড়ীতে, দিনরাত্রিগুলা দিবা ক্ষুর্ত্তি ও আনন্দে হ হ করিয়া কাটিয়া शहेट।

তথনকার কালে স্করাপান সভাতার একটা বিশেষ অঙ্গরূপে পরিচিত ছিল। মন্তপ না হইলে শিক্ষিত সমাজ তাহাকে সভাবলিয়া পরিচিত করিত না; বাগান বাড়ী ও কামকুশলা কামিনীগণের মঙ্গ ও সঙ্গীত তথন তাদুশ ক্ষচিবিক্লন ছিল না। বরং মদিরা-রমণী-বিহীন কোন হতভাগ্যের ইহলীলা শেষ হইলে লোকে বলিত একটা গৰু মরিয়াছে। লোকটা নিশ্চয়ই গৰু ছিল, নহিলে নেশা করিত: কেন না গরুতেই নেশা করে না।

পানীয়ের মধ্যে বিনামূলো সংগৃহীত পল্টনের হইন্ধী ও খ্রাম্পেন এবং সঙ্গিনীগণের মধ্যে কাঁচা প্রদার প্রচর সন্থ্যে প্রাপ্ত থড়োবাজরের প্রখ্যাতচরিতা কামিনী, ক্ষারোদের সর্বাপেক্ষা প্রিয়তম বা প্রিয়তমা किल।

্বেরাত্তে আহারাদি শেষ ক্রিতে রাত্তি অনেকটা হইয়া গেণ এবং আহারের পরও বারানায় ইজি চেয়ারে কিয়ৎক্ষণ শুইয়াছিল।

যথন টলিতে টলিতে কামিনীর বাটীর দিকে চলিল তথন রাস্তা অপেক্ষাকত নির্জ্জন ও রজনী গভারা।

কামিনীর বাড়ীর নিকটে এক গলায়কন্তী, মুণ্ডিত মন্তক, গুন্ধদেহ বৈরাগী দাঁড়াইয়া ছিল, সে ক্ষীরোদকে দেখিয়াই হাত নাড়িয়া বারণ কবিল।

ক্ষীরোদ তাহার সঙ্গেতের অর্থ ব্ঝিতে না পারায় আন্তে আন্তে তার নিকটে মুথ লইয়া গিয়া ভাল করিয়া চাহিয়া বলিস 'কি বাবা কি বলছ বাবা'' ? বৈরাগী বলিল ''বাবু আজ ফিরে যান।"

ফী। কেন বাবা তোমার কি পাকাধানে মই দিয়েছি, তোমার এছ চকুঃশূল কেন ?

বৈ। না বাব ফিরে যান, ফিরে গোলে ভাল হবে, আমি বল্ছি আজ আপনি ফিরে যান।

কা। কে বাবা তুমি পেঁড়োর পীর, তোমার হুকুম তামিল করতেই হবে, না বথরা বসাবার মতলবে ফিরছ, সেটী হচ্ছে না বাবা।

বৈ। আজ আপেনার বিষম বিপদ্হতে পারে, তাই বলছি ফিরে যান।

ক্ষী। সত্যি নাকি ? ভারি বিপদ্! এসত থাবা তোমার কঠী। ছিঁডি—

বৈরাগী সরিয়া পড়িল।

''দরে পড় বাবা নহিলে এথনি কামড়ে দিব''—তার পর অফুট ভাষায় আরও কি বলিতে বলিতে টলিতে টলিতে কামিনীর বাটীর ভিতর প্রবেশ করিয়াই জড়িতকঠে উকৈঃসরে ডাকিল ''কামিনী''!

সমস্ত বাটী নীরব, কোন উত্তর নাই।

পুনরায় ডাকিল "কামিনী !''—কোন উত্তর নাই; আশ্চর্য্য হইয়া নিজেই বলিল "একি বাবা, কি মতলব, লুকোচুরী খেল্ছ না কি ?

তাহার ঘরে প্রবেশ করিয়া দেখিল কামিনী একটা বস্তাচ্ছাদনে চুপ করিয়া শুইয়া আছে। বলিল "একি বাবা একবারে মটকা মেরে আছে।"

পরে ভাবিল বোধ হয় অন্তথ করিয়াছে, গায়ে হাত দিয়া ডাকিল, কোন সাড়া নাই। যথন গায়ের কাপড়খানা খুলিল তথন ভার চকুস্থির— একেবারে খুন— গলদেশে গভীর ক্ষত, সর্বাঙ্গ রক্তাপ্লুত, শ্যাবস্ত্র লোহিতরাগে রঞ্জিত।

পথিক বেমন বজাঘাতে অকস্মাৎ আড়েষ্ট হইয়া যায়, ক্ষীরোদও তজ্ঞপ এই অচিস্তা অভাবনীয় দৃশ্যে একেবারে নীলবর্ণও আড়েষ্ট হইয়া গেল। পরে বসস্তাগমে যেমন শুক্ষতক ধারে ধারে মুঞ্জরিয়া উঠে, সেইরূপ ধারে ধারে আত্মন্থ হইল; কিন্তু তথনও নিজেকে এবং নিজের চকুদ্মকে বিখাদ করিতে পারিল না—একি ? ইহা কি সতা! তার সাধের কামিনী খুন, কে এরূপ করিল, কেন করিল—এইরূপ চিস্তায় কিছুক্ষণ কাটাইয়া পুনরায় ভাল করিয়া চকু মার্জিত করিয়া দেখিল।

তথন আর একটা ত্রাশা জাগিল—যদি এথনো একেবারে না মরিয়া থাকে, যদি এথনো চেষ্টা করিলে বাঁচে ! নাড়াচাড়া করিয়া বৃঝিল কোন আশাই নাই। অনেক ভাবিয়াও খুনের কারণ বা কর্ত্তা সম্বন্ধে কিছুই স্থির করিতে পারিল না, প্রাণে দারুণ আঘাত লাগিল—হতভাগিনীর এই শোচনীয় পরিণাম দেখিয়া নিজের প্রতিও ধিকার আদিল—মর্ম্মে মর্মে ব্রিল তুচ্ছ প্রলোভনে কামান্ধ ও মোহান্ধ হইয়া অনেক কুলকামিনীরই কুলত্যাগের ফলে শেষে এইরূপই পরিণাম হয়।

যদিও কামিনী বারাঙ্গনা এবং দেও নিজে মতাপ ও বেখাসক্ত, তথাপি সে কামিনীকে বাস্তবিকই ভালবাসিত—প্রাণ ভরিয়াই ভালবাসিত।

তার ভালবাসায় এইরূপ নিদারণ ব্যথা পাইয়া প্রতিক্রা করিল বে ধদি তার কিছুমাত্র মনুষ্যত্ব বা কথার ঠিক থাকে, তাহা হইলে নিজের স্ত্রী ছু:ড়া আর কথনো কোন রমণীর প্রেমে মজিবে না বা আর কথন বেখা-সক্ত হইবে না।

আত্ম চিস্তা জাগিল—নেশার খোর ছুটিয়া গেল; বুঝিল, এরপ স্থানে আরু অধিকক্ষণ থাকা নিরাপদ্নতে। যদি অপর কেহ আসিয়া পড়ে বা

কোন গোলযোগ উপস্থিত হয়ত মহা বিপদ্, হয়ত ভাহাকেই খুনী বলিয়া मत्मर कवित्व।

এখন থানায় খবর দেওয়া উচিত কি না-কিন্ত যদি তাহাকেই চালান (मध १ जाविन, ग! इम्र जाहे इत्व अवत्र (म अभारे जेिक ।

তাড়াতাড়ি বাহির হইতে যাইয়া দেখে বাহির হইতে সদর দরজা বন্ধ : টানাটানি করিয়াও থুলিতে পারিল না—তথন মুথ গুকাইরা ভরের মাত্রা অত্যন্ত্র বাডিয়া গেল।

সন্দেহ হইল হয়ত ইহার মধ্যে কোন চক্রাপ্ত আছে; তথন সেই বৈরাগীর উপর রাগ হইল: শালা যদি তথন এত ব্যাপার খুলে বলে তা হলে কোন শালা এ বাড়ীতে আস্ত—সে শালা হয় এর মধ্যে আছে, না হয় সব ব্যাপার জানিত। যদি সে এ যাত্রা কোনরূপে নিম্নতি পায় ত নিশ্চরই দে শালার ভিলক কাটিয়া ফেলিবে।

অবশেষে প্রাণের দায়ে এদিক ওদিক চাহিয়া প্রাচীর টপকাইয়া পলা-য়নই স্থির করিল।

বহুকটে পাঁচীল ডিঙ্গাইয়া যথন নামিবে তথন হুর্ভাগাক্রমে এক कत्महेवल मृत इटेरा प्रविद्या दाँकिन ''दिनान् शास ठीन यां अ'—

প্রমাদ গণিয়া ক্ষারোদ কোনরপ প্রাচীরের অবশিষ্ট অংশ লাফাইয়া পড়িয়া দৌড় দিল।

"পাকড়ো পাকড়ো চোট্টাভাগে" কনেষ্টবলও উৰ্দ্ধখানে পাছু লইল। ক্ষারোদের তথনো পায়ের ভিরতা ছিল না— অলকণ পরেই কনেইবল निक्रेष्ठ इहेश विष्क्र है किन "त्कान शाय"-

পলায়নে অক্ষম ভয়বিহনল কীরোদ প্রাণ ভয়ে বলিল "হাম হায় বাবা হাম হার।"

তোম হায় ত কেয়া হায়---

আবে পাকড়াতা হায় কাহে, হাম কি চোট্টা না ডাকু হায় যে তুমি পাকডাতা হায় বাবা।

"নেহি জ্বান্তা তুম কোন হ্বায়—তোম আলবং চোটা হ্বায়—হাম আও য়াজ দিয়া তব্ভি ভাগতা হায়"—তথন আর উপায় নাই। বলিল, "আরে জানতা নেই বাবা হাম ক্ষীরোদ বাবু পণ্টনকা বড় বাবু। জানতা নেই তোম কোন হায়—আভি দেখে পহেলা তব দোসরা বাৎ" বলিয়া তাহাকে সবলে বাঁধিয়া ফেলিয়া কামিনীর বাড়ীর দিকে লইয়া চলিল।

कौटताम (मिथन ममूह विभन-भन शांग मान लहेबा हानाहानि. এटक-বারে খুনের দায়। বলিল 'আরে ভাই ও বাড়ীমে আটরং খুন হুয়া, হাম থ:নামে যাতা হায় আর তোম পাকড়া কিয়া।"

খনের নাম শুনিয়া কনষ্টেবল কাপড়ের দিকে চাহিতে উভয়ে বিশ্বয়ে দেখিল কাপ ১ময় রজের দাগ।

অসবধানতায় তার বস্ত্রও যে রক্তাক্ত হইয়া গেছে তাহা এতক্ষণ লক্ষাও করে নাই।

ক্ষী। কুচু কন্তব নেই বাবা - কুছ জানতা নেই--ছোড় দেও বাবা পাঁচশ রূপেয়া—হাজার রূপেয়া ইলাম মিলেগা—আরে ছোড দেও ভেইয়া।

ক। আরে হামারা বিট্মে খুন হুয়া আর ভোমরা ছোড় দেগা, নেহি মাংতা তোমরা রূপেয়া।

ষ্থারীতি পিছমোড়া বন্ধন, হাতকড়িও হাজত বাস। যে দারোগা বাবু এতদিন প্রাণের বন্ধু—এক গ্লাদের ইয়ার ছিল, আজ দেও কড়া হইয়া হাজত দিল: কোন কথা, উপরোধ মুণারিস, অর্থে প্রলোভন কিছুতেই किছू श्रेम ना।

তদস্তের সময় যথন হাতকড়ি দিয়া পথে পথে ঘুরাইতে লাগিল, তথন

নতশিরে বার বার প্রার্থনা করিল—মা ধরণী দ্বিধা হও আর এ পোড়ামুখ দেখাতে পারি না।

বন্ধু শক্রা, পরিচিত লোক অনেকেই দেখিয়াও চিনিতে পারে না, কেহ কৌতুক, কেহ তীত্র শ্লেষ ও বিজ্ঞাপের স্বারে বলিল—বেমন কর্মা তেমনি ৈ এইবার ইয়ার্কির মজাটা টের পাও।

ন ও অন্তর্জাহের উপর গ্রভাবনা— ত্রভাবনা নিজের ও স্ত্রী বিধুমুখার জন্ত। ত্রা হইত শীঘ্র শীঘ্র ফাঁসি হয়ে যায় ত হউক, আরে কাট
গড়ায় দাঁড়াইয়া মুখ দেখান যায় না— আবার বিধুমুখার মুখ ও কথা মনে
পড়িত, আবার প্রাণের আশা ও বাচিবার ইচ্ছা জাগিত।

উকিশ হাজতে দেখা করিয়া ভদ্বিরের জন্ম তার কৈদিয়ং ও জবান-বন্দী শুনিয়া গেল।

কিন্তু সমস্ত ঘটনাচক্ৰই তার বিপক্ষে; স্বপক্ষে কোন সাক্ষাই নাই— এক সাক্ষী সেই বৈরাগী, কিন্তু তাহার কোন সন্ধান মিলিল না।

মামলা যথারীতি দায়রায় গেল; প্রত্যহ হাতকড়ি বাঁধা অবস্থায়
নয়পদে, মালন বস্ত্রে, পুলিশ পাহারায় সরকারী ধরম শালা হইতে বেলা
এগারটার সময় আদালতে ওপস্থিত হইত ও পাঁচটার সময় ফিরিয়া
য়াইত। যথন সাক্ষীর জ্বানবন্দীতে তার অপরাধ প্রমাণিত হইত
এবং পরিচিত অপরিচিত ব্যক্তিগণ তাহার প্রতি কৌতুক, করণা ও
বিরক্ত দৃষ্টিতে চাহিত তথন সে আর মুথ তুলিতে পারিত না, বোধ হইত
যেন সমস্ত চক্ষুর বিজ্ঞাপ ও জেছুদ্ধ দৃষ্টি যেন ভাহারই অস্তঃস্তল বিদ্ধ

পুলিসের আদল ও নকল সাক্ষী এবং সরকারী উকিলের বক্তৃতায় বুঝা গেল যে যদিও খুনের সময়ের কোন চাক্ষ্ম সাক্ষ্য নাই, তবে সে যে প্রাকৃত অপরাধী সে বিষয়ে কোন সন্দেহই নাই। হয় কোনরূপ উত্তেজনা বা ক্রোধের বশে কিম্বা অপর কোন পুরুষের অপ্রিয় আগমনে অসম্ভষ্ট হুইয়া মতলব করিয়া এই অপকার্য্য সাধন করিয়াছে এবং ইহা ভাবিয়া চিস্তিয়া স্থযোগ বৃঝিয়া করিয়াছে। কোনরূপ আকস্মিক ঘটনায় হঠাৎ সম্পন্ন হয় নাই, তাহা হইলে কোনরূপ চীৎকার বা গোলযোগ হইত; পরে চূপে চপে পলাইবার সময় পুলিশ কর্ত্তক ধরা পড়িয়াছে। তাহার রক্তাক্ত বস্ত্র ও থানাতল্লাসীর সময় প্রাপ্ত তাহারই রক্তমাথা ছোরা এ ঘটনার প্রকৃষ্ট প্রমাণ।

আসামীর উকিল যথেষ্ট জেরা করিলেন, কিন্তু বিশেষ কিছু স্থবিধা रुटेन ना। जिनि यथार्थ चर्रेना नहेशाहे वक्तृ जा कतिरानन,—रामश्रीहरानन स्य আসামী রমণীকে আন্তরিক ভালবাসিত, স্মৃতরাং তার হত্যা করিবার কোন প্রয়োজন বা ইচ্ছাই হইতে পারে না। সরকার পক্ষ হত্যাকাও অফু-ষ্ঠানের কোনরূপ যুক্তিযুক্ত হেতৃ বা কারণ নির্দেশ করিতে পারেন নাই। এক হইতে পারে হঠাৎ কোনরূপ উত্তেজনার কার্ণ হইয়াছিল, কিন্তু সরকার পক্ষ এ অনুমান গ্রহণ করেন নাই, এবং বাস্তবিকই আক্সিক উত্তেজনা বশে হয় নাই, কেননা তাহা হইলে কোন না কোনরূপ চীংকার পোলযোগ বা ধস্তাধস্তি হইত; তা ছাড়া বাহির হইতে সদর দরজা বন্ধ থাকার জন্ম ইহা বেশ বুঝা ষাইতেছে যে আদল হত্যাকারী অত্যন্ত চতুর, হঁসিয়ার, কার্যাদক ও হত্যা-কাণ্ডে পরিপক ; স্থকৌশলে সমস্ত কাজ শেষ করিয়া বুদ্ধিপূর্বক ক্ষীরোদকে আবদ্ধ করিয়া তাহার স্কন্ধে সমস্ত অপরাধ চাপাইয়া আদল ব্যক্তির অনুসন্ধানের পথ চিরক্ত্ব করিয়া দিয়াছে। এরূপ তৎপরতা ও বৃদ্ধির সহিত কার্য্য ক্ষারোদ বাবু বা কোন ভদ্রলোকের দারা হওয়া সম্ভব নয়; ইহা কোন পাকা বদুমায়েল বা গুণ্ডার কার্য। স্কুতরাং আসামীর জবানবন্দী সর্নতোভাবে সত্য। পুলিশ কার্য্যদক্ষ হইলে এতদিন এক নিরীহ ভদ্রলোককে অকারণে লাঞ্চিত না করিয়া

নিশ্চরট প্রকৃত ব্যক্তিকে ধরিতে পারিত! কিন্তু পুলিশ পরিশ্রমের ভরে অথবা অন্ত কোন কারণে দে পথে না যাইয়া পারিপার্শ্বিক ঘটনার বলে সহজে মামলা মিটাইবার চেপ্তায় আছে।

পরে জ্বজ্জ জুরিগণকে সম্বোধন করিয়া বলিলেন যে, ষ্থন হত্যার কোনরপ কারণ ছিল না, এবং কোন চাক্ষ্য প্রমাণ নাই এবং ভদ্রলোক আসামী যথন শেষ পর্যান্ত দৃঢ়তার সহিত নিজেকে নির্দ্ধোষ বলিতেছে. তথন একজন নিরপরাধ প্রজার ধেন বিনা দোষে দণ্ড না হয়, অন্ততঃ সন্দেহের স্থাযোগ মুক্তি দেওয়া হউক।

মিরমাণ ক্ষীরোদ অনেক সময়েই জেলের ভিতর বদিয়া বদিয়া আকাশ পাতাল ভাবিত, সে ভাবনার কূল কিনারা ছিল না ; কিন্তু ভাবিয়াও কিছু ঠিক করিতে পারিত না !

কখন হতাশ হইয়া হাল ছাড়িয়া .দিত বা মরিয়া হইয়া উঠিত, কখন বা আশার আলোকে ভবিষাৎ গগন আলোকিত দেখিত; ভাবিত, যথন দে নির্দোষ তথন আর ভয় কি ? ষ্ণার্থই স্প্রিচার হইবে, নিশ্চয়ই মুক্তি হইবে।

এট আশা নিরাশা, ভাবনা চিম্বায় ভিতরে ভিতরে অজ্ঞাতসারে একটা নৃতন ভাব ফুটিয়া উঠিতেছিল। জীবনে সে কথনো ভগবানকে ভাকে নাই, সে সময় বা প্রবৃত্তিও ছিল না, কথনো আবশুকও মনে করে নাই।

আৰু হঠাৎ দেই অজ্ঞাত অচিস্থা ভগবানকে মনে পড়িল, কাতরে প্রাণ ভবে ডাকিত, মনে মনে শত অপরাধের জন্ম অমুতপ্ত হইয়া, ক্ষমা প্রার্থনা করিয়া আকুল ভাবে জানাইত—ভগবান, দয়াময় ভূমি সভ্যু আমার শত অপরাধ মার্জ্জনা কর; এ ২ডভাগাকে লাঞ্না অপমান ও প্রাণের আশকা হইতে রক্ষা কর। ডাকিতে ডাকিতে কথন নিরাশ হইয়া পডিত

কথনো বা প্রাণের ভিতরের মেঘলা আকাশ ক্ষর্সা ইইয়া উঠিত। প্রবল ভূকম্পে যেমন ভূতারের অনেক সময়ে বিশেষ পরিবর্ত্তন ঘটাইয়া দেয়, উচ্চ স্থান হ্রদে পরিণত ও জলা ভূমিতে গিরিশৃঙ্গের উদয় হয়, সেইরপ তাহারো মনোমধ্যে এই ঘটনার বিষম প্রতিঘাতে আন্দোলিত হইয়া বছ শৃত্য স্থান পূর্ণ ও বছ আশা কল্পনা ও গর্ব্ব বিনির্ম্মিত উচ্চ চূড়া ধূলিসাৎ ইইয়া গেল।

বুঝিল এ জগতে সবই সম্ভব, সবই অসম্ভব;—আজ যে রাজা কাল সে পথের ভিখারী, আজ যে কালাল কাল হয়ত সে মহা ঐথর্যাশালী। ধন জন যৌবন অর্থ সকলি বিছাছৎ চঞ্চল ও ক্ষণস্থায়ী। যে লোক ছই দিন পূর্ব্বে পশ্টনের বড় বাবু বলিয়া কাঁচা পয়সায় বাবুগিরি করিয়া গর্বভরে চলিয়া যাইত, বিধাতার প্রকোপে সে এখন পরিত্যক্ত, বন্দী, হতভাগ্য ও মৃতবৎ।

ক্ষীরোদ প্রাণপণে ভগবানকে ডাকিল। প্রাণের ভয়ে বন্দী অবস্থাতেও বথাসাধ্য চেষ্টা করিল, স্বপক্ষের উকিল যথেষ্ট পরিশ্রম করিল, সাধ্বী স্ত্রী বিধুমুখী সর্বায় করিয়া মামলা চালাইল, কিন্তু বিরুদ্ধ গ্রহ প্রবল, অদৃষ্ট বিপক্ষে ঘটনাচক্র প্রতিকূল ও সন্দেহজনক।

রক্তবর্ণ বস্ত্রাধারে বসিয়া জল সাহেব যথন রুমালে চকু মৃছিতে মুছিতে কোমলে কঠোরে প্রাণ দণ্ডের আদেশ দিলেন, তথন হঠাৎ কীরোদের চক্ষের সম্মুথে প্রলম্ব ঘটিয়া গেল—আদালত গৃহের কড়ি বরগা স্থোতের স্থায় সরিতে লাগিল; নিমে পদতলে গৃহতলও বিপরীত দিকে সরিয়া গেল
—কাটগড়ার মধ্যে মাথা ঠুকিয়া পড়িয়া গেল।

কাঁসি হইবে ? হউক, কিন্তু বিশ্ব কেন ? তবে কি কোন উপায় নাই, দৈববলে ত সবই সম্ভব হয়, চিতাকাৰ্চ্চ হইতে মৃত জীব ফিরিয়া আসে, জগতে কভ অঘটন হইতেছে তবে কি কোনরূপে এ ফাঁসির হকুম রদ হইবে না—নিস্তব্ধ কারাগারের নীরস কঠোর দেওয়াল মৌন, কে উত্তর দিবে ? এক উপায় এখনি আত্মহত্যা, কিন্তু সে পথও ক্লছ়! যদি বাঁচে, কিন্তু সে কি সম্ভব ? তবু ভাল যে কটা দিন বাঁচিতে পারে, বাঁচিয়া থাকিলেও স্থথ আছে।

আশা কথনো কথনো মর্শ্বস্থল জাগিয়া উঠিত; মনে হইত সে নিশ্চর
বাঁচিবে, কোন না কোনরূপ অলোকিক ঘটনার বা দৈববলে নিশ্চরই রক্ষা
পাইবে;—দৈববলের ভরসার উৎফুল হইরা উঠিত। আবার মনে হইত
আলোকিক ঘটনা নাটক নভেলে বা গল্লেই মানার ভাল, বাস্তব জীবনে
বড একটা ঘটে না।

মর্মে মর্থের, কেন শাস্ত্রে স্থরাপান ও বেখাগমনের এত নিন্দা, কেন ইহাতে নিজে ও চতুর্দিশ পরুষ নরকস্থ হয়! যদি আবার জীবন পায়ত এসব ব্যভিচার হইতে চিরজীবন দূরে থাকিবে!

তথনো আশা; আশার প্রলুক, তথনো বিখাস—বৃঝি বা মুক্তি পাইবে। শাস্ত্র বলেন,—আশা ব্যভিচারী, কুহকিনী ও কল্পনাময়ী; কিন্তু আবার অনেক সময়ে এই আশাই মঙ্গলময়ী আশাতেই মানুষ বাঁচে, আশার প্রলোভন না থাকিলে মানুষ মরিয়া হইত, সংসার মকভূমি ও উন্মত্তের আবাস-গৃহ হইরা উঠিত।

আশার বুক বাঁধিয়া ছোটলাট বাহাত্রের নিকট প্রাণভিক্ষা করিয়া, দরখাস্ত পাঠাইল—প্রত্যন্তরে থাসমুস্সী জ্ঞানাইলেন যে লাট সাহেব বিশেষ ছ:খিত যে তিনি দরখাস্তকারীর মুক্তির কোন যুক্তি সঙ্গত কারণ বা উপায় দেখিতে পাইতেছেন না।

লাট সাহেব যতটা ছঃখিত হউন বা না হউন, উত্তর শুনিয়া হতভাগ্য কীরোদের ছঃখের ইয়তা রহিল না। উত্তরের প্রতীক্ষায় :ও উৎকণ্ঠায় কয়দিন নিজেকে ভূলিয়াছিল, কিন্তু আবার সমস্ত কল্পনা ভূমিসাৎ হইয়া গেল। শেষ আশা ও চেষ্ট!—বড় লাট বাহাত্রের নিকট ক্ষমা ভিক্ষা; উত্তর পূর্ববং নিরাশব্যঞ্জক।

আগামী কল্য ফাঁদির দিন; অনেক্ষণ ধরিয়া প্রাণ ভরিয়া কাঁদিয়া স্থির হইল। রাত্তি নিদ্রাশৃত্ত, শুনিয়াছিল ফাঁদির দড়ি ছিঁড়িয়া গেলে মুক্তি হয়; ভাহার অদৃষ্টে যদি সেইরূপই হয়।

শুনিয়াছিল ফাঁসির পূর্বে প্রাণের শেষ ইচ্ছা পূরণ হয়, কিন্ত দেখিল সে সব কিছুই নহে; নহিলে একবার শেষ একবার কেবল মূহুর্ত্তের নিমিত্ত, একটা প্রাণের কথা কহিবার ও চক্ষের তৃপ্তির জন্ত বিধুমুখীকে দেখিবার বডই আগ্রহ হইল।

কেবল জানান হইল তাহার কোন বক্তব্য আছে কি না? ভাবিয়া বলিল যেন স্বজাতির দারা তাহাকে দাহ করা হয় ও স্ত্রীকে জানান হয় যে সে সম্পূর্ণ নির্দোষ।

একবার কাঁপিয়াছিল—পদন্বয় টলিক্কা পড়িয়াছিল, তার পর যথন সম্পূর্ণ নিম্পৃহ ও নিরাশ হইল, তথন দে ধীর ও স্থির; কিন্তু বাহ্যিক জ্ঞান বড় একটা ছিল না, শুন্ত দৃষ্টিতে চতুর্দ্দিকে চাহিয়া রহিল।

তারপর সব শেষ; কাঠমঞ কাঁপিয়া উঠিল, সমস্ত দেহে একটা প্রাবল কম্পন ও স্কল্পেশে একটা চাপ অমুভব করিল।

তাহার পর যাহা দেখিল সে স্বপ্নেও তাহা কল্পনা করে নাই; দেখিল নয়ন-প্রাণ-তৃপ্তিকর কোমল শঙ্গপূর্ণ ফল-ফুল-মুকুলিত ক্রমলতা-পরিশোভিত, অঞ্চরা-সেবিত স্থলর স্থলর উল্লান; অনিন্দ্য অতুলনীয় শোভা।

শ্রান্ত মলয় মারুৎ নেশার ঘোরের মত স্থবাস বুকে লইয়া মৃত্কম্পনে
তার সর্ব্ধ শরীরে ঢলিয়া পড়িতেছে, মাথার শিয়রে মৃর্তিমতী অপ্সরা
অলোকসামান্তা অতুলনীয়া রূপলাবণাবতী স্থিরধৌবনা স্থর্গের প্রস্কুল

আননে, কমল নয়নে বুকভরা মধু ও প্রাণভরা আবেগ লইয়া তাহারি পানে অনিমেহে চাহিয়া আছে।

স্থানর সে দৃশ্য নয়নমন তৃথিকর অপার্থিব রমণীয় চাক্ষচিত্র। পৃথিবীর লোকে সে দৃশ্য উপভোগ করে না—পার্থিব চক্ষু সে শোভা দেখে নাই—
মধুর ও উজ্জ্বল—অমর-বাঞ্জিত নন্দন কানন।

মার্বেল-গঠিত রতন-থচিত, আলোক-প্লাবিত প্রাসাদে রাজেন্ত্র-ঈপ্সিত রাজসিংহাসনে সে অর্থমান অর্থজাগ্রত অর্থনিনীলিত নেত্র — নেশার ঘোরে ব্রপুলকে ভাসমান—ভৃপ্তি, সৌন্দর্য্য-আনন্দ; শান্তি, শোভা মাধুরী।

মাথার শিষ্করে গল্পের, উপকথার, আকাজ্ফার, দেবরাজ্যের পরী---মধু-ভরা কুম্ম---

> 'থেন ফ্ল শতদল, বুকে করি পরিমল চেয়ে আছে প্রিয় মুখ মধুমাধা সরমে।''

তব্দে দৃশ্য চলিতে লাগিল—চঞ্চল অস্থিরভাবে রক্ষমঞ্চে ক্রত পট-ক্ষেপের মত উত্থান, বনপথ, নদীতীর, কুটারসমুখ প্রভৃতি দৃশ্যাবলীর মত তাহার ইচ্ছার বিক্ষম ক্রমাগত পরিবর্ত্তিত হইতে লাগিল—যথন স্থির হইল তথন—তাহারি নিজ উত্থানে বারান্দায় ইঙ্গি চেয়ারে শয়ান, মাধারে শিয়রে ক্রী বিধুমুখী দাঁড়াইয়া।

কোথার অমরাপুরী, অপ্ররা, আবুহোসেনের রাজসিংহাসন আর কোথায় এই চিরপরিচিত নিজগৃহদৃশ্য ! তবু ভাল — এরপ মরণেও বিশেষ ছঃখ নাই। আজ কয়মাস হাজতবাস, কারাযন্ত্রণা ও বিচ্ছেদে যাহা একবার — একবার মাত্র শুধু নিমেষের তরেও দেখিবার জন্ত কত তৃষ্ণা, লালসা ও আগ্রহ আবেগে চাহিয়াছিল, আজ মরণ তাহা নিমেষে আনিয়া দিল।

हित्रविरुद्धान्त्र हत्रम याञ्नात माम थ मिनन—इউक क्रनिक, सिनन

বড স্থাবের—' এ যে বড় চথে স্থা – বিধি চেয়ে ব্যাধ ভাল এ বড় কৌতুক।"

বিধুমুখী কি বলিতেছিল, কিন্তু ক্লীরোদ তাহা ভালরূপ বুঝিতে বা ভনিতে পাইল না—জিজাসা করিতে ইচ্ছা হইল, কিন্তু ব ক্যকুৰ্ত্তি হইল না ; কবির ভাষায় মনে হইল —''এ পারের কাণ নাই ও পারের নাই বুঝি ভাষা।" নির্বাক ক্ষীরে'দ ফ্যাল ফ্যাল করিয়া চাহিয়া বুছিল।

বিধুমুথী পুনরায় ঠেলিয়া বলিল, ''ঘরে গিয়ে শোবে চল, কত রাত্তি হয়েছে, তার কি হুঁস আছে।"

মনে মনে হাসি আসিল—যেথানে সে আসিয়াছে কে জানে সেখানে দিন কি রাত্রি।—মাত্রষের সমস্ত ক্ষণই দিবার উজ্জ্বগ আলোকে বা নিশার নিবিড় অন্ধকারে কাটিয়া যায় কে জানে গ

লোকে বলে, মৃত্যুর পর জাগ্রত জনতের সহিত সকল সম্বন্ধ শেষ — আর দেখা হয় না ;—জগতের, সংসারের সমন্ত মায়া মোহ আকর্ষণ কাটা-ইয়া কোন এক অজানা রাজ্যে চলিয়া যায়—''না জানে নাম না স্বানে ঠিকানা ওহি দেশ মে জানা।"

তবে এ भिलन किरमत, এই निक्न शृह, खो ও मन्डांषण এ मन किरमत --কলনা, স্বপ্ন না সতা ? এ পারেও কি সত্যের সম্ভাবনা, কলনার খেলা ও স্বপ্লের কৃহক ফুটিয়া উঠে !

হউক স্বপ্ন, হউক কল্লনা, যেন এ কুছক যুগ্যুগান্তর স্থায়ী হয়, "এ পুলক ষেন কভু নাহি টুটে গো ."

বিধুন্থীর বারম্বার ডাকাডাকি ও উত্তেপনায় বেশ করিয়া চারিদিক্ চাহিয়া দেখিল ;---নির্বাক্, তবু বেশ করিয়ানিরীক্ষণ করিল--এত দিবা पृष्टि, न्लाष्ट खानज्ञ !

তবে কি সে সন্তাই তার বাড়ীতে, তবে কি এটা স্বপ্ন নর ? সূতাই কি বিধুমুণী তাহার শিয়রে দাঁড়াইয়া ডাকিতেছে।

বুঝিতে পারিল না; একটা অজানা আশকা ও আনন্দে রোমাঞ্চিত ছইয়াসমস্ত শরীর বামে ভাসিয়া গেল।

কিছু বিলম্বে কঠোর সভ্য স্পষ্টই জানাইয়া দিল যে, সে সভাই জীবিত ও জাগ্রত—তার নিজের বাড়ীতে ও বিধুমুখীর পার্ষে। বুঝিতে পারিয়া হাঁফ ছাড়িয়া বাঁচিল ও অধ্বের কোণে এক ঝলক্ হাসির বিভাৎ থেলিয়া গেল।

বিধুমুখী। আছে। ঘুন যা হোক্, কত ডাকা ডাকাতে ঘুম ভাঙ্গিল, কিন্তু এখনো ঘুনের ঘোর, মুথে কথাটী পর্যান্ত নাই।

তবে কি এতক্ষণের ঘটনা সমস্তই স্থ — সেই কামিনীর বাটী গমন, রক্তাক্ত ও বীভংগ হত্যাদৃগু, পুলিশ কর্তৃক গ্রেপ্তার, হাজত বাস, মামলা, ছশ্চিস্তা, অপমান, বিপদ্ ও ফাঁসি এ সকলই স্থগ্ন ? স্থগ্ন কি এত সত্য ও স্পষ্ট হয় ?

এখনো যেন মনে হয় সতা, স্বপ্ন নহে—জাগ্রত জীবন-নাটকের বিষা-দের মক। এ যেন অস্তান্ত ঘটনাবলীর মত জীবনের সহিত একতা গ্রথিত হইয়া গেছে।

যথন ব্ঝিতে পারিল তথন আবার হাসি আসিল —ভীষণ ছঃস্বপ্নের হস্ত হইতে নিক্ততি পাইয়া যেন পুনরায় নবীন উভামে বাঁচিয়া উঠিল।

বুঝিল স্থাই বটে; বারান্দার ইঞ্চিচেয়ারে ুঘুমাইয়া পড়িয়া এই পাপ স্থাপের আরম্ভ; পরে বিধুম্খী কর্তৃক কাঁধে হাত ও চেয়ারের ঝাঁকানিতে কল্লিত ফাঁদির দহিত স্থাের নির্ভি; বুঝিল এই এতদিনের বা এতক্ষণের যাহা কিছু অভিনয়—দকলি কল্লনা, ''নিশার স্থান দম দে দব বার্তা।'

(ক্রমশঃ)

बैरित्वस्नाथ हर्ष्ट्राभाषात्र।

# কর্মানুদারে জাবের গতি।

#### (পূর্ন্ধ প্রকাশিতের পর)

যে যেমন কর্ম করিবে, সে সেইরপ ফল পাইবে। জ্ঞানীরা বিচারবৃদ্ধিতে এই মত পোষণ করেন। তাঁহারা বলেন যে, ঈশ্বের স্থাই সকল
বস্তুতেই ঈশ্বেরে অংশ আছে; কারণ. ঈশ্বর সর্বব্যাপী, সর্বাশক্তিমান্।
প্রত্যেক মানুষের মধ্যে চৈত্তুরূপী আত্মা ঈশ্বেরে অংশভাবে আছেন।
মানুষ নিজ নিজ কার্য্যে বিবেকের পরামর্শে ভালমন্দ বিচার করিতে পারে;
সেই জন্ত মানুষ আপন আপন কর্মের জন্ত দায়ী। জ্ঞানিসণের মত এই
যে, প্রত্যেক মানবই নিজ নিজ ভালমন্দ কর্মের জন্ত দায়ী; ইহাতে ঈশ্বরের কিছু হাত নাই বা হাত থাকিতেও পারে না, কারণ ভাহা হইলে
জগতের থেলা অকালে ভালিয়া যায়। ঈশ্বর প্রত্যেক ব্যক্তিকেই ব্যক্তিগত স্বাধীনতা দিয়া স্পষ্ট করিয়াছেন। অতএব যে মানব স্বেছয়ের পাথের
পথে যাইবে, তাহাকে তাহার ফলভোগ করিতেই হইবে। ভোগ না
হইলে কর্মাক্ষর হয় না, এবং কর্মাক্ষর না হইলে আবার পরম শান্তিলাভ
করা যায় না।

ভক্তেরা অগ্রন্নপ বিচার করেন। তাঁহারা বলেন, ঈশ্বরের শ্রণাগত হইলে কর্ম ক্ষয় হয়। ঈশ্বরই কর্ত্তা, কর্ম কর্ত্তা নয়। কারণ, যিনি ক্ষাইন করিয়াছেন, তিনিই উহা বদ্লাইতে পারেন।

ভক্তগণ আরও বলেন, ঈশবের পক্ষপাতিতা নাই; কারণ, তিনি নিজেই সব। জীব, জগৎ, চতুর্বিংশতি তত্ত্ব সবই ঈশবনম ; স্কুতরাং তিনি আর অপর কাহার উপর পক্ষপাত করিবেন ? ঈশব লীলাময়। তাঁহার থেলা কুদ্র মানব-বৃদ্ধির অগোচর। ভক্তের ঈশব সম্বন্ধে ধারণা এইরূপ;— "সকলি ভোমার ইচ্ছা ইচ্ছাময়ী তারা তুমি। তোমার কর্ম তমি কর মা, লোকে বলে করি আমি॥ পক্ষে বন্ধ কর করী, পঙ্গুরে লঙ্ঘাও গিরি। কারে দাও মা। ব্রহ্মপদ, কারে কর অধোগামী॥ আমি যন্ত্র তৃমি যন্ত্রী, আমি ঘর তৃমি ঘরণী। আমি রথ ভূমি রথী, ষেমন চালাও তেমনি চলি॥"

ঈশ্বরই কর্ত্তা। তিনি আমাদের বেমন চালান, আমরা তেমনি চলি। আমরা ষন্ত্র, তিনি যন্ত্রী।

তিনি আনন্দময়ী। এই সৃষ্টি স্থিতি প্রলয়ের লীলা তিনি করিতে-ছেন। অসংখ্য জীবসমূহের মধ্যে তুই একটী মুক্ত হইয়া যাইতেছে, ভাহাতেও তাঁর আনন্দ—

খামা মা উড়াচ্চেন ঘুড়ি —

ঘুড়ি লক্ষের ছুই একটা কাটে, হেদে দাও মা হাত চাপড়ি। সংসারী জীবের মধ্যে কেহ বা বন্ধ হইতেছে, আবার কেহ বা মুক্ত হইতেছে।

ভক্তপ্রেষ্ঠ বলেন, যতক্ষণ না তাঁহাকে জানিতে পারিতেছ, ততক্ষণ সকলে 'আমি' 'আমি' করিতেছ। 'আমি কি' খুঁজিতে খুঁজিতে পেথিবে 'তিনি' বই আর কিছুই নাই।

কিন্তু ভক্তগণের মৃলস্ত্র লইরা অনেক পাপী পাপের পক্ষ দমর্থন করে। পাপী পাপ করে, আর মুখে বলে,---

"ত্তম স্বাকেশ হৃদি স্থিতেন. যথা নিযুক্তোহস্মি তথা করোমি।" অর্থাৎ, হে শ্রীক্বফ, ভূমি আমার হানরে থাকিয়া যাহা করিতে আনেশ

করিবে, আমি তাহাই করিব। এই দকল জ্ঞান-পাপী তাহাদের পাপের মধ্যে ঈশরের আদেশ ও সাহাযা কল্পনা করিয়া উত্তরোভর পাপ কার্য্যে অগ্রসর হয়। তাহারা ভাবে না এবং জানে না যে ঈশ্বর পাপকার্য্যে কাহাকেও নিযুক্ত করেন না। পাপের ভিতর ঈখরের প্রকাশ হয় না; কিন্তু পাপের ধ্বংসের জন্ম অবতার আবিভূতি হন। যাহারা নিজেদের ভোগবাদনাতৃপ্তির জন্ত পাপ করিয়া বলে ঈশ্বর যাহা করান, আমরা ভাহাই করি, তিনিই আমান্ত পাপ করালেন, আমি ত স্বয়ং কেউ না, সবই তিনি: তাহারা ঈশ্বরের দোহাই দিয়া পাপের হাত হইতে উদ্ধার হইবার চেষ্টা করে: কিন্তু সে চেষ্টা বুথা। তাহাদের কর্মাই তাহাদের ভবিষাৎ ত্মবস্থার ব্যবস্থা করে। তথন তাহারা স্বভাবত:ই বলে, ঈশ্বরের ইচ্ছায় আমি পাপ করিয়াছি, তবে আমি পাপের ফলভোগ করিব কেন १

এই সব যুক্তি অসার। ভক্তের মত ভাল মন্দ পাপ পুণ্য সর্বস্থ ঈশবের পদে সমর্পণ করিতে না পারিয়া কেবলমাত্র পাপের বেলায় ঈশবের দোহাই দে s য়া শুধু বুথা নহে, নৃতন পাপের কারণ। আমি জানিয়া শুনিয়া নিজের আমোদের জ্ঞা পাপ করিব, এবং তাহার ফলভোগ করিবার সময় বলিব 'আমার কোন কাজে হাত কি ? তিনিই যা করাচেন, তাই কচিচ।' এইরূপ বিশ্বাস প্রচার করিলে কোনও ফল নাই। ইহাতে স্বাধের দ্যাও হইবে না এবং পাপের ফলভোগ করিতে সে ছাড়া **অপর** কেহই আসিবে না।

পাপী অনেক প্রকার আছে। যাহারা এইরূপ জ্ঞানপাপী, ভাহারা. আপনাকে আপনি প্রতারণা করে। তাহাদের মুখের কথায় পাপ উড়িয়া ষায় না, কারণ ভাহাদের পাপের কর্ত্তা ভাহারা নিজেরাই। ভাহারা ঈশ্ব-রকে বিজ্ঞাপ করে, কারণ তাহারা অন্তরের অন্তরে জ্ঞানে যে, কোন বিষয়ে ভাহাদের ঈখরে নির্ভরতা বা বিখাস নাই। ঈখর সম্বন্ধে ভাহাদের

কোন ধারণাই নাই। তাহারা ঈশরের ধারও ধারে না। কেবল মাত্র লোকের নিকট এবং কতকটা আপনাকে সাস্ত্রনা দিবার জ্বন্ত তাহারা এই অন্তত যুক্তির আবিষ্কার করে। কিন্তু এইরূপ চ্ন্তামির কোন কৌশলই স্থায়ী হয় না। গাঁতার শ্লোকের দোহাই দিলেও সায় বিচারে তাহার রক্ষানাই। সে নিশ্চয়ই স্বীয় কর্ম্মের ফল ভোগ করিবে।

গীতার ২য় অধ্যায়ে যে কর্মযোগের কথা আছে. তাহাতে ঈশ্বরের পাদ কর্মফল সমর্পণ করিলে, পরম শান্তি পাওয়া যায়, ইহাই শিক্ষা দেওয়া হইরাছে; তাহার যুক্তি অতি মুন্দর। ভগবান্ এ ক্রম্ভ আদর্শ-ভক্ত অর্জ্জু-নকে বলিতেছেন.—

#### कर्याणा वाधिकात्रस्य मा करनम् कनाहनः

অর্থাৎ কর্মেতেই তোমার অধিকার, কর্মফলে তোমার অধিকার নাই। যে কর্মে ফলাকাজ্জা থাকে না, ভাহাকে নিষ্ণান কর্ম কছে। নিষ্কাম কর্ম্ম-যোগে বিমল শান্তি পাওয়া যায়। সেইজ্ঞা নিজাম কর্মধোগই (अर्थ ।

यिन आमत्रा कर्खवात्वात्थ प्रकल कर्म्म कवित्र शाति. এवः कर्म-ফলের আশা পরিত্যাগ করিতে পারি, অর্থাং ফলাফল ভগবানে অর্পণ করিতে পারি, তবে ফলাফলের ছন্চিন্তার ও উদেগের হস্ত হইতে আমরা ছাভাহাতি রক্ষা পাই। আমরা এমনই তুর্বল যে একটী কার্য্য করিয়া হয় তাহার প্রশংসা শুনিবার জন্ত, না হয় তাহার নিন্দা হইতে রক্ষা পাইবার জন্ম কার্য্য শেষ হইবার সঙ্গে সঙ্গে উৎকণ্ঠায় জীবন যাপন করিতে আরম্ভ করি। আমরা সংগারে প্রায়ই দেখিতে পাই যে প্রকৃত বিপদ আসিবার বহু পুর্বেই আমরা বিপদ কল্লনায় আনিয়া নিদারুণ ষাতনা সহ করি। ই:রাজীতেও একটী এই প্রকারের প্রবাদ আছে. "Don't meet dangers half-way, অর্থাৎ বিপদ আদিবার পুর্বেই

বিপদ আলিখন করা উচিত নয়; কারণ ভাহাতে অকারণ কষ্ঠভোগ মাত্র সার হয়। ভবিষৎ ফলাফলের দিকে না চাহিলা কর্ত্তব্য বুঝিলা সকল কর্ম করিলে, এই সব অকারণ তঃথভোগ নিবারণ করা যাইতে পারে। ইহাই গীতার নিম্বাম কর্মযোগ।

আরও ভালরূপে এই নিষাম কর্মধোগ বুঝিতে হইলে এইগুলি চিন্তা করা দরকার। কোন কিছু কামনা করিয়া কর্ম করিলে কর্ম কামনা পুরণের দিকে যাইবে, এবং যতদিন না কামনা পূরণ হয়, তভদিন কর্ম্মের শক্তি কমিবে না। স্বর্গাদি কামনায় যজ্ঞ করিলে, স্বর্গ-ভোগ হুইতে পারে, কিন্তু জীবহত্যায় যজ্ঞ করা হুইয়াছে বলিয়া সেই স্বৰ্গ ক্ষণিক. স্থায়ী হয় না।

বেদের কর্মকাণ্ডে যে সকল কাম্য কর্ম্মের উপদেশ আছে, তাহা কেবলমাত্র অবিখাদীর বিখাদ জনাইবার জন্ত। স্থের কামনায় কর্ম্ম করিলে তাহার ফল স্থভোগ, ঐশর্যাভোগ। স্থতরাং কামনা করিয়া কর্ম করিলে যে কর্ম হয়, ভাহাকে কাম্য কর্ম বা সকাম কর্ম কছে। আবার, কোন কামনা না করিয়া, স্থ-ছ:থে সমবৃদ্ধি হইয়া, সিদ্ধি ও অসিদ্ধিকে তলা জ্ঞান করিয়া, কর্ম্ম করিতে পারিলে, নিষ্ঠাম কর্মা क्स्र ।

সকাম কর্মের ফল জন্মগ্রহণ, নিষ্কাম কর্মের ফল মুক্তি। সকাম কর্ম্মের ফল আসক্তির বৃদ্ধি ও ভোগ, নিষ্কাম কর্মের ফল, নিবৃত্তির উদয় ও বৃদ্ধি। সকামে ইন্দ্রিয় সেবা, নিফামে ইন্দ্রিয় জয়।

ভগবান শ্রীকৃষ্ণ শ্রীমুথে বলিয়াছেন,—

''কর্মজং বৃদ্ধিযুক্তা হি ফলং তাক্তা মণীষিণঃ। জনাবন্ধবিনিমু ক্রো: পদং গছস্তানাময়ম ॥''

অর্থাৎ —( দেইরূপ ) মার্জিত বৃদ্ধিযুক্ত পণ্ডিত সকল কর্মের জ্বন্ত ফল-সমূহ ত্যাগ করিয়া জন্মবন্ধন হইতে মুক্ত হইয়া চঃখণুতা বৈকুঠে গমন করে। কামনা বা আসক্তি হইতে গ্রেথের উদর হর। আমরা সাধা-রণত: দেখিতে পাই, মানুষ মায়ায় পড়িয়া কতই না ক্লেশ পাইতেছে। যে যত বেশী মায়া বিস্তার করিয়া সকলকে ভালবাসে, সে তত বেশী বিরহে কাতর হয়। মাতা পুত্রের মৃত্যুতে যে শোক পায়, পিতা বা ভ্রাতা **অপর** কেইই সেইরূপ মর্মান্তিক যাতনা পান্ধ না ; তাহার কারণ, মাতার পুত্তের প্রতি ভালবাদা অত্যন্ত অধিক।

মায়া গুর্বালতা, দয়া পরম ধর্ম। আমনেকে ভল করিয়া বলেন ''আহা লোকটা কত ভাল, কত উন্নত ; কারণ ওর শরীরে মান্বা দ্বা আছে।" মায়ার লোককে বন্ধ করে, কাপুরুষ করিয়া তোলে এবং চুর্বল হৃদর করে। দয়ার ধর্ম ঠিক ইহার বিশরীত। দয়ায় মনুষ্যত্বের প্রদার হয়. জীবের ছ:বে প্রাণ কাঁদে, ছ:খ দূর করিবার প্রবৃত্তি হয়, ছদয় উন্নত ও উদার হয়। মায়ার সঙ্গে গঙ্গে গুংখ খোরে। দয়ার সঙ্গে সঙ্গে সুখ ও আনন্দ ঘোরে। স্কুতরাং মায়া ও দয়া এক জিনিষ নছে।

স্থতরাং গীতার উক্তি মহাসত্য। সেই উক্তিটী-এই যাঁহারা ফল-কামনাম্ব কর্ম্ম করেন, তাঁহারা ক্রপণ অর্থাৎ জন্মগ্রহণ করিতে তাঁহারা বাধ্য: তাঁহাদের মুক্তি নাই, ভোগ নিবুত্তি হয় না।

কামনা হইতে আসক্তি এবং আসক্তি হইতে জন্মান্তর গ্রহণ কিরুণে इब्र. जाशामी वाद्य जामना वृक्षाहेव।

(ক্রমশ:)

শ্রী অখিনীকুমার চক্রবর্তী, বি, এ, বি, এলু।

### প্রেতিনী-দর্শন।

অলোকিক রহস্তের পাঠকগণকে অর্থাৎ ভূত ও পরকালবিশাদীদিগকে সময় সময় বড় বিপদে পড়িতে হয়। অনেকে ভূত মানেন না,
উহা লইয়া নানারূপ বিভর্ক করেন; মনে হয়ত, বিশাদীদিগকে
নির্বোধ ঠাওরাইয়া রাখেন। নির্বোধ হইতে আপত্তি নাই, কিন্তু স্থ্রোধ
হইতে যাইয়া সত্যের প্রতি অনাদর দেখাই কেমন করিয়া? নিজের
চক্ষ্কেই বা কি বলিয়া ব্রাইব ? এই পর্যান্ত বলিতে পারি, আমিও
তাঁহাদের মত একদিন স্ববোধ বালক ছিলাম, কিন্তু নিজের প্রত্যক্ষ দর্শন
হইতে মতিভ্রম হইতে স্ত্রপাত হইল।

বেশ মনে আছে, আমার বাসার ঠিক্ পার্স্থে এক থণ্ড ন্তন কর্ষিত ভূমি, তার মাঝে একটা পত্রশৃত্য বিলর্জ অগণা ফলহন্তে দণ্ডায়মান। রাত্রি গুরুপক্ষের। সন্ধ্যা হইতেই চল্রদেব তাঁহার স্লিগ্ধ করে ধরণীকে হাসাইতেছেন। ঐ ভূমি-থণ্ড বাসা-সংলগ্ন হইলেও মাঝথানে একটা বেড়া উভয়কে পৃথক্ রাথিয়ছে। সেই বেড়া, বা সীমানায় একটা আম্রক্ষের ছায়ায় সন্ধ্যার কিছু পরে আমি শৌচে বিসয়ছি। ক্ষেত্রথানি ন্তন কর্ষিত্ত বলিয়া একটা ভূণও তাহাতে ছিল না। মৃহর্ত্তেক পরে বাজারের রামলাল দন্ত নামক জনৈক গন্ধবণিক্ আমার সন্মুথ দিয়া বিল গছেটীর ৮।১০ হস্ত দুরে বিলিল। আমি গাছটীর প্রায় ২৫ হাত উত্তর পশ্চিমে, রামলাল দক্ষিণ দিকে। সে আমাকে সমাক্ দেখিতে না পাইলেও, আমি তাহার প্রত্যেক অঙ্গভঙ্গী স্পষ্টই দেখিতেছিলাম। ভাহার অসমান বিংশতি হস্ত দূরে একটা বৃহৎ শাড়া গাছ অন্ত সীমানার উপর দণ্ডায়মান। তাহার পার্শ্বে বাজারে যাইবার প্রকাশ্র পর্থ। হঠাৎ শেখিলাম একটা স্লীলোক আপাদ্য-মন্তক গুলু-বসনাবৃত হুইয়া অতি

সম্ভর্পণে ঐ বৃক্ষের দিক্ ছইতে রামলালের দিকে আদিতেছে। রামলাল মধ্য-বয়স্ক, বিপত্নিক, খুব সজরিত বলিয়া নিজেকে সর্বাদা প্রতিপন্ন করে। আজ বুঝি তাহার ঝোলার বিড়াল বাহির হয়।

पृष्टि মাতেই স্থির করিলাম—নি **শ্চম্মই কোন বারাঙ্গনা রামলালের** সক্ষেত্ত মতেই আসিরাছে। কিন্তু যথন দেখিলাম—রমণী তাহাকে অমতিক্রমণ করিয়া বিলবুকের দিকে অ্রথসর হইতে থাকিল, তখন দিধা হইতে লাগিল। ভাবিলাম, রামলাল আমাকে বুঝি দেখিয়াছে। শিকার বুঝি দরিয়া গেল। বলা বাছণ্য, আমি এ পর্যান্ত একরপ নির্নিমেষ নেত্রেই চাহিয়া রহিলাম। স্ত্রীলোকটীর গতি পূর্ববিৎ অভি ধীর, অতি মন্দ, বরাবর সমান, যেন একটা পুতুলকে অদৃশ্র হত্ত দিয়া কেহ টানিতেছে। কারণ একটা বারও পা ভুলিয়া ফেলিতে দেখিলাম না, মুধথানিও দেখিবার যো নাই। ইহা যে গেতিনীর অপচছায়া, তথন তাহাই মনে হইল :কারণ অনেকের মুখেই শুনিয়াছি, তাঁহারা ইহার নিকট মাঝে মাঝে এইরপ দেখিয়াছেন। আমিই বড় গ্রাহ্ম করিতাম না। কারণ-এ স্থানে শৌচে বদা নৃতন নছে। আর কোন দিনই পুর্বে দেখি নাই। তাই দিব্যচক্ষঃ হইছা তাহার হাবভাব গতিবিধি দেখিতে থাকিলাম। বোধ হয় পুরন্দর তাঁহার সহস্রলোচনে ইহা অপেক্ষা অধিক দেখিতে পাইতেন না। কিন্তু, কি আশ্চর্যাণ বেল গাছটার হাত দূরে থাকিতে ছায়াটী কি হইয়া গেল! চক্ষের উপর কেমন भिनादेशा (अन ! आंत्र कि हुई (मिश्र मा।

ইহার একটু পরেই রামলাল শৌচ দারিয়া সেই স্থানের নিকট দিয়াই চলিয়া গেল, আমিও বেড়া পার হইয়া গৃহে প্রবৈশ করিলাম। দেখিলাম মেজেয় বিদিয়া তথনও আমার দিদি, স্ত্রী, পুত্র, ক্লা পূর্ব্বৎ দশপঁটিশ থেলিতেছে। প্রেতিনী-দর্শন ব্যাপার বলিয়া ভাহাদের মনে ভীতি সঞ্চার করিলাম না। পরদিন রামলালকে জিজ্ঞাসার জানিলাম, त्म किছ्हे (मर्थ नाहे।

এথানে আর একটু বলিতে হয়। বংসরৈক পুর্বে পার্শ্বন্থ পথে বাজারের একটা বেখা আরও কয়েকটার সঙ্গে সন্ধাকালে শৌচ হইতে প্রত্যাগমন কালে হঠাৎ বসিয়া পড়েও তৎক্ষণাৎ মুর্চ্চা যায়। আমরা যাইয়া দেখি – শেষ হইয়া গিয়াছে ৷ ইহার পূর্বেও নাকি হুই একজন ঐ মাঠে ভর পাইরাছে এবং মারাও গিরাছে ৷ মাঠের মাঝে একটা বটগাছ আছে। গেখানে কতজনে কতরূপ দেখিয়াছে বলিয়া অনেক গন্ন প্রচারিত আছে। অন্তকার দৃষ্ট সৃত্তিটা সেই পথে মৃতা বেখাটীর অমুক্রপ লম্বা বটে। মুথ ত দেখা যার নাই:

সন্দেহ রহিল--রামলাল না দেখিল কেন ? ইহাও কি সেই ভূতের रुष्टात्र ?

আর একটা কথা বলা আবশুক। আমার বাসায় একটা ব্রাহ্মণ-স্বক একথানি ঘর বাঁধিয়া সপরিবারে কিছুদিন থাকেন। ইনি স্থানীয় বেলের কর্মচারী। স্ত্রীটা ৮ মাস গর্ভবতা। ভদ্রণোকটার ঘরধানি ষে পার্বে. তাহারই অদ্রে পূর্বে কথিত শাড়া গাছটা অবস্থিত। এমন কি. তাঁহার ব্রাহ্মণী ঐ গাছের নিকটেই শৌচাদি সম্পন্ন করিতেন। তিনি বারান্দার যে পার্শ্বে ব সিয়া বেশবিস্থাস করিতেন, তাহা ঐ গাছ হইতে সম্পূর্ণ দেখা যায়। একাদন সন্ধ্যার অব্যবহিত পূর্বে ব্রাহ্মণপত্নী বেশ-বিস্তাস করিতে করিতে বিকট মুখভনিমা করিয়া চীৎকার করিয়া উঠেন ও গৃহমধ্যে राष्ट्रेश करेशा পড়েন। জ্ঞান নাই, কেবল মধ্যে মধ্যে জক্ষ্ট চীৎকার। স্বেপকি ভীষণ চীৎকার। এখন ও মনে হইলে দেহ রোমাঞ্চিত হয়। এইরূপ করেক ঘণ্টা করিয়ারাতি তুইটার সময় সব শেষ হইল। आमात जो श्रथमाविध निष्करमत्र राम चरतत्र वात्रान्मात्र विमन्ना रम्बिनाहिन।

জনৈক ভদ্রলোক ঐ গাছটী অমক্ষলজনক বলিয়া নির্দেশ করিলে আমরা অবিলয়ে স্থানান্তরে বাসা উঠাইলাম। পূর্ব্বে প্রেতিনীদর্শন হইলেও, ঐ গাছটা সম্বন্ধে কোন অমঙ্গল চিস্তা মনে উঠে নাই। তাহা হইলে, হয় ত ব্রাহ্মণটীর তাদৃশ সর্বনিশ হইত না। আমার স্ত্রী ঐ বাসা হইতে হঠাৎ গাত্তকম্পন ও বুকের মধ্যে ধড়ফড় করা রোগ লইয়া আসিয়াছে তাহা কোনরূপ চিকিৎসাতেই সারিল না! \*

অচিরাৎ আহ্মণীও ভূত হইয়াছে বলিয়ারটিত হইল ! কিন্তু বাসার কেছ দেখে নাই।

> শ্রীবিধুভূষণ ঘোষ হেড মান্টার বঙ্ধিয়া।

### স্বপ্ন-তত্ত্ব ।

( পূর্ব্ব প্রকাশিতের পর।)

স্বপ্ন ত রূপক-আদর্শ বা Symbolism.

মানবের চিন্তা বিভিন্ন মূর্ত্তি ধারণ করে,—একথা পূর্ব্বে আমরা আলোচনা করিয়া আদিয়াছি। † এই সমস্ত চিস্তামূর্ত্তির এক একটা নিদ্দিষ্ট বর্ণ ও আরুতি আছে। মানবের স্ক্র্ম ইন্দ্রিয় সেই সমস্ত মূর্ত্তি দেখিয়া অপরের মনের ভাব বুঝিতে সক্ষম হয়। আমরা যেমন স্থল-জগতে মনের ভাব

<sup>\*</sup> সম্পাদক মহাশর সংশয়টা দূর করিলে বাধিত হই। স্ত্রীর কোন কবচাদি ধারণে ফল পাই কি না? কেহ জানেন কি না?

<sup>+</sup> ज्यालोकिक प्रहमा-क्षे वर्ष, ०व्र मःथा। ১०२-১०६ शृष्टी।

স্থল ভাষায় বা স্থল লিখনে ব্যক্ত করি; স্ক্র জগতে সেইরপ চিস্তার বা ভাবের স্থল ভাষা বা লিখনদারা অনুবাদের আবশুক হয় না। স্ক্রন্থ দেহন্তিত মানব সেই ভাবর।জি সাক্ষাদ্তাবে,—ভাষাদিরপ পরোক্ষ সাহায্য-ব্যতিরেকে,—জানিতে পারে।

স্থুল জগতের ভাব-জ্ঞাপনের সাধক যেমন ভাষাদি, স্ক্ষুজগতের সেইরূপ এই ভাব-মৃত্তিগুলি। ভাব-জ্ঞাপন-সাধকের সাধারণ নাম হইকেছে বাক্। স্থুল স্ক্ষ ভেদে বিভিন্ন চৈতত্যে যেই যেই ভিন্নরূপে ভাব জ্ঞাপিত হয়, তদপ্ররূপ ''বাক্''ও ভিন্ন ভিন্ন নাম ধারণ করে; যথা,—পরা, পশুন্তী, মধ্যমা ও বৈথারী। যেমন প্রণব চতুষ্পাৎ, যেমন মহা চৈতন্ত চারিরূপে স্থিত, যেমন মানব-চৈতন্তের চারিজ্ঞাব, তদ্ধপ ''বাক্''ও চারি প্রকারের। আমি এই তত্ত্ব জতি বিশদভাবে ''প্রজ্ঞাপারমিতাস্ত্ত্ত্বে' আলোচনা করিয়াছি, বিশেষ অন্সন্ধিৎস্থ পাঠক তাহা পাঠ করিতে পারেন (পৃষ্ঠা ১৬৭-১৬৯)। জাগ্রৎ-চৈতন্তের ''বাক্''কে সাধারণতঃ বৈথারী বলা ঘাইতে পারে; সেইরূপ স্থপ্ন-চৈতন্তের ''বাক্''কে মধ্যমা, স্থ্যুপ্তি-চৈতন্তের "বাক্''কে পশুন্তী ও তুরীয় চৈতন্যের ''বাক্''কে 'পরাবাক্'' বলা হয়।

আমরা এখানে স্বর্থি-চৈতত্তের বিষয় আলোচন করিতেছি। এই চৈতত্তে অপরের ভাবরাশিকে মূর্তিমান্ দেখিতে পাওয়া যায় এবং শাস্ত্রও এই চৈতত্তের বাক্কে পশুন্তী বাক্ নামে অভিহিত করিয়াছেন। প্রক্রত শুরু-শিষ্যের উপদেশ, প্রশাদি এই ভাষায় হইয়া থাকে। শ্রীমচ্ছয়রাচার্য্যাবিরচিত দক্ষিণামূর্ত্তি-স্থোত্রে তাই আছে,—

**চিত্রং বটতরোর্ম্মূলে বৃদ্ধাঃ শিষ্যা শুরুর্যু**বা।

ి প্রবোস্ত মৌনং ব্যাখ্যানং শিষ্যাস্ত চ্ছিল্লসংশন্ধা:॥

[ ইহ অতাব বিচিত্র,—বটতক্র মূল দেশে গুরু ও শিষ্যবর্গ সকলেই

মৌনভাবে উপবিষ্ট আছেন : শিষ্যেরা সকলেই বৃদ্ধ, কিন্তু মহা গুরু यिनि, जिनि हिन्न द्योदनयुक्त । अन्यापत क्रून वाका आह्राश ना कतिया বুঝাইতেছেন এবং শিষ্যেরাও ভাষাতে ছিল্পসংশয় হইতেছেন। ]

আমাদিগের এই ফলে এইটুকু দ্রষ্টবা,—গুরুর মৌন বাাখ্যা এবং ভাছাতে শিষ্যের অন্তরের সন্দেহের অপসরণ। অতএব আমরা দেখিলাম বে, চিস্তাসৃত্তিগুলি চৈতন্ত্র-বিশেষে দৃষ্ট হয়। বিনি বিচার-বৃদ্ধি সংযত করিয়া মনকে একাগ্র করিয়া সম্যক্রপে ''নিদিধ্যাসন''-সাধনায় পারদলী হুইয়াছেন, তিনি ইচ্ছা করিলেই চিম্বামৃতি দেখিতে পান; — তাঁহাকে ইছা দেখিবার জন্ত প্রাকৃতিক স্বযুগ্তি অবস্থার উদ্দেশ্তে অপেকা করিয়া পাকিতে হয় না। শঙ্করাচার্যা-বিরচিত গুরুস্তোত্তে বে শিষাবর্গের কথা উল্লেখ করিলাম, ঠাহারা প্রকৃত নিদিখাসন-পারদর্শী ; তাই তাঁহারা গুরু-**(मार्वे स्थान वार्ष्याम हिन्न-मः मह इहे एक हिन । भूबार्यंत खरनक ऋशक.** চিস্তামূর্ত্তি বাতিরেকে আর কিছুই নহে। ঐ সমস্ত চিস্তামূর্ত্তি সুগভাষায় বর্ণনা করিতে হইলেই রূপক বলিয়া মনে ২য়। পুজার মুদ্রা ও পুরাণের Symbolism র সৃষ্টি ইহা হইতেই ;— সুক্ষদর্শী ঋষিগণ সুক্ষদর্শনে অনভ্যস্ত মানবের নিমিত্ত তাহাদিগকে এইক্সপে জগতে প্রচার করিয়া গিরাছেন। কিরূপ চিস্তা কিরূপ মৃর্তি ধারণ করে, তাহার বণ্ট বা কি, ষগুপি এই ভস্ত , জানিবার কাছার ও প্রয়াস থাকে এবং সেই সমস্ত মূর্ত্তির চিত্র দেখিতে কাহারও সাধ হয়, তিনি থিওসন্ধিকেলসোসাইটীর কর্ণধার শ্রীষতি এনিবেসেণ্ট ও প্ৰীযুক্ত লেডবিটার-ক্বৃত সচিত্ৰ Thought Forms নামক পুস্তক পাঠ করিতে পারেন।

মানব সুৰুপ্ত হইলেই, মানব টেডেগ শুদ্ধ ভাব-রাজ্যে অবন্ধিত থাকে। সে হৈত্তপ্ত প্রজ্ঞা-হৈত্তপ্ত। তদবস্থায় ভাবদর্শন হয়। যে ভাষায় <sup>\*</sup>তথন চৈতত্ত ভাব প্রকাশ করে, তাহা পশুস্তী-বাক্। বে ভাবটি প্রকাশ করিতে

জাএৎ অবস্থার বহু বাক্যের আবশুক হইও, তাহা অষুপ্তি-চৈডক্তে একটি চিত্রের ছারা সম্যক ভাবে ব্যক্ত হইতে পারে। ইহাই আমাদিগের পূৰ্বালোচিত Symbol, রূপক-আদর্শ বা ভাব-চিত্র। এখন মনে করুন, াকোন ব্যক্তি স্বযুপ্ত অবস্থায় নিজের বা অপরের একটি ভবিষ্যৎ দর্শন করিয়া, তাহা তাহার স্থল-মস্থিষে সঞ্চরণ করিয়া দিতে যাইল। সৃন্ধতৈতত্তে দে বাহা দেখিরাছে, তাহার বর্ণনা স্থল মন্তিক্ষে অন্ধিত করিয়া দিল। কিন্তু আমরা যেমন শক্তের পর শব্দ সংযোজনা করিয়া, নানা প্রকারে, নানা-বাক্যে, জাগ্রাং অবস্থায় কোনও বিষয়ের বর্ণনা করি, সে তাহা না করিয়া একটি সামান্ত চিত্রে, একটি রূপক-আদর্শে তাহা করিল। তাহার পর মানব যথন প্রবুদ্ধ হয়, আবার বখন তাহার সুলটৈতত ফিরিয়া আসে, সে সেই অন্ধিত চিত্রটিকে সুল-চৈতন্তের ভাষায় ব্যাখ্যা করিয়া লয়। কিন্তু, যন্ত্ৰপি কেবল সেই চিত্ৰটি স্মৃতিতে থাকে, যে সঙ্কেত সাহায্যে সেই চিত্রটি সুল ভাষায় অমুবাদিত হইতে পারে, তাহা যম্মপি জাগ্রৎ চৈতক্তে खद्रां ना चार्म, जाहा इटेलाई महार्गाल। जबन दक्रत राहे क्रे के-আদেশ-চিত্তেরই পরিচয় দিতে পারে : কিন্তু, সেই চিত্তটি যে কিসের রূপক. বা কি ঘটনার বা বিষয়ের স্তক তাঠা বলিতে পারে না।

আবার কেছ কেছ নিজের এক প্রকার পরিভাষা, এক প্রকার সঙ্গেত প্রস্তুত করে এবং তৎসাহায্যে স্থল-মান্তক্ষে অন্ধিত রূপক-আদর্শকে ব্যঞ্চনা করে। প্রীমতী ক্রো, (Mrs Crowe) নাইট্ সাইড্ অব নেচার (Night side of Nature) নামক পৃস্তকে ইহার একটা স্থলর উদাহরণ দিরাছেন। একজন ভদুমহিলা কোনও একটি ছুর্ঘটনা ঘটিবার পূর্বের মংশু সম্বন্ধে স্থা দেখিতেন। একদিন তিনি নিদ্রিত অবস্থার দেখিলেন বে, একটি বৃহৎ মৎশু তাঁহার কনিষ্ঠ পুত্রের ছুইটা হস্তাপ্র্লিতে দংশন করিরাছে। তাহার পরক্ষণেই তিনি ভনিলেন বে, তাঁহার সেই

পুজের সহাধ্যারী পরশু আঘাতে তাহার ঠিক সেই অঙ্গুলিম্বর ক্ষত করি-রাছে। শ্রীমতী ক্রো আরও বলিয়াছেন যে তিনি এইরূপ অনেক অশুভ-স্চক ছঃস্বপ্নের কথা জানেন। কোনও বিপদের প্রাক্কালে এক একজন লোকে এক এক প্রকার নির্দিষ্ট জীব বা দ্রব্যের স্বপ্ন দর্শন করে। \*

রূপক-আদর্শের রহস্ত উদ্ঘাটন করিবার কথনও কথন বিভিন্ন মানবের বিভিন্ন সঙ্গেত থাকিলেও, পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে,—চিত্রবর্ণের মত (Hieroglyphics) ইহাদিগের একটা নিদ্দিষ্ট প্রয়োগ আছে ; যথা,—গভীর জলরাশির স্বপ্লে ভবিষাৎ হুর্ঘটনা. মুক্তার সপ্লে চক্ষুর্ভ্জল স্টনা করে। শাস্ত্র এইরূপ অনেক সাধারণ স্বপ্ল-ভাষার উল্লেখ করিয়াছেন। কৌতৃহলী পাঠককে আমরা ব্রহ্মবৈবর্ত্তপুরাণ ৭৭ অধ্যায়, ৭০ আঃ, ৬৩ আঃ, ৮২ আঃ, ০৩ আঃ, ৩৪ আঃ, দেবীপুরাণ ২২ আঃ, কালিকাপুরাণ ৮৭ আঃ, মৎস্তপুরাণ ২১৬ আঃ ইত্যাদি দর্শন করিতে অমুরোধ করি।

(ক্রমশ: )

#### শ্রীকিশোরীমোহন চট্টোপাধ্যায়।

<sup>\*</sup> A lady who whenever a misfortune was impending, dreamt that she saw a large fish. One night she dreamt that the fish had bitten two of her little boy's fingers. Immediately afterwards a school fellow of the child's injured those two very fingers by striking him with a hatchet. I have met with several persons who have learnt by experience to consider one particular dream as the certain prognostic of misfortune.]

### জাতিম্মর।

পূর্বজনার ঘটনা যাহার স্বরণে আদে, তাহাকে জাতিসার বলা হয়।
পূর্বজনা থাকা সদকে হিন্দু আমরা, আমাদের বিশ্বাস অস্থি-মজ্জাগত বলিতে

ইইবে। কিন্ধু আরু ইংরাজি শিক্ষার আমাদের বিচারশক্তি গঠিত

হওয়ায়, অনেকেই আমরা এক্ষণে পূর্বজনা থাকা সম্বন্ধে বিশ্বাস হারাইতে

বসিয়াছি। এই জন্মের পূর্বে আমাদের আর কথনও মন্মুজনা

হইয়াছিল ও ভবিষ্যতে আবার আমাদের নরদেহে এই পৃথিবীতে আসিতে

হইবে, একথা আমরা আর স্বীকার করিতে সন্মত হই না। ইহার সম্বন্ধে
প্রমাণাভাব ও ঋষিবাক্যে অনাস্থাই আমাদের এই অবস্থার মূল বলিতে

হইবে।

একবে পুনর্জনের কথা উঠিলেই আমরা বলিয়া থাকি, যদি আমাদের পূর্বজন্মই ছিল, তবে সেই জন্মের কথা আমাদের স্মরণ হয় না কেন ? এই প্রশ্নের উত্তর পাইবার পূর্বেষ ধীরভাবে বিচার করিলে আমরা বলিতে পারি যে, পূর্বজন্মের ঘটনা স্মরণ থাকাই আশ্চর্যোর বিষয়, স্মরণ না থাকা কিছুই আশ্চর্য্য নহে। গত জীবনের কথা দ্রে থাকুক, এই জীবনের সকল ঘটনাই কি আমরা স্মরণে আনিতে পারি ? বাল্যকালের সকল ঘটনাই ত এখন আমাদের স্মরণাতীত হইয়া পড়িয়াছে। তবে যে সকল ঘটনা আমরা ভূলিয়া গিয়াছি, তাহা যে আর কখনও মনে আসিবে না এরপ বলা যায় না। কোন বিশেষ ঘটনাতে হয়ত অনেক দিনের পূর্বেক্বার অপর একটি ঘটনার কথা আমাদের স্মরণপথে আসিয়া পড়ে। আবার কাহাকেও মোহনিদ্রায় অভিভূত করিলেও ভাহার পুর্বেকার

ঘটনা সকল বাহা ভাহার আদৌ মনে ছিল না, এই অবস্থায় সেঁস্পষ্ট সেই সকল ঘটনা বলিতে পারে। বিকারাদি অবস্থায় অনেক হারাণ কথা অনেকে প্রকাশ করিয়া থাকে।

এই ব্যাপার হইতে বঝা বাছ যে আমাদের শুভি এই প্রকার. এক প্রকার স্থৃতি আমরা নিয়ত লটয়া রহিয়াছি। আর এক প্রকার স্থৃতি আছে, তাহাকে প্রচন্ন স্থৃতি আখ্যা দেওয়া যাইতে পারে। আমরা যে সকল কথা ভূলিয়া যাই, তালা এই প্রচ্ছন্ন স্থৃতিতে বাইরা চাপা জবস্থার থাকে। এই প্রাক্তরে যে সকল ঘটনা জাগরক থাকে. ভাহা আমরা সহজে প্রকাশ স্থৃতি-পথে আনিতে পারি না। কোনরপে আমাদের এই নিয়ত জাগরক স্থতিকে চাপিয়া ফেনিয়া, এই আমাদের বাহ্যজ্ঞানকে লোপ করিয়া ফেলিভে পারিলেই আমাদের যে অবস্থা হয়, যাহাকে আমরা চলিত কথায় বাহ্নসংজ্ঞাহীন অবস্থা বলি, এই অবস্থায় আমাদের সেই চাপাপড়া প্রজ্ঞ স্থতি অনেকটা মুক্ত অবস্থা হইয়া পড়ে ও আমর। এই অবস্থায় অনেক নৃতন কথা গুনিতে পারি। আমরা ঘাহা ভূলিয়া গিরাছিলাম তাহা আমরা অনেক বলিতে পারি। আমাদের সুল দেহে ইক্সিমাদির ক্রিয়া কোনরূপে বন্ধ হইলে. অথবা একেবারে আমরা ধ্যান ধারণাদি ছারা মনস্থির করিতে পারিলে, আমাদের ঐ প্রচ্ছন্ন স্থৃতি জাগিয়া উঠে। তথন আমরা বুঝিতে পারি যে যাহা আমরা ভূলিয়া গিয়াছি বলিয়া মনে করি, তাহা কিছুই ভূলি নাই, ঐ প্রচ্ছন্ন স্মৃতি-পথে সবই আছে; বাহু স্বৃতির অন্তরালে গিয়া পড়িয়াছে মাত্র। বর্তমান করের चर्रेनामि मद्यस बहेक्रम इहेरन, वहकान शृत्स यञ्ज एएर एव मकन चर्रेना ত্ইরাছে, ভাহা শ্বরণ না হওয়া ভড আশ্চর্য্য নতে, বরং শ্বরণ হওয়াই আশ্চৰ্য্য বলিতে হইবে।

পূর্বভারে আমাদের যে স্থুল দেহ ছিল, তাহা কডকাল পূর্বেন ট ছই যাছে তাহার ইয়তা নাই। সেই দেহনাশের পর মানবকে ভ্রলোকে কামদেত ধারণ করিতে হটয়াছে। তথার স্থানীর্ঘকাল বাস দ্বারা বাসনা-ক্ষয়ে মানবকে উক্ত কামদেহ ভ্যাগ করিয়া মনোময় দেহ লইয়া পর্নলোকে ষাইতে হইয়াছে। স্থৰ্গবাস অংশু মানবের উক্ত মনোময় দেহও নাশ হইয়াছে। শেষে ভাহাকে কারণ-দেছে যাইয়া পুনরায় মহর্লোকের প্রান্ত দেশ হইতে নামিয়া আসিতে হইয়াছে। এই সময়ে সেই মানব নৃতন মনোমর কোষ, প্রাণমর কোষ গ্রহণ করিয়া নৃতন পিণ্ডদেহ সংগ্রহ করিয়া গর্ভে জন্মগ্রহণ করিয়া পিণ্ড ও ভাণ্ডদেহ পুষ্টি করিয়া পুনরায় এই জগতে জন্ম গ্রহণ কবিয়াছে। ইহা হইতে আমরা দেখিতেছি যে, আমার এই জন্মে বে সুল শরীর, যে পিগুদেহ আছে, ভাষা পুর্বজন্মে ছিল না। এমন কি. এই **(मरहत्र ভिতর যে বাসনাম**র কামদেহ ও fe सामह मरनामह पह बाहि. তাহাও আমার পূর্বজনোর দেই কামদেহ ও মনোময় দেহ হইতে ভিন্ন। একের মধ্যে সেই কারণ-দেহ, যাহাকে অনেক স্থানে জীবাত্মা বলা इडेब्राइ, (मरे कोवाजा, (मरे कावन-(मर जामाव शृक्कान्य अ वाहा हिन. এজন্মেও সেই আছে, ইহার পরিবর্ত্তন হয় না।

পূর্বজন্মের মনোময় কোষ-গঠন জন্ত যে সকল অণু পরমাণুর সংগ্রহ ছিল, এ জন্মের মনোময় কোষ সেই সকল অণু পরমাণুতে গঠিত হয় না। পূর্বজন্মের প্রাণময় কোষ যে সকল কোষাণুদারা গঠিত হইয়াছিল, এ জন্মের প্রাণময় কোষ নির্মাণে সেই সকল কোষাণু গৃহীত হয় নাই। পূর্বজন্মের পিওদেহের ও ভাওদেহের মাল-মদলা এই দেহের মাল-মদলা নহে। কেবল দেই জীবাত্মা পূর্বজন্মে ধিনি যে অবস্থায়, এই জন্মেও ডিনি সেই অবস্থায়ই আছেন। পুঞ্চেবার দেহের স্থুল মস্তিক যে সকল কোষাণুদ্বারা গঠিত হইয়াছিল, এ জন্মের মহিক গঠনে সেই দকল কোষাণু

चाली এक हें । व अल्य चामाल र मरनामन्न त्न कामनामन त्न ह ও সুলদেহ সকল নৃতন হইয়াছে। কেবলমাত্র ছই জন্মে, তুই জন্ম কেন সকল জ্বনেই এক জীবাত্মা আছেন। এই জীবাত্মা প্রতিজ্ঞাে জীব যাহা করেন, তাহাই দাক্ষী বরূপে দেখিয়া আদিতেছেন। পূর্বজন্মে জাগ্রং, স্বপ্ন ও স্বয়ুপ্তি অবস্থায় জীব যাহা করিয়াছে, ভাহা ইনি দেখিয়াছেন ও জীবের সুলদেহ নাশ হইবার পর কামনাময় দেহে ভূবলোকে যে সকল কার্য্য করিয়াছেন ও পরে মনোময় দেহ ধরিয়া স্বর্গে বসিয়া জীবের যে সকল কর্ম্ম হইয়াছে, তৎ সমুদয় জীবাত্মার অগোচর নাই। স্বর্গবাস-অস্তে পুনরায় যথন নৃতন মনোময় কোষ, প্রাণময় কোষ ও অল্লময় কোষ গ্রহণ করিয়া জীব পৃথিবীতে জন্মগ্রহণ করেন, তথন সেই নবজাত মানবের জড় স্থৃতিতে মাত্র পূর্বে জ্বনের ক্বত কর্ম সকল বারা যে জ্ঞান লাভ হইয়াছে, তাহাই সংস্থারক্রপে জাগরু ক থাকে। জীব এই হেতু আপনা হইতেই বুঝিয়া থাকে ;--এই কর্ম করিলে এইরূপ ভাল ফল হয়, এই কর্ম করা ভাল, এই কর্ম করা মন্দ, অতএব এইরূপ কর্ম করিতে নাই।

পূর্বজন্ম মানব যে সকল কার্য্য করিয়াছিল, তাহা সমুদয় জীবাঝার স্মরণ থাকিলেও, সেই সকল কর্ম হইতে মানব যে সকল জ্ঞান ও শিক্ষালাভ করিয়াছে, তাহাই এই বারের স্থূল দেহের স্থূল মন্তিক্ষের বোধগম্য আছে; ইহাকেই প্রাক্তন সংস্কার বলে। এই হেতৃ আমরা পূর্বজন্মর প্রত্যেক ঘটনা মনে আনিতে পারি না, কেবল সেই ঘটনা ঘারা পূর্বজন্মে যে জ্ঞান লাভ হইয়াছে, এজন্ম সেই জ্ঞান মাত্র আমাদের থাকে! জীবাঝা প্রতি জন্মে এক থাকার এই পর্যন্ত আমাদের হইয়া থাকে।

কোন দোকানে ক্রেতা যাহা কেনেন, তাহার দৈনিক হিদাব জাবেদা থাতার লেখা হয়, দেই জাবেদা হইতে থতিয়ান প্রস্তুত হয়, থতিয়ানে ঐ

ব্যক্তির নামীয় হিসাবে যে দিন যাহা ইনি কিনিয়াছেন তাহার মূল্য মাত্র দৈনিক লিখিত থাকে, কোন জিনিষ তিনি কত কিনিয়াছেন তাহা লেখা থাকে না। পরে বৎসর-অস্তে নৃতন বৎসর হইলে পূর্বে বৎসরের বিক্রীত জিনিষের মূল্যের বাবত প্রতি ক্রেতার নিকট আদায় বাদে যাহা বাকী থাকে, তাহা মোট একতা করিয়া জের এলিয়া এক দফায় ঐ ব্যক্তির নামের হিসাবে নৃতন ৰাতায় লেখা হয়। এই জের-দৃষ্টে পূর্ব্ব বৎসর কোন্ লোক কি কি জিনিষ কিনিয়াছেন, তাহা জানা যায় না। সেইরূপ আমরা পূর্বজন্মের যাবতীয় ঘটনার জের মাত্র সংস্কাররূপে এই জন্মের নিয়ত শ্বতিতে আনিতে পারি ৷ এই জ্ঞান-সাধায়ো আমরা কোন কর্মা করিতে ষাইলে তাহা করা উচিত কি না, মনে বিচার করিতে পারি। পুর্বজন্মে অমুরূপ কার্যা করিয়া তাহার ফল ভাল বা মন্দ যাহা দেখিয়াছি, সেই মত এই জন্মে প্রথমেই আমরা স্কল্পিত কর্ম্মের ফল ভাল না মন্দ মনে ব্ঝিয়া ভাহাতে প্রবুত্ত বা নিবুত্ত হইতে চেষ্টা করি। এই জ্ঞানকে আমরা এ জন্মের হিতাহিত জ্ঞান বা conscience বলি। এ জন্মে যে সকল বিভা সহজে শিথিতে পারিতেছি, তাহা পূর্বজন্মের শিক্ষা করা বলিয়ামনে कवि।

কোন কোন সাধক যোগবলে বছ পূর্ব্ব পূর্ব্ব সময়ে ব্যক্তি বিশেষ জগতে অন্মলাভ করিয়া যাহ। করিয়াছিলেন, তাহা অবগত হইতে সক্ষম হইয়াছেন। এই শক্তি বলে তই এক জনের বর্ত্তনান জন্মের পূর্ব্বেকার ২৮।৩০ জন্মের বিবরণ তাঁহারা পত্রিকাদিতে প্রকাশ করিতেছেন। এইরূপ বিবরণী পাঠে আমরা দেখিলাম, কোন এক জন্ম এক জনকে হস্তপদ বন্ধন করিয়া একটি পিপীলিকার স্তৃপের মধ্যে ফেলিয়া রাখা হয়। সেই বৃভূক্ষ্ পিপীলিকা সকল তাহাকে জীবস্ত অবস্থায় তই তিন দিবসের মধ্যে রক্ত-মাংসাদি খাইয়া কম্বালসার

করিয়া দিল, ও এই অসহ যাতনার সহিত তাঁহার জাবন শেষ ংইল। এই বাজিটি পরবর্ত্তী গুইটি তিনটি জন্ম পিপীলিকা দেখিলেই ভয়ে সংজ্ঞাহীন হইরা যাইতেন। অথচ তাঁহার এই পিপীলিকা-ভীতির কারণ শ্বরণে আসিত না। জীবাত্মার সেই নৃশংস হত্যা-বাপোর শ্বরণ থাকিলেও ভড় দেহের সুল মান্তক্ষে এই ভয়টুকুমাত্র জেরশ্বরূপে আসিরাছিল।

ইতস্ততঃ অমুসন্ধানে পূর্বজন্মের ঘটনা স্মরণ হইয়'ছে এক্নপ লোক দেখা যায়। বালকদের মধ্যে অনেকে পূর্বজন্মের কডক কডক ঘটনা স্মরণ করিতে পারে। এ জন্মের কোন ঘটনার পূর্বজন্মের কোন ঘটনা কাহারও সহসা স্মরণ হইয়া পড়ে। ৮বি জয়রুষ্ণ সোঃস্থামী মহাশরের সাধুদর্শনে যাইয়া ক্রমশঃ পূর্বজন্মের স্মৃতি আসিয়া পড়ার বিষয় পূর্বে প্রকাশিত হইয়াছে। যাহাদের এক জন্মের পর অপর জন্ম অতি অর সময় মধ্যেই হইয়া থাকে, প্রায়ই সেইক্রপ লোকের বালো পূর্বজন্মের কডক কডক ঘটনা স্মরণ হইয়া থাকে। অমুসন্ধানে এরূপ পূর্বজন্ম স্মরণ যতগুলি স্থলে দেখা গিয়াছে, সকলেরই মৃত্যুর পর এই ক্রম অতি অরকাল মধ্যে হইয়াছে বলিয়া জানা গিয়াছে। স্ক্রদর্শী সাধুগণ অমুসন্ধানে অবগত হইয়াছেন যে তুই হইতে পাঁচ বর্বকাল পর্যান্ত নানপক্ষে মানবক্ষে কামলোকে ও স্বর্গে থাকিতে হয়। মৃত্যুর পর তুই হইতে পাঁচ বৎসরকাল পরে অনেককে তাঁহারা পৃথিবীতে জন্মগ্রহণ করিতে দেখিয়াছেন। তবে মৃত্যুমাত্রই পুরর্জন্মও স্থল বিশেষে হইতে দেখা যায়।

আমাদের নিয়ালিখিত ঘটনা করেকটি হইতেও আমরা মৃত্যুর অতি অল্প সময় পূরে পুনর্জনা হওয়ার বিষয় জানিতে পারি। আমরা জগতে থাকা কালে যত বেশী বাসনাসক্ত হইয়া থাকি, আমাদের কামলোক বাস তত্তই অধিক কাল হইয়া থাকে। পৃথিবীতে আমরা শত চিন্তায় যত অধিককাল কাটাইব, আমাদের স্থাবাসের সময় তত্তই বাঙিয়া যাইবে। আহারের পর যেমন হক্ষম করিতে সময় লাগে, দেইরূপ পৃথি-বীতে কৃত কর্মানিজ্ঞনিত জীবের উদ্রিক্ত বাসনা ও চিন্তাদি বৃদ্ধি সকলকে জীবের সহিত এরপভাবে মিলিত করিয়া দিতে হইবে যে, দেই বাসনা ও চিন্তাজনিত সংস্থার তাহাদের ভবিষ্যৎ যে সকল জন্ম হইবে সকল জন্মেই প্রকাশ পাইবে। এইরূপে জীবের সহিত তাহার বাসনাদি ও চিন্তা আদির মিশ্রণ করার কার্য্য ভ্রলোকে ও স্বর্গলোকে হইরা থাকে।

চেটা করিয়াও পূর্বজন্মের স্থৃতি আনিতে পারা যায়। ইহাতে বছকালের দৃঢ় অধ্যবসায় চাই ও ধ্যাননিরত হওয়া চাই। ধ্যানযোগে চিত্তের চাঞ্চল্যদ্র হইলে চিত্ত বথন একেবারে স্থির হয়, তথন চিত্তের সহিত জাবায়ার বেশ যোগ বুঝা যায়, এবং এই জীবায়া তথন পূর্বজ্ঞার ঘটনা মানবকে বিরত করে, মানব ভাহা ছবির মত দেখিয়া থাকে। প্রকৃত 'য়ামি কে' যথন আমরা বৃঞ্জিব, যথন আমরা আমাদের স্থূলদেহ, কামদেহ ও মনোময় দেহকে 'আমি নয়' বলিয়া জানিয়া, এই দেহ সকলকে আপন বশে আনিতে শিখিব, তথনই আমরা পূর্বজন্ম সম্বদ্ধে সকল ঘটনাই স্থৃতিপথে আনিতে পারিব। সকল জন্মেই যে জীবায়া এক, কেবল ভিনিই সকল জন্মের ঘটনা দেখিয়াছেন, যে কোন জন্ম জীবের পূর্বজন্মের ব্যাপার গুনাইতে ভিনিই পারেন। এই জীবায়ার সহিত বোগ করিতে পারিলে আমরা জাতিয়ার হইতে পারি।

আমর। করেক বংসর পূর্বে একবার সংবাদপত্তে দেখিরাছিলাম, ব্রহ্মদেশের রেঙ্গুন অথবা ম্যাণ্ডেলে নগরে একটি বালককে পথিমধ্যে তাহার অভিভাবক বড়ই চঞ্চল দেখিয়া কারণ জিজ্ঞাসার বালক বলিল, এই সম্মুখের বাটীতে আমি পূর্বজন্ম ছিলাম, এই বাটীর ভিতর আমার খেলেনা আছে, আমাকে ভিতরে লইরা চলুন, আমি আমার খেলেনা-শুলি চাই। বালককে বাটীর ভিতর লইরা বাইলে সে আলমারির

মধ্যস্থিত কতকগুলি থেলেনা ভাহার বলিয়া দাবী করিল; ও ছানা গেল এই গুলি সেই বাটীর একটি শিশুর ছিল, তাহার মৃত্যু হইয়াছে।

শ্ৰীমতী বেশাস্ত লিথিয়াছেন, একটি বালক কোন নদীতে যাইলে সেই নদীতে কোন ঘাট দেখাইয়া ঐ ঘাটে সে পূর্বজন্ম ভূবিয়া মরার কথা বিশেষরূপে বর্ণনা করিয়াছিল। কে কে তাহার সঙ্গে স্থান করিতে গিয়াছিল ও কিরুপে দে ডুবিয়াছিল, এ সকল কথা বালকটি ম্পষ্ট বলিতে পারিয়াছিল।

শিশিলি দ্বীপ হইতে কোন বিশ্বস্ত লোক এই সংবাদ থিয়জফিষ্ট পত্রে প্রকাশ করেন। স্থামরা এই সংগ্রহ মধ্যে ভাহার অবিকল অফুবাদ দিলাম !

একজন টিনের কর্মচারী গত কল্য আমার কেরাণীর নিকট আসিয়াছিল। লোকটি পালামে। (Palarmo) হইতে কয়েক মাইল দুরে বাদ করে। সে আসিয়া বলে, আমি বড় ক্লান্ত ইইয়া পড়িয়াছি, আমাকে একটু বিশ্রামের স্থান দিন। তাহাকে বসিতে দেওয়া হইল, কিছুক্ষণ বিশ্রাম করিবার পর আমার কেরাণীর মাতার সহিত বাক্যালাপ করিতে থাকে। দে বলিল, দেখুন আমার নিজের কর্ম্মের দোষে আমার কিরূপ অবস্থা হইয়াছে, আমার গত জন্মে আমি একজন বাদ্যা ছিলাম, ৪০ বংদর আমি রাজত্ব করি, পরে আমার কর্ম্মের দোষে আমাকে হতা। করে, এবং শেষে এই অবস্থার আমি জন্ম পাইয়াছি। আপনি মনে করিবেন আমি পাগল, কিন্তু আমি পাগল নছি: আমি গত জন্মের পূর্ব্বেকার জন্মও বেশ মনে করিয়া বলিতে পারি। আমি পূর্ব্বেকার আর চারি জন্ম সম্বন্ধে বলিতে পারি। এই জন্ম আমার পঞ্চম জ্বলা যাহার সংবাদ আমার বেশ মনে রহিয়াছে। আমার দেহকে আমি পুরাতন কাপডের মত মনে করি, ছি'ডিয়া গেলে যেমন

পুরাতন কাপড় লোকে কেলিয়া দেয়, আমিও এই দেহ সেই রূপে ফেলিয়া দিব। ধর্ম্মাজকেরা আআর অমরত্ব শিক্ষাদেন, কিন্তু তাঁহারা জানেন না যে আআ উপরে যায় ও নামিয়া আসে। তাঁহারা জানেন না যে আআ পুন: পুন: পৃথিবীতে আসিয়া থাকে। সেদিন আমি তিনটি চ্ছি বালকের চক্রাস্তে পড়িয়া পথ ভূলিয়া যাই। আমি তৎক্ষণাৎ তাহাদের ২৫ লাইয়ার মুদ্রা দিলাম। এই টাকা আমি বাটীতে আনিতে ছিলাম, পক্ষাঘাতগ্রস্ত আমার সন্তানকে থাওয়াইবার জন্ত। কিন্তু মঞ্চা দেখুন, একজন প্রতিবেশী একটি মুর্গী মারিয়াছিল, সেকতকটা মাংস ও থানিক ঝোল আমার ছেলেকে দিয়া গেল। এই রূপে আমার প্র টাকা যাওয়াতে অভাব হইল না, কিন্তু চ্ছি ছেলেন্ডলিকে ঈশ্বরের নিকট হিসাব বুঝিয়া দিতে হইবে, তাহাদের মন্দ কর্ম্ম রিয়া গেল।

বে কেরাণীটর নিকট এই টিনমিস্ত্রি আসিয়াছিল, তিনি একজন থিয়জ্ঞিট, তিনি সেই লোকটিকে ডাকিয়া এক দিন সভ্যগণের নিকট উপস্থিত করিবার চেষ্টায় আছেন।\*

আদিয়ার হইতে প্রকাশিত Young Citizen নামক পত্রে একটি বালকের কথা প্রকাশিত হইয়াডে, আমরা নিমে ভাহার অবিকল অমুবাদ করিয়া দিলাম। বালকটির বয়স ছয় বর্ষ মাত্র। ভাহার সমুদয় নাম প্রকাশ নাই, ভাহাকে "হ" বলিয়া লিখিত হইয়াছে।

হ বলিতেছে ''মায়ি, তুমি কি কথনও জলে ডুবিয়া গিয়া ছিলে ? আমি একবার ডুবিয়াছিলাম।

মাতা। হ । সভ্য বলিভেছ ? তুমি কবে ডুবিয়াছিলে ?

<sup>\*</sup> Theosophist. October 1910.

হ। মারি, তোমার নিকট আসিবার পূর্বে। ও ইহা কি ভন্নক ব্যাপার।

মাতা। তুমি কি নদীতে ডুবিয়াছিলে ?

হ। না, আমি সে সময়ে একটি শিশু মাত্র ছিলাম। সমুদ্রে জাহাজের উপর ছিলাম। আমি জাহাল হইতে সমূদ্রে পড়িয়া বাই।

মাতা। হ। ভূমি বোধ হয় জান, যে ডুবিয়া ঘাইলে মানুষ अविया बाद ।

হ। হাঁ, আমি বেশ জানি। আমি ভুরিয়া মরিয়া গিয়াছিলাম, এবং মরিয়া আমি স্বর্গে গিয়াছিলাম। পরে আবার আমি ভোমার নিকট আসিয়াছি।

( এই कथा विनम्राहे एहलिए माजात निक्रे इहेटज वाहित्त रथिनिटज ছুটিয়া গেল ) ফিরিয়া আসিয়া---

হ। মায়ি, শত বৎসর পুর্বেষ যথন তুমি ও আমি ছই জনেই স্বর্গে ছিলাম, তথন কে বড় ছিল, তুমি না আমি ?

চা থাইতে থাইতে:---

হ। মা, গ্রানির পুনরাম শর্গ হইতে ফিরিয়া আসিবার কি সময় হর না ৫ বোধ হয় হইয়াছে ?

( গ্রানি পাঁচ বংসর পূর্বে মৃত হইয়াছে।)

মাতা। না বাছা। তাহার এখনও যথেষ্ট বিভাম করা হর নাই।

হ। যথন আমরা অর্গে ঘাই, তাহার কিছু পরেই আমরা কুদ্র শিশু ২ইরা পড়ি, এবং পুনরার নামিরা আসিরা জন্ম গ্রহণ করি।

## दिक्दनी।

## শ্রীসত্যেক্ত্রকার বস্থ প্রণীত।

"বৈক্ষবী" কেমন উপস্থাস তাহা গ্রন্থকারের নিজের ভাষার শুমূন,—"একশত বংসর পূর্ব্বে বালালী কিরপ ধর্মপ্রাণ ছিল, কিরপ সামাজিক ছিল, কিরপ থাইত পরিত, কিরপ থাকিত; একশত বংসর পূর্বে বহু ইংরাজ কিরপ হৃদর লইরা ভারতে আসিতেন, কিরপ ভাবে এদেশবাসীর সহিত মিলামিশা করিতেন; একশত বংসর পূর্বে বালালী নীচ জাতিও কিরপ মহন্ব ও কৃহজ্ঞতা দেখাইতে সমর্থ হইত. তাহাই সাধ্যমতদেখাইতে চেটা করিরাছি।"

দেশের এই অতীত কাহিনী গুনিতে আপনার ইচ্ছা হয় না কি ? উৎকৃষ্ট কাপড়ে বাবাই, সোণার জলে নাম লেখা – মুস্য ১॥• টাকা।

ইউনিভার্শেল লাইব্রেরী, ৫৬/১ নং কলেজ ট্রীট, কলিকাতা।

পলাশী-স্চনা,'' "অশ্রুধারা,'' ভীষণ প্রতিশোধ" প্রভৃতি পুস্তক প্রণেতা

🕮 যুক্ত অন্নকৃলচক্র মুখোপাধ্যার প্রণীত

## ১। বিথি-প্রসাদ।

#### মনোরম সামাজিক উপন্যাস।

২৬২ পৃষ্ঠায় সমাপ্ত। তিনথানি স্থলর চিত্র শোভিত। মূল্য ১০ টাকা মাত্র। এই গ্রন্থে জন্মান্তরবাদ, প্রেততত্ত্ব, কর্মান্তর, পাশ পূণ্যের বিচার, হিন্দু শাস্ত্রসম্পত ঐ সকলের ব্যাথ্যা, আদর্শ হিন্দুর, ভ্রান্ত, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চান্ত্য-শিক্ষিত, পাশ্চাত্য সভ্যতাদীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওল্লিখনী ভাবার বর্ণিও ইইরাছে। ইহাতে আর্য্যাধবিগণপ্রপ্রতিত সনাতন ধর্মের সরল ব্যাথ্যা আছে, অপচ তাহা একদেশ-দর্শিতাপূর্ণ নহে—প্রাচ্য ও প্রতীচ্যের দর্শন-শাস্ত্র সমন্বরে লিখিত এই সকল জটল বিষয় যাহাতে স্থকুমার-মতি বালক, সামান্ত্র শিক্ষ্তা মহিলা পর্যান্তও সহজে ব্রিত্তে পারেন, তদ্ধপ ভাবার ও ভাবে উপস্থাসের বর্ণনাঞ্জলে বিবৃত করা হইরাছে।

এইত গেল শান্ত্রীয় কথার বিচার, এতবাতী চ কি কি আছে দেখুন। আমুঠানিক হিলু জাবনের আদর্শ চিত্র, গিশাচ প্রকৃতি মানবের ভীবণ জীবাংমা, হিলু বালিকার প্রবল ধর্মতাব, পরহিত সাধনের অমুপম দৃষ্টাস্ত—এ সকলের অভাব পরিদৃষ্ট ইইবে না। এক কথার এমন শান্ত্রোপদেশ-মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ড, সর্বালস্থলর উপস্থাস বছকাল বাবৎ বঙ্গ-সাহিত্যে প্রকাশিত হর নাই। বদি ভাবুক হও, ধর্ম গিপাস্থ হও, জানার্জনে বত্বপরারণ হও, তাহা হইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিরা নিজে পরিভৃপ্ত হও—আলীর বজনকে পড়িতে দিয়া নিজের কর্ম্বর্তা সাধন ও তাহাদিগের সম্ভোব বিধান কর।

#### সম্পাদক কেশবচন্দ্র গুপু, এম-এ. বি-এল।

এই কান্তনে আচনার দশম বর্ষ আরম্ভ হইল। এই কান্তন মানেই আচনা সচিত্র হইরা বাছির হইতেছে। আচনার নুষন পরিচয় আনাবশুক। বঙ্গবাদ', বস্থমতী, হিতবাদী, সাহিত্য প্রভৃতি প্রাপদ্ধ পত্রসমূহে আচনা প্রথম শ্রেপীর মাসিক বলিহা বিবোধিত। প্রবীণ প্রধাতনামা লেখকনৃদ্ধ আচনায় লেখক। নবীন ও প্রবীণ সাহিতা-রিধিবৃদ্ধের সমন্তর্কেত্র আচনা। আচনা উৎকৃষ্ট এন্টিক কাগ্লে পরিপাটীরূপে মুদ্রিত। কন্তার, চিত্রাদ্ধ, স্বিধিতি প্রবদ্ধ সন্তারে আচনা কে এত নৌন্ধাণালনী করিয়া তুলিয়াছে বে প্রত্যক সংখ্যা আচনা প্রথমনক উপহার দিবার সামগ্রী হইরাছে।

পত ৰৰ্ষে অৰ্চনাৰ কলেবয় বৃদ্ধি হইয়াছিল কিন্তু মূল্য বাড়ে নাৰ্গ, বৰ্তমান বৰ্ষে চিত্ৰ সংযোজিত হইৰে অৰ্চ বাষিক মূল্য প্ৰকাৰ্থই বহিল ৷ পাঠক এ স্থায়োগ ছাড়িবেন কি ?

গত বৰ্ধে অৰ্চনাৰ গ্ৰাহকাতিশ্যো আমহা অনেক্গুলি গ্ৰাহক ফিরাইতে বাধা হইরাছিলাম। এবারেও নির্দিষ্ট সংখ্যা ছাবিতেছি অতএং শীঘ্রই গ্রাছক হটন ; অস্তবা যদি পুন্মু দ্বিত নাহর তাহা হইলে পাইবার আশা থাকিবে না; কারণ মানিক পাত্রকা সাপ্তাহিক নহে। যে যে সপ্তাহ হইতে গ্রাহক হইলেন, পর বর্ষের তংপুকা তারিথ প্রান্ত কাপজ পাইলেই এক বৃধি পূর্ণ হইবে। মানিক পাত্রের গ্রাহক হইতে হইলে বর্ষের প্রথম হইতেই গ্রহণ করিতে হয়। অদাই পত্র লিপুন। ফর্চনার ব্যক্তি মূলা সর্বত্র ২০০ (ভি: পি: তে ১০০)

ग्रात्मकात, व्यक्तना

১৮ নং পার্বভাচরণ ঘোষের লেন, অর্চনা পোষ্ট আফিস, কলিকাভা

## অর্থ্য।

#### গ্রীঅস্লাচরণ সেন-সম্পাদিত।

মৃল্যের স্বভাচার অধচ প্রবন্ধারণে ইহার সমকক মাসিক বর্তমানে বলগাহিত্যে আর নাই বলিলেও অত্যুক্তি হয় না । 'কর্ষোই' উরক্সজেবের আমলের ইতিহাস পুলাসতের অকুষাৰ ধারাবাহিকরপে বাহির ইইতেছে । ইতিহাস ও পুরাত্তান্তর আলোচনা—আর্থার বিশেষত্ব । ভত্তাতাত অতি উচ্চদরের সাহিত্যের আলোচনামূলক প্রবন্ধ মৌলিক কুত্র পর প্রতি সংখ্যার একটি করির। সম্পূর্ণ বিদেশী গল্প কিমণ্ডী প্রভৃতি বাহির হয় । আগারী আম্বিনে ২য় বর্ষে পদার্পন করিবে । ২য় বর্ষে সম্পাদকের মোগল চিত্র বা বেমুসীরচিত বোগল-ইতিহাসের অকুষাৰ ধারাবাহিক রূপে বাহির ইইবে । বাহিক মৃণ্য সর্ক্রে সভাক ১ টাকা মাত্র ।

मारिकार, वर्षा, देवद्वय वियोग्यत त्मन, क्लिकाला।

# থিয়েটারের

ষ্টেজ, সিন, ড্রেদ, চুল প্রভৃতির প্রয়োজন হইলে অর্দ্ধ আনার ষ্ট্যাম্পদহ ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এণ্ড কোং পেণ্টার্স, ২২ নং হারিসন রোড, কলিকাতা।

## ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ পুস্তক। বিমামুল্যে বিতরণ।

স্বাস্থ্য এবং দীর্ঘায়ু কতকপ্তলি স্বান্তাবিক নিরম বধাষ্থরণে পালনের উপর নিশ্চর নির্ভর করিতেছে। এই উৎরুষ্ট পুস্তক-থানি ঐ প্রেক্ত পথ দেখাইরা দিবে এবং এইরূপে ভোমার শরীর স্কুস্থ ও ভোমাকে দীর্ঘায়ু ও সৌভাগাশানী করিবে।

**এই পৃস্তকথা**নি বিনাম্**ল্যে এবং বিনা ডাক বরচায় প্রেরি**ড চয**়** 

আজকেই এই ঠিকানার পত্ত লিখুন, কবিরাজ শ্রীমণিশঙ্কর গোবিন্দজী।

## আতঙ্ক-নিপ্ৰহ ঔষধানয়।

২১৪ নং বহুবাঞ্চার খ্রীট, কলিকাতা।

## সোদনীপুর-হিতৈষী

বেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বহন প্রচারিত সাথাতিক সংবাদপত্র। বার্ষিক মুলা ২, টাকা। জেলার কালেক্টারীর ও দেওরানী আদালতের সমুদার ইণ্ডাহার মুক্তিত হয়। প্রত্যেক দেলারকে এক একথানি করিয়া কাগল প্রেরিত হওরার নৃত্ন নৃত্ন ব্যক্তি পাইরা থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের গুচুর লাভ। বিজ্ঞাপনের দর স্থলভ।

#### কলম-ভক্তের ভগবান-প্রণয়ীর পত্ত।

উৎকৃষ্ট সভা ঘটনামূলক গ্রন্থ। পাঠে কলকের ভর থাকিবে না। কলকীও সাংখান ছইবেন। ভাষার লালিত্য ও মধুরতার মুগ্ধ হটবেন। শিক্ষার চূড়ান্ত ! রস ও রসিক-ভার প্রস্তাব। হাতে পড়িলে পাঠ শেব না করিয়া ছাড়িতে পারিবেন না। মূল্য বাধাই ৪০ আনা, আবাধা॥/• আনা।

ভজের ভগবান্—অতি অপুর্ক গ্রন্থ। সভীর পতিভজ্জির উজ্জ্ল দৃষ্টাপ্ত ও জগবানের ভক্ত রক্ষা দেখিয়া চক্ষের জলে বক্ষা ভাসিরা যাইবে, না পড়িলে বুঝা বার না। মৃদ্য ।• আনা।

প্রধান প্র—র পাঠা। সভার পতিভাস্ত ও কর্ত্তনা সম্পাদন পেরিয়া মুগ্ধ চইবেন। ভাষার লালিতো ও মাধুয়ো, বিষয়ের পরিক্ষ রূপে ও শিক্ষার ইয়া সম্লা। মুলা। ত জানা পুস্তক ভিনধানি পাঠ করিয়া মুগ্ধ না চইলে মূলা কেরত দিব।

कार्याशक - स्मिनीश्र विदेश्यो, स्मिनीश्र ।

## জীরামান্তজ-চরিত।

প্রীমং স্থামী রামক্ষানন্দ প্রণীত।

শ্রীসম্প্রণারে প্রচলিত আচার্য্য রামামুলের বিতৃত জীবনবৃত্তা বালাল। ভাষার এই প্রথম প্রকাশত হউল। প্রস্থার এখন ক্ষাবাহাবিত ও রসগ্রাহী হইরা তুলিক। ধরিরাহেন ও চিত্র মাকিলাহেন বে বলসাহিত্যে আচার্বাের যোগ্য পরিচর দিবার লভ যে আহারা যোগ্য লেখক পাইরাহিলাম,ভাহা পুস্তকখানি পাঠ করিতে করিতে পাঠক হাদরক্ষম করিবেন।

প্রন্থের মলাট স্থান কাপড়ে বাঁধান এবং প্রাচীন জাবিড়া পুঁণির পাতার মত নানা বর্ণে চিত্রিত। আচাবা রানামুক্তের জাবন্দশার থোদিত প্রতিমূর্তী প্রছে সন্ত্রিবিষ্ট চইবাছে। মূল্য ভূই টাকা নাত্র ;

প্রাপ্তিস্থান—উদ্বোধন কার্য্যালয়। বাগ্বাঞ্চার, কলিকাতা। নুভন ধরণের সচিত্র মাসিক পত্রিকা। নুভন ধরণের

## গল্প-লহরী।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্ত্র সম্পাদিত। .
শ্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে।
প্রতিমাসেই স্থানার ছবিতে পত্রিকা স্থানান্তিত।
আকার ডিমাই ৮ণেশ্রী ৮ কর্মা।

শ্রাবণ সংখ্যার নিম্নলিথিত গল্পঙলি আছে। ঐযুক্ত কালী প্রসন দাস গুপ্ত এম, এ লিখিড—'সুমঙ্গলা এ প্রাণের বিনিমর', ঐযুক্ত মুনীক্ত প্রসাদ সর্বাধিকারী লিখিড— নবানের সংসার'ও ঐযুক্ত জ্ঞানেক্তনাথ বোষ বি. এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পত্রিকা কেবলমাত্র স্থানর স্থানর, মনোমুগ্ধকর গল্প, মনোহর উপস্থান, চিত্তচমকপ্রদ ভ্রমণকাহিনী ডিটেক্টিভের লোমহর্বণ ঘটনাবলী, শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রসাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজে নীরস প্রবন্ধ ইহাতে স্থান পাইবে না। বঙ্গের খ্যাতনামা গল্প ও উপস্থাস লেখকগণ ইহাতে নির্মিত নিথিবেন।

অগ্রিম বার্ষিক মূল্য ডাক মাস্থল সমেত সংর ও মকঃবলে :॥• টাকা।
অগ্রিম মূগ্য বাতীত কাহাকেও পত্রিকা পাঠান হয় না। নমুনা সংখ্যা
-মাশুল সমেত ।/• আনা।

শ্রীস তীশ চক্র ছোষ। কার্য্যাণাক্ষ, "গল্প-লহনী'' ২৮ নং গুর্গাচরণ মিত্তের দ্বীট, কলিকাতা।

## সহজে যোগবল প্রত্যক্ষ করুন।

বজ্রযোগ— সর্ববিধ অজীর্ণ, জিমি ও মেহলোর মাশক। ১৫ দিনের ১ । চন্দ্রপ্রভা— গনোরিরা, উপদংশ, ঘোলাটে প্রস্রাব, অভিন্নিক্ত প্রস্রাব, হাড পা ও চক্ষ্ জালা, শরীরের অবলাদ, শরীরে গুর্গন্ধ, গুক্রভারলা, গুক্তস্ত ও জীরোগে বিশেষ স্ফলদারক। ১ মানের ৩ টাকা।
চন্দ্রপ্রী তৈল—শাস্ত্রোক্ত প্রণালীমতে বিশেষভাবে প্রস্তত। ইহাতে চূল পুর ঘন ও মস্থণ হর অথচ পেটকাপা, মাথাধরা, চক্ষে ঝাপা দেখা, হাদর কল্পন, হাত পা জালা, শরীরের অবসরতা প্রভৃতি অচিরে দূর করে। এক শিশি বাবহারেই যথেষ্ট উপকার হইবে। বড় শিশি ২৫০ টাকা। ছোট শিশি ২৫০ টাকা।

অমৃত নিকেতন শটীই একমাত্র বক্কতাদি দোৰ, ভসকা ও পাতলা ৰাছে .ও হধ তোলা শিশুর নির্দোৰ থান্ত। ইহা সক্ষরোপেরই পথ্য। অম্বলের যম। ইহা: মৃত্র বন্ধের দোৰ, হৃদয় স্পলন, ত্রিনিফলত উপদ্রব ও চর্ম্মরোগ বিনাশ করে এবং মাথা ঠাণ্ডা রাথে। মূল্য বড় কোটা।/• আনা ছোট কোটা ন/• আনা।

কবিরাক্ত শ্রীবিনোদগাল দাস গুপ্ত কবিভূষণ।
অমৃতনিকেতন—২৬ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

## জাহ্নবী।

( দর্ব্বোৎকৃষ্ট সুলভ মাদিক পত্রিকা )

ভূতপূর্ব 'বঙ্গলন্ধী''সম্পাদক শ্রীযুক্ত স্থাক্ষ বাগচি সম্পাদিত।
প্রতি বাগালা মাসের ১লা তারিথে প্রকাশিত হয়। প্রতি মাসে ৮
কর্মা ৬৪ পৃষ্ঠা থাকে। অগ্রিম বার্ষিক মূল্য ডাঃ মাঃ সহ ১॥০ দেড় টাকা
মাত্র। প্রবন্ধগোরবে, বিষয়নির্বাচন এবং ভ্রমণকাহিনী, নক্মা, বৈজ্ঞানিক
প্রবন্ধ, ক্ষিতা, স্থচিস্তিত প্রবন্ধ, ঐতিহাসিক কাহিনী ও গর, চয়ন,
সমালোচনাদিতে প্রতি মাসের 'কাহ্নবী'র কলেবর পূর্ণ থাকে।

কাৰ্য্যাধ্যক্ষ, জাহ্নবী ;

बाहरी कार्यानव, २०১ नः कर्ववतानित्र हीहे, शाहे निमना, कनिकाछा।



রাজস্তাবর্গের অনুমোদিত, বিশ্বস্ত ও পৃষ্ঠপোষিত— কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

## জবাকুস্থম তৈল।

শিরোরোগের মহৌষধ।

গুণে অদিভীয়! গন্ধে অতুলনীয়!

জবাকুস্ম তৈল বাবহার করিলে নাধা ঠাঙা থাকে, জকালে চুল পাকে না, মাথার টাক পড়ে না। বাহালের বেশী রকম মাথা থাটাইতে হর তাহালের পক্ষে জবাকুস্ম তৈল নিতা বাবহার করেন এবং সকলেই জবাকুস্ম তৈলের গুণে মুদ্ধ। জবাকুস্ম তৈলে বাবহার করেন এবং সকলেই জবাকুস্ম তৈলের গুণে মুদ্ধ। জবাকুস্ম তৈলে মাথার চুল বড় নরম ও ক্ষিত হর বলিয়া রাজরাণী হইতে সামাল্ত মহিলারা পর্যান্ত জতি আব্রের সহিত জবাকুস্ম তৈলে বাবহার করেন।

এক শিশির মূল্য ১ এক টাকা।

ডাকমাশুল। ০চারি আনা ; ভিঃ পিতে ১। ৴০পাঁচ আনা।

াস, কে, সেন কোং লিমিটেড, ব্যবস্থাপক ও চিকিৎসক—

কবিরাজ ঐতিপেন্দ্রনাথ সেন

২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।

## ইফার্ণ লাইফ ইন্সিওরেন্স কোম্পানী

#### লিমিটেড্

এই স্থানি চিত কোম্পানী গত প্রায় ৪ বংসর বাবং অতি দক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধ্যবিত্ত ও দরিক্র ব্যক্তিগণের উপবোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রাভ্ততেন্ট ফণ্ড ডিপার্টিমেন্ট খোলা হইরাছে। ইহাতে মাসিক অত্যর পণ দিয়া মৃত্যুকালে বা পুত্র কক্সাদির বিবাহ সমরে যথেষ্ট অর্থসাহায্য পা হয়া বায়।

উপস্থিত কোম্পানীর কার্যাবলী করেক জন সম্লান্ত ও বিশিষ্ট ভদ্মলোকের উপর শুল্ড ইইরাছে। নিরমাবলী সংশোধিক ইইরা অভিনব উৎসাহে কার্যা চালতেছে। কার্য্যের প্রসারও অভ্ততপূর্ব্ধ বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও এক্ষদেশে চীক্ষ এক্ষেপ্সী স্থাপিত ইইরা মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওরা বাইক্সেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত হেড আফিসে আবেদন করন। সর্ব্যার এক্ষেণ্ট

#### ওভসংবাদ---

ভারতগভর্ণমেণ্টের আইন অসুষারী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পক্ষে ইহা অতাব আনন্দের সংবাদ।

#### ১৯১৩ খু**ষ্টান্দের** ডাইরেক্টরগণ।

রার-বতীক্তনাথ চৌধুরী পমিদার এম, এ, বি এল, টাকি। প্রীষ্ক্ত নরেক্তলাল চৌধুরী ক্ষমিদার হুগলী, প্রীষ্ক্ত বতীক্তনাথ রার চৌধুরী ক্ষমিদার সাতক্ষীরা। শ্রীষ্ক্ত মণীক্তনাথ মুখোপাধ্যার ক্ষমিদার রাণাঘাট। আটেণী প্রীষ্ক্ত কে, দি, কর। শ্রীষ্ক্ত রমণীমোহন দাস, ক্ষমিদার। শ্রীষ্ক্ত শৈল্ঞানাথ রারচৌধুরী, ক্ষমিদার।

> ो देनलका नाथ तायर हो भूती, स्वनारतन गारनकात।

# अस्मिकिक स्ट्रि

## শ্রীক্ষীরোদপ্রসাদ বিজ্ঞাবিনোদ

সম্পাদিত।

শ্রীষশিনীকুমার চক্রবর্তী বিএ, বিএল,

সহকারি-সম্পাদক।

## নকলে লোকে ঠ'কে— আসলে জেতে।

স্বল্প কোকে মনে ভাবে, দামে সতা হইলেই ছু'পম্সা বারে থাকিল। তা নকলই হউক, জার বাহাই হউক—
কিনিলেই চলিবে। কিন্তু কম দামে আসল হর না। বাঁহারা একটু বেলী দাম দিয়া আসল জিনিম থরিদ করেন, তাঁহারা নকলের দশগুণ অধিক ফল লাভ করেন। আমাদের মহামুগজি সর্বজনপ্রিয় কেশর্জনের বিক্রাধিকা দেখির। অনেক নকল বাহির হইরাছে। গ্রাহকবর্গকে আমরা সমরে সাবধান করিয়া দিতেছি, বেন কেশর্জনে ক্রম্বালে মোড়কের গারে আমার প্রতিকৃতি ও স্বাক্ষর, বেশ করিয়া পরীকা করিয়া দেখেন। নচেৎ প্রভারিত হইতে হইবে।



এক পিশি ১, এক টাকা; মাণ্ডলাদি।/• পাঁচ আনা। তিন পিশি ২।• ছই টাকা চারি আনা; মাণ্ডলাদি।/• এগার আনা।

গন্তৰ্শমেন্ট নেভিক্যাল ডিলোমাঞাপ্ত শ্রীনগেজনাথ সেনগুপ্ত কবিরাজ, ১৮/১ ও ১৯ নং লোয়ায় চিৎপুর রোড, কলিকাতা।

वर्तिक मूना २॥० (नफ़ ठोको।

প্রতি সংখ্যার সূল্য ১০ আন।।

## সূচী।

নরকোৎসব	•••	•••	82	শ্বপ্ন-তন্ত্ব •••	•••	•••	96
সভা ঘটনা	•••	•••		অভীভের এক পৃষ্ঠা	•••	•••	92
কর্মানুসারে জীবের	গতি			ভগমুখে	•••	•••	40
শিবুদাদার অভুত দ	ৰ্শন	•••			***	***	> 2
জাতিশ্বর · ়	• • •	•••		1			

## অলৌকিক রহস্তের নিয়মাবলী

- >। "অংশীকিক রহস্ত" প্রতি বাগালা মানের ১লা প্রকাশিত হয়। প্রাবণ মাস হইতে ইহার বর্ষারস্তা।
- ২। ইহার অগ্রিম বার্ষিক মূল্য ডাক মাঞ্চাদি রমেত সহর, মকঃ-স্থল সর্বত্তি ১॥০ দেড় টাকা মাত্র; ভি: পি:তে পাঠাইভে ৴০ এক আনা অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আনা।
- ৩। কেবল ১০ সাড়ে তিন আনার ডাক টিকিট পাঠাইলে নমুনা একথন্ত প্রেরিভ হইবে।
- ৪। পত্রিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পুর্বে না জানাইলে আমরা সেই সংখ্যা পুনরায় পাঠাইতে দায়ী থাকিব না।
- ৫। কেই যম্মপি পত্তের উত্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হইলে অমুগ্রহ করিয়া রিপ্লাই পোষ্টকার্ড লিখিবেন।
- ৬। "অলোকিক রহস্ত''-সম্বনীয় চিঠি-পত্ত, টাকা-পয়সা আমার নামে এবং প্রবন্ধাদি বিনিময়ার্থ পত্তিকাদি সম্পাদকের নামে নিয়লিখিত ঠিকানায় পাঠাইবেন।

ইউনিভার্শেল লাইব্রেরী, 

৫৬:১ নং কলেন্দ্র ব্রীট্,

শ্রীস্থরেক্সনাথ বন্দ্যোপাধ্যায় প্রভাগক

বিশেষ জন্তব্য:—পুনরাগমন সামাজিক উপন্থাস বাহা ধারবাহিক 'অলৌকিক রহজে' বাহির হইতেছিল তাহা সম্পূর্ণ হইরাছে।

মূল্য ১॥০ টাকা মাতা।

## অলেকিক রহস্য।

थम वर्ष । ]

ভাদ, ১৩२०।

(२य मःथा।

## নরকেৎসব।

#### অফ্টম উল্লাস।

#### উষা।

কপূর কুল-ধবণ-জ্যোৎসা-পূলকিতা যামিনীতে আমি ও উষা ছাদের উপর বেড়াইতেছিলাম। কথায় কথায় উষা বলিল,—"তুমি দিন দিন এত মান হইয়া যাইতেছ কেন ?"

আমি সহসা সে কথার কোন উত্তর দিতে পারিলাম না। কিয়ৎক্ষণ অপেক্ষা করিয়াও যথন উত্তর পাইল না, তথন উষা পুনরপি জিজ্ঞাসা করিল,—"তোমার কোন অন্নথ হয় নাই ত গ'

আমি। না, না,—কোন অন্থ হয় নাই।

উষা। তবে দিন দিন শরীর অমন কালী হইয়া যাইতেছে কেন ? আয়না ধরিয়া দেখিয়ো—শরীরে আর কিছু নাই। এমন কেন হ'লে ?

আমি। এমন কেন হইলাম, তাহা বলিতে পারি না উষা ;—বোধ হয় আমাকে ভূতে পাইয়াছে।

উষার রক্তাধারে হাসি ফুটিল। সে হাসি র্টির পরে মল বিহাতের সহিত উপমেয়। বলিল, — "ভূতেই পাইয়াছে বটে, নতুবা মানুষের যাহা করিতে নাই, ভূমি তাহা করিবে কেন ?"

আমি। আমি কি করিতেছি?

উষার হাসির ধারে অঞ্চ আসিল। বর্ষণলঘুমেঘ বিহাতের পরে আবার কয়েকবিন্দু জল ঢালিয়া দিল। আবেগ কম্পিত-কঠে বলিল,—
"তুমি ভদ্ত সম্ভান,—ক্ষিকিত,—হায়, তুমি মন্তপ।"

আমি। অনেক উচ্চ শিক্ষিতে মদ থায়।

উষা। যারা থায়, ভারা বৃঝি তোমারই মত অমুতাপ-তপ্ত। তৃমি পারদারিক।

আমার বড় রাগ হইল। ছোট মুখে বড় কথা। কুদ্ধ স্বরে বলি-লাম.—"উষা, একটা কথা বলিব।"

উষা। বল।

আমি। তুমি ত্রী, আমি স্বামী---

**উষা। হিন্দুর মেয়ে সে সম্বন্ধ** উত্তমরূপেই বুঝিয়া রাথে।

আমি। আমার উপরে তোমার কোন কথা বলিবার অধিকার নাই।
উষা। আছে না আছে, জানি না। তুমি আমার শিখাও নাই।
শিখাইবার অবকাশ পাও নাই বলিয়া হয়ত শিখাও নাই। বিবাহ হইতেই
দিদিকে ভাল বাসিয়াছ,—দিদিকে লইয়া পাগল হইয়াছ,—অভাগী উষার
দিকে একবারও ফিরিয়া চাহ নাই,—উপদেশ দিবে কবে ? কিন্তু হিল্পুর
মেয়ে আপনি বৃঝিয়া লইতে পারে, স্বামি-দেবতা সকল দেবতার
শ্রেষ্ঠ। হিল্পুর মেয়ে জানে, সে দেবতার সেবা করিতে হয় — নিতা ধুইয়া
মুছিয়া ভোগ-রাগ দিতে হয় — অাচলে বাজাস করিতে হয়। দেবতাকে
সিংহাদনে তুলিয়া রাথিতে হয়। গায়ে ময়লা জন্মিলে ঘসিয়া মাজিয়া
পরিজার করিতে হয়। আমি হতভাগী—আমারই জন্ম-জন্মের রুত মহাপাতকের ফলে আমার দেবতার প্রাণে ময়লা জন্মিয়াছে, বড় ইচছা করে,
প্রাণের বিনিময়ে তাহা পরিজার করিয়া দিই। কিন্তু আমি ক্রুড—আমার
শক্তি ক্রুড— সাধনা ক্রুড়। পারি না,—শক্তিতে কুলায় না, তাই কাঁদিয়া
মরি।

আমি অধিকতর বিরক্ত হইলাম। উষার মুখে অভ কথা শুনিতে আমার ভাল লাগে না। আমার ইচ্ছা, সে নীরবে আমার সেবা করিবে,—
নীরবে আমার আজ্ঞা পালন করিবে। আমার কথার বা কার্য্যে সে বাদপ্রতিবাদ করিতে পাইবে না। তাহাতে তাহার অধিকার কি ?

উষা কিন্তু ছাড়িল না। সে হঠাৎ আমার পায়ের তলে বসিয়া পড়িয়া ছই হাতে আমার ছই পা জড়াইয়া ধরিল। ছই চকুর জলে আমার ছই পা ভাগাইয়া তুলিল। আমি অধিকতর বিরক্ত হইলাম। বলিলাম, "আলিয়ে মার্লে, বল না ছাই—তোমার কথা কি !"

কাঁদিতে কাঁদিতে—ফুঁপাইতে ফুঁপাইতে উষা বলিল—"আমার কথা আর কিছু নয়, একটি প্রার্থনা—তুমি কেমন হইয়া যাইতেছ। মদে তোমার চিত্ত-বিক্বতি উপস্থিত হইয়াছে, তোমার গায়ের রঙে কালী ঢালিয়া দিয়াছে, কপালের শিরা বাহির হইয়া পড়িয়াছে—আহার কমিয়া গিয়াছে—তুমি ও পকল কাজ আর করিয়ো না। লোকেও বড় নিন্দা করিতেছে।"

আমি গন্তীর কুদ্ধ হরে বলিলাম — "তোমার কাছে আমি উপদেশ চাহি না। সন্ধ্যাকে পরিত্যাগ করিলে, আমার গুটিশুদ্ধ অন্ধাভাবে শুকাইয়া মরিবে।"

ধাঁ করিয়া পা ছাড়িয়া দিয়া উষা উঠিয়া দাঁড়াইল। মান অথচ রক্ত-রাগ-রঞ্জিত মুথখানা ঈষত্তোলন করিয়া স্থির নমনের স্থির অচঞ্চল উদাস দৃষ্টিতে কিয়ৎক্ষণ আমার মুথের দিকে চাহিয়া রহিল। সে মুথখানা তথন যেন কেমন উদাস-উত্তেজনা, বোধন-বিসর্জনের অপূর্বভাবে পরিপূর্ণ দেখাইতেছিল;—যেন অন্তগামী স্থেয়ের একটু ক্ষীণ হেম-কিরণ নবগতা সন্ধ্যার আবিল অন্ধকারে মিশিয়া নদীর অচ্ছনীল জলে একত্তে পড়িয়া এক অপূর্ববি ভাব ধারণ করিয়াছিল।

ক্ষেক মুহূর্ত্ত আমার মূথের দিকে চাহিয়া থাকিয়া উষা গলা ঝাড়িল।

তথাপি কিন্ত তাহার গলার স্বর সাফ হইল না। রুদ্ধ স্থরে বলিল,— "কেন ? শুকাইরা মরিবে কেন ? আমার স্বামী কি মূর্থ ? কত মূর্থ-স্বামীর স্ত্রী আস্মীর পরিজন লইরা স্থাথ দিন কাটাইতেছে, আর আমরা ভাত পাইব না! সন্ধ্যার টাকার আমাদের প্ররোজন কি ?"

আমি। লেখাপড়া জানিলেই আজকাল চাকুরী হয় না। বিশেষতঃ অত টাকা কোথা হইতে আসিবে ?

উবা। অত টাকার আমাদের প্রয়োজন নাই। না হয়, এক বেলা থাইব। শাস্তির একমুঠা ভাতও ভাল। পুণে।র উপবাদেও গায়ের রক্ত রুদ্ধি পায়। পাপের অভুল ঐশর্যাও রৌরবের বিপুল বাঁধন।

রৌরব! নরক!— আমার প্রাণের মধ্যে কেমন বেন একটা রক্ত-বিহাৎ বহিয়া গেল। আমি উষার সহিত আর কথা কহিলাম না। সেস্থান হইতে ক্রতপদে নীচে নামিলাম এবং একেবারে রাস্তায় বাহির হইয়া সন্ধারে বাড়ী অভিমুখে চলিগ গেলাম।

#### নবম উল্লাদ।

#### নিশাস।

একটা কথা বলিতে ভূলিয়া গিয়াছি। অনেক কথা ভূল হইরা যাইতেছে,—ঠিক্ গুছাইরা বলিতে পারিতেছি না। তোমরা হরত ভাবিতেছ, দেই সকল অতীত কথা—দেই সকল লজ্জার কথা—পাপের কথা—আত্মরুত হুদ্ধতির কথা বলিতে আমার লজ্জা হইতেছে—তাই কন্ত হইতেছে, তাহা নহে। এমন শত জন্মের কথা—শত জন্মের আত্ম-রুতকর্মের কথা—আত্মীর-স্বজনের কথা, আমার এখন মনে পড়িতেছে। এখন কিছুতেই মায়া নাই, লজ্জা নাই,—আছে কর্মের

সংস্কার, আর সংস্কারের জালা। আমার কট ইইতেছে অন্ত কারণে—সে কারণ তোমরা বৃথিবে না।

আমি যে কথা বলিতে ভূলিয়াছি, ভাহার মধ্যে একটা কথা না বলিলে, আমার আর সব কথা ভাল করিয়া ব্ঝিতে ভোমান্দের একটু গোল হইতে পারে।

সন্ধার সহিত মিলনও কার্ত্তিক ঠাকুরদার পরলোক প্রাপ্তির পর প্রায় গাঁচ বংসর কাটিয়া গিয়াছে,—ইহার মধ্যে সন্ধাকে ভাহার পিতামাতা আত্মীয়-স্বন্ধন অনেক ব্রাইয়াছিল, অনেক শাসনবাক্য প্রয়োগ করিয়াছিল, কিন্তু সে নিবৃত্ত হয় নাই। তারপর ভাহার আত্মীয়-স্বন্ধন—ভাহার পিতামাতা তাহার সহিত সর্ব্বপ্রকার সম্বন্ধ পরিত্যাগ করিয়াছেন। আমা-দের বাড়ী যাইবার অধিকারও ভাহার ছিল না।

আমি যথন সন্ধার বাড়ী উপস্থিত হইলাম, তথন সে কুস্থম-ভূষণে ভূষি চা হইরা, তাহার আনিতম্ববিদ্যতি স্থান্ধ একিংজ চুলের রাশি ছড়াইয়া দিয়া একথানা শোফার উপরে শুইয়াছিল। উপরে উজ্জল আলোক জনিতেছিল—নিমে রূপের আলোক উথলিয়া উঠিতেছিল। তোমরা বলিবে—বিধবার এত বাসন কেন? কিন্তু বুঝিলে না,—সে যে পাপের পথে পা দিয়াছে। যে একপ্রকার পাপ করে, শতপ্রকার মহাপাতক আসিয়া তাহার সমস্ত আত্মিক অক্টে চাপিয়া বসে। দেহের এক স্থানে থোস হইলে, সর্কালে না হইয়া যায় না। এক কলসী ছগ্রের এক স্থানে বিলুপরিমাণে অম্বরস প্রদান করিলে স্বথানি ত্রধ ক্ষিম্বা অম্ব হইয়া যায়।

আমি উপস্থিত হইলে সন্ধা কথা কহিল না। বুঝিলাম সে কোন বিষয়ে চিস্তা করিতেছে । আমারও মনটা তথন ভাল ছিল না। তেমন বুঝি আদরে সোহাগে কথা কহিতে পারিলাম না। আরও কিয়ৎক্ষণ অপেকা করিয়া তারপরে জিজ্ঞাসা করিলাম—''সন্ধা, চুপ করিয়া রহিলে কেন ? কথা কহিতেছ না কেন ?''

সন্ধা সোকার উপরে একটু উচু হইয়া উঠিয়া বলিল,—"কাহার সহিত কথা কহিব ? তোমার সহিত ? তুমি আমার কে ? ভগিনী-পতি। কিন্তু ভল করিয়াছিলাম.—তোমাকে জীবন-সর্বাস ভাবিয়া-ছিলাম। ধর্ম্ম-কর্ম্ম-জীবন-যৌবন সব দিয়াছিলাম। আর--আর: মহা-পাপ করিয়াছি,—তোমার প্ররোচনায়—হর্দমনীয় রিপুর প্ররোচনায় যাহা করিতে নাই, তাহাও করিয়াছি। স্বামিহত্যার সাহাষ্য করিয়া ছ। তারপর সমস্ত বিষয়-আশবু তোমাকে লিখিয়া দিয়া এখন তোমার করুণাভিখারিণী হইয়াছি। কাজেই এখন তুমি আমাকে পায়ে ঠেলিবে देव कि।"

আমি। কেন ও সকল কথা সন্ধ্যা ? আমি কি কোন দিন ভোমাকে অযত্র করিয়াছি ?

সন্ধ্যা জ্রভঙ্গী করিয়া বলিল,—"তোমার আদর আমি চাহিনা। মনে তোমার উষা—শুধু মুখের কথায় আমাকে ভুলাইয়া রাথা।"

আমি বড়ই কুল হইলাম। বলিলাম,—"তবে কি তাহাকে পরিত্যাগ করিতে বল ?"

সন্ধা। কেন বলিব ? আমি কিন্তু তোমার ভান্ত সর্বাধ ত্যাগ করিবাছি-তোমাকে সব দিয়াছি।

আমি। যদি বল-ভাহাতেও প্রস্তুত আছি।

সন্ধা। মিছে কথা।

আমি। না সন্ধ্যা -- সত্য বলিতেছি।

সন্ধ্যা। যদি সভ্য বলিয়া থাক.-∸ভবে আর ভাহার নিকটে যাইভে পারিবে না।

আমি। তাহাদের গতি ?

সন্ধ্যা। টাকাপাঠাইয়া দিয়ো।

আমি। উষা তোমার ছোট ভগিনী।

দন্ধা। যে রিপুর পদতলে স্বামীর কণ্ঠ-রক্ত নিবেদন করিতে পারে, কুবেরের ভাণ্ডার উৎসর্গ করিতে পারে, জ্বাতি-কুল ইহ-পরকাল বলি দিতে পারে—তার কাছে ছোট ভগিনী! যাও তুমি তার কাছে—আর আদিয়ো না। আমার সর্বাহ লইয়া যাও—আর আদিয়ো না। আমি পথের ভিথারিণী হইয়াছি—সমাজে ম্বণিতা কলছিনী হইয়াছি,—নিজের মনের নিকটেও বৃঝি অবিখাসিনী হইয়াছি আমি আমার কাজের প্রতিফল ভোগ করিতে থাকি।

আমি কি উত্তর করিব, ব্ঝিয়া উঠিতে পারিলাম না। সন্ধার অদ্বের একথানা চৌকী ছিল, তাহাতে বিসিয়া পড়িলাম। একটা ভূতাকে ডাকিয়া মদের বোতল আনিতে বলিলাম। সন্ধাা অত্যস্ত কুদ্ধ ও বিরক্তিভাবে নিষেধ করিল,—ভূতাটা ভয় পাইয়া বোতল না আনিয়া কার্যাস্তরে চলিয়া গেল। তথন আমি নিজে গিয়া বোতল আনিলাম এবং প্লাসে মদ ঢালিয়া সন্ধাাকে থাইবার জয় অমুরোধ করিলাম। সন্ধ্যা খুব মদ থাইতে অভ্যস্ত হইয়াছিল। কিন্তু সেদিন কিছুতেই থাইল না। তথন বিরক্ত হইয়া আমি অনেকথানি ময় উদরয় করিলাম। মাথা টলিতে লাগিল। হঠাৎ বমন হইল। দেখিলাম—সেই বমনের পদার্থ আর কিছুই নহে—রক্ত। রক্ত বমন কেন হইল ও ভাত-চকিত নেত্রে সন্ধ্যার দিকে চাহিলাম।

উ:! কি ভয়ন্বর দৃশু! দে দৃশ্যের কথা মনে হইলে এখনও প্রাণ কাঁপিয়া উঠে। সন্ধার ঠিক্ পশ্চান্তাগে কার্ত্তিক ঠাকুরদা রক্তাক্ত ছোরা হাতে করিয়া, তাহার প্রেত-কন্ধাল বাহ বিস্তৃত ও আন্দোলিত করত যেন আমাকে হত্যা করিতে উন্থত হইয়াছে। তাহার কোটরগত চক্ষুর চাহনি কি ভীষণ! মৃত্যুগন্ধী নিশ্বাস আসিয়া আমার বক্ষন্থলে অগ্নিবাণ বর্ষণ করিল—আমি মৃচ্ছিত হইয়া পড়িয়া গেলাম। (ক্রমশঃ)

শ্রীস্থরেক্সমোহন ভট্টাচার্য্য।

## সত্য ঘটনা।

আমার সহকারী কর্মচারী 'য' বাব্র স্ত্রী একটী আক্সিক ঘটনার
মারা যান। ঘরের মধ্যেই তাঁহার প্রাণবিরোগ হইয়াছিল। আমার ও
তাঁহার বাসাবাটী খুব কাছাকাছি। এই ঘটনার পর হইতে য' বাব্
বাসাটী পরিত্যাগ করিয়া আপিস ঘরেই বাস করিতেন। করেকদিন
তাঁহার স্ত্রীকে তিনি স্থপ্নে প্রত্যক্ষ করিয়াছিলেন শুনিয়াছিলাম। তিনি
তদবধি প্রায়ই একা শর্মন করিতেন না। তাঁহার স্ত্রীর মৃত্যুর করেকদিবস
পরে কেহ কেহ তাহাকে দেখিতে পাইয়াছে বনিয়া কাণাকানি হইতে
লাগিল, কিন্তু এ বিষয়ে অকাট্য কোনও সাক্ষা প্রমাণ কিছু পাওয়া গেল
না। মোণ্ডা নামে একটা স্ত্রীলোক প্রত্যহ আমাদের হুধ যোগান দিত।
একদিন ঠিক্ হুপুর বেলা মোণ্ডা হুধওয়ালী হুধ রাখিয়া তাহার কি কার্য্যোপলক্ষে পূর্ব্ব ক্থিত ছাড়া বাসাটীর ভিতরে চুকিয়াছিল। বাসাটী প্রাচীর
ঘেরা ছিল। আমার স্ত্রী তথন আমাদের বাসাবাটীতে রায়া ঘরের বারালগার বিসয়াছিল।

হঠাৎ মোণ্ডা "ও আলা আমার কি হবে' 'ও আলা আমার কি হবে" বলিতে বলিতে আমাদের বাড়ীর ভিতরে দৌড়ে আসিল, আর ভাহার পরিধানের কাপড় চোপড়ে ঝর্ ঝর্ করিয়া প্রস্রাব করিয়া মাটীতে বিদরা পড়িল। ক্ষণকাল মোণ্ডা নীরব। আমার স্ত্রী কারণ জিজ্ঞাসা করিলে মোণ্ডা বলিতে লাগিল—"মা, ছোটলোকের কথার ভোমরা বিশ্বেস করবা না, দোহাই আলার, আমি এইমাত্র "—" বাবুর স্ত্রীকে ভাহাকে ঘরের মেঞ্চাতে দেখে এলাম—পা ছড়ারে দিরে ব'সে চূল ঝাড়ছে।"

মোণ্ডার তাৎকালিক আচরণে ও কথাবর্তায় তাহাকে অবিযাস করি-বার কোনও কারণ ছিল না। তাহার স্থায় নীচ স্ত্রীলোকে বড় ঘরের একটী গুপ্ত কথা, রচনা করিয়া বলিবে ইহাও সম্ভব বলিয়া কেহ মনে করিতে পারে নাই।

## কর্মার্শারে জাবের গতি।

#### ( পূর্বপ্রকাশিতের পর )

এ জীবনে আমরা যেমন কর্ম ও চিন্তা করিব, মৃত্যুর পর আমরা ঠিক্ তেমন দশা পাইব। যথনই আমরা ভালমনদ যাহা কিছু কর্ম করি, তথনই আমাদের ভাবা উচিত যে.—

**"ইহ ষৎক্রিয়তে কর্ম্ম তংপরত্তোপভূজ্যতে**।

কর্মভূমিরিয়ং ব্রহ্মন্ ফলভূমিরসে মতা ॥' মহাভারত, বনপর্ব্ধ, ২৬১।৩৫ অর্থাৎ -- এই পৃথিবী কর্মভূমি মাত্র, ইহলোকে যে কর্মকরা যায় পরলোকে ভাহার ফল-ভোগ হয়।

ইহলোকের সঙ্গে পরলোকের সম্পর্ক খুব ঘনিষ্ঠ। যে সকল মহাত্মগণের দিবাদৃষ্টি ছিল, তাঁহারা পরলোকের বিষয় এই পৃথিবীতে থাকিয়াও
জানিতে পারিয়াছিলেন। শাস্ত্রে পরলোকের বিষয় যাহা বলা হইয়ছে,
তাহা কাহারও কয়নার ফল নহে; অন্তর্দশী যোগিগণের দিবাদৃষ্টির অল্রান্ত
ফল। এখন পাশ্চাত্য পণ্ডিতগণ জ্ঞানের উচ্চশিখরে উঠিয়া হিন্দুশাস্ত্রের
পরলোক হল্প কিছু কিছু যাহা ব্ঝিতে পারিতেছেন, তাহাতেই তাঁহারা
বিশ্বিত হইতেছেন। বিহুষী আনিবেশান্ত হিন্দুশাস্ত্রেরই তল্প লইয়া
ব্যাধ্যা করিয়া প্রকাণ্ড প্রকাণ্ড চিন্তাপূর্ণ গ্রন্থ লিখিতেছেন, এবং হিন্দুগণ
তাহাই আদর করিয়া পড়িতেছে ও বিখাস করিয়া বলিতেছে— "আমাদের
শাস্ত্রে এইটুকু সত্য আছে বটে।" আনিবেশান্ত যেটুকু ধরিতে পারিয়াছেন, যেটুকু সত্য উপলব্ধি করিতে পারিয়াছেন, শিক্ষিত হিন্দুগণ তাহাতেই ক্রতার্থ। আময়া এই জ্ঞানচক্ষদানী বিহুষী বেশান্তকে এই মহৎ

উপকারের জ্বন্ত অন্তরের সহিত শত শত ধন্তবাদ দিই। তিনি হিন্দুশাস্ত্রের স্ক্ষেতত্ত্ব না দেখাইয়া দিলে নাস্তিক শিক্ষিতগণের কবে চৈতন্ত হইত, জানি না।

মাসুষের বাল্য ও যৌবনকালের কর্ম্মের উপর যেমন তাহার ভবিষ্যৎ
নির্ভর করে, ইহকালের কর্ম্মের উপরও সেইরূপ পরকালের অবস্থা নির্ভর
করে বাল্যে ও যৌবনে বিধি ও নিষেধ শুনিং। ভাল কাজ করিয়া যাইলে
পরে ভাল হয়। জ্ঞানী, মানী ও বিস্থানারা ধনী হইতে হইলে, বাল্যকাল
হইতে নিয়মমত বিস্থার সাধনা ও চরিত্রের গঠন করিতে হয়। সেইরূপ,
মাসুষের ইহকালের কার্য্যের মত পরকালের কার্যা হইবে। এই জীবনে
নিয়ম জ্ঞানিয়া ভাল কাজ করিলে এবং কর্ত্তবা করিয়া যাইলে পরজ্ঞরে
নিশ্চয়ই স্থাই ইতে পারা যায়।

আসক্তি যথন প্রবলা হয়, তথন মৃত্যু ইইলে, মৃত্যুর পরের অবস্থা আসক্তি অমুযায়ী হয়। যে বাসনা পূর্ণ হয় নাই, সে বাসনা পূর্ণ ইইবার উপায় দেখে। আসক্তিই জ্লাস্তর-গ্রহণের কারণ।

আবার এই আসক্তির আশ্চর্য্য এক ফল আছে। পুরাণে আছে, মৃত্যুকালে যাহার বিষয় চিস্তা করা যায়, মৃত্যুর পর সেই চিস্তার মত গতি হয়। "যং যং বাপি শ্বরন্ ভাবং" ইত্যাদি শ্লোকে বলা হইরাছে যে, মামুষ মৃত্যুকালে যাহা শ্বরণ করিতে করিতে দেহত্যাগ করে, সেইমত দেহলাভ করে।

এখানে আমরা পুরাণের ভরতরাজার উপাখ্যানটী বলিয়া পরলোক-ভত্ত সম্বন্ধে বিচার করিব।

সংসারবিরাগী রাজা ভরত বৃদ্ধবন্ধসে বনে বাস করিয়া ভগবানের নাম জপ করিয়া মায়াপাশ কাটাইতে মনস্ত করিয়াছিলেন। তিনি নিয়মমত ধ্যান, ধারণা, পূজা, জপ তপ করিতেন। সংসারে স্ত্রী পুত্র ছাড়িয়া আসিয়াছেন বলিয়া মনকে ভাহালের কথা ভাবিতে অবসর দিতেন না। তিনি আর মায়ার বেড়ী পায়ে দিবেন না। এখন তিনি বানপ্রস্থ আশ্রমের লোক। সংসারের ভোগ শেষ হইয়াছে। প্রবৃত্তির খেলা হইয়া গিয়াছে। এখন নির্ত্তির উদয় হইতেছে। তিনি সর্বাদাই ঈশ্বর চিন্তা করেন। মনে আর কোন মূর্তি নাই, ক্ষণিকের জন্ত সংসারের তই এক-খানা প্রিয়মুখ মনে আসিলেই, বিষ্ণু শারণ করিয়া তিনি শুদ্ধ হয়েন ও ইটনদেবের শান্তিপ্রদ্ধ মুর্তি হাদয়ে ভাসাইয়া তলেন।

একদিন রাজা নদীতে মন্ত্র উচ্চারণ করিয়া স্নান করিতেছিলেন এমন সময়ে দেখিলেন একটি পূর্ণগর্ভা হরিণী ব্যাঘ্র কর্তৃক তাড়িতা হইয়া প্রাণ ভয়ে এক বন্দে ক্ষুদ্র নদীর এক পার হইতে অপর পারে পড়িল, এবং অত্যস্ত ভয়হেতু গর্ভস্রাব হট্যা পথিমধ্যে রাজার সন্মুথে জলের মধ্যে হরিণ-শিশু পড়িয়াই জলে ডুবিয়া যাইতে লাগিল: এই আকল্মিক এর্ঘটনায় হতবৃদ্ধি হইয়া রাজা তাড়াভাডি নবজাত হরিণ-শাবককে জল হইতে উদার করি-লেন এবং তাহার গাত্র মার্জ্জনা করিয়া, জীবনরক্ষা করিবার জন্ম তাহাকে আহার দিতে কুটীরে লইয়া গেলেন। অতাস্ত শিশু বলিয়া রাজা ভাবিলেন. এ অবস্থার ইহাকে ত্যাগ করা আর হত্যা করা সমান; একটু বড় হইলে ও আপনি চলিতে শিথিলে, হরিণ-শাবককে আর প্রতি-পালন করিব না এই সিদ্ধান্ত করিয়া রাজা স্বতনে হরিণশিশুর প্রতি-পালন করিতে লাগিলেন। রাজা এথন আর পুর্বের মত স্নানে আসিয়া ধ্যান ধারণা, একমনে করিতে পারেন না দ্ব কাজের মধ্যে হরিণ-শিশুর কথা ভাবেন। স্নান করিতে যাইবার সময় হরিণশিশুকে সাবধানে গৃহমধ্যে রাথিয়া দরজা বন্ধ করিয়া যান ভয়,—পাছে বন্তজন্তুরা ভাহাকে মারিয়া ফেলে: এবং পূর্বে বিধিপূর্বক স্নান করিতে যে সময় ছতিবাহিত করিতেন এখন আর তাহা চলে না, হরিণশাবকের জন্ম একটু শীঘ্র শীঘ্র মান করিয়া ফিরিয়া আসিতে ভয়।

এদিকে থবিকল্প রাজার যত্নে হরিণশিশু দিন দিন বাডিতে লাগিল।

ক্রমে সে এত বড় হইল যে আর তাহার জস্ত রাজার বিশেষ ভাবনা রহিল না। এখন সে সান করিবার সময় রাজার সঙ্গে সঙ্গে নদীতে ষায়, পৃভার সময় কুটারের চারিধারে ছুটিয়া খেলা করিয়া বেড়ায় এবং কখন বা ধাননমগ্র রাজার গাত্রে আসিয়া মূখ ঘর্ষণ করে ও তাহাতে রাজার ধ্যান ভাঙ্গিয়া দেয়। কিন্তু রাজার ইহাতে রাগ হইত না। কারণ তাহার প্রতি রাজার তখন এত মায়া পড়িয়াছিল যে সন্তান হইতে সে বড় একটা বেশী পৃথক্ ছিল না। হরিণশিশু রাজার মনটা বেশ দখল করিয়া বসিয়াছিল। যে রাজা সংসার হইতে স্ত্রী পুজের মায়া কাটাইয়া বনে আসিয়া নিশ্চিন্তে আপনার ময়য়য়রের উর্লাভ করিতেছিলেন, সে রাজা আবার মায়ার পাশে বন্ধ হইয়া পড়িলেন। হরিণশিশুকে না দেখিলে রাজার মন স্থির হয় না। যদি এক মূহর্তের জন্ত হরিণটি অন্তরে যাইত, রাজা না দেখিতে গাইয়া উৎক্ষিত হইয়া উঠিতেন। রাজা হরণকে বড়ই ভাল বাসিতেন।

এইরণে রাজার বনে আসিয়াও সংসারীর মত মায়ার খেলা চলিতে লাগিল। হঠাৎ এক দিবস হরিণটা দুর বনে গিয়া বনের হরিণদেলর সহিত মিশিয়া রাজার নিকট হইতে চিরবিদায় গ্রহণ করিল, আর সেফিরিয়া আসিল না। রাজা হরিণের শোকে কাতর হইয়া পড়িলেন। হরিণের চিস্তায় তিনি আর কিছু চিস্তা করিতে অবসর পাইতেন না। ক্রমে রাজার দেহ ও মন খারাপ হওয়াতে তাঁহার মৃত্যুর দিন সয়িকট হইতে শাগিল। রাজা মৃত্যুকালে "হরিণ, হরিণ' করিয়া হরিণের চিয়ায় দেহ-তাগে করিলেন।

মৃত্যুর সময় যে চিস্তাটী প্রবণ হয়, মানবের গতি সেই অনুযায়ী হয় বলিয়: রাজা হরিণযোনি প্রাপ্ত হইলেন। হ'রণ হইয়া রাজা আবার পৃথিবীতে জন্মিলেন বটে, কিন্তু কিছুদিন ধরিয়া তিনি যে হরিণ হইয়াছেন, ব্ঝিতে পারিলেন না। রাজার তপস্তা ও সাধনা ছিল বলিয়া শীঘ্রই ব্ঝিতে পারিলেন যে পূর্বজন্মে যথন তিনি রাজা ভরত ছিলেন, তথন এক হরিণশাবকের প্রতি তিনি অতান্ত আসক্ত হন, তাহার প্রতি ক্ষেত্রে তাহার মারায় বন্ধ হন. সেইজন্ম এই জন্মে হরিণের দেহ লইয়া বনে ঘুরিয়া বেড়াইতেছেন ও হরিণের মত ঘাদ লতাদি খাইতে স্বভাবত: আগ্রহ প্রকাশ করিতেছেন।

তথন রাজার চৈত্র হইল। তিনি তাঁহার ভুল বুঝিতে পারিলেন। তিনি অমুতাপ করিতে লাগিলেন ''হায়। মমুষ্য জন্ম পাইয়া কত সাধনা করিরাছিলাম, শেষে ভুচ্ছ একটা হরিণশাবকের মারায় সব হারাইলাম। কেন মায়ার গণ্ডীতে আবার পড়িলাম ?'' রাজা হরিণ হইয়া সর্বাদাই চক্ষের জলে পৃথিবী ভাগাইয়া বলেন, "আজ আমার এ কি দশা ? ত্রিণের শোকে আমি জগৎ হরিণময় দেখিয়াছিলাম বলিয়া আমার এই অন্তত জনাত্র। ধিক আমার মানুষ ইইতে হরিণ হইলাম ইহা অপেকা অধঃপতনের ও চু:ধের বিষয় আর কি আছে গু" রাজা এইরূপ অফুডাপ করিয়া বনে বনে ঘুরিয়া বেড়ান: তিনি কেবলই ভাবেন 'কে আনায় হরিণের গর্ভে জন্ম লইতে বাধ্য করিল ৫ কই, আমিত কথন বলি নাই যে আমি হরিণ হইতে চাহি। আমার ইচ্ছার বিরুদ্ধে এইরপ ক**ষ্ট** কে আমায় দিল ?"

হরিণের দেহ রাজার আবে ভাল লাগেনা। তিনি জ্ঞানীর মত ঈশব্চিন্তা করিতে করিতে স্বেচ্ছায় এক শিকারীর হস্তে নিজ হরিণের দেহ বিসর্জন দিয়া হরিণজন্ম হইতে উদ্ধার লাভ করিলেন এবং আপন কার্যাগুলে উৎকৃষ্ট মনুষাজনা পাইলেন। তাঁহার সাধনায় তাঁহার এই ক্রমের পূর্বে জই জ্ঞানের কথা বেশ মনে ছিল। স্থতরাং তিনি শিশু অবস্থা ১ইতেই আরু মাধার বন্ধনে পড়িবেন না বলিয়া ক্রন্তসঙ্কল হইলেন। বয়ে:বৃদ্ধির সহিত যথন সকল বালক কথা কহিতে শিথে. রাজা ভরত ইজা করিয়া কথা কহিলেন না। তাঁহার মা কত চেষ্টা করিল, অপর সকলে কভ প্রলোভন দেখাইল, ভরত কিছুতেই কথা

কহিলেন না। শেষে তাঁহার জননী একদিন কাতরভাবে ভরতকে একবার "মা" বলিতে বলিল। ভরত স্থির; এবং মনে মনে ভাবিতে লাগিল "এ জনমে ভগবান ছাড়া আর কিছু চাই না, 'মা' বলিয়া আর মায়ার গণ্ডীতে পড়িব না।"

ক্রমে ৮।১০ বৎসর বয়স হইলেও যথন ভরত নির্বাক থাকিলেন, তথন সকলে তঃৰ করিয়া বলিল "সম্ভানটী জড় – হাবা, কথা কহিতে কখনও পারিবে না।" জড়ভরত কিন্তু ভক্তশ্রেষ্ঠ, মান্বার হাত ছাড়াইয়া গিয়াছেন। ক্রমে এই জ্বন্মেই জড়ভরত আন্তরিক সাধনায় সিদ্ধিলাভ করেন।

জড়ভরতের এই উপাখ্যানটী বড় স্থন্দর এবং ইহাতে শিথিবার ও ভাবিবার অনেক জিনিষ আছে। রাজার হরিণচিন্তার হরিণজন্ম লংতে হইয়াছিল। কিন্তু কিরুপে রাজা হরিণ হইলেন এবং কেনই বা হইলেন ? এই প্রশ্নটীর উত্তরে, আমাদের হিন্দুশাস্ত্র বলিতেছেন, মানুষের আসজিই ভাহাকে টানিয়া মৃত্যুর পর লইয়া যায়; পরে কিছুকাল অজানা অচেনা দেশে ঘুরিয়া ফিরিয়া বাসনার অনুগায়ী ও চিস্তার মত একটা দেহ লইতে মামুষকে বাধ্য করে। মামুষ জানে না. তাহার বাসনাই, আদক্তিই, তাহার জন্মান্তরের দেহ বাছিয়া দেয়। মানুষ যাহা সর্বদা ভাবে, মনে সেই ভাবনার ছালা থাকিয়া যায়। পরে, দেহত্যাগকালে যাহা ভাবিতে ভাবিতে এ পৃথিবী ছাড়িয়া যায়, তাহাই তাহার মনে তথন গাঁথিয়া যায় ও মৃত্যুর পর সেইটাই প্রবল হইয়া স্ক্র শরীরধারী আত্মার দঙ্গে সঙ্গে ঘুরিয়া বেড়ায় ও মৃত্যুকালীন সেই চিন্তা পূরণের জন্ম অন্থির হটয়া পড়ে।

প্রেতলোকেও আদক্তির পূরণ চেষ্টা দেখা যায়। শাস্ত্রে ইহার বিচার আছে। আমরা ভূতপ্রেগাদির গল্পেও এই সত্যটা বেশ বুঝিতে পারি। আত্মহত্যাকারী মৃত্যুর সময় বেরূপ উৎকণ্ঠা ও অশান্তি

ভোগ করিয়াছিল, তাহার প্রেতশরীর নরলোকের নিকট দেখা দিয়া কথন কথন দেই উৎকণ্ঠা ও অশান্তি প্রকাশ করে। হত্যাকারীর আত্মা যদি প্রেতশরীরে কথন কোন লোককে দেখা দিয়া থাকে. তবে নিশ্চয়ই দেখিতে পাওয়া যায় যে প্রেতটি রক্তাক্ত ছুরিকা হস্তে ঘ্রিয়া বেড়াইতেছে। আমাদের বলিবার উদ্দেশ্য এই যে, মানুষ মরিবার সময় যে চিন্তায় দেহত্যাগ করিবে, সেই চিন্তামত ভাহার গতি হইবে। তাহার চিস্তা যদি ভাল হয়, তাহার গতিও ভাল হইবে। তাহার চিন্তা যদি মন্দ হয়, তাহার পরজন্মের গতিও মন্দ হইবে।

সেইজ্ভ, আমাদের শাস্তাদেশ যে, অন্তিম সময়ে নারায়ণের নাম ও ধ্যান করিয়া দেহত্যাগ করিলে পরমগতি হইবে, মানুষ বিষ্ণুলোকে যাইবে। ''অত্তে গলা নারায়ণ এক'' এই নাম হিন্দুর বড়ই শান্তির क्रिनिय।

কিন্তু আপত্তি হইতে পারে যে, সারাজীবন পাপ করিয়া মরিবার সময় "হরিনাম" করিলে যদি সে বৈকুঠে যায়, তবে ত তাহার পাপ ভোগ হইল না; এ কি রকম অবিচার ৷ মৃত্যুকালে ঈশ্বর চিম্ভা করিয়া ভাষা হইলেত সকল পাপীই বিচিত্র উপায়ে কর্মফলের ভোগ এড়াইয়া স্থথে শান্তিধামে যাইতে পারে ?

এ আকাজ্জা বুথা। যে সকল পাপী সারাজীবন পাপ করিয়া আসিয়াছে, মৃত্যুকালে ভাহাদের ঈশবের চিস্তা মনেও আসিবেও না। আসিতে পারেও না। তাহাদের অভ্যাসমত পাপের চিস্তা তাহাদের সঙ্গে দঙ্গে থাকে। আবার যাহারা পুণাবান, সারাজীবন পুণাকার্য্য করিয়া আদিয়াছে মৃত্যুকালে অভ্যাদমত তাহারাই কেবল ঈশবের কথা স্মরণ করিতে পারে। অভ্যাস যদি ভাল হয়, মৃত্যুকালে চিন্তাও **छान हहे**त्व, अ**छ**।।त मन हहेत्न, ज्थन हिखां ।

একটি শুকণক্ষীকে বাল্যকাল হইতে পড়াইতে অভ্যাস না

করিলে, শেষে কেবল 'কোঁা কাঁা' করিবে না ত আর কি করিবে ? অভাাসই বলবান। ঈশ্বর 'চন্তার অভাাস থাকিলে মৃত্যকালে অভ্যাস মত সহজে দ্যাময়ের চিন্তা ও নাম স্মরণ হটবে, নচেৎ, ফাঁকি দিয়া কৰ্মফল এডাইবার জামগা এ বিশ্ববা ভা নতে।

(ক্রমশঃ)

শ্রীঅখিনীকুমার চক্রবন্তী, বি-এ, বি-এল ১

# শিবুদাদার অদ্ভুত দর্শন।

আমাদের প্রামে শ্রীশিবরুষ্ণ ভটাচার্যা মহাশর নিজ্ঞুণে সকলেরই প্রিম্নপাত্র। তাঁহার মত পরার্থপর, ধর্মপরায়ণ, পক্ষপাতশুক্ত, আচারনিষ্ঠ ব্ৰাহ্মণ যুবক আজকাণ বিরল বলিলেও অত্যক্তি হয় না। শুশানে গিয়া দেখ, রোদননিরত শোকার্ত আত্মীয়ত্বজনের মধ্যে অটলছাদয় শিবক্লঞ ধীরভাবে চিতা সজ্জায় ব্যাপুত, আবার উৎসবক্ষেত্রে গিয়া দেখ বন্ধপরিকর শিবক্লফ সাধারণের সম্ভোষ বিধানার্থ অক্লাম্ব পরিশ্রমে নিরত। এইরূপ নিঃস্বার্থ পরোপকারিতায় শিবক্লফবাব গ্রামমধ্যে সকলেরই ধন্তবাদভাজন. সকলেরই মিত্র। আমি তাঁহাকে অগ্রজের মত ভক্তি করি, তাই 'শিবদাদা' বলিয়া ডাকি।

সেই শিবুদাদার মুথে আমি তাঁহার প্রত্যক্ষ একটা অভূত ঘটনা শুনিয়াছিলাম। যদি অন্ত কাহারও মূথে শুনিতাম, বিখাস করিতাম না। কিন্তু সত্যপ্রিয় শিব্দাদার কথা মিথ্যা বা অতিরঞ্জিত হইবার নহে। ভাই সম্পূর্ণ বিশ্বাস করিয়া পাঠকদিগের কৌতৃহল নিবারণার্থ তাহা নিয়ে প্রদান করিলাম-

"আষার বয়স তথন পনর কি বোল বংসর। আমার এক ভগিনী পুরাতন পীড়ায় ভূগিভেছিল বলিয়া আমার পিড়দেব ও মাড়দেবী তাহার চিকিৎসার জন্ম তাহাকে লইয়া কলিকাতায় বাসা করিয়া থাকেন। আমি, আমার অন্যান্ম ভাইগুলির সহিত বাড়ীতে থাকি। তবে মধ্যে মধ্যে কলিকাতায় গিয়া ভগিনীকে দেখিয়া আদি।

এইরপ আমি একবার ভগিনীকে দেখিবার জন্ম কলিকাতার বাসায় গিয়াছিলাম। সেধানে ব্যবহারোপযোগী অনেকগুলি দ্রব্য কিনিয়া দিতে সন্ধা উত্তীর্ণ হইয়া গেল। পিতা মাতার ইচ্ছা ছিল আমি সে রাত্রে সেধানে থাকি। কিন্তু কি করিব ? পরদিন প্রাতঃকালে বাটাতে একটা আবশুকীর কার্য্য থাকার অনিচ্ছা সত্ত্বেও আমাকে সেই রাত্রে বাটা ফিরিতে হইল। আমি রাত্রি দশ ঘটিকার এক্সপ্রেসে গৃহাভিমুখে যাত্রা করিলাম।

যথন গাড়ী নৈহাটীষ্টেসনে \* পৌছিল, তথন রাজি ১১টা। ক্ষীণ জ্যোৎসা উদিত হইয়া তথন পূর্ববর্তী প্রগাঢ় অন্ধকারকে কিয়ৎপরিমাণে শিথিল করিয়া তুলিতেছিল বটে, কিন্তু সে শিথিলতা প্রকৃতির প্রতি অঙ্গে এক ভীষণ নীরবভার ছবি প্রকটিত করিয়াছিল। পথে জনমানবের সমা-গম ছিল না, কি কোনক্রপ কণ্ঠন্বর শ্রুতিগোচর হইতেছিল না। আমি একাকী গৃহাভিমুথে আসিতে লাগিলাম।

<sup>\*</sup> ভাটপাড়া গ্রামের একদিকে কাঁকিনাড়া, অপরদিকে নৈহাটী টেসন। কাঁকি-নাড়া দক্ষিণে, নৈহাটী উত্তরে অপেকাকৃত দূরে অবস্থিত। রাত্রি ১০টার এক্তুপ্রেম কাঁকিনাড়া টেসনে থামে না। একেবারে নৈহাটীতে গিরা ধরে। কাজেই শিবুদাদাকে নৈহাটীতে নামিতে হইরাছিল।

ক্রমে রথথোলা । ও থালধার † নির্ভরে অতিক্রম করিয়া মাইনর স্কুলের নিকট আদিলাম। কাছেই ঘাট। মনে করিলাম ঘাটে যাইয়া একবার মুখাদি প্রক্ষালন করিয়া আদিব। তাই ঘাটণানে চলিতে লাগিলাম।

ষাটের পথে একটা বৃহৎ নোনা গাছ। আমি তাহার সমীপবর্ত্তী হইবামাত্র গাছটা প্রবলবেগে নড়িতে লাগিল। শরৎকালের নির্মাল রাত্রি। বায়ুর লেশমাত্র ছিল না। পার্যবর্ত্তী বৃক্ষদকল একেবারে নিশ্চল। সহসা এই বৃক্ষের এইরপ সঞ্চালন দেখিয়া আমি ক্ষণকালের জন্য ভয়াভিভ্ত হইলাম। সর্ব্বাঙ্গ বিম্ করিয়া উঠিল। কিন্তু তখন আমার যৌবনের প্রারম্ভ, দেহে বিলক্ষণ শক্তি। আমি দৃঢ় সাহস অবলম্বন করিয়া "কে ? কে ?" বলিয়া চীৎকার করিতে লাগিলাম। বলিতে বলিতে দেখিলাম একটা মাংসপিণ্ডের মত মন্থ্যমৃত্তি বৃক্ষ হইতে ধুপ করিয়া পড়িয়া গড়াইতে লাগিল। আমি তখন অদমা সাহদের সহিত দৌড়িয়া গিয়া তাহার হাত ধরিলাম। হাত ধরিবামাত্র আমি সর্ব্বাঙ্গে যেন এক অনির্ব্বচনীয় শৈতা অনুভব করিলাম; এবং দেখিলাম যাহাকে দ্র হইতে একটা মাংসপিণ্ড বলিয়া বোধ হইতেছিল, তাহা একটা স্ক্ষ চন্দ্রির অন্থিমর জরাগ্রস্ত মৃত্তি। তাহাকে ধরিয়া আমার হাতে যেন হাড় ফুটতে লাগিল।

আমি সাহসভরে জিজাদা করিলাম—"কে তৃই, বল্। নতুবা এই দত্তে ভোকে বিলক্ষণ শাস্তি দিব।" মৃতিটী নির্বাক্থাকিয়া কেবল পিটুপিট্করিয়া চাহিতে লাগিল।

কাটালপাড়ার সাহিত্য সভাট্ ৺বিজমবাবুর বাটার সলিহিত ভ্থক রথগোলা নামে
পরিচিত। তাঁহার বাটাতে বহুদিন ধরিয়। রগ্যাতা হইয়। আনিতেছে। এইজয় ঐ
বাটার সনিহিত বিস্তুত ভূমিধওকে এপানকার লোকে রপ্থোলা বলিয়া খ'কে।

<sup>†</sup> থালধার অর্থাৎ মুক্তপুরের পাল স্থনামে প্রানিদ্ধ, সে থাল ভাটপাড়া ও কাঁটালপাড়ার মধ্যস্থলে থাকিয়া তুইটা গ্রামের সীমা নির্দ্ধেশ করিভেছে, তাহারই সরিহিত ভূমি।

তথন আমি তাহার হাত ধরিয়া সবলে নাড়া দিতে লাগিলাম।
প্রতি সঞ্চালনের সঙ্গে সঙ্গে আমার হাতে যেন হাড় বিধিয়া যাইতে
লাগিল। সেই যন্ত্রণা সহু করিয়াও আমি বারংবার তাহাকে উৎপীড়িত
করিতে লাগিলাম।

তথন সে অতি ক্ষীণ কর্পে বলিল—

'আমি রা—র \* বাড়ী ঘাইব।"

"রা—র বাড়ী যাইব ?"—এ কথা শুনিয়া আমার মনে দারুণ ছশ্চিস্তা আসিল। এই নিশীথে এই বৃদ্ধ জরাগ্রস্ত ব্যক্তি রা—র বাড়ী যাইতে চায় কেন ? এ বাক্তি রা—র কি কোন আত্মীয় ? যদি তাহাই হয়, এই রাত্রে বৃক্ষ হইতে নামিয়া আসিল কেন ? আর এইরূপ জরাগ্রস্ত বিক্লব দেহ বৃক্ষের উপরে উঠিলই বা কি প্রকারে ?

এইরপ প্রশ্নপরম্পরা উদিত হইরা আমার হাদরকে আলোড়িত করিতে লাগিল। আমি অতি স্ক্রভাবে সেম্ভি দেখিতে লাগিলাম। দেখিতে দেখিতে সহসা আমার মনে এক অতীতস্থতি উদিত হইরা আমাকে অভ্যন্ত ভরাভিতৃত করিরা ফেলিল। আমি দেখিলাম—এ যে রা—র পিতা। সে যে অনেক দিন পূর্বে মারা গিয়াছে।

সেই গভীর নৈশ নিস্তন্ধতার মধ্যে একটা মৃত ব্যক্তির মূর্ত্তি দর্শনে মনে কিরপে আতঙ্কের সঞ্চার হয়, তাহা সকলেই অমুভব করিতে পারে। ভয়ে আমার সর্বাঙ্গ শিথিল হইয়া গেল। আমি আর তাহার হাত ধরিয়া রাখিতে পারিলাম না। আমার শিথিল হস্ত হইতে মুক্ত হইয়া সে গড়াইতে গড়াইতে ঘটের দিকে নামিয়া গেল।

সাধারণের মত আমি যদি চর্কাশ হইতাম, হয়ত সে মুহুর্ত্তে ভয়ে আমার সংজ্ঞালুপ্ত হইত। কিন্তু অভিনব যৌবন ও পূর্ণস্বাস্থ্য আমাকে

<sup>\*</sup> जा- आमारमञ्ज्ञास्त्र अध्यक्ष विकर्ष अधिवाती। अश्रन ह स्रोतिक ।

প্রভৃত বলের অধিকারী করিয়াছিল। জামি দৃঢ় সাহস সহকারে স্থিরভাবে দাঁড়াইয়া দেখিতে লাগিলাম সে মূর্ত্তি কোধার চলিয়া যায়।

দেখিলাম মূর্ত্তিটা গড়াইতে গড়াইতে এক স্থানে গিয়া ঠেকিল, আর নড়িল না। আমি প্রায় পাঁচ মিনিট কাল ধরিয়া এক দৃষ্টে সে দিকে চাহিয়া রহিলাম। দেখিলাম, সে মূর্ত্তি যেন এক স্থানে স্থির হইয়া রহিল।

ভথন আমার মনে হইল, উহাকে আর একবার দেখিরা আসি, কিন্তু আর একাকী যাইতে সাহস হইল না। নিকটে একটা কাঠের গোলা ছিল। সেই গোলার সীতারাম নামক এক হিন্দুস্থানী রাত্তিকালে শুইরা থাকিত। আমি উচৈচঃস্বরে "সীতারাম" সীতারাম" বলিয়া ভাকিতে লাগিলাম।

আমার ডাক শুনিয়া সীতারাম ছুটিয়া আসিল।

আমি সীভারামকে সমস্ত ঘটনা বলিয়া, যে সানে সে মৃতি স্থিরভাব ধারণ করিয়াছিল, সেই স্থান দেখাইয়া বলিলাম—'চল ত্জনে মিলিয়া ওধানে গিয়া দেখিয়া আদি।''

ছ্পনে সাহসভরে সেথানে যাইলাম। কিন্তু কি আশ্চর্য্যের বিষয়, সেথানে গিয়া দেখিলাম, কিছুই নাই! একটা ভাল। পাড়ে চাঁদের কিরণ পড়িরা সে হানটাকে চতু:পার্যবর্ত্তা হান অপেকা কিছু উজ্জ্বল করিয়া তুলিয়াছে, তাই দ্র হইতে মহয়স্থিরে মত প্রতিভাত হইতেছে!

কিন্তু সে মূর্ত্তি আমার চক্ষ্য সন্মুখে গড়াইতে গড়াইতে কোণায় চলিয়া গেল ? আমরা অনেকদ্র পর্যন্ত তর তর করিয়া অবেষণ করিলাম, কিন্তু সে মূর্ত্তি কোণায়ও দৃষ্ট হইল না। তথন ভরে বিশ্বরে অভিভূত হইয়া কম্পমান হাদয়ে গৃহাভিমুখে প্রত্যাপমন করিলাম। সমস্ত বাত্তিই মনে ঐ বিষয় লইয়া আন্দোলন হইল। সুম হইল না।"

শিবুদাদার মুখে বাহা শুনিয়াছিলাম, তাহাই সহ্বদয় পাঠকদিসের নিকট উল্লেখ করিলাম। এখন তাঁহারা আলোচনা করুন, সে মৃত্তি ভৌতিক কি না।

ভাটপাড়া ৩১:৭:১৩।

শ্রীভবভূতি বিন্তারত্ব।

# জাতিশ্বর।

( পূর্ব্ব প্রকাশিতের পর।

গোরালিয়র রাজষ্টেটের দেওয়ান শ্রীযুক্ত শ্রাম ফুল্লর লাল সি, আই, ই, মহাশম পুনর্জনা সম্বন্ধে প্রত্যক্ষ প্রমাণ অফুসন্ধানে প্রবৃত্ত হইয়া নিম্নলিখিত ঘটনা করেকটি প্রকাশ করেন। তিনি ঘটনা স্থলে অবেষণ করিয়া সত্যতা নির্দ্ধারণ করিয়া তবে পাঠকগণের গোচরে আনিয়াছেন।

আগ্রাও গোয়ালিয়রের মধ্য স্থিত ধোলপুর গ্রামে একটি ভদ্র লোকের কন্তার পূর্ণ জন্মের কথা স্মরণ হয় সংবাদ পাইয়া তিনি অমুসন্ধানে এইরূপ ঞানিতে পারেন ;—

কঞাটি মুক্তপ্রসাদের ত্রাতৃপ্রী। মুক্তপ্রসাদ ধোলপুরে আইপ্রাশ ধাস আফিসে কর্ম করেন। কন্তাটির বয়স তথন দশ বৎসর দশ মাস, ১৯৫৬ সম্বতে তাহার জন্ম হয়। ছয় বৎসর বয়ঃক্রম কাল হইতে সে পূর্ব্ব জন্মের কথা বলিতে আরম্ভ করে। ধোলপুরের নিকট ভামতীপুর গ্রামে তাহার পূর্ব জন্মের বাস স্থান ছিল, ঢোলপুর তহশীল-কাছারির অতি নিকটেই এই গ্রাম। কন্তাটিকে সেই গ্রামে লইয়া যাওয়া হইল। তাহার পূর্ব জন্মের বাটীর নিকটবর্তী হইয়াই সে সকল লোককে চিনিতে পারিল। প্রভাকের বাটী ও ঘাট পথ চিনিতে পারিল ও নাম ধরিয়া অনেককে ডাকিতে লাগিল। পূর্বজন্মে তাহার হই পুত্র ও এক কক্সা ছিল, তাহাদের চিনিতে পারিয়া নাম ধরিয়া ডাকিতে লাগিল। সে বলিল, ঘরের দেওয়ালের এক স্থানে কতক টাকা আমি পুঁতিয়া রাধিয়াছিলাম। ছেলেরা ঐ টাকা ইতি পূর্ব্বে বাহির করিয়া লইরাছে বলিয়া তাহারা একথা স্বীকার করিল না। পূর্বজন্মের আরও অক্স অক্স ঘটনা যাহা তাহার স্বরণ হইয়াছিল, তাহার সকল প্রমাণ লওয়া হইয়াছিল। একণে ক্রমশং তাহার পূর্বজন্মের স্মৃতিলোপ হইয়া আসিতেছে, এখনও সামাক্স সামাক্ত স্বরণ অংছে। পূর্ব্ব জন্মে মৃত্যুর পর হইতে এ জন্মে জন্মের তারিথ পর্যান্ত পায় ৫ বংলর অতীত হইয়াছিল। এই পাঁচ বংসর কাল সে কাম-লোকে ও স্বর্গ লোকে ছিল।

টোলপুরের অন্তর্বব্রী চৌধুরিপুর গ্রামের হরনারায়ণ নামক এক ব্রাহ্মণ মরিয়া ঐ টোলপুরের অন্তর্গত দামিপুর নামক স্থানে ছুতার হইয়া ১৯৪০ সম্বতে জন্ম লয়। ছইটি গ্রাম পরস্পার নিকটবর্তী হইতেছে। লোকটির বয়স এখন প্রায় ২৬ বংসর হইবে। ইহার ৫।৬ বংসর বয়সের সময় সে পূর্ব্ব জন্মের বাট তে ঘাইয়া সকলকে চিনিতে পারিয়া-ছিল। ইহার কথা মত ঘোড়া বাঁধিবার খোঁটার নীচে কয়েকটি টাকা ও একটি কোদাল গর্প্তের ভিতর হইতে ভুলিয়া বাহির করা হয়, এই কোদাল ও টাকা সে নিজে পুঁতিয়া রাখিয়া ছিল। বাল্যকালে তাহার পূর্ব্বজন্মের ঘটনা বেশ স্মরণ হইত। সে তাহার মাতার হস্তের বাতীত বাটীর অন্ত কাহারও হাতের জিনিম থাইত না। বলিত, আমি ব্রাহ্মণ, শুজের স্পর্শ করা জিনিম থাইব না। পূর্বজন্মে তাহার সম্বত ১৯৩৮ সনে মৃত্যু হয়। মৃত্যুর পর হইতে পুনর্জন্ম মধ্যে ছই বংসর মাত্র সময় ব্যবধান ছিল।

গোয়ালিয়র ষ্টেটের অন্তর্গত তোরঘর দেলায় বীরপুর গ্রামে একটি ব্রাহ্মণ বন্দ্কের গুলিতে বিবাদক্ষেত্রে মারা পড়ে। এই লোকটি ঐ গ্রামেই ঠাকুর গোলাব সিং নামে নৃতন জন্ম প্রাপ্ত হয়। বাল্যকালে গাহার পূর্বজন্মের কথা ও তাহার অপঘাত মৃত্যুর কথা বলিতে পারিয়াছিল। প্রতিশোধ ইছায় সে জেলার ফৌজলারি আদালতে তাহার হত্যাকারীদের নামে মকলমা আনিয়াছিল। ঐ মকলমায় ঘণারীতি তদস্তও হইয়াছিল। কিন্তু ফরিয়াদির পূর্বজন্মে এই হত্যা ঘটিয়াছিল, আদালতে এ সম্বন্ধে বর্ত্তমান জীবনের উক্তি বাতীত পূর্বে জন্মশংক্রান্ত প্রমাণের অভাব হয় এবং আদালতও প্রক্রম স্বীকার করিতে প্রস্তুত নহেন, কাজেই মকলমায় কোন ফল হইল না। শুনা যায়, ঐ পরগণার আদালতে এই মকলমায় নথি এখনও আছে।

ঢোলপুরের ডেপুট ইন্দ্পেক্টর অফ্ পুলিস বলিলেন, তাহার জ্যেষ্ঠ সহোদরের স্ত্রীর মৃত্যুর পর উহার এক পুত্রের একটি কল্পা হয়, কল্পাটি দেখিতে মৃত্য স্ত্রীর মত। বাল্যাবস্থায় সে পূর্বজন্মের অনেক কথা বলিত ও সকলকে চিনিতে পারিত। তাহার এ জন্মের পিতামহকে দেখিলেই সে অতিশয় লজ্জা করিত ও বলিত উনি আমার পূর্বজন্মের স্থামী। পূর্বজন্ম সে বাহা যাহা থাইতে ভালবাসিত এ জন্মেও সেই সকল থাইতে তাহার ঝোঁক হইরাছিল। দোকা থাইতে পূর্বজন্ম বড়ই ভালবাসিত, এ জন্মে সে বড়ই দোকার ভক্ত হইরাছে। বালিকাটির বয়স এক্ষণে সতের বৎসর এবং সে আগ্রায় থাকিত। ইহারও ছই জীবনের মধ্যবর্ত্তী কাল অভি অল্প ছিল।

দেওয়ান বাহাছরের কোন বন্ধু তাঁহাকে বলিলেন যে একটি বেণিয়া করেক বংসর পূর্ব্বে মরিয়া মংন্দী-হিংকী হইতে আগ্রায় কোন জেলায় জন্মগ্রহণ করে। বালাকালে পূর্বজন্মের জনেক কথাই সে বলিত। জাগ্রা হইতে লোক তাহাকে দেখিতে আসিয়া অনেক ঘটনার সহিত বালকের কথার মিল থাকা স্বীকার করিত। পূর্ব্বদ্দের অনেককে দে চিনিতে পারিত।

দেওরান বাহাত্র আরও বলেন যে ই, আই, রেলওরের ঝেনক'কি জেশনের নিকট একটি গাছে একটি ব্রহ্মরাক্ষণ বাদ করেন। ইনি শাস্ত্রে বড়ই পণ্ডিত ও নানাপ্রকার ভাষার কথা বার্ত্তা কহিতে পারেন। অনেকে তাঁহাকে দেখিরাছে; তিনি তাঁহার পূর্বজন্মের কথা বলিয়া থাকেন। এই ঘটনা সম্বন্ধে তিনি তদস্ত করিতেছেন, এখনও তিনি সত্যাসত্য নির্ণয় করিতে পারেন নাই। বিশেষ বিবরণ সময়াস্তরে প্রকাশ করিতে তাঁহার ইছা আছে।

পরস্ত যোষিতং হৃত্বা ব্রহ্মখমপহৃতা বৈ। অরণ্যে নির্জনে দেশে ভবতি ব্রহ্মরাক্ষসঃ॥

শাস্ত্রে কথিত আছে পরের স্ত্রী হরণ করিলে ত্রাহ্মণের ত্রহ্মত অপ-হরণের ফলে নির্জন অরণ্যপ্রদেশে ত্রহ্মরাক্ষস হইয়া থাকিতে হয়।

আমার কোন উকিল বন্ধু বলেন, তাঁহাদের বাটার নিকটে কোন নব বধু বিবাহের পর খণ্ডর বাটাতে আদিরাই খণ্ডরের বাটাতি তাহার বহুকালের পরিচিত বোধ করিতে লাগিলেন। বাটার উঠানে একস্থানে একটি ধাস্তের গোলা ছিল, তাহা এখন নাই বলিল। বাটার রুদ্ধেরা বলিল যে যথার্থই এক সমরে সেই স্থানে একটি গোলা ছিল। এ জন্মে বালিকাটির এ বাটাতে আদিবার কোন কারণ থাকে নাই ও কখনও আসে নাই। কাজেই পূর্বজন্মে তাহার এই বাটা দেখা ছিল বলিয়া অমুমান করিতে হয়। পূর্বজন্মের কেবলমাত্র এই বাটা দেখাই তাহার মনে হইতেছে, কোথার কাহার বাটাতে তাহার পূর্বজন্মের ছিল তাহা তাহার কিছুই মনে পড়ে না। বোধ হয় আরও শৈশবে তাঁহাকে এই বাটাতে কোনরূপে আনিতে পারিলে তাহার পূর্বজন্মের আরও অনেক কথা মনে, হইতে পারিত। কারণ এইরূপে বাহাদের পূর্বজন্মের ঘটনা শ্বরণ হয়. তাহা

তাহাদের বাল্যাবস্থাতেই হইরা থাকে, বয়োবৃদ্ধির সহিত মারাপ্রভাবে তাহারা এই সকল ভূলিয়া ঘাইতে থাকে। এরপ বিস্মৃতি না ঘটিলে সংসারে অনেক বিশৃত্বলা ঘটিতে পারিত।

আর একটি উকিল বাবুর পুত্র আছেন, ইহাঁর বয়স একণে ১২ বর্ষ **इरेबाएड । रेनि वानाकारनंद कथा ममूनम ज्**निषा याहरजहान । रेनि বর্ত্তমান জন্মের পূর্ব্বে ইহাঁর পিডামহের সহোদর ছিলেন। একদিন ইহাঁর পিতামহের নিকট শয়ন করিয়া আছেন, নানা কথার মধ্যে অকস্মাৎ বলিলেন, দেও দাদা ! তুমি আমার নদাদা ছিলে, এথন দাদা মশার হইয়াছ। টনি পূর্বজনে একটি যটি ব্যবহার করিতেন, মৃত্যুর পর সেই ষষ্টিটি বাটীতে দে হরালে ঝুলান ছিল। শিশুটি এক সময়ে বলিলেন, আমার সে লাঠিটা কোথায় গেল, বলিয়া এঘর ওঘর খুঁজিয়া দেওয়ালের সেই লাঠিটি ভাহার লাঠি বলিয়া চিনিতে পারিয়া উহা পাড়িয়া দিতে বলিলেন। পরে ঐ লাঠিটি বরাবর সে লইয়া থাকিতেন। তিনি পূর্বজন্মে তাঁহার স্ত্রীকে পিত্রালয়ে যাইতে দিতেন না। এ জন্মেও বালক তাহাকে, অর্থাৎ বর্ত্তমান ক্রের পিভামহের ভ্রাভ্বধূকে পিত্রালয়ে যাইভে দেখিয়া বলিতেন ভোমাকে কথনও বাপের বাটী যাইতে দিতাম না, তুমি ঘাইতে পারিবে না। ইনি পূর্ব্ব জন্মে কিছু টাকা রাখিয়া পরলোকে গমন করেন। ইহাঁর সেই মৃত দেহ যথন সকলে শাশানে লইয়া গিয়াছে এবং বাটীতে তাহার স্ত্রী ধূলায় পড়িয়া কাঁদিতেছেন, এমত সময় স্ত্রীর নিকট ইনি উপস্থিত হইয়া বলেন, কেবল কাঁদিলে কি হইবে, আয়রন-চেষ্টের মধ্যে যা টাকা আছে তাহা যাইয়া সরাইয়া রাখ, শাশান হটতে ইহাঁরা ফিরিয়া আসিলে আর টাকা ভোমার পাইবার সম্ভাবনা থাকিবে না। এই কথা শুনিরা ভিনি উঠিরা দেই টাকা সরাইরা রাথেন। বালকটি মধ্যে মধ্যে বলিত আমি যে কতকগুলি টাকা রাগিয়া গেলাম তাহা কোণায় গেল। প্রেত অবস্থায় স্ত্রীকে যে টাকা সরাইবার পরামর্শ দিয়াছিলেন, ভাষা তাহার স্বরণ হয় না। পূর্বজন্মের কথা এখন তাঁহার আবর স্বরণ হয় না।

এবারের ঘটনাটি আমাদের বাটার সম্বন্ধীয় হইতেছে। আমাদের জ্ঞাতি, যাঁছারা বহুকাল হইতে পূথক আছেন, যাঁহাদের বাটীকে আমরা সেজদের বাটা বলি, সেই বাটীর গিন্নীকে আমরা সেজ জোঠাই বলিভাম। ইনি অতি প্রাচীনা হইয়াছিলেন। বর্ত্তমানে স্বামী, পুত্র, পৌত্র, প্রাণীত প্রভৃতির শোক পাইয়া অনেক দিন জীবিতা ছিলেন। শেষে প্রকোমা পীড়াগ্রস্ত ১ইয়া অংক হইয়া বংসর ৪।৫ জীবিত ছিলেন। বহুকাল হইতে ইহাঁকে ধবিষ্যান্নভোজন করিতে দেখিয়া আসিতেছি। জোষ্ঠ পৌত্র ও পৌত্রবধৃকে বিশেষ ভালবাসিতেন। অপর পৌত্র ও তাহাদের বধুদের বড় একটা স্নেহ করিতেন না। নিজের পুত্রবধূর প্রভিও তাদৃশ আবাগা ছিল না। অন্ধ হইয়া পড়ায় তাহাকে পুত্রবধূও পৌত্রবধূদের উপর অনেকটা নির্ভর করিতে হইল। আজকালকার বধুদের যেরূপ হইয়া থাকে, ইহাঁরা কিছু দিন দেবা করিয়া শেষে অযত্ন করিতে লাগিলেন। চবিষ্যাল্ল করিষ্নাদেওয়াবন্ধ হইল। নিরামিষ ভোজন ইইতে লাগিল। পৌত্রবধ্দের সহিত প্রায় প্রত্যহই কলহ চলিতে লাগিল। শৌচার্থ সাহায্য ও আহার দেওয়া সম্বন্ধে পরস্পার নানারূপ বিবাদ হইতে থাকে। ক্রমে বুদ্ধার মৃত্যুকাল আসম হইল ও গঙ্গাতীরে তাঁহার জীবনলীলা শেষ হইল। আনজ প্রায় দ্বাদশ বর্ষের কথা।

ইহার বৎসর ছই পরে সেজ জোঠাইয়ের জোষ্ঠ পৌত্রের একটি কন্থা হইল। কন্থাটির অঙ্গবিশেষ উক্ত মৃতা বৃদ্ধার অনুস্থপ হইরাছিল। একারণ জ্ঞাতিবর্গ সকলেই অনুমান করিত বৃদ্ধা কন্থার পিতাকে যেরূপ ভালবাসিতেন, ভাহাতে তিনিই আসিয়াছেন, ভাহার কোন সন্দেহ নাই। কন্থাটি ক্রেমে ৪ ৫ বৎসরের হইলে, দেখা গেল সে সদর বাটীর পরে যে গোরালবাটী আছে ভাহার সমুধের রাস্তার চক্ষু বৃদ্ধিয়া হাত ভূলিয়া ঠিক অন্ধ সেজ জ্যেঠাই যেরপে আসিতেন সেইরপেই আসিতেছে। জিজ্ঞাসায় হাসিয়া বলিত, আমি যে কাণা। আমি কি দেখিতে পাই ? মধ্যমা পৌত্র-বধুকে বলিত ভোমার হাতের ভাত আমি থাইব না, তুমি আমাকে অম্বলের মাছ তুলিয়া রাখিয়া তাহা নিরামিষ অম্বল বলিয়া থাওইয়াছ। তোমার বরাতে অনেক কন্ত আছে, তুমি যেরপে কটু কথা আমাকে বলিয়াছ তাহাতে তোমার জিহ্বা থাসিয়া তুমে মরিবে। বস্ততঃ বধৃটি গলক্ত হইয়া মারা পড়ে। উক্ত রূপ অম্বল দেওয়ার কথা বৃদ্ধার জীবদ্দশায় আম্রাও শুনিয়াছিলাম।

আমার ভ্রাতৃষ্পুত্রবধ্ একদিন বৈকালে বাটীর রোয়াকে বিদিয়া আছেন এমন দময়ে কঞাট সম্মুথ দিয়া বাইতেছে দেখিয়া তিনি তামাসা করিয়া বলিলেন, "কেলো দেজগিয়ি কোথয় গিয়াছিলি?" তাথতে বালিকাটী বলিল, "তুই আবার আমার সহিত কি তামাসা করিস ? তোর বিবাহ ত আামই দেওয়াইলাম। তোর বাপের বাটী ত সেই কাছন্দে, তোদের বাটীর সম্মুথে সেই এক কলুদের দোকান আছে ও সেই গলির রাস্তার উপর তোর বাপের হতালা বাটী। বিবাহের পুর্বের আমি গঙ্গামান উপলক্ষে তোকে দেখিতে যাই, মনে পড়ে?" বালিকা কথনও গঙ্গামান করিতে যায় না, বধুমাতার পিত্রালয়ে কাছ্মন্দে সে কথনও বায় না। সে এ থবর কোথায় পাইল। সেজগিয়ী ষথার্থ গিয়াছিল ও দেখিয়াছিল বটে তবে সেকথা বালিকা কি করিয়া জানিল? এরপ কথা বাজিতে তাথকৈ সেজগিয়ী বলিয়া আমর সকলে বিশাস করিয় থাকি। বালিকাটীর বয়স একণে ১০০১ বংসর ইইবে, তাথায় এখন আর বেশী কথা মনে পড়ে না।

অলোকিক রংভে পূর্বজন্ম স্থরণ বৃত্তাস্ত অতি অল সংখ্যকই প্রকাশ হইরাছে। অথচ বঙ্গের প্রতি গ্রামে, না হউক প্রতি জেলাতেই এরপ পুত্র কন্তা আছে. যাহাদের পূর্বজন্ম স্থান হয়, অনুসন্ধানে মিলিতে

পারে। বিশেষ হিন্দুদের মধ্যে আজ কাল ভগবান মতুর ইচ্ছা জ্মুসারে লোকে মৃত হইবার অতি অল কাল পরেই পুনরায় জন্ম লইতেছে কাব্দেই ইথাদের অনেকরই পূর্বজন্ম শারণ হইতেছে। এবিষয়ে পাঠক-্গণ আপন আপন গ্রামে ও পার্শ্ববর্তী গ্রামে অমুসন্ধান করিয়া স্ত্যু ঘটনা এই পত্রিকায় প্রক:শ করেন ইহাই আমাদের ইচ্চা। আমরা উপরে ষে জিনটী ঘটনা প্রকাশ করিলাম, তাহা সমস্তই সত্য বলিয়া জানিবেন: ইহাতে বিন্দুৰাত্ৰও অভ্যুক্তি নাই।

ঞ্জীকার্ত্তিকচনদ বন্দেনপাধ্যায় !

### স্বপ্ন-তত্ত্ব ।

#### [ পূর্ব্ব প্রকাশিতের পর। ]

বে বে উপাধিসাহায্যে মানব বিষয় উপভোগ করে,—ভাহার স্থূল বা স্ক্র-দেহ,---আমরা তৎসমস্ত বিশদ ভাবে আলোচনা করিয়াছি। তাহার পর আমাদিপের চৈত্ত্ত .-- বিনি শরীরী বা এই সমস্ত শরীরের যিনি অধিপতি,—তিনি নানা অবসায়, সুল ফ্লুডেদে ভিন্ন ভিন্ন শরীরকে কিরপে কার্য্যে নিয়োজিত করেন, তাহাও বিচার করিয়া আসিয়াছি। ভৎপরে নিজাকালে দেহ ও মানব-চৈত্ত কিরূপ অবস্থায় থাকে, তাহা-দিগের কোনও কার্যা থাকে কি না. কার্যা থাকিলে তাহা কিরূপ, এই সমস্ত বিষয়ে আমাদিগের বক্তবা লিপিবদ্ধ করিয়াছি। আমর। তৎসঙ্কে স্বপ্নের প্রকৃত হেতু কি, তাহার ও অমুদর্ধান করিয়াছি। স্বপ্নের কারণ नित्राकत्र कतिए इहेरन निम्ननिष्ठ रहकमणि विवरमत स्रत्य थाका हाहे. ভাষা আমরা বিচার করিরাছি।

- ১। যিনি উন্নত, নিদ্রাকালে হতচেতন স্থূল দেহ হইতে নিজ্রমণ করিয়া তিনি স্ক্র-দেহ অবলমনে স্ক্র-লোকে সজাগ থাকিয়া বিহার করেন; তথন তাঁহার অনেক অসাধারণ শক্তি অধিকারে আসে। আবার যে এখনও সম্পূর্ণ অনভিব্যক্ত, তাহার স্থূলদেহ নিদ্রাকালে যেমন প্রায় আচেতন হইরা পড়িয়া থাকে, তাহার স্ক্র-দেহও তক্রপ সংজ্ঞাহীন অবস্থায় থাকে; তাহার স্ক্রাদেহ অনভিব্যক্ত এবং কেহ যে, তাহার অধিষ্ঠাতা আছে, তাহা বোধ হয় না; তৈতিতার চিক্ত মাত্রও যেন স্ক্র-দেহে পরিলক্ষিত হয় না। কেহ আবার স্থূল মন্তিকে নিদ্রাকালের অম্বর্ভ সঞ্চালিত করিয়া দেয়; কেহ তাহা করিবার রহন্ত এখনও পরিজ্ঞাত নছে। \*
- ২ i মানবের স্ক্র-দেহ, তাহার বাসনা ও চিস্তার ক্রিয়াক্ষেত্র। তাহা তাহার নিজের বাসনা ও চিস্তার বা অপরের বাসনা ও চিস্তার উত্তেজিত ও বিক্ষোভিত হয়। +
- ৩। অপর পরিকল্পিত বা নিজেরই অতীত কালের চিস্তাতরঙ্গ মানবের পিগুদেহস্থিত মন্তিক্ষে আঘাত করে এবং কিরৎক্ষণের নিমিন্ত সেই মন্তিক্ষ অধিকার করিয়া থাকিয়া, তাহা চলিয়া যায়। অপর আর এক তরঙ্গ আদিয়া তাহা অধিকার করে। এই সমস্ত অসংলগ্ন সম্বন্ধহীন চিস্তাবাজির বিরাম নাই, অবসাদ নাই। ‡
- 8। নিদ্রাকালে মানব চৈতন্ত স্থূল দেহ ত্যাগ করিয়া ষাইলেও, এই পরিত্যক্ত দেহে একপ্রকার অতিক্ষীণ চৈতন্তাভাদ থাকে। এই অতি মুহভাবে প্রবাদমান চৈতন্ত-ছায়ার একটি অন্তুত বিশেষত্ব আছে;— ইহাতে কোনও বাহু উত্তেজনা উপস্থিত হইলেই, ইহা তাহাকে অতি-

<sup>\*</sup> अत्मीकिक प्रदेश हर्यकार, २१८—२४)

<sup>+</sup> অনৌকিক রহস্ত ৩র ভাগ, ৩২৪--৩০ ; ৪র্থ ভাগ ৯৭--১ • ৫

<sup>1</sup> वालोकिक ब्रह्छ धर्ष छात्र, २२२---२२७

রঞ্জিত করিয়া মুহুর্ত্তের মধ্যে বিবিধ ঘটনাপূর্ণ অভিনব এক উপস্থাদ १६ना करत । श्रक्क घरेनारि, याश छाशास्त्र উरदेखना जानिया पियाहिन, ভাগ কোথার ডুবিয়া যায়; এখন স্থল-মন্তিক্ষন্থিত অভিক্ষীণ দেই চৈত্য কল্লিত অতিরঞ্জনটি একটি সত্যমূলক ঘটনা বলিয়া বোধ হয়। \*

ভাহার পর আমরা যেমন গভীর হইতে গভীরতর নিদ্রায় অভিভৃত ছই, আমাদিগের দম্বিৎ আমাদিগের আমি-প্রতায় একটির পর একটি দেহ ত্যাগ করিয়া অবশেষে স্বযুগ্তি বা তৃরীয় অবস্থায় আত্ম-চৈততে মিলিয়া যায়। সেই সময় পরিত্যক্ত দেহগুলি আপন আপন হৈতত্তে সঞ্জীবিত থাকিয়া স্বাধীনভাবে কার্য্য করিতে থাকে: কারণ যিনি দেহগুলিকে আয়ত্তে রাথিয়া অভীষ্ট কার্য্যে নিয়োজিত করেন, সেই মানব-স্থিৎ এথন দেহজালির সহিত প্রায় কোনও সম্বন্ধ রাথেন না! † কিন্তু, যে চৈত্ত তাহাদিগের মধ্যে অবশিষ্ঠ থাকে. তাহা অতি ক্ষীণ, তাহা একপ্রকার জড়- ৈচতক্ত; তাহাতে কোনও সাধীন বৃত্তি থাকে না; তাহা ষজ্ঞের মত অভ্যন্ত চিম্বা, ভাব বা ঘটনাবলীর কাল্লনিক পুনরভিনয় করে।

ভাগার পর স্থার একটি কথা এথানে স্মরণে রাখিতে হইবে। যথন মানব-চৈত্ত্র নিদ্রাকালে সুল-সুক্ষাদি শরীর হইতে উল্গত হয়, যথন দেহাবশিষ্ট ক্ষীৰ চৈতন্ম তত্তং দেহকে স্বৰণে রাখিতে পারে না, তথন সেই শরীর গুলি বাহা কারণে সহজে অভিপন্ন হয়। ‡

এই সমস্ত জটিলতা, এই বিশেষ বিশেষ সংঘাত আছে বলিগাই প্রকৃত অবলীক অবভাষ বিশ্লেষ করা এত ছকহ। সমুপ্রির বিজ্ঞান বা স্বপ্ন-বিজ্ঞান ভাই যত সহজ বলিয়া মনে হয়, ঠিক ইহা তত সহজ নয়। তাই স্থ্ৰমাত্ৰই অংশীক বলিয়া বৰ্ণিত হয়। মানব বেই প্ৰবুদ্ধ হয়, দেই স্থুল-দেহে

<sup>\*</sup> खरलोकिक वहस्त्र-- हर्थ वर्ष ७०--- ७८. ३৮--- ३०० पुरु।

<sup>†</sup> অক্টোকিক রহস্ত ৪র্থ বর্য ৩১ পৃষ্ঠা।

<sup>🖠</sup> बलोकिक ब्रह्म धर्य छात्र. ১٠১--১٠६

মানব-সন্থিৎ ফিরিয়া আসে, অমনি সে তাহাই বিভিন্ন দেহের স্বাধীন চৈতত্তার বিভিন্ন ক্রিয়াগুলিকে ব্যঞ্চনা করে। তথন সকলগুলিই এক সময়ে তাঁহার নিজের অনুভব বলিয়া মনে হয়। এই অনুভবকে যগুপি বুপু নামে অভিহিত করা হয়, তাহা হইলে স্বপ্লকে অলীক না বলিয়া আর কি বলা যাইতে পারে ?

আমরা আগামী সংখ্যার স্বপ্ন সম্বন্ধীর আলোচনা সন্ধিবেশিত করিব। অন্তর্দর্শন বা স্বয়ং আত্মার সাক্ষাৎকার, প্রাক্দর্শন ও ভবিষ্যং জ্ঞান, রূপক স্বপ্ন ইত্যাদি বিষয় একএকটি করিয়া সম্যকরূপে আলোচনা ক বিব। (ক্ৰম\*:)

শ্রীকেশোরী মোহন চটোপাধ্যায়।

# অতীতের এক পৃষ্ঠা।

দে আমার অভীত জীবনের একটি মহা শারণীয় ঘটনা।—ভীতিপ্রদ. আশ্চর্যা।

ভ্ৰম বাঁকীপুৱে একথানি ছোটখাটো বাগান বাডীতে একলা বাস করি। আমার উদ্দেশ্য ও লক্ষাহীন জীবনটা, ভগ্নসাস্থা ও শারীরিক অসচ্চনতাহেত. বাংলার বাহিরে এই ফুদুর প্রবাদে অভিবাহিত করিতেছিলাম। যে বাড়ীতে আমি পাকিতাম, সেথানির ভিতর বাহির একটু প্রাকৃতিক সৌন্দর্য্য—বিভূষিত ছিল। স্থ্যুথে একটি ছোটো বাগান, ভেতরে একটা বাগান-মাঝখানে আমার বাড়ী। বাড়ীর ফটকে একথানি প্রস্তর্ফলকে আমার নাম লেখা ছিল। আমি সেথানে পরিচিত বন্ধুবান্ধবদিগের অবৈতনিক কোটোগ্রাক্ষার ছিলাম। তাতে সকাল সন্ধ্যায় আমার কুটিরে ছ'চার জন ভদ্রলোকের আগমন হইত। তাঁহাদের সঙ্গে হাস্তকৌতুকে প্রবাসে একক জীবন স্থাধ কাটিত।

একদিন সন্ধ্যাকালে আপনার ঘরটিতে চুপ করিয়া বসিয়া আছি। হাতে বিশেষ কোনো কায় কর্ম্ম না থাকার মনটা বেশ ভালো ছিল না। বন্ধুগণের আগমন প্রতীক্ষা করিতেছিলাম; এমন সময় চাকরটা ঘরে আসিয়া বলিল—একটি স্ত্রীলোক আমার সাক্ষাতাভিলাষী। মনটা কেমন ছাঁাৎ করিয়া উঠিল। ক্সিজ্ঞাসিলাম—কোন্দেশীয় ? শুনিলাম— এইদেশবাসিনী। চাকরকে বলিলাম—ভাহাকে এই থানে লইয়া আস্ক্রক।

করেকমুহুর্ত্ত পরেই মনিয়ার সঙ্গে একটি আপাদমস্তক বিলাতী শালারত রমণী কক্ষমধ্যে প্রবেশ করিয়া পরিস্কার বিলাতী ধরণে অভিবাদন করিল। প্রত্যভিবাদন করিয়া আমি তাঁহাকে বসিতে ইঙ্গিত করিলাম। রমণী বসিল। অতি ধীরস্বরে বলিল—আপনি কি amateur ফোটোগ্রাহ্দার १'' "হাঁত

"তবে কি আমি আপনাকে একবার আমাদের কুটিরে আশা কর্ত্তে পারি না। আমার জননীর একথানা ফোটো কইতে ছইবে।"

আমি কাহারো বাড়ী যাইরা ফোটো লইতাম না। বোধ হর, amateur Photographer এর উপর এতথানা আব্দার কেহ করে নাই। আমি আভাসে তাহা জানাইলাম। রমণী অতি বিশ্ব, কোমল মধুরকর্থে বলিল "তা জানি। কিন্তু আমার জননী মৃত্যুশবাার। দরিদ্রা আমরা। পেগাদার ফোটোগ্রাফার লইরা যাইবার ক্ষমতা নাই। তাই আপনার কাছে আসিয়ছি। অলপনি কি এ অমুগ্রহ কর্মেন না ?"

রমণীর মুথাবরণ তথন অপস্ত হইরাছে। আমার ঘরে "অস্লারের" উজ্জ্বল আলো অলিতেছিল। আমি রমণীর মুথের দিকে চাহিলাম। তাহার বৃহৎ আঁথিহিটী মঞ্সিক্ত ! লাবন্যপূর্ণ মুথের উপর একটা করুন ভাব ফুটিয়া উঠিয়াছে। আমি বলিলাম "আচ্ছা, আমি যাচিছ। আপনার নাম ?''

"মড়ি—"

"ৰাড়ী গ"

"---পার্কের বাঁ ধারে যে রাস্তা, তারই শেষ বাড়ীখানা। আপনি কথন যাবেন ?"

"এখনি। আপনি আগে চলুন। আমি যন্ত্রপাতি ল'য়ে যাছিছ।" রমণী চলিরা গেল। আমিও কিছুক্ষণ পরে যন্ত্রাদিলরে—তাদের বাড়ীতে উপস্থিত হইলাম। গৃহে প্রবিষ্ট হইরা দেখিলাম—একটি মলিন শ্যার উপর এক বুদ্ধা রমণী শায়িতা। দেখিয়াই বুঝিলাম-তাহার মহাপ্রস্থানের বেণী বিলম্ব নাই। তাহার পার্ষে সেই রমণী বসিয়াছিল।

এ সময় যদিও ঠিক নয়.—তবু আমি একবার তাহাকে লক্ষ্য না করিয়া পরিলাম না। সে দৌনদর্গ্য-প্রতিমার দিকে চাহিয়া আমি স্থান, কাল মুহুর্ত্তের জন্ম ভূলিয়া গিয়াছিলাম। একদৃষ্টে তাহাকে দেখিলাম। রমণী আমার দিকেও একবার চাহিয়াছিল। তৎক্ষণাৎ সপ্রতিভ হইয়া-আমি ভাহার জননীর আলোকচিত গ্রহণ করিলাম।

ক্ষেক্দিন পরে সেই রম্ণী (রম্ণী কেন বলি-বালিকা; তাহার বয়:ক্রম ষোড় শবর্ষের অধিক হইবে না।) আমার কক্ষে আদিয়া বদিল। তাহার পোষাক ও মুধভাবেই জননীর সংবাদ দিতেছিল। সে বলিল-"মায়ের ছবিখানা হোয়েছে কি ?"

আমি আমার সংগ্রহ-পুস্তক হইতে একথানা ছবি লইয়া তাহার হাতে দিলাম। সে ছবিধানা লইয়াই বুকের উপর রাধিল। পরে ধীরে ধীরে নামাইয়া বেশ করিয়া দেখিতে লাগিল। তাহার আঁথিপল্লব—স্থির। তাহার অধরোষ্ঠ ঈষৎ কম্পনান। আমি অদুরে বদিয়া তাহাই নিরীক্ষ করিতেছিলাম। হঠাৎ সে বলিয়া উঠিল—"রং এত কালো হোয়েছে— কেন ?" বুঝাইয়া দিলাম, রাত্রে গৃহীত চিত্র ইহা অপেক্ষা ফর্শা হ'তে পারে না। তবু আমি যথাসাধ্য করেছি।

সে বজ্জিতা হইয়া কিছুক্ষণ নীরবে বসিয়া রহিল। অনেকক্ষণ পরে বলিল—"নার আনার অন্তিম সময়ের চেহারা কি স্থলরই ছিল।"— সে এক দীর্ঘনিখাস ত্যাগ করিল। আমি তাহাকে ভূলাইবার অক্ত বলিলাম—"সন্তানেও সে সৌল্ট্যের পূর্ণবিকাশ।"

সে বলিল—''কণামাত্র।—তাঁহার অনুপম সৌলগ্যের বিদ্যাত্ত।
ক্রমক ক্রমী সুলর হইলে সন্তামও সুন্তর হইয়া থাকে।''—পক্রে
আমার দিকে চাহিয়া বলিল—''নিশ্চয়ই আপনার বাপ্ মা খুব স্থলক
ভিলেন গ'

হাসিয়া বলিলাম—"কেন ?"

\* সে বলিল—"আপনি স্থন্তর, স্থপুরুষ।"

"ধক্সবাদ! এ কথা এই প্রথম শুনিলাম। আমার চেহারার প্রেশংসা বড় কেহ করে নাই; নিজেও কোনো লক্ষণ দেখি নাই।"

"ও কথা সত্য নছে।"— বলিয়া সে যেন অত্থ নয়নে আমার দিকে চাহিয়া বহিল।

ভারপর—ত্'চার বার ধন্তবাদ দিয়া ছবিখানা লইয়া চলিয়া গেল।

ভারপর—এমন খনিষ্ঠতা হইড়াছিল—সে যদি একদিন না আসিত,
আমার প্রাণ যেন ওষ্ঠাগত হইত। সেও রোজ—শত বাধাবিদ্ধ অভিক্রেম
করিয়া প্রভাহ আমার নিকট আসিত। বার বার ধন্তবাদ জ্ঞাপন করিত।
আপনার লোকের মত অসকোচে আমার সহিত আলাপ করিত।

আমি ভাবিতাম—এ কি ওধু ক্তজ্ঞতা ? উপকারের বিনিমর ? কিছুই ঠিক করিতে পারিতাম না। এই সময় একদিন বাড়ী হইতে একটা জক্ত্রী টেলিগ্রাম পাইলাম, জামার জননী অস্থলা । জামাকে ওৎক্ষণাৎ বাটী রওনা হইতে হইবে। তাড়াতাড়ি জিনিষপত্র শুছাইয়া বাড়ী ছাড়িয়া দিয়া চলিলাম। যথন—পার্কের পাশ দিয়া যাই একবার মনে হইয়াছিল—বিহারী বালিকার সহিত সাক্ষাৎ করিয়া গেলে ভালো হইত। কিন্তু হাত ঘড়িতে দেখিলাম Express এর সময় নিকট। তীরবেগে গাড়ী ছুটাইয়া দিলাম।

জননীর অস্ত্তার সংবাদ—মিথা। প্রবাসী পুত্রকে গৃহে আনিরা বিবাহ দিবার করনা ও সংকর মাত্র। সেহময়ী জননীর অনুরোধ করতান করিতে পারিলাম না। এক শুভদিনে, শুভক্ষণে হেম আদিরা জানাইল—এ হাদর তাহারই।

# গুহামুখে।

()

১৮৯৭ সালের ভ্কম্পে বে সময় বাংলাদেশ ক্ষত বিক্ষত হইতেছিল, তথন আমি হরিষারের গলাতীরে বসিয়া হিমালয়ের শীতল নি:খাসে উপসেবিত হইতেছিলাম। একটা হিন্দুলানী বালক ময়লার পিটুলী আনিয়া তাহার একটা একটা টুকরা নদীজলে নিক্ষেপ করিতেছিল। অসংখ্য শুদ্র মংস্ক সেই পিটুলীর টুকরা খাইবার জন্ত গলার অফ্জলরাশি আলোড়ন করিতেছিল। আমি বসিয়া বসিয়া তাই দেখিতেছিলাম।

সহসা বালক খাটের সিঁড়ির উপরে পড়িরা গেল। সেই সজে সজে আমার দেহ কে যেন প্রবল বেগে কম্পিত করিরা দিল। মাধাটা ঘুরিরা গেল। ব্যাপার কি ব্ঝিতে না ব্ঝিতে চারিদিক্ হইতে কোলাহল উথিত হইল, সজে সভে শভাধ্বনিতে গগন পূর্ণ হইরা গেল।

তথন অপরাহ্ন—বেলা তিনটা কি চারিটা হইবে। অক্স সময় হইলে সে ঘাট জনপূর্ণ থাকিত। কিন্তু দে দিন সে সময় সেথানে সেই বালক ছাড়া আর কেহই ছিলনা। জৈচিমাস—হরিয়ারের বায়ু প্রায় সর্ক্র-সময়েই অ্থম্পর্ল। কিন্তু সেদিন প্রাত্যকাল হইতে কেমন একটা অনম্ভূতপূর্ক গ্রীয়ে নগরবাসী প্রপীড়িত হইতেছিল। গ্রীয়ের প্রকোপ সহিতে না পারিয়া আমন গলাতীরে আসিয়াছি। স্বেমাত্র শীতল বাতাস বহিতে আরম্ভ করিয়াছে, এমন সময় উল্লিখিত ঘটনা ঘটিয়া গেল।

প্রথমে আমি যেন কিংকর্ত্তব্য-বিমৃত্ হইলাম। সন্মুখে বালকটা পড়িয়া রহিয়াছে, তাহাকে যে তুলিতে হইবে তাহা তুলিয়াছি। যথন প্রকৃতিস্থ হইলাম, তখনও দেখি বালক্টী পতিত রহিয়াছে। শশবাস্ত হইয়া তাহাকে তুলিতে বাইতেছি, এমন সময় পশ্চাৎ হইতে কে আমাকে নিষেধ করিল। ফিরিয়া দেখি এক যোগিনী।

ষোগিনী বলিলেম—"বালককে স্পর্শ করিও না। জীবের কর্ম শেষ হুইয়াছে। বালক বাঁচিবে না।"

বাঁচিবে না! আমি যোগিনার বাক্য অবতে সা করিয়া বালকের সাহায্যথি জ্রুতপদে সোপান অবরোহণ করিতে লাগিলাম। বালকের সমীপে উপস্থিত হইয়া দেখিলাম, সে মুর্চ্ছিত— মুখখানি গলার দিকে করিয়া বেন পার্থে ভর দিয়া ঘুমাইতেছে। বালকের মুখ আমি পুর্বের দেখি নাই। এখন দেখিলাম। দেখিবামাত্র মায়ার প্রহারে আমি মুর্চিছ্তবং হইগাম। শুলু গলাজণ অভান্তরে তরক লুকাইয়া যেন

জমাট বাঁধিয়া একটা প্রফুটিত পদ্মের আকার ধারণ করিয়াছে।
ভূকম্পান্দে। দিও জল তথনও পদ্যন্ত উচ্চলিত ইইয়া সিঁড়িগুলাকে আঘাত
করিতেছিল। আঘাতে উৎক্ষিপ্ত তরক্ষণীকর বালকের সর্বাঙ্গ ধৌত
করিতেছিল। গঙ্গা খেন নিজ জলে আপনার নবনীতময় তমুর পূজায়
নি মুক্ত। খেন জলনিষেকে আপনাকে তৃপ্ত করিয়া তাঁর্থ-মাহাত্ম্য অমুক্তব
করিতেছে।

ব্যাকুল হইয়া আমি বালককে উঠাইতে দেহ ঈষৎ অবনমিত করিয়া হস্ত প্রসারণ করিতেছি, এমন সময়ে গন্তীর—ঈষৎ রুক্ষম্বরে যোগনী বলিলেন—"মরিবার জন্ত এত ব্যাকুল হইয়াছ কেন ?"

কথাটা শুনিয়া আমার একটু যেন ভয় হইল। মনে হইল যেন মৃত্যু বালকের দেহাস্তরালে তাহার কঠোর হস্ত লুকাইয়া রাথিয়াছে। বালককে স্পানাত্র সে যেন আমাকেও ধরিয়া ফেলিবে। আমি আবার সোজা হইয়া দাঁড়াইলাম। যোগিনীকে জিজ্ঞানা করিলাম—"কি এমন অক্সায় কার্য্য করিতেছি যে, মরিব ?"

"বালকের দেহ স্পর্শ করিলেই ভোমার মৃত্যু জনিবার্যা। অথচ সে মৃত্যুতে ভোমার মৃক্তি নাই।"

"वानक कि मूक श्रेन ?"

বোগিনী একথায় কোনও উত্তর করিলেন না। কেবল 'হো হো' রবে একটা উচ্চহাস্ত করিয়া সে স্থান পরিত্যাগ করিলেন।

ইহার পরে এক ছই করিয়া ক্রমে ঘাট গোকে পূর্ণ হইয়া গেল।
বালকের পিতা আসিল; এবং স্চিত বালককে ক্লেল লইয়া সেখান
হইতে প্রস্থান করিল। আমার আর সাহাব্যের প্রয়োজন হইল না।
লোক সকল ভূমিকম্পের কথা, বালকের কথা, ক্রমে অস্তান্ত নানা কথা
লইয়া আন্দোলন আরম্ভ করিতে লাগিল। আমি বাসার ফিরিরা
আসিলাম।

( ? )

সমস্ত রাত্রির মধ্যে এক মুহুর্জের জন্ত ও আমি ঘুমাইতে পারি নাই।
কি যেন একটা হুর্কোধ বাতনার ছটফট করিয়াছি। ঘুমাইবার জন্ত
জনেকবার চেষ্টা করিয়াছি, কিন্তু প্রতিবারেই তন্ত্রামুথে সেই বালকের
কমনীর মূর্জি আমার ঘুম ভাঙ্গাইয়া দিয়াছে। পরদিন প্রাতঃকালে আমি
বালকের সন্ধান লইলাম। জানিলাম, পূর্বরজনীতেই তাহার মৃত্যু
হইয়াছে। তাহার পিতা তাহার অস্ত্যেষ্টিক্রেয়া সমাপন করিয়া হুর্গ্যোদয়ের
পূর্বেই হরিছার পরিত্যাগ করিয়াছে। সবেমাত্র তিন দিন পূর্বের সে
বালক প্রতীকে সঙ্গে লইয়া দেখানে আগমন ক্রিয়াছিল। শুনিয়া
বিশ্বর ও ত্রথে আমি অভিত্ত হইয়া পড়িলাম।

হরিদার আর আমার ভাল লাগিল না। মনে করিলাম, আমিও এন্থান পরিত্যাগ করি। আমি এখানে তার্থ করিতে আসি নাই। আসিরাছিলাম মনের আবেগ দ্র করিতে। গৃছে আমি জ্মাবধি কোনও স্থুখ পাই নাই। ছই দিন একটু স্থুখের মুখ দেখিবার উপক্রম হইরাছিল, দৈব বিজ্পনার তাহা হইতেও বঞ্চিত হইরাছি। ভাবিয়াছিলাম তার্থে আসিয়া একটু শান্তি পাইব। এই উদ্দেশ্যে গৃহত্যাগ করি। প্রথমে কাশীতে আসি। কিন্তু সে বংসর কাশীতে এমন প্রচণ্ড গ্রম পজ্রাছিল যে, কাশীবাসে অনভান্ত ব্যক্তির পক্ষে তাহা একান্ত ছংসহ। আমি কাশীতে দিন ছই মাত্র থাকিরাই হরিদারে পলায়ন করি। এখানে সপ্তাহ বাস করিতে না করিজেই এই ছর্ঘটনা ঘটল। আমি হরিদার ভাগের সক্ষর করিলাম।

কিন্ত তৎপূর্বে বোগিনীকে একবার দেখিতে আমার ইচ্ছা ইইল। ভাবিলাম এ কি । এ বালক যে মরিবে, এ রমণী ভাষা কেমন করিয়া জানিল। ভাষার পর সে যে সব কথা বলিল, ভাষার একবর্ণও আমি ব্যারিভাম না। বালককে স্পর্ল করিলে আমি মরিব কেন।

মরিলেও আমার মুক্তি নাই। অণচ জীবন-বন্ত্রণা হইতে মুক্তি লাভের জন্ত আমি ইতিপূর্বে অনেকবার মৃত্যু কামনা করিয়াছি। কিন্তু বেই শুনিলাম, মুক্তি নাই—অমনি মরণের চিন্তায় কেমন একটা আভঙ্ক উপস্থিত হইল। মুক্তিই ধদি নাই, তবে এত শীঘ্র মরিয়া লাভ কি ।

কিন্ত যোগিনী বলিয়াছে, বালক মৃত্যুর সঙ্গে মৃক্তি লাভ করিল। করিল কি না করিল, তাহা এ রমণী কেমন করিয়া জানি ল! আর মৃক্তিই বা কি । তাহার লাভে বালকের কি এমন অপূর্ব্ব সম্পতি প্রাপ্তি হইল ? কৌতূহল চরিভার্থ করিবার জন্ত আমি পমস্ত দিন ধরিয়া যোগিনীর অমুসন্ধান করিলাম। কিন্তু কোণাও তাহাকে খুঁজিয়া পাইলাম না।

সন্ধার পূর্ব্বে আমি ষ্টেশনে উপস্থিত হইলাম। স্থির করিলাম একেবারে হাওড়ার টিকিট কিনিব। গর্থমের জ্বন্ত উত্তর পশ্চিমের কোন সহরেই যাইতে আমার সাহস হইল না। আমি গাড়ী ছাড়িবার অনেক পূর্বের সেধানে উপস্থিত হইরাছিলাম। আমার সঙ্গের বোঝা অতি অল্ল ছিল। একটা ছোট বিছানাও একটা বাগা আমার সন্থলমাত্র ছিল। টাকা কড়ি যাহা আমি সঙ্গে আনিয়াছিলাম, সে সমস্ত আমি একটা গেঁজিয়ায় পূরিয়া কোমরে বাঁধিয়া রাথিয়াছি। স্থতরাং আমার মোটও ব্যাগ আমি একটা আলোকস্তত্তের নিমে রাথিয়া প্রাটকরমে পারচারী করিতে লাগিলাম।

গাড়ী ছাড়িবার বহু পূর্ব্ব হইতেই অনেক ফেরত যাত্রী টেশনে সমবেত হইরাছে। তাহাদের প্রায় সমস্তই পঞ্জাবী ও উত্তর পশ্চিম দেশীর। বাঙ্গালী যে একেবারে ছিল না এমন নয়। তবে আমি হৃদণ্ড আলাপ করিতে পারি, এমন বাঙ্গালী সেথানে কেহ ছিল না।

আর দেখা হইবে না স্থির বুঝিরা আমি হিমাণরের মোহন গান্তীর্যা নিরীক্ষণ করিতে করিতে প্রাটফরমে পদচারণ করিতে লাগিলাম। ক্লাস্ত ইইয়া বিছানার মোটের উপর বসিতে যাইতেছি, এমন সময় একটা

ৰাজাণী যুৰকের সঙ্গে আমার সাক্ষাৎ হইল। সে আমাকে দেখিয়াই আমার নিকটে আসিল এবং আমার পরিচয় জিজ্ঞাসা করিল। আফি তাহাকে সম্পূর্ণ পরিচয় দিতে পারিলাম না। অনেক কথা গোপন করিলাম। কেননা পরিচয় দিয়া আমার আর স্থুথ নাই। তবে গরিচয়ের মধ্যে বাসভূমির কথাটা আমি তাহাকে গোপন করিলাম না।

ৰাসস্থানের কথা শুনিয়াই সে বলিল—"সেই জন্তই আপনার কাছে আসিয়াছি। আপনি কি দেশের কোনও সংবাদ রাখিয়াছেন গ''

আমি উত্তর করিলাম—"না। কেন, দেশের কি হইয়াছে ?"

"কি হইয়াছে জানি না। কয়দিন যাবৎ দেশের অন্ত প্রাণটা ব্যাকৃত্ব হুইয়াছে। দেশ হুইতে বহুদিন কোনও সংবাদ পাই নাই। তাই টেলিগ্রাক করিতে ষ্টেশনে আসিতেছিলাম। পথে আসিতে আসিতে এক যোগিনীর সঙ্গে আমার সাক্ষাত হইল। তাঁহার মুখে শুনিলাম, ভূমিকম্পে বাংলার অনেক স্থান ধ্বংস হইয়াছে। কলিকাতার সন্নিহিত স্থানে সেক্লপ ক্ষতি হয় নাই, কিন্তু উত্তর পূর্ব্ব বঙ্গের অনেক স্থান বিশেষ ক্ষতিগ্ৰস্ত হইয়াছে। অনেক অট্টালিকা ভূমিদাৎ হইয়াছে।"

ভাহার কথা শুনিয়া আমি হাক্ত সম্বরণ করিতে পারিলাম না। ৰলিলাম, "সবে মাত্র কাল ত ভূমিকম্প হইরাছে। ইহার মধ্যে বাঙ্গালার খবর এখানে কেমন করিয়া পৌছিল ?"

ষুবক বলিল—''আমিও তাই ভাবিয়াছি। কলিকাতা হইতে এখানে সংবাদ পৌছিতে অন্ততঃ চারিদিন লাগিবে। সে স্ত্রীলোক ইহারই মধ্যে ভূমিকম্পের সংবাদ কোথা হইতে পাইল! আমি তাহার কথায় বিশ্বাস করিতে পারি নাই।"

আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম—"যোগিনীকে আপনি কোথায়, দেখিয়াছেন ?

यूवक উত্তর कतिन- "(र्ष्टभरनत्र व्यनिकृत्त-- १८४।"

''আপনি তাহাকে দেখাইতে পারেন ?'' ''বেখানে দেখিয়াছি, সেধানে তিনি থাকিলে দেখাইতে পারি।''

''চলুন, ভাহাকে একবার দেখিয়া আসি।''

আমমি আমার মোটটা বগলে উঠাইয়া লইলাম। যুবক ব্যাগটী হাতে লইল। যোগিনীর উদ্দেশে আমরা ষ্টেশন পরিতাগে করিলাম।

পথে চলিতে চলিতে উভয়ের মধ্যে পরিচয়ের আরও ছই চারিটী কথা হইল। তাহাতে জানিতে পারিলাম, আমরা উভয়েই একয়ানের লোক। উভয়েই নিবাস রাজসাহী জেলায়। আমার বাড়ী নাটোরের সন্ধিকটে। তাহার বাড়ী আমাদের প্রাম হইতে ছয়ক্রোশ দূরে। উভয়েই রাঢ়ী-শ্রেণীয় ব্রাহ্মণ। এদেশের অধিকাংশই বারেক্র। রাঢ়ীর সংখ্যা অতি অয়। বিবাহের আদান প্রদান এই অয়সংখ্যক লোকের মধ্যেই হইয়া থাকে। আমি কুলীন, সে শ্রোগ্রীয়। আমি নিধন, সে ধনী। উভয়েই "ভালবাসা" রোগাক্রান্ত হইয়া গৃহত্যাগ করিয়াছি। শুধু তাই নয়—এ প্রণয় ব্যাপারে উভয়ে এক সময়ে পরস্পরে প্রতিদ্বনী ছিলাম। এখন তৃতীয় বাক্তি আমাদের মধ্যে উপস্থিত হইয়া উভয়কেই অভিনয়-ক্রে হইতে বিতাড়িত করিয়াছে। যাক্, এসব কথা পরে বলিব। এখন যাহা বলিবার তাহাই বলি।

ষ্টেশন ইইতে বাহির হইয়া অধিকদ্র আমাদের যাইতে ইইল না। বেস্থানে একাগাড়ীগুলা দাঁড়াইয়া থাকে, তাহারই সন্নিহিত একটা বটবৃক্ষ-ভবে দেখিলাম যোগিনী বসিয়া আছে। তাহার সমুথে অতি কদর্য্য, স্ব্রিক্ষেক্ত বুক্ত একটা কুকুর শুইয়া শুইয়া লাফুল নাড়িতেছে।

যোগিনী যেন তলামী হই মা কুকুরটার দিকে চাহিয়াছিল। কুকুরটাও তার মুখেরদিকে স্থিরনেত্রে চাহিয়াছিল। দৃষ্টিতে দৃষ্টিতে যেন তাহাদের পরস্পারে আলাপ হইতেছিল। অনুমানে বাহা বোধ হইল ভাহাই বলিলাম। এ আলাপ রহস্য আমি বলপ্রয়োগে কাহাকেও ব্রিতে

ৰাধা করিতেছি না। তবে সে সময় যে কেহই সেধানে উপস্থিত হউন না কেন, একট স্থিরভাবে উভয়ের প্রতি লক্ষা করিলে, তাঁহারও মনে ওইরপ অমুমান আসিত এইটাই আমার বিখাস। আমার সঙ্গী যুবকটীও বোগিনীকে দেখিয়া চুপিচুপি আমাকে বলিল-"হাঁ মহাশয়! ষোগিনী কি কুকুরের সঙ্গে কথা কহিতেছে ?"—তাহার এমনই এক অপূর্ব রহস্তময় দৃষ্টি।

আমি সঙ্গীকে ইঙ্গিতে কথা কহিতে নিষেধ করিলাম: এবং উভয়ে অতি ধীরভাবে তাহার সমীপে উপস্থিত হইলাম। উভয়ে ভূমিষ্ট হইয়া প্রণাম করিলাম। কোন আশীর্বাদ বাক্য প্রয়োগ করা দুরে থাকুক, যোগনী একটীবারের ভন্তও আমাদের मिटक मुष्टि ফিরাইল না।

একবার ডাকিলাম—''মা।'' কোন ও উত্তর পাইলাম না। উত্তর না পা ওয়ায় আমার সহচর ধেন কিছু ভীত হইল। সে আমাকে আবার অফুচেম্বরে বলিল—"অ্সুন, আমরা কিছুকণের জন্ম দূরে দাঁড়াইয়া অপেকা করি। যোগিনী উঠিলে তাঁহার কাছে আসিব।"

সে কথা না শুনিয়া, আমি আবার ডাকিলাম—'মা!' উত্তর পাইলাম না। তথন দঙ্গীর পরামর্শ ই যুক্তিদির মনে করিয়া আমরা একট দুরে সরিয়া দাঁড়াইলাম। দূর হইতে তাঁহার কার্য্যকলাপ দেখিতে দেখিতে আমরা বিশ্বরে অভিভৃত হইরা পড়িলাম। যোগিনী সেই বিক্ষ-ভাঙ্গ ক্ষা কুকুরটাকে কোলে তুলিয়া লইল। ভাহার পর মাতা বেমন সস্তানকে কোলে লইয়া আদর করে, সেইরূপ আদরের ভাব দেথাইতে লাগিল। তাহার মুথচুম্বন করিল, চকুর জল স্বত্নে মুছাইয়া দিল। আমাদের বোধ হইতে লাগিল, যেন কত কথাই সে তাহার সহিত কহিতেছে ৮ অনেককণ আদর করিবার পর যোগিনী কুকুরটাকে স্কংন্ধ তুলিল। তার-পর পঙ্গাতীরাভিমুখে চলিল। কুকুরটার অবস্থা দেখিয়া আমার অহমান

হইল সেটা মরিরাছে। যোগিনী তাহাকে গলার নিক্ষেপ করিতে চলিরাছে। এখন আমি কি করিব ? যোগিনীর অমুসরণ করিতে হইলে গাড়ী ছাড়িরা দিতে হয়, গাড়ীতে উঠিতে হইলে কৌতূহল চরিতার্থ করিবার আশা পরিত্যাগ করিতে হয়।

আমি সহচরকে মনের কথা বলিলাম। সে বলিল—"দেশে এত শীঘ্র ফিরিবার আপনার কি প্রয়োজন ?"

আমি বলিলাম 'প্রয়োজন কিছুই নাই। এন্থান আমার আর ভাল লাগিতেছে না।''

'শুধু ভাল লাগিতেছে না বলিয়া বাইতেছেন ? এস্থান বদি আপনার ভাল না লাগে, পৃথিবীর আর কোথায় গিয়া আপনি স্থ পাইবেন ? আমার ইচ্ছা আরও দিনকয়েক আপনি এথানে থাকুন।''

"আমি যে বাসা তুলিয়া দিয়াছি !"

"আমার বাসায় থাকিবেন। সক্ষোচবোধ যদি না করেন, তাহা হইলে যতদিন ইচ্ছা আপনি থাকিবেন। আমি তাতে প্রমস্থী হইব।"

কি করিব, দাঁড়াইয়া স্থির করিতেছি, ইতিমধ্যে ধুবক একজন মুটেকে ডাকিয়া আমার বগল হইতে বিছানাটা বাহির করিয়া লইল। তারপর আমার হাত ধরিয়া বলিল—''চল ভাই. আর ইতত্ততঃ করিও না।''

এক কথার যুবক আমাকে আত্মীয় করিয়া লইণ। আমি আর বিরুক্তিনা করিয়া তাহার সঙ্গে চলিলাম।

আমাদের পরস্পরের আলাপের অবসরে যোগিনী চকুর অস্তরালে চলিয়া গিয়াছে। আমরা পদব্রজেই তাহার অনুসরণ করিলাম।

( ক্রমখঃ )

শ্রীকীরোদ প্রসাদ বিভাবিনোদ।

#### চক্র

আধুনিক বিজ্ঞান প্রমাণ করিতেছে, শুধু যে প্রেণাদ্মার অন্তিম্ব আছে থাই নয়; ইছো করিলে আমরা পৃথিবীতেই প্রেণাদ্মা আনমন করিতে পারি—ভাদের সহিত কথোপকথন করাও আমাদের সাধ্যাতীত নয়। কিন্তু ইছো করা যত সহজ, সেই ইছো কার্গ্যে পরিণত করা তত সহজ নয়। প্রেণাদ্মা আনমনের পথে বহু বাধা বিদ্ন আছে; প্রথমে সেইস্থাল পরাজ্য করা চাই—ভাহা না পারিলে প্রেণাদ্মান অসম্ভব।

অনেকে কিন্তু হই একদিন দেখিয়াই. শেষে বিরক্ত ইইয়া ছাড়িয়া দেন; কিন্তু তাঁহাদের বুঝা উচিত—যে প্রক্রিয়ার উদ্দেশ্য দৃশ্য অগতের সহিত অদৃশ্য অগতের সম্বন্ধ স্থাপন, যার ফলে অদৃশ্য অণতের অফুরস্ত জ্ঞানভাশ্যের আমাদের চক্ষের সমক্ষে খুলিয়া যায়, ভাহাতে সফলভালাভ একদিনেই হইতে পারে না; সফল হইতে গেলে অদম; উৎসাহ চাই, আর চাই ধৈর্যা—নতুবা শুদ্ধ ইচ্ছা করিলেই হইবে না।

প্রেতান্মাদর্শন অনেক রকমে হইতে পারে; তবে সাধারণতঃ তিন-রকম উপায়ই অবশ্বন করা হয়; যথা,—

- (১) চক্র বা ম্পিরিট সার্কল
- (२) शान्तर्ह
- (৩) মধ্যস্থ বা মিডিয়ম আমারা এখানে ভধু চক্রের কথাই বলিব।

জনেকে মনে করেন, শুদ্ধ উপবেশনের উপরই চক্রের সফলতা নির্ভর করে, কিন্তু তা নয়—জলবায়ুর জবস্থাও চক্রের অমুকুল হওয়া জাবশুক। চক্রে উপবেশন করিবার সময় প্রধানতঃ এই কয়টা বিষয়ের প্রতি কক্ষ্য রাখিতে হইবে.—

- (১) क्लवाशुत्र व्यवस्थां.
- (২) শারীরিক অবস্থা
- (৩) মানসিক অবস্থা
- (৪) স্থানিক অবস্থা।

জনবায়ুর অবস্থা:—আকাশ যেনিন মেনে ঢাকা, মধ্যে মধ্যে বিদ্যাৎ চমকাইতেছে, সেদিন চক্রের উপযোগী নয়; গুমট কিংবা খুব ঠাগুার দিনেও চক্র কথনও সফল হয় নাঃ ঝড়বৃষ্টির সময়, কিংবা বায়ু যথন আর্দ্রি থাকে, সে সময়ে কদাপি চক্রে বসিবে না। চুম্বকশক্তির গোল্যোগ্র ইহার অনুকৃত্ব নয়।

অল্ল অল্ল.উত্তাপ পড়িয়াছে, অথচ বায়ু জলসিক্ত নয়, সেইক্লপ সময়ই চক্রের উপযোগী; যে সময়ে কোন অবস্থাই চরমে উঠে নাই, সেই সময়েই চক্রে উপবেশন করা উচিত—মনে রাখিবে সকল জিনিবেরই মধ্যাবস্থা ভাল; সে সময়ে মামুষের মনের মধ্যেও সামঞ্জ্য থাকে; চক্রেসফলত। লাভ করিতে হইলে, মন ভাল থাকা বিশেষ আবশ্যক।

আলোকের তেজও একটু কম করিয়া দিলে ভাল হয়; কম আলোকে (একবারে অন্ধকার হইলে আরও ভাল) ক্ষমতা অধিক ক্রি পায়, প্রভুত্ব পরিচালনেরও অনেকটা স্থবিধা হয়।

শারীরিক অবস্থা:—উপবেশকের মধ্য হইতে একটা কৈবিক শক্তি (ভাইটাল ফোর্স) বাহির হইতে থাকে—প্রেভায়া ও পার্থিব পদার্থ, এতহভদের মধ্যে এই শক্তিই সংযোজক, এই শক্তির সাহায্যেই ভারা পৃথিবীতে আসিতে সক্ষম হয়।

কিন্তু বিভিন্ন প্রকৃতির মানবের শক্তি বিভিন্ন প্রকার; সকলের দেহ হইতেই এই শক্তি বাহির হয় না। আবার কোন কোন লোকের শরীর হইতে যে শক্তি নি:স্ত হয়, তাহা চক্রে সাহায্য করা দূরে থাকুক—বরং সফলতায় বাধা দেয়।

চত्कে উপবিষ্ঠ সকলেরই প্রকৃতি বদি একরপ হর, তাহা হইলে প্রেতায়া শীঘ্রই প্রকাশিত হইবে: কিন্তু উপবেশকদিগের প্রকৃতির বিভিন্নতা থাকিলে প্রকাশে সাধারণতঃ বিলম্ব হট্মা থাকে। তবে এক কার্য্য করিতে পারিলে সে ভর থাকে না। প্রথমে দেখিতে হইবে চক্তে চইপ্রকার ধাতের লোক আছে কি না : যদি থাকে, তাহা হইলে তাদের এমনভাবে বসাইতে হইবে. যাহাতে তাদের দেহবিনির্গত শক্তি-ব্দগতে ( সাইকিকাল এটুমস্ফিয়ার ) সামঞ্জ স্থাপিত ইয়।

চক্রের সফলতা বাক্তিগত প্রকৃতির উপরই বেশী নির্ভর করে: যদি দেখ চক্র বিষ্ণুল হইল, তাহা হইলে উপবেশনের পরিবর্ত্তন করিতে হইবে। ষতকণ উপযক্ত অবস্থা না পা∈য়া যাইতেছে, তত≠ণ এইরপ করিতে क्टेर्व।

মানসিক অবস্থা:--মানসিক উত্তেজনা (ষডটুকুই হউক না কেন) সাক্ষল্যের পথে প্রধান অস্তরায়। ধাহাদের মত সম্পূর্ণ বিপরীত, তাহাদের একত্তে উপবেশন করা উচিত নয়; এরপ দৃঢ়প্রভিজ্ঞ ব্যক্তির চক্রের বাহিরে থাকাই ভাল। তবে যাদের মতামত তত দচ নর, তাঁরা চক্রে থাকিতে পারেন; কিন্তু তাদেরও বসাইবার সময় দেখিতে হইবে, যেন একমতের সকল লোক একতে বসিতে না পান। একজন বিৰুদ্ধবাদীর পাশেই একজন ভিন্নমতাবলম্বী বসিবেন: তারপরে আবার একজন বিক্লমবাদী—এইরপে চক্র সাঞ্চাইতে হইবে। তাহা হইলে আর কোন গোলযোগের ভয় থাকিবে না।

(र प्रकल लांक्त्र मर्सा मिल नाहे-गांत्रा श्रद्भात श्रद्भात प्रक्रा করেন, তাঁদের যেন চক্রে বসিতে দেওয়া না হয়। বালক কিংবা কুম্বভাবাপর ব্যক্তিকে চক্রে স্থান দিবে না।

উপবেশকদের সহিষ্ণু হওরা আবশুক। অন্থিরমতি ব্যক্তিগুণ চক্রে ৰসিবার উপযুক্ত নহেন।

श्वानिक व्यवशाः-व्यक्तारमञ्ज क्यारे रहेकं वा भरवयनात क्यारे रहेक. ষে সময়ে চক্রে বসিবে, সে সময় অন্ত কিছু করিবে ন।।

धत्री दिन शत्रम रुख्या हारू--वाय हमाहत्मत्र भथे श्राद्यावन : কিন্তু বাডাসের ঝাপটা যেন ঘরের মধ্যে প্রবেশ করিতে না পারে, ইহার দিকে লক্ষ্য বাধিবে।

যাঁহারা চক্রে বসিবেন, তাঁরা যেন বসিবার একঘণ্টা পুর্বেই আসিয়া মিলিত হন। যাঁরো একবার বসিবেন, প্রতিবার তাঁরাই বসিলে ভাল হয়। আর এক কথা, উপবেশকেরা প্রত্যেকবার স্থান পরিবর্ত্তন করিবেন না-একদিন যেন্থানে বসিয়াছেন, প্রতিদিন সেইঞ্চানেই বসিবেন। ইহাতে উপকার এই যে. চক্রে বসিবার সময় শক্তি ক্ষম হইতে পায় না। প্রেতাত্মাদর্শনের জন্ত যে চৌম্বকশক্তি আবশ্রক, সে শক্তি অকুন্ন থাকে।

#### চক্রে বসিবার নিয়ম।

এইবার কিরকম করিয়া চক্রে বসিতে হয়, ভাগাই বলিব। চক্রে সাধারণত: চার হইতে আটজন লোক বসিতে পারে: তার মধ্যে অন্তত: তুইজন বিৰুদ্ধবাদী থাকা ভাল-কিন্তু তাঁরা খেন দুচ্চিত্ত না হন।

टिविनि (यज्ञ १ हेव्हा. मिहेज्ञ कित्र नहीं नहें हिन्द : ज्य हजू-ষ্কোণ, আয়ত কিংবা বাদামী আকারের হইলেই ভাল হয়।

চেমার সাধারণ কাঠের হইলেই চলিবে; গদিওয়ালা চেমার কথনও ব্যবহার করিবে না। বিশেষতঃ, যাঁরা সহজেই ভূতাবিষ্ট হয়েন, কিংবা বাঁদের অনুভৃতি থুব প্রথর, তাঁদের পক্ষে এ নিষেধ আরও প্রযোজ্য। গদিতে বদি শক্তি জনো, তাহা হইলে উপবেশকের বড়ই অমুবিধা হয়।

ষাতে সকলের মনে সামঞ্জ স্থাপিত হয়, তাই করা উচিত; সঙ্গীত, পর, পুস্তক পাঠ, কিংবা ইচ্ছা করিলে স্তোত্রপাঠ বা উপাসনাও করা बाहेट भारत- (व अकारत हड़े क. नकरनत मन এकम्थी हहेरनहे हहेन।

কিছ কথা কৰিতে কহিতে তর্ক করিতে বসিও না—চক্রে বসিয়া বিবাদ বিস্থাদ করা কর্ত্তব্য নয়: মন যাতে আনোদে থাকে, ত'াই করা বাঞ্চনীয়।

#### প্রেতাত্মার আবির্ভাব।

চক্রে বসিদা কতবার যে বিফল হইতে হয়, তার ঠিক নাই। দশবার বসিয়া বসিয়া যদি হইল ত ভ'ল, নতুবা আবার নৃতন করিয়া চক্র আরম্ভ করিবে। একটী চক্রের জন্ম কখনও এক ঘণ্টার বেশী সময় দিবে না। ভাতেও যদি না হয়, তাহা হইলে বুঝিবে সে চক্রে আর হইবে না, আবার নুতন করিয়া চক্রের অফুষ্ঠান করিতে হইবে।

করেক মিনিটের মধ্যেই প্রেতাত্মার আবির্ভাব হইতে পারে: আবার হয়ত সমস্ত দিন বসিয়াও কিছু হয় না। যথন দেখিবে, টেবিলে কে যেন টোকা মারিতেছে, টেবিল যেন নড়িয়া নড়িয়া উঠিতেছে, তথনই জানিবে প্রেতামা আদিয়াছে : কিন্তু তথনি উত্তর পাইবার জ্বন্স বাস্ত হইও না।

- (১) যদি টেবিল নড়ে তাহা হইলে টেবিলের উপর আলতোভাবে হাতটী রাখিয়া দেথ, তোমার নিজেরই হাত কাঁপিতেছে কিনা। যথন বুঝিবে, আমাদের মধ্যে কেহ টেবিল নাড়াইতেছে না, তথন—
- (২) হাতটী টেবিল হইতে একটু উপরে তুলিয়া ধরিবে দেখিও राम हितिएन हाल मा किएक। जयम अयि एक हितिन मिएलिएह. जाहा হুইলে প্রেতাত্মার আবির্ভাব সম্বন্ধে কোন সন্দেহই থাকিবে না।

কিন্ত আগে আলতোভাবে হাত রাধিয়া ঠিক না জানিলে, টেবিল হুইতে হাত সরাইয়া লুইবে না। আগে প্রথম উপায়ে দেখিয়া, ভারপর দ্বিত্রীয় উপায় অবলয়ন করিবে।

( ক্রমশঃ )

শ্রীসম্ভোষ কুমার মুখেপোধ্যার।

# ইফার্ণ লাইক ইন্সিওরেন্স কোম্পানী

#### লিমিটেড্

এই স্থারিচিত কোম্পানী গত প্রান্ত ৪ বংসর বাবং অতি দক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধ্যবিত্ত ও দরিদ্র ব্যক্তিগণের উপবোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রভিডেণ্ট ফণ্ড ডিপার্টমেণ্ট থোলা হইরাছে। ইহাতে মাসিক অত্যন্ত্র পণ দিয়া মৃত্যুকালে বা পুত্র কক্সাদির বিবাহ সময়ে যথেষ্ট অর্থসাহায্য পা ওয়া বার।

উপস্থিত কোম্পানীর কার্যাবলী করেক জন সন্ত্রান্ত ও বিশিষ্ট ভদ্রলোকের উপর গুল্ত হইরাছে। নিরমাবলী সংশোধিত হইরা অভিন নব উৎসাহে কার্যা চালতেছে। কার্য্যের প্রসারও অভ্তপূর্ব্ব বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এজেন্সী স্থাপিত হইরা মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওয়া বাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত ইেড আফিসে আবেদন করুন। সর্ব্বি একেণ্ট আবশ্রক।

#### ওভসংবাদ---

ভারতগভর্ণমেণ্টের আইন অসুষায়ী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পক্ষেইং। অতীব আনন্দের সংবাদ।

#### ১৯১৩ খৃষ্টাব্দের ডাইরেক্টরগণ।

রার ষতীক্তনাথ চৌধুরী প্রমিদার এম, এ, বি এল, টাকি। প্রীযুক্ত নরেক্তলাল চৌধুরী জমিদার হুগদী, প্রীযুক্ত ষতীক্তনাথ রার চৌধুরী অমিদার সাতক্ষীরা। শ্রীযুক্ত মণীক্তনাথ মুখোপাধ্যার জমিদার রাণাঘাট। জ্যাটণী প্রীযুক্ত কে, সি, দত্ত। মাক্তবর শ্রীযুক্ত রমণীমোহন দাস, জমিদার। শ্রীযুক্ত শৈল্ঞানাথ রারচৌধুরী, জমিদার।

> শ্রী শৈশজানাথ রায়চৌধুরী, জেনারেল ম্যানেজার।

#### সম্পাদক কেশবচক্র গুপ্ত, এম্-এ, বি-এল।

এই ফাল্কনে অর্চনার দশম বর্ষ আরম্ভ হইল। এই ফাল্কন মানেই অর্চনা সচিত্র ছইরা বাহির হইতেছে। অর্চনার নৃতন পরিচর অনাবশুক। বঙ্গবাদী, বহুমতী, হিতবাদী, সাহিত্য প্রভৃতি প্রাসিদ্ধ পরসমূহে অর্চনা প্রথম প্রেমীর মানিক বলিয়া বিঘোষিত। প্রবীণ প্রধাতিনামা লেখক স্ক আর্চনার লেখক। নবীন ও প্রবীণ সাহিত্য-রিষ্ট্রকের সমন্বরক্তর অর্চনা। অর্চনা উৎকৃষ্ট এণ্টিক কাগ্যে পরিপাচীরূপে মুদ্রিত। কভার, চিত্রাদি, স্থানিত প্রবন্ধ সভারে অর্চনাতে প্রত্যাদিক্ত প্রবন্ধ সভারে অর্চনাত্র প্রত্যাদিক্ত প্রবিদ্ধানি স্থানিত প্রবিদ্ধানি স্থানিত প্রবিদ্ধানিত স্থানিত প্রবিদ্ধানিত স্ববিদ্ধানিত প্রবিদ্ধানিত প্রবিদ্ধানিত প্রবিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্বিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্বিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ববিদ্ধানিত স্ব

গত বৰ্ষে অৰ্চনাৰ কলেবৰ বৃদ্ধি হইলাছিল কিন্তু মূল্য বাড়ে নাৰ্ন, ক্ঠমান বৰ্ষে চিত্ৰ সংযোজিত হইবে অধ্ব বাৰ্ষিক মূল্য পূৰ্বেবংই ৰহিল ! পাঠক এ ফ্যোগ ছাড়িবেন কি ?

শত বর্ষে অর্চনার গ্রাহকাতিশয়ে আমরা অনেকণ্ডলি গ্রাহক ফ্রিনিটতে বাধা হইবাছিলাম। এবারেও নির্দিষ্ট সংখ্যা ছাবিভেছি অতএব শীঘ্রই গ্রাহক ফ্রিনি; অভ্যথা যদি পুন্মু জিত না হর তাহা হইলে পাইবার আশা থাকিবে না; কারণ মাসিক পাত্রিকা সাপ্তাহিক নহে। যে সপ্তাহ হইতে গ্রাহক হইলেন, পর বর্ষের তৎপুর তারিশ্ব পর্যায় কাগজ পাইলেই এক বর্ষ পূর্ব হৃত্বে। মাসিক পত্রের গ্রাহক হইতে হইলে বর্ষের প্রথম হুইতেই গ্রহণ করিতে হয়। অদ্যই পত্র লিখুন। অর্চনার বার্ষিক মূল্য সর্ব্বত্র ।। (ভিঃ পিঃ তে ১।/০)

ম্যানেজার, অর্চনা

১৮ নং পার্বভৌচরণ ঘোষের লেন, অর্চ্চনা পোষ্ট আফিস, কলিকাতা।

## অর্থ্য।

#### শ্রী অমূল্যচরণ সেন-সম্পাদিত।

মূল্যের হলভভার অথচ প্রবন্ধগোরবে ইহার সমকক মাসিক বর্ত্তমানে বলসাহিত্যে আর নাই বলিলেও অত্যক্তি হয় না। 'অর্থাই' উরক্সমেবের আমলের ইতিহাস পুলাসতের অমুবাদ ধারাবাহিকরাপে বাহির হইভেছে। ইতিহাস ও পুরাতত্ত্বের আলোচনা—আর্থার বিশেষতা। ভয়তীত এতি ইচ্চদরের সাহিত্যের আলোচনামূলক প্রবন্ধ মৌলিক ক্ষুদ্র প্রতি সংখ্যার একটি করিয়া সম্পূর্ণ বিদেশী গল্প কিম্বন্তী প্রভৃতি বাহির হয়। আগামী আবিনে ২য় বর্ষে পদার্পণ করিবে। ২য় বর্ষে সম্পাদকের মোগল চিত্র বা মেমুসী রচিত মোগল-ইতিহাসের অমুবাদ ধারাবাহিক রূপে বাহির হইবে। বাবিক মূল্য সর্ব্যে সভাক > টাকা মাত্র।

ম্যানেজার, অর্থ্য, ভৈরব বিখাদের লেন, কলিকাডা।



রাজ্ঞস্তবর্গের অন্থমোদিত, বিশ্বস্ত ও পৃষ্ঠপোবিত— কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

# জবাকুস্থম তৈল।

শিরোরোগের মহৌষধ।

গুণে অদ্বিতীয়! গন্ধে অতুলনীয়!

জবাকুস্ম তৈল ব্যবহার করিলে মাধা ঠাণ্ডা থাকে, অকালে চুল পাকে না, মাধার টাক পড়ে না। যাঁহাদের বেলী রকম মাধা খাটাইতে হর তাহাদের পক্ষে জবাকুস্ম তৈল নিতা ব্যবহার। ভারতের খাধীন মহারাজাধিরাজ হইতে সামাক্ত কৃটারবাসী পর্যাত্ত সকলেই জবাকুস্ম তৈলে বাবহার করেন এবং সকলেই জবাকুস্ম তৈলের গুণে মুব্ধ। জবাকুস্ম তৈলে মাধার চুল বড় নরম ও কৃষ্ণিত হয় বলিয়া রাজরাণী হইতে সামাক্ত মহিলারা পর্যাত্ত অতি আদরের সহিত জবাকুস্ম তৈলে ব্যবহার করেন।

এক শিশির মূল্য ১ এক টাকা। ডাকমাশুল। • চারি আনা ; ভিঃ পিতে ১। / • পাঁচ আনা। সি, কে, সেন কোং লিমিটেড, গ্রস্থাপক ও চিকিৎসক—

> কবিরাজ জ্রীউপেন্দ্রনাথ সেন ২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।

# প্রীরাসাস্থ চরিত।

শ্ৰীমৎ স্বামী রামকুষ্ণানন্দ প্রণীত।

শীসআগারে প্রচলিত আচার্য্য রামানুজের বিজ্জ দ্বীবনবৃত্তান্ত বালালা ভাষার এই প্রথম প্রকাশিত হটল। গ্রন্থকার এমন ভন্তাবভাষিত ও রস্থাহী হটরা তুলিকা ধরিয়াছেন ও চিত্র মাঁকিয়াছেন বে বল্পসাহিত্যে আচার্যোর বোল্য পরিচয় দিবার স্বস্তু যে আমরা বোল্য লেখক পাইরাছিলাল,ভাহা পুত্তকথানি পাঠ করিতে করিতে পাঠক স্থানরসম করিবেন।

প্রস্থের মলাট ফুল্সর কাপড়ে বাঁধান এবং প্রাচীন জাবিদ্ধা পুঁথির পাতার মত নামা বর্ণে চিত্রিত। আচার্য্য রামামুর্গের জাবন্দশার থোদিত প্রতিমুর্ত্তি গ্রন্থে সন্ধিবিষ্ট হইরাছে। মূলা তুই টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—উদ্বোধন কার্য্যালয়। বাগ্বাজার, কলিকাতা। নৃতন ধরণের সচিত্র মাসিক পত্রিকা। নৃতন ধরণের

## গল্প-লহরী।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্ত্র সম্পাদিত। <sup>ই</sup> শ্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে। প্রতিমাসেই স্থানর ছবিতে পত্রিকা স্থগোত্তিত। আকার ডিমাই ৮পেন্দ্রী ৮ ফর্মা।

শ্রাবণ সংখ্যার নিম্নলিখিত গরগুলি আছে। গ্রীষ্ক কালী প্রসন্ন দাস গুপ্ত এম, এ লিখিত—'স্মন্তলা ও প্রাণের বিনিময়', গ্রীষ্ক মুনীক্ত প্রসাদ সর্বাধিকারী লিখিত—'নবানের সংসার' ও গ্রীষ্ক জ্ঞানেক্তনাথ বোষ বি, এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পজিকা কেবলমাত্র স্থানর স্থানর, মনোমুগ্ধকর গল, মনোহর উপস্থান, চিত্তচমকপ্রদ ভ্রমণকাহিনী, ডিটেক্টিভের লোমহর্বণ ঘটনাবলী, শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রসাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজে নীরস প্রবন্ধ ইহাতে স্থান পাইবে না। বঙ্গের খ্যাতনামা গর্ম ও উপস্থাস লেখকগণ ইহাতে নির্মিত নিথিবেন।

অগ্রিম বার্ষিক মৃল্য ডাক মাস্থল সমেত সহর ও মফঃসলে ১॥• টাকা। অগ্রিম মৃল্য ব্যতীত কাহাকেও পত্রিকা পাঠান হর না। নমুনা সংখ্যা মান্তল সমেত া৴৽ আনা।

শ্রীসতীশ চন্দ্র ঘোষ । কার্যাধ্যক্ষ, "পল্ল-লহরী" ২৮ নং ছর্গাচরণ মিত্রের ষ্টাট, কলিকাভা।

# থিয়েটারের

ষ্টেজ, সিন, ড্রেদ, চুল প্রভৃতির প্রয়োজন হইলে অর্দ্ধ আনার ফ্যাম্পদহ ক্যাটালগের জন্য লিখুন।

মজুমদার এণ্ড কোং পেণ্টার্স,

২২ নং হ্যারিসন রোড, কলিকাতা।

#### সহজে যোগবল প্রত্যক্ষ করুন।

বজুযোগ—সর্কবিধ অজীর্ণ, ক্রিমি ও মেচনোর নাশক। ১৫ দিনের ১। চন্দ্রপ্রভা—গনোরিয়া, উপদংশ, ঘোলাটে প্রস্রাব, অতিরিক্ত প্রস্রাব, হাজপা ও চক্ষু জালা, শরীরের অবসাদ, শরীরে মুর্গন্ধ, গুক্রতারল্য, গুক্রগুগু ও স্ত্রীরোগে বিশেষ স্থফলদারক। ১ মাসের ৩ টাকা।
চন্দ্রব্রী তৈল—শাস্ত্রোক্ত প্রণালীমতে বিশেষভাবে প্রস্তুত। ইহাতে চুল থুব ঘন ও মন্থণ হর অথচ পেটকাপা, মাথাধরা, চক্ষে ঝাপা দেখা, হাল ক্রমন, হাত পা জালা, শরীরের অবসরতা প্রভৃতি অচিরে দ্র করে। এক শিশি বাবহারেই যথেষ্ট উপকার হইবে। বড় শিশি ২॥০ টাকা। ছোট শিশি ১॥০ টাকা।

অমৃত নিকেতন শটীই একমাত্র ষক্কতাদি দোষ, ভসকা ও পাতলা বাহে ও হধ ভোলা শিশুর নির্দোষ থান্ত। ইহা সর্বরোগেরই পথ্য। অম্বলের যম। ইহা মৃত্র যন্ত্রের দোষ, হৃদয় স্পন্দন, ত্রিশিফাত উপদ্রব ও চর্ম্মরোগ বিনাশ করে এবং মাথা ঠাণ্ডা রাথে। মূল্য বন্ধ কোটা।/০ আনা ছোট কোটা ৮০ আনা।

কবিরাজ শ্রীবিনোদলাল দাশ গুপ্ত কবিভূষণ।
অমৃতনিকেতন—২৬ নং গ্রে খ্রীট, কলিকাতা।

# জাহ্ৰবী।

( দৰ্কোৎকৃষ্ট সুলভ মাদিক পত্ৰিকা )

ভূতপূর্ব্ব "বঙ্গলন্ত্রী"সম্পাদক প্রীযুক্ত সুধারুঞ্চ বাগচি সম্পাদিত।

প্রতি বাঙ্গালা মাসের ১লা তারিখে প্রকাশিত হয়। প্রতি মাসে ৮ কর্মা ৬৪ পৃষ্ঠা থাকে। অগ্রিম বার্ষিক মূল্য ডাঃ মাঃ সহ ১॥০ দেড় টাকা মাত্র। প্রবন্ধগোরবে, বিষয়নির্ম্বাচন এবং ভ্রমণকাহিনী, নক্সা, বৈজ্ঞানিক প্রবন্ধ, কবিতা, স্থচিন্তিত প্রবন্ধ, ঐতিহাসিক কাহিনী ও গর, চয়ন, স্মালোচনাদিতে প্রতি মাসের 'কাহ্নবী'র কলেবর পূর্ণ থাকে।

कार्याभाक, जारुवी;

ৰাহ্বী কাৰ্য্যালয়, ২০১ নং কৰ্ণওয়ালিস ষ্ট্ৰীট, পোষ্ঠ সিমলা, কলিকাতা।

#### বিজ্ঞাপন।

সচিত্ৰ নৃত্ৰ অলোকিক বিজ্ঞাপন (দ্বিতীয় বৰ্ধ) মাধিক পত্ৰিকা। ব্ৰহ্মবিতা।

( বঙ্গীয় তত্ত্ববিভা সমিতি হইতে প্ৰকাশিত)

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাত্বর এম, এ, বি, এল। শ্রীযুক্ত হারেন্দ্রনাথ দন্ত বোস্তরত্ব এব, এ, বি এল।

এই পত্রিকায় প্রতিমাসে ধর্ম ও অধ্যায়-বিদ্যা সমন্ধে প্রবন্ধ এবং উপনিষদাদি শাস্ত্র-গ্রন্থ ধারাবাদ্বিকরণে প্রাঞ্জল ব্যাখ্যাসহ মুদ্রিত হইতেছে। ভদ্তির আর্ধ্য-শাস্ত্র-নিহিত অমৃল্য তত্ব রাজ পাশ্চত্য বিজ্ঞানের আলোকে পরিক্ষুট করিবার অভিলাবে বহুবিধ বৈজ্ঞানিক তত্ব, আধ্যাত্মিক আখ্যায়িকা, যোগশাস্ত্র, হিন্দু জ্যোতিষ প্রভৃতি বিষয়ে প্রবন্ধাদি এবং ধর্ম ও আধ্যাত্মিক বিষয়ক প্রশ্নের সহত্তর প্রকাশিত হইয়া থাকে।

আকার—রয়েল ৮ পেজী, সাত ফর্মা। বৈশাথ মার্সে বর্ষ আরস্ত। উৎকৃষ্ট কাগজ, পরিকার ছাপা।

মূল্য—সহর ও মফঃখল সর্বাত্ত ডাকমাণ্ডল সমেত বাধিক হুই টাকা মাত্র। তত্ত্বজ্ঞানপিপাস্থ ব্যক্তিগ**ণ সত্তর আহকশ্রেণীভূক্ত হউন ই**হাই প্রাথনা।

ব্রহ্মবিভা কার্য্যালয় ৪০০A. কলেজ স্কোয়ার, (গোলদীঘার পূর্বা) কলিকাতা। बोरागीनाथ ननी।

কার্য্যাধ্যক্ষ।

# মেদিনীপুর হিতৈষী

মেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বহুল প্রচারিত সাংখাহিক সংবাদপতা। বার্ষিক ম্বা ২০ টাকা। জেলার কালেস্টারীর ও দেওরানী আদালতের সমুদায় ইন্তাহার মুদ্রিত হয়। প্রত্যেক দেকারকে এক একথানি করিয়া কাগজ প্রেরিত হওরায় নূতন ব্যক্তি পাইয়া থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের প্রুর লাভ। বিজ্ঞাপনের দর ফ্লভ।

কলঙ্ক—ভক্তের ভগবান—প্রণমীর পতা।

উৎকৃষ্ট সভ; ঘটনামূলক গ্রন্থ। পাঠে কলখের ভর থাকেবেনা। কলকীও সাবধান হইবেন। ভাষার লালিতা ও মধ্রতায় মুখ্য হইবেন। শিক্ষার চূড়াও ! রস ও রসিক-ভার প্রস্থান। হাতে পড়িলে পাঠ শেষ না করিয়া ছাড়িতে পারিবেন না। মূল্য বাঁধাই ৮০ প্রানা, আবাঁধা॥৮০ আনা।

ভক্তের ভগবান্—অতি অপুকা গ্রন্থ। সতীর পতিভ'জের ট্জ্বল দৃষ্টাত ও জগবানের ভক্ত রক্ষা দেখিয়া চক্ষের জলে বক্ষঃ ভাসিয়া ঘাইবে, না পড়িলে বুঝা বায় না। মূল্য i• জানা।

প্রপ্নার পত্ত— জ্ব পাঠা। সভার পতিভাক্ত ও কর্ত্তবা সম্পানন দেখিল। মুক্ষ হইবেন। ভাষার লালিতো ও মাধুকো, বিষয়ের পরিক্ষুরণে ও শিক্ষার ইহা অমূল্য। মূল্য। তথানা পুত্তক ভিনধানি পাঠ করিল। মুক্ষা না হইলে মূল্য ফেরত দিব।

#### ৪• বৎসরের চিকিৎসাভিজ গবর্ণমেন্টের ভৃতপূর্ব কালাজ্বর ভদত্তকারী

এবং মৃত্র, মৃত্তনালী ও জননেক্সির সম্বন্ধীর রোগ সমৃহের বিশেষাভিজ্ঞ

রায় সাহেব ডাঃ কে, সি, দাসের

#### স্বাস্থ্য-সহার।

খাষ্যরকা সম্বন্ধে

ত্ত্রীপুরুষের দৈনিক আবশুকীয় পুস্তক—বিনাম্দ্যে বিভরিভ হইডেছে। স্বয়ং উপস্থিত হইয়া কিংবা পত্ত দারা গ্রহণ করুন।

# স্বাস্থ্য-সহায় ঔষধালয়।

৩০।২ হুারিসন রোড, কলিকাতা।

''পলাশী-স্চনা,'' ''অশ্রুধারা,'' ভীষণ প্রতিশোধ" প্রভৃতি পৃস্তক প্রণেতা:

ত্রী বৃক্ত অমুকৃলচন্দ্র মুখোপাধ্যায় প্রণীভ

# ১। বিধি-প্রসাদ।

#### মনোরম সামাজিক উপন্যাস।

২৬২ পৃষ্ঠায় সমাপ্ত। তিনথানি ফ্ল্মর চিত্র শোভিত। মৃল্য ১ টাকা মাত্র।
এই গ্রন্থে জন্মান্তরবাদ, প্রেততন্ত্ব, কর্মফল, পাপ পুণ্যের বিচার, হিন্দু শান্ত্রসন্মত ঐ
সকলের ব্যাপ্যা, আদর্শ হিন্দুর, ভ্রান্ত, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চাত্য-শিক্ষিত, পাশ্চাত্য
সভ্যতাধীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওজ্ঞবিনী
ভাষায় বর্ণিত হইয়াছে। ইহাতে আর্য্যাধ্বিগণপ্রবিত্তিত সনাতন ধর্মের সরল ব্যাখ্যা
আছে, অথচ তাহা একদেশ-দর্শিতাপূর্ণ নহে—প্রাচ্য ও প্রতীচ্যের দর্শন-শান্ত্র সমন্বরে
লিখিত এই সকল জটিল বিষয় যাহাতে স্কুমার-মতি বালক, সামান্ত শিক্ষিতা মহিলা
পর্যান্তও সহজে ব্ঝিতে পারেন, তত্রপ ভাষায় ও ভাবে উপস্থাসের বর্ণনাছলে বিবৃত করা
হইয়াছে।

এইত গেল শান্তীয় কথার বিচার, এতদ্বাতী ছ কি কি আছে দেখুন। আমুষ্ঠানিক হিন্দু জীবনের আদর্শ চিত্র, পিশাচ প্রকৃতি মানবের ভীষণ জীঘাংসা, হিন্দু বালিকার প্রবল ধর্মভাব, পরহিত সাধনের অমুপম দৃষ্টাস্ত—এ সকলের অভাব পরিদৃষ্ট হইবে না। এক কথার এমন শান্ত্রোপদেশ-মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ভ, সর্বাঙ্গস্কলর উপস্থাস বহুকাল যাবৎ বঙ্গ-সাহিত্যে প্রকাশিত হয় নাই। যদি ভাবুক হও, ধর্ম পিপাত্র হও, জ্ঞানার্জনে যত্নপরায়ণ হও, তাহা হইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিভৃত্ত হও—আত্মীয় স্কুলকে পড়িতে দিয়া নিজের কর্ডব্য সাধন ও তাহাদিগের সম্বোধ বিধান কর।

#### প্রীযুক্ত ক্ষীরোদ প্রসাদবিভাবিনোদ এম-এ প্রণীত।

•				
আলিবাবা (রঙ্গনাট্য )	•••	•••	•••	•
প্রতাপাদিত্য	•••	•••	•••	>/
প্রমোদরঞ্জন ( নাটক )	•••	•••	•••	•
জুলিয়া (ঐ)	•••	•••	•••	ho
পলাশীর প্রায়শ্চিত্ত	•••	•••	•••	3
সাবিত্রী (ঐ)	•••	•••	•••	•
বেদৌরা ( গীতিনাট্য )	•••	•••	•••	>
বৃন্দাবন-বিলাস ( গীতিনাটিকা )	)	•••	• • •	h.
কবি-কাননিকা (রঙ্গভাগ )	•••	•••		>
রঘুবীর (নাটক)	•••	•••	•••	ho
উन्ने ( 🗗 )	•••	•••	•	1) •
নারায়ণী (উপস্থাস, বিলাতী বাঁ	ধা )	•••	•••	<b>&gt;</b>   •
রক্ষ: ও রমণী		•••	•••	100
চাঁদবিবি ( ঐতিহাসিক নাটক )		•••	•••	3/
অশোক (ঐ)		•••	•••	3
ৰাসন্তী ( রঙ্গনাট্য )		•••		10
বঙ্গণা (গীতিনাট্য )	•••	•••	•••	•
পলিন		•••	•••	<b>   •</b>
বিরাম-কুঞ্জ		•••	•••	Иo
প্ৰিন …	•••	•••	•••	10
হুৰ্না ( উপাদের স্ত্রীপাঠ্য ; উৎকু	ষ্ট বাধাই)	•••	•••	ho
মিডিয়া ( বৈজ্ঞানিক নাটক )		•••	•••	•
খাঁজাহান ( ঐতিহাসিক নাটক		4 • •	•••	ho
"ভীশ্ন''	•••	•••	•••	3/

ইউনিভার্শেল লাইত্রেরী, ৫৬١১ নং কলেম্ব দ্বীট্, কলিকার্তা।

# जाल्योङ्ग स्ट्रा

# শ্রীক্ষীরোদপ্রসাদ বিজ্ঞাবিনোদ

সম্পাদিত।

**এ স্থিনীকুমার চক্রবর্তী বিএ, বিএল**,

সহকারি-সম্পাদক।

### নকলে লোকে ঠ'কে— আসলে জ্বেতে।

বরবৃদ্ধি লোকে মনে ভাবে, নাবে সন্তা হইলেই ছ'পরসা
বরে থাকিল। তা নকলই হউক, আর বাহাই হউক—
কিনিলেই চলিবে। কিন্তু কর দানে আসক হর না । বাহার।
একটু বৈশী দান দিলা আসল জিনিস ধরিদ্ধ করেন, ওাহারা
নকলের গণগুল অধিক কল লাভ করেন। আবাদের মহাহগনি
সর্ব্বেলিপ্রির ট্রেলির বিক্রাধিকা দেখিরা অনেক
নকল বাহির হইরাছে। গ্রাহকবর্গকে আসরা সমরে সাব্ধান
করিলা দিতেছি, বেন ক্রেল্বেরন করেনাল বার্ডিকের গারে
আমার প্রভিত্তি ও বাক্রর, বেন করিলা পরীক্রা করিলা
দেখেন। নচেৎ প্রভারিত হইতে হইবে।

এর্ক শিলি ১৯ এক টাকা; মাগুলাদি ।/- পাঁচ আমা। তিন শিলি ২।- ছই টাকা চারি আনা; মাগুলাদি ।/- এগার আনা।

গভাৰেণ্ট ৰেভিন্যান ভিমোমাপ্ৰাপ্ত শ্ৰীনগেক্সনাথ দেন গুপ্ত কবিরাজ, ১৮া১ গু ১৯ বং লোয়ায় চিংপুর রোভ, কনিক্টো।

वार्विक मूना आ॰ एक छोका।

थि गर्थात मुना Jo बाना।

# मृठो। •

>	ı	প্রেডড ও তাহার	মোচনো পার	•••		•••		•••	2 4
₹	1	ভূতাবেশ	•••	•••		: 2	••		3.4
4	ij	ৰপাল "	•••	•••				•••	>> •
8	ĵ,	श्रमूर्य		•••	*	•••		•••	. 258
e	í	यानेव ना पानव	•••	***		•••		• • •	.388

## অলৌকিক রহত্তের নিয়মাবলী

- ১। "অণৌকিক রহস্ত" প্রতি বাঙ্গাণা মাদের ১লা প্রকাশিত হয়। প্রাবণ মাদ হইতে ইহার বর্ষারস্ত ।
- ২। ইহার অগ্রিম বার্ষিক মূল্য ডাক মাঞ্চলাদি সমেত সহর, মকঃস্থল সর্বত্তি ১॥০ দেড় টাকা মাত্র; ভিঃ পিঃতে শাঠাইতে ৴০ এক আনা
  অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আনা।
- ৩। কেবল ১> সাড়ে তিন আনার ডাক টিকিট পাঠাইলে নমুনা একখণ্ড প্রেরিভ হইবে।
- ৪। পত্রিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পুর্বের না
  লানাইলে আমরা সেই সংখ্যা পুনরার পাঠাইতে দায়ী থাকিব না।
- ৫। কেই ষভূপি পত্রের উত্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হইলে। অফুগ্রহ করিয়া রিপ্লাই পোষ্টকার্ড লিখিবেন।
- ৬। "অলোকিক রহস্তা'-দম্বনীয় চিঠি-পত্ত, টাকা-পয়সা আমার নামে এবং প্রবন্ধাদি বিনিময়ার্থ পত্তিকাদি সম্পাদকের নামে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইবেন।

ইউনিভার্শেল লাইব্রেরী,

শ্রীস্থরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

বিশেষ দ্রষ্টবা:—পুনরাগমন সামাজিক উপজ্ঞাস বাহা ধারাবাহিব অলোকিক রহজে বাহির হইতেছিল তাহা সম্পূর্ণ হইয়াছে।

মুল্য ১। - টাকা মাত।

# অলেকিক রহস্য।

•ম বর্ধ। ]

व्याधिन, ১७२० ।

৩য় সংখ্যা।

#### প্রেতত্ব ও তাহার মোচনোপায়।

প্রেত: নরকস্থ প্রাণী। ভূতভেদঃ ইত্যমর:। মুতে ত্রি প্রত্যমে শব্দকর্জন:। প্রেত অর্থে নরকস্থপাণী বিশেষ, একপ্রকার ভূত, অমরকোষ অভিধানে ক্থিত হইয়াছে: যাহারা এই জ্বাৎ হইতে প্রেরিত হইগাছে, তাহাদের প্রেত কছে। প্রেতগণ মৃত্যুপথে এই ভূলোক হইতে চলিয়া গিয়াছে মাত্র; ইহারা এককালে এই জগতেই আমাদের মত মানবদেহ ধারণ করিয়াছিল। ইহাদিগকে অমরকোষকার এক প্রকার ভূত বলিয়াছেন, ইহার অর্থে বুঝা যায়, আমাদের এই পৃথিবী সম্বন্ধে উহারা আর বর্ত্তমান নাই. ইহারা মানবদেহ ধারণ করিয়া থাকে। কালে পৃথিবীতে বর্ত্তমান ছিল, এক্ষণে ইহাদের পৃথিবী-বাস অতীত কালের ঘটনা হইয়া পড়িয়াছে, এইজন্ম সতীত কালবোধক ভূত শব্দ ইহাদের নাম হইয়াছে। এইরূপ অর্থ অনুসারে মানবকে মৃত্যুর পরই প্রেত, ভৃতশব্দে উল্লেখ করা যাইতে পারে, কিন্তু সচরাচর তাহা হয় না। ভূত, প্রেত এই হুইটি শব্দ এক্ষণে কদর্থে, নিরুষ্টার্থে ব্যবন্ধত হুইতেছে। মৃত্যুর পর ধাহাদের পৃথিবীতে আপন অন্তিম বজায় রাথিবার हेक्का व्यवन व्याष्ट्र ७ (महे हेक्कांद्र वर्ष मर्खारलांकवांनी मानवरक पर्यन দিতেছে ও নানা প্রকার অত্যাচার আদি করিতেছে, তাহাদেরই চলিত

কথায় লোকে 'ভূত হইয়াছে' বলিয়া থাকে, এবং একটু ভদ্ধ ভাষায় বলিতে হইলে তাহাদের প্রেতত্ব প্রাপ্তি হইয়াছে বলা হইয়া থাকে। এইরপ প্রেডছ প্রাপ্তির কারণ আলোচনা করাই এই প্রবন্ধের উদ্দেশ্য।

জন্ত্বগণ অণ্ডল, স্বেদজ, জরায়ুজ ও উদ্ভিজ্জ এই চারি শ্রেণীতে বিভক্ত হইয়া চতুরশীতি লক্ষ যোনিতে বিচরণ করিতে থাকে। অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্ঞ ও জরাযুদ্ধ হইয়া প্রত্যেক শ্রেণীতে এক বিংশতি লক্ষ বার জন্ম গ্রহণ করিয়া থাকে। উপরি উক্ত পৌরাণিক উক্তি সর্বাথা ও সর্বা ষ্মবস্তায় প্রযক্ষ্য হইতে পারে না। এক এক স্মবস্তায় জন্মের সংখ্যা এক-বিংশতি লক্ষ অপেক্ষা অনেক কম করা যাইতে পারে। মানব জন্ম চেষ্টা করিয়া লোকে অনেক অল সংখ্যক জন্মের মধ্যেই মুক্ত অবস্থা প্রাপ্ত হইয়া জন্ম মৃত্যুর হাত এড়াইতে পারে: এমন কি পশুজন্মই প্রকৃত হিতৈষী লোকের সালিধ্যে ও সহায়তায় পশুজন্ম সংখ্যাও অনেক किमन्ना शिवा थाटक। मानवरमञ् इट्टेवात अटर्स कीवटक शक्तरहर थाकिएक হয় ৷ যাহাদের পণ্ডজন্ম সংখ্যা প্রায় শেষ হইয়া আসিয়াছে, সেইরূপ बोবকে গৃহপালিত পশুরূপে জ্বিতে হয়। এইরূপে মানবের সংস্পর্শে আসিয়া ইহাদের আমিত্বের প্রসার হইতে থাকে। অহং জ্ঞান বিশেষ-রূপে ইহাদের মধ্যে বদ্ধমূল চইতে থাকে। যিনি নারায়ণের এই ক্রম বিকাশের নিয়ম ব্ঝেন, সেইরূপ ভাবে ক্রম বিকাশের কার্যো সহায়তা করা তিনি নিজের ধর্ম বলিয়াও জানেন, তিনি আপনার আশ্রিত পশু-দের মধ্যে এই অহংজ্ঞান আবশুক্ষত বৃদ্ধি জ্বন্ত পশুদের শিক্ষা দিরা থাকেন। এইরূপে সাধুর সহায়তার ক্রমে ক্রমে দেই পশুর আবশুক মত আমিত বোধ হওয়ার তাহার পশুজনের সংখ্যার শেষ হইবার পুর্বেই সে মানবদেহ প্রাপ্ত হইয়া থাকে। আমরা এক্ষণে পৃথিবীতে মানবদেহে রহিয়াছি। আমাদের যথন পশু-দেহ ছিল, তথন আমরা চক্রলোকে বাস

করিতাম। তথাকার মানবের সংহায়ে আমাদের অনেকের এইরূপে পশুজনা হইতে হলভি মানবদেহ লাভ, কয়েক জনা অগ্রে হইরা থাকিবে সন্দেহ নাই। আমাদের গৃহপালিত পশু সকলেরও আমাদের মন্ত জীবাত্মা আছে। তবে তাহার উন্নতি বা বিকাশ আমাদের মত হইতে বিলম্ব আছে। উগারা আমাদের গস্তব্য পথে চলিতেছে, তবে অনেক পশ্চাতে পড়িয়াছে মাত্র: উহারা আমাদের রূপার পাত্র, উহাদের অগ্রসর করিয়া দিতে আমাদের চেষ্টা করা আমাদের কর্ত্তব্য বলিয়া অনেকেই বলিয়া থাকেন। আমাদের পৃথিবীর পশুদের মধ্যে অনেকেরই মানবদেহ লাভ আর পৃথিবীতে ঘটিবে না, তথন প্রাণস্রোত এ পৃথিবী ছাড়িয়া অন্ত কোন লোকে থাকা সম্ভব।

অওজানি জাব সকলের শরীরের বাক, চক্ষুদ্বর, নাসিকাদ্বর, শ্রবণ-युगन ७ मृत पूती स्वत इटें हैं पथ चाहि, वह मकन हिम्दक दात करहा নাভির উদ্ধে মুর্না পর্যান্ত অঈ ছিদ্র রহিয়াছে। স্থকৃতিসম্পন্ন মানবগণের জীবাত্মা ঐ দকল উর্দ্ধাছিদ্রের কোন একটীর মধ্য দিয়া প্রয়াণ করিয়া থাকে। যাহারা অধন্ছিলে গমন করে অর্থাৎ যাহাদের প্রাণবায়ু নাভির নিমন্ত কোন দার দিয়া মৃত্যুকালে বাহির হইয়া যায়, তাহারা স্চাতিলাভে সমর্থ হয় না। গরুড়পুরাণে ভগবান ঐক্তিঞ্চ বলিতেছেন-প্রাণিগণ মরিলে পরমায়ু সুক্ষীভূত হৃইয়। ভাহাদের গলদেশ হইতে নির্গত হয়, এবং দেহের কর্ণ. নামা, গলদেশ প্রভৃতি নবদার, রোমকৃপ ও তালুরন্ধ, দারাও বহির্গত হইয়া থাকে। বায়ুর সহিতই জীব দেহ হইতে নিজ্ঞান্ত হয়। যাহারা পাপী, তাহাদের অপান বায়ুর সহিত জীব নিক্রান্ত হয়। এই ष्मभान वायुत्र श्रांन नाजित्र निम्नर्रात्म । এই क्राप्य याशास्त्र कोवाचा वाहित्र হইয়া যায়, তাহাদের জীবাত্মা অধশ্ছিদ দিয়া যাইল বুঝিতে হইবে। অত এব এইরূপ জীবের সূদ্যতির আশা থাকে না। শ্রীকৃষ্ণ আরও

বলিয়াছেন, তৃষ্ণাভিভূত মানব নরক প্রাপ্ত হয়। যাঁহারা তৃষ্ণা হইতে মুক্ত হইয়াছেন, তাঁহারা স্বর্গযান লাভ করেন। মায়াপাশে বন্ধ না হইলেই জীব স্থবলাভে সমর্থ হয় । পাশবন্ধ জীবের মন এই সংসারে নিন্দিত কর্ম্মে ভ্রমণ করিতে থাকে। আমরা এই বচন হইতে বুঝিলাম ধে প্রেতত্ত্বের প্রধান কারণ মারা ও তৃষ্ণা।

শ্রীক্রম্ভ বলিতেছেন যাহারা পরস্থ অপহরণ করিতে,বা পত্নী ও আত্মজ-গণের অন্বেষণে তৎপর, সেই সকল ব্যক্তি মৃত্যুর পর অশরীরী প্রেতাবস্থা প্রাপ্ত হয়, এবং তাহারা ক্ষধা তৃষ্ণায় পীড়িত হইয়া বায়ুরূপে নিজগুহে পুনর্ব্বার আগমন করে ও মূত্রোৎসর্গাদির স্থানে শ্বস্থিতি করে। সেখানে থাকিয়া রোগ শোকাদির ঘারা পরিবৃত জনগণকে নিরীক্ষণ করে। অনস্তর ঐকান্তিক জর তাহাদের পীড়া প্রদান করে এবং উচ্ছিষ্টাদি স্থলে অবস্থিত হইয়া নিয়তই চিন্তা করিতে থাকে। তথায় ভূতগণ কর্ত্তক রক্ষিত হইয়া পুত্রগণের ছল অবেষণপূর্বক উচ্ছিষ্ট ভোজনযুক্ত পানীয় পান করে। কেই কেই নিজ প্রেত অবস্থা হইতে মুক্তি কামনায় স্বীয় পুতাদি আত্মীয় স্বজনধারা পুণা-কার্যা করাইবার ইচ্ছা ও প্রয়োজন জ্ঞানাইবার জন্ম পুত্রাদিকে চিহ্নিত করিয়া থাকে, অর্থাৎ তাহাদের উপর আবিষ্ট হইরা থাকে, ও গৃহে নানা প্রকার অত্যাচার করিয়া থাকে। এইরূপে পুত্রাদির প্রতি অধিষ্ঠিত হইরাও যন্তপি প্রেতত্ব হইতে মুক্তিলাভ कवित्व ना পाद्र, जाहा इहेटल भूनर्वात यम्पलादक गाहेशा आश्रम बहुता পাকে, বেহেতু তত্ততা ব্যক্তিদের কালসহকারে কর্ম-ক্ষয়েই প্রেতত্ব হইতে মুক্তি হইয়া থাকে।

আমরা এক্ষণে স্ক্রলোক দর্শনে সমর্থ সাধকদের ছারা যে উপদেশ পাই, তাহা হইতে বৃঝি যে প্রেতের এই কুধা প্রক্ত কুধা নহে। উहा खांक वा मिथा। छान मांव ; कोवि ावशा वदावत क्या-त्वाध করিয়া আসায়, থাইবার আবশুকতা ও অভাব বোধ তাহাদের সংস্কারবশতঃ মনে উদয় হয়। উহা কেবল তাহাকে কট দিবার একতম উপায়
মাত্র। তাহার থাইবার আবশুকতা নাই। এ ভ্বলোকে জীবকে থাইতে
হয় না। এথানে না থাইলে তাহার শরীরের কোন ক্ষতি নাই ও ক্লান্তি
দৌর্বল্য আসিবে না, একথা সেই লোকে জীবকে ব্ঝাইয়া তাহাকে ক্ষ্ধারূপ যাতনা হইতে মুক্তি দেওয়া যাইতে পারে। অনেক পরতঃথকাতর
পার্থিব দেহধারী ও দেহ মুক্ত মানবে ভ্বলোকে এই কার্য্য রীতিমত
দৈনিক করিয়া থাকেন। এই প্রেত্ত আত্মীয় স্বজনের উপর মায়া বশতঃ
হইয়া থাকে ব্ঝিলাম।

গরুড়পুরাণে উক্ত হইয়াছে. মুতের চিতাকার্যা সমাপন হইলেই প্রেত্ত জন্ম। কেহ কেহ বলেন চিতাকার্য্য বিভ্যমানাবস্থাতেই প্রেতত্বপ্রাপ্তি হয়। কোন কোন প্রেভতত্ত্বিদ্ পণ্ডিতের মতে যে সময়ে মৃতব্যক্তিকে প্রেতনামে অভিহিত করিয়া পিও-আদি প্রদান করা হইয়া থাকে. তথনই ভাহার প্রেতত্ব প্রাপ্তি হইয়া থাকে। যাহা হউক পৌরাণিক মতে প্রেতত্ব হুই প্রকার। একপ্রকার প্রেতত্ব মৃত্যুর পর হুইতে এক বৎসর**কাল** वाानी, व्यर्थाए यर्जानन ना स्वाष्ट्रम आह रहेशा मिन छो करान रहेशा थारक, ততদিন সকল হিন্দুকে প্রেতত্বে থাকিতে হয়, এবং তাহাদের শ্রাদ্ধাদি-কালে তাহাদের প্রেতশব্দে আবাহন আদি হইয়া থাকে। এই মতের পোষক বাক্য কুর্ম্মপুরাণ, গরুড়পুরাণ প্রানৃতির মত নানাস্থানে উদ্ভূত হইয়াছে দেখা যায়। স্পিণ্ডাকরণের দারা এই বৎসরকাল স্থায়ী প্রেত-দেহের নাশ হইলে জীবের ভোগ দেহ হইয়া থাকে। ভিথিতত্ত্বত বিষ্ণু-ধর্ম্মোত্তরীয়বচন ইহার প্রমাণ,—"ক্বতে দপিণ্ডীকরণে নরঃ সংবংসরাৎ-পরং। প্রেতদেহং পরিত্যকা ভোগদেহং প্রপন্ততে॥" মানবের এই প্রেতদেহ পুরক্পিগুদান হইতে উৎপন্ন হইন্না থাকে। মৃত্যুর পর

দশ দিনে যে দশ পিণ্ড দেওয়ার বিধি আছে, তাহাকে পুরকপিণ্ড কছে। এই পুরক্পিও প্রতিদিন এক একটি করিয়া দশ দিনে দশটি দিতে হয়: পথম দিবসে যে পিঞা দেওয়া হয় তাহাতে প্রেডদেহের মুদ্ধা গঠিত হয়: দ্বিতীয় দিবসের পিও ভইতে গ্রীবা ও স্কন্ধ উৎপন্ন হইয়া থাকে; তৃতীয় দিবসের পিণ্ড হইতে হৃদয়দেশ জন্ম। চূত্র্য দিবদের পিও হইতে হস্ত এবং পঞ্চম দিবসে যে পিও দেব্যা হয় তাহ: হইতে নাভি উৎপন্ন হয়। ষষ্ঠ দিনে যে পিও প্রদত্ত হয় ভাহাতে কটিদেশ এবং সপ্তম দিবসের পিও ১ইতে গুহু হইগা থাকে। অইন দিবসে যে পিও দেওয়া হইয়া থাকে ভাহাতে উক্তম্বয়, এবং ন্বন দিবদের প্রদত্ত পিও হইতে জামু ও চরণ দ্বয় উংপন্ন ২ইরা থাকে। মৃতব্যক্তির প্রেংদেই উক্তরূপে নব পিণ্ড প্রদান ইইতে উৎপন্ন হইয়া পাকে। এই নব পিণ্ড দানের শাস্ত্রীয় উদ্দেশ্য এইরূপ বুঝা গেল। কিন্তু এচ কার্যা করিবার জন্ম আমাদের কি কোনকপ যত্ন চেষ্টা আছে ? আমাদের উপদেষ্টা কুলপুরো-হিত মহাশয় কি আমাদের এই কথা বলিয়া দেন ? প্রত্যাহ যে এক এক পিও দিকে হয় তাহা আমরা অনেকে জানিই না। অশৌচান্তদিনে দশ্পিও দান করিতে হয়, তাহাই গুধু আমাদের কর্ত্তবা, ইহাই আমাদের অনেকের ধারণা আছে। প্রোহিত মহাশয় ত কোন যজমানকে এই কার্গ্যে প্রবৃত্ত হুইতে বলেন না। উদ্দেশ্য ব্রিয়া কাঞ্চ করা হিন্দদের মধ্যে একেবারেই উঠিয়া গিয়াছে এবং ভক্তপ্ত পুরোহতমণ্ডলীর বিশেষ দোষ বলিতে ১ইবে, তাঁহারা ধর্মকর্মের রক্ষক না হইয়া ভক্ষক হইয়া দাঁডাইয়াছেন। ত্রয়াদশ বর্ষ বয়ংক্রমকালে উপনয়ন হইয়াছিল মনে আছে। উপনয়নের দিন হইতে দিবসত্তয় ব্রহ্মচর্যা অবস্থায় ঘরের মধ্যে থাকিতে হয়: কাজেই আমাকেও থাকিতে ২ইয়াছিল। সুগা শুদ্ৰ প্ৰভৃতিকে **(मिथ्रिक नाहे, काकार रिवम विलिया (मिद्रिया क्हेग्राहिन, क्यारम्म शानन इ** 

করিয়া ছিলাম। পিতা, মাতা, আত্মীয় সজনও এনিকে বেশ লক্ষ্য রাথিয়া-ছিলেন। কিন্তু মনে পড়ে ব্ৰন্ধচারী হইয়া গুহে আবদ্ধ থাকিবার সময় মধ্যাক্তে ঘরের ভিতর বেশ ঘুমাইতাম, কেহ তাহাতে দোষ ধরিতেন না। আজকাল সংস্কৃত শিক্ষা করিয়া উপনয়নের মন্ত্রাদি পাঠ করিয়া জানিতে পারিতেছি, পুরোহিত মহাশয় উপবীত প্রদানকালে অনেকগুলি কার্য্য করিতে আমাদের নিষেধ করিয়াছিলেন। আমরাও তথন নৃতন উপবীত ধারণ করিয়া সেই কার্য্য করিব না বলিয়া স্বীকার কহিয়াছিলাম। তন্মধ্যে 'মা দিবা সাপ্সি'-নামক একটি নিষেধ ছিল, আসরাও তাহার উত্তরে 'বাচং' বলিয়াছিলাম। ইহার অর্থ এই-পুরোহিত বলিলেন 'তুমি উপবীতধারী হইয়া দিবাভাগে নিদ্রা যাইও না।' আমরা স্বীকার করিলাম 'যে আজ্ঞা'। কিন্তু এই কার্যোর অর্থ আমাদের পুরোচিত মহাশন্বগণ বুঝাইয়া দেন না। আমরাও তথন বুঝিলাম যে আমরা কি করিতেছি বা কি বলিতেছি। কাজেই নুতন উপবীত ধারণ করিয়া যে প্রতিজ্ঞা করিলাম তাহা ব্রহ্মতর্যা অবস্তাতেই ভঙ্গ করিলাম। ইহার জন্ম দোষা কে ? পুরোহিতগণ নহেন কি ? তাঁহারা কি উপনয়নকালে মানবককে যে সকল উপদেশ দেওয়া হইয়াছে, তাহা বাঙ্গালায় ব্ঝাইয়া দিতে পারেন না ৭ ইচা কি তাঁহাদের धर्म नव १

ষাউক, এক্ষণে প্রেত্ত্ব সম্বন্ধে এই বলা যায় যে মৃত্যুর পর লোকের একেবারে এই পৃথিবীর, এই আত্মীয় স্বজনের মায়া কাটাইয়া উঠিতে পারেন না। গকলেরই একটু না একটু মানদিক অশাস্তি থাকিয়াই যায়। এই জন্ম হিন্দুশান্তে এই বৎসরবাাপী প্রেতত্ব সর্বাদারণের ভোগ্য বলিয়া উল্লেখ করা হইয়াছে। এই বংসরকাল পেতকে কোথায় কি অবস্থায় পাকিতে হয়, তাহা গৰুড় পুরাণে স্থন্দররূপে বর্ণিত হইয়াছে। দ্বিতীয় প্রকার প্রেতত্ব গুরুতর পাপ-হেতু ঘটিয়া থাকে, ইহা সকলের

জন্ত নহে। কথিত আছে বৈদিক বিধানে ঔদ্ধদিহিক ক্রিয়া যাহাদের হর না, যাহারা আজন্ম বিষ্ণু প্রভৃতি দেবছেমী, তাহাদের সংবৎসরব্যাপী প্রেত্তনাশের পর ভোগদেহ প্রাপ্তি হয়। সেই ভোগ দেহে বছকাল নরক ভোগের পর পুনরায় প্রেভদেহ প্রাপ্তি ঘটিয়া থাকে। পদ্মপুরাণ উত্তর-খণ্ড ও গরুড পুরাণে এই মতের পোষক বচন দেখিতে পাওয়া যায়।

পুরাণে প্রেতকে তিন শ্রেণীতে বিভাগ করা হইয়াছে। প্রেত. মহাপ্রেত ও পিশাট। মহাপ্রেতকে প্রেতরাজও কোথাও কোথাও বলা হইয়া থাকে। মহাপ্রেতদের সঙ্গে অনেক প্রেত থাকে, ইনি যেখানে বান বহুপ্রেত ইংগার আজ্ঞামূবর্ত্তী হইয়া সঙ্গে গিয়া থাকেন। কথনও ইঁহাকে একাকী থাকিতে হয় না; সর্বদাই দলবদ্ধ হইয়া বিচরণ করেন। দলস্থ অপর সকলেই ইঁহার আজ্ঞাবহ। শুদ্ধিতত্ত্ব-ধৃত বচনে দেখা যায়, অশোচান্তের পর দ্বিতীয় দিনে যাহাদের ব্যোৎসর্গ হয় নাই. তাহাদের উদ্দেশে শত শত শ্রাদ্ধ করিলেও তাহাদের পিশাচত লাভ ছইয়া থাকে। এই বচনটি প্রক্রিপ্ত পাঠ বলিয়াই অনুমান করিতে হয়। অর্থাদি অভাবে রুয়োৎসর্গ অনেকেরই না হইবার কথা, তাহা হুইলেই যে তাহাদের প্রেত্ত মাত্র না হুইয়া একেবারে নীচ প্রবৃত্তিযুক্ত অনিষ্টকারী ভয়ানক পিশাচত্ত অবস্থা প্রাপ্তি হইবে, ইহা বিচারসঞ্চত বলা যায় না। অথবা বুষোৎদর্গ শ্রাদ্ধের প্রশংশাকালে মাত্র বলা হইয়া পাকিবে। পিশাচ এক প্রকার দেবযোনি বিশেষ। কিন্তু জীব মুভার পর যে পিশাচত্ব প্রাপ্ত হয় তাহা দেবযোনি পিশাচ হইতে সম্পূর্ণ ভিন্ন। প্রেতের মধ্যে যাহারা অতি বড় পাপী, যাহার মনে হিংসা, ছেষ, জিঘাংসা প্রভৃতি কুবৃত্তি গুলি অতিশয় প্রবল বহিয়াছে, বাহারা মানবদেহে থাকিয়া ষাতক, ক্সাই, ডাকাইত প্রভৃতির কার্য্য করিয়া গিরাছে এই সক্র লোকের পিশাচত অবস্থা হয়।

যাহারা উন্তর্ধনাদির দ্বারা আত্মহত্যা করিয়াছে, তাহারা প্রায়ই পরলোকে আসিয়াও অক্সের ঐরপ দুশা ঘটাইবার চেষ্টা করিয়া থাকে। ইহারা মর্ত্তালোকবাসী মানবদের এই পথ দ্বার। আপনাদের অবস্থায় আনিবার জন্ম সদাই চেষ্টিত থাকে। ইহাদের প্ররোচনায় অনেক মানব একবার একট আত্মহত্যার কথা মনে করিলেই একেবারে প্রবলভাবে আসক্ত হইয়া পড়ে। এইরূপ মৃতবাক্তিকে পিশাচ আথাা দেওয়া ভইয়া থাকে।

জার্মানির কোন একস্থানে রাজসরকার হইতে এক সৈনিক পুলিশ পাহারার ব্যবস্থা হয়। প্রতাহ তথায় একজন দৈনিক প্রিশকে বক্ষক হইয়া থাকিতে হইত। ঐ স্থানের একজন দৈনিক পুরুষ পারিবারিক অশান্তিবশত: আপনার বন্দুকের গুলিতে আত্মহত্তা করে। সে আপনার পাহারাবস্থাতেই আহত হইয়া পড়িয়া মুত্যপ্রাপ্ত হয়। পরে ঐ স্থানে ষে কর্মটী দৈনিক পুরুষকে পাহারা দিতে পাঠান হইয়াছিল, তাহারা সকলেই একে একে আত্মহত্যা করিল। তাহারা বলিত, কেন কি জানি হুই একদিন ঐ স্থানে পাহারায় থাকিবার পরই তাহাদের মনে আত্মহত্যার বাসনা প্রবলভাবে উদিত হইত: সেই সকল দৈনিকদের মনে এমন কোন অণান্তি ছিল না, যাহার জন্ম তাহারা ঐ কার্য্য করিবে। ততাচ তাহাদের ঐ স্থানে পাহারায় থাকিলেই মনে এই বাসনা এতই প্রবল হইত যে. কয়েকজন ঐ বাদনা দমন করিতে না পারিয়া উপরি উপরি আত্মহত্যা করিল। শেষে রাজ-সরকার হইতে সেই স্থানে পাহারা দেওয়া বন্ধ করিয়া দেওয়া হইল। প্রথমে যে দৈনিক-পুরুষ ঐ স্থানে স্পাত্মহত্যা করে তাহার পিশাচত্ব প্রাপ্তিই পরবর্ত্তী কয়েকটি নিরীহ লোকের আত্মহত্যার কারণ। লোকে এইরূপ আত্মহত্যা করিলে তাহা দের আয়ুদ্ধালের যত বর্ষ বাকী থাকে. ততকাল প্রায় তাহাদের পিশাচড

অবস্থায় থাকিতে হয়। তবে সকলের অবস্থা এইরূপ হয় না। যাথাদের উদ্দেশ্য ভাল থাকে, যাহার: বিনাপরাধে আত্মহতা! করে—যেমন পর্বেনি-ল্লিখিত প্রথম প্রহরীর প্ররোচনায় যে কয়েকটি প্রহরীর আত্মহত্যা ঘটে— সেই সকল লোকের পিশাচত অবস্থা ১য় না। ইহারা তাহাদের আয়ু-দ্বালের বাকী বর্ষ এক প্রকার অবোর অবস্থায় কাটাইয়া দেয়।

ক্রেমণঃ

बोकार्टिकहत्व वत्नाभिधात्र।

#### ভূতাবেশ।

১৯০৮ দনের ৩০ দেপ্টেম্বর সন্ধার পূর্বের প্রায় টোর সময় একটা ভদ্রলোক আসিয়া সংবাদ দিলেন যে, তাঁহার বাস্তে একটা স্ত্রীলোকের হিষ্টিরিক ফিট হইয়াছে। তাড়াতাড়ি যাইয়া রোগিণীকে ফিটের অবস্থায়ই পাইলাম এবং পরীক্ষা দ্বারা বুঝিলাম—ইহা হিষ্টিরিয়া নতে, ভূতাবেশ।

সম্পাদক মহাশয়, মার্জনা করিবেন, আজ একটুকু বাজে কথা না লিখিয়া পারিলাম না। প্রায় তিন বৎসর হইতে প্রথম যথন হিষ্টিরিয়া ব্যাধি নহে ''ভূতাবেশ", এই কথা সর্বাদমক্ষে প্রচার করিতে অগ্রসর হইয়াছিলাম, তথন আমার বড়ই ভয় হইয়াছিল যে, হয়ত বা কভই বকুনী শুনিব। প্রথম যেদিন হিষ্টিরিক ফিট সম্বন্ধে প্রবন্ধ লিখি, সে দিন আমার কনিষ্ঠ ভ্রাতা শ্রীমান সতীশচক্র আমাকে ঠাট্টা করিষ্ বলিয়াছিলেন যে, ''আপনার প্রবন্ধ ধার৷ অতি সম্বর্ট একথানা লেপ প্রস্তুত ইইবে"। প্রথমত: তাহার কথার অর্থ কিছুই বুঝিতে পারি নাই, পরে আরও একটুকু বিশদভাবে বলিলেন যে, "পত্রিকার সম্পাদক মহাশ্রগণ ইহা পাঠ করিয়া, এমন করিয়া তূলা ধুনিবেন যে, এ বৎসরে আর লেপ থরিদ করিতে হইবে না।" যাহা হউক ভয়ে সঙ্কোচে প্রবন্ধ প্রকাশিতও ইইল। কিন্তু যে ভয়ে এত বাস্তু ছিলাম তাহার কিছুই হইল না; বরং মাঝে মাঝে সহানুহতিই পাইতেছি।

প্রায় ৬ বংসর হইল আমি এবং আমার কনিষ্ঠ প্রতা শ্রীমান্
সতীশচন্দ গাঙ্গুলী হিছিরিয়া চিকিৎসা করিয়া আসিতেছি। কিন্তু ইহার
ভিতরে শতকরা ৭৫ জনই ভৃতাবিষ্ট প্রমাণিত হইয়াছে। এই কয়
বৎসরে প্রায় ০০ শত রোগী এবং ভূহাবিষ্ট আমাদের চিকিৎসাধীনে
থাকিয়া সমাক্ আরোগ্য লাভ করিয়াছেন। যে সমুদায় রোগী ভূতাবিষ্টা
নহেন, তাহাদের মধ্যে অধিকাংশই পদরাদি জরায়ু ঘটিত রোগী।
বাদ বাকী রোগিগণের মধ্যে কেহও বা ভয় পাইয়া কেহও বা মন্তিক
বিক্তি হইতে হিছিরিয়া আক্রান্ত হইতেছেন। যে সমুদায় অবস্থার
কথা লেখা হইল, ইহার চিকিৎসা খুব সহজ অর্থাৎ অল্প সময়য়াপেক;
কিন্তু যাহারা বাতব্যাধি হইতে হিছিরিয়ার অনুরূপ কিট সহ্ করিতেছেন,
তাহার। একটুকু না ভোগাইয়া আরোগ্য হইতে চাহেন না। আমরা
যে গুরুর অনুগ্রহে এ বিদ্যার কতক আধকারী হইয়াছি, ক্রমে ক্রমে এই সব রোগ চিকিৎসাও রাতিমত শিক্ষা দিয়াছেন।

যাহা হউক, যাহার জন্ম এত কথার অবতারণা সে রোগিণীর কথা বলা যাউক। এ রোগিণী অথবা আবিষ্টা কোন গবর্ণমেন্ট আফিসের উদ্ধৃতন কর্ম্মচারীর একমাত্র কন্মা। হিষ্টিরিয়ার সংবাদ পাইয়া আবিষ্টার লাভা ভাহাকে ভাহার স্বামীর বাড়ী হইতে পিভার চাকুরী খানে শইয়া যাইবার পথে চাদপুর ভাহার এক আত্মীরের বাসাতে অপেক্ষা

করেন। সেই সময়েই তাঁহার যে ফিট তাহা অবলম্বন করিয়াই এই প্রবন্ধের অবতারণা। ক্রমে সময়ামরে ও স্থানাস্তবে তাহার অনেকবারই ফিট অথবা ভূতাবেশ হয়। তাহার যে কয়েকটা আমি প্রত্যক্ষ করিয়াছি, क्रांस क्रांस रम मकनरे श्रेकांस क्रितात रेड्या तिर्वत । এरे व्याविष्ठीत আবেশ সমূহ এতই আশ্চর্যা ও গুপুরহন্তে পরিপূর্ণ যে, আছোপাস্ত পাঠ করিলে কেহ বিশ্বিত বা অভিভূত না হইয়া পারিতেন না।

যে সময়ের কথা বলিতেছি, উহা আমাদের প্রেততত্ত্ব আলোচনার প্রথম অবস্থা। তথন এ বিষয়ে বিশেষ কোনও জ্ঞান শাভ করিতে পারি নাই। কাব্দেই কুণ্ডলা না করিয়া এবং বাতনা না দিয়া প্রকৃতই আত্মার আগমন হইয়াছে কি না, বুঝিতে পারিতাম না ৷ স্থতরাং রোগিণীর সমুখীন হইয়াই কুগুলী করিলাম, কিন্তু তথন রোগিণী এমন কোনও ভাবই প্রকাশ করিলেন না যে, আত্মার আবির্ভাব ভাহাতে বুঝিতে পারি। কাঞ্চেই একটু কু যাতনা দিতেই বাধ্য ইইলাম।

২া৪ মিনিট ৰাতনা দিবার পর আবিষ্ঠা এমন একটা ভাব প্রকাশ করিতেছিলেন যে, যেন তিনি জলে ডুবিয়া গিয়াছেন এবং নিখাদ লইতে যাইয়াই জলপান করিতেছেন, আর সমুথে যাহা পাইতেছেন তাহা ব্দবলম্বন করিয়াই উপরে উঠিবার জন্ম প্রাণপণ চেষ্টা করিতেছেন।

এই অবস্থাট দেখিরাই আমার বিশ্বাস হইল যে, ইহা নিশ্চরই এমন কোনও মানুষের আত্মা হইবে, যিনি জলে ভূবিয়া মরিয়াছেন, এবং অপর মনুষা দেহে প্রবিষ্ট হইতেই তাহার সেই অস্তিম স্মৃতিটি জাগিয়া উঠিয়াছে। আর সেই স্থৃতির তাড়নায় বাধ্য হইয়াই তিনি এইরূপ ভাবে ছট্ফট্ করিয়া ক্লান্ত হইতেছেন। ক্রমে আবিষ্টার মুপেই আহুপূর্বিক সংবাদ পাইরা বুঝিতে পারিলাম যে, আমার অহমান মিথ্যা নছে।

প্রঃ। তুমিকে ?

উ:। আমি আবার কে, আমি মানুষ—আমি—

প্র:। তুমি মারুষ নও, তুমি ভূত, তোমার নাম কি বল ? নভূবা তোমার খুব ধাতনা দিব।

উ:। তুই কে যে, আমায় কষ্ট দিবি। আমি মানুষ, এই যে আমার দাদা ব'সে আছেন। দাদা। দাদা। তৃমি আমায় ধর, এ লোকটা আমায় মারবে। একে ঘর থেকে বে'র ক'রে দাও।

প্র:। সব কথা খুলে না বল্লে, ভোকে ছাড়ব না, আর খুব কষ্ট দিব। উ:। দেখুতোর ভাল হবে না। আমায় কষ্ট দিলে তোর সর্ব-নাশ করব।

প্র:। তোমার সাধ্য থাকলে এতক্ষণ বদে থাকতে না, বল তুমি কে ? নাম ধাম জানিবার জন্ম নানারপে প্রশ্ন করিতে লাগিলাম, কিছ একথা দেকথা বলিয়া কেবল সময় নষ্ট করা ভিন্ন অভা কোন ও ফল পাইলাম না। ফল হইতেছে না দেখিয়া আবার কতকক্ষণ যাতনা দিতেই তিনি বলিতে আরম্ভ করিলেন।

উ:। আমি প্রিয়বালা।

প্রঃ। তুমি কি এর (আবিষ্টার) কোন আত্মীয় ?

প্র:। কেমন ক'রে তুমি মরেছিলে ?

**डे:। क**ल पूर्व।

তথন আবিষ্টার ভ্রাতা শ্রীযুক্ত-মহাশয়কে ব্রিজ্ঞানা করিয়া কানিলাম যে, বছদিন পুর্বের তাঁহারই একটা দ্রসম্পর্কীয়া ভগিনী জলে ডুবিয়া মারা গিয়াছেন। তথন পর্যান্ত জাবিষ্টা জন্মও গ্রহণ করেন নাই। জাবিষ্টার ভ্রাতা \* • \* গ্রথমেণ্ট আপিসে চাকুরী করেন।

প্রঃ। কেমন ক'রে তুমি জলে ডুবে মর।

উ:। আমার যথন পাঁচ বছর বয়স, তথন একদিন আমার মাসিকে একটুকু জল দিতে বলি। তথন তিনি বল্লেন, আমার হাতে কাজ আছে. তুই নিম্নে বা। আমি ঘর পে'কে জল না পেন্নে, বরাবর মাঠে বেন্নে যেই জল থাবার জন্ম হাত বাড়িয়েছি, অমনি আমার পেছন থে'কে কে যেন আমাকে ধাকা দিয়ে জলে ফেলে দিলে। আমি মাকে বাবাকে কত ডাক্লুম, কিন্তু কেউ আমার কথা শুন্লে না। এখন আমি জলে ডু'বে ম'রে ভূত হ'য়ে আছি।

(ক্রমশঃ)

শ্রীস্থরেশচন্দ্র গঙ্গোপাধ্যায়।

#### কপাল :

#### ( সত্য ঘটনা অবলম্বনে লিখিত। )

সেও ঠিক এমনি সময়ে, এই শরতকালে, এই আগিন মাসে। বর্ষার বৰ্ষণকান্ত আকাশ নীল হইতে ক্ৰমশঃ পাঢ় নীল হইতেছিল। আৰ্দ্ৰ বাতাস 'মনের কথা জাগানো' কি একটা উদাস ভাবে প্রবাহত হইতেছিল। জ্যোৎসা দিন দিন উজ্জ্ব হইয়া উঠিতেছিল ঠিক এই সময়ে আমার জীবনে যে ঘটনাটী ঘটিয়াছিল তাহা আজ অতীতের বহু স্কুরে হইলেও তাহার স্মৃতি যেন দিন দিন উজ্জ্বল চইয়া উঠিতেছে। সেই চটী দিনের ঘটনা আমার জীবনের উপর যেরূপ প্রভাব বিস্তার করিয়াছে---একীবনে তাহা ভূলিতে পারিব না। পূজা উপলক্ষে গৃহিণী ঠাকুরাণী পিত্রালয়ে গিয়াছেন। তাঁহার সে পিত্রালয়টী স্ব্দূর যশোহর জেলার এক অখ্যাতনামা পল্লিগ্রামে।

मातामिनि अफिरमत काट्य, माट्टरवत जानामात्र, भरतत हिमारव জলের মত কাটিয়া যাইত। কিন্তু রাত্রি আর কাটতে চাহিত না। এক এক দিন অর্দ্ধরাত্তে নিজাভঙ্গে মনে হইত পথিবী যেন রুসাতলে গিয়াছে. স্থাদেব আর উঠিবেন না, এ কাল রাত্রি আর যেন পোহাইবে না। মনকে নিবিষ্ট রাধিবার জ্বন্ত কত কি পুত্তক পাঠ করিতাম। শুনিয়াছিলাম যোগে মনকে বশীভত করা যায়। ছর্দমনীয় বন্তমন-মাতঞ্চকে শিক্ষিত হস্তীর মত "উঠ বোদ" করান যায়। তাই এক একদিন স্বভন্ধর কাজে. পায়ের উপর পা তুলিয়া—মাকটি সোজা হইয়া বদিয়া নি:খাস বন্ধ করিতাম। এই নি:খাসই ত যত নষ্টের শুকুঠাকুর। ষাহা হউক তাহাতে মনকে যে কতদূর বশ করিতে পারিয়াছিলাম বলিতে পারি না, কিন্তু এক একদিন প্রাণ ইাপিয়ে উঠে খাঁচা ছাড়িবার চেষ্টা করিতেন। কথন বেদান্ত আলোচনা করিয়া ব্রিতাম—এ সংসার অসার— মায়া – কেবল মায়া। কে কার ? আমিই আমার নয়। পৃথিবীর সকলই নাম আর রূপ। নাম রূপ বাদ দিলে এত সাধের ধরা শুক্ত হইয়া वाकात्म मिलारेबा यात्र। এ व्याकिन, এ গোলমাল, औवन लहेबा এই সহস্র কাজে টানা ছেড়া, এই বিরহবিদগ্ধ প্রাণ, কিছুই থাকে না। কেবল অবাক্ত ব্ৰহ্ম—অদ্বিতীয় নি:সঙ্গ, নিগুৰ্ণ, অৰূপ ব্ৰহ্ম কি জানি কোন প্রয়েজনে একাকী হা হা করিতে পাকেন। এক একদিন দিন বেশ কাটিয়া যাইত। দেহ মাটী—মাটী দেহ। কেবল প্রাণ নামক একটা শারা পাঁচটা ভূতকে লইয়া দারা জগতময় হুড়াহুড়ি ঠেলাঠেলি क्षिर्छह । औमान मिक्किमानन विनद्या (य त्कर चाह्य (महा जून, जून, মস্ত ভুল। যে জাষ্টা, সেই দর্শন, সেই দৃক্শক্তি। তবে কিসের জাল এত মাথা কুটাকুটি।

বলিয়া রাখি সংসারে আমার সবে ধন নীলমণি, অন্কের নড়ি, কানার

একটা চকু; সবের সকল, সকলের সব যা কিন্তু ঐ একটা মাত্র কুটুছিনী। আমার জ্ঞীরত্বটুকুর রূপের বাাধ্যা করিয়া আর পাঠক পাঠিকাকে हामहिट हेम्हा नाहे। आक्रकान वाक्नात नट्टन नाहेटक राह्म क्रम বর্ণনার ছড়াছড়ি তাহাতে বে সে বেচারী আমার এ কুন্ত গল্পের নারিকা হইরা দাঁড়াইতে পারিবে, সত্য কথা বলিতে কি, সে বিশাস আমার নাই। হয়ত তিনি শুনিলে অগ্নিশর্মা হইয়া উঠিবেন, কিন্তু আমি সত্য কথা বলিতে বসিয়া কাহার থাতির রাখিতে পারিব না। তাঁহার বিমলার মত বাক্চাত্র্য্য, আয়েসা তিলোত্তমার মত রূপ, ত্র্যামুথীর আমি-প্রেম, ভ্রমরের মত অভিমান কিছুই নাই, তবে কোন্ লজ্জায় আমি তাঁহাকে প্রকাশ করিব। তাঁহার নাসিকা বাঁণীর মতও নহে, গরুড়-গঞ্জনও নহে, অথবা "তিলফুল জিনি"ও নহে। বর্ণ চম্পকগৌর বলা মিথা। তাঁহার নম্বন দেখিয়া কোন দিন আমার চঞ্চলা হরিণী অথবা চকিতা খল্পনার কথা মনে হয় নাই. কিংবা তাঁহাকে চলিতে দেখিয়া করিণী বলিয়াও ভ্ৰম হয় নাই ! আমি ভাগকে দেখিয়া বলিতাম,—ভূমি যেন ঠিক নাতিদীর্ঘ নাতি হ্ৰ, সৰ্বাঙ্গ পুষ্ট, শ্ৰামায়মান, অফলস্ত কলা গাছটী। সে হাসিয়া একদিন বলিয়াছিল 'বে বার ভক্ত, তার দেই কথাই মনে পড়ে।" সেই একদিন মাত্র আমি তাহার কাছে হার মানিয়াছিলাম। তবে তার গুণ ছিল,—দে নভেল পড়িতে জানিত না, স্চীকর্ম জানিত না, নানান ফ্যাসানে চুল বাঁধিতে জানিত না, আরও এথনকার কালের কত কি क्षानिक ना--- कर् कात्र श्वन हिन। त्मरे कोल वरमत्त्रत वानिका व গরীবের সংগারে সমন্ত কাজ কর্ম একাকী করিত। রন্ধনে দ্রোপদী না হইলেও ব্যঞ্জনে নূন ঝাল ঠিক সমান দিত! কোন দিন তার সাজা পানে চুন কম হইতে দেখি নাই। অফিস থেকে যথন খৰ্মাক্ত কলেবল্লে অবসর দেহে, বিক্লুত মন্তিক্ষে বাসায় ফিরিয়া আসিতাম, সে দেই কুদ্র

হাতের কুদ্র সেবার তার বেস্থরা ষম্রটীকে এক স্থরে বান্ধিরা দিত। তবে দে কোন দিন জল্পাবারের জ্বন্ত থাজা গজা মিহিদানা বা সীতাভোগ রাধিত না এবং আমিও কোন দিন তা'র মুথ দেখিয়া থাইতে ভূলিয়া ঘাইতাম না। মায়ের মত সেবা, ভগ্নীর প্রীতি, ভার্য্যার কোমলতা সবই তাহাতে ছিল, তবু যেন একটা কি ছিল না। সে বড় বেণী কঁপী কহিতে ভাল বাসিত না। আর লেখাপড়া শিথিতে একবারে নারাজ ছিল, দেইটীই আমার অসম্ভোষের একটা মস্ত কারণ। দে লেখাপড়া অল্লই জানিত। মাঝে মাঝে পত্রপ্ত লিখিত। কিন্তু আঞ্চকালের দিনে র্সে গুলাকে পত্র বলাও বিভয়না। তাহাতে "প্রাণেশর", "জীবিতেশর" ''হাদয়সর্বাব" পড়তি মধুমাথা অমৃত সেঁচা কথাগুলি একটীও থাকিত না; প্রেমপত্তের পত্ত তাহাতে থাকিতই না। গত্তও নিছাক প্রথম ভাগের "গোপাল বড় স্থবোধ বালকের" মত পত্য ৷ তাহাতে কি আর এখনকার দিনে মন উঠে। আর কখন তাহার পত্র পড়িয়া ব্রিতে পারি নাই, সে আমার বিরহে বাণবিদ্ধা কুর্দ্বিণীর মত ছটফট্ করিতেছে: অথবা পিঞ্জরাবন্ধ বিড়ালীর মত হাঁচড় পাঁচড় করিতেছে। ভালবাসা তাহাকে নিকটে বদাইয়া ব্যাখ্যা করিয়া শুনাইতাম, সে একদিনও মন দিয়া শুনিত না; আরও কি না বলিত "ও ছাই পড়ে কি হবে ?" "কি মুখ গুলে বদে আছ, অন্ত্ৰ্থ কৰ্বে যে" বলিয়া যথন দে আমাকে কুমার-সম্ববের একাদশ দর্গ থেকে বিচ্যুত করিত, তথন রাগে সর্ব্ব শরীর জ্লিয়া উঠিত। আমি ভাবিতাম 'বেই ভাল না বউ ভাল।" যথন গম্ভীর ভাবে তাহাকে শরীরস্থ পঞ্চকোষের কথা বুকাইয়া দিতাম-অলময়ের মধ্যে মনোময়, তার মধ্যে প্রাণময়, তার মধ্যে বিজ্ঞান্ত্যস্ত্রন সে বলিয়া উঠিত ''আমাদের বাগানে একটা কাঁটাল গাছ আছে, বল্লে বিশ্বাদ যাবে

না—তার কোষ এই এত বড় বড়।'' শুনিয়া আমার আনন্দময় কোষে নিরানন্দে ডুবিয়া যাইত। যথন মেদ্মেরিজম্ শিক্ষার জন্ম আর কাহাকে না পেয়ে তাহাকেই Subject সাব্যস্ত করিলাম, তথন কিছুতেই তাহাকে এক স্থানে ৰসাইতে পারিলাম না ৷ এ তঃখ কি বলিবার ৷ তার বিনয়, নমতা, কর্মপট্তা, নীরব দেবা—ঘত গুণই থাক, আচ্ছা তোমরাই বল তাহাকে কি ভালবাসা যায়। তবু আমি তাহাকে ভালব।সিতাম। কিন্তু সে কথা দে চক্ষের সমক্ষে থাকিলে কোন দিন বুঝিতে পারি নাই, বা তাহাকে বুঝাইতেও পারি নাই। এ জণং যে কি রহস্তময়!

এত যম নিয়ম আসন প্রাণায়াম সত্ত্বেও, এত ধরা বান্ধা করিয়াও সময় সময় মন এমন বিদ্রোখী হইয়া উঠিত যে, তাহাকে সামলান আমার পক্ষে তুঃসাধ্য হইয়া উঠিত : ধ্যান ধারণায় আর কুলাইত না ; বেগতিক দেখিয়া বেদান্ত তাঁহার মায়াবাদ লইয়া সরিয়া পড়িতেন ৷ ক্যাণ্ট আর মস্তিকে ঢ়কিতে সাহস করিতেন না ৷ কেবল হেগেল আর সাংখ্য বিজয়ী সৈন্তের মত জয় জয়কার করিয়া উঠিত। একজন অন্ধ আর একজন থঞ্জ। মনে হইত যেন থঞ্জ প্রকৃতই অন্ধ পুরুষের ঘাড়ে চাপিয়া তাহাকে পৃথিবীময় ঘোড়দৌড় করাইতেছে সংসার কিছুই নয়, কিন্তু তবু ঐ কিছুনামের ভিতর এমন একটা কি আছে—দেটা ধরা ছোঁয়া দেয় না— দুরে দুরে থাকিয়া মানুষকে লইয়া কত রঙ্গই করে: এ রহস্ত মানুষ মনুষা-জন্মের শৈশব হইতে খুঁজিতে আরম্ভ করিয়াছে, কিন্তু আজও 'যে তিমিরে সেই তিমিরে।'

যাহা হটক, আমার যে অবস্থা তাহা ভুক্তভোগী ভিন্ন অপরে বুঝিবে না। ইহাতে যদি তোমরা আমাকে স্ত্রৈণ বলিয়া সাব্যস্ত কর, সে অপ-বাদ আমি সহ্য করিতে রাজি আছি। এ সংসারে যার ভার্য্যাই স্ত্রী, মাতা, ভন্নী, কলা সকলের স্থান অধিকার করিয়া থাকে, ভাহাকে স্ত্রৈণ বলা

যুক্তিদঙ্গ ড কি না, যিনি বলিবেন তিনি অবখ্য বুঝিয়াই বলিবেন। কিন্তু আমার জীবনে স্থ ছিল না। ইহার কারণ কিছুই খুঁজিয়া পাই নাই ।: ত্র:খও যে বিশেষ কিছু ছিল, তাহাও বু'ঝতে পারিতাম না। তবুও তঃস্বপ্লের মত আমার জীবনের উপর কি একটা দারুণ দৈত্য সারাজীবন ধরিয়া প্রভাব বিস্তার করিয়া বসিয়াছিল। কি এক অব্যক্ত নিদারুণ মশ্মস্তাদ বেদনায় বুকের ভিতর যেন কি একটা হাহাকার করিয়া উঠিত। যেন পৃথিবীর কোন পাত্তে কে আমার জন্ম চুল ছিঁড়িয়া, কক্ষ চাপড়া-ইয়া, উলটিপালটি করিয়া কান্দিতেছে—তাহারই অব্যক্ত সুকরুণ কণ্ঠ-মুর্চ্চনা বাভাদে ভাসিয়া আফিয়া আমার কাণে আখাত করিত। কে যেন ভাহার প্রাণপণ শক্তিতে আমার হৃদয়ের প্রত্যেক তন্ত্রী ধরিয়া টান দিত আর বক্ষ ফাটিয়া যাইত, নিখাস রোধ হইবার উপক্রম হইত। আমি আজন্ম এমনই একটা রহস্তময় রোগে ভূগিভেছি। আরও রহস্তের কথা. যতদিন কলিকাতার ছিলাম. এই ব্যাধি ব্যাধের মত সদাস্কদা আমাকে যেন সংসার অরণ্যে তাড়াইয়া বেড়াইত। বিশেষতঃ ্যমন বুম ভাঙ্গিত আর মনে হইত আমার বক্ষ যেন চিরিয়া তুই খণ্ড হইয়া গিয়াছে আর কোথা হইতে পৌষের রক্ষনী শেষের মত বরফ শীতন একটা নিদারুণ কন্কনে হাওয়া হুতু করিয়া আমার হৃদয়ের ভিতর প্রবেশ করিতেছে। স্মানি বাহ্যজ্ঞান শূক্ত হইয়া যাইতাম। মনে হইত বুঝি বা পাগল হইয়া যাইব। এই কণ্টের তাড়নায় আমি কলিকাতা ছাড়িতে বাধ্য হইলাম। কলিকাতার স্নৃদ্র উত্তরে একভানে চাকরী যোগাড় করিয়া একদিন অক্সাৎ আমার জিনিসপত লইয়া ভাসিয়া পড়িলাম। বন্ধুছনে মনে করিল, আমার মাথা খারাপ হইয়া গিয়াছে আর নয় এমন চাকরীও ছাড়ে। যে দেশে এথন আমার বাদস্থান, তাহার নামের কোন প্রয়োজন দেখিতেছি না। যদি দরকার

বোধ হয়, বুদ্ধিমান পাঠক পছল মত তাহার একটা নামকরণ করিয়া লইবেন, তাহাতে আমার কোন আপত্তি নাই। এথানে অপিয়া অনেকটা স্থুস্থ হইলাম বটে, কিন্তু একদিনের তবেও সেই ভয়ক্কর ব্যাধির হাত হইতে মুক্ত হইতে পারি নাই। অবসর পাইলেই সে ভাহার স্বভাবসিদ্ধ জ্ঞালা ষন্ত্রণ। লইয়া ব্কের মাঝে উকিঝুঁকি মারিত। কিন্তু মাণি নিকটে থাকিলে কিছু স্বস্থ বোধ করিতাম। সেই জন্ম সাধ্য পক্ষে তাহাকে পাঠাইতে চাহিতাম না। সেবার বড় পীড়াপীড়িতে পাঠাইতে বাধ্য হইয়া ছিলাম। আমার স্ত্রীরত্ব টুকুর নাম বলিয়া আর পাঠক পাঠিকাগণকে হাসাইতে চাহি না। আজকালকার কালে সে নামে কোন গৃহস্থবুন্দকে ডাকা একটা বিষম উপহাস। এই নাটক নভেল ছড়াছড়ির কালে. এই সভ্যতা-জ্ঞানালোকপূর্ণ বিংশ শতান্দীতে সে যে কেমন করিয়া সে নামটী সংগ্রহ করিয়াছিল, ইহাও আমার কাছে এক গ্রন্থেত প্রহেলিকা। যাহা হউক, বিধাতার ভুল অনেকটা সংশোধন করিয়া লইয়া কাণা ছেলের নাম পদ্মলোচনের মত তাহাকে আমি মাণি বলিয়া ডাকিতাম। তাহার চরিত্রে ঐ জিনিস্টার অত্যস্তাভাব ছিল। সেই মাণির অভাবে ৰ্দিও আমার সপ্তাহের দিনগুলা এক রকমে কাটিয়া বাইত. কিন্তু তথন-কার সেই পোড়া রবিবারগুলা আর কিছুতেই কাটিতে চাহিত না। আমাকে জালাইবার জন্ম মতলব করিয়া পৃথিবীকে আঁকড়িয়া ধরিয়া থাকিত। যে রবিবার তোমাদের প্রমারাধা প্রম স্লথের —সভ্য কথা ৰলিতে কি. একদিন আমারও আকাজ্ঞার দিন ছিল, সেই কালস্বরূপে আমার বুকের রক্ত শোষণ করিত। দিন আর কাটিতনা। মনে ক্রিতাম বুঝি স্থাদেন অন্তাচলে যাইতে ভুলিয়া গিয়াছেন! রবিবার কি ভগবানের "মেলডে" নাকি ? কিন্ত স্থাদেব কে!ন দিন সেরপ ভূল কবিয়াছিলেন বলিয়া স্মরণ হয় না। আর করিলেও দে কথা আর

আমাকে লিখিতে হইত না। সংসারে ভাল মন্দ বলিয়া কিছুই নাই। একই জিনিস সময়, অবস্থা, পাত্রভেদে স্বর্গস্থবের জনক, আবার নর-কাগ্নির চেয়ে বিভীষণ ! হায়। জগং রহস্ত।

আমার লেখার ভাঙ্গিতে যদি কেহ মনে করিয়। বসেন, আমি আফ্রিকা অঞ্চলে তক্তুলাশুন্ত, বারিবিহীন, জনপ্রাণিরহিত নীর্দ ওছ বালুকাম্ম সাহারার কোন স্থানে বাস করিতাম, তবে তিনি যে নিতান্তই ভূল বুঝিয়াছেন, ভাহা মনে করি না। কারণ আমার হাদয়দেশটা অনেকটা সেইরপ দাঁড়াইয়াছিল বটে। স্থানের অবস্থা আদে সেরপ নহে। প্রথমত: বাদ করিতাম লোকালয়ে। আমার মত হুথ-ছু:থপূর্ণ জাবন লইয়া অনেকগুলি মামুষ আশপাশে সংসার্যাতা নির্বাহ করিত। দোষের মধ্যে তাহাদের সঙ্গে আমার কিছুমাত্র মনের যোগ বা সম্বন্ধ ছিল ना। प्रकल्णे यन पूरत पूरत अপরিচিত অবস্থায়। চারিদিকে আম, লিচু, কাঁটাল প্রভৃতি গ্রাম্য বৃক্ষ প্রচুর পরিমাণে বিঅমান ছিল; এমন কি আমার আঙ্গিনায় একটা পেয়ারা গাছ, একটা পেঁপে গাছ, ছ' চারিটা ফুলেরও গাছ ছিল! গৃহও জনপ্রাণী শৃত্ত ছিল না। বরে মাকড়সা, পিঁপড়া, হু' তিন্টা টিকটিকি, বারান্দার একটী বুর ভেক, আর একটি প্রোঢ় ছুছুন্দর প্রভৃতি অনেকগুলি প্রাণী বাস করিত। ভা' ছাড়া আর একটা জনও ছিল। সে আমার আজ্ঞাবহ ভূতা গুলজার। আমি তাহাকে যথেষ্ট ভালবাসি। ভূতা হইলেও একদিনও তাহাকে আমি-**ट्य-वावुद नकद विन्धा मान कदि नाहै। ভाहाद मान व्यानकी।** ভারের মত ব্যবহার করিতাম। সে তাহার দেশের গল্প, গৃহস্থির গল্প, কত কথা উপকথায় আমার উদাস সন্ধা কাটাইয়া দিত। সে যথন আবেগরুদ্ধ কঠে, স্নেহ্মাথা সুরে, ভাঙ্গা ভাঙ্গা কথায় বলিত "বাব্ছ আপ হামার। বাপ মাতারি হায়।" তথন বাস্তবিক আমার হৃদয়টা বেন কেমন হইয়া যাইত। আমি বলিতাম "কুছ্ ডর নেহি, তোম্ হামারা ভাইয়া হায়, হামারা ছেলিয়ামেইয়া হায়।" সে বলিত 'ঠিক ঠিক''। এইরূপ স্প্টিছাড়া সম্বন্ধ পাতাইয়া উভয়ে উভয়ের হৃদয়ভাব ব্রিতে, সেই নির্জন সন্ধ্যায় সেই রোয়াকটীতে বসিয়া সেহের বিনিময় করিতে কিছুমাত্র বাধা ঠেকিত না।

সে কণা আজও বেশ মনে আছে। ভূলিবার চেষ্টা করিলেও ভূলিতে পারি না। আমার সমস্ত স্থৃতি রাজ্যতী জুড়িয়া পরাক্রাস্ত মহাবলবান বিদেশীর মত চাশিয়া বসিয়া আছে ৷ যথনই নিৰ্জন পায়, শত বাছ বাড়াইয়া আমার জীবনের উপর প্রবল প্রভাব বিস্তার করে। সেদিন রবিবার। সারাদিন খুটনাটি করিয়া কাটাইলাম: রাত্রিতে আমার জীবনসঙ্গী তক্তপোদের উপর শিথিল অঙ্গ ছডাইয়া দিয়া কি একথানি বহি পড়িতেছি ৷ দেওয়ালের গায় বড়িটা টিক্টিক করিয়া সেই নির্জ্জন নিস্তব্ধ বব্বে এক শক্ষ-প্রবাহের সৃষ্টি করিতেছে। চারিদিকের কোলাহল মন্দীভূত হইয়া গিয়াছে। কচিৎ কোন কুকুরের চিৎকার অথবা কোন গৃহস্থ শিশুর নিদ্রাবিজড়িত ক্রন্দন শব্দ শুনা যাইতেছিল। আমি পাতার পর পাতা টুল্টাইয়া যাইতেছিলাম; কিন্তু পুস্তকথানির মর্শ্ম অথবা কোনরপ ভাব আমার মন্তিক্ষে প্রবেশ করিতেছিল না। এইরূপে কথন যে নিজ্রাদেবী তাঁহার পরিত্যক্ত সন্তানকে কোলে তুলিয়া লইয়াছেন, কিছুই জানিতে পারি নাই। নিদ্রা আর মৃত্যু একই পিতা মাতার কনিষ্ঠ ও জোষ্ঠ সন্তান। জগতের হৈতভাব ঘুচে এক নিদ্রায় আর বোধ হয় মরণে। জীবন থাকিতে সহস্র চেষ্টায় অদৈতভাব হৃদয়ে ফুটে না। নিদ্রার অপ্র আছে-মরণে কি আছে কে বলিতে পারে ? অবৈতবাদিন যভই বৈতের দোষ দাও. ওসব কেবল মুখের কথা। "আমি" থাকিতে দৈত ৰায় না। ঘড়ির ঠং ঠং শব্দে যথন আমার ঘুম ভাগিল, তথন উন্মুক্ত

দ্বারপথে অরুকারমাথা জ্যোৎসা আসিয়া সকল ঘরে ছড়াইয়া রহিরাছে। আলো কথন নিবিয়া গিয়াছে। তাড়াতাড়ি আলো জালিলাম। তথন বাত্তি ঠিক্ বারটা। অনেক ছুটাছুটি, দৌড়াদৌড়ির পর, কত ঘর পার হইয়া ঘড়ির হুইটা কাঁটা একত্রিত হইয়া মিশিয়াছে। বাহিরে চাহিমা দেখি নীলাকাশে চাঁদ হাসিয়া হাসিয়া ভাসিমা চলিতেছে। স্বপ্ত পৃথিবী নীরব--নিথর। কিন্তু বাহিরের দরজাও ঘরের মত সম্পূর্ণ উন্মুক্ত। তবে কি গৃহে চোর প্রবেশ করিয়াছিল! আমার স্পষ্ট মনে আছে, আমি আপন হাতে জুই দরজা বন্ধ করিয়া দিয়াছি। আলোক লইয়া গৃহ তন্ন তর করিয়া খুঁজিলাম, কিন্তু একটা সামাগ্ত দ্রবাও স্থানচ্যুত হইয়াছে বলিয়া মনে হইল না। কিন্তু গা ছমছ্ম করিতে লাগিল। ঘরের ভিতর যেন কাহার মৃত্ উঞ্চখাস আমার কানে আসিতে লাগিল। যেন কাহার কাপড়ের থসথস স্পষ্ট শুনিতে পাইলাম। বিংশ শতাব্দির ইংরাজী-শিক্ষিত আমি —আমি ভূত, প্রেত, পরলোক একমন কি আত্মা পর্যান্ত মানি না। আমার শারীরিক বল সেরপ না থাকিলেও অদমা মানসিক বলে ৰলীয়ানু আমার মনে ভয় বলিয়া কোন জিনিষের অস্তিত্ব ছিল না। কিন্তু সত্য কথা বলিজে কি —ভয়ে মামুষের চুল পাড়া হইয়া উঠা যদি বিজ্ঞান-সম্মত হয়, তবে সে দিন শ্রেণীবদ্ধ দৈনিকের সঙ্গীনের মত আমার চুল সোজা হইয়া উঠিয়াছিল।

কেন যে এত ভীত হইতেছিলাম, অনেক বুদ্ধি ধরচ করিয়াও ইহার কারণ নির্ণয়ে সমর্থ হইলাম না। মনে হইতে লাগিল যেন একটা অশরীরী আকাশচারী ভন্ন উন্মুক্ত দরজা দিয়া প্রবেশ করিয়া ঘরে কোথায় লুকাইয়া আছে, এখনি তাহার বিকট আত্মমূর্ত্তি প্রকাশ করিয়া আমার সমুধে ভাসিয়া উঠিবে। তাহা হইলেও বাঁচিতাম। অতি ভীষণ প্রত্যক হইতে অজানিত সন্দেহ মামুষের মনকে অধিক বিচলিত করে। পৃথিবী-

विक्वी वीत--त्रशासन यांहात न्या. इःश कहे यांहात चास्त्र चास्त्र, মৃত্যু যাঁহার থেলার জ্বনিস, তিনিও নাকি কোন অলৌর্কিক কার্য্য দেখিলে ভয়ে আত্মবিশ্বত হন। আমি যাহা হয় একটা কিছু দেখিতে পাইলে কতক নিশ্চিন্ত হইতে পারিতাম। অনেককণ পর্যান্ত নীরবে নিংখাস রোধ করিয়া কিসের জন্ম অপেক্ষা করিলাম, কিন্তু কোন স্থন্দর বা কুৎসিত পরলোকনিবাসী প্রামার সমকে উপস্থিত হইল না, আমার দর্প চূর্ণ করিবার অক্ত কোন অলোকিক অভীন্দ্রিয় ঘটনা আমার সমকে ঘটিল না। ভূত্য নাসিকাধ্বনি সহকারে বাহিরে নিদ্রা যাইতোছল আর আমার বড়িটী সময়ের পদশব্দের মত তালে তালে টিক্ টিক্ করিতে করিতে মিনিটের পর মিনিট পার হইতে ছিল। বাহিরের জ্বগৎ নীরব-নিস্তর। আমার হাদয়ও চিস্তাশৃত্য নিথর নিস্তরক।

অনেক ডাকাডাকির পর ভূতাটীকে জাগাইলাম সে তাহার ঘুমবিজ্ঞ জিত কঠে যাহা বলিল ভাহার মন্মার্থ এই যে আমিই দরজা বন্ধ করিতে ভূলিয়া গিয়াছি। সে বাছিরে থাকিতে স্বয়ং যমও আমার ঘরে আসিতে ইভস্তভঃ করিবে। কোন ভয়ের কারণ নাই, অত এব পুনরায় দরজা বন্ধ করিয়া আমাকে নিশ্চিস্ত ভাবে নিদ্রা যাওয়াই এখনকার কর্ত্তব্য। এই অমুগ্য উপদেশ দিয়া সে ভাহার আরব্ধ কার্যো পুনরার মন:সংযোগ করিল। কিন্তু বছদিনবিশ্বত স্বপ্নের মত আমার মনে হইতে লাগিল, আমি থেন কাহার সঙ্গেতে নিজের হাতে দরজা খুলিয়াছি। কিন্তু সে স্মৃতি কুয়াসাঢ়াকা উষার মত অতি ক্ষীণ, অতি-অম্পষ্ট। তবে কি আমার স্মৃতি আজ আমাকে প্রতারণা করিতেছে ? বাল্যকাল হইতে আমার স্মৃতিশক্তি অতিশয় প্রথরা ছিল। আমার এ কথার প্রমাণের জন্ত এখনও আমি জামার ভূতপূর্ব্ব শিক্ষকগণকে সাকী দেওয়াইতে পারি। তবে কি আমার মতিত্রম ? আমাদের

ইংরাজীশিক্ষা-পরিষ্কৃত মতির কথনই ভ্রম হইতে পারে না। অসম্ভব। নেপোলিয়ান বলিয়াছেন, "জগতে অসম্ভব বলিয়া কোন কথা নাই"; "কিন্তু তাহা অন্ত হিসাবে। ''হাঁ' আর ''না'' এই ত্রই শক্তির সংঘাতে এ জড জ্বগৎ,--জগতের রূপ রূপান্বর। এই "হাঁ" ও "না" একর মিশিলে কি হয় তাহা মন্তবাবৃদ্ধির অতাত। ব্রহ্মাণ্ড-কটাহ ভেদ করিয়া বাহিরে দাঁড়াইতে না পারিলে সে কথা বলা বায় না। জগতে মাতুষের অসাধ্য কাজ আছে। মানুষ একই সময়ে এক সঙ্গে বসিয়া পাকিতে এবং চলিতে পারে না, কথা কহিতে এবং চুপ করিয়া থাকিতে পারে না— এইরূপ কতকগুলি অসম্ভব আছে। আর অসম্ভব-ইংরা**ভী**শিক্ষিত. উর্বর-মন্তিকশালী আমাদের প্রতাক্ষের অপলাপ, মতির ভ্রম, স্মৃতির বিভ্রম। দেখুন পাঠক, আমি কভদুর আত্মশক্তিবিশ্বাদী স্বাধীনমভপ্রিয়, সর্ব্যনা লোক। আর আমার জ্ঞানের বোঝা আপনাদের কাহার অপেকা रा कम हिल ठेटा आमि आमि गानि ना। आमि कि हु छ है বিশ্বাস করিতে পারিলাম না, ইহারভিতর আমার ভুলের কোন ক্রতিত্ব আছে । তবে একি।

মনে হইল কেহ কি আমার ঘরে লুকাইয়াছিল ? আমার নিদাবস্থার অজ্ঞাতসারে দরজা খুলিয়া চলিয়া গিয়াছে। কিন্তু কোন বুদ্ধিমান কি উদ্দেশ্তে 🛍 গরীবের ঘরে তাহার পদ্ধৃলি দিবে ? আমার সম্পত্তি ত আর কাহার অবিদিত নাই ? আর যদি সেই মহৎ কাঞ্চই তাহার উদ্দেশ্য ছিল—তবে কিছুই লয় নাই কেন ৭ জগতে আমার কেই শক্ত আছে বলিয়া আমার বিখাদ,—একটুকু বিখাদও নাই। যে আমার প্রাণ লইতে বা কোনরূপ প্রতিহিংসা সাধন করিতে আসিবে। আমি চিরদিনই ব্দগতে নিরপেক উদাসীন, নির্জ্জনতাপ্রিয়, অল্লভাষী। সম্বলের মধ্যে আমার পরিষ্কৃত হইলেও বছদিনের জীর্ণ অফিসের পোষাক, কভকওলি

বহি আর আমার নিদারুণ চিন্তা, হৃদয়ের অব্যক্ত কাভর ক্রন্দন, ইহা লইতে আর কোন্ বৃদ্ধিমান্ তাহার অমূল্য সময় নষ্ট করিতে আসিবে ? কোন মীমাংসাই যুক্তিশাল্লে খুঁজিয়া পাইলাম না, বিজ্ঞানও এ ক্ষেত্রে কোনরূপ কার্য্যকারী হইবে বলিয়া বোধ হইল না। কাজেই আমি ও वृक्षिमानरमत्र अमाक अञ्चनत्र कतियां आमात विताममायिनी, वङ्मिनभागिनी সেই বিছানাটীর কোলে গা ঢালিয়া দিয়া শয়ন করাই এথনকার যুক্তি বলিয়া সাবাস্ত করিলাম।

যেমন ইচ্ছা, অমনি কাজ! বিশেষ সাবধানতা সহকারে দরজাগুলি ৰন্ধ করিয়া দিয়া, শয়ন করিলাম। আলোকাধারটী দপ্দপ্করিয়া সমস্ত গৃহ আলো করিয়া জ্লিতে লাগিল। কথন পুনরায় নিদ্রিত হইয়া পড়িয়াছি ঠিক শ্বরণ নাই। কিন্তু স্বপ্নঘোরে স্পষ্ট ব্ঝিতে পারিলাম, কে যেন আমার শিররে আসিয়া দাঁড়াইল। তাহার ক্রত এবং উষ্ণশাস আমার মুখের উপর আসিয়া পড়িতে লাগিল। কেবল ধনাইত মুখ্থানি ব্যতীত ভাষার দর্বাঙ্গ একথানি শুল্র—মতি শুল্র জ্যোৎসালোকের মত চাদরে ঢাকা। সে কি মুধ, কি মুধের 🗐,—এ জীবনে কখন সেরূপ রূপ দেখি নাই; ধ্যানলোকে, কম্পনাসর্গে কথন দে রূপের অন্তিত্বের সন্ধান পাই নাই। সে ভুলু লোহিত মুখমণ্ডল হইতে কতকণ্ডলি রশ্মিরেখা চারিদিকে ছড়াইয়া পড়িতেছে। সে রুঞ্চবারা আঁথি হটী হইতে কত আশা বেদনা আনন্দের কোমল ভাব জাগিয়া উঠিতেছে! সে হাল-অংশুমাথান অধ্বোষ্ঠ, দে আয়েত লোচন, দে ঘনকৃষ্ণ প্ৰক্লিম জ্ৰষ্ণ, দে নীলজ্যোতি বিচ্ছুরিত কৃন্তলকলাপ এ জীবনে কথন কল্পনায়ও দেখি নাই। মুখের উপর রৌদ্র ও ছায়ার খেলার মত আনন্দ ও বিষাদের একটা অপুর্বভাব উছলিয়া পড়িতেছে। তাহার মুথধানি ছাড়া আর কোন আৰু দেখা যাইতেছিল না। কেবল মুখখানি — সেই অপ্সরারপ-

লাঞ্ছিত মুথথানি আমার সমস্ত জ্ঞানস্মৃতি বৃদ্ধি প্লাবিত করিয়া যেন পূর্ণ-চক্রের মত হাসিতে লাগিল। কিন্তু তাহাকে দেখিয়া মনে কোনরূপ ভয় বা বিশ্বয়ের স্থার হইল না। মনে হইতে লাগিল যেন কভ জ্ঞানের পরিচিত, যেন কতদিন কত বংগর তাহার নিকটে নিকটে এ জীবন কাটিয়া গিয়াছে। তথাপি সে যে কে. এ কথা ঠিক স্মৃতিপণে আদিতে ছিল না। মাতৃষের এইরপ হয়---সময় সময় এক এক থানি মুধ নেথিয়া ঠিকু মনের ভিতর চিনি চিনি, চিনি না; জানি জানি লানি না তবু পরিচিত-কত জন্মের পরিচিত বলে মনে হয়-কেন হয়, মানুষ তাহা জানে না।

ধীরে ধীরে একথানি হস্তোম্ভোলন করিয়া সে অভূতপূর্ব্ব: অনগুদুষ্টা শীতল, কি প্রাণারাম। যেমন করিয়া দক্ষিণ বাতাদে গোলাপের পাঁপড়িগুলি কম্পিত হয়, ঠিক তেমনি করিয়া ভাহার ওঠপুট ধীরে মতি ধীরে নড়িয়া উঠিল : আমাকে বলিল—''আপনি কি ভয় পাইয়াছেন ?'' সে কণ্ঠস্বর কি স্থন্দর, বাঁশরীলাছিত, মানবকল্লনাতীত; যেন আমার আত্মা পর্যান্ত দে অবের কোমলভায়, মধুরতায় শান্তিময় হইয়া গেল ! অনেক কষ্টে আক্সাংযম করিয়া আমি বলিলাম "তুমি কে ?" সে অবনত মস্তকে ধীরকঠে উত্তর দিল ''আমি—আমি— এ হতভাগিনীকে চিনিতে পারিতেছেন না—আমি আপনার স্ত্রী, সংধর্মিণী, দাসী।'' আমার প্রাণ শুকাইয়া গেল. বুকের রক্ত হিম হইয়া আসিল, ভবে কি মাণি! প্রেততত্ত্ববিদেরা বলিয়া থাকেন, মৃত্যুর পর বিদেহাত্মা—এইরপ ভাবে নাকি প্রিয়জনের সঙ্গে সাক্ষাৎ করিয়া যায়। তবে কি মাণি নাই। মর্ত্তাজগতের থেলা অবসানে আমার একমাত্র হৃদয়ের স্থেশান্তির আশ্রম মাণি—আমার মাণি—আজ পরলোকের পথে তাহার হতভাগ্য

স্বামীকে একবার চিরদিনের জন্ত দেখা দিতে আসিয়াছে! না, না, সে হইতেই পারে না! তাহাকে আর আমি চিনি না ? মার্যুষ মরিলে মান্ত্ৰের মূর্ত্তি যদি এরূপ ভাবে পরিবর্ত্তন হইরা যায়, তবে মানুষের পক্ষে মাহ্ব—দে থাকা নাথাকা উভয়ই সমান। মানুষ ক্ষণিকের, কিন্তু রূপ অনস্তকাল্যায়ী। বাক্ত আর অব্যক্ত। (ক্রমশ:)

চিদানন্দ —

## গুহামুখে।

(0)

প্রথমে আমরা কুশাবর্ত্তবাটে উপস্থিত হইলাম। সেম্বানে যোগিনীর আগমনের কোনও নিদর্শন বুঝিতে পারিলাম না। ঘাটের হুই একজন লোককে জিজ্ঞাস। করিলাম, তাহারা কোনও উত্তর দিতে পারিল না। তথন এ ঘাট ওঘাট করিয়া আমরা ব্রহ্মকুণ্ডে উপস্থিত হইলাম। ব্রহ্মকুণ্ডই হরিছারের মধ্যে পবিত্রতম তীর্থ। এইম্বানে নদী-জলের গভীরতা ও শ্রোত হুই অধিক: তীর্থবাতীদের সকলকেই অন্ততঃ একবার এথানে স্থান করিতে হয়।

যথন সে স্থানে উপস্থিত হইলাম, তথন দক্ষ্যা যায় যায় হইয়াছে। হিমালয়ের অগুরালগামী সুর্যোর লোহিতকিরণ তাহার মুথে শেব হাসি মাখাইরা সমস্ত দেশটার অন্ধকার ঢালিবার উদ্বোগ করিতেছে। সেথানেও যোগিনীকে দেখিতে পাইলাম না। তবে ভীর্থ-সোপানে অবস্থিত লোক সকলের কথোপকথনে তাহার উপস্থিতির আভাব প্রাপ্ত হইলাম। অভাদন এই সন্ধায় সাধু সন্ন্যাসিগণ এই ঘাটে আসিয়া সন্ধাৰক্ষনাদি

কার্য্যে নি ক্ত থাকেন। আজ তাঁহারা নিত্যকর্ম পরিত্যাগ করিয়া পরস্পারের মধ্যে কথাবার্ত্তায় কোলাহল উথিত করিয়াছেন। তাঁহাদের আলাপ শুনিয়া ব্ঝিলাম, সকলেই যোগিনী ও তাঁহার কুরুর সম্বন্ধেই কথা কহিতেছেন। কেহ যোগিনীকে পাগল বলিতেছিলেন, কেহ বা তাঁহাকে উচ্চসাধিকার শ্রেণীভূক করিতেছিলেন।

আমরা বুঝিলাম যোগিনী এই বাটে আসিয়াই মৃত ক্রুরটাকে অলে
নিক্ষেপ করিয়াছেন। নিক্ষেপ করিয়াই তিনি এ স্থান ত্যাগ করিয়াছেন।
সহচর যুবক বলিল—"আর কেন ভাই, চল বাসায় ভোমাকে লইয়া যাই।
আজ আর তাঁর দেখা মিলিবে না। ইহার পরেও যে মিলিবে, তাহাও
বুঝা যাইতেছে না। ভাবে বোধ হইতেছে, তিনি আমাদের মনের
কথা জানিতে পারিয়াছেন। সেই জন্মই যত্নসহকারে তিনি আমাদের
দৃষ্টি এড়াইয়া চলিয়া গিয়াছেন। বাসায় চল, যদি খুঁজিবার প্রয়োজন
হয়, কাল খুঁজিও!"

আমিও যোগিনার পুনর্দর্শনলাভে হতাশ হইরাছিলাম। তবু একবার মনকে দল্পষ্ট করিতে তাঁহার তত্ত্ব লইতে আমার অভিলাষ ১ইল। উপস্থিত লোকসকলের মধ্যে যে বাজি তাঁহাকে উচ্চ সাধিকার আথ্যা প্রদান করিতেছিল, তাহাকে আমি প্রশ্ন করিলাম। উত্তর শুনিয়া আমার বিশ্বয়ের অবধি রহিল না।

সে বলিল—''একটা রমণী একটা মৃত কুকুরকে কোলে লইরা
কিয়ৎক্ষণ পূর্বে গঙ্গায় ডুব দিয়াছে। কিন্তু এথনও পর্যান্ত উঠে নাই।
সে রহিল কি ডুবিয়া মরিল, এথনও পর্যান্ত কেই স্থির করিতে পারিতেছে
না।বরফ গলিয়া আজ কিছু অতিরিক্ত মাত্রায় জল বাড়িয়াছে, স্রোভও
অত্যন্ত প্রবল হইয়াছে। তাহাতে অনেকের অমুমান রমণী কোনরকমে
পদস্থালিত হইয়া জলমগ্ন হইয়াছে। কিন্তু আমার বিশাস, সে জীবিত

আছে। অলোকিক শক্তি সাহায়ে লোক্তের চক্ষে ধূলি দিয়া সে এস্থান হইতে অন্তৰ্হিত হইয়াছে।"

আমি যোগিনীর এর প মলোকিক শক্তির অযথা প্রয়োগের কিছুমাত্ত প্রয়োজন অমুভব করিতে পারিলাম না। আমিও বুঝিলাম, কুরুরটা ইহজ্বগৎ ত্যাগের সঙ্গে যোগিনীকে পরলোকের পথে সঙ্গিনী করিয়াছে। ক্ষিপ্তার মত তাঁহার অবাভাবিক কৃত্বর প্রীতি দেখিয়া ক্রোধান্বিতা জাহ্নবী তাঁহার ভবলীলা সাঙ্গ করিয়াছেন।

সহচর তাহার কথা শুনিয়া আমাকে বলিল--''আর কেন্ চল বাসায় যাই। আর এখানে থাকিয়া লাভ কি १''

আমি বলিলাম—"লাভ কিছুই নাই। এইবারে ফিরিব। যোগিনী বাঁচুক আর মরুক, আর তাকে খুঁজিব না।"

খুঁজিব না বলিলাম বটে. কিন্তু যোগিনীর পরিণাম কথা প্রবণে মনটা দারুণ অহস্ত হইয়া উঠিল। আরু যে সকল সাধু সন্নাসী তাহার রক্ষার চেষ্টা না করিয়া কেবল বাজে কথায় সময় নষ্ট করিতেছিল, তাহাদের উপর—শুধু তাহাদের উপর কেন—সত্যকথা বলিতে হইলে তাহাদের সন্ধ্যা আহ্নিকের উপরও আমার ঘুণা হইল। যে লোকটা আমাকে যোগিনীর সংবাদ দিল, তাহার উপরেও আমি ক্রুদ্ধ না হইয়া থ।কিতে পারিলাম না। ঈষৎ রুক্ষস্বরে তাহাকে বলিলাম—''তোমরা বুঝি রমণীর অলৌকিক ক্ষমতা স্থির করিয়াই নিশ্চিম্ত হইলে, তাহার রক্ষার কোন উপায় করিলে না ?"

আমার রুক্ষর শুনিয়াও সাধু কন্টু হইলেন না। তিনি অতি শাস্ত-ভাবেই উত্তর করিলেন—'দল্ধান পাইলে, অবশ্রুই রক্ষার উপায় হইত। স্রোতোহীন জলে মগ্ন হইলেও রক্ষার ব্যবস্থা হইত। এরূপ তাব্রস্রোতে অনি-শ্চিত অমুসন্ধানে জলমগ্নপ্রাণীর উদ্ধার স্বয়ং নারায়ণ ভিন্ন অন্তের অসাধ্য।"

কথাটা যুক্তিযুক্ত বোধ হইলেও আমি প্রকাশ্যে তাহার কথার জম্-মোদন করিলাম না। পূর্বাদিনে যোগিনীর কথা শুনিয়া বুঝিয়াছিলাম, তিনি বাঙ্গালী রমণী। সেইজ্যু তাঁর স্মরণের সঙ্গে কেমন একটা মমতা জড়াইয়া গেল, যুক্তিযুক্ত বুঝিলেও সাধুর উত্তরে তুই হইতে পারিলাম না। সাধুও আমার মত প্রকাশের অপেক্ষা করিল না, কথার উত্তর দিয়াই সেঘাট ছাড়িয়া চলিয়া গেল।

মুটেটা মোট মাথায় শইয়া বরাবর আমাদের সঙ্গে সঙ্গে ঘুরিতেছিল।
আর মুটের যা স্বভাব পরিক্রমণের প্রতিপদে ভাড়ার মাত্রাবৃদ্ধির
আবেদন করিতেছিল। তাহার বারংবার আবেদনে বিরক্ত হইয়া সহচর
তাহাকে বলিয়াছিল,—''আমরা যেথানে ইচ্ছা যাইব। তুই চুপ্ করিয়া
কেবল আমাদের সঙ্গে সঙ্গে ঘুরিবি, বাসায় যথন পৌছিব, তখন যাহা
বলিবার বলিবি।''

তথাপি সে বলিতে নিবৃত্ত হয় নাই। আমরা এক ঘাট হইতে অন্ত ঘাটে ফিরিতেছি দেখিয়া সে ব্ঝিয়াছিল, আমরা বাসা ঠিক্ করিতে পারি গ্রেছ না। সেইজন্ত সে পথে আমাদিগকে একটা ভাল পাণ্ডার বাড়ীতে বাসা লইবার উপদেশ দিয়াছিল আমরা সে উপদেশ গ্রহণ করি নাই। ব্রক্তে আমাদিগকে ইতন্তঃ করিতে দেখিয়া, সে ব্রিল, আমরা এতক্ষণে বাসাসম্বন্ধে নিরাশ হইয়াছি। তাই ব্রিয়া সে বলিল—"এস বাবু, আমার সঙ্গে—আমি তোমাদিগকে ভাল বাসা দেখাইয়া দিই।"

সহচর বলিল—''তোকে বাসা দেখাইতে হইবে না। আমাদের বাসা ঠিক্ করা আছে।" সহচরের কথা গুনিয়াই সে বিশ্বয়ের ভাব দেখাইল—''তবে বাবু এঘাট ওঘাট ঘুরিতেছ কেন ?''

উত্তর দিব কি তাহার প্রশ্ন শুনিয়া আমি হাস্ত সংবরণ করিতে পারিশাম

না। আমি ব্বিলাম, নাথার মোটটা, আর সেই মোটের ভাড়াটা ছাড়া গুনিয়ার আর কোনও বস্তুতে তাহার লক্ষ্য ছিল না। স্নামরা বাসায় যাইয়া ভাহাকে প্রস্তার স্বরূপ যাহা দিব, তাহারই চিন্তার সে মগ্র ছিল। সম্মুথে এত যে কথা হইল, তাহার এক ক্ষরও তাহার কর্ণে প্রবেশ করে নাই।

আমার সহচর যথন তাকে আমাদের খুরিবার কারণ বুঝাইয়া দিল, তথন সে বলিল—''তাহার কাছে কি আপনাদের কোনও দরকার আছে ?''

আমি বলিলাম—''ছিল বই কি, নইলে এভক্ষণ ঘুরিতেছি কেন ?'' "আমার সঙ্গে আত্মন বাবু, আমি ভাহাকে দেখাইয়া দিব।''

"তুই তাকে জানিস ?"

"জানি বাবু! আমার সঙ্গে আন্ত্রন, আমি মান্ত্রির কাছে লইরা যাই।" "আর কোপায় যাইবি! মান্ত্রিকি আর আছে ?"

"তার কি হইয়াছে বাবু ?"

"এতক্ষণ কি কথা হল, ভন্লি না ?"

''না বাবু, গুনি নাই।''

**"মায়িজী জলে** ডুবিয়া মরিয়াছে।"

"নেহি বাবু !"

**"আ**র 'নেহি বাবু',—ঘাটের সমস্ত লোক দেখিয়াছে।"

এরপ কথা শুনিরাও মুটের বিখাদ হইল না যে, মারিজী জলনিমগ্ন হইরাছে। এরপ বিখাদের কারণ জানিতে তাহাকে প্রশ্ন করিলাম। সে উত্তর করিল না। স্থামার সঙ্গীও তার উত্তরের অপেক্ষানা করিরা তাহাকে অফুসরণে আদেশ করিল। অল্লক্ষণ পরেই আমি সঙ্গীর বাদার আশ্রের গ্রহণ করিলাম।

(8)

সহচর যেথানে বাসা লইয়াছিল, তাহা একটা ধর্মশাল!--একটা স্তর্মা দ্বিত্র অট্রালিকা। ইহারই দ্বিতলের একাংশে তিন্টী ঘর লইয়া সঙ্গী প্রায় একমাদকাল অবস্থান করিতেছে। গুহের মধ্যে প্রবেশ করিয়াই বঝিতে পারিলাম.—দঙ্গী একাকী আদে নাই, তাহার দঙ্গে পরিবারবর্গের মধ্যে কেহ না কেহ আদিয়াছে। একটা ঘরের মাঝখানে পরদা দিয়া ভাহার অর্ক্তেক অন্তঃপুর ও অপরাংশ বৈঠকথানারূপে পরিণ্ড করা হইয়াছে।

বৈঠকথানা যথাসম্ভব সজ্জিত। সমস্ত মেঙ্গে একটা বুহৎ সতব্ঞ দিয়া আবৃত। সতরঞ্চের উপর একটা স্থন্দর গালিচা। তাহার উপর গোটা তিনচার তাকিয়া ইতস্ততঃ রক্ষিত। ঘরের এক প্রান্তে একটা বিছানা গুটানো ছিল।

গহে প্রবিষ্ট হইবামাত্র একজন ভূত্য আমার দক্ষে দক্ষে গ্রহমধ্যে প্রবেশ করিয়াই দেই বিছানা পাতিয়া আমাকে বৃদিতে অমুরোধ করিল। আমি অকুরোধ রক্ষা করিলাম না সহচরের আগমন প্রতীক্ষায় দাঁডাইয়া রহিলাম। তাহাকে বলিলাম—"তই আগে তোর মনিবকে ডাকিয়া দে।"

সে বলিল—"আপনি বিশ্রাম লউন। তিনি এখনি আসিতেছেন।" "ভিনিনা আনিলে আমি বসিব না।"

"তিনি আমাকে আপনার পরিচর্য্যার আদেশ দিয়া, আবার কোথার চলিয়া গিয়াছেন।"

"আমার বিছানাপত্র কি হইল ১''

"অপর ঘরে রাথিয়াছি।"

"মটের ভাড়া ?''

'বাবু আমাকে দিতে তুকুম দিয়াছিলেন, আমি দিয়াছি ।'

ভৃত্যের ক্ষিপ্রকারিতার আমি বিশ্বিত ইইলাম। এই অল্প সময়ের মধ্যে এত কাব্দ নিষ্ণায় করিয়া, আমি গৃহপ্রবেশ করিতে না করিতেই সে আমার কাছে উপস্থিত ইইয়াছে।

মুটের ভাড়া আমারই দের, এইজন্ম তাহাকে জিজ্ঞাসা করিলাম— "মুটেকে কি দিয়াছ ?"

ভূত্য উদ্ভৱ করিল না। বুঝিলাম সে বলিতে ইচ্চুক নহে। আর মুটের নীরব প্রস্থানে ইহাও বুঝিয়াছি, সে আশাতিরিক্ত পুরস্কার লাভ করিয়াছে। কিন্তু ভূত্যকে সে সম্বন্ধে প্রশ্ন করিয়া লাভ নাই বলিয়া, আমি অন্ত কথার অবতারণা করিলাম।

''তুমি বাবুর সংসারে কতকাল আছ ?''

''আমরা পুরুষামুক্রমে ইঁহাদের চাক্রী করিতেছি।''

"তা হইলে বাবুদের সম্বন্ধে ভোমার কিছুই অবিদিত নাই ?"

"কি সম্বন্ধে বলিতেছেন ?"

"এই সংগার সম্বন্ধে ?"

"বংশামুক্রমে আমরা তাঁহাদের অন্নে প্রতিপালিত হইতেছি। আমি বাল্যকাল হইতেই বাব্র দেবায় নিযুক্ত আছি। বাবুদের সংসাবের অনেক কথা জানি বই কি। তথাপি আমি চাকর, সমস্ত জানিতে আমার অধিকার কি ?"

তাহার উত্তর শুনিয়া আমি বড়ই সম্ভূট হইলাম। দেখিলাম সে শুধু কাহ্যকৃশল নহে, বৃদ্ধিমান ও স্থসভা।

সে আবার আমাকে বসিতে অন্থরোধ করিল। বলিল—''আপনার পরিচর্য্যার ক্রান্টী দেখিলে প্রভূ আমার উপর কট হইবেন। আনার কোনও কৈফিয়ৎ তিনি শুনিতে চাহিবেন না।

সহচরের : আসিতে বিলম্ব দেখিয়া, বাধ্য হইয়া আমাত্ত

বসিতে হইল। আমাকে বসাইয়াই সে সম্বর গৃহ হইতে নিজ্ঞান্ত इहेन।

এতক্ষণ পরদা দেখিয়া অতুমান ছাড়া সে গৃহে স্ত্রীলোকের অন্তিত্ব অনুভব করিতে পারি নাই। ভূতাটীর গৃহত্যাগের পর স্ত্রীলোকের স্বর আমার কর্ণে প্রবেশ করিল। কথা শুনিয়াই অমুমান করিলাম, তিনি গৃহিণী—আমার সহচরের মাতা অথবা অপর কোন পূজনীয়া আত্মীয়া ছউবেন। তিনি বলিতেছিলেন—''একজন ভদ্রলোককে ঘরে বগাইয়া দে মূর্থ কোগায় গেল।"

এ প্রশ্নে যে উত্র দিল, সেও রমণী। উত্তর শুনিয়া অনুমান করিলাম দে পরিচারিকা। কিন্তু তাহার কণ্ঠস্বর কি মিষ্ট! স্বর গুনিয়াই তাহার বয়স অনুমান করিয়া লইলাম : বমণী যুবতী—বয়স কোনও ক্রমে পঁচিশ বংসরের বেশী ছইবে না। সে বলিল—''বলাই বাব্টীর পরিচর্ঘ্যা করিতেছে। দেনা আদিলেভ জানিতে পারিব না। দে বোধ হয় পা ধুইবার জन वानिष्ठ नोट्ड शिश्राट्छ।"

দে ঠিক্ অনুমান করিয়াছিল। তাহার কথা শেষ হইতে না হইতেই বলাই ঘরের মধ্যে প্রবেশ করিয়া বলিল—''বাবু, একবার বাহিরে আসিতে আজ্ঞা হটক, আমি চরণ ধুইয়া দি।"

আমি বলিলাম—"পা আমি নিজেই ধুইতেছি। তুমি ততক্ষণ ভিতরে যাও। ভিতরে কেহ বোধ হয় তোমাকে কিছু জিজ্ঞাদা করিবেন।'

বলাই চলিয়া গেল। আমি এই অবসরে পাদপ্রকালনাদি কার্য্য সমাধা করিয়া গৃহে পুনঃ উপবিষ্ট হইলাম।

অনেকক্ষণ একাকী বসিয়া রহিলাম, বলাই আসিল না। ব্ঝিলাম, সে প্রভুর অবেষণে চলিয়া গিয়াছে। তৎপরিবর্ত্তে একটা রমণা ধরের মধ্যে প্রবেশ করিয়া বলিল—"বাব্! আপনি কি তামাক থান?"

আমি উত্তর করিলাম—''না।''

"তা হ'লে অমুমতি করুন, স্থামি আফ্রিকের যোগাড় করিয়া দিই।" "আহ্নিক আমি একরূপ গঙ্গাজনেই সারিয়াছি।"

আসল কথা, ইংরাজী পড়ার আরম্ভ হইতেই আফ্রিকাদি কার্য্য আমি গঙ্গাজলে অঞ্জলি দিয়াছিলাম। হিন্দুর ক্রিয়াকর্মা,--কিছুই করিতাম না। দেবতা মানিতাম না। সমস্তই ত্যাগ করিতেছিলাম। কেবল হিন্দুর নামটা, আর কৌলিন্সের অভিমানটা ত্যাগ করিতে পারি নাই। তাহাও করিতাম, অর্থাং ত্রাহ্ম হইতাম, যদি না পূর্বকথিতা কুণীন-কন্তার রূপে আক্লষ্ট হইতাম। স্থতরাং সে রম্ণীকে আমি বড় একটা মিথ্যা কথায় প্রতারিত করি নাই। সে যাগু বুঝুক না কেন, আনি ঠিক বলিয়াছি।

রমণী বলিল-"তাহা হইলে জলখাবার লট্যা আসি ?"

এই সময়ে আমি একবার সহচরের নামটা ভাহার কাছ হইতে জানিয়া লইলাম। এতক্ষণ তাহাকে সঙ্গে লইয়া ঘুরিয়াছি; কিন্তু ঘটনাচক্রে পডিয়া তাহার নামটা জানিবার অবকাশ পাই নাই: এখন জানিলাম, তাহার নাম ললিতমোহন।

তাহার প্রশ্নের উত্তর দিবার পূর্ন্বে, আমি তাহাকে আর একটা প্রশ্ন করিব স্থির করিলাম। তাহাকেই দাসী মনে করিয়াছিলাম, কিন্তু ভাহার ত্রী দেখিয়া, তাহাকে দাসী বলিতে আমার সাহস হইল না। এতক্ষণ প্র্যান্ত তাহার সহিত এরপভাবে কথা কহিয়াছি, বাহাতে তাহার মর্য্যাদার হানি না হয়। কিন্তু এবারে আমাকে ইতস্ততঃ করিতে হইল--হয় তুমি, না হয় আপনি বলিয়া ভাহাকে সম্বোধন করিতে হইবে। দাসী হইলে, 'আপনি' বাক্য প্রয়োগটা বড় লজ্জার কথা। বিশেষতঃ আনি দরিদ্র, আশ্রর লইরাছি ধনীর গৃহে। দাসীকে সম্মানস্থচক বাক্যপ্রয়োগ করিলেই হাস্তাম্পাদ হইতে হইবে। স্কুতরাং 'তুমি' বলিয়া সম্বোধন করাই যুক্তি-

যুক্ত মনে করিলাম। ভাবিলাম, যদি দাসী না হয়, তাহা হইলে কথাটা সংশোধন করিয়া লইব। জিজ্ঞাসা করিলাম—''তুমি ললিত বাবুর—

'কে' বলিভে রমণী আমাকে অবকাশ দিল না। কথা শেষ হইতে না হইতে, সে একটু রহস্তের ভাবে উত্তর দিল—'বোধ হর, আপনি এখন আহ্নিক করেন নাই। ললিভ বাবুর কেহ হই আর না হই — আমি ব্রহ্মণক্যা। আমি—

আমিও তাহাকে কথা শেষ করিতে না দিয়া, বলিলাম—"আমায়
মাপ্ করিবেন। আমি না জানিয়া অমর্য্যাদা করিয়াছি। ললিত বাব্
আদিলে যা হয় করা যাইবে—পূর্ব্বে নয়।" রমণী প্রস্থান করিল। আমি
তাহার রূপ, তাহার সরস্বাক্যের সঙ্গে মিপ্রিত করিয়া একটা চিস্তার
বিচুড়ী করিতেছি ও সেই সঙ্গে একটু একটু তক্তার আকর্ষণে বিমাইতেছি;

এমন সময় সহচর ব্যস্ততার সহিত গৃহমধ্যে প্রবিষ্ট হইয়া বলিল—
"ভাই ! আশ্চর্য্য ! যোগিনী যাহা বলিয়াছে সব সত্য, ভূমিকম্পে আমাদের
দেশের অনেক ক্ষতি হইয়াছে । আমাদের বাড়ীর একাংশ ভূমিসাৎ
হইয়াছে । গ্রামের অনেক বাড়ী অল বিস্তর ভালিয়াছে । অনেক লোক
মরিয়াছে ।"

"তুমি কেমন করিয়া জানিলে ?"

"দেওয়ান আমাকে টেলিগ্রাম করিয়াছে। টেলিগ্রাম পাইয়াই, আমি ষ্টেশনে আবার ছুটিয়াছিলাম। দেওয়ানকে টেলিগ্রামের জবাব দিয়া ফিরিতেছি।" এই কথা বলিয়াই বন্ধু গৃহাভ্যস্তরে প্রবেশ করিল। আমি ব্ঝিলাম, সে মেয়েদের এই সংবাদ দিতে চলিয়াছে।

কিন্ত তাহার আচরণ দেখিয়া আমি বিশ্বিত হইলাম। সেত এক মর্ম্মভেদী সংবাদ বহন করিয়া আনিল, কিন্তু এরপভাবে এ সংবাদ আমাকে শুনাইল যে, আমার মনে হইল যেন ভূমিকম্পে তাহার উল্লাস হইরাছে। মনে করিলাম, হয় সে নরাধম, নয় সে চিরানক্ষয় সাধু।
তাহার শেষোক্ত ভাবটীই আমি অনুমান করিয়া লইলাম। চিরদিন
স্থাথে লালিত হইয়া আসিয়াছে, কাজেই তৃঃথের ভাব বুঝিতে সে একান্ত
অসমর্থ। ভূমিকম্প শুধু দেশের ক্ষতি করে নাই, তাহারও ত অনেক
ক্ষতি করিয়াছে। সে নিজ মুথেই তাহার আবাস বাটীর ধ্বংসের কথা
শুনাইল।

বাই হ'ক এতৎসম্বন্ধে দ্বিতীয়বার ল'লত বাবুর সঙ্গে আলাপ না করিয়া, কোনও মত পোষণ করা অবিধেয় বোধে আমি আবার এক টু ঝিমাইবার স্ত্রপাৎ করিলাম। অদৃষ্ট বেশীক্ষণ এ অবস্থায় থাকিতে আমাকে অবসর দিল না। সে রমণী, রমণীই বা বলি কেন—রমণী কথাটা কিছু বাবহারাতিশযো গুরুত্ব হারাইয়াছে—বাক্—গৃহমধ্যে প্রবেশ করিয়াই বলিল..."উঠিয়া আমুন—জলবোগের আমোজন ইইয়াছে।"

প্রথমে অন্তরালে বসিয়া যথন তাহার কথা গুনি, তখন সে কথা আমার কর্ণে বড়ই মধুর লাগিয়াছিল। মাঝে কথোপকথন সময়ে বে সকল কথা সে কহিয়াছিল, সেগুলা আমার শুনিবার দোষেই হউক, অথবা তাহার বলিবার দোষে কেমন একটু তীত্র রসাত্মক হইয়া পড়িয়াছিল। কিন্তু এবারে মধুর—'মধুরং মধুরোহিলি চ মধুরং'—হিমাচলশিরশ্চাত জমাট বাঁধা হিমশিলাথ গুবং মাধুর্যোর একটা সমষ্টির মত তীত্রবেগে ঝুপ করিয়া যেন আমার কর্ণকুহরে পড়িয়া গেল। সচল হিমক্ষেত্র যেমন প্রচণ্ডবেগে শৈলপাদাভিমুথে প্রধাবিত হইতে গিয়া শৈলগাত্মহ অনেক শ্রামক্ষেত্র অনেক বৃক্ষ সকলকে চূর্ণ করিয়া দেয়, ম্বতীর একস্বরঝস্থারে আমারও মানসক্ষেত্রটা সেইরূপ ক্ষতবিক্ষত করিয়া ক্ষেলিল। বহুদিন হইতে এক্ষেত্রে যে যত্ম করিয়া কত গাছ-আগছো, কত পৃশালতা রোপণ করিয়াছি! আর ত সেগুলাকে দেখিতে পাইতেছি

না ! আরে তাহাদের মধান্তলে আমার স্বত্বরক্ষিত পুস্পরাণী সে কই— কোথার গেল ? মধুর দারা অনুপ্রবিষ্ট হইরা গেলিয়া গলিয়া সে কোথার মিলাইল ?

'উঠিয়া আহ্বন !'

আমার চিস্তামোত পর্যান্ত এবারে বরফে চাপা পড়িল। আমি মাথা তুলিলাম, য্বতার মুখের পানে চাহিলাম। ঘরের আলোটা তেমন উচ্ছল হইয়া জলিতেছিল না, অথবা আমার চোথের জ্যোতিটা কিছু অবসর হইয়াছিল—আমি যুবতীর মুখ ভাল করিয়া দেখিতে পাইলাম না। কিন্তু অপ্পষ্ট দেখার জন্মই যেন দে মুখখানি দ্রস্থ, প্রাকৃতির চেলাঞ্চলে অর্দ্ধার্তা দিগ্রধ্র মুখের মত একটা কেমন কেমন—অতি কেমন বোধ হইতে লাগিল।

তাই ত। 'উঠিয়া আত্মন' বলিলেই দেবাদিষ্টের মত উঠিয়া দাঁড়াইব। আরও ছই একটা তাহার কথা শুনিবার জন্ম আমি কি একটা কথাও কহিতে পারিব না। কিভাবে কথা কহিলে কথাটা ভাষদক্ষত হইতে পারে, তাহা মুহুর্জের মধ্যে মনে মনে একবার ভাবিয়া লইলাম। তারপর জ্বিজান। করিলাম—''আপনিই না ইতিপূর্ব্বে এঘরে আর একবার আসিয়াছিলেন ?''

অতি ধীর ভাবে, অথচ একটু রহস্তের সহিত সে উত্তর করিল— "আপনার কি মনে হয় ?"

"আমার মনে হয়—তবে কি না—মাঝের অপানি, আর এই শেষের আপনি—এ ছুইটা স্থবিধা মত বড় মিলিতেছে না।"

"আপনি কি আফিং খান ?"

আরে গেল, এ বলে কি ? এ মেয়েটাকে অন্তর্যামিণী—ধোগিনীর একটা নৃতন ধরণের গার্হস্তা সংস্করণ ?

আসল কথা, সহসা বাতরোগে আক্রান্ত হইয়া, বন্ত্রণার হাত এড়াইবার জন্ত কোনও বিজ্ঞ অহিফেন-দেবীর পরামর্শে বৎসর হুই পূর্ব্বে আমি একটু আফিং ধরিয়াছিলাম। বাতটা বহুদিন স্কুইল আমার দেহ ছাড়িয়া চলিয়া গিয়াছে, কিন্তু হু:থের বিষয়, আফিং আর আমাকে ছাড়ে নাই। শুধু ছাড়ে নাই নম্ন, একটা তিল, তিল তিল বাড়িয়া, এই চুই বৎসরে একটা বুহৎ মটরের আকার ধারণ করিয়াছে ৷ ষ্টেশনে ঘাইবার পূর্কে—হে পাঠক, তোমাকেও গোপন করিয়া দেই একটা মটর আমি দেবন করিয়াছিলাম। নানা ঝঞ্চাটে পড়িয়া সে ক্রিয়ামাধুর্য। প্রকাশের অবসর পায় নাই। যথন অবসর পাইল, তথন করুণাময়ী ভোজনলোভ দেখাইয়া আমার তন্ত্রার রাজ্য আক্রমণ করিল। যবতীর এই শেষ কথাতেই আমার নেশা কাটিয়া পেল। আমি একেবারে উঠিয়া, দাঁড়াইলাম, এবং তাহার অমুসরণে গৃহান্তরে গমন করিলাম।

(ক্রমখঃ)

## মুতের সা্ত্বনা প্রদান।

শ্রীযুক্ত অন্বিকাচরণ রাম্ব অতি শান্তিপ্রিয় ভদ্রলোক। ইনি মহা-মহোপাধ্যার কবিরাজ ৺বিজয়রত দেনের বৈবাহিক। গত ১৩১৫ সালের আখিন মাসে কলিকাতার তাঁহার স্ত্রী ও চারি বৎসরবরসা ক্লার হঠাৎ মৃত্যু হয়। সে সময় ভিনি কলিকাতায় ছিলেন না। তাঁহার স্ত্রী ও কল্পার অভাবনীয় মৃত্যুর কিছুদিন পূর্বে তাঁহার বাইশ বংসর বয়স্ক উপযুক্ত পুত্র নানা রোগযাতনা ভোগ করিয়া ইহধাম ত্যাগ করে। অতি অল্প সময়ের ইমধ্যে এই হুর্ঘটনাগুলি ঘটাতে রায় মহাশয় অত্যস্ত মন:কষ্ট ভোগ করিতে ছিলেন।

কার্ত্তিক মাদের শেষে যখন তিনি নিজ জন্মভূমি পুলনা জেলার অন্তর্গত ভটুপ্রতাপ গ্রামে ছিলেন, তথন একদিন রাত্রে বিছানায় শুইয়া ক্রুলুন করিতে ছিলেন, এমন সময়ে তাঁহার কলা আসিয়া উপস্থিত হইল। আসিয়া পিতাকে সান্তনা পদান করিতে লাগিল যে 'আমার সময় হইয়া-ছিল তাই আমার মৃত্যু হইল। নিয়তির লেখাত আর থণ্ডান যায় না। বুণা ক্রন্দন করিয়া লাভ কি ? আমরা এখানে স্থথে আছি। মা, দাদা ও আমি এখন পর্যান্ত এক জারগার আছি। আমরা এখন যে স্থানে আছি ইহা অতি উত্তম স্থান।"

রায় মহাশ্র ভাহাকে দেখিতে চাহিলে. সে বলিল যে ''আমার বর্ত্তমান রূপ দেখিলে আপনি ভয় পাইবেন, সে মর্ত্তি দেখিয়া কাজ নাই।" তাহার পর সে চলিয়া গেল।

ইহার ৭৮ দিন পরে রায় মহাশ্য ক্রন্দন করিতে থাকিলে তাঁহার ক্যা আসিয়া বলিল "বাবা, আমি সেদিন তোমাকে ক্রন্সন হইতে নিবুত্ত থাকিতে বলিলাম, তবু তুমি কেন বুধা ক্রন্দন করিতেছ !'' রায় মহাশয় জিজ্ঞাসা করিলেন "তুমি চারি বৎসরের শিশু, তুমি আমাকে এত জ্ঞানোপদেশ দেও কি প্রকারে ?" কন্তা বলিল "এস্থানেরই গুণ. এখানে কেহ শিশু আর কেহ বৃদ্ধ নহেন, সকলেই সমান। পৃথিবীতে আমি, শিশু ছিলাম বটে, কিন্তু এখানে শিশু নই। এখানে সকলেই জ্ঞানলাভ করে।" "তুমি কোথায় জন্মগ্রহণ করিবে ?'' রায় মহাশয় **জিজ্ঞাসা** ক্রিলে, তাঁহার ক্রা উত্তর করিল "আমার পাপক্ষয় হইলে ত জন্মগ্রহণ করিব।'' রায় মহাশয় বলিলেন "ত্মিত অল্পদিনই পৃথিবীতে ছিলে. তোমার আবার পাপ কি ?' কন্তা বলিল "আমার অল্প পাপ বলিয়াই শীঘ্রই পাপক্ষয় হইবে। আমি অল্পদিনের মধ্যই জন্মগ্রহণ করিব।" রায় মহাশয় জিজ্ঞাসা করিলেন "কোথায় জন্মগ্রহণ করিবে ?" কল্পা

বলিল ''তাহা এক্ষণে বলিব না, আমি এখন যাই।'' তখন রায় মহাশয় ভাহাকে ধরিতে গেলে একটা খুঁটীতে হাত ঠেকিয়া গেল। তাহাতে রায় মহাশরের তক্রা ভক্ত হইল। তৎপর দিন হইতে রায় মহাশয় খুটী হইতে দুরে গিয়া শয়ন করিতে লাগিলেন। ইহার ১৫ দিন বাদে রাত্রে রায় মহাশয় ক্রন্দন করিতে থাকিলে পরে তাঁহার কন্মা আসিয়া উপস্থিত হইল এবং বলিল "বাবা, আপনাকে এতবার বলিতেছি তবু আপনি স্থির হইলেন না। অতাই আমি জন্মগ্রহণ করিব, তাই একবার আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিলাম।" রায় মহাশয় বলিলেন "কে কে জন্মগ্রহণ করিবে ?" মেরেটী বলিল "অভ কেবল আমিই জন্মগ্রহণ করিব। মা'রও ষাওয়ার ইচ্ছা ছিল কিন্তু তাঁহার পাপের বিচার এখনও হয় নাই, বিচার না হইলে কোথাও জন্মগ্রহণ করিতে পারিবেন না। তাঁছার জন্মগ্রহণ করিতে অনেক দেরী আছে। আমার অল বয়সে মৃত্যু হইয়াছে, এই জয় আমার পাপ অল্ল আর সেই কারণে আমার বিচার শীঘ্রই হইয়া গিয়াছে।" রায় মহাশয় জিজ্ঞাসা করিলেন "তুমি কোধায় জন্মগ্রহণ করিবে ?"

ক্ষার আত্মা বলিল "তাহা আমি আপনাকে বলিতে পারিব না। বলিতে নিষেধ আছে :"

রায় মহাশয় তথন অনেক কাকৃতি-মিনতি করিতে লাগিলেন কোণায় জন্মগ্রহণ করিবে জানিবার জন্ম। ঐ স্থান জানিবার জন্ম প্রবণ ইচ্ছা জ্ঞাপন করায় আত্মা বলিল ''অমূক জেলা, অমূক গ্রাম, অমূকের বাটীতে অন্ত রাত্রেই অবন্তাহণ করিব। অন্ত হইতে আর আপনি আমাকে দেখিতে পাইবেন না। অন্ত আমার শেষ দেখা। আমি ষেধানে জন্মগ্রহণ করিলাম, তাহা কেবল আপনাকেই বালগাম। সাবধান একথা যেন আর কাহাকেও না বলেন। খুব গোপনে রাখিবেন। যদি প্রকাশ

করেন, তবে আপনার ও আমার উভয়েরই অনিষ্ট হইবে।'' এই বলিয়াই আত্মা চলিয়া গেল তাহার পর আর তাহার সহিত সাক্ষাং হয় নাই। উপরোক্ত ঘটনার প্রায় ১॥০ দেড বংসর পরে রায় মহাশয় একবার বরিশাল গিয়াছিলেন। তথায় একদিন রাত্তে শুইয়া আছেন, এমন সমরে তাঁখার স্ত্রী আসিরা উপস্থিত হইল। এখন আর পুর্বের স্তায় চেহারা নাই। এমন কি চেহারা এত বিক্লত দেখাইতেছিল যে রায় মহাশর ভয়ে চীৎকার করিয়া উঠিলেন। এত ভর পাইতে দেখিয়া তাঁহার মু গ্রপত্নী বলিলেন ''আমাকে দেখিয়া এত ভয় করিতেছেন কেন ? আমি ত আপনাকে ভয় দেখাইতে অথবা মারিয়া ফেলিতেও আসি নাই। আমার পাপের ক্ষর এখনও হয় নাই, পাপের ক্ষর হইতে এখনও অনেক বিলম্ব আছে।" রায় মহাশয় এখন মধ্যে মধ্যে ঐ চেহারা দেখিয়া থাকেন।

শ্রীগিরিজাপ্রসন্ন সেন।

## "মানব না দানব ?"

ইহজগতে মানব-জীবন অধিকাংশ স্থােই কর্মাক্ষেত্র, অর্থাৎ এজীবনে প্রায় সকলকেই কোন না কোন কর্ম করিতে হয়। সাধারণ লোকের পক্ষে কাজ করাই সাধারণ নিয়ম বলা ষাইতে পারে। যে মানুষ নামের উপযুক্ত তাহার কাগ্য করিবার ইচ্ছা এবং ক্ষমতা থাকা চাই। শ্রমজীবী (मत्र कोविकानिक्शिट्दत्र क्छ कर्य कत्रा व्यावश्यक । श्रमु जाश नट्ट, नक्न অবস্থার লোকের পক্ষে, এবং বাঁহার ষেরূপ পদই হউক না কেন, কর্ম বাকজতীব প্রয়োজনীয়।

ভাবুকের ধীরনেত্রে মানবজাবন ও পতক্ষজীবনে কিছুমাত্র প্রভেদ নই !
ইতর বড় সকলেরই যথায় উৎপত্তি, তথায়ই নিবৃত্তি; অর্থাৎ প্লার দেহ
ধ্লাতেই মিশিবে। পরিশ্রমী এবং আলস্থপ্রিয় বিলাসী উভরেই অবস্থাভেদে নানাবেশে সজ্জিত হইয়া পতক্ষজাতির স্থায় কিছুকালের জন্ম জীবনবায়ুতে নৃত্য করিতে থাকে; অর্থাৎ কেবল সংসারের সামান্ত কার্য্যে নিযুক্ত
থাকে। এবং পতক্ষ যেরূপ কোন হুর্ঘটনায় প্রতিহত অথবা বার্দ্মকারশতঃ
হর্মল হইয়া বায়ুতে উড়িতে না পারায় ধরাতলে পড়িয়া প্রাণত্যাগ করে,
মানবও দেইরূপ অকালে কোন দৈব ছর্ম্বিপাক বশতঃ অথবা বৃদ্ধ
বিশ্বস্থা অক্ষমতা হেতু ভবলীলা সাক্ষ করিয়া ধূলীশয়নে মহানিদ্রায়
নিশ্বিত হয়।

আমার অনুমান ইইতেছে যেন ইন্দ্রিয়স্থনিরত যুবকগণ বাঙ্গছলে।
আমাকে এইরপ উত্তর দিতেছে; ওহে! তুমি যে আমাদের দৃষ্টান্ত বারা
নীতিশিক্ষা দিতেছ, তুমিও রূপার পাত্র, যেহেতু তুমিও একটীমাত্র পতক্ষ
ছাড়া আর কিছুই নও। তোমার স্থথে স্থী হইতে কোন স্থন্দরী
সঙ্গিনী নাই; ভবিষাতের জন্ম তুমি কিছুই সঞ্চয় করিতে পার নাই,
তোমার এমন বাঞ্সুন্দর পরিচ্ছদ নাই যে লোকের দৃষ্টি আকর্ষণ করে।
তোমার যৌবন অল্লদিন ফুরাইয়া গিয়াছে, স্থতরাং আমাদের সহিত
তোমার তুলনাই হইতে পারে না। এই শ্রেণীর শিক্ষিত:বার্রা
আজকাল ভ্তের কথা শুনিলে হাসিয়া উড়াইয়া দেয়। আমি আজ
একটী অলৌকিক ঘটনা পাঠকবর্গের গোচর করিবার মানসে, এই
পত্রিকায় লিপিবদ্ধ করিতেছি। এক্ষণে আপনাদের বিশ্বাদ হইবে কি না
বলিতে পারি না। কারণ আধুনিক শিক্ষিত সমাজের অনেক লোক
আছেন, যাঁহারা মানবের পরলোকবিষয়ক অন্তিত্ব সম্বন্ধে আদৌ বিশ্বাদ
করেন না। এই শিক্ষিত সমাজের বিশ্বাদ যে কতদ্বর তাহা জানি না।

এই স্থল শরীরের ভিতর দিয়া প্রকাশিত মনুষাঙ্গীবনের অতিরিক্ত ও স্ক-ভাবে স্থিত মৃত্যুর পরপারে অন্ত জীবন আছে, এদেশের ক্বতবিত্ত শিক্ষিত ममास्क व विश्राम व्यक्तवादत विनुश्रश्राप्त इहेब्राष्ट्र । वहे मक्न वाव्दा বলেন ''যে কেবল কতকগুলি অর্ক্নিকিত বা অর্ক্নিকিতা কুদংস্কার-কুজাটিকায় আছেন্ন স্ত্রীলোকদিগের, এবং স্ত্রী-স্বভাবাপন্ন, অকর্ম্মণা, বিক্নত-মন্তিক পুরুষদিপের মধ্যে বিজ্ঞানের আলোক না পাইয়া ঐ শ্রেণীর ব্যক্তিগণ এখন ও দেহাতীত জীবনে বিখাস করেন।" আমার বিশ্বাস ঐ শ্রেণীর ব্যক্তিগণ যে একেবারে ভ্রাস্তদংস্কারপাশে আবন্ধ, ভাহার কিছুমাত্র সন্দেহ নাই। **তাঁহা**দের অবগতির জ্ঞা এই ঘটনাটী বিবৃত করা इहेन.--

ক্ষেক বৎসর পূর্বে আমার কোনও আত্মীয় প্রেসিডেন্সি জেলের ডাব্রুবার ছিলেন। দিবারাত্র ঐস্থানে রোগী দেথিতে হইত বলিয়া তিনি সপরিবারে উক্ত খানেই বাস করিতেন। যে সকল অপরাধি-গণের গুরুতর অপরাধের জন্ম ফাঁসি হইত, ভাহাদের মধ্যে অধিকাংশেরই অপবাতে মৃত্যু হওয়াপ্রযুক্ত আত্মার মুক্তি না হওয়ার, তাহাদের প্রেতামা ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়াইত। স্পষ্টই দেখা গিয়াছে যে ঐ দকল প্রেতাত্মা কথন কথন নিজ কলেবর ধারণ করিয়া ভ্রমণ করিত। আবার সময় সময় স্ক্রেদেহ ধারণ করিয়া চতুদ্দিকে পরিভ্রমণ করিয়া বেডাইত।

এই জেলখানার দক্ষিণ-পশ্চিম কোণে বহুকালের পুরাতন একটা প্রকাণ্ড অখণ বুক্ষ আছে। এ বুক্ষে বহুদংখ্যক প্রেতাত্মা বাস করিয়া পাকে। যাহারা বিষপানে দেহত্যাগ করে, কিলা যাহাদের অপঘাতে মৃত্যু হয়, তাহাদের আত্মার মুক্তি হয় না বলিয়াই বোধ হয়, তাহারা স্ক্রাদেহ ধারণ করিয়া এইরূপ ভাবে পৃথিবীতে বিচরণ করিয়া থাকে।

এই জেলথানার চতুর্দিক্ ইপ্টকনির্দ্মিত প্রাচীর দারা বেষ্টিত। ঐ সকল প্রাচীরের স্থানে স্থানে কিয়দ্দ্র অন্তর এক একটী করিয়া গমুজাকৃতি স্থান আছে। যাহা রাত্রিকালে প্রহরীদিগের পাহারা দিবার জন্ম নির্দিপ্ট ছিল। প্রতি রাত্রেই সমস্ত রাত্রি ব্যাপিয়া পর্য্যায়ক্রমে এক একটী প্রহরীকে পাহারা দিবার জন্ম উক্ত স্থানে নিযুক্ত থাকিতে হইত।

একদিন গভীর রাত্রে একটা সশস্ত্র প্রহরী ঐ উচ্চ স্থানে পাহারা দিতেছিল। তথন রজনীর বিষাম অতীত। প্রশাস্ত গগন, বিশাল ধরণী স্থধাংশুর তরল মাধুরীতে উছলিত। অচঞ্চল সমীরেও বোর গস্তীরতা—আবাতকম্পিত তরুলতা থরে থরে ফুটস্ত ফুলরাশি ছড়াইয়া চারিদিক স্থবাসে আমোদিত করিতেছে।

বিমান-সঞ্চারী অমরগণ:অম্বরতলে ছায়াপথে নৈশ-নিসর্গ-কান্তি দেখিরা বেড়াইতেছেন। জ্বগৎ নিস্তন্ধ নীবেব নিজিত। গিরি-প্রস্রবণের সক্ষেন সলিলোচ্ছ্বাস—কৌম্দী-স্নাত তরল তরিগণীর মধুর কুল কুল নাদ—অদ্র নিঃস্ত বিল্লির স্থধারব—নির্জন প্রাস্তবে জম্বুকের ধ্বনি—শাস্ত নিশীথিনীর গভীর নিস্তন্ধতা ভৈদ করিয়া বাতাসের গায়ে লতায় পাতায় মিশাইয়া ষাইতেছে। কোন কোন নররাক্ষস এমন শাস্তিনিস্রাবিনী নিশীথে নিজাম্বথে বঞ্চিত হইয়া অপরের সর্কনাশ ও স্বার্থসাধন-উদ্দেশ্যে বড়্যন্তের জাল পাতিতেছে। কোন প্রণয়বিধুর নিভতে নির্বারিণী-তীরে বা বাপীতটে বসিয়া তাহার সেই—প্রেমের অময়থানি কামনার হৃদয়-সরোজের স্বর্ণ-পঙ্কজিনী—শ্বতির সম্বল—জীবনের স্ব্রুখতারা—জীবন-সঙ্গিনীর বিদায়ের অঞ্চমিক্ত সজল মুথথানি মনে করিয়া হতাশ প্রেমের ছতাশে তপ্তশাস ফেলিয়া সজল নয়নে অঞ্চবর্ষণ করিতেছে। চন্দ্রমাশালিনী যামিনীর নির্ম্মণ জ্যোৎস্নাভিষেকে রক্ষত-কান্তি সৌধশিথর শ্রেণী নীলাম্বরের নীলোৎসঙ্গে মিশিয়া অপরূপ বিনোদদৃশ্য প্রদর্শন করিতেছিল।

এমন সময়ে উক্ত প্রহরী পশ্চাতে একটা আলোকরশ্মি দেখিয়া ভয়ে শিহরিয়া উঠিল, এবং সহসা একটা প্রেতাত্মা আসিয়া ধারা দিয়া তাহাকে উপর হইতে নিম্নে ফেলিয়াছিল, দেও অমনি স্বযুপ্ত রাত্তির নিস্তরতা ভঙ্গ করিয়া সি'ডির উপর দিয়া শকায়-মান হইয়া গড়াইতে গড়াইতে নিয়ে পতিত হইল ঐ শব্দ শুনিয়া তৎক্ষণাৎ Headwarder ছুটিয়া আসিয়া এই ভগাবহ দুখা দেখিয়া সাহেবকে সংবাদ দিল, Superintendent সাহেব ভংক্ষণাং জেলদারোগা, এবং একজন ইংরাজ ডাক্তার, ও একজন দেশীয় ডাক্তার লইয়া ঘটনা স্থলে উপস্থিত হইয়া দেখিলেন, যে গমুজের উপর যে ব্যক্তিকে পাহারার কার্য্যে নিযুক্ত করা হইয়াছিল, সে উপর হইতে নিম্নে পভিত হইয়া গোঁ গোঁ শব্দ করিতেছে। তাহাকে ঐরপ অবস্থায় পতিত থাকিতে দেখিয়া তাহার মন্তকে জল দিঞ্চন করিতে ल'तिल. ७ পরে সংজ্ঞা হইলে পর তাহাকে জিজ্ঞাদা করা হইল যে সে কিরুপে উপর হইতে নিম্নে পতিত হইল। সে বলিল—"যথন **আ**মি পাহারার কার্য্যে নিযুক্ত ছিলাম, তথন একটা বিকট মূর্ত্তি আমার সম্মুখীন হুইয়া আমাকে ধাকা দিয়া উপর হুইতে নিমে ফেলিয়া দিল। প্রহুবীর প্রমুখাৎ এই কথা শুনিয়া উপস্থিত ব্যক্তিবর্গ সকলেই বিস্ময়াপন্ন হইলেন। তৎক্ষণাৎ তাহাকে অবকাশ প্রদান করা হইল। এই ভয়াবহ সংবাদ যথন অন্তান্ত প্রহরিবর্ণের কর্ণগোচর হইল, তথন উক্ত কার্যোর জন্ত কেছই যাইতে চাহিল না। তথন Head warder ও Superintendent দাহেব প্রহরীদিপকে অনেক বুঝাইতে লাগিলেন যে উহা কিছুই নচে, মন্তিমের বিকার বশতঃ এইরূপ ঘটিয়াছে। কিন্তু তুর্ভাগ্য বশতঃ কোন রাজপুত শান্ত্রিই ঐ স্থানে পাহারা দিতে স্বীকৃত হইল না। পরে একজন মুদলমান প্রাংরী বলিল "আচ্ছা আমি ঐ স্থানে পাহারা দিব, দেখি কে আমাকে ফেলিয়া দেয়। ঐ মুসলমানটী সামান্ত ভৌতিক

মন্ত্র জানিত। সে পাহারা দিবার সময় মন্ত্রবলে আপনার শরীরকে স্থরক্ষিত করিয়া পাহারার কার্য্যে নিযুক্ত হইল। সেই রাত্রে পুনরার কোন ছর্ঘটনা হয়, এই ভাবিয়া Headwarder বারংবার তথায় আসিয়া সংবাদ লইতে লাগিল। কিন্তু ঈশ্বেচ্ছায় দে বাত্রে কোন চুর্ঘটন। হয় নাই। এক্ষণে পাঠকপাঠিকারন্দের নিকট আমার এই জিজ্ঞান্ত-গভীর নিশীথে একটা সশস্ত্র প্রহরীকে উদ্ধিয়ান হইতে কে ফেলিয়া দিল ? মানব না দানব গ

> ( একান্ত বশবদ ) শ্ৰীননীভূষণ শেঠ।

## সহজে যোগবল প্রত্যক্ষ করুন।

विद्धियोश— नर्सिविध व्यक्षीर्ग, किमि ७ तम्हर्ताय नामक। >६ वित्तत्त > । किस्तियाणि— गत्निविध, जेनवरम, दानारि व्यथान, व्यक्षित्रक व्यथान, हाक भा ७ क्र् बाना, मजीरत्र व्यवमान, मजीरत्र ध्रांस, श्रुक्कांत्रना, श्रुक्कां छ छ विद्यार विरामय व्यक्षनाहरू । > मारम्य ० होका। किस्तु व्यक्षांत्र विरामय व्यक्षनाहरू । > मारम्य ० होका। किस्तु व्यक्षांत्र व्यक्ष्य विरामयकार्य व्यक्ष्य किस्तु व्यक्ष्य किस्तु व्यक्ष्य विरामयकार्य व्यक्ष्य किस्तु व्यक्ष्य विरामयकार्य व्यक्ष्य विरामयकार्य व्यक्ष्य विरामयकार्य विरामयकार विरामयका

শ্বিষ্ঠ নিকেতন শটীই একমাত্র বক্তাদি দোষ, ভদকা ও পাতলা বাছে ও হধ তোলা শিশুর নির্দোষ থাছ। ইহা সকরোপেরই পথা। অস্বলের যম। হহা মৃত্র যন্ত্রের দোষ, হৃদর স্পন্দন, ক্রিমিজাত উপদ্রব ও চর্মরোগ বিনাশ করে এবং মাথা ঠাণ্ডা রাথে। মূল্য বড় কোটা।/• আনা ছোট কোটা ৵• আনা।

> কবিরাজ শ্রীবিনোদশাল দাশ গুপ্ত কবিভূষণ। অমৃতনিকেতন—২৬ নং গ্রে খ্রীট, কলিকাতা।

## জাহ্ৰবী।

় ( দৰ্বোৎকৃষ্ট সুলভ মাদিক পত্ৰিকা )

ভূতপূর্ব "বঙ্গলন্ধী" সম্পাদক শ্রীযুক্ত সুধাকৃষ্ণ বাগচি সম্পাদিত।
প্রতি বাঙ্গালা মাসের ১লা তারিখে প্রকাশিত হয়। প্রতি মাসে ৮
কর্মা ৬৪ পৃষ্ঠা থাকে। অগ্রিম বার্ষিক মূল্য ডাঃ মাঃ সহ ১॥০ দেড় টাকা
মাত্র। প্রবন্ধগোরবে, বিষয়নির্বাচন এবং ভ্রমণকাহিনী, নক্সা, বৈজ্ঞানিক
প্রবন্ধ, কবিতা, স্মৃচিস্তিত প্রবন্ধ, ঐতিহাসিক কাহিনী ও গল্প, চন্ত্রন,
সমালোচনাদিতে প্রতি মাসের 'কাহ্নবী'র কলেবর পূর্ণ থাকে।

কার্য্যাধ্যক্ষ, জাহ্নবী ; বুলু কাহ্নবী কার্য্যালর, ২০১ নং কর্ণওয়ালিস দ্রীট, পোষ্ট সিমলা, কলিকাতা।

৪০ বংগরের চিকিৎসাভিজ গর্বদেন্টের ভূতপূর্ব কালাব্যর বছরকারী

এবং স্ত, স্তানাৰী ও জননেক্তিৰ বৰ্ত্তীৰ বেগি সমূহের বিশেষাভিত্ত

্রায় সাহেব ডাঃ কে, সি, দাসের

## স্বাস্থ্য-সহার।

স্বাহ্যরকা সম্বন্ধে

ন্ত্ৰীপুৰুষের দৈনিক আবশুকীয় পুস্তক—ব্লিনামূল্য বিভব্নিত হটতেছে। স্বয়ং উপস্থিত হইয়া কিংবা পত্ৰ দ্বারা গ্রহণ করুন।

## স্বাস্থ্য-সহায় ঔষধালয়।

৩০।২ হারিসন রোড, কলিকাত।।

''পলাশী-স্চনা,'' ''অশ্রুধারা,'' ভীষণ প্রতিশোষ" প্রভৃতি পৃস্তক প্রণেতা শ্রীমৃক্ত অমুকুলচক্র মুথোপাধ্যায় প্রণীত

## 5। विधि-श्रमान।

#### মনোরম সামাজিক উপস্থাস।

২৬২ পৃতার সমাপ্ত। তিনথানি হন্দর চিত্র শোভিত। মৃল্য ১ টাকা মাত্র।
এই গ্রন্থে জন্মান্তরবাদ, প্রেডতন্ত্র, কর্মফল, পাপ পুণ্যের বিচার, হিন্দু শাস্ত্রসন্মত ঐ
সকলের ব্যাথ্যা, আদর্শ হিন্দুর, ভ্রান্ত, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চাত্য-শিক্ষিত, পাশ্চাত্য
সভ্যতাদীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওজন্মিনী
ভাষার বর্ণিত হইরাছে। ইহাতে আর্যান্থবিগণপ্রবন্তিত সনাতন ধর্মের সরল ব্যাথ্যা
আছে, অথচ তাহা একদেশ-দর্শিতাপুর্ণ নহে—প্রাচ্য ও প্রতীচ্যের দর্শন-শাস্ত্র সমন্বরে
লিখিত এই সকল জটিল বিষয় বাহাতে স্কুমার-মতি বালক, সামান্ত শিক্ষিতা মহিলা
পর্যন্ত্রপ সহকে বুঝিতে পারেন, তত্রপ ভাষার ও ভাবে উপস্থাসের বর্ণনাছলে বিবৃত করা
হইরাছে।

এইত পেল শান্ত্রীয় কথার বিচার, এতহাতীত কি কি আছে দেখুন। আমুষ্ঠানিক হিলু জীবনের আদর্শ চিত্র, পিশাচ প্রকৃতি মানবের ভীবণ জীঘাংসা, হিলু বালিকার প্রবল ধর্মুভাব, পরহিত সাধনের অমুপম দৃষ্টান্ত—এ সকলের অভাব পরিদৃষ্ট ইইবে মা। এক কথার এমন শান্ত্রোগদেশ-মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ভ, সর্বালম্বন্দর উপস্থাস বহুকাল: বাবং বল্প-মাহিত্যে প্রকাশিত হয় নাই। যদি ভাবুক হও, ধর্ম পিপাম্ব হও, জানার্জনে যন্ত্রপরাল্প হও, তাহা ইইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিভৃত্ত হও—আজীয় ক্ষমনকৈ শান্ত্রিভ দিয়া নিজের কর্ত্ব্য সাধন ও তাহাদিগের সন্তোষ বিধান কর।

## <u>ত্রীরাসাম্মত ভারত।</u>

#### শ্রীমৎ স্বামী রামক্ষভানন প্রণীত।

শীসম্পাদের প্রচলিত আচার্য্য রামাপুলের বিতৃত জীবনত্তান্ত বালালা ভাষার এই প্রথম প্রকাশিত হটল। প্রস্থকার এমন তন্তাবভাষিত ও রসপ্রাহী হটরা তুলিক। ধরিরাছেন ও চিত্র মানিকাছেন যে বলসাহিত্যে আচার্ব্যের যোগ্য পরিচয় দিবার অভ্য যে আবারা বোগ্য লেবক পাইয়াছিলাম,ভাষা পুত্তকখানি পাঠ করিতে করিতে পাঠক জুলয়ক্তম ক্রিবেন।

্রন্তের মণাট স্কর কাপড়ে বাঁধান এবং প্রাচীন জাবিড়া প্<sup>\*</sup>ধির পাতার মত নার্ক মুশে চিত্রিত। আচায়্য রামামুজের জীবজ্পার খোদিত প্রতিমূর্তি গ্রন্থে সন্নিবিষ্ট হইরাছে। মূল্য তুই টাকা মাত্র ।

প্রাপ্তিস্থান—উদোধন কার্যালয়। বাগ্বান্ধার, কলিকাতা। বৃত্তৰ ধরণের সচিত্র মাসিক পত্রিকা। নৃত্তৰ ধরণের

## গক্স-লহরী।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্থা সম্পাদিত। শ্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে। প্রতিমাসেই স্থান্দর ছবিতে পত্রিকা স্থানোভিত।

আকার ডিমাই ৮পেজী ৮ ফর্মা।

শ্রাবণ সংখ্যায় নিম্নলিখিত গ্রপ্তলি আছে। ঐব্ক কা ীপস্ম দাস গুপ্ত এম, এ লিখিত—'স্মন্দলা ও প্রাণের বিনিময়', ঐবিক মুনীর প্রসাদ সর্বাধিকারী লিখিত—'নবীনের সংসার' ও ঐবিক জানেজনাথ খোষ বি, এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পত্রিক। কেবলমাত্র স্থানর স্থানর, মনোমুগ্ধকর গল্প, মনোহর উপস্থান, চিত্তচমকপ্রদ ভ্রমণকাহিনী, ডিটেক্টিভের লোমহর্ষণ ঘটনাবনী, শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রসাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজে দীরস প্রবন্ধ ইহাতে স্থান পাইবে না। বঙ্গের থাতিনামা গল্প ও উপস্থাস বৈশ্বক্ষণ ইহাতে নিয়মিত লিখিবেন।

্ৰ অগ্ৰিম বাৰ্ষিক মৃত্য ডাক মাত্মল সমেত সংৱ ও মকঃবলে ১॥• টাকা। ক্ৰিম মৃত্য বাতীত কাহাকেও পত্ৰিকা পাঠান হয় না। নমুনা সংখ্যা ক্ষিণ্ডল সমেত ।/• আনা।

শ্রীসতীশ চন্দ্র ঘোষ । কার্য্যাখ্যক, "গর-লহরী" ২৮ নং হুর্গাচরণ মিত্রের ব্রীট, কলিকাভা।

# থিয়েটারের

ষ্টেজ, সিন, ডুেস, চুল প্রভৃতির প্রয়োজন হইলে অর্দ্ধ আনার ফ্ট্যাম্পদহ ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এণ্ড কোং পেণ্টার্স,

২২ নং হারিদন রোড, কলিকাতা।

#### বিজ্ঞাপন।

## সচিত্ৰ নৃত্ৰ অলোকিক বিজ্ঞাপন (ছিতীয় বৰ্ষ) মাসিক পত্ৰিকা ব্ৰহ্মবিজ্ঞা।

(বলীয় তম্ববিভা সমিতি হইতে প্রকাশিত)

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাতুর এম, এ, বি, এল। শ্রীযুক্ত হারেন্দ্রনাথ দন্ত বোন্তরত্ব এন, এ, বি এল।

এই পত্রিকার প্রতিমাদে ধর্ম ও অধ্যার-বিদ্যা সমন্ধে প্রবন্ধ এবং উপনিষ্দাদি শাস্ত্র-গ্রন্থ ধারাবাহিকরণে প্রাঞ্জল ব্যাখ্যাসহ মুদ্রিত হইতেছে। তান্তর আর্ধ্য-শান্ত্র-নিহিত অমুল্য তত্ত্ব রাজ পাশ্চত্য বিজ্ঞানের আলোকে পরিক্ষুট করিবার অভিলাবে বহুবিধ বৈজ্ঞানিক তত্ব, আধ্যাত্মিক আখ্যায়িকা, যোগশাল্ল, হিন্দু জ্যোতিব প্রভৃতি বিবরে প্রবন্ধাদি এবং ধর্ম ও আধ্যাত্মিক বিষয়ক প্রশ্নের সন্থত্তর প্রকাশিত হইরা থাকে।

আকার---রয়েল ৮ পেজী, সাত কর্মা। বৈশাগ মাসে বর্গ আরস্ত। উৎকৃষ্ট কাগজ, পরিকার ছাপা।

মূল্য—সহর ও মফঃখল সর্বত্র ডাকমাণ্ডল সমেত বার্ধিক ত্নই টাকা মাত্র। ্তত্বজ্ঞানপিপাস্থ ব্যক্তিগ**ল স**ত্বর গ্রাহকশ্রেণীভূক্ত হউন ইহাই প্রার্থনা।

ব্রহ্মবিছা কার্য্যালয়
১০০ কলেজ স্বোয়ার,
(গোলদীঘীর পূর্ব্ধ) কলিকাতা।

শ্ৰীবাণীনাথ নন্দী। কাৰ্য্যাধ্যক্ষ।

## সেদিনীপুর হিতৈষী

ষেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বহুল প্রচারিত সাংথাহিক সংবাদপত্র। বার্ষিক মুলা ২, টাকা। জেলার কালেকীরীর ও দেওরানী আদালতের সমুদার ইস্তাহার মুদ্রিত হয়। প্রত্যেক দেন্দারকে এক একথানি করিয়া কাপজ প্রেরিত হওরার নৃতন নৃতন বান্তি পাইরা থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের প্রচুর লাভ। বিজ্ঞাপনের দর ফুলভ।

#### কলঙ্ক—ভক্তের ভগবানৃ—প্রণয়ীর পতা।

উৎকৃষ্ট সভা ঘটনামূলক গ্ৰন্থ। পাঠে কলকের ভয় থাকেবে না। কলকীও সাবধান হইবেন। ভাষার লালিতা ও মধুরভায় মৃগ্ধ হইবেন। শিক্ষার চূড়ান্ত! রস ও রসিক-ভার প্রস্রবন। হাতে পড়িলে পাঠ শেব না করিলা ছাড়িতে পারিবেন না। মূল্য বীধাই ৮০ ঝানা, আবীধা॥৮০ আমা।

ভক্তের ভগবান্—জঠি অপূর্ব্ব গ্রন্থ। সভীর পভিভক্তির উজ্জল দৃষ্টাপ্ত ও ভগবানের ভক্ত রক্ষা দেখির। চক্তের জলে বক্ষা ভাসিরা বাইবে, না পড়িলে বুবা বার বা। মূল্য।• আনা। প্রশাস প্র—স্ক্রীপাঠা। মৃতীর পভিভক্তি ও কর্ত্তিব্য সম্পাদন দেখিয়া মুখ্য হইবেন।

ক্রবার প্র—ক্রাপান্ত। নতার পাতভাক্ত ও কন্তব্য সম্পাদন গোৰমা বুজ বংবের।
ভাষার লালিতে। ও মার্থেন, বিষরের পরিক্রবে ও শিকার ইহা অমূল্য। মূল্য। আনা
পুত্তক ভিনধানি পাঠ করিবা মুক্ত না হইলে মূল্য ক্ষেত্রত দিব।



রাষম্বর্গের অহুমোদিত, বিশ্বস্ত ও পৃষ্ঠপোষিত— কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের জবাকুকুকা তৈনে।

मिरत्रारतारगत मरशेषध।

গুণে অধিতীয় ৷ গন্ধে অতুলনীয় ৷

জনাকুত্য তৈল ব্যবহার করিলে মাধা ঠাণ্ডা পাকে, অকলে চুল পাকে না, মাধার টাক পড়ে না। বাঁহাদের বেশী রকম মাধা থাটাইতে হয় তাঁহাদ্রের পক্ষে জনাকুত্য তৈল নিত্য বাবহার্থা বস্তু। ভারতের আধীন মহারাজাধিরাজ হইতে সামাল কুটারবাসী পর্যাত্ত সকুলেই জনাকুত্য তৈলের গুলে মুদ্ধ। জনাকুত্য তৈলের গুলে মুদ্ধ। জনাকুত্য তৈলের গুলে মুদ্ধ। জনাকুত্য তৈলে মাধার চুল বড় দরম ও কুঞ্জিত হয় বলির। রাজরাণী হইতে সামাল মহিলার। পর্যাত্ত অভিনরের সহিত জনাকুত্য তৈল ব্যবহার করেন।

এক শিশির মূল্য ১ এক টাকা।
ভাকমাশুল । ০ চারি আনা; ভিঃ পিতে ১। / ০ পাঁচ আনা।
সি, কে, সেন কোং লিমিটেড,

যবহাপক ও চিকিৎসক—

কবিরাজ ঐতিপেন্দ্রনাথ সেন ২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।

والمعتول ليام فأواد وفعالي

# ইন্টার্ণ লাইফ ইন্দিওরেন্স কোম্পানী

লিমিটেড্

এই স্থারিচিত কোম্পানী গড প্রায় ৪ বংসর বাবং অতি দক্ষজ্ঞার সহিত কার্যা করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধ্যবিত্ত ও দরিক্ষ ব্যক্তিগণের উপযোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রভিডেণ্ট ফুণ্ড ডিপার্টমেণ্ট খোলা হইরাছে। ইহাতে মাসিক অত্যন্ন পণ দিয়া মৃত্যুকালে বা পুর কক্সাদির বিবাহ সময়ে যথেষ্ট অর্থসাহায্য পা ওয়া যায়।

উপস্থিত কোম্পানীর কার্যাবলী করেক জন সন্ত্রাস্ত ও বিশিষ্ট ভদ্রগোকের উপর ক্রস্ত হইরাছে। নিরমাবলী সংশোধিত হইরা অভিন নব উৎসাহে কার্যা চলিতেছে। কার্য্যের প্রসারও অভ্যুতপূর্ব্য বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এক্সেন্সী স্থাপিত ক্রইরা মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওয়া বাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত হেড আফিসে আবেদন করুন। সর্বান্ধ এজেন্ট আবশ্রক।

ওডসংবাদ---

ভারতগভর্ণনেশ্টের আইন অনুষায়ী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পক্ষে ইহা অতীব আনন্দের সংবাদ।

#### ১৯১৩ খৃষ্টাব্দের ডাইরেক্টরগণ।

ক্ষা বতীক্রনাথ চৌধুরী জমিদার এম, এ, বি এল, টাকি। প্রীযুক্ত নরেক্রলাল চৌধুরী জমিদার হুগলী, প্রীযুক্ত বতীক্রনাথ রাম চৌধুরী জমিদার সাতক্ষীরা। শ্রীযুক্ত মণীক্রনাথ মুখোপাধ্যায় জমিদার রাণাঘাট। জ্যাটণী প্রীযুক্ত জে, সি, গস্ত। মান্তবয় শ্রীযুক্ত রমণীমোহন দাস, ক্ষমিদার। শ্রীযুক্ত শৈলজানাথ রায়চৌধুরী, জমিদার।

क्रीटेननकानाथ ताय्ट्रीधूत्री,

-द्वनादान गात्नवात्रा

#### সম্পাদক কেশবচন্দ্র গুপু, এম্-এ, ব্রি-এল।,

এই কান্তনে অর্চনার দশম বর্থ আরম্ভ হইল। এই কান্তন বাঁনেই অর্চুনা সচিত্র ইকুয়া বাহির ইইডেছে। অর্চনার নুডন পরিচয় অনাবস্তক। বলবান কুবন থানিক বলিচা হিডাবারী, সাহিত্য প্রভৃতি প্রসিদ্ধ পত্রসমূহে অর্চনার প্রবাধ প্রেণীর নার্নিক বলিচা বিবোধিত। প্রবীণ প্রবাধনানা লেখক বৃক্ত অর্চনার লেখক। নবীন ও প্রবীণ সাহিত্য-র্থিবৃদ্দের সমন্বর্গক্তর অর্চনা। অর্চনা উৎকৃষ্ট এণ্টিক কান্তরে পরিপাটারপে বৃত্তিত। কর্জার, ছিজাদি, স্থিপিত প্রথম সম্ভাবে অর্চনাকে এত সোক্ষরণালিনী করিয়া তুলিরাছে বে প্রত্যেক সংখ্যা অর্চনা প্রিয়ম্ভনতে উপহার দিবার সামগ্রী ইইরাছে।

গত বর্ষে অর্চনার কলেবর বৃদ্ধি হইরাছিল কিন্তু মূল্য বাষ্ট্রে নাই, বর্জনাম বর্ষে চিত্র সংখ্যোজিত হইবে অব্দ বার্ষিক মূল্য পূর্ববিবই রহিল । পাঠক এ ক্রোগ ছাড়িবেন কি ? প্রত বর্ষে অর্চনার আহকাতিশব্যে আমরা অনেকন্তবি আহক কিয়াইতে বাধা হইরাছিলাম। এবারেও নিন্দিষ্ট সংখ্যা ছাবিভেছি, অতএব শীঘ্রই আহক হউন ; অন্তথা বদি পুরুষু জিত না হয় তাহা হইলে পাইবার আশা থাকিবে না; কারব মাসিক পজিকা সাথাহিক নহে। বে বে সপ্তাহ হইতে আহক হইলেন, পর বর্ষের তৎপুর্বে তারিব পর্যান্ত কারজ পাইকেই এক বর্ষ পূর্ব হইবে। মাসিক পজের আহক হইতে হইলে বর্ষের প্রথম হইতেই প্রহণ করিতে হয়। অন্যাই প্র লিপুন। অর্চনার বার্ষিক মূল্য সর্ব্যে ১০০ (ভি: পি: তে ১০০০)

ম্যানেজার, অর্চনা

১৮/নং পার্বতাচরণ ঘোষের লেন, অর্চনা পোষ্ট আফিস, কলিকাতা।

## অর্ছ্য।

#### প্রীঅস্ব্যচরণ সেন-সম্পাদিত।

স্লোর স্লভতার অথচ প্রবাদসীরবে ইহার সমকক সাসিক বর্ডমানে ব্রুমাহিত্যে আর নাই বলিলেও অত্যুক্তি হয় না। 'অর্বোই' উরস্বেবের আমলের হতিহাস বুলাসতের অধুবাদ ধারাবাহিকরণে বাহির হইতেছে'। ইতিহাস ও পুখাতবের আলোচনা—অর্ব্যের বিশেবছ। তছাতীত অভি উচ্চদরের সাহিত্যের আলোচনামূলক প্রবন্ধ মৌলিক কুল্ল ব্যক্তি সংবাদ একটি করিয়া সম্পূর্ণ বিদেশী গল্প কিমণ্ডী প্রভৃতি বাহির হয়। আরামী আবিনে হয় বর্বে পদার্পন করিবে। হয় বর্বে সম্পাদকের মোগল চিল্ল বা বেনুসী মুটিত মোগল-ইতিহাসের অমুবাদ ধারাবাহিক রূপে বাহির হইবে। বার্ষিক মুন্তা ক্রিক স্থাক্ত ১ ইবিশ নাল।

गाद्भिकात, वर्षा, रेक्क्न विचारमें रेक्के, कनिकाला ।

#### প্রীযুক্ত ক্ষীরোদ প্রসাদবিতাবিনোদ এম-এ প্রণীত। আলিবাবা (রজনাট্য) 110 প্রভাগাদিতা প্রমোদরঞ্জন (নাটক) 110 জুলিয়া (6) ho প্ৰাশীর প্রায়শ্চিত >< সাবিত্রী ( 🔊 ) 11 0 বেদৌরা (গীতিনাট্য ) >< বুন্দাবন-বিশাস (গীতিনাটিকা) ... ho কবি-কাননিকা (রঙ্গন্তাস) রঘবীর (নাটক) উলুপী (ঐ) নারায়ণী (উপস্থাস, বিলাভী বাঁধা) রুক্ষ: ও ব্রমণী চাঁদবিবি ( ঐতিহাসিক নাটক ) >< ( S) অশোক > বাসস্থী (ব্ৰহ্মনাট্য ) বঙ্গণা (গীতিনাট্য ) পলিন বিরাম-কুঞ্জ পলিন ছৰ্গা ( উপাদের স্ত্রীপাঠা ; উৎকৃষ্ট বাধাই ) বিভিন্ন ( বৈজ্ঞানিক নাটক ) থাঁজাছান ( ঐতিহাসিক নাটক ) ... "ভীয়'' রূপের ডালি ইউনিভার্শেল লাইত্রেরী, ৫৬١১ নং কলেক ষ্ট্রীট্, কলিকাতা।

Printed by A. Banerji, at the Metcalfe Printing Works: 34, Mechuabazar Street, Calcutta.

# ल्यारिक्स दश

## শ্রীক্ষীরোদপ্রসাদ বিত্যাবিনোদ

সম্পাদিত।

শ্রীপখিনীকুমার চক্রবর্তী বিএ. বিএল সহকারি-সম্পাদক।

## নকলে লোকে ঠ'কে-আসলে জেতে।

স্বরুবজি লোকে মনে ভাবে দামে সন্তা হইলেই দু'পয়সা ষ্ত্ৰে থাকিল। তা নকলই ২উক আৰু বাহাই হউক---কিনিকেট চলিবে। কিন্তু কম দামে আসল হয় না। বীচার! একট বেশী দাস দিয়া আসল জিনিদ খবিদ কবেন, তাঁহারা নকলের দশগুৰ অধিক ফল লাভ করেন। আমাদের মহাসুগন্ধি বিক্রমাধিকা দেখিয়া অনেক সর্বজনপ্রিয় কেশরপ্রনের নকল বাহির হইয়াছে। প্রাহকবর্গকে আমরা সমরে সাবধান করিয়া দিভেছি, যেন কেশ্বপ্রন ক্রমণালে মোড়কের গাঙে আমার প্রতিকৃতি ও স্বাক্ষর, বেশ করিয়া পরীকা করিয়া দেখেন। নচেৎ প্রভারিত হইতে হইবে।



এक भिनि ১, এक हाका; माखनापि।/• भाँठ खाना। তিন শিশি ২। • এই টাকা চারি আনা : মাগুলাদি 🕡 • এগার আনা ।

গভর্ণমেন্ট মেডিকাাল ডিপ্লোমাপ্রাপ্ত শ্রীনগেন্দ্রনাথ দেনগুপ্ত কবিরাজ, ১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

वार्विक मुना >॥॰ (मफ् छाका।

প্রতি সংখ্যার মূল্য 🗸 • আনা।

## Harris Harris Aller (1997)

31	कथ अनुमारत बोरवद शिष्ठ	4.00	***	764
۹ ۱	नद्भारमर	•••		7.00
9	<b>क्श्रीक</b>	• • •	••	294
8 1	অতীতের এইপুরা	•••	•••	340
41	मछीबादर चार्करायहरा	•••	••••	300
	(भारमब्दबर ठाकरी	•••	•••	33.

## অলৌকিক রহস্তের নিয়মাবলী

- ১। "অংশাকিক রহন্ত" প্রতি বাগালা মানের ১লা প্রকাশিত হয়। প্রাবণ মাস হইতে ইহার বর্ষারস্ত ।
- ২। ইহার অগ্রিম বার্ষিক মূল্য ডাক মাণ্ডলাদি দমেত সহর, মঞ্চ:-খল সর্বাত্ত ১॥০ দেড় টাকা মাত্র; জি: পি:তে পাঠাইতে ৴০ এক আনা অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আলা।
- ৩। কেবল ১১ সাড়ে তিন আনার ডাক টিকিট পাঠাইলে নমুনা এক্ষা
- ৪। পত্তিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পুর্বে না জানাইলৈ আমরা সেই সংখ্যা পুনরার পাঠাইতে দায়ী থাকিব না
- ৫। কেই যন্ত্রপি পত্তের উত্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হইলে অফুগ্রহ করিয়া রিপ্লাই পোষ্টকার্ড লিখিবেন।
- ভ। "অলোকিক রহস্ত"-সম্বনীয় চিঠি-পত্ত, টাকা-পয়সা আমার নামে এবং প্রবন্ধাদি বিনিময়ার্থ পত্তিকাদি সম্পাদকের নামে নিয়লিখিত ঠিকানার পঠিটিবেন।

ইউনিভার্নেল লাইব্রেরী, প্রীস্থরেক্সনাথ বন্দ্যোপাধ্যায়

৫৬১ নং কলেজ ষ্ট্রীট্, প্রকাশক।

বিশেষ দ্রপ্টবা:--পুনরাগমন সামাজিক উপজ্ঞাস বাহা ধারাবাহিক 'অনৌকিক রহজে' বাহির হইতেছিল তাহা সম্পূর্ণ হইরাছে।

মলা সাত টাকা মাত।

## অলোকিক রহস্য।

ম ভাগ]

कार्डिक, ১७२०।

। হৰ্ষ সংখ্যা।

## কর্ম অনুসারে জীবের গতি।

গরুড়ের প্রশ্নমতে ভগবান শ্রীকৃষ্ণ প্রেতের উৎপত্তি, রূপ, বাসস্থান ও তাহাদের ভোজনক্রিয়া কিরূপে গুট্যা থাকে বিশেষ করিয়া বলিয়া-ছিলেন। ভগবান বলেন, যাগরো সর্বাদা পাপক্ষের রত গাকে, তাহারা পূর্বকৃত কর্মের বশবর্তী হইরা প্রেতক্রপে উংপন্ন হইরা থাকে। পুষরিণী, কুপ, দীর্ঘিকা, উপবন, দেবালয়, পানীয়শালা প্রভৃতি পিতুপিতা-মহের ধর্ম বিক্রের করে, সেই পাপিজেরা মরণান্তে প্রেত হইয়া থাকে। ( পিতৃপিতামহের কাল হইতে নান। লোকে যে দকল দ্রব্য ভোগ করিয়া স্থী হইয়াছে, সেই সকল জলাশয় বা ভোজনশালা বন্ধ করিয়া দেওয়াতে वहालारकत करे उ अजावरवाध श्रेषा थारक, श्रेशां जारकत मनःकष्ठे উৎপাদন করারূপ পাপ হইয়া থাকে। পরবন্তী কার্যাও এই হেতু সাধা-রণের অপ্রাতিকর ও ওজ্জা প্রেত্ত ভোগের বিধান।) যাহারা লোভ-পরতন্ত্র হইয়া গোচারণস্থান, গ্রামসীমা, তড়াপ, উপবন, গহবর এই দকল কর্ষণ করে, তাহারা প্রেত্ত্ব পাইয়া থাকে। চণ্ডাণের আঘাতে, জল পতনে, সর্পাঘাতে, ব্রাহ্মণ হইতে, বিহাৎপাতে, দংশক জম্ভ হইতে ও পশু-গণের আঘাতে যে সকল পাপকর্মা বাজিদের মৃত্যু হয়, যাহারা উদ্ধনেন প্রাণত্যাগ করে, যাহার৷ বিষ ও শস্ত্রাদির দারা আহত, যাহারা আত্মাপঘাতী

ৰাহারা বিস্টিকা রোগে মৃত, বাহারা অগ্নিদাহে আহত, যাহারা মহারোগে ও পাপরোগে মৃত, যাহারা দ্বাগণ কর্তৃক মৃত, যাহারা অর্গংক্ষারাবস্থার প্রাণত্যাপ করে, যাহারা বিহিতাচারবঞ্জিত, যাহাদের বুষোৎসর্গাদি সংস্কার ও মাসিক পিণ্ডাদি লুপ্ত হইয়াছে, শুদ্রগণ বাহার অগ্রি তৃণ ও কাঠাদি আহরণ করে, পর্বভাদি হইতে পতন হইয়া যাহার মৃত্যু হয়, যাহারা ভিত্তি-পাতে মৃত, যাহারা রক্ষ:স্থলাদিস্পৃষ্ট হইয়া প্রাণত্যাগ করে, যাহার ভূমিতে মৃত্যু হয় না, যাহারা আকাশে মৃত, যাহারা বিষ্ণুনাম স্মরণে বিমুধ, যাহারা স্ভিকাদি সম্পর্কবিশিষ্ঠ, ষাহাদের তুষ্টশল্যাদিতে মরণ ঘটিয়াছে, এবং বাহারা অস্তান্ত কুমৃত্যুর বশগু, তাহারা প্রেত-যোনিতে অবস্থিত হইয়া ভ্রমণ করে। (এন্থলে ভগবান অকম্মাৎ-মৃত্যুর যাবদীয় ঘটনার উল্লেখ করিয়াছেন; অকম্মাৎ-মৃত্যুতে জীব অনেক সময় মরিয়াছে বলিয়া বুঝিতে পারে না, জীবিত আছি মনে করিয়া পৃথিবীর কার্য্যাদি করিতে যাইয়া থাকে: পরে মৃত্যু হইয়াছে জ্ঞানয়া ঘোর বিষয় হইয়া তাহারা সংসার-আদির ব্যবস্থা করিয়া আসিতে পারিল না ভাবিয়া কাতর থাকে ও অন্তে মর্ন্তা-লোকের মুখ-ভোগ করিতেছে দেখিয়া ঈর্যান্বিত অবস্থায় ভাষাদের মুখ নষ্ট ইচ্ছা করিয়া থাকে। বাহাদের উপরি উক্তরূপ অকস্মাৎ-মৃত্যু হয়, ভাহাদের ভগবান পাপকর্মা বলিয়াছেন, (অর্থাৎ পাপকর্মে রভ না থাকিলে এরপ মৃত্যু হয় না।)

ভীম-ষ্ধিষ্ঠির-সংবাদ প্রেতত্ব সম্বন্ধে অনেক বিষয় আমাদের ব্রাইয়া দেয়। এই উপাধ্যান অগ্নিপ্রাণ, কৃর্মপুরাণ, বরাহপুরাণ, গরুড়পুরাণ প্রভৃতি কয়েকথানি পুরাণে বর্ণিত হইয়াছে। আমরা সংক্ষেপে এই উপাধ্যান এখানে উদ্ভৃত না করিয়া থাকিতে পারিলাম না। একদা যুধিষ্ঠির ভীমকে জিজ্ঞাসা করিলেন, " পিতামহ! লোকসকল কি কারণে প্রেতত্ব প্রাপ্ত হয়, এবং কি উপারেই সেই প্রেত্যোনি হইতে মুক্ত হয় ?" ভীম

कहिरनन. " बीराग कर्षाराम रचात्रजत एकत नत्रक श्राश इत। मर्सना বিষ্ণুর নাম স্বরণ এবং পুণাপ্রাদ তীর্থের অর্কীর্ত্তন করিলে উপস্থিত প্রেড-ষোনিতে ও প্রেতভাব হইতে মুক্ত হইতে পারে। হে বংস। আমি শুনি-য়াছি পূৰ্বকালে অতি স্থত্তত সম্ভপ্তক নামে এক ব্ৰাহ্মণ ছিলেন। সেই ব্রাহ্মণ তপশ্চরণমানদে তীর্থে গমন করেন। তথার অরুণোদরকালে তীর্থদলিলে স্নান করিয়া তপণ্চরণ করিতে লাগিলেন। তিনি দর্বদা জগদ-থ্যক পরমেশবের নাম শ্বরণ, তাঁহার রূপ চিন্তন, ও তাঁহাকে নমস্বার করিতেন ে এক দিবস সেই মহাত্মা ব্রাহ্মণ স্থান করিয়া আশ্রমে আসিতে-ছিলেন, দৈবাৎ ছরিতগমনে মার্গভ্রষ্ট হইয়া ইতন্ততঃ বিচরণ করিতে-ছেন, এমন সময় পাৰ্থমধ্যে স্থলাকৃণ পঞ্চ প্ৰেতকে দেখিতে পাইলেন। নির্জন অরণাময় বৃক্ষবর্জিত কণ্টকদেশে তাহারা নানা প্রকার ক্লেশ ভোগ করিতেছে। ব্রাহ্মণ বিক্বতাকার ভয়ত্বরদর্শন ঐ পঞ্চ প্রেডকে দর্শন क्तिया উधिधक्षरत नय्नयुगन मुन्छ क्तिया शान क्ति छिएनन । किय्र-কাল পরে ধৈর্যাবলম্বন করিয়া ত্রাস পরিত্যাগপুর্বাক দুর হুইতে তাহা-দিগকে মধুর বাক্যোজজ্ঞাসা করিলেন, 'তোমরা কে? কি নিমিত্ত এইরূপ বিক্কতভাব প্রাপ্ত হইয়াছ? তোমরা কি হুকর্ম করিয়াছ যাহার জন্ম ভোমরা এইরূপ বিক্রভভাবাপর হইয়াছ ? কেনই বা তোমরা একরূপ কর্ম্ম করিতেছ ? এবং তোমরা কোথায় প্রস্থান করিতেছ ?' প্রেতগণ কহিল, 'আমরাস্ব স কর্মা অনুসারে প্রেতত্ব ভোগ করিতেছি। আমরা সকলেই পরদ্রোহরত ও তুষ্ট মৃত্যুর বশীভূত। এই নিমিত্তই ক্র্ৎপিপাদায় পরিপীড়িত হইয়া প্রেতভাব প্রাপ্ত হইয়াছি। আমরা সকলেই হতবাক, নষ্টসংজ্ঞ, ও বিচেতন। আমরা দিক বিনিক কিছুই জানি না, স্কুতরাং অতি হঃথে কাল্যাপন করিভেছি। আমরা মৃঢ় কর্ম্মবশে পিশাচত্ব পাপ্ত হইয়াছি। কোপায় গমন করিতেছি কিছুই জানি না, স্বীয় কর্মদোষে পিশাচবোনি প্রাপ্ত হইরা নানাবিধ তুঃপ ও উদ্বেগ ভোগ করিতেছি। আমরা আপনার দর্শন লাভ করিয়া আহলাদিত ও আখাসিত হইয়াছি। আপনি কিয়ৎ-কাল অপেকা কৰন, আমাদের আগ্রোপান্ত বুত্তান্ত নিবেদন করিতেছি।

আমার নাম পর্যুষিত, ইহার নাম স্চীমুথ, তৃতীয়ের নাম শীঘ্রগ, চতুর্যের নাম রোহক এবং পঞ্চমের নাম লেখক। আমি স্থবাতু দ্রবা স্বয়ং ভোজন করিয়া ত্রাহ্মণদের পর্যবিত দ্রবা প্রদান করিয়া আসিয়াছি, এই কর্মবিপাক বশতঃ আমার পর্যুষিত নাম হইয়াছে : ইনি অনেক ব্রাহ্মণকে স্থচিত করিয়াছেন, অর্থাৎ অন্নকামনায় সমাগত গ্রাহ্মণদের অনেক ভিরম্কার ক রিয়াছেন, এই হেতু এই পিশাচের নাম স্থচীমুথ হইয়াছে। কোন ব্রাহ্মণ ক্ষুধিত হইয়া প্রার্থনা করিলে ইনি শীঘ্র তথা হইতে প্রস্থান করিয়া-ছিলেন, এই কারণে ইহার শীঘ্রগ নাম হুচ্য়াছে। এই ব্যক্তি সর্বাদ পৈত্র ও দৈব মিষ্টান্ন ভক্ষণ করিত, ব্রাহ্মণদিগের অভাবে ইহার কেবল দৈৰ ও পৈত্ৰ মিষ্টালে অধিকার, এই হেতৃ ইহার নাম রোহক হইয়াছে। প্রব্বকালে বিপ্রগণ ইহার নিক্ট যাজ্ঞা করিলে ইনি মৌনী হইয়া পুর্বিবীতে লেখন করিতেন, এই কর্মবিপাকে ইহার নামক লেখক হইয়াছে। জাৰগণ কৰ্মবৰে প্ৰেত্ত প্ৰাপ্ত হইয়। মেষানন, লেখক, রোহক, পর্বতা-নন, শীঘ্ৰগ, পশুবক্তু, স্চক, স্চীবক্তু, প্ৰুচিষ্ঠ, ও বলগ্ৰীৰ এই সকল নামে বিখ্যাত হইন্নাছে। এইক্ষণে ইহাদের রূপ-বিপর্যার দর্শন করুন। প্রেত-গণ মায়ামধ রূপ ধারণ করিয়া নরকার্ণব হইতে পলায়ন করে। ইহারা नकान विकृ ठाकात । अ विकृ ठानन, इंशामित अर्थ श्री नम्मान तिहमाए । প্রেতগণ স্ব স্ব কর্মানুসারে বুহৎশরীর, বুহৎদন্ত ও বক্রাস্ত হইয়া পাকে।

मुख्युक कहित्मन, 'এक्षरा তোমাদের আহার শুনিতে ইচ্ছা করি, যথার্থক্সপে বল।' প্রেতগণ কহিল, 'আমরা যাহা আহার করিয়া থাকি' ভাহা সর্বাপ্রকারে বিগঠিত। স্মাপনি এই কুৎসিত আহার শ্রবণ করিলে

অনেক নিন্দা করিবেন; শ্লেমা, মৃত্র, পুরীষ, রেচক, মল ও উচ্ছিষ্ট পকারদারা প্রেতগণের ভোজন হইয়া থাকে। যে সকল গৃহ শৌচ-বর্জিত ও সর্ব্ধপকার উপকরণরহিত অবচ মলিন সেই সকল স্থানেই প্রেত-গণের ভোজনক্রিয়া সম্পন্ন হয়। যাহার গৃহে শৌচ, সংবম ও সভা নাই এবং যে গৃহ পত্তিত দম্বাগণ যে গৃহে ভোজন করে, তাহার পুত্ই প্রেতগণের ভোজনক্রিয়া সম্পন্ন হয়। যে গুছে বলি, হোম, সাধ্যায় ও ব্রতাদি কিছুই হয় না, সেই গৃহেই প্রেতপণ ভোজন করিয়া থাকে। যে গৃহী বাক্তি অতি কুৎসিত এবং যাহার লজ্জা মর্য্যাদা কিছুই নাই এবং যাহার গতে দেবার্চনাদি সৎকার্য্য হয় না, দেই গতে প্রেতগণ জ্ঞোজন করিয়া থাকে। যে গৃহে লোভ, ক্রোধ, নিদ্রা, শোক, ভয়, মন্ততা, আলম্ভ, কলহ ও মায়া সর্বাদা বিদ্যমান আছে, সেই গৃহে প্রেতগণ ভোজন করিয়া থাকে। যে গৃহে ভর্তৃহীনা নারী পরপ্রক্ষের সেবা করে সেই গ্রুহ প্রেতগণ বীর্গ্যসূত্রযুক্ত অর ভোজন করে। আমাদের স্বকীর ভোজন বর্ণন করিতে লজ্জা হইতেছে। স্ত্রীগণের যোনগত যে রঞ্জ: তাহাই আমরা গ্রহণ করিয়া থাকি। হে তপোধন। আমরা প্রেতরপে নির্বিপ্প হইখ। আপনাকে দৃঢ়ব্রত জিজাসা করিতেছি, কিরূপ আচরণ করিলে আর প্রেতত্ব ভোগ করিতে হয় না, তাহার উপদেশ প্রদান করুন। বরং প্রতিদিন মৃত্যুয়াতনাও শ্রেম্বন্ধর, তথাপি কথনও প্রেতত্ব না হয় ইহাই প্রার্থনা।' (আমরা পূর্বেই বলিয়াছি মৃত্যুর পর আর আহার করিবার আবশুকতা থাকে না, কুধা-তৃষ্ণা থাকে না। এই পঞ্চ প্রেত কুকর্মের দণ্ডস্বরূপে জানিয়া শুনিয়া ঐ নিন্দিত বস্ত আহার করিতে যাইত ও ঐ সকল আহার করিলাম বোধে নিজে নিজে মনঃকষ্ট বোধ করিত। লোকে ধেমন কুকর্মো রত থাকিলে যতই व्यान यां छेक त्मरे निर्मिष्ट ममस्त्र वा जेनानात्नव ममूबीन स्टेरन त्मरे

কর্ম না করিয়া থাকিতে পারে না, ইহাদের ও সেই দুখা ঘটিয়াছিল। ইহাদিগকে দুঢ়ব্ৰত হইয়া আহারকার্যো নিরস্ত থাকিতে শিক্ষা দিলেই ইহারা মানসিক বলে এই অথাদ্য-ভোক্তনজনিত মানসিক যন্ত্রণা চইছে অব্যাহতি গাভ করিতে পারে ।)

বান্ধণ কহিলেন, 'প্রতিদিন উপবাসরত হইয়া কচ্ছু চাক্রায়ণব্রত আচরণ করিলে প্রেত্তত্ব নির্ত্ত হয়। প্রেতত্বনাশে অন্যান্ত পুণ্যকর কার্গ্য নিপ্রব্রেজন। যে ব্যক্তি মহাষজ্ঞ, বিবিধ দান, মঠপ্রতিষ্ঠা, আরাম, জলাশয়, ও গোষ্ঠাদি নির্ম্মাণ করে, যিনি স্বশক্তি অনুসারে কুমারী ও ব্রাহ্মণগণের বিবাহকার্য্য সম্পন্ন করাইয়া দেন, বিনি শিষ্যগণকে বিদ্যা প্রদান করেন, ভীতব্যক্তিকে অভয় প্রদান করেন, সে ব্যক্তির কথনও প্রেতত্ব হয় না। পতিতের অন্ন ভোজন করিয়া সেই অন্ন উদরে থাকিতে থাকিতে বাহার মৃত্যু হয়, এবং যে ব্যক্তির পাপরোগাদি হেতু মরণ হয়, সে ব্যক্তি নিশ্চয় প্রেতত্ব লাভ করে। যে অধাজাযাঞ্চক, এবং যাজ্য ব্যক্তিদের বর্জন করে, যিনি কুরুগণের সভিত সর্বাদা বিচরণ করেন. যে ব্রহ্মায় দেবদ্রব্য ও গুরুদ্রব্য অপ্রতর্ণ করে, যে ব্যক্তি শুল্ক গ্রহণ করিয়া কল্তা দান করে, মাতা, ভগিনী, প্রবধূ এবং কল্তা প্রভৃতিদের ষে বিনাপরাধে পরিত্যাগ করে. যে বাক্তি গুন্তবস্তু অপহরণ করে. ষে বাক্তি মিত্র-দ্রোহকারী, পরদারবত এবং যে ব্যক্তি বিশ্বাস-খাতী. বে বাজি ভ্রাত্দ্রোহকারী, ব্রহ্মত্ন, গোত্রগা, মদাপারী, গুরুপত্নীগামী, এবং যে ব্যক্তি কুলধন্ম পরিত্যাগ করিয়া অসত্য আচরণে সর্বাদাহ রত থাকে, এবং যে ব্যক্তি স্বর্ণ ও ভূমি অপহরণ করে, তাহা দের নিশ্চর প্রেতত হয় : ব্রাহ্মণের মুখে এই সকল কথা শুনিয়া ও তাহার সহবাদবশত: প্রেতগণের কুমতির নাশ হটল ও তাহাদের সদ্-शिक इंदेन। वदाह भूतात वह अतन आतंत्र के लिथिक हहेगा हि त्य,

ব্রাহ্মণ কহিলেন 'প্রেভন্বমোচনে মধুরাবাসই শ্রেষ্ঠ উপায়। শ্রবণা-নক্ষত্ত দাদশী তিথিতে মধুরায় গিয়া যদি তাহারা বাস করে ও শ্রীক্ষের বামনমূর্ত্তির দর্শন করে ও তাঁহার পূজা হোম ইত্যাদি করে. তবে তাহাকে আর প্রেতধোনি ভূগিতে হয় না। আমি শুনিরাছি, প্রেতধোনি প্রাপ্ত হইয়া যদি কেহ মধুরামাহাত্ম্য শুনে, তবে তাহার প্রেতত্ব দুর ছইরা অক্ষর বৈষ্ণবপদ অধিগত হইরা থাকে।' প্রেতগণের ইচ্ছামতে ব্রাহ্মণ এক্ষণে তাহাদের কল্যাণকর প্রবণাদ্বাদশী ব্রতের বিষয় বণিতে লাগিলেন। এই ত্রত মধুরাতার্থে করিতে হয়। ত্রাহ্মণের এই কথা শেষ হইলে জিনি বলিলেন, 'দেখ তীৰ্পপ্ৰভাব প্ৰভাক লক্ষিত ছইতেছে। কারণ এই তীর্থকথা শুনিতে শুনিতে ভোমাদের সদগতি সমুপন্থিত বলিয়া মনে হইতেছে।' এমন সময় প্রেতগণের জন্ম বছবিমান আসিরা উপস্থিত হইল। দেবদূত্যণ বলিল, 'ব্রাহ্মণের মুধে তীর্থমাংগক্ষ্য শ্রবণে ভোমাদের প্রেডত মৃক্তি ঘটিল, গোমরা উদ্ধালোকে চল।' এই তীর্থ পিশাচতীর্থ নামে নির্দেশিত আছে। বরাহপুরাণ ৭৪ অধায়ে এই তীর্থকর্দ্ধব্য সবিশেষ বর্ণিত হইয়াছে।

উপযুক্ত উপাধ্যানকথিত প্রেতত্ব-প্রাপ্তির কারণ সকল পাঠ করিলেই শরীর কণ্টকিত হইয়া উঠে। উপযুক্ত পঞ্চ প্রেতের পাপ আমরা কে না করিয়াছি ? ঠাকুর-পূজার চিনি-সন্দেশ যত অল্ল ম্লােরই হউক দিতে হয়, জামাই কুটুম আদিলে অভি উৎকৃত্ত সন্দেশ না আনিয়া গৃহস্থ নিশ্চিম্ভ হইতে পারেন না, ইহাই আজ কালের গৃহ-স্থের ব্যবস্থা হইয়া পাড়য়াছে। ভিক্কৃক আসিলেই, তাহার সবল দেহ-দর্শনে ভাহাকে খাটিয়া খাইবার উপদেশ আদ্রা প্রভাইই দিতেছি। ভিক্কৃকদের ভিরন্ধার করা সে ত বাটার পঞ্চনবর্ষীয় শিশুলণ পর্যাম্ভ অভ্যন্ত হইয়া উঠিয়াছে। কলিকাল বলিয়া পাসের শান্তির পরিমাণ

বদাপি কম না হইয়া থাকে. তবে আমাদের সমাজের অতি অল লোক-মাত্রই বে োতত্বের হাত হইতে নিষ্কৃতি পাইবে আশা করা যায়। সাধারণতঃ প্রেতম কি ভবে আজকালকার লোকের একচেটিয়ার মড় অধিকার হইয়াছে। গরুভূপুরাণেও লিখিত আছে কলিকালে অনে-কেরই প্রেতত্তপ্রাপ্তি ঘট্টা থাকে। প্রেতগণ নিজকলের পীড়া উৎপাদন করে, ছিদ্র পাইলে অপরেরও পীড়ন করিয়া থাকে। প্রেতের উদ্দেশে জলাঞ্জলি প্রকান করিতে হয় রোদন করিতে নাই। বন্ধগণ রোদন করিয়া শ্লেমা ও অশ্রমোচন করিলে মৃত্যাক্তিকে ঐ শ্লেমা ও অঞ্জ ভক্ষণ করিতে হয়। অভএব মৃত ব্যক্তির জ্বন্ত রোদন করিবে না, পরস্ক যথাশক্তি তাহার ঔর্দ্ধদৈহিক কার্যা করিবে। কেবলমাত্র এই রূপেই মৃতের মঙ্গল কবা বাইতে পারে।

আমরা পৌরাণিক উপয়র্তিক বিবরণ পাঠে বুঝিলাম যে মৃত্যুর পূর্ব্বে মানব যতই জগতে পাপাচরণে নিযুক্ত থাকে, ততই তাহাদের মৃত্যুর পর প্রেতত্ব পাপ্তির সন্তাবনা বেশী থাকে। আমরা ইহা জানি যে মৃত্যুর পর জীবকে যে লোকে যাইতে হয়, ভাহাকে কামলোক কছে। এই কাম অর্থে কামনা, বাসনা, ইচ্ছা, তৃষ্ণা বৃঝায়। এই কামলোকের মূল পদার্থ বা ভ্রমি আমাদের মর্ত্ত্যলোকের স্বর্জাপেকা সূক্ষ্ম প্রদার্থ অপেকা অতিশয় সন্ম হইতেছে। এখানকার চেতন, অচেতন, উদ্ভিদ প্রভৃতি যাবতীয় পদার্থ ই এই ফুল্ল পদার্থে গঠিত। মর্ত্তালোকে বেরূপ ফুল্মভার তারতমা অমুসারে কঠিন, তরল, বাষ্ণীয়, ইথিরিয় প্রভৃতি সাত বিভাগ আছে, দেইরূপ কামণোকেরও হক্ষতার তারতম্য অনুসারে উক্তরূপ সাত বিভাগ আছে। এক এক স্তরের পদার্থ অন্ত স্তরের পদার্থ অপেকা অধিকতর কুন্ম। আমরা আমাদের কামনা বা বাসনাকে বস্তমধ্যে গণ্য করি না, কিন্তু ইহারা প্রকৃত প্রস্তাবে বস্তু হইতেছে। সামাদের

মর্ত্তালোকের সর্ব্বোপরি বিভাগের অতি সৃন্ধ বস্তুর অপেক্ষাও এই বাদনার নিৰ্মাপক উপাদান অভি হক্ষ হওয়ায়, আমরা আমাদের বাসনাকে বস্ত বলিয়া ব্ৰিয়া উঠিতে পারি না। যাঁগাদের দৃষ্টিশক্তি বিশেষ ভাবে ইন্নত হইয়াছে,--বাঁহারা কামলোকের পদার্থ দেখিতে পাইয়া থাকেন, তাঁহারা দেখেন যে কামলোকের যাবতীয় পদার্থ যে বস্তু লইরা গঠিত, বাসনাও সেই বস্ত দ্বারা সেইরূপে গঠিত। এবং অন্যান্ত বস্তুর ন্যায় বাসনার আকার, বর্ণ প্রভৃতি আছে ৷ তাঁহারা আরও দেখেন যে বাসনা যে পরিমাণে ভাল, সেই পরিমাণে বেশী ফুল্ম হইয়া থাকে। স্থবাসনা অভি ফুল্ম কণায় নির্ম্মিত, কুবাসনা কামলোকের সর্কোপরি স্থল ( যাহা অবশু পৃথিবীর বস্তু অপেক্ষা অনেকাংশে সূক্ষ্ম ) কণা সকলে গঠিত হয়। রাগ, দ্বেষ, হিংসা, ব্যভিচার, পরাপকার, হত্যা করিবার ইচ্ছা পভত্তির উপাদান অভিস্থল। কামলোকে যে সাভটি দর আছে, তন্মধ্যে প্রথম হুর অপর ছয় স্তর অপেক্ষা স্থল হয়, কাজেই কুবাসনা সকল এই স্তবেরই অন্তর্গত হইতেছে। কাজেই যে সকল মৃত ব্যক্তির মনে কুবাসনা প্রবল রহিয়াছে, তাহাদের কামদেহ এইরূপ সূল কণাবত্ত হওয়ায় তাহাদের এই সর্কনিম প্রথম স্তবে বাস ব্যতীত উর্দ্ধন্ত সৃক্ষ্ম হইতে সৃক্ষ্মতর অপর ছয়টি স্তবে যাইবার অধিকার থাকে না।

মৃত্যুর পর মানবের ক্ষিতি, অপ্, তেজ্বটিত, অর্থাৎ কঠিন, তরল ও বাঙ্গীর বস্তবটিত ভাগুদেহ পড়িয়া থাকে ও এইদেহ আমরা নষ্ট করিয়া ফেলি। এই ভাগুদেহই আমাদের ব্যুড্গদেহ, ইহা আমরা সকলেই দেখিতে পাইরা থাকি। এই দেহ বাতীত মানবের আর একটি দেহ এই মর্ত্তালোকে বাসকালে থাকে, তাহাকে পিগুদেহ কহে। এই দেহকে আমরা দেখিতে পাই না। কারণ যে জড় পদার্থে মানবের ভাগুদেহ গঠিত, সেই কঠিন, তরল ও বাঙ্গীয় জড়পদার্থ অপেক্ষা ইথিরিক, প্রভৃতি পার্থিব জড়ের অপর চারিটী সুন্ম বিভাগের পদার্থ দ্বারা এই দেহ গঠিত। এই দেহে পৃথিবীর ৭ম. ৬৯, ৫ম ও ৪র্থ বিভাগের বথাক্রমে আদি, অমু-পাদক, ব্যোম ও মকত নামক সৃন্ধ সৃন্ধ কণা মাত্র থাকে: ইহাতে কঠিন, তরল বা বাষ্পীয় কোন কণা থাকে না ৷ আমরা এই শেষ চারিটী বিভাগের বস্তুকে সুন্ধু বলিয়া দেখিতে পাই না : সাধারণত: ইহারা আমাদের দৃষ্টি-मक्तित षाठीछ। এই পিগুদের ভাগুদের-দারকালে সঙ্গে নত নত হইর। বার। এই জন্মই দাহপ্রধা আজকাল অনেকে ভাল বলিয়া স্বীকার করিতেছেন, অবশ্র অন্তান্ত কারণও আছে। মুদলমান, খুষ্টিরান প্রভৃতি-**एमत मर्था मार्र्या ना थाकाब. उर्शामत शिखरम्ह कवत्रशास्त्र उर्शास्त्र** বর্ত্তমান থাকে, এবং মৃত্তিকামধ্যে ভাগুদেহ যেরপ ধারে ধীরে ধ্বংস হইতে থাকে, ইহাও সেইব্লপ ধীরে ধীরে ধ্বংস হইতে থাকে ৷ মৃত্যকালে কোন মানব স্বীয় আত্মায়কে দেগিবার জন্ম বা তাহাকে আপনার অবস্থা জানা-ইবার জক্ত তীব্র ইচ্ছা করিয়া থাকিলে, এই পিণ্ডদেহ সেই আত্মীয়কে দেখা দিয়া থাকে ও ভাহার নিকট ঘাইয়া থাকে। এই দেহ কথা বলিতে পারে, যেন নিদ্রার ঘোরে আচ্ছন্নমত অবস্থায় প্রকাশ হইয়া থাকে মাত্র। এই পিণ্ডদেহ কবরের উপর থাকা কালে উহার অবয়ব মৃত ব্যক্তির অব-য়বের মতই থাকে। কখনও বা বেগুণে রংএর বাষ্প মত থাকে। মৃত্যুর অব্যব্তিত কালমধ্যে এই পিণ্ডদেহকে ক্ষণকালের জন্ম জীবিত করা যাইতে পারে।

মর্ক্তালোকে মানব-দেহের বহিরাবরণ এই ভাওদেহ থাকে। মৃত্যুর পর কামলোকে ভাহার বহিরাবরণ কামদেহ হট্যা থাকে। এই কামদেহ মর্ক্তালোকের মানবদের জীবিত থাকা কালেও সঙ্গে সঙ্গে বহিয়াছে,---কিন্তু মৃত্যুরপর তাহা বিশেষ ভাবে প্রকাশ হইয়া থাকে, এবং আমাদের সকল কার্য্যই এই দেহগাহাষ্যে তথন করিতে হয়। জীবিত থাকা

কালে মানব পৃথিবীতে এই দেহসাহায়ে হুগ হুঃথ বোধ, বাসনা, তৃষ্ণা, রাগ, বেষ প্রভৃতি ভোগ করিয়া আসিয়াছে, কাঞ্জেই কামলোকেও মানব ঐ দেহদাহায়ে ঐরপ ইন্দ্রিয়ম্বভাগে সমর্থ থাকে। ইন্দ্রিয়ঞ্জী ভাহার পार्षिव (मर्ट हिन, किन्न देखिववुछि छनि এই कामरम्रह थाकाव देखिब-स्थरवार এই कामराव्याहारगृहे मर्डारनारक मानरवत्र बहेबा बारक। এই कामरम्ह शूर्ल श्हेरा मानरवत्र महिल थाकिरनहे, मुजात शत हेशहे वहिन्ना-বরণ হইয়া পড়ায়, এই দেহের কণা (tissue) সকল ক্রমশঃ ওলট পালট হইয়া নূতন ভাবে সজ্জিত হইতে থাকে! যে সকল কণা (অথাৎ cells वा tissue) मर्वारभका यून তাহার दाता मर्वविद्यावतन हत्र, ভাহার পরের আবরণ তাহার অপেক্ষা একট হক্ষ কণায়, তদপেক্ষা একটু বেশী সক্ষ কণায় তাহার ভিতরের তৃতীয় আবরণ ; এইরূপ স্ক্ষতার আধিক্য অনুসারে এক এক স্তর অন্ত অন্ত স্তরের ভিতরে যাইতে থাকিবে। এইরূপ অসংখ্য স্তর লইর। একটি কামদেহ হইরা থাকে। আমাদের পার্থিব দেহের যেমন কণার ক্ষয় হইয়া ভোজনজন্ম নৃতন কণা জনাইতে পাকে, কামদেহের সেরপে হয় না। কামদেহের বাহির হইতে এক একটি করিয়া আবরণ খোলোস রাথামত হইয়া থসিয়া যাইতে থাকে, এমতে জীবের কামদেহ কালসহকাবে ক্রমশঃ সূক্ষাতিসূক্ষ হইতে থাকে। ভূলোকে যেমন জড়দেহ ত্যাগ হইলে তাতা নষ্ট করা হয়, কামলোকে জীবের যে ক্ষরপ্রাপ্ত কামদেহ জীব ছাড়িয়া স্বর্গলোকে যায়, তাহা কেহ নষ্ট করে না, কামলোকেই থাকিয়া যায়: এই পরিত্যক্ত অসংখ্য কামদেহ কামলোকে রহিয়াছে। স্থামূতলোকে ঐ সকল পরিত্যক্ত কামদেহ দেখিয়া ভীত হয়। আবার ঐ সকল পরিত্যক্ত দেহমধ্যে নানাপ্রকার निकृष्टे श्रांनी श्रातम कतिया, कान मूर्छि धतिया मर्छाटनाकरामी रा काम-লোকবাদীদের নিকট জুমাচুরী করিয়া থাকে। এইরূপ এক প্রভারণার

কথা আমরা শুতন্ত্র প্রবন্ধে প্রকাশ করিব। কামদেহ এইরূপে গঠিত ও সজ্জিত হইবার কাল বোধ হয় মৃত্যুর পর দশ দিন। বোধ হয় সেই জন্মই শাল্পে এই দশ দিনে দশ পিণ্ড দিবার বিধান আছে। বোধ হয় এই কামদেহের সাজান হইবার অবস্থাকেই লক্ষ্য করিয়া পুরাণে ঐ সময়ের নবপিও হইতে প্রেতদেহের সৃষ্টি হয় বলিয়া উল্লেখ করিয়া থাকিবেন। ্রইব্রপে কামদেহ সচ্জিত হইলে চৈত্রশক্তি ঐ কামদেহমধ্যে পাকিয়া. বাসনা হইতে মনকে পৃথক করিতে থাকেন। কামদেচের ঐরপে এক প্রকার হুর্ভেন্ন অবস্থা হওয়ায় পার্থিব লোকের বাদনা প্রভৃতি যাইয়া আবরণ মধ্যস্থিত চৈতন্যশক্তিকে বড় একটা আন্দোলিত করিতে পারে না। যতই মানব কামলোকে বাদনা, তৃষ্ণা, রাগ, বেষ প্রভৃতি বৃত্তিগুলির উত্তেজনা বন্ধ করিয়া থাকিতে পারে, ততই তাহার কামলোক বাদের সময় ক্ষিয়া আসিতে থাকে। এবং কালসহকারে বহিরাবরণগুলি এক এক করিরা থসিয়া যাইতে থাকে তবে এই আবরণগুলি একেবারে থসিয়া ষার না।

যে সকল মানব প্রবল বাসনা বশতঃ পৃথিবীর আত্মীয় স্বজনের জন্ত কামলোকেও চিস্তিত থাকে. বা রাগ, দ্বেষ, হিংসা, লাম্পটা, পানাসজ্জি প্রভৃতি বশতঃ পৃথিবীতে ফিরিতে ইচ্ছা করে, তাহাদের এই কামলোকীয় কামদেহ ক্রিয়াশীল থাকে। জীব কামদেহদাহায়ে ক্রিয়া করিতে থাকা হেত, এই কামদেহ হুটতে তাহার মনোময় দেহের পৃথকজ্ঞান শীঘ্র হুটতে পারে না। সে কামদেহকেই 'আমি' জ্ঞান করিয়া ভাহার মনও চিস্তার সহিত ঐ সকল কামদেহজনিত প্রবৃত্তির কার্যাসকলকে তাহার নিজের কার্য্য বলিয়া মনে করিয়া থাকে। এই হেত জীবকে কামণোকে আবদ্ধ অবস্থায় থাকিয়া যাইতে হয়। আমরা পৃথিবীতে থাকার কালে, এই পাर्थिव (महत्कहे 'वामि' बिलक्षा छान त्राथिया कार्या कतिया थाकि: बात्र,

হেব, বাসনা প্রভৃতিকেও 'আমি' বলি, চিন্তা প্রভৃতিও 'আমি'র মধ্যে জ্ঞান করিয়া থাকি: এইরূপে কার্য্য করায়, আমাদের মন অনেকটা কামনার সহিত মিশিয়া যায়। আমাদের বুঝিতে হুইবে প্রকৃত 'আমি' দেই জীবাত্মা; মন, বাসনা ও জড়দেহ এই জীবাত্মার খোসামাত্র, এই জ্ঞান না পাকাই বন্ধ অবস্থা: এই প্রভেদজ্ঞান যতটা থাকিবে, আমাদের ততটা মুক্তাবস্থা। স্বর্ণে যাইতে হইলে জড়দেহ, কামদেহ ছাড়িয়া মনোময় দেহ লইয়া যাইতে হয়: এই জড়দেহ ও কামদেহ আমার নয় বলিয়া জ্ঞান হইলে ভবে স্বর্গে ধাইবার সময় হয়, তবেই আমরা কামদেহ ছাড়িয়া কামলোক হইতে বাহির হইতে পারিব। যাহা হউক যতদিন না মনের সহিত বাসনার মেশামিশি ভাব কাটিয়া যায়, ততদিন জীবকে কামলোক ছাড়িয়া মনোময় लाक चर्ला घाইতে হয় ना। आश्रीय़-चक्कन मुख्यानरतत क्रम भाव করিয়াও মতের কামদেহকে ক্রিয়াশীল করিয়া দেয়, অর্থাৎ তাহার কাম-দেহে বাসনা জাগাইয়া দেয়। আত্মানয়ন-চক্রে অনেককে টানিয়া আনিয়া ঐরপে তাহাদের বিপন্ন করা হইমা থাকে। যে বুজির বাবহার না করা যায়, তাহা কালক্রমে নিস্তেজ হইয়া পড়ে; যে ইন্দ্রিয় চালনা করা না যায়, তাহা ক্রমে অপক্ত হইয়া পড়ে। সেইরূপ মৃত্যুর পর মানবের চৈতন্ত-শক্তি অন্তমুৰ্থী থাকে বলিয়া তাহাদের কামদেহের বুত্তিগুলিও ক্রিয়ার অভাবে ক্রমশঃ নিস্তেজ হইয়া যায় ও কামদেহের ক্রমশঃ ক্ষয় হইতে থাকে ও মনোময় কোষ জীবাত্মা সহ কামদেহ ছাডিয়া বাইবার জন্ম অগ্রসর হইতে থাকে।

মৃতের জন্ত শোক করেলে এই শোক যাইয়া কামদেহকে আছাত করিয়া তাহাকে শোকাভিভূত করিয়া ফেলে। এইরপে মানবের শোকবশত: কামলোকীয় দেহে যে চৈতন্তপক্তি অস্তমুখী ছিল তাহা বহিমুখী হইয়া পড়ে ও কামদেহদাহাযো বাহিরে ক্রিয়াশীল হয়, অর্থাৎ ঐ মৃত মানবের কামদেহে পার্থিব সাত্মীয়দের জন্ত শোক ও তাহাদের

मर्नन रेष्ठा श्रकाम भाव, এই तर्भ कामरम्ह वावहाबरहज् खीव कामरम्हरक 'আমি' নয় বলিয়া বৃঝিতে পারে না; মনের সহিত কামদেহের পার্থকা **উপলব্ধি হইতে ব্যাঘাত ঘটে 9 কামলোকে কালবিলম্ব ঘটিয়া যায়।** অন্তের দ্বারা মৃত মানবের কামলোক বাদের সময় এইরূপে বাড়িয়া গিয়া পাকে। আবার প্রবেল বাসনাসক্ত মানব নিজ বাসনা কামলোকে যাইয়াও ভাগে করিতে না পারিয়া, সেই সকল বাসনা পূরণের জন্ত চেষ্টা করিতে থাকে। মদ খাইবার ইচ্ছা বাহার বেশী, সে মদ খাইবার জন্ম অধীর হইয়া পড়ে: মুখ নাই, পানের ইচ্ছা প্রবল, মদও সম্মুখে দেখিতে পায়, কামদেহে ঘোর আন্দোলন উপস্থিত হয় ও কটবোধ হয়. এল্ক্লপে কামদেহের অবিরত ক্রিয়া হইতে থাকার, সে কামদেহকেই 'আমাম' বলিয়া জ্ঞান আবে ছাড়িতে পারে না। তাহার চৈত্র অন্তমুখী ना इहेश विश्वभे शिकिया यात्र ९ जाहाटक मौर्यकान कामरनाटक থাকিয়া যাইতে হয়। মৃত মানব এইরূপে নিজ নিজ প্রবল বাসনা হেতৃ কামলোকে বদ্ধ অবস্থায় থাকে। মৃত মানবদের মধ্যে কেহ্ কেহ তাঁহাদের পার্থিব আত্মায়দের মধ্যে কাহারও উপর লক্ষ্য রাখিয়। থাকেন ও ইহার বিপদাপদের সম্ভাবনা হইলে আপন মৃত্তিতে তাহাকে দেখা দিয়া সতর্ক করিয়া দেন বা তাহাকে বিপদ্কালে রক্ষা করিয়া থাকেন। এই উদ্দেশে সেই মৃত ব্যক্তিকে কামলোকে বদ্ধ অবস্থায় থাকিতে হয়: তবে এইব্রপে বেশী দিন থাকে না। কেহ কেহ তাহাদের অন্ধবিশ্বাস বশতঃ মনে করে যে পৃথিবীতে বাসকরা কালের কোন কার্যা স্থ্যম্পন্ন করিয়া যাইতে না পারা হেতৃ. তাহার ভবিষ্যতে বড়ই ক্লেশ পাইতে হইবে : এই জন্ত দে মৃত্যুর পর কোন না কোন বাক্তির সাহায্যে সেই কার্যা সম্পন্ন করাইবার চেষ্টায় থাকে। তাহার তৈতন্ত এইরূপে বাসনা বশত: বহিমুখী থাকিয়া যায়, যতদিন না ভাষার সেইকার্য্য স্থসম্পন্ন হয়,

ততদিন তাহাকে কিছুতেই অন্তমু ধী করিবার বাসনা ত্যাগে মতি করান বার না। এই অবস্থার ইহারা আত্মীয়দের দেখাদিয়া থাকে। কেহ কাহারও কিছু ধারে, পরিশোধ করিয়া বাইতে পারে না; তাহার অন্ধবিশ্বাস আছে ঋণপাপ মহাপাপ, এ পাপ থাকিলে ভোগ অনেক, কাজেই মৃত্যুর পর এই ঋণজন্ত সে বিশেষ উদ্বিগ্ন থাকে, কিসে তাহার ঋণ শোধ হইবে এই ভাবনার সে মর্ত্তালোকে মানবের সম্পর্কে থাকিয়া কাহারও সাহাযের ঋণনোচনের চেষ্টার থাকে। কাহারও কোন গুপুধন এমন স্থানে রহিয়াছে, বাহা কাহারও পাইবার সন্তাবনা নাই, অথচ তাঁহার ইচ্ছা সেই ধন কোন আত্মীয়বিশেষে পার, এই অভিলাষ বশতঃ তিনি কামলোকের নিমন্তরে থাকিয়া সেই আত্মীয়কে ঐ গুপ্ত ধনের বিষয় জানাইবার চেষ্টা করেন ও সমর্থ হইলে তাহাকে দেখাদিয়া অবগত করান, অক্ষম হইলে তাঁহার কামলোকের নিমন্তরে বাকিয়া বান।

ছেলেদের জন্ম কোন সংস্থান করিয়া যাইতে পারেন নাই, এই ভাবনা কাহারও মৃত্যুর পরও প্রবল থাকিয়া যায়, তিনি এইবিষয়ে কোন কিনারা করিবার জন্ম পৃথিবীর সম্পর্কে কামলোকের সর্কানিয়ন্তরে থাকিয়া দাতা লোকের বা ধনবান্ আত্মীয় লোকের গোচরে আপন ছেলেদের আনিবার চেষ্টা করেন। এই সকল লোক যে বাসনার বশে পৃথিবীর সম্পর্কে কামলোকের নিয়ন্তরে থাকিতে বাধ্য হয়েন, সে বাসনা কুবাসনা নহে, এবং ভাহার নির্মাপক অণুসকলও কামলোকের নিয়ন্তরের মত স্থুল নহে, ইংগরা মাত্র নিজের অদম্য বাসনার জন্ম বদ্ধ থাকেন, কাজেই কোন উপায়ে ইংগদের ঈপ্সিত ব্যাপার সিদ্ধ হইলেই ইংগারা একেবারে উর্দ্লোকে চলিয়া যান। পরার্থে এইরপ নিজের ক্ষতি করিয়া বদ্ধ অবস্থায় থাকারও একটা কলের ভাহার। অধিকারী হয়েন। (শ্রীআখনী কুমার চক্রবর্তী বি এ. বি এল্।)

## নরকোৎসব।

## দশম উল্লাস।

#### গান।

আমার রোগে ধরিল,—শ্যা গ্রহণ করিলাম। ডাজারগণ পরীক্ষা করিয়া বলিরা দিলেন, যক্ততের ক্রিয়া-বিশৃঙ্খলার ব্যাধি জন্মিয়াছে। যক্তৎ খারাপ হইরাছে—সবিশেষ স্কৃতিকিৎসার আরোগোর আশা করা যাইতে পারে। চিকিৎসার কোন ক্রটী হইল না,—তিন চারি মাস ধরিয়া কলি কাতার খ্যাতনামা চিকিৎসকগণ চিকিৎসা করিলেন, কিন্তু বিশেষ কিছুই উপকার হইল না।

ক্রমে আমি জীর্ণ হইতে লাগিলাম। উঠিতে গেলে মাথা টলিরা'
পড়িত,—কুধা মাত্রই ছিল না,—আহারের নামও শ্বরণ করিতে ভয় হইত।
জগতের কিছুই ভাল লাগিত না,—ধাহার রূপের মোহে ইহ পরকালের
কথা মূহুর্ত্তের জন্মও শ্বরণ করিবার অবকাশ পাই নাই,—সে কাছে
আসিলে যেন মনে যন্ত্রণা উপস্থিত হইত। সন্ধ্যা নিকটে আসিলেই যেন
কার্ত্তিকঠাকুর দা তাহারে সঙ্গে সঙ্গে আসিত। সন্ধ্যাকে মোটেই ভাল
লাগিত না। তাহাকে দেখিলে ইহকাল মনে পড়িত,—পরকাল মনে
পড়িত;—আর অন্ত্রাপের তপ্ত বাণা যেন হাদয় হইতে উঠিয়া আমার
সমস্ত দেহকে আছের প্রছয় করিয়া ফেলিত; সে ব্যথার করুণ রবে আমার
আত্মা যেন ভাঙ্গিয়া পড়িত। তবে এ বাথা কেবল যে, সন্ধাকে দেখিলেই
হইত তাহা নহে। ইহা এখন আমার নিতা সঙ্গী। এ বাথার বংশীরব
আমার কাপে সর্ব্বাচাই ধ্বনিত হইত। এ বাথা আমার কল্ব-রিষ্ট

আত্মার আত্ম-হারা রোদন। এ ব্যথা আত্মার উপর রক্তমাংসের বিপুল দংশন। তবে সন্ধ্যা নিকটে আসিলে, অথবা সময়ে সময়ে এ যাতনা বৃদ্ধি পাইতমাত্র।

এই অবস্থায়-এক একবার মনে হইত, ভগবানের দয়াল নাম গ্রহণ করি. তাঁহার শান্তিময় নামের বলে অশান্ত জীবনে শান্তি আসিতে পারে। চেষ্টা করিতাম.—হইত না। প্রাণে তাহার স্থান ছিল না। ভগবানের উপর প্রগাঢ বিশ্বাসই আসিত না। বর্ষণলঘু মেঘের মত সে ভাব অল্প-ক্ষণেই দ্ৰন্ধাকাশ হইতে উড়িয়া যাইত। এতদিন যে সকল কাজ क्रिमाहि.— (महे मक्न काष्ट्रित এकान्न हिन्ताहे (यन প्राप् এक्ट्रे मान्नि দিত। কল্পনার বলে গাড়ী যড়ী কামিনী কাঞ্চন নেশা বাসন এই সকলের ন্তন নৃতন সংস্করণ মনের মধ্যে গড়াইয়া লইয়া, তাহারই চিস্তা করিতে ভাল লাগিত। কুধার্ত্ত কুকুর যেমন শুষ্ক অন্থি চর্মণ করিতে করিতে -তাহারই দম্বনুল বিগলিত শোণিত-ধারায় তুপ্তিবোধ করে.—আমি ও তদ্ধপ আত্ম-কৃত কুকর্মরাশির সংস্থারবিগলিত কল্পনা লইয়া তৃপ্তি বে!ধ কবিতাম।

মাতুষ ভাবে, এখন আমার নৃতন বয়স, নৃতন জীবন,—এখন শুদ্ধ ধর্মের চর্চ্চা করিব কেন; জরা আস্থক, তথন সে সকল হইবে। কিন্তু তা' হয় না। আমার জীবন দিয়া আমি তাহা পরীক্ষা করিয়া দেখিয়াছি,--মনে হইত, ভগবানের চিম্বা করি, কিন্তু সাধ্য কি ৪ তাহা প্রাণে স্থানই পাইত না। আগে যে সকল কাজ করিয়াছি, ভাহার সংস্কার মনের সকল যায়গায় দাগমারা হইয়া গিয়াছে.—দেই সংস্কার এখন চিস্তনীর হইয়া পড়িয়াছে।

शक्,--आभात कथा विनव, ভाहाই विन।

তথন অংমি বাড়ী আদিয়াছি। বাড়ীই থাকি তাম। সন্ধা হই এক-দিন অন্তর আসিয়া আমাকে দেখিয়া যাইত।

সে দিন সন্ধ্যার কিছু পূর্ব্বে আমি আমাদের বাড়ীর দরোক্সার সন্মুখে বিসিয়া একটি করনা-লোক-বাসিনী কামিনীর রূপ লইরা চিন্তা করিতে-ছিলাম—হাব-ভাব-কটাক্ষে মজিয়াছিলাম, এমন সময় এক ভিথারিণী আসিয়া উপস্থিত ছইল। আমার দিকে একবার তীত্র দৃষ্টিতে চাহিয়া বলিল,—''দাদাবাব্র শরীর যে একেবারে গলিয়া গিয়াছে দেখিতেছি। তোমার কি অস্থুখ গা ?''

ভিধারিণীর সহিত আমার কথনও পরিচয় নাই। তবে মধ্যে মধ্যে তাহাকে ভিন্না করিতে আসিতে দেখিরাছি মাত্র। তাহার আগমনে আমার করনা-স্থলরী অন্তর্হিতা হইল, কাজেই মাগীটার উপর ভারী রাগ হইল। তাহাকে ধমক দিতে যাইভেছিলাম, কিন্তু সে ভক্তকণ আমাদের বাড়ীর মধ্যে প্রাঙ্গণে গিরা উপস্থিত হইয়াছিল। আমাকে প্রশ্ন করিয়া ভাহার উত্তরের অপেক্ষা করে নাই,—বোধ হয়, তত সময় নস্ত করা ভাহার পক্ষে আনাবশ্রক বোধ হইয়াছিল, —ভিক্ষালর ভঙ্গলের উপরে ভাহার যত অমুরাগ, আমার ব্যাধির বিবরণ প্রবণে ভত নহে!

প্রাঙ্গণে উপস্থিত হইরা ভিথারিণী দীর্ঘস্থরে ডাকিল-- "মা ঠাকুরুণ গো, ভিক্ষা দাও। কেউ গান শুন্বে না ?"

কেহই কোন উত্তর করিল না। ভিথারিণী কিন্তু গান গাইতে নিরস্ত থাকিল না। সে গান ধরিল!

গান কি হাদয়বিদারক! মনের মধাে যে সকল স্মৃতি ভস্মাচ্ছাদিত আগুনের মত পড়িয়া থাকে,—তাহাকে একেবারে জালাইয়া দেয়। নব-বসন্তের অবসানোল্থ দিবদে যথন ভিথারিণীর কণ্ঠ হইতে উচ্চম্বরে গান গীত হইতে লাগিল, তথন তাহার ভাব কি মর্ম্মভেদী হইগাছিল, ভোমরা ভাহা হয়ত বুঝিতেই পারিবে না।

ভিথারিণী গাহিতেছিল-

''সাধের ঘুম বোর কভু কি ভাঙ্গিবে না। কাল বিছানায় গুয়ে, আশার চাদর ঢাকা কতদিন গেল কেটে. বিবেক-রজক-ঘরে তারে ধুয়ে লও না॥ বিষয়-মদ খেয়ে, আছ তুমি মাতাল হ'য়ে সে মদের ঘোর কি কভু কি ভাঙ্গিবে না ॥ কোলে করি আছ শুয়ে, কামনা-স্করপা মেয়ে, তারে ছেডে এ কবার পাশ ফির না। কি ছার ঘুমথানি, যতনে সেধেছ ভূমি, স্থাথের রজনী কিরে কভু ভোর হবে না॥ কিন্তু এ ঘুমঘোরে, মহা ঘুম ঘেরিবে ভোরে, ডাকিলে চেতনা সে দিন আর ত মিলিবে না। তথন পাণের বাছাগুলি, প্রিয়ারও আকুল বলি, ডেকে ডেকে আর তোমায় জাগা'তে পারিবে না। এখন ফিরে যাবার বেলা হ'ল. স্থার কেন গুমাও বল. সময় থাকিতে কেন হরি হরি বল না॥"

গানটি পুরাতন, তথাপি গানের প্রত্যেক কথাগুলি যেন বিষমাধান তীক্ষধার ফ্ল্ম ছুরিকার স্থায় আমার মর্মাত্বক্ বিদীর্ণ করিতে লাগিল। সেই থিয়েটারের দিন হইতে আর আজ পর্যান্ত যেন একথানি আলেপ্য হইয়া আমার মনশ্চক্তে পতিত হইল। মুহূর্তে মনে হইল,—মামুষ এতটুকু! তাহার কাজ এতটুকু! পার্থিব হিসাবে—কালের গণনায় কয়েক বৎসর হইবে, কিন্তু মনে করিয়া দেখিলে, সেইদিন হইতে আজ পর্যান্ত কয় মুহুর্তের কার্যা! অলক্ষণ—অতি অলক্ষণ! এই অলক্ষণের জন্ম

মানুষ কত পাপ করে। আমি কত পাপ করিরাছি। যদি এই কর্মটা মুহুর্ত্ত—এই কর্মটা দিন, একটা গাছতলার পড়িরা থাকা বার, তথাপি মানুষের চলিরা যায়। জন্ম ও মরণের মধ্যকাল কত্টুকু! এরমধ্যে মানুষ কত দানবীর কাজ সমাপ্ত করিরা অনস্ত কালের জন্ম তাহার জ্বালা সন্থ করিতে থাকে। বোধ হয় মায়া ইহার ম্লীভূতা; এবং বিলাস ও ভোগারতন দেহের প্রতি অতি দৃষ্টিই এই জ্বধঃপতনের হেতু। দেহী জীব ঐশর্যের শিথরে উঠিতে যাইয়া কতক দ্র উঠিলে হ্রোপায়ীর স্থায় প্রমন্ত হইয়া পড়ে। তথন প্রমাদ-বহ্নিপানে দক্ষপ্রাণ হয়।

ভিথারিণী ভিক্ষা লইয়া চলিয়া গেল। আমি আর চলিতে পারিলাম না। আমার মাথা ঘ্রিতে লাগিল,— একটু একটু শীত অমুভব করিলাম। বোধ হয় জর আদিল,— মতি কপ্তে —কোন প্রকারে ধারে ধারে গিয়া শ্যায় শয়ন করিলাম।

#### একাদশ উল্লাদ।

#### মানসিক গঠন।

তথন সন্ধা ঘনাইয়া আসিতেছিল। পালঙ্কের উপরে শুইয়া, আপাদ কণ্ঠ একধানা মোটা চাদরে আবৃত করিয়া উন্মুক্ত বাতায়নপথে ক্ষীণদৃষ্টিতে বাহিরের দিকে চাহিয়া দেখিলান।

শৃত্ত-ফলপত্তবহুল নারিকেল বৃক্ষের মাথার উপর দিয়া চাহিয়া দেখিতেছিলাম—শৃত্ত। সন্ধ্যারাগরঞ্জিত আকাশতল শৃত্ত-ধু ধু। একটা শকুনী পাক দিয়া উড়িয়া উড়িয়া সেই শৃত্ত পথে উর্দ্ধ হইতে উদ্ধেউটিতেছে। কোথায় ঘাইতেছে ? কোথায় ঘাইবে ? দেখিতে দেখিতে আমার মনে কেমন একটা ভয়-মিশ্রিত ভাবের উদয় হইল। কেন

হইল, ঠিক বুঝিতে পারিলাম না। ভাবটা বে কি রকমের তাহাও ঠিক করিতে পারিলাম না। জীবনে কথনও ভাল মন্দ, ভাব অভাব, ন্তায় অন্তায়, এদকলের চিস্তা করি নাই। কার্ত্তিক ঠাকুরদার অতুল ঐশ্বর্যা, সন্ধ্যার অপ্সরারূপ আর স্থবার মন্ত্রা, ইহা লইয়াই দিন কাটাইয়াছি। স্থতরাং কোন বিষয়ের চিন্তা করিতে শিখি নাই.—বিচার विश्लिष्ठा प्रक्रिकात करना नाहे। मःमारत भाभभूग विषय् ए किছ আছে, তাহাও অমুভব করিবার অবকাশমাত্র পাই নাই। কিন্তু আজ অনুস,অত্যাচারী, সুরাসক্ত অন্ত: প্রকৃতি অক্সাৎ বিদ্রোহী হইয়া আমার হাদয় মথিত করিতে লাগিল।

যদিও কোন গুরুতর চিস্তা করিতে আমি অশক্ত, তথাপি মনে পড়িতে লাগিল,—যাত্রা করিয়াছি বলিয়া বৃঝি এ ত্রংথের করুণধ্বনি। বাাধি আর সারিল না-এ শকুনীর মত আমাকেও উড়িয়া উড়িয়া উর্দ্ধে যাইতে হইবে।

মনে হইল, ভাতে ক্ষতি কি ? সংসারেই বা স্থ কি ! আত্মানিতে হৃদয় পূর্ণ হইয়া গিয়াছে—বাঁচিয়া লাভ কি ৷ কার্তিকঠাকুরদার প্রেত-মূর্ত্তি আমাকে যেরূপ ভাবে তাড়াইয়া ফিরিতেছে, তাহাতে মরণই মঙ্গল।

কিন্তু ৷ কিন্তু আবার কি ? উষ!— আমার অভাবে উষা বড় কষ্ট পাবে ৷ চিরাচরিত অভ্যাসমত উঘাকে কাল রাত্রে যথন অকথা ভাষায় গালি দিয়াছিলাম,—তথন তাহার যে দৃষ্টি দর্শন করিয়াছিলাম, হায় ৷ তেমন আর কথনও দেখি নাই।—মরি মরি, সে দৃষ্টি কি করুণ কাতরতায় পূর্ণ। অনশনধিন্ন, প্রহাত, পালিত কুরুর যেমন প্রভৃকে দেখিয়া সম্বেহ কাতর দৃষ্টিতে তাঁহার মুখপানে চাহিয়া থাকে, সে দৃষ্টি তেমনই। সে চাহনি স্থির, অচঞ্চল অপচ বিষাদময়: সে বুঝি তথন তাহার দাম্পতা জীবনের বিপুল বেদনারাশি আমরই পদে নিবেদন করিয়া নিখিল-স্বামীর চির্নাস্তি- মাথা চরণে আমার আরোগ্য কামনা করিতেছিল। উষার সেই অদৃষ্ট-পূর্ব্ব দৃষ্টিই আজিকার এই প্রাণের পরিবর্ত্তন ব্যাপারের মূল ;—ভারপরে ষা' দেখিতেছি, তাতেই যেন কতভাব ফুটিয়া উঠিতেছে। আমি মরিলে বাস্তবিক তার গতি কি হবে! সহসা আমার কপালের শিরা সমুদয় টন টন করিয়া উঠিল। বকের মধ্যে ধড় ধড় করিতে লাগিল। সর্বাঞ্চের রোম নিঃশেষিত স্বল্লাবশিষ্ট ক্ষীণ রক্তটুকু আগুন হইয়া উঠিল। আমার মনে পড়িল, কার্ত্তিকঠাকুরদার অভাবে সন্ধ্যা যা' করিতেছে, আমার অভাবে উষাও ভাই করিবে।

কি সর্বানাশ। কি ভীষণ তত্ত্ব। উষাও কি সন্ধার মত পরপুরুষের অঙ্কশায়িনী হইবে ? আমার মন্তকের কেশগুলা পর্যান্ত ফুলিয়া দাঁড়াইল— আমি কাঁপিতে লাগিলাম।

मनरक थारवाध मिर्ड ८५ हो कविनाम । मन्ता रहमन छेवा रहमन नम् । আমার মনের মধ্যে বেন চুইটা মানুষ আসিয়া দাঁড়াইল। চুই জুন ষেন প্রশ্নোন্তরে বিবাদ বাধাইয়া তুলিল।

একজন বলিল,—''সন্ধ্যা যেমন উষা তেমন নয় কি গা ? উষা আর সন্ধ্যা এক বাপ-মার মেয়ে,—একট প্রকার শিক্ষা-দীক্ষা।"

দ্বিতীয় গম্ভীর ভাবে বলিল,—' উষা সতী, সন্ধ্যা অসতী।''

প্রথম হাসিয়া বলিল---"সন্ধ্যা ত আর মায়ের পেট হইতে অসতী হইয়াই জন্মিয়াছিল না। এই পাপাত্মা পুরুষের প্রলোভনেই মজিয়া হৰ্দশাগ্ৰস্ত হইয়াছে।"

দ্বিতীয়। একজন হইয়াছে বলিয়া কি আর এক জনেরও হইতে হইবে গ

প্রথম। যদি হয় १

দ্বিতীয়। যদির কথা ছাড়িয়া দাও।

প্রথম। আমার বিশ্বাস, নিশ্চয়ট হবে।

বিতীয়। কেন १

প্রথম। রমণী আর লতা সমান---গাছ বেমন লতাও তেম্নি হয়। যার স্বামী পরের সর্বনাশ করে,—সেও সর্বনাশী হয়।

আমি যন্ত্রণায় পার্শ্ব পরিবর্ত্তন করিলাম !

বিতীয় বলিল.—"অনেক যামগায় দেখা গিয়াছে, স্বামী কুচবিত্র नद्रक्त कीं है. स्त्री व्याचामः यस्त्र व्याची।"

व्यथम। वाहिरत प्रविद्या मासूरवत পाপ পूगा व्यित कत्रा यात्र ना। স্বামীর জীবিত কালে যাহাকে সতী বলিয়া জানা যাইবে, স্বামী মৃত্যুর পরে তাহাকে অসতী দেখা গিয়াছে।

বিতীয়। উষা সেরপ মানুষ নয়।

প্রথম। এই পাপাত্মা তাহাকে আজন্ম আদর সোহাগে বঞ্চিত রাথিয়াছে। প্রেমের গোহাগ, প্রেমের আদর কাহাকে বলে, সে তাহা বৃঝিতেই পারে নাই। ইহার মৃত্যুর পরে যদি কেহ তাহাকে দেরূপ আদর লইয়া আহ্বান করে. তথন তাহার হইয়া পড়িবে। সন্ধা বুদ্ধের নিকট যুবকের রূপ পায় নাই, যৌবনের উদ্দাম সোহাগ পায় নাই, তাইতে ত যুবকের কোলে ঢলিয়া পড়িয়াছিল.—জীবনাত্রই অপ্রাপ্ত জিনিষের আশা পোষণ করে। পাইলেই আনন্দিত হয়।

দিতীয়। কিন্তু তেমন মাতুষ কোথায় পাবে ?

প্রথম। মামুষের অভাব কি ?

সহদা যেন আমি শুনিতে পাইলাম,—স্পষ্ট শুনিতে পাইলাম, কে যেন বলিয়া উঠিল—''কেন, আমি আছি।"

আমার সর্বাঙ্গ বামিয়া গেল। উপাধান হইতে চক্তিতে মাথা তুলিলাম। উ: ! কি ভয়াবহ দৃশ্ম । কি মর্মান্তিক ঘটনা ।

শাসমপ্রার সন্ধার আবিল ছায়ায় নারিকেল বৃক্ষের মাথার উপরে কার্তিকঠাক্রদা দাঁড়াইয়া এক দৃষ্টে উন্মুক্ত বাতায়নপথে আমারই দিকে চাহিয়া মৃত্র মৃত্র হাসিতেছে।

জোর করিয়া কয়েক মুহূর্ত্ত সে দিকে চাহিয়া রহিলাম। কি বিকট মূর্ত্তি।

নারিকেল বক্ষের উচ্চণীর্য পত্তের উপরে পা দিয়া কার্ত্তিক ঠাকুরদা দাঁড়াইয়া আছে! তাহার গায়ে যেন মৃত্যুর কালিমা মাথা.—পরিধানে মৃত্যু-মলিন ছিয় বস্ত্র; সর্বাঙ্গ থালি। চক্ষু তুইটা কোটরপ্রবিষ্ট—তথাপি অতি তীক্ষ। কণ্ঠ দিয়া ক্ষিরধারা ঝরিতেছে। তাহার বাহুষ্গল যেন বাষ্পময়—সেই বাষ্পবাহুর অভ্যস্তরে যেন প্রশিহিংসার ভীষণ অনল প্রচ্ছয় ভাবে লুকানো আছে। শ্রাম-সব্জ কোমল নারিকেলপত্র তাহার পদভরে যেন ঈষৎ নড়িতেছে। আশ্রয়পত্র ঈষৎ নড়িতেছে—কার্ত্তিক ঠাকুরদাও ঈষৎ নড়িতেছে। কিন্তু সেই ঈষৎ নড়া যে কি ভীষণ, ভাহা বর্ণনা করিবার সাধ্য আমার নাই।

সদ্ধ্য শান্ত প্রকৃতি;—উপরে নবোদিত স্নিগ্ধ চক্রকরোজ্জল আকাশ
—ধৃ ধৃ করিতেছে। হু হু করা সন্ধ্যার বায়ু জীবনের বুহদারণ্যকগাথা
গাহিয়া ব'হয়া বাইতেছিল। দূরে অতীতের উদ্গীণ কবলের মত পুরাতন
মন্দির সর্কাক্রে জীর্ণতার রহস্ত-কাছিনী মাথিয়া দাঁড়াইয়া আছে— খার
সেই নিস্তর্কতার মধ্যে মৃত্যুগন্ধী নিখাস ফেলিয়া কার্ত্তিক ঠাক্রদা প্রেত্ত-পুরের পূর্ণ স্বরে আবার বলিল,—"আমি আছি।"

আমার সর্বাঙ্গ জ্বলিতে লাগিল। হৃদয় ফাটিয়া ব্ঝি রক্তধারা ছুটিতে লাগিল। আমি চকু মুদিত করিলাম,—তথাপি নিজ্তি নাই। আবার চাহিলাম, দেখিলাম—কার্ত্তিকঠাকুরদা দেখানে নাই। কোথার গেল গ আমার কাণে যেন বজ্রনাদে ধ্বনিত হইতে লাগিল—আমি আছি। আমি আছি।

আবার চকু মুদিত করিলাম।

মুদিত চক্ষুতেই যেন দেখিতে পাইলাম, উষা কার্ত্তিকঠাকুরদার প্রণয়াসক্ত হইয়াচে,—আমরই সম্মুখে উভয়ে প্রেমের আলাপন—বড় আনন্দে সময় কাটাইতেছে। মুখে মুখে বাহুতে বাহুতে জড়ান— আঁথিতে আঁথিতে মিশান। প্রতিহিংসার আগুনে আমার প্রাণ জলিয়া উঠিল। আর চক্ষু ব্রাজয়া থাকিতে পারিলাম না,—চক্ষু মেলিয়া চাহি-লাম;—কেহ কোথাও নাই। কিন্তু প্রাণের জালার উপশম হয় নাই।

মনে হইল, এ কি সর্বনাশ; কার্ত্তিকঠাকুরদা মরিয়া গিয়াছে—ভূত হইয়া ফিরিতেছে। সে উষার প্রণন্ধী হইবে কি প্রকারে ? রুথা আমার এ যন্ত্রণা কেন ? স্বপ্ন নহে—স্বপ্র দেখিলে জাগরণে তাহার জ্বালা যায়। জাগ্রত অবস্থায় আমার এ কি যন্ত্রণা হইতেছে ? কোথাও কিছু নাই— তথাপি এ নরকষন্ত্রণা কেন ?

চ।হিয়া দেখিলাম, ঘরে কখন কে আলো রাখিয়া গিয়াছে। কম্পিড, ঘর্মাক্ত ও অবশ কলেবরে আমি উঠিয়া বসিলাম। বালিশে ঠেসান দিয়া বসিয়া আবার সেই নারিকেল বৃক্ষের দিকে চাহিতে চেষ্টা করিতেছিলাম, এমন সময় দার ঠেলিয়া উষা গৃহে প্রবেশ করিল।

## দ্বাদশ উল্লাস।

প্রোজ্জন দ্বীপালোকে উষার দিকে চাহিয়া দেখিলাম। উষাকে সে
দিন বড় স্থানর দেখাইতেছিল। শুল্র বসংস্কর জ্যোৎস্নায় বালিফা বনশ্রীর
বিধবা সন্ধিনীর মন্ত তবু সে সৌন্দর্যো যেন একটু করুণতার রাগ মাধান
ছিল। উষার দক্ষিণ হস্তে ঔষধের থল, বাম হস্তে জ্লের গ্লাস।

উষা আসিরা আমার শ্যাার নিকটে দাঁড়াইল। আমার মুথের দিকে চাহিয়া বলিল,—"তুমি উঠিয়াছ ? একটু আগে যখন আমি আলো জালিয়া যাই, তখন তুমি ঘুমাইয়াছিলে।"

"ঘুমাই নাই. চুপ করিয়া শুইয়াছিলাম,"—এই কথা বলিয়া উষার মুখের দিকে চাহিলাম। আমার চক্ষুর ভিতর জলিরা উঠিল। নাদিকা কৰ্ দিয়া আগুনের হল্কা ছুটিল, — সর্বাঙ্গ দিয়া স্বাম বাহির হইল, — উষার রক্ত-রাগরঞ্জিত গণ্ডে চম্বন-চিহ্ন।

অনেককণ কথা কহিতে পারিলাম না। উষা বৃঝি আমার সে অবস্থা বুঝিতে পারিল,—সে বিষাদ-কম্পিত স্বরে করুণভাষায় জিজ্ঞাসা করিল,— "তুমি অমন করিতেছ কেন ? তোমার কি অস্থ বাড়িয়াছে ?"

আমার স্নায়ুমণ্ডণী শিথিল হইরা আসিতেছিল। চকুর সমূধে আলোকমণ্ডিত গৃহদ্বার প্রভৃতি যেন বর্জুলাকারে ঘুরিতেছিল। অনেকক্ষণ কথা কহিতে পারিলাম না। উষা ধীরে ধীরে পালঙ্কে উঠিয়া আমার পাখে বিষয় তাহার কবোঞ্চ-মমতায় প্রকৃটিত পেলব প্রস্থন-করে আমার বক্ষোদেশ মার্জন করিতে লাগিল। হয়ত সে ভাবিয়াছিল, বাাধির তাড়নায় কি প্রকারে আমার দম বন্ধ হইয়া আসিয়াছে।

আমি নিষেধ করিলাম.—বির্ক্তি সহকারে ভাহার হাত সরাইয়া দিয়া किछाना कतिनाम,—"উषा, এकটা मত্য कथा विनादत ?"

স্থিত মুথ ঈষণ উন্নত করিয়া আমার মুথের দিকে চাহিয়া উষা বলিল, --- "আমি ত কখন ও মিথ্যা বলি না ;---বিশেষ, তুমি আমার দেবতা ; তোমার সহিত মিখ্যা বলিব কেন ?"

দীর্ঘ নিখাস পরিত্যাগে হাদয়জালা উপশ্মের বার্থ প্রশ্নাস পাইশ্বা দৃঢ়-তার সহিত আমি বলিলাম,—"ও সব কথা ছাড় উবা "—

উষা বিশ্বরাবিষ্ট হইল। আমার কথায় সে কিছু ভাত, কিছু

বিশ্বিত ও আশ্চর্যায়িত হইল। কারণ, তাহার চোথ মুথ দেখিয়া, এবং তাহার গলার কম্পিত সর শুনিরা আমি তাহা অনুমান করিতে পারিয়াছিলাম। উধা বলিল—"কি সব কথা ছাড়িব ?"

আমি। ছলনার কথা।

উষা। ছলনার কথা। আমি তোমার সহিত ছলনা করি.—ছি:,—
তুমি কেন এধারণা করিভেছ ? তুমি স্বামী, আমি স্ত্রী, —আমি তোমার
সঙ্গে ছলনা করিব।

আমি। যদি কথনও করিয়া থাক, আ'জ করিও না। আমার আর সময় নাই—মরণ-দেশে যাত্রা করিয়াছি। যাহা সত্য—তাহা লুকাইয়ো না। পৃথিবীর গুপ্তরহশু—প্রস্থু বিনিময় বৈদিকতত্ত্ব জানিয়া যাইতে সাধ হইয়াছে।

উষা বোধহয় আমার কথা বুঝিতে পারিল না, সে করুণ দৃষ্টিতে আমার মুথের দিকে চাহিয়া রহিল। আমার বুকের মধ্যে তথন যে কি জালা, তাহা বুঝাইয়া বলি, এমন ভাষা আমি জানি না। উষাকে যদিও কথনও ভাহাকে দাম্পত্য প্রেমের বিন্দু দানেও গোহাগ করি নাই, তথাপি সে পবিত্র—সে আমার, এ ধারণা—এ বিশ্বাস ছিল। আমি ষতই ভাহার প্রতি নিঠুর আচরণ করি, যেরূপেই ভাহার প্রতি পশু-বাবহার করি, সে আমার মুগ চাহিয়া—আমার হইয়া থাকিবে, অথবা থাকিতে বাধ্য, এইরূপ ধারণা দৃঢ়মূল হইয়াছিল। আজ হঠাৎ তাহা লুপ্ত হইল। কে—কোন্ বিদেহী মানব—অথবা কোন দেহী ভাহাকে প্রাণের বিনিময়ে বাঁধিয়া লইয়ছে। উষার হৃদয়ে আমার জ্বাত্র শাস্ত নির্ম্ব নিবিড় নিরাপদ্ পুণ্য প্রেম-নীড় প্রতিষ্ঠিত ছিল, হয়ভ আমারই কর্মের ফলে এতদিনে ভাহাতে একটা ক্রুর সর্প মৃত্যুময়—গরলময় বিবর খুঁড়িতে বিদ্যাহে। সে হৃদয়ে একটা শ্রামন্থিয় বিশ্বা-

করণী ছিল, মর্ম্যোড়া শত শক্তিশেলবিদীর্ণ আমার কলুষিত প্রাণও হয়ত একদিন আরোগা হইত. কিন্তু তাহা তাহার উষ্ণ বিষদগ্ধ নিশ্বাদে চির-দিনের মত শুকাইয়া গেল। জীবনের গজীরতম স্তর হইতে উষার ক্ষুদ্র হৃদয়ের অন্তত্তনে যে একটা করুণভাবে ভালবাসার উর্ম্মি উঠিত.—বে মহাসাপর আমাকে চাঁদ মনে করিয়া প্রতিদিন নিশীথ-স্থপ্নে জড়াইতে পিয়াছে, তাহ। আমার কর্মফলে কোন পাপাত্মার ওঠছাপে--প্রেম আলিঙ্গনে মকুভূমি করিয়া ফেলিয়াছে ৷ দেবতার কি বজু নাই ?

কৃক্ত-পৃধু-মক্ময়--রৌদেগ্ধ কর্মভূমি ৷ তোমার এ কেমন বিচার। আমি পাপী—অনন্ত মহাপাতকে পাতকী—আমার বুকে দ্ব্যটির অন্থি-প্রস্তুত বজ্রপাত হউক,—সহস্র রৌরব—সহস্র পূতিগন্ধ নরক আশার জন্ত নিদিষ্ট হউক :—কিন্তু আমার কর্মফলে উষার পতন হইবে কেন গ

আমার কপাল দিয়া গল গল করিয়া ঘাম ঝরিতে লাগিল। বিষ চকু মুদিয়া আসিতে লাগিল। আমি বালিসের উপরে ঢলিয়া পড়িতে ছিলাম। উষাধাঁ করিয়া সরিয়া আসিয়া ভাগার ক্রোডে আমার মস্তক ধরিল, এবং ভালপত্তের ব্যঙ্গনী দ্বারা বাজন করিতে লাগিল।

উষার স্পর্শ অত্যন্ত কষ্টকর হইল, যতক্ষণ উঠিবার শক্তি ছিল ন। ততক্ষণ তাহার ক্রোড়ে মাথা ফেলিয়া রাখিয়াছিলাম, যাই একটু শক্তি হুইল, আর অমনি উঠিয়া বদিলাম। শৃক্তক্রোড় উষা যেন কিছু নিরানন্দ— কিছু উদাসভাবযুক্ত হইয়া বাাধ-জালধুতা হরিণী যেমন বাাধকর-নিহতে।অম हिंद्रित्त प्रिक हार्ट, (उमनहे खार्य यामात्र प्रिक हाहिन।

আমি দীর্ঘনিখাদ পরিভ্যাগ করিয়া দমে দমে বলিলাম.—"উষা, তুমি আৰু আমাৰ নিকটে আসিও না।"

উবার মুখ বিষয় হইল। দর্পণে হাই দিলে তাহা ধেমন ভাবে ঘামিরা

উঠে, উষা তেমনই ঘামিয়া উঠিল। কচি কলাপাতের আগুনের সেক দিলে তাহা যেমন বিবর্ণ হইয়া উঠে, উষা তেমনই বিবর্ণ হইয়া উঠিল। করুণ নয়নের উদাস দৃষ্টে আমার মুখের উপর সংস্থাপন করিয়া উষা করুণ স্বরে বলিল,—'কেন, আমি তোমার কাছে আসিব না কেন? চিরক্ষীবন কাছে ঘাইতে দাও নাই—তথন সুস্থ ছিলে, না যাইতে দিলেও তত অধিক বাধা পাই নাই। কিন্তু এখন পূ— এখন তুমি পীড়িত, এখন রোগ-জার্ণ—এখন তোমার নিকটে না আসিয়া থাকিতে পারিব না; কেহই পারে না। স্বামীর রোগজীর্ণ দেহের শুক্রষা না করিয়া দূরে থাকিতে পারে, এমন মেয়ে মায়ুষ আজিও জন্মে নাই। কিন্তু একটা কথা—

আমি। কি কথা ?

উষা। যে অধিকারে আমায় এক দিন স্বৰ্গস্থ হতে অধিক স্থুখ দান করিয়াছ, আজ কেন তাহা হইতে হঠাং বঞ্চিত করিতে ইচ্ছা করিয়াছ ? দিদি কি ভোমায় নিষেধ করিয়াছে ?

আমি। না।

উষা। তবে তোমার এরূপ ভাবাস্তর হইল কেন ? আমাকে সত্য বলিতে প্রভিঞ্জা করাইতেছিলে কেন ?

আমি। হাঁ—কথাটা ভূলিয়াই গিয়াছিলাম। না ভূলিয়া আর কত পারি। একটা ক্ষুদ্র প্রাণ—আর জগতের কতটি প্রাণ তাহাকে দগ্ধ করিতে—নষ্ট করিতে—রৌরবে নিক্ষেপ কারতে সমুদ্যত। সর্বাণা ভীত চঞ্চলিত সম্ভারিত প্রাণ লইয়া যে আছি, সে কেবল পরমায়ুক্ষয় না হওয়ায়—মৃত্যু অভাবে। কিন্তু মৃত্যুর পরে আমার পরিণাম – দূর ছাই; যে কথা হইতেছিল, তুমি যদি মিথ্যা বলিবে না বলিয়া সত্য কর, তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি।

উষা। সতা করিলাম, মিথাা বলিব না।

আমি। তোমার গালে কিসের দাগ ?

ক্রতগমনশীল পথিকের পদতলে বিষধর সর্প পতিত হুইলে সে যেমন চমকিয়া উঠে, উষা বেন তেমনই চমকিয়া উঠিল। তাড়াতাডি বামগণ্ডে হস্তার্পণ করিয়া চকিত অথচ মৃত্ত কম্পিত স্বরে বলিল,—"আমার গালে मांग।"

উষার দক্ষিণগত্তে স্পষ্ট চুম্বনচিহ্ন। বিরক্তি ও ঘুণার সহিত আমি বলিলাম — "বাঁ গালে নয়। দক্ষিণ গালে।"

উষা দক্ষিণগণ্ডে হস্তার্পণ করিল। বলিল,—"দুর। স্থামার গালে আবার কিসের দাগ হইবে !"

গৃহদেওয়ালে দর্পণ লম্বিত ছিল, আমি বলিলাম---"উঠিয়া আয়নার কাছে গিয়া দেখ।"

উষা সে কৰা গ্রাহ্ম করিতেছিল না। আমি যথন পুনঃপুনঃ দেখিতে বলিলাম, তথন সে উঠিয়া গেল। দর্পণে নিজ গণ্ডদেশ দর্শন করিয়া সেও চমকিয়া উঠিল। আমি তাহার দিকেএক দৃষ্টেই চাহিয়াছিলাম, দেখি-লাম, বায়ুভাড়িত বেভশীর মত থর থর কাঁপিতেছে। সে যে স্পষ্ট --অভি স্পষ্ট চ্মনাচহ্ন।

আমি ডাকিলাম.—"উষ:।"

উষ। উত্তর দিতে গিয়া কাঁদিয়া ফেলিল। আমি বলিলাম, —"এ দিকে এস, আরও কয়টা কথা জিজ্ঞাসার আছে।

ষন্ত্রচালিত পুতুলের মত উষা আমার শ্যাপার্শ্বে আদিয়া দাঁড়োইয়াছিল। তাহার মৃত্তি তথন বড় বিষয়—হিমানীপাতসংক্রিষ্ট নলিনীর সহিত উপমেয়।

আমি বলিলাম—"আমার সহিত মিথ্যা বলিয়ো না। পূর্বেই বলিয়াছি, মরণ-পথের পথিক আমি, সংসারের আশা ভালবাসা হুপ স্বচ্ছন্দ আর আকাজ্জা করি না—কেবল জানিতে ইচ্ছা, কি দিয়া কি ঘটাইয়া বসিয়াছি ! ভাল, তোমার গালে কে চম্বন করিল ?"

উষা কাঁপিতে কাঁপিতে বলিল,—"তুমি আমার দেবতা, জীবনে ক্থনও মিথ্যা বলি নাই, এখনও বলিব না। সাক্ষাৎ সম্বন্ধে কেহই আমাকে স্পর্ণ করে নাই।"

আমি। তবে গালে দাগ হটল কেমন করিয়া ?

উষা। তা'বলিতে পারি না।

আমি। দাগ হইয়াছে, তাহা দেখিয়াছ ?

**छेवा। इं**ग. दमशिवाछि।

িআমি। গালে দাগ কি আপনি হয় १

উষা। না।

আমি। তবে গ

উষা। তুমি স্বামী—তুমি দেবতা, আমি তোমার পাদস্পর্শ করিয়া ৰলিতে পারি. আমি কিছুই জানি না। আমার গালে কেহ কোন স্পর্শ কেরে নাই,—প্রোরে একট বাতাসও লাগে নাই, তবে কি প্রকারে যে অমন বিশ্রী দাগ হইল, তাহা বলিতে পারি না।

আমি কিয়ৎক্ষণ নীরবে চিন্তা করিলাম। চিন্তা করিয়া বিশেষ কোনরপ ফল হইল না.—কোন একটা তত্ত্বে উপনীত হইতে পারিলাম না। একবার মনে হইল, হয়ত উষা মিথ্যা কথা বলিতেছে। কোন **শুপ্ত নায়কের সহিত প্রেম-আলাপন করিয়া কোন র**মণী তাহা স্বামীর निक्र विषया थारक। भेठ मिया मिया, महन्त्र প্রতিজ্ঞ। করাইলেও কখনও দেকপা বলে না। উষাও গুপ্তপ্রায়ীর ওঠসম্পুট্চিক্ত আমার ্ৰিকটে লুকাইয়া যাইতেছে।

কিন্তু উষার ভাবভঙ্গী দেখিরা চোথ মুথের অবস্থা দেখিয়া মনে

হইতেছিল, এই চিহ্ন দর্শনে তাহার মনে আতক্ক হইয়াছে--বিশ্বর হইয়াছে. সে হয়ত এ সম্বন্ধে কিছুই জানে না।

তবে কি প্রকারে এ চিহ্ন হইল ৮ কাত্তিক ঠাকুরদা নারিকেলপত্তের উপরে দাঁড়াইয়া বলিয়া গেল আমি আছি। উষার প্রণয়ী আমিই হইব। তবে সেই প্রেতদেহ উষার নিকটস্থ হইয়া তাহাকে চুম্বন করিয়া গেল। প্রেতের চুম্বন উষা জানিতে পারে নাই,—অলক্ষ্যে—অদর্শনীয় ভাবে চম্বন করিয়া গিয়াছে ? প্রতিশোধ লইবার জন্ম সতাই কি সে আমার স্ত্রীকে দথল ক'রয়া বাসল ? প্রেতগণ কি ইচ্ছা করিয়া এ সকল কাজ করিতে পারে ? হায়, তবে কি আমার কর্মফলে--আমার কুকর্মের বিনিময়ে উষাকেও পাপে মজাইব গ

আমি বড় কাতর হইয়া পড়িলাম। প্রাণের মধ্যে বাজের আগুন জ্বলিয়া উঠিল। অনেকক্ষণ নিস্তব্ধে কাটাইয়া দিলাম।

উষা ততক্ষণ পর্যান্ত অনিমিক নয়নে করুণ-উদাস চাহ্নিতে আমার मुख्य नित्क ठावियाछिन। यथन आमि नौर्य नियान किनिया वालिएनव উপরে একটু উঠিয়া বসিলাম, তথন বড় কাতর স্বরে—বড় আবেগ কম্পিত কণ্ঠে উষা বলিল,—"তুমি কি আমায় অবিখাস করিলে ?"

পুনরপি দীর্ঘখাসে হৃদয়তাপ বিদূরিত করিবার ব্যর্থ চেষ্টা করিয়া আমি বলিলাম,—"যে মহাপাতক করিয়াছি, তাহার প্রতিফল পাইব না ? আমার পত্নী অবিখাসিনা হইবে না ? যে আগুনে কাত্তিকঠাকুরদার क्षप्र जानाहेश्वाहि, त्र जा छत्न जामात्र क्षपत्र जनित्व ना ?"

উষা দশবার কথা কাহতে গিয়া থামিয়া পড়িয়া অবশেষে বলিল,---"তুমি নিশ্চর জেনো—তোমার দাসী, তোমার উষা কথনও অবিশ্বাসিনী নয়। অপর শত পাতকে পাতকিনী উষা-স্বামীর নিকটে অবিধাসিনী! স্বামীই তার জীবনের প্রবতার।"

উষার কথার আমার আরও কন্ট হইল। মনে হইল, হয় সে মিখ্যার ছলনাজালে আমাকে ঢাকিয়া ফেলিবার চেষ্টা করিতেছে. নয় প্রতিহিংসা-সাধনেচ্ছু কার্ত্তিক ঠাকুরদার প্রেত আত্ম। এই সর্ব্বনাশ করিতে বসিয়াছে। হঠাৎ দরোজা নড়িয়া উঠিল। আমার ভগিনী পুঁটা গৃহমধ্যে প্রবেশ করিল। উষা ধাঁ করিয়া নামিয়া পালঙ্কপার্থে দাঁডাইল।

পুঁটা বলিল,—"দাদা, ভল্পরত্ন ঠাকুর এসেছেন।" আমি। কে তন্ত্ররত্ব ঠাকুর গ

পঁটা। যিনি প্রেততত্ত্বে অন্বিতীয় পণ্ডিত। যাঁহাকে আনিবার জন্তে নীলুখুড়ো কাশী গিয়েছিলেন। এইমাত্র নীলুখুড়ো তাঁহাকে লইয়া এসে প্রভাছিলেন। বাবা বৈঠকথানায় তাঁহাদের নিয়ে কথা কহিতেছেন।

উষা সে সংবাদে বড়ই হর্ষোৎফুল্ল হইল। কার্ত্তিক ঠাকুরদার আতি-বাহিকদেহের অত্যাচারের কথা বাড়ীগুদ্ধ সকলেই শুনিয়াছিল. এবং বহ চিকিৎসাতেও যথন রোগ আরোগা হইল না তথন যে উহা ভৌতিক-ব্যাধি তাহাই সকলের ধারণা হইয়াছিল। দেশের ছোট থাট অনেক ওঝা দেখান হইয়াছিল.-- এখন কাশীর তম্ত্রবত্ব মহাশয় আসিলেন।

(ক্রমশঃ)

শ্রীস্থরেন্দ্রনাথ সেন।

# কপাল।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

আমি অনেকক্ষণ তাহার মুখের দিকে চাহিয়া রহিলাম-মাণি কথনই নয়। আমি বলিলাম "আমার'ল্লী আমার মাণি; তুমি কে ? কৈ তোমাতে ত তাহার কিছুই নাই।'' বাষ্পরুদ্ধকণ্ঠে সে বলিল, "নিষ্ঠুর! আমিই তোমার স্ত্রী মাণি, কিন্তু তুমি আমায় ভুলিয়া গিয়াছ! না-না অসম্ভব! ভূমি আমায় প্রীকা করিতেছ। আর পরীকার কাঞ্চ নাই। আমার জীবন পুড়িয়া গেল, হাদ্য ছারপার হইয়া গেল, আর সহ্ন হয় না। এ যে কি ছুর্বিষ্ট ষন্ত্রণা কাহাকে জানাইব, কে বুঝিবে ! কডদিন আর এ আলা সম্ভ করিব, আপনার চুটী পায়ে ধরি বলুন--বলুন---' সহসা তাহার সেই পদ্মপুষ্পনিভ কোমল করতলে আমার চরণ ধারণে উন্মতা হইল। আমি বাধা দিয়া বলিলাম—বাস্তবিক তাহার ষন্ত্রণাক্লিষ্ট মুখন্তক্লী, তাহার আবেগকম্পিত কণ্ঠস্বর আমাকে পাগল করিয়া তুলিতেছিল—"তোমার কি কষ্ট! আমার ঘারা তোমার কি উপকার হইতে পারে, বল ; আমি এডিজ্ঞা করিতেছি, আমার প্রাণের বিনিময়ে আমি তাহা করিতে প্রস্তুত আছি। আর আমি বদি তোমার যাতনার কারণ হই, আমা হইতে যদি তোমার কোন অনিষ্ঠ হইয়া থাকে, ভাহাও বল-নে কার্য্যের উপযুক্ত প্রায়ণ্ডিভ কি. যতই কঠোর হোক, যতই ভীষণ হোক আমি প্রস্তত।'' ''আপনি—আপনার প্রায়শ্চিত্ত, না---না, যার প্রায়শ্চিত্ত হইবার তারা খুব হইতেছে, সে মর্ম্মে মর্ম্মে প্রাশ্চিত্তের মর্ম্মর দাহন অমুভব করিতেছে। মানবজীবনের মৃল্য যে হেলার হারাইয়াছে সেই জানে : দাঁত থাকিতে লোকে দাঁতের মর্যাদা বোঝে না" এই বলিয়া দে স্থন্দরী, দে অজ্ঞাতা, দে অপূর্বাপরিচিতা নিস্তব্ধ হুইল। কিছুই বুঝিতে পারিলাম না। সবই যেন দারুণ রহস্ত, তুর্ভেন্ত প্রহেলিকা বলিয়া মনে হইতে লাগিল। পরলোক-অবিশ্বাসী আমাকে শান্তি দিবার জন্তই যেন পরলোক এক রমণী মূর্ত্তিতে আমার সন্মুখে উপস্থিত। স্বপ্ন এত পরিষ্কার দেখা যার, এমন স্বরুত্তব করা যার, পূর্বে কথন শুনি নাই. দেখি নাই। তবে কি আমি জাগ্রত আর আমার সমুধের ঐ শুলা, শুচিন্মিতা রমণী মৃত্তি সত্য, জীয়ন্ত, প্রত্যক্ষ ! আমি বলিলাম,

''আমি কিছুতেই বুঝিতে পারিডেছি না, সবই যেন আমার কাছে দারুণ প্রাহেলিকা, জটিল অপ্ন বলিয়া মনে হইতেছে। তুমি কি বোধমরী, না সতা। যেন তোমাকে কত জন্মের পরিচিত বলিয়া মনে হইতেছে, অথচ তোমাকে চিনিতে পারিডেছি না; বদি তুমি মাণি নও, কে তুমি ? কে ভূমি বিষাদক্লিষ্ঠা, অঞ্জারাবসন্না রমণী ? কি উদ্দেশ্তে আমার নিকট আসিয়াছ ?" বমণী কিছুক্ষণ চুপ করিয়া থাকিল, যেন স্মৃতিপথচাত কি একটা কথা শ্বরণ করিতে প্রয়াস পাইতেছে। সহসা চমকিতা হইয়া ধীর করুণকণ্ঠে বলিল, "আমি কে, কেন আসিয়াছি, সব ভূলিয়াছেন <u>?</u> না---না মাহুষে ভোলে না ! ব্দন্মক্র্যাস্তরের অতিতৃচ্ছ স্বতিটুকু মানব-মক্তিক্ষের গভীর দেশে লুকাইয়া থাকে। ভোলা কেবল সাময়িক। মাতুষ প্রত্যেক জন্মে আপনাকে নৃতন জীব বলিয়া মনে করে। মাতুষ কিন্ত নৃতন নহে। প্রত্যেক জীবের পশ্চাতে তাহার সহস্র জন্মের কোট কোটি বৎসরের অনস্ত স্মৃতি অনস্ত অতীত বক্ষে ঐ ছায়াপথের মতন বিস্তুত আছে। মামুষ চেষ্টা করিলেই সব জানিতে পারে। আবার পুরাণ বাথা জাগাইয়া আপনাকে বিরক্ত করিব। তাহা না হইলে হ'বে না। আপনার দয়ার উদ্রেক হ'বে না, আপনার ক্ষমার পাত্রী হ'ব না---আমার প্রায়শ্চিত্তের অবসান হ'বে না, আমার এই আত্মগ্রানিময় জীবনের শেষ আসিবে না। তবে এই দেখুন।"---

জ্যোৎস্নামাথা শরতের মেঘথণ্ডের মত রমণী শৃত্যে বিলীনা হইরা গোল। তার পর অন্ধকার—থোর অন্ধকারে সমস্ত পৃথিবী যেন ধোঁরার মত মিশাইরা গোল। চারিদিক্ শব্দশ্য—নীরব নিধার ঘুমস্ত। জগৎ যেন প্রলারের বড়ে ধূলি ধোঁরা হইরা আকাশের সঙ্গে মিশিরা গিরাছে। অন্ধকারের কোলে অন্ধকার। অনস্ত শৃত্যের মাঝে একা আমি সেই হুর্ভেন্ত প্রাচীরবং হুর্ভিক্রম্য অন্ধকারের সাম্নে মুখোমুখী হইরা শুইরা

चाहि। ज्ञभ तम भक्ष गञ्ज म्थर्भ किছू नाहे---किছूहे नाहे। टक्वन मश्टवह-নমনী এক চিচ্ছক্তি সে দারুণ অন্ধকারে, সেই মহাপ্রলয়ের কোলে :আমার বক্ষের মাঝে তালে তালে নৃত্য করিতেছে। সহসা সেই অন্ধকারের কোলে একটা জ্যোতিবিন্দু ফুটিয়া উঠিল। পরমাণুর মত সেই অত্যুজ্জল শুভ্র কণিকা বিস্থত-ক্রমশঃ বিস্থৃত হইয়া সে অন্ধকারের থানিকটা আলোকিড কবিয়া প্রসারিত হইল। যেমন বায়স্কোপে দেখায়---সেই আলোর মাঝে (कथिनाम, এकটी উজ্জ্বन পর্বতমালা অত্রভেদী শিধররাজি লইয়া **धान**मध-যোগীর মত দুখায়মান। সেই পর্বতের সামুদেশে একখানি তৃণপত্রাচ্ছাদিত পর্বকুটীর। কুটীরের আশে পাশে খাপদসমুল নিবিড় অরণ্যানী। অদুরে একটা কলনাদিনী নৃত্যমন্ত্রী পার্বভাস্রোভবিনী উপলথণ্ডে আছাড খাইতে থাইতে কুল কুল রবে বহিয়া চলিয়াছে। কোথায় ছরিণ হরিণী মনের স্থথে পার্বভ্য তৃণভক্ষণে নিরত, বৃক্ষে বৃক্ষে বিহগকুল নদীর কলে স্থর মিশাইয়া দেই নীরব নিস্তর ঘুমস্ত গাস্তীর্যোর মধ্যে একটা অতি মধুর স্বরলহরীর স্বষ্ট করিতেছে ! সেথানে রৌজ নাই, জ্যোৎস্না নাই, অগ্নি নাই, তথাপি কিসের একটী স্নিগ্ধ জ্যোতির্শ্বর আলোকে সে প্রদেশ উদ্ভাসিত। কুটীরাভ্যস্তরে সৌম্যসৃত্তি জটাজূটধারী এক যোগী ধ্যানস্থিমিত লোচনে নির্ব্বাক্ নিম্পন্দ শিলামূর্ত্তিসম পদ্মাসনে উপবিষ্ট। আর অনতিদুরে বৃক্ষবক্তলপরিছিতা শুচিম্মিতা, অপরূপ-ক্ষপলাবণ্যময়ী এক রমণী পার্বভাকাননস্থলভ দিবাগন্ধী কুমুম চয়নে প্রবৃতা। বমণীর মুখমণ্ডল হইতে শাস্তি, তৃপ্তি, পুণ্যের জ্বলম্ভ জ্যোতি ঠিকরিয়া পড়িতেছে। সহদা রাজপরিচ্ছদধারী এক পরম সুত্রর বুবা পুরুষ দেখানে আসিয়া উপস্থিত হইল। তাহার উষ্ণিষ-গ্রাথিত হীরকথণ্ড জল জল করিতেছে, তাহার কটীতটবিলম্বিত কুপাণ খানি প্রভ্যেক পদক্ষেপে ভূমি চুম্বন করিতেছে। যুবক সহসা সেই

ন্ত্রী মূর্ত্তিকে দেখিরা যেন একটু চমকিত হইল, পরে আত্মদন্তরণ করিয়া বলিল, ''ভদ্ৰে ৷ আমি মুগয়ায় প্থভ্ৰাস্ত, কুধিত-ত্তিবিত ; আমার অফুচরগণের সাক্ষাৎ নাই। শীঘ্র আমাকে একটু জলদান করিয়া প্রাণ রক্ষা করুন।" রমণী আচ্মিতে সেই জনশুনা আমার কাস্তারে মহুষ্যকণ্ঠস্বর শুনিয়া চুমকিতা হইয়া ফিরিয়া চাহিল. এবং সহসা রাজবেশে সজ্জিত সেই অতি স্থল্পর যুবা পুরুষকে দেখিয়া ভীতাও উৎকণ্ঠিতা হইয়া উঠিল। কিন্তু যেন আতিথ্যধর্শ্বের অমুরোধেই আত্মসম্বরণ কার্যা কহিল, "আপনি অতিথি, আমাদের পুত্র-নীয়, আমার সঙ্গে আসুন; কুটীরে আমার স্বামী আছেন।" এই বলিয়া त्रमणी व्यत्ध व्यत्ध पथ (पथारेमा हिनन व्यात युवक क्रास्टर्सर, व्यवमन्नपरम, আত্মবিশ্বত ভাবে তাহার অমুসরণ করিল। রমণী চলিতে চলিতে এক একবার কুটিল অপাঞ্চজিতে পশ্চাৎ ফিরিয়া যুত্তকে দেখিতে লাগিল; দে দৃষ্টির ভিতর হইতে যেন জনয়ের কি এক অব্যক্ত, কামনা বাসনার জ্বলম্ভ স্পৃহা লেলিহান হইয়া বাহির হইতেছিল। সহসা অন্ধকার হইয়া গেল। আবার দেই নিস্তব্ধতা, দেই গান্তীর্যা, দেই অন্ধকার। কোথা হইতে একটা অশরারী শব্দ দেই অন্ধকার কম্পিত করিয়া ধ্বনিত হইল ''কিছু বুঝিতে পারিলে কি ?'' আমি চকু দিয়া শুনিলাম কি কর্ণ দিয়া দেখিলাম, কিছুই বুঝিতে পারিলাম না।

আবার সেই আলো! সঙ্গে সজে একটা ঐশ্ব্যশালী ধনীর প্রাসাদপ্রাঙ্গণ! প্রাঙ্গণে একটা মৃতদেহ শায়িত, তাহার আপাদ মস্তক একথানি
শুক্র বস্ত্রাবৃত। সে মৃত দেহটি বেষ্টন করিয়া অনেকগুলি নরনারী
হাহাকার করিয়া ক্রন্দন করিতেছে! গাহাদের করুণ অর্জনাদ দিগন্ত বিস্তৃত হইয়া কাঁপিয়া কাঁপিয়া আকাশের কোলে মিশিয়া বাইতেছে।
আর একটা এয়োদশ কি চতুর্দশ ববীয়া উদ্ভিন্নবোবনা কিশোরী চুল ছিঁজিয়া, ৰক্ষ চাপড়াইরা যোর আর্ত্তনাদ করিতে করিতে মাটীতে আছড়াইরা পড়িতেছে। আর কতজন রমণী তাহাকে কিছুতেই ধরিরা রাখিতে পারিতেছে না! চারিদিক্ শোকাচ্ছর, কেবল একটা দারুণ স্বভাব ভীষণ হাহাকার শুশান-বায়সের মত খাঁ খাঁ করিতেছে।

त्म मुश्रुपे वम्नाइम्रा (शन! ठिक स्वन नांग्रेड्सक्ट्र म्**रश्रु**त भन দুখ্য স্মাসিতেছে। এবার দেখিলাম.--গঙ্গাতীরম্ব গ্রামপ্রান্তে একথানি কৃত্র কৃতীর, কুটীরে একটা ধ্বক শাস্ত্রাধ্যয়নে রভ, দৃষ্টি উদাস, ললাটভট কৃঞ্চিত, সর্বাঙ্গে স্বেদবারি ঝরিতেছে। সন্দেহ অবিশ্বাস তাহার পঠিত প্রত্যেক বর্ণে প্রত্যেক ছত্তে যেন মর্ম্মে মর্ম্মে ভাসিয়া উঠিতেছে। পার্ষে একটা ঘাদশবৰ্ষীয়া অন্ঢ়া বালিকা তাহাকে তালবৃস্ত দারা ব্যক্তন করিতেছে ! কি আশ্চর্যা ! বালিকার প্রত্যেক ব্লব্ধ-প্রত্যঙ্গরূপ গঠন বেন আমার সেই নবোঢ়া মাণির প্রতিচ্ছবি ৷ বুবকের প্রত্যেক অঙ্গভঙ্গী, প্রতি ললাটকুঞ্চনের সঙ্গে বালিকার মুখভাব বেন কি একটা বিষাদমাধ। अक्षकाता हाहेबा পড़िভেছে ! वानिका स्वन छाहात ममल शहा मन पह ৰত্ব প্ৰাণ দিয়া যুবকের একটু হু:থ—একটু অশান্তি দূর করিতে চাহে। সহসা বাহিরে খট খট শব্দ হইল। বালিকা তালবুস্তথানি হত্তে লইয়া অতি অনিচ্ছাপূর্বক ধীরপদে ছল্ছল নেত্রে সেধান হইতে উঠিয়া গেল! এমন সময় সৌমাম্তি ত্রিপুণ্ডুকধারী বিপুণ দেহ এক ব্রন্ধচারী কার্ছ-পাছকার শব্দ করিতে করিতে সেধানে আসিয়া উপস্থিত হইলেন। ময়নম্বয় ষ্ট্রবং বিক্ষারিত ও হাস্তচ্চ্টায় বদন প্রোক্ষণ করিয়া ব্রহ্মচারী বলিলেন "वरत्र किलानमः । तः नम्र भिष्टिन । भरतत्र था था पृत रुरेन । हिन्तू-ধর্ম্মের প্রত্যেক কথা জ্বলম্ভ সভ্য।'' যুবক হতাশভাবে উত্তর করিল ''না শুরুদেব। যতই পাঠ করিতেছি, ততই যেন সন্দেহের—অবিশাসের প্রভীর হুইভে গভীরভর অককারে নামিরা ঘাইভেছি। মনের সংশ‡

দিন দিন বাড়িরাই চলিরাছে।' গুরু বলিলেন "গুধু পাঠে হবে না, বৎস ! মন নির্দ্দিল কর, হলর কামনা বাসনার দাগশৃন্ত কর ! অন্তরঙ্গ থাকিতে মন এ রক্ষেরান্ধিবে না। চেষ্টা কর—খুব চেষ্টা কর—" সহসা নির্দ্ধাপিত আলোক গৃহের মন্ত সব অন্ধকার হইয়া গেল। আবার সেই কনি "কিছু বৃধিতে পারিলে কি ?"

বুঝিতে পারিব ছাই। আমার মাথা বুরিতেছিল, জ্ঞানলোপ হইন্না वारेटिक हिन, व्यापि दयन मित्रवा वारेटिक हिनाम। व्यापाटक नीत्रव स्विधा, বাকাহীন অসার শান্তিত কার্চপুত্তলিকার মত দেখিয়া সেই তরুণী আবার চক্ষের সমক্ষে আবিভূতি। হইল, বেমন মেঘাবরণ ভেদ করিয়া পূর্ণিমার চাঁদ বাহির হয়। ধীর কোমল কণ্ঠে বলিল "বুঝিতে পারিলেন না। এততেও আপনার স্থতিশক্তি জাগরক হইল না ৷ ঐ হিমালয়-সামুদেশে কুটীরবাদী সন্ন্যাদী—আপনি আর রমণীই এই হতভাগিনী আমি, আপনার স্ত্রী। সংশয়দোলায় আপনাকে জন্ম হইতে জন্মান্তরে নীত করিতেছে। আজও সে সন্দেহ-রাক্ষস, অবিধাস-শরতান আপনাকে ছাড়ে নাই. আর ঐ রাজপুত্রকে দেখিয়া আমার মনে বিক্ষোভ উপস্থিত ৰ্ট্রাছিল, কামনা বাসনার করাল ছারা পতিত হ্ট্রাছিল; সংসার-মুখভোগের জন্ম আমার প্রতারক মন আমাকে আরুষ্ট করিয়াছিল. দেই বাসনাই জনজনাস্তবে আমাকে ব্যাধতাড়িত হরিণীর মত ধাবিত করাইতেছে, পুন: পুন: স্বামিবিরোগ-যন্ত্রণার দারুণ আহাতে বক্ষপঞ্জর ভাঙ্গিরা চুরিয়া খুঁড়াইরা দিতেছে। কিন্তু নাথ, হৃদরেশর, অভাগিনীর সর্কবিধন, আপনাকে ভুলি নাই। আপনার দে পবিত্র ভালবাসা, সে च्याधित त्वह करूना, तम महान् हिंदेख, तम निका मौका च्यामात खीतन्त्र পরতে পরতে মিশাইরা আছে, পূর্বের কর জন্ম বড় হঃথেই কাটিরাছে। অগো--সে কি বন্ত্ৰণা, কি আকুল ক্ৰেন্সন, মান্তামনীচিকার পশ্চাতে

ভূষিত, ক্ষৃষিত নীরাশা পীড়িত প্রাণের কি নির্মা কঠোর ছুটাছুটি, কিন্ত গুরুদেবের কুপায় এবার আমার ভূল ভালিয়াছে, গুরুদেব বধন দরা করিয়া আমার চক্ষের অঞ্জন মুছাইয়া দিলেন, তথন বুঝিলাম আমি কি চাই, কেন চাই, কা'কে চাই! সেইদিন হইতে আপনার তপস্থাপুত পবিত্তমূত্তি আমার স্মৃতিপথে জাগিয়া উঠিল, সেইদিন হইতে শরনে স্থানে আমার হাদয়ের সমস্ত বুতি দিয়া আমার ইইদেবের পূজা করিয়াছি; গুরুদেব বলিয়াছিলেন আপনিও বর্তমান সময়ে এই বঙ্গদেশে জন্মগ্রহণ করিয়াছেন, তাই এই কুদ্রারমণী তার কুত্র সামর্থ্যে আপনাকে বে কত অনুসন্ধান করিয়া রাত্রিদিন ফিরিয়াছে ভাহা অন্তর্য্যানীই জানেন। যাহা হউক, পূর্বাজ্জিত বহু পুণাের ফলে একবার এ জনমের শোধ আপনার জীচরণ দেখিতে আসিয়াছি, এবার আৰু আপনাহাৱা হইয়া হায় হায় করিয়া কামনা-কল্যিত বাসনা-দথ সংসারে জালাময় উত্তপ্ত প্রাণে ছুটাছুটি করিতে হইবে না।" রমণী কিছুক্ষণ নীরব থাকিয়া আবার বীণাঝন্ধত কণ্ঠে বলিল।

''কিন্তু স্বামিন। আপনাকে আমার একটা আর একটা অনুরোধ রাখিতে হইবে। বলুন এই পতিতাকে ক্ষমা করিলেন, এ দাসার শেষ আশা পূর্ণ করিবেন।" আমি বলিলাম "আমিত পূর্বেই বলিয়াছি আমার সাধ্য মত তোমার উপকার করিব, নিশ্চয়ই করিব।" রমণী প্রীতিফুল্ল বদনে ৰলিল, যেন তাহার হাদয় হইতে একটী গুরুপ্রস্তরের ভার নামিয়া গেল, "আ: বাঁচিশাম। জন্ম জন্মান্তরের অত ভালবাসা কি মানুষ ভোলে, না মাত্রৰ ভুলিতে পারে ৷ সংসারের দৌষ কি, ভগবানের দোষ কি, মাত্রৰ আপনা থাইয়া আপনার দোষে কামনার মক ভূমিতে তৃষিত হরিণের মত বক্ষ ফাটিয়া মরিয়া বার। বাহা হউক, আমার ইহজীবনের ভোগ অবসানপ্রায়, আর বেশী দিন থাকিব না; তবে এ দেহ ত্যাগ করিবার পূর্বে

একটা বার মাত্র আপনাকে চর্মচক্ষে দেখিব, আপনার চরণ ধূলিতে ইষ্ট-নিবেদিত আমার মর দেহটাকে পবিত্র করিয়া লইব। আহা. কডদিন কত যুগ হইল আপনাকে আপন হাতে কিছু থাইতে দিই নাই। একবার আকাজ্ঞা ভরিয়া, পিপাদা মিটাইয়া সামনে বদাইয়া কিছু থাওয়াইব। ভারপর মহাযাত্তার পথে প্রলোকে আপনার জন্ত অপেক্ষা করিব।" আমি বলিলাম "কেমন করিয়া তোমার দাক্ষাৎ পাইব।" রমণী দহাস্থ বদনে উত্তর করিল "দে কথা আপনাকে বলিয়া দিতেছি। কলিকাতার...... .....ব্যানার্জ্জির লেনে ৬৬ নং বাটীতে আগামী ২৫শে আমিন বেলা ১২টা কি ১টার সময় যাইলে আমাকে দেখিতে পাইবেন। কিন্তু তৎপুর্বে বা পরে সাক্ষাৎ অসম্ভব, সে চেষ্টা করিবেন না। মনে থাকিবেড ৬৬ নং......আর সময় নাই, আমি চলিলাম।" তাহার কথার শেষ ব্যবার মিলাইতে না মিলাইতে আমার ভূত্য তাহার স্বভাবদত্ত গভীর আওয়াজে ডাকিল 'বা—ব—হু বহুৎ ভোর হো গিয়া।" আমাকে খুব সকালে জ্বাগাইবার জন্ম তাহার প্রতি আদেশ ছিল। তাড়াতাড়ি উঠিয়া বিদিলাম। তথনও গৃহের আলোকটা দপ্দপ্করিয়া জ্লিতেছে, আমি কোন পরীরাজ্যে নীত হই নাই, সেই খরে, সেই বিছানায়। 'ক্রমশঃ) **डिमान** क

# অতীতের এক পৃষ্ঠা।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

বদি পূর্বে জানিতাম, বুঝিতাম--আমার এই কুদ্র জীবন-স্বৃতিতে, আমার বিরহে একটি জীবন অকালে নিভিয়া যাইবে: স্বর্গের স্থ্যা ব্যরিয়া পাড়য়া নষ্ট হইবে-তবে হয়তো অন্তপথে চলিতে পারিতাম। কিন্ত হায় !

ভবিষ্যৎ আমাদের কাছে এত প্রচ্ছর, বে আমরা ভাহার কিছুই ভাবিতে পারি না !

বিবাহের পর প্রায় ৮।৯ মাস কাটিয়া গিরাছে। এ সময় টুকুর কথা বিশেষ করিয়া বলিবার কিছু নাই। শ্রোত্বর্গ সহজে অনুমান করিছে পারিবেন।

শ্রাবণ মাস। গণ্ড বৎসরের শ্রাবণে বাঁকীপুরে, সন্ন্যাস-ধর্ম্মে ! আর আজ !—

সেদিন সকাল হইতে খুব বৃষ্টি হইতেছে, সন্ধ্যা পৰ্য্যন্ত ভাৰার বিশ্বাম নাই।

সন্ধ্যার পর আমার শয়নগৃহে বসিয়া বাহিরে প্রকৃতির তাণ্ডব নৃত্য-কোলাহল দেখিতেছিলাম; হেম আসিয়া সে গুরুত্ব দ্রুব করিয়া দিল, সে হার্মোনিয়মে বসিয়া বেশ স্থমধুর স্বরে ছ তিন্ধানা গান গাছিল। তথন ৯॥০ টা বাজিয়াছে, বর্ধা-বাদলে অন্ত কিছু ভালো লাগছেনা— ভাহাকে আরো ছ' একথানা গাহিতে বলিলাম, সে অস্বীকার করিল— বড় পুম পাছে।

সে শ্বার শুইরা ঘুমাইরা পড়িল, আমি হার্মোনিরমের চাবিশুলা টিপিরা অভ্যাস করিতেছিলাম, হঠাৎ আমাব দৃষ্টি শার্শির বাহিরে পতিত হইল, আমি বক্তাহতের স্থায় চমকিরা উঠিলাম। চশমা থানা পরিস্কার করিরা আবার দেখিলাম। সেই দৃষ্ঠ !

ঘরের উচ্ছল আলোকরশ্মি বাহিরে থানিকটা আলোকিত করিয়াছে, সেই আলোকিত পথের উপর দাঁড়াইয়া—সেই ছবি; আমার প্রবাস-বদ্ধ —সেই বালিকা সেই মলিন বেশ-ভূষিতা; হাতে একথানা ছবি ও সে' থানা তা'র জননীর সেই আলোকচিত্র! আমি কাঁপিয়া উঠিলায়। আলোটা আরো জোর করিয়া দিয়া বাহিরে চাহিয়া আবার দেখিলাম: রমণী জানালার দিকে আগাইয়া আসিতেছে। আমি বিহবলকঠে ডাকিলাম-এ কি মতি-"তমি এখানে ?"

সে যেন অট্টাশু করিয়া উঠিল, কিন্তু কোনো কথা কহিল না। আমি আবার ভাকিলাম—"মতি, মতি।'' সে তাহার অত্যধিক উচ্ছল দৃষ্টি আমার মুধের উপর স্থির করিল। আমি তাড়াতাড়ি উঠিয়া—শার্শি খুলিয়া দিলাম। একটা প্রবল বায়ু আসিয়া আলো নিবাইয়া দিল। আর কিছুই দেখিতে পাইলাম না। কাঁপিতে কাঁপিতে শ্ব্যায় আসিয়া হেমকে জাগাইয়া সব কথা বলিলাম।

চিস্তাভারগ্রস্ত মনে সকালে চা'য়ের টেবিলে আসিরা বসিয়াছি--ভৃত্য কতক ঋলি চিঠি ও সাময়িক পত্রিকাদি দিয়া গেল। চিঠিগুলি পড়িয়া— পত্তিকাঞ্চল খুলিতে লাগিলাম। তন্মধ্যে একথানা—"বিহার সংবাদ" ছিল, সে খানা পড়িতে পড়িতে এক যায়গায় দেখিলাম---গত সোমবার हिन,-- পার্কের ধারে একটি পূর্ণবয়স্কা বালিকা ছান্রোগে মারা গিয়াছে, দে তাহার পরিত্যক্ত সম্পত্তির মধ্যে একথানি ছোট বাড়ী, করেকথানা জনকার ও ২থানি আলোকচিত্র (ফটো) পুলিশের হন্তে রাখিয়া গিয়াছে, একথানি ফটোর নীচে গ্রী----(স্বামারই নাম) এই নাম লেখা আছে। সে মৃত্যু সময়ে বলিয়া গিয়াছে, ঐ ব্যক্তিকে সে সমস্ত অৰ্পণ করিয়া গেল, অতএব তিনি বিহার প্লিশ স্থপারিন্টেন্ডেন্টের সহিত অবিলম্বে সাক্ষাৎ করিয়া তাঁহার দ্রব্যাদি পাইতে পারেন।" ----বন্ বন্ করিয়া হাতের 'কাপ্'টা পড়িয়া গেল।

শ্রীবিজয়রত্ব মজুমদার

### সতীদাহে আশ্চর্য্য ঘটনা।

যুক্ত প্রদেশের মৈনপুরী জিলার অন্তর্গত যারৌল গ্রামে রামলাল নামক এক ব্রাহ্মণের গত ২৭শে জুন তারিথে মৃত্যু হয়। রামলালের বুবতী স্ত্রী জয়দেবী স্বেচ্ছায় সতী হইবার ইচ্ছা প্রকাশ করেন। তাঁহার আত্মীয় কুটুম্বেরা সতীদাহ যে আইন বিরুদ্ধ, ও তাঁহার ন্যায় তরুণী যুবতীর সতীদাহ যে অক্সায়, ইহা অনেক বুঝাইলেন; কিন্তু জয়দেবীর প্রতিজ্ঞা স্বামার দেহের সহিত আত্মদেহ বিসর্জ্জন করিতে দৃঢ়মনা হইয়া জন্মদেবী স্বামীর দেহ অমুসরণ কবিয়া শ্মশানে উপন্থিত হইলেন। সভী-দাহ দেখিবার জন্ম বারৌলি গ্রামের ও নিকটস্থ গ্রামসমূহের প্রায় ২০০০ লোক আসিয়াছিল। শাশানে যাইবার পথে জয়দেবী ফুল ও সিকি হয়ানী ইত্যাদি পথে ছড়াইতে ছড়াইতে চলিলেন। শ্মশানে পৌছিয়া দুচ়মনে যেখানে চিভা প্রস্তুত করিতে হুইবে, দেখাইয়া দিলেন। চিভার উপর যথন স্থামীর দেহ রাথা হইল, তখন জয়দেবী চিতা প্রদক্ষিণ করিয়া চিতারোহণ করিয়া, স্বামীর মন্তক আপনার ক্রোডে রাথিয়া বসিলেন। নিজের গহনাপত্র খুলিয়া ফেলিয়া দিলেন। চিতার উপর, ও আপনার **(मरह चु**क ঢांगिय़ा, कृग ७ क्ग मिय़ा हिका शृंका कविराग ।

ইহার পর জয়দেবী অগ্নি চাহিলেন। কেহই অগ্নি দিতে সমাত হইল না। উপস্থিত ছইজন লোক বলিল যে "আপনি যদি যথার্থ নিজলঙ্ক হন, চিতা আপনি অলিয়া উঠিবে।" জয়দেবী মৃতস্বামীর কর্ণে মৃতস্বরে কি বলিলেন ও আকাশের দিকে করজোড়ে কি প্রার্থনা করিলেন। প্রকাশ যে চিতা আপনা হইতে অলিয়া উঠিল, ও সতী সাধ্বী জয়দেবীর পার্থিব দেহ ভাষীভূত হইল। এই সতীদাহে সাহাষ্য করিবার, কিংবা নিবারণ না করার জন্ম ও জন ব্রাহ্মণ মৈনপুরের সেসন জজ কর্ত্তক অভিযুক্ত হইরাছে। সতীদাহ যথন আইন বিরুদ্ধ, তথন তাহাতে সাহাষ্য করিলে দণ্ড হওয়া অবশ্রস্তাবী। কিন্তু সেসনজজ সাহেবের রায়ে প্রকাশ যে সাক্ষী ও আসামীরা সকলেই বলে যে চিতা আপনা আপনি অলিয়া উঠিয়া ছিল। সতী কিংবা অন্ত কোন ব্যক্তি যে চিতায় অগ্নি সংযোগ করিয়াছেন, ইহার কোন প্রমাণ নাই। সত্য হইলে বলিতে হইবে যে সীতাদেবীর অগ্নিপরীক্ষার ন্তায় জয়দেবী তাঁহার সতীত্বের পরিচয় দিয়াছেন, ও ভগবানের নিকট তাঁহার সতীত্ব প্রমাণের জন্ত করজোড়ে প্রার্থনা বিক্ষল হয় নাই।

এই সতীদারপ্রসঙ্গে সেসনজজ সাহেবের রায়ে আরও অলোকিক ঘটনা বিরত আছে। প্রকাশ যে ধখন রামলালের মৃতদেহ তাঁহার বাড়ীতে পড়িয়া ছিল, একটা ছোট বালিকা মৃতদেহের নিকটে খাটের উপর বসিয়াছিল। জয়দেবীর দৃষ্টিপাত মাত্রে বালিকা মৃচ্ছিত হইয়া আছড়াইতে লাগিল। শেষে বালিকার পিতা জয়দেবীর নিকট ক্ষমা-প্রার্থনা করাতে তাহার জ্ঞান হইল। আরও প্রকাশ যে জয়দেবীর হস্তে একতাল জলস্ত কর্পূর ছিল, তাহাতে তাঁহার কোন ক্ষতি হয় নাই। আবার শ্রশানে যাইবার পথে জয়দেবী যে সিকি হয়ানী ইত্যাদি রাস্তায় ছড়াইয়াছিলেন, সেগুলি ভূমিতে পতিত না হইয়া অদৃশ্য হইয়া গিয়াছিল।

শ্রীচারুচক্ত মুখোপাধ্যার হাজারিবাগ।

## গোপেশ্বরের চাকুরী।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

#### দ্বিতীয় পরিচ্ছেদ।

দে রাত্রে বিধুমুখীও সপ্ন দেখিল; কিন্তু সপ্নকালীন যাহা যাহা দেখিরাছিল বা অমুভব করিয়াছিল, তাহা ঠিক স্থরণ নাই; যেন একটা পাহাড়—স্বদূর বিস্তৃত নির্জন স্থনীল ভ্ধর, দূরে এক বিস্তৃত নদী—তার পর জঙ্গল—গোটা করেক হিংস্র ফ্রন্ত ছুটাছুটি করিতেছে—তার পর একেবারে ফাঁকা—নীচে অসীম বিস্তৃত মাঠ, উপরে বিস্তৃত আকাল; তার আর ভাল স্থরণ নাই। মেঘলা আকাল ঝুণ ঝুণ করিয়া বৃষ্টি পড়িতেছে, হঠাৎ আকাল ফ্রনা হইয়া গেল, সেও শৃত্যে উড়িতে লাগিল। মোটের উপর জাগ্রত চৈতত্যে স্থপ্নের যে অংশ টুকুর স্পষ্ট ছাপ আছে, তাহা এই বে,—যেন কে বা কাহারা তাহার স্থামীকে বন্ধন করিয়া পীড়ন করিতেছে ও হঠাৎ এক বৈরাগী আসিয়া বন্ধন মোচন করিল। নিজা ভঙ্গে শিহরিয়া উঠিল; হিন্দু রমণী এ সকল বিষয় সহজেই বিশ্বাস করে, তাই স্থামীর অকলাণকর স্থপ্নে অত্যন্ত উদ্বিগ্ন হইয়া উঠিল।

প্রভাতে উভয়েই বিমর্থ—উভয়ে উভয়ের মুখের দিকে ভাল করিয়া চাহিতে পারিল না, পরম্পার একটু দূরে দূরে থাকিল।

কীরোদ এরূপ স্থপ্নে পূর্বে আদৌ কিছুমাত্র বিচলিত হইত না, কিন্ত ইহা এত স্পষ্ট পরিষ্কার ও সত্যবৎ যে তাহাতে অত্যস্ত বিশ্বিত ও কুতৃহলী হইতে হইয়াছিল।

সেইজ্ঞ প্রাতে ইঠিয়া গোপনে একজন লোক পাঠাইয়া সন্ধান শইল ষে, ভাহার কামিনী দিব্য খোদ-মেজাজে বাহালতবিয়তে স্কস্থ দেহে ইহ-পর-

কালের পরম সলগতির জন্ত সশরীরে বিরাজমানা। সংবাদে কডকটা নিশ্চিত্ত হটল :

ছারে ভিথারী আদিল, প্রত্যুহই আদে,--এমন কত ভিথারীই আদে। ভিধারী ধন্ধনীতে আঘাত দিরা চাঁচা গলায় স্থর পঞ্চমে তুলিয়া গাহিল— "হরি যদি ভরহারী তবে কারে ভর করি মা।"

গান শুনিয়া ভিথারীর মূথের দিকে চাহিয়া ক্ষীরোদ স্তম্ভিত—সেই অপ্লান্ত বৈরাগী—তাহাকে পূর্বে কথনো দেখে নাই—অপচ স্বপ্লে কিরুপে একজন অপরিচিত ব্যক্তির মর্ত্তি এরূপ স্থম্পষ্টভাবে মানসক্ষেত্রে ভাসিয়া উঠিল তাহা কল্পনাতীত।

স্ত্রীলোক স্বভাবতঃই কৌতৃহলা, একজন অপরিচিত লোক আসিলে ভাহাকে যেরপেই হউক দেখিয়া লইবে; স্মৃতরাং তাহার উপর স্মূললিত সঙ্গীতে মুগ্ধ হইয়া ছুটিয়া আসিল—কিন্তু এ কি ৭ ইহাকেই না দে গভ রাত্তে স্বপ্নে দেখিয়াছে-একটা যুগপৎ বিপদাশমা ও বিপদমুক্তিতে-কাঁপিয়া ও হাসিয়া উঠিল।

ক্ষী। বাবাজী তুমি থাক কোথা ?

বা। অম্বিকা কালনায় থাকিতাম—আৰু ১০।১২ দিন এখানে এসেছি।

ক্ষী। আছো কাল রাত্রে কোথার ছিলে?

वा। किन वनून (मिथि १

কী। নাতাই জিজ্ঞাসা করছি ?

বা। সমস্ত দিন ভিক্ষার্থ পরিশ্রমে সন্ধ্যার পর একটু ঠাকুরের নাম কীর্ত্তন করে ক্রান্ত হয়ে শুয়ে পড়ি: কালও সেইরূপ শুইয়াছিলাম।

ক্ষীরোদ আর কিছু বলিল না, তবে বড়ই রহস্তময় বোধ হইতে লাগিল। বিধুমুখীও তদ্ৰূপ বা ততোধিক বিশ্বিত; কিন্তু মুখে কিছু না বলিয়া ভক্তিভরে যথেই চাউল তরকারী ও পর্সা আনিয়া দিল।

পরে ঈষং ইতন্ততঃ করিয়া জিজ্ঞাসা করিল—ঠাকুর কোন বিপদ্ হবে নাত গ

বাবাজী সহাস্থ বদনে বলিল,—ভন্ন কি মা, বিপদ্তারণ মধুস্দন আছেন, কেন বিপদ্ হবে; তবে মা তোমাকে—একটা অমূল্য জিনিব বলিয়া বাইব। বিধুমুখী উদ্গ্রীব হইল।

বা। যথনই কোন বিপদ্ সম্ভাবনা হবে, তথনই কায়মনোবাকের বিপদ্হারী মধুসদনকে ডাকিও, সকলবিপদ্ দুর হইয়া যাইবে।

বিধুম্থী এই কুদ্র উপদেশটী বিশেষ করিয়া স্মরণ করিয়া রাখিল, কিন্তু ক্ষীরোদের পক্ষে এরপ অমূল্য জিনিষ শ্রবণে হাস্ত সম্বরণ করা কঠিন হইয়া পড়িল।

আহারের সময় অরাধিক ভূমিকা করিয়া বিধুম্থী বলিল "তোমাকে আজ একটা কথা রাথিতেই হইবে, যদি রাথত বলি।" ক্ষীরোদ সকৌতুকে বিধুম্থীর মুখের দিকে চাহিয়া বলিল, "বড়ই মুস্কিল, কথা টথা রাথা আজ আর হচ্ছে না।"

বিধুমুখী কৌতুক বুঝিতে না পারিয়া অধিকতর উৎসাহের সহিত বিশ্বন, না তোমাকে রাখিতেই হবে।

कौरतारमत व्यवतथारस এक पूँ शमित रतथा रमथा मिन, वनिन, -- जा शरक्ता।

বি। স্থামি ও গুনব না, তোমাকে আজ গুনতেই হবে।

ক্ষী। আছো, বলেই ফেল না, কথাটা কি ভোমার ?

বিধুমুখী তাহার স্বামীকে চিনিত ও তাহার অন্তঃকরণ জানিত। তাহার স্বামী মত্যপ ও বেশ্যাসক্ত বটে কিন্তু উদারহানয় ও সত্যবাক্—যদি সে একবার কথা দেয়, তাহা হ**ইলে** কিছুতেই নড় চড় করিবে না। তাই সে একটা ভূমিকা করিতেছিল।

# থিয়েটারের

ষ্টেজ, সিন, ডেুদ, চুল প্রভৃতির প্রয়োজন হইলে অর্দ্ধি আনার ষ্ট্যাম্পদহ ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এও কোং পেণ্টার্স,
২২ নং ছারিসন রোড, কলিকাতা।

### সহজে যোগবল প্রত্যক্ষ করুন।

বক্তবোগ — সর্ববিধ অজীর্ণ, ক্রিমি ও মেখণোর নাশক। ১৫ দিনের ১০। চক্রেপ্রভা – গনোরিয়া, উপদংশ, বোলাটে প্রস্রাব অতিরিক্ত প্রস্রাব, হাজ পা ও চক্ষু জ্বালা, শরীরের অবসাদ, শরীরে হুর্গন্ধ, গুক্রতারলা, গুক্রস্তম্ভ ও স্ত্রীরোগে বিশেষ স্ক্রলদায়ক। ১ মাসের ৩০ টাকা।

চন্দ্ৰবল্পী তৈল—শাল্পোক্ত প্ৰণাণীমতে বিশেষভাবে প্ৰস্তুত। ইহাতে চুল খুব খন ও মন্থণ হয় অথচ পেটফাণা, মাথাধরা, চক্ষে ঝাঞ্চা দেখা, হাদক কম্পান, হাত পা জালা, শরীরের অবসন্ধতা প্রভৃতি অচিরে দূর করে। এক শিশি ব্যবহারেই যথেষ্ট উপকার হইবে। বড় শিশি ২॥০ টাকা। ছোট শিশি ১॥০ টাকা।

অমৃত নিকেতন শটীই একমাত্র যক্কডাদি দোষ, ভসকা ও পাতলা ৰাহ্যে ও হুট তোলা লিগুর নির্দোষ থায়। ইহা সকরোগেরই পথ্য। অত্থলের যম। ইহা মৃত্র যন্ত্রের দোষ, হাদর স্পান্দর, ক্রিমিজাভ উপদ্রেব ও চর্ম্মরোগ বিনাশ করে এবং মাথা ঠাণ্ডা রাথে। মৃশ্য বড় কোটা।/• আনা ছোট কোটা ১/• আনা।

> কবিরাক্ত শ্রীবিনোদলাল দাশ গুপ্ত কবিভূষণ। অমৃতনিকেতন—২৬ নং গ্রে খ্রীট, কলিকাতা।

### জাহ্নবী।

( দৰ্বোৎকৃষ্ট সুলভ মাদিক পত্ৰিকা )

ভূতপূর্ব্ব ''বঙ্গলন্ধী'' সম্পাদক শ্রীযুক্ত স্থাক্ষ বাগচি সম্পাদিত।
প্রতি বাঙ্গালা মাদের ১ণা তারিখে প্রকাশিত হয়। প্রতি মাসে ৮
কর্মা ৬৪ পৃষ্ঠা থাকে। অগ্রিম বার্ষিক মূল্য ডাঃ মাঃ সহ ১॥০ দেড় টাকা
কাত্র। প্রবন্ধগোরবে, বিষয়নির্ব্বাচন এবং ভ্রমণকাহিনী, নক্মা, বৈজ্ঞানিক
শ্রেষদ্ধ, কবিতা, স্থচিন্তিত প্রবন্ধ, ঐতিহাসিক কাহিনী ও গল্প, চন্ত্রন,
সমালোচনাদিতে প্রতি মাসের 'কাহ্নবী'র কলেবর পূর্ণ থাকে।

কাৰ্য্যাধ্যক্ষ, জাহ্নবী;

জাহুৰী কাৰ্য্যালয়, ২০১ নং কৰ্ণওয়ালিস ষ্ট্ৰীট, পোষ্ট সিমলা, কলিকাতা।
৪০ বংসরের চিকিৎসাভিজ গ্রবন্মন্টের ভূতপূর্ব্ব কালাজ্বর তদস্ককারী

সম্পাদক কেশবচন্দ্র গুপু, এম্-এ, বি-এল।

এই কান্ধনে অর্চনার দশম বর্ধ আরম্ভ হইল। এই ফাল্পন মানেই অর্চনা সচিত্র হইরা বাহির হইভেছে। অর্চনার নুজন পরিচর অনাবগুক। বঙ্গবাদা, বহুমতী, হিডবাদা, সাহিত্য প্রভৃতি প্রসিদ্ধ পত্রসমূহে অর্চনার প্রথম শ্রেণীর মাসিক বলিরা বিঘোষিত। প্রবীণ প্রধাতনামা লেখকবৃদ্ধ অর্চনার লেখক। নবীন ও প্রবীণ সাহিত্য-রিষ্বৃদ্ধের সমন্বরক্ষেত্র অর্চনা। অর্চনা উৎকৃষ্ট এণ্টিক কাগজে পরিপাটারূপে মুদ্রিত। কভার, চিত্রাদি, স্থলিবিত প্রবন্ধ সম্ভাবে অর্চনাকে এত নৌন্ধ্যাদালিনী করিরা তুলিরাছে বে প্রত্যেক সংখ্যা অর্চনা প্রিক্ষালকে উপহার দিবার সামগ্রী হইরাছে।

গত বৰ্ষে অৰ্চনাৰ কলেখৰ বৃদ্ধি হইয়াছিল কিন্তু মূল্য বাড়ে নাই, বৰ্তমান বৰ্ষে চিত্ৰ সংযোগিত হইবে এখন বাৰ্ষিক মূল্য পূৰ্ববৰ্ছ ৰহিল ! পাঠক এ স্থান্য ছাড়িবেন কি ?

পাঁত বর্ধে অর্চনার গ্রাহকাতিশয়ে আমবা অনেকগুলি গ্রাহক কিরাইতে বাধ্য ইইরাছিলাম। এবারেও নির্দিষ্ট সংখ্যা ছাবিতেছি, অতএব শীঘ্রই গ্রাহক হউন; অগুণা যদি পুনমু দ্রিত না হর ভাহা ইইলে পাইবার আশা থাকিবে না; কারণ মানিক প্রিক। সাথাহিক নহে। বে বে সপ্তাই ১ইতে গ্রাহক হইলেন, পর বর্ষের তংপুরুষ তারিধ পর্যান্ত কালজ পাইলেই এক বর্ষ পূর্ব হইবে। মানিক প্রের গ্রাহক হইতে হইলে বর্ষের প্রথম ইইতেই গ্রহণ করিতে হর। অদ্যই প্র লিপুন। স্প্রনার বাষিক মূল্য সর্ব্যাত ।• (ভি: পিং তে ১৮/০)

महात्मकात, व्यक्तना

১৮ নং পার্ব্বভাচরণ ঘোষের লেন, অর্চনা পোষ্ট আফিস, কলিকাডা

### অর্ঘ্য।

### শীঅমূল্যচরণ সেন-সম্পাদিত।

মৃল্যের স্পান্তভার অথচ প্রবন্ধগোরবে ইহার সমকক মাসিক বর্ত্তমানে বঙ্গাহিত্যে আর নাই বলিলেও অত্যক্তি হয় না। 'মর্বোই' উরঙ্গান্তের আমবান ধারাবাহিকরপে বাহির হইতেছে। ইতিহাস ও পুরাতত্ত্বের আলোচনা—অর্থ্যের বিশেষত্ব। ও ছাতাত লভি ইচ্চদরের সাহিহ্যের আলোচনামূলক প্রবন্ধ মৌলিক কুত্র পদ্ম প্রতি সংখ্যার একটি করিয়া সম্পূর্ণ বিদেশী গল্প কিম্বন্ধী প্রভৃতি বাহির হয়। আগামী আখিনে হয় বর্ষে পদার্পণ করিবে। হয় বর্ষে সম্পাদকের মোগল চিত্র বা মেমুসীরচিত মোগল-ইতিহাসেব অমুবাদ ধারাবাহিক রূপে বাহির হইবে! বার্ষিক মূল্য সর্ব্যক্ত সভাক স্কৃটীকা মাত্র।

ম্যানেলার, অর্থা, ভৈরব বিখাদের লেন, কলিকাডা।

# ইফ্টার্ণ লাইফ ইন্সিওরেন্স কোম্পানী

#### লিমিটেড্

এই স্থপরিচিত কোম্পানী গত প্রায় ৪ বংসর বাবং অতি দক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা বাতীত মধ্যবিত্ত ও দরিদ্র ব্যক্তিগণের উপযোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রভিডেণ্ট কণ্ড ডিপার্টমেণ্ট থোলা হইয়াছে। ইহাতে মাসিক অভায় পণ দিয়া মৃত্যুকালে বা পুত্র কক্সাদির বিবাহ সময়ে যথেষ্ট অর্থসাহায্য পাওয়া যায়।

উপস্থিত কোম্পানীর কার্যাবলী করেক জন সন্ত্রাস্থ ৭ বিশিষ্ট ভদ্রলোকের উপর এস্ত হইয়ছে। নিরমাবলী সংশোধিত হইয়া অভিন নব উৎসাহে কার্যা চলিতেছে। কার্যোর প্রসারও অভ্ততপূর্ব বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এজেন্সী স্থাপিত হইরা মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওরা যাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত হেড আফিসে আবেদন করন। সর্ব্বি এজেন্ট আবশ্রক।

#### শুভসংবাদ---

ভারতগভর্নেন্টের আইন অনুষায়ী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পকে ইহা অতীব আনন্দের সংবাদ।

#### ১৯১৩ খুষ্টাব্দের ডাইরেক্টরগণ।

রায় বভাজনাথ চৌধুরী জমিদার এম, এ, বি এল, টাকি। প্রীযুক্ত নরেক্তলাল চৌধুরী জমিদার হুগলী, প্রীয়ক্ত বভীক্তনাথ রায় চৌধুরী জমিদার সাভক্ষীরা। শ্রীযুক্ত মণীক্তনাথ মুখোপাধ্যায় জমিদার রাণাঘাট। জ্ঞাটণী প্রীযুক্ত কে, সি, দন্ত। মাক্তবর শ্রীযুক্ত রমণীমোহন দাস, জমিদার। শ্রীযুক্ত শৈলঞানাথ রায়চৌধুরী, জমিদার।

**क्यारेशक जानाथ नाग्ररहोधूनी,** 

क्र्नाद्वन मात्रिकात्र

# 異なのでできることのできることできる **SACRAGAGAGAGAGAGA এবং মৃত্র, মৃত্রনালী ও জননেন্দ্রির সম্বন্ধীর** রোগ সমূহের বিশেষাভিজ স্বায় সাহেব ডাঃ কে, দি, দাদের স্বাস্থ্য-সহার। স্বাস্থ্যবৃক্ষ্য সন্থান্ত

স্ত্রীপুরুষের দৈনিক আবশুকায় পুস্তক—বিনামূল্যে বিভরিত স্বয়ং উপস্থিত হইয়া কিংবা পত্ৰ দ্বারা । बाक्याइंड গ্ৰাগ্ৰ ককুন।

### স্বাস্থ্য-সহায় ঔষধালয়:

৩০।২ ছারিসন রোড, কলিকাতা। ''পলাশী-স্চনা.'' ''অশ্রুধারা,'' ভীষণ প্রতিশোধ" প্রভৃতি

পুস্তক প্রণেতা 🖺 যুক্ত অমুকৃলচক্ত মুখোপাধ্যায় প্রণীত

### 3000000000000000 বিথি-প্রসাদ।

#### মনোরম সাগাজিক উপন্যাস।

২৬২ পৃষ্ঠার সমাপ্ত। তিনথানি স্থলর চিত্র শোভিত। মূল্য ১০ টাকা মাত্র। এই গ্রন্থে জন্মান্তরবাদ, প্রেডতন্ত্র, কর্মফল, পাপ পুণ্যের বিচার, হিন্দু শাল্পসন্মত ঐ সকলের ব্যাখ্যা, আদর্শ হিন্দুর, ভ্রান্ত, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চাত্য-শিক্ষিত, পাশ্চাত্য সভাতাদীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওজ্বিনী ভাষার বর্ণিত হইয়াছে। ইহাতে আর্যাখবিগণপ্রবন্তিত সনাতন ধর্মের সরল ব্যাখ্যা আছে, অথচ তাহা একদেশ-দৰ্শিতাপূৰ্ণ নহে—প্ৰাচ্য ও প্ৰতীচ্যের দৰ্শন-শাস্ত্ৰ সমন্বরে লিখিত এই দকল জটল বিষয় যাহাতে সুকুমার-মতি বালক, দামান্ত শিক্ষিতা মহিলা পর্যান্তও সহজে বুঝিতে পারেন, তদ্ধপ ভাষার ও ভাবে উপক্যাসের বর্ণনাছলে বিবৃত করা হইয়াছে।

এইত গেল শান্ত্রীয় কথার বিচার, এতদ্যতীত কি কি আছে দেখুন। हिन्मु कीवरनत जामर्न हिन्तु, निभाह প্রকৃতি মানবের ভীষণ कीघारमा, हिन्सू वानिकात প্রবল ধ্রভাব, পরহিত সাধনের অনুপম দৃষ্টাস্ত—এ সকলের অভাব পরিদৃষ্ট হইবে না। এক কথার এমন শাস্ত্রোপদেশ-মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ভ, সর্ব্বাক্তব্দর উপস্থাস বছকাল বাবৎ বল-সাহিত্যে প্রকাশিত হয় নাই। বদি ভাবুক হও, ধর্ম পিপাস্থ হও, জানার্জনে বত্মপরারণ হও, তাহা হইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিতপ্ত হও—আত্মীর ব্দনকে পড়িতে দিয়া নিজের কর্ত্তব্য সাধন ও তাহাদিগের সস্তোব বিধান কর।

#### বিজ্ঞাপন।

সচিত্র নৃতন অলোকিক বিজ্ঞাপন ( দ্বিতীয় বর্ষ ) মাসিক পত্রিক। ব্রহ্মবিতা।

( বন্ধীয় তত্ত্ববিদ্যা সমিতি হইতে প্ৰকাশিত )

সম্পাদক---

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাত্বর এম, এ, বি, এলু। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বোস্তরত্ব এ<sup>২</sup>, ঞ, বি এল।

এই পত্রিকার প্রতিমাদে ধর্ম ও অধ্যার-বিদ্যা সমধ্যে প্রবন্ধ এবং উপনিরদাদি শাস্ত্রগ্রন্থ ধারাবাহিকরূপে প্রাঞ্জল ব্যাথ্যাসহ মুদ্রিত হইডেছে। ভত্তির আর্থ্য-শাস্ত্র-নিহিত্ত
অমৃল্য তত্ত্ব রাজ পাশ্চত্য বিজ্ঞানের আলোকে পরিক্ষুট করিবার অভিলাবে বহবিধ
বৈজ্ঞানিক তত্ত্ব, আধ্যাত্মিক স্মাথ্যায়িকা, যোগশাস্ত্র, হিন্দু জ্যোতিব প্রভৃতি বিষয়ে
প্রবন্ধাদি এবং ধর্ম ও আধ্যাত্মিক বিষয়ক প্রশ্নের সমুত্তর প্রকাশিত হইরা থাকে।

আকার--রয়েল ৮ পেজী, সাত ফর্মা। বৈশাধ মাসে বয় আরম্ভ। উৎকৃষ্ট কাগজ, পরিষার ছাপা।

মূল্য—সহর ও মহঃৰল সর্বত্ত ভাকমাণ্ডল সমেত বাধিক ছুই টাকা মাত্র। তত্ত্বজ্ঞানপিপাস্থ ব্যক্তিগণ সত্বর গ্রাহকশ্রেণীভূক্ত হউন ইহাই প্রাথনা।

ব্রহ্মবিতা কার্য্যালয় ৪।৩A. কলেজ স্কোয়ার, (গোলদীঘার পূর্ব্ধ) কলিকাতা। श्रीवानीनाथ नन्ती।

কাৰ্য্যাধ্যক্ষ ।

# সেদিনীপুর হিতৈষী

ষেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বহুল প্রচারিত সাথাহিক সংবাদপত। বাবিক মুলা ২ টাকা। জেলার কালেক্টারীর ও দেওরানী আদাদতের সমুদার ইতাহার মুক্তিত হয়। প্রত্যেক দেকারকে এক একপানি করিয়া কালজ প্রেরিত হওয়ার নৃতন নৃতন ব্যক্তি পাইয়া থাকে। উহাতে বিজ্ঞাপন দা চাদের প্রচুর লাভ। বিজ্ঞাপনের দর ফুলভ।

কলক-ভক্তের ভগবান-প্রণয়ীর পত্ত।

উৎকৃষ্ট সভা ঘটনামূলক গ্রন্থ। পাঠে কলখের ভর থা কবে না। কলকাও সাবধান ছইবেন। ভাষার লালিডা ও মধুরতার মৃদ্ধ চউবেন। শিক্ষার চূড়াল। রস এও রসিক-ভার প্রস্থেবন। হাতে পড়িলে পাঠ খেব না করিছা ছাড়িতে পারিবেন না। মূল্য বাঁধাই ৮০ আনা, আবাধা ॥৮০ আনা।

ভজের ভগবান্— সতি অপূর্ক গ্রন্থ। সতার পাওভজির ইজ্জ্বল দৃষ্টায় ও ভগবানের ভজ রক্ষা দেখির। চক্ষের জলে কক্ষা ভাসিরা যাইবে, না পাছিলে ব্রা বায় না। মূল্য । ই আনা।

প্ৰশ্নীয় প্ৰ—স্মীপাঠা। সভীঃ পতিভভি ও কৰ্ড্ৰা সম্পানন দেখিল। মুখ্ চইবেন। ভাষার লালিতো ও মাধুগো, বিষয়ের পঞ্জিকুরণে ও শিক্ষার ইছা অমূল্য। মূল্য । আনা পুস্তক ভিনধানি পাঠ করিলা মুখ্য না চইলে মূল্য ক্ষেত্ৰত দিব।

कार्याशक--- स्मिनीशृत व्टिडवी, स्मिनीशृत ।

# <u>জীরামান্মজ্ঞ চরিত।</u>

#### শ্রীমৎ সামী রামক্ষণানন্দ প্রণীত।

শ্রীসম্পারে অচলিত জাচায়। রানাসুজের বিস্তৃত জীবনবৃত্তাপ্ত বালাল ভাষার এই প্রথম প্রকাশিত চইল। গ্রন্থকার এমন ভদ্ভাবভাবিত ও রস্প্রাচী হইলা তুলিকা ধরিলাছেন ও চিত্র ঝাকিলাছেন যে বঙ্গসাহিতে। আচাবোর বোগ্য পরিচর দিবার অক্ত কেশামন স্থোগা লেগক পাইক্লাভিনাম,ভাষা পৃত্তকথানি পাঠকরিতে করিতে পাঠক জ্বনস্ত্রম করিবেন।

প্রস্থের মণাট স্কার কাপড়ে বাধান এবং প্রাচীন জাবিড়া পুঁধির পাতার মত নামা বংগ চিজ্রিত। আচাব্য রামানুজের জীবদ্দশার খোদিত প্রতিমূর্ত্তি প্রস্থে সন্নিবিস্ত ইইলাছে।

4

মূলা তুই টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—উদ্বোধন কার্য্যালয়। বাগ্বাঞ্চার, কলিকাতা। নৃতন ধরণের সচিত্র মাসিক পত্তিকা। নৃতন ধরণে

### গল্প-লহরী।

শ্ৰীজ্ঞানেন্দ্ৰনাথ বহু সম্পাদিত।

প্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে। প্রতিমাসেই স্থান্দর ছবিতে পত্রিকা স্থাণোভিত।

আকার ডিমাই ৮পেঞ্চী ৮ ফর্মা।

শ্রাবণ সংখ্যার নিম্নলিখিত গরগুলি আছে। প্রীযুক্ত ীপ্রসর দাস গুপ্ত এম, এ লিখিত—'স্বমগুলা ০ প্রাণের বিনিমর', প্রীযুক্ত মুনীক্ত প্রসাদ সর্বাধিকারী লিখিত—'নবানের সংসার' ০ প্রীযুক্ত জ্ঞানেক্তনাথ বোষ বি, এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পত্তিক। কেবলমতে স্থানর স্থানর, মনোমুগ্ধকর গল, মনোহর উপস্থান, চিত্তচমকপ্রদ ভ্রমণকাহিনী, ডিটেক্টিভের লোমহর্ষণ ঘটনাবলী, শিক্ষাপ্রদ সমাজ-চিত্ত এবং রসাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজেনীরস প্রবন্ধ ইহাতে স্থান পাইবে না। বঙ্গের থাতিনামা গল্প ও উপস্থাস লেপকগণ ইহাতে নিয়মিত লিখিবেন।

অগ্রিম বাধিক মৃল্য ডাক মাস্থল সমেত সংর ও মফঃসলে ১॥• টাকা। অগ্রিম মূল্য বাতীত কাছাকেও পাত্রকা পাঠান হয় না। নমুনা সংখ্যা মাশুল সমেত ।/• আনা।

শ্রীসতীশ চন্দ্র (ঘাষ কার্য্যাধ্যক, "গল্প-লহরী" ২৮ নং হুর্গাচরণ মিত্তের ব্রীট, কলিকাতা।



রাজ্যতর্বের অমুমোদিত, বিশ্বস্ত ও পৃষ্টপোষিত—
কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

## জবাকুসুস কৈল।

শিরোরোগের মহৌষধ

গুণে অদিতীয়! গল্পে অতুল্মীয়!

জ্বাকুত্স তৈল ব্যবহার করিলে মাগা ঠাঙা থাকে, অঞ্চালে চুল পাকে না, মাথার টাক পাড়ে না। বাঁহাদের বেশী রকম মাথা খাটাইতে হয় উল্লিয়ের পক্ষে জনাকুত্ম তৈল নিজা বাবহারী বস্তু। ভারতের ফাধীন মহ্মেজাগিবাজ হইতে সামাভ কুটারবাসী পর্বাভ্ত সকলেই জবাকুত্ম তৈলের ওপে মুদ্ধ। জবাকুত্ম তৈলের ওপে মুদ্ধ। জবাকুত্ম তৈলের প্রাপ্ত বাহ্বার করেন। বাজরাণী হইতে সামাভ মহিলারা পর্বাভ্ত অভি আদেরের সহিত জবাকুত্ম বৈল বাবহার করেন।

এক শিশির মূল্য ১, এক টাকা।

ডাকমাশুল।৹চারি আনা ; ভিঃ পিজে ১।৴৹পাঁচ আনা"।

সি, কে, সেন কোং লিমিটেড,

ব্যবস্থাপক ও চিকিৎসক—

কবিরাজ শ্রীউপেন্দ্রনাথ সেন

২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।

### প্রীবৃক্ত ক্রারোদ প্রসাদবিজ্ঞাবিলোদ এক-এ প্রার্থিত

আনিবাবা (র্জনাট্য )	•••	•••	
বভাগদিভা	• • • • • • • • • • • • • • • • • • •	•••	💉
थारमामसभनं (नाउँ )	•••	***	
জুলিয়া (ঐ)	•••	444	, he
প্ৰাশীর প্রায়শ্চিত	•••	•••	🔪
गाविको (के)	•••	•••	*•• Ne
বেয়োগা ( গীতিনাট্য )	•••	•••	
বৃন্ধাবন-বিলাস ( গীতিনাটিব	n )	•	40
কৰি-কাননিকা (রক্সাস)	***	•••	
রবুবীর (নাটক)			he
डेनुनी (के)		3	10
নারারণী ( উপভাস, বিলাভী	điai )	**************************************	>#•
রুক্ষঃ ও রুমণী	, arán A		1.
টাদবিবি ( ঐভিহাসিক নাট	* \	••	
जानार या ज्यान माहर जानाक (क्षे)	٠,	•••	··· >
and the state of t	•••	••#	>/
ৰাগৰী (বন্ধনাট্য)	19 · • • •	•• <b>•</b>	1•
ৰন্ধণা ( শীভিনাট্য )	•••	•••	10
भविष्य	•••	•••	110.
विज्ञाम-कृष	. • •••	•••	Ho
প্ৰিন্ন	•••	•••	/ * <b>i</b> •
ছৰ্মা (উপাদের স্ত্রীপাঠ্য ; উ		•••	Ho
মিজিয়া ( বৈজ্ঞানিক নাটক	* . *	•••	10
ৰ্থাজাহান ( ঐতিহাসিক নাট	क्)	•••	, lee
"ভীয়"		•••	··· >\
রপের ডালি	•••	•••	110
ইউনিভার্শেল লাইে	ব্ৰব্নী, ৫৬১	নং কলেজ হী	টু, কলিকাভা।

Printed by A. Banerji. at the Metcalfe Printing Works:
34, Mechuabazar Street, Calcutta.



# শ্রীক্ষীরোদপ্রসাদ বিত্যাবিনোদ

সম্পাদিত।

শ্ৰীষশ্ৰনীকুমার চক্ৰবৰ্তী বিএ, বিএল্,

সহকারি-সম্পাদক।

### নকলে লোকে ঠ'কে-আদলে জেতে।

यञ्जवृद्धि लाटक भारत ভारत नाम मछ। इटेलाई हु'नवमा घटत थाकिन। তা नक्तरे इडेक, आब याहारे इडेक-किनित्वहे ठिनित्व। किन्न कम पाप्त जामन इत ना। याहात! একট বেশী দাম দিয়া আসল জিনিস ধরিদ করেন তাঁহারা নকলের দশগুণ অধিক ফল লাভ ক্রেন। আমাদের মহাত্মগন্ধি দৰ্বজনপ্ৰিয় কেশবপ্ৰনেৱ বিক্ৰয়ধিকা দেখিৱা অনেক নকল বাহির হইয়াছে। গ্রাহকবর্গকে আমরা সময়ে সাবধান করিয়া দিতেছি, যেন কেশরঞ্জন ক্ররকালে মোড়কের গায়ে আৰীর প্রতিকৃতি ও স্বাক্ষর, বেশ করিয়া পরীকা করিয়া দেখেন। নচেৎ প্রভারিত হইতে হইবে।



এক শিশি ১, এক টাকা ; মাণ্ডলাদি।/• পাঁচ আনা। তিন শিশি ২।• ছই টাকা চারি আনা ; মাগুলাদি 🕡• এগার আনা ।

গতৰ্ণমেণ্ট মেডিকাাল ডিপ্লোমাপ্ৰাপ্ত শ্রীনগের্জনাথ দেনগুপ্ত কবিরাজ. ১৮/১ ও ১৯ নং জোরার চিৎপুর রোড, কলিকাতা।

## मृठी।

			`		
۲	r	়'শুহার্ব		. •••	७८८
₹		কপাল	•••	,	₹•₽
ور	ì	গোপেশবের চাকুরী	•••	•••	₹2€
8	ı	অদৃষ্টলিপি অখণ্ডনীয়	•	'	२२१
ŧ	ł	ं सन्दर्भाव	••.	•••	<b>२२</b>
•	ŧ	নপত্নী-বিদ্বেষ	•••	•••	२०५
9	١	কথামুসারে জীবের গতি	•••	• • •	ર હહે

## অলোকিক রহস্তের নিয়মাবলী

- ১। "অলোকিক রহস্রু" প্রতি বাঙ্গালা মানের ১লা প্রকাশিত হয়। প্রাবণ মাস হইতে ইহার বর্ষারস্কা।
- । ইহার অগ্রিম বাধিক মূল্য ডাক মার্গুলাদ্ সমেত সহর, মফংবল স্ব্রিত ১॥• দেড় টাকা মাত্র; ভিঃ পিঃতে পাঠাইজ্রে / এক আনা অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আনা।
- ৩। কেবল ১১০ সাড়ে তিন আনার ডাক টিকিট পাঠাইল্লেন্সনা একথণ্ড প্রেরিত হইবে।
- ৪। পত্তিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পূর্বে না জানাইলে আমরা সেই সংখ্যা পুনরায় পাঠাইতে দায়ী থাকিব না।
- ৫। কেহ যগপি পত্রের উত্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হইলে
   অমুগ্রহ করিয়া রিপ্লাই পোষ্টকার্ড লিখিবেন।
- ৬। "অলোকিক রহস্ত" সম্বন্ধীয় চিঠি-পত্র, টাকা পয়স। আমার নামে এবং প্রবন্ধাদি বিনিম্যার্থ পত্রিকাদি সম্পাদকের নামে নিয়ালিখিত ুকানায় পাঠাইবেন।

ইউনিভাশেল লাইবেরা, ) শ্রীস্করেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ৫৬১ নং কলেজ খ্রীট্, ) প্রকাশক।

বিশেষ দ্রষ্টবা :—পুনরাগমন সামাজিক উপন্থাস যাহা ধারাবাহিক 'ঋলৌকিক রহস্তে' বাহির হইতেছিল তাহা সম্পূর্ণ হইয়াছে।

মূল্য ১॥০ টাকা মাত্র।

### অলৌকিক রহস্য।

৫ন ভাগ |

व्यश्चायन, ১৩२०।

िय मः भा।

### গুহামুখে।

সেধানে বাতের পাত্র সমূথে রাখিয়া ললিতমোহন আমার অপেকায় ৰসিয়াছিল। যুবতী আমাকে স্থান দেখাইয়াই অক্সত্র চলিয়া গেল।

আমাকে দেখিবামাত্র ললিত বলিল—"অনেকক্ষণ হইতে তোমার জন্ম থাবার আগুলিয়া বিদিয়া আছি। "তুমি আদিতে এত বিলম্ব করিলে কেন ?"

ন্ধামি উত্তর করিলাম—"ঝামার জন্ম তুমি অপেক্ষা করিলে কেন ?" "ক্লেন ? না করিলে কি আমার মাথা থাকিত ?"

"কেন ভাই, কে তেংমার মাথা লইত ?"

"কে লইত! লইবার লোক এথানে চের আছে। তোমার বিলক্ষে
লুচি ঠাণ্ডা হয় দেখিয়া আমিত থাবার মূপে তুলিতে বাহতেছিলাম।
মাঝখান থেকে পিদি বেটা হাঁ হাঁ করিয়া উঠিল। বলে, ব্রাহ্মণ অতিথিকে
ঘরে ডাকিয়া আনিয়া তাহাকে উচ্ছিষ্ট থাওয়াইবি ?' মা বেটা আহ্নেক
করিতে করিতে ছুটিয়া আদিল, এবং আমাকে মূর্থ কাণ্ডজ্ঞানহান—
যা মূখে আদিল, তাই বলিল। কেন ভাই, আমি এখানে থাইব, তুমি
ওপানে থাইবে। আমি আগে থাইলে, তোমার পাত উচ্ছিষ্ট হইবে
কেন ?

আমি বলিল্মি, "ভ্ৰম— উহাদৈর সব কথা মানিতে হইলে এ ছনিয়ায় অক পাও বাড়ান চলে না। তুমি স্বচ্ছন্দে আহার কর।"

'এতক্ষণ যথন বসিয়াই রহিলাম, তথন আর একটুও বসিতে পারিব।
তাহাকে অভ্যস্ত ক্ষ্ধার্ত্ত ব্রিয়া, আমি আহারে বসিতে জার অযথা
বিলম্ব করিলাম না।

একটা লোক দেখান আচমন দেখাইতে আমি জল হাতে করিয়া গণ্ডুষ করিতে যাইতেছি, এমন সময় যুবতী গৃহমধ্যে প্রবিষ্ট হইয়াই বলিল—

"আচমন করিবেন না। ও সমস্ত লুচি ঠাণ্ডা হইয়া গিয়াছে— আমি গরম লুচি আনিতেছি।"

"দ্রছাই, আবার তুই আসিয়া বাধা দিলি । তবে আমি আজ আর আহার করিবই না।"—এই কথা বলিয়াই ললিত মোহন আদন হইতে উঠিয়া দাঁড়াইল। তাহার আসন ত্যাগের সঙ্গে সঙ্গে বুবতী একটা অক্ট শব্দ করিয়া আমারই সন্নিকটে মূর্চিতা ও ভূপতিতা হইল।

আমার হাতের গণ্ডুষ হাতেই রহিল, আর মুথে তোলা হইল না। বিশ্বিত, স্বস্তিত, কিংকর্ত্ব্যবিমৃত হইয়া আসন ছাড়িয়া উঠিতে যাইতেছি, এমন সময়ে অক অর্ধ বয়সী বিধবা ক্রতপদে গৃহমধ্যে প্রবিষ্টা হইয়া সাগ্রহে আমাকে আসন ত্যাগ করিতে নিষেধ করিলেন। বলিলেন— "ওর হিষ্টিরিয়ার অস্থ আছে। মাঝে মাঝে ও ওইরূপ অজ্ঞান হয়। আপনি উঠিবেন না। মুথের আহার পরিত্যাগ করিয়া গৃহত্তের অকল্যাণ করিবেন না।"

যুবতীর অবস্থায় ললিত মোহন ও কিছু অগ্রতিভ হইল। সহসা কুদ্ধ হইয়া আসন পরিত্যাগ যে একটা গহিত কার্য্য হইয়াছে তাহা দে বুঝিতে পারিল। বুঝিয়া বলিল—"ভাই! কুধার মুখে বারংবার বাধা পাইয়া আমি ক্রোধে আত্মহারা হইয়াছিলাম। তুমি আমার প্রতি দয়া কর। আসন ত্যাগ করিও না।"

এই বলিয়াই সে মহিলাকে সম্বোধন করিয়া বলিল—"তোমরাই ত যত নষ্টের মূল। আহার করিবার সময় ওকে এথানে পাঠাইলে কেন १ বারংবার তোমরা যদি আমার প্রতি এইরূপ অভ্যাচার করু ভাহা হইলে আমি স্বীকেশের পথ ধরিয়া এমন স্থানে চলিয়া যাইব যে, ইহজন্মে তোমরা আর আমাকে খুঁজিয়া পাইবে না। যাও-এই ভক্ত লোককে যদি খাওয়াইবার ইচ্ছা থাকে, তাহ'লে এখনি ওকে উঠাইয়া লইয়া যাও।"

এইকথা শুনিয়া দেই বিধবা মহিলা অন্তঃপুরাভিমুখে কাহাকে সম্বোধন করিয়া বলিলেন—"ও বউ! তুইও আয়। চলিবে কেন? আমি একেলা এ বুড়ো মেয়েকে উঠাইতে পারিৰ কেন ?" এই বলিয়া তিনি পতিতা যুবতীর দেহের অনাবৃত অংশ বসনাঞ্চলে ঢাকিয়া দিতে লাগিলেন।

ব্দবিলম্বে অপর এক বিধবা গৃহমধ্যে প্রবেশ করিলেন। ভাঁহারও সুথ অবঞ্চানে আবৃত ছিল।

উভয়ে যুবতীকে উঠাইবার চেষ্টা করিলেন। কিন্তু শেষোক্ত বিধৰা मत्रम त्रकार्थ निरम्बत वमन वहेगाहै ममधिक वास्त हहेगा পডिल्यन। যুবতীকে উঠাইবার পক্ষে তিনি বড় একটা সঙ্গিনীর দাহাষ্যে আদিতে-ছিলেন না। তাই দেখিয়া প্রথমা মহিলা বলিয়া উঠিলেন—"দরম রাখ। ভাল করিয়া ধরিতে পারিসত ধর। সরম দেখাইবার ঢের সময় পাইৰি। ব্রাহ্মণের ছেলেন্থাতের অন্ন মুথে তুলিতে পারিভেছে না।"

ললিতমোহন বলিল্—"আর লজ্জা করিয়া আমাদের অনাহারে

ষারিতে হইবে না। এ আমার ভাই-সহোদর। এখন থেকে ওকেও তোর সংসারের একজন জানিবি।

এই কথা শুনিয়াই আমি বলিলাম—"মা। আমি ও আপ্নার এক সন্তান। পলিত ও আমাকে বিভিন্ন মনে করিবেন না।"

আমার বাক্যে ললিতের মা-ললিতের কথায়ও বিধবার সম্বোধনে আমি তাঁহাকে ললিতের গর্ভধারিণীই স্থির করিলাম-অবগুণ্ঠন ঈষৎ উন্মোচিত করিলেন। বসনাঞ্চলে কটিদেশ স্থদ্ট বন্ধন করিলেন। যুবতী তথনও স্পন্দনহীন মৃতার মত ভূমিতে পড়িয়াছিল। উভয়ে তাহাকে তুলিবার যথাসাধ্য চেষ্টা করিতে লাগিলেন।

তাহাদের চেষ্টা নিক্ষণ দেখিয়া ললিত বালল—"পিসিমা! তুই আমাদের অন্তদরে ঠাই করিয়া দে। ও এথানে পড়িয়া থাক।"

অপর বিধবারও পরিচয় পাইলাম। ললিতের মা অতি মুহস্বরে ভাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন—"তাই ভাল ঠাকুরঝী, ভূমি ইহাদের অন্তর্যরে আহারের উত্যোগ করিয়া দাও।"

আমরা আসন হইতে উঠিলাম। পিদি সেই আসন লইয়া আমাদের অন্ত গৃহে আহারের ব্যবস্থা কারতে চলিলেন।

ললিতের মা যুবতীর অঙ্গে হস্ত দিয়া অহচ্চেম্বরে ডাকিলেন-"भोत्रौ !"

অজ্ঞানাবস্থাতেই যুবতী কাঁদিয়া উঠিল। মা আবার ডাকিলেন— "গোরী!" যুবতী এবারে হাসিল।

ললিত বলিল—"গৌরী গৌরী করিয়া মরিতেছ কেন? গৌরী এখন হয়ত হিমালয়ের কোন গুহার মধ্যে বসিয়া আছে।"

গোরী থিল খিল হাসিয়া বলিল—"ঠিক।"

"কেমন ঠিক বলিয়াছিত ?''

গৌরী আবার কাঁদিতে মুক করিল। মা বলিলেন—"মা গলা আমাকে এখানে তাঁর গর্ভে স্থান দিলে, আমি বাঁচি।"

"আমি ও বাঁচি। আমি যে তোমাকে হাজার বার বলিয়াছিলাম. ওটাকে সঙ্গে আনিও না। আনিলে, তীর্থবাসের সব স্থুথ নষ্ট হইবে। আনিলে কেন ?''

"ওকে কার কাছে রাথিয়া আসিব ?"

"যমের কাছে।"

'দেথ্ ললিত, এরপ নিষ্ঠর কথা মুথে আনিসনি। কি অপরাধে বালিকাকে যমের কাছে রাখিয়া আসিব ?"

"তবে আমাকে রাখিয়া আসিলে না কেন ?"

পুত্রের এ কথায় ললিতের জননী কোনও উত্তর করিলেন না। তৎপরিবর্ত্তে তিনি আমাকে সম্বোধন করিয়া বলিলেন—"দেখ বাবা, তুমিও আমার সন্তান। যদি ভাগ্যবশে ও তোমাকে এরপ পবিত্র স্থানে পাইয়াছে, তথন তুমি ও গর্দ্ধতের যাতে স্থবুদ্ধি আসে ভাই কৰ।"

আমি বলিল।ম-"মা। ব্যাপার কি আমি বে কিছুই বুঝিতে পারিতেছি না।"

"মার বুঝিবার প্রয়োজন নাই। যদি খাইবার ইচ্ছা থাকে, তা হইলে আমার সঙ্গে এম।" এই বলিয়াই ললিত তাহার পিতৃষ্পাকে সম্বোধন করিল। তিনি ভিতর হইতে উত্তর করিলেন—"ঠাই করিয়াছি। বাবকে এইছরে লইয়া এস।"

যে ঘর পরদা দিয়া ছইভাগে বিভক্ত হইয়াছে, আমরা সেই গুছের অপরাংশে আহারে উপবিষ্ট হইলাম।

আজিকালিকার স্ত্রীলোকদিগের মধ্যে হিষ্টিরিয়ার অত্যন্ত প্রাহ্নভাবে

গৌরীর মৃচ্ছায় আমি বিশেষ বিশ্বিত অথবা ভীত হই নাই। এইজন্ত আহারে অনিচ্ছা প্রকাশ করিয়া ইহাদিগকে বিপন্ন করিবার আমার কোনও কারণ ছিল না। বিশেষতঃ বাড়ীর কেহই যথন এ ব্যাপারে বিশেষ কোনও ভীতির চিহ্নও দেখাইল না, তথন আমি গৌরীর সুচ্ছ্র্য একটা নিত্য নৈমিত্তিক ঘটনাই মনে করিয়া লইলাম। ব্রিতে পারিলাম না কেবল মাতা ও পুত্রের কথোপকখন।

তাহাও সময়াপ্তরে ললিতের নিকট হুইতেই বুঝিতে পারিব ভাবিয়া আমি আহার করিতে আর ইতন্ততঃ করিলাম না।

কিন্তু যেমন গণ্ড ষের পর একখানি লুচ ছিঁড়িয়া আমি মুখের কাছে তুলিয়াছি, অমনি গৃহান্তর হৃহতে মূচ্ছিতা গৌরী বলিয়া উঠিল—''মা— মা—দেখিতেছ—দেখিতেছ।"— আমি হাতের লুচি মুখের কাছে ধরিয়া শুনিতে লাগিলাম। পাছে চর্কাণ শব্দে গৌরীর কথা না শুনিতে পাই। মূর্চিছতা গৌরীর কণ্ঠস্বর বুঝি আরও মধুর।

"কি দেখিব গৌরী ?"

"এইযে ওইযে—হরিমোহন—দেখিতেছ বা ১''

আমার সর্বশরীর ম্পন্দিত হইয়া উঠিল।

''হরিমোহন। কে হরিমোহন १''

"ওইযে গো—ওইযে—আমার ঘোমটা টানিয়া দাভ।''

আমার হাত হইতে লুচির খণ্ড আবার পাত্রে পড়িয়া গেল।

ক্ষুধার তাড়নায় ইতিমধ্যে ললিতমোহন পাত্রত্ব অর্দ্ধেক আহার উদরস্থ করিয়া ফেলিয়াছে। আমার হাত হইতে লুচি পড়িয়া গেল দেথিয়া দে আমাকে বলিল---

"কিছে ভাই, তোমার ও হিষ্টিরিয়া হইল নাকি ?"

আমি অপ্রতিভ হইয়া হস্ত-চ্যুত লুচিথানা আবার যেমন তুলিতে

वाहर्ष्क्र अभिन शोदी विवा उठिन-"मा! आमाम धत रतिरमाइन আমাকে ধরিতে আদিতেছে। ভণ্ড একজনকে ধরিবার জন্ম হাত বাডাইয়াছিল। এখন তাকে ছাড়িয়া আমাকে ধরিতে আসিতেছে। ধর---ধর---মা আমায় ধর।"

मस्य मस्य निनः उत्र या हौश्कात कतिया छे हैं निम-"हाकुत्रवा ! রক্ষা কর। আমাকে বিষম জোরে জডাইয়া ধরিয়াছে।"

ললিতমোহন আহার ফেলিয়া মাত্র-সাহায্যার্থে ছুটিয়া গেল। ওদিক ুইতে বলাই দেই গুৱাভিমুখে ছুটিয়া আদিল। আমিও আদন ত্যাগ করিয়া বহিপুঁহে প্রস্থান করিলান। লুটির কণা মুথে তোলা আমার ভাগ্যে ঘটল না।

এখনও আমার দেহের স্পাদান তিয়োহিত হয় নাই। মরের কোন খুইতে একটা তাকিয়া লইমা, কোনে তুলিয়া বুক চাপিয়া বদিয়া বহি-লাম। একি শুনিলাম।' কথনও কোন স্থানেত এ যুবতীর সহিত আমার সাক্ষাৎ হয় নাই। বাল্যকালে থেলার সঙ্গিনীর মধ্যে কোন বালিকাতেও গৌরীর অন্তর্মপ রূপ দেখি নাই। যৌবনের যাহকরী করাঙ্গুলিম্পর্ণে যদিই বা কোন বালিকার শৈশব দৌন্দর্য্য নূতন আকারে পরিবর্ত্তিত হইয়া থাকে, কিন্তু কই, তাহাদের মধ্যে একজনের নামও ত গৌরী ছিল না! তবে এ যুবতী আমার নাম কেমন করিয়া জানিল এ হরিমোহন কি আমি ? অনেকক্ষণ ধরিয়া মনকে নানা প্রবোধবাক্যে আখন্ত করিতে চেঠা করিলাম। দেশে কত হরিমোহন আছে। তাহাদের মধ্যে হরত তাহার একজন পরিচিত হরিমোহনকে লক্ষ্য করিয়া যুবতী কথা কহিতেছে।

তাহাই সম্ভব--- मस्ভব কেন, নিশ্চরই তাই। নইলে দে কেমন করিয়া আমাকে লক্ষ্য করিয়া বলিবে ? আমি তাহাকে কথন দেখি নাই, গৌরী বলিয়া এমন স্থন্দরী থাকিতে পারে, তাহার গলা এমন মিষ্ট— ইহা আমি স্বপ্নেও কখন ভাবি নাই।

হয়ত সে হরিমোহন পুর্ব্বে কোনও স্থল্দরীকে ভালবাসিয়াছিল। ভাহার পর গৌরীকে দেখিয়া, তাহার মিষ্ট কথা শুনিয়া, পূর্ব্ব প্রণয়নীকে ভূলিয়া গৌরীর রূপে আরুষ্ট হইয়াছে।

ঠিক আমার মত। ঠিক জামার মত ? একবার নিজের মনের অবস্থাটা ব্যিবার চেষ্টা করিলাম। আমিও ত এক রূপসীকে ভাল ৰাসিয়াছি। তথু ভাল বাসিয়াছি বলি কেন, একদিন চন্দ্ৰ-ভারাকে সাক্ষী রাখিয়া, তাহার চরণে আমার হাদয় মন প্রাণ-সমস্তই অঞ্জলি দিয়াছি। তাহাকে পাইব না জানিয়া জীবনটা আমার উদ্দেশ্রহীন হইয়াছে। আমি সর্বত্যাগী সন্ন্যাসীর মত সমস্ত সংসারকে নিকেতন করিয়াছি দেই আমি কি গৌৱীর দর্শনমাত্রই তাহাকে ৰিমুত **হইলাম** গ সামাকে এত হীন মনে করিতে আমার প্রবৃত্তি হইল না। আমি আমাকে আখস্ত করিলাম। ভূমিতে অঙ্গুলি প্রীভূম করিতে করিতে আমার অন্তরাত্মাকে শুনাইয়া বলিলাম—''না—আমি রূপের মোহে **আরু**ষ্ট হই নাই। যে ভালবাসা স্বর্গীয়, যাহা প্রণয়েঃ বস্তুর নিকট হইতে কিছুমাত্র প্রতিদান প্রত্যাশা করে না. শুধু সর্বব্য দিয়া নি ভিস্ত হয়, আমিও আমার শৈশব-সহচরী কাদ্ধিনীকে সেইরূপ ভালই বাসিয়াছি। ইহাতে কিছুমাত্র সংশয় নাই, ইহা আমি চিত্তের প্রত্যেক অংশ বিশ্লেষণ করিয়া বলতেছি। স্বয়ং তিলোত্তমা আমার প্রণয়-প্রার্থিনী হইলে, কাদম্বিনীকে ভুলাইতে পারিবে না।

এই সময় চক্ বুজিয়া কাদখিনীকে একবার হৃদয়মধ্যে বদাইবার চেষ্টা করিলাম। কিন্তু কি জানি কেন,বুকটা অবিরাম ধড়াস ধড়াস করিতেছিল। পড়িয়া হাত পা ভালিবার ভয়েই ষেন কাদখিনী সে ত্রু ত্রু কম্পিত হুদয়-সিংহাসনে বসিতে চাহিল না। তা না বস্থক, তথাপি আমি নিজের বক্ষে হাত দিয়া অত্যস্ত দৃঢ়তার সহিত—অবগ্য মনে মনে—বলিলাম— "না—সে হরিমোহন আমি নই।"

পার্শের ধর হইতে মুচ্ছিতা গৌরী আমার এই মনের কথার প্রতিবাদ ক্রিয়াই যেন বলিল—"ভূমি—ভূমি—ভূমি।"

আমি বালিশে মুখ লুকাইয়া গুইয়া পড়িলাম।

কিয়ৎক্ষণ পরে বলাই গৃহমধ্যে প্রবেশ করিয়া আমাকে ডাকিল। আমি উত্তর দিলাম না। বুঝিলাম সে আহারের জন্ম আমাকে ডাকি-ভেছে। আমার কুধা এক মুহূর্ত্তে অন্তহিত হইয়াছে—আমি উঠিয়া কি করিব।

বলাই আবার ডাকিল,—''বাবু! উঠিয়া আম্বন।''

যে জেগে ঘুমাইতেছে, তাহাকে জাগায় কে ? আমি উত্তর দিলাম না। বালিশে জোরে মুখটা চাপিয়া নাসিকার শব্দ করিতে লাগিলাম।

ভূত্য হিরিয়া গেল। ভাহার কথা শুনিতে পাইলাম। সে বলিতেছে —'বাবু বোধ হয় গুমাইয়াছেন। ডাকিলাম সাড়া পাইলাম না।

এই বারে ললিতের কণ্ঠস্বর আমার কর্ণে গেল। সে বলিল—''গা ঠেলিয়া ডাক্' বল্, পিসি মা কাঁদিতেছে। তাহাতেও না উঠে হাত ধরিয়া উঠাইয়া বনা। তারপর যাহা বলিবার আমি গিয়া বলিতেছি। তাহার ও গুম নয়। ভিটকিলিমি করিয়া পড়িয়া আছে। একপ অংস্থা দেখি<del>য়</del>। কেহ কি এরই মধ্যে এত অগাধে ঘুমাইতে পারে ?"

ভাহার কথার মর্মার্থ বৃঝিয়া আমি আগে হইতেই উঠিয়া বদিলাম। কি জানি, ভৃতাটা যথাৰ্থই যদি হাত ধরিয়া টানিয়া ভূলে। মনে মনে বলিলাম--"আবে ম'ল! সারা হিন্দু স্থান ঘুরিয়া শেষে পাগলাগারদে প্রবেশ করিলাম নাকি।

উঠিবার অবাবহিত পরেই বলাই ফিরিয়া আদিল। আমাকে তদবস্থ দেখিয়া বলিল—''তাইত বাবু ত ঠিক ধরিয়াছে। আপনি ত ঘুমান নাই।''

"না, আমি ঘুমাই নাই। স্ত্রীলোকটীর অবস্থা দেখিয়া, আমি একরপ হতভম্ব হইয়া বালিশে মুখ লুকাইয়া পড়িয়াছিলাম। ঘুমের কথা কি বলিতেছ ? সারারাত্রি পড়িয়া থাকিলেও চক্ষুর পলক ফেলিতে পারি কি না সন্দেহ।"

"কেন কি হইয়ছে! ওরূপ ঘটনা আমার বাড়ীতে প্রায় নিতাই ঘটয়া পাকে। আপনি উঠিয়া আমুন — মুথের অন্ন ফেলিয়া আসিয়াছেন। কুণা থাকুক আর নাই থাকুক, আপনাকে একবার আহারে বসিতেই হইবে। নহিলে মা কিংবা পিসীমা—কেহই এল গণ্ডুঘটী পর্যাস্ত মুথে তুলিতে পারিবেন না।"

অগত্যা আমাকে উঠিতে হইল। উঠিগ্গাই আমি জিজ্ঞাদা করিলাম
—"গোরীর মূচ্ছ্য কি এখনও ভাঙ্গে নাই ?"

"ভাঙ্গিয়াছে"—বলিয়াই ললিতমোহন গৃহমধ্যে প্রবেশ করিল। তার পর বলিল—"যা পার, একটু মুখে দিয়া আইস।"

কি করি, বলাইয়ের সঙ্গে আর একবার আহারে বসিতে চলিলাম।
আহার করিবার স্থানে প্রবেশ করিয়। দেখি — এ কি ! ভূমি গৌরী !"
গৌরীর উত্তরের ভাবে বৃঝিলাম, ক্ষণপুর্বে ভাহার যেন কোন অস্থথই
হয় নাই।

গৌরী কতকটা বিশ্বিতার মতই বলিল—''আমার নাম আপনাকে কে বলিল ?''

''তা যে বলুক, তুমি এখন কেমন আছ ?''

"আমার কি হইয়াছিল ?"

আমি এ প্রশ্নের উত্তর দেওয়া সঙ্গত মনে করিলাম না। ভাবিলাম,

যথার্থই যদি যুবতী তাহার পূর্ব্বাবস্থার কথা না জানে, তাহা হইলে স্মরণ করাইয়া তাহাকে ভীত করা উচিত নয়। কিন্তু ইহারা কি—কি নিষ্ঠুর ! যুবতীর এমন একটা অস্ত্রথের পর তাহাকে পরিচর্য্যা করিতে পাঠাইল। এ রমণী তবে কি ইহাদের কেহ নয় ? কেহ হইলে, একটু সামাল্য সম্পর্ক থাকিলেও কি তাহারা ইহার প্রতি এত মমতা-হীন হইতে পারিত!"

মনে মনে বলা ষেমন শেষ করিয়াছি, অমনি ললিভের পিসি ঘরের মধ্যে প্রবেশ করিয়া বলিলেন — "হা লো ছুঁড়ী, তুই কি প্রতিজ্ঞা করিয়াছিদ্ যে, আমাদের একদণ্ডের জন্মণ্ড নিশ্চিম্ভ হ'তে দিবি না ? তুই
কি আমাদেয় সমস্ত পরিবারকে পাগল করিবি ?"

"কি করিলে তোমরা নিশ্চিম্ভ হও বল ?"

"আমাদের মাথার মুগুর মারিলেই এখন আমরা নিশ্চিত হই '' গৌরী খিল খিল করিয়া হাসিয়া উঠিল, আর বলিল—

"ও কপ্টটা আমাকে দেওয়া কেন ? তোমরাত আর থ্কী নও—
মুগুর আনাইয়া নিজে নিজে মাথায় মারিলেইত সকল ল্যাঠা চুকিয়া যায়।"

''আত্মহত্যাই আমাদের বরাতে আছে দেখিতেছি।''

এই বলিয়াই তিনি গৌরীর হাত ধরিলেন; এবং তাহাকে আকর্ষণ করিতে করিতে বলিলেন—"নে ওঠ্—তোর জন্ম আন্দর্ণের ছ' ছইবার খাবার নষ্ট হইল। হাতের অন্ন মুথে তুলিতে পারিল না।"

''আমার জ্ঞানষ্ট হইল! কেন, আমি ব্রাহ্মণের কি করিয়াছি!"

"কি করিয়াছেন্,তা আমি আর কি বলিব ! ওই ত উনি আসিয়াছেন, উহাকেই জিঞাসা কর ।"

গৌরী আমার দিকে মুথ ফিরাইয়া জিজ্ঞাস। করিল —"কি করিয়াছি
মহাশয় ?"

আমি বিষম ফাঁাফরে পড়িলাম। আমি কি উত্তর দিব ? বাস্তবিক সে ত আমার কিছু করে নাই।

গোরী কি করিয়াছে জানিতে জেদ ধরিল। আমার পরিবর্তে লিল-তের পিসি বলিল—"বামুনের ছেলে উত্তর দিয়া কি বিপদে পড়িবে। ওই দেখ, সামান্ত মিষ্টান্ন ভিন্ন আমরা ব্রাহ্মণ অতিথিকে আর কিছু দিতে পারিলাম না। শাঁহাকে পরিতোষ করিয়া খাওয়াইতে পারিলাম না। হুইবার লুচি তরকারি নষ্ট হুইল। ব্রাহ্মণ গণ্ডুষ করিয়া উঠিয়া গল।"

আনি তাঁহাকে তিরস্কারে নিরস্ত করিতে বলিলাম—"পিদিমা! ওকথা মুখেও আনিবেন না। আমার কিছুমাত্র ক্ষুধা ছিল না। শুধু আপনাদের একাস্ত অমুরোধে আহারে বদিয়াছিলাম। এই মিষ্টারেই আমার যথেষ্ট হইবে।"

গৌরী তথন ব্যাপারের গুরুজ বুঝিল। ব্রিল, বাস্তবিকই আমি অদ্ধাশনে নিশাযাপন করিতে চলিয়াছি। তাহার যে কি পোষ যদিও সে বুঝিতে পারে নাই, কিন্তু এটা সে বুঝিল, যে কোন কারণেই হউক তাহারই জন্ত ব্যাহ্মণের আহারে ব্যাঘাত ঘটিয়াছে।

দে তথন একটু যেন অপ্রতিভ ভাবে আনাকে জিজ্ঞাসা করিল—
"সত্য সত্যই কি হু'হুইবার আপনি আহার পরিত্যাগ করিয়া উঠিয়াছেন ?
এইমাত্র জানি, একবার আমি আপনাদের আহার মুথে বাধা দিয়াছিলাম।
কিন্তু সে ত আমি এরই আদেশে বলিয়াছিলাম। ইনিই আমাকে বলিয়াছিলেন—'রান্ধণের আসিবার বিলম্বে লুচি ঠাণ্ডা হইয়া গিয়াছে। আমি
গরম লুচি লইয়া ষাইতেছি, তুই তাহাদের আচমন করিতে নিষেধ করিয়া
আয়।' বাবু ঠাণ্ডা লুচি মুথে তুলিতে পারেন না। বিতীয়বার আমি কি
করিয়াছি জানি না "

"তুমি কিছুই কর নাই।"

"নিশ্চর করিয়াছি। পিসিমা কি মিথ্যা কহিতেছেন ?"

"পিসিমা বৃঝিতে পারেন নাই।"

"নিশ্চয় বৃঝিয়াছেন। তিনি না বৃঝিয়া কোনও কথা বলেন না। নিশ্ব আমি আপনার আহারে বিদ্ন হইয়াছি।"

এই গোটা তিনেক নিশ্চয় যোগে পৌরীর কথাটা কিছু ওজ্বিনী হুট্রা পড়িল । পাছে আবার দে মুর্ফ্র্য যায়, এই ভয়ে আমি একবার পিসির মুখ-পানে চাহিলাম। দেখিলাম গৌরীর মুখের ভাব দেখিয়া পিসির চোক গুটা কপালের দিকে উঠিতেছে তাই দেখিয়া আমি তাঁহাকে বলিলাম -- "পিসিমা। আপনি যান। আমি গৌরীকে বুঝাইয়া জলযোগ করিয়া উঠিতেছি।"

গৌরী বলিল-"না, আপনাকে চব্য, চোষ্য, লেছ, পেয়, আহার করিতেই হইবে।"

পিদি বলিলেন—"আহার ত করিতে হইবে। তার জন্ম বান্ধণ কি পিন্তি চোঁয়াইয়া রাত্রি একটা পর্যান্ত গণ্ডুষের জল হাতে করিয়া বসিয়া থাকিবেন ?"

"আগে কার লুচি তরকারি কি হইল ?"

''কেন. ব্ৰাহ্মণকে উচ্ছিষ্ট খাওয়াইতে হইবে নাকি ?''

গৌরী আমাকে জিজ্ঞাদা করিল—"আপনি কি লুচি তরকারি মুখে ত্লিয়া ছিলেন ? আমি ব্লিলাম—"না গৌরী, আমি আচমন করিয়া একথানি লুচির ছিল্লাংশ মুথের কাছে তুলিয়া ছিলাম মাত।"

"পিসি, তুমি লুচি আর সেই সঙ্গে কি পঞ্চাশৎ ব্যঞ্জন প্রস্তুত করিয়া-ছিলে লইয়া আইস।''

আসল কপা হরিছারে আমাদের দেশের মত তরকারি পাএয়া যায়না। এখনই ফুপ্রাপ্য তথনত তরকার্রির পাট ছিলনা বলিলেই চলে। থাকিবার মধ্যে ছিল ডাল ও আলু: মাছ সেখানে স্পর্শ করিতেও কাহারও অধিকার নাই। স্থতরাং সে স্থানের ভোজ আর আমাদের দেশের জলযোগ বড় একটা পার্থক্য নাই। এই জন্ম গৌরীর রহস্যে আমি একটু হাসিয়া বলিলাম—''অক্ষুধায় পঞ্চাশৎ ব্যঞ্জনের আস্বাদ লইয়া উদরাময়ে ভূগিতে ইচ্ছা করি না। তোমরা যাৎ, আমি কিছু মিটায় মুখে দিয়া বিশ্রাম গ্রহণ করি। রাত্রি অধিক হইভেছে। বিলম্ব দেখিলে এখনি আবার ললিত মোহন ছুটিয়া আদিবে।

গৌরী আমার কথায় কান না দিয়াই যেন বলিল—"না পিসি, ভূমি দুচি তরকারি লইয়া আইস।"

"ব্ৰাহ্মণকে উচ্ছিষ্ট থা ভয়াইব ?"

"যদি থাওয়াইতে না পারি, তাহা হইলে কালই আমি তোমাদের গৃহ-ত্যাগ করিব। আর আমি তোমাদের, বিশেষতঃ তোমাকে জ্বালাতন করিব না।"

এই কণার আনন্দিত হইয়াই হউক অথবা কিংকর্ত্তবাবিমৃঢ় হইয়াই হউক, ললিতের পিদি আমার পরিত্যক্ত খাদ্য আবার আমাকে আনিয়া দিয়া প্রস্থান করিল।

পিসি চক্ষুর অস্তরাল না হইতেই গৌরী আমাকে বলিল—"নাও ঠাকুর থাও।"

সে যথন আমাকে তুমি বলিল, তথন আমিই বা অবকাশ পাইয়া তাহাকে তুমি বলিতে ছাড়িৰ কেন? আমি বলিলাম—"তুমি এ কি করিতেছ গৌরী ?"

"কেন কি অস্তায় করিতেছি ? তুমি কি বামুন ? আমি কি তবে অব্রাহ্মণ ? "তা তুমিই বলিতে পার, আমি বলিব কেন ?'' ''তুমি যথন প্রশ্ন করিয়াছ তুমিই ইহার উত্তর দাও।''

''ব্রাহ্মণের সস্তান বলিতে পারি, কিন্তু ব্রাহ্মণ বলিতে পারি না। তুমি আহ্নিক কর না। গায়ত্রী কথন উচ্চারণ করিয়াছ কিনা সন্দেহ।"

'ভূমি কেমন করিয়া জানিলে ?''

''তোমার কথাতেই বুঝিয়াছি। তুমি আমাকে দাসী মনে করিয়াছিলে ? আমি শিরঃকণ্ডুমন করিতে করিতে কতকটা জড়ানো ভাষায় ভাহা অস্বীকার করিলাম।

আমার অস্বীকারটা বুঝি গৌরীর মনোমত হইল না। সে ঈষং হাসিয়া বলিল-"ভয় কি, লজ্জা কেন? দাসী মনে করিয়াছিলে, তুমি মিথ্যা মনে কর নাই—দোষ কর নাই। যথার্থই আমি ইহাদের দাসী— শুধু এখন নয়, ধত দিন বাঁচিব,ততদিন ইহাদের দাসত্ব করিব। কিন্তু যখন আমি ভোমার আহ্নিকের আয়োজন করিতে চাহিয়াছিলাম, তখন তোমার বুঝা উচিত ছিল, আমি শূদ্রাণী নই। যদি তুমি আহ্নিকাদি করিতে. ভাহলে তুমি আমাকে ব্রাহ্মণ-কন্তা ভিন্ন আর কিছু বুঝিতে না।"

আমি নির্ব্বাক্। বিশ্বয়ে কেবল গৌরীর মূথের পানে চাহিয়া রহিলাম গৌরী বুঝি, আমার মনোভাব বুঝিল। ঈষং হাসিয়া আমাকে জিজ্ঞাসা করিল, ''কেমন যা বলিভেছি ঠিকত।

"তুমি ঠিক বলিয়াছ। আমার বছকাশ হইতেই ব্রাহ্মণের নিতা-ক্রিয়া সকল পরিত্যাগ করিয়াছি। শুধু তাই কেন—

''থাক আর বলিতে হইবে না। তাহ'লে তুমি লুচি থাও।"

'দেটা কি উচিত হয় গৌরী ? ইহাদের সম্মুখে তুমি আমাকে অপদস্থ করিতে চাও ? ইহাদের ভাব দেখিয়া বুঝিয়াছি, ইহারা আচারী বান্ধণ।"

विनक्षन चाराती। विस्मयतः अहेरय चाधतूको निर्मि, ७-- छेनि আবার আচারীর আচারী।"

''তবে ? আমাকে আচার-ভ্রষ্ট ব্ঝিলে, আর আমার প্রতি তাঁর শ্রদ্ধা থাকিবে না ।''

"তাহাতে আর সন্দেংই নাই। আমার বোধ হয়, অস্তরালে কোন স্থান হইতে তিনি তোমার কাগ্যকলাপ দেখিতেছেন।"

''গৌরী ! পরিত্যক্ত থাদ্য আর আমি মুখে তুলিব না।"

"বেশ তুলিয়া কাজ নাই। এই বলিয়া যুবতী লুচির থালা হাতে লইয়া দাঁডাইল।"

আমিও নাম মাত্র আহার করিতে, মিষ্টান্নের পাত্র হইতে একটা যা হোক কিছু মুখে দিবার জন্ম আসনে উপবেশন করিলাম। বিসতে না বসিতে একটা কথার স্মরণে বুশ্চিক-দষ্টের ন্যায় উঠিয়া দাড়াইলাম।

তথন গৌরী আমার দিকে পিছন ফিরিয়া শারের দিকে সবে মাত্র বাম চরণটী বাড়াইয়াছে।

আমি ডাকিলাম—''গৌরী!"

গোরী মুথ ফিরাইয়া বলিল—''কেন ?''

"কিন্তু তুমি যে পিসিমার কাছে কি বলিলে ?" আমাকে যদি লুচি না খাওয়াইতে পার, তাহা হইলে তুমি এ গৃহত্যাপ করিবে। তোমার কথা শুনিরা, তোমার সঙ্গে এই এক মুহুর্ত্তের আলাপেই বুঝিলাম, তুমি রহত করিয়া এ কথা বল নাই।"

''না রহস্য কাহার সঙ্গে করিব ?''

"তাহ'লে তুমি এ গৃহ ত্যাগ ৰুরিবে ?"

"नि\*5व ।"

আমি উচ্ছিষ্ট পুনর্ভোজনের জন্য, তাহাকে পাত্র লইয়া কিরিছে অনুরোধ করিলাম। "গোরী! ভুমি বুচি ফিরাইয়া আন। আনি চির-

অনাচারী-একদিন আচারের ভান দেখাইয়া তোমার মতন নারী রভুকে পথে নিক্ষিপ্ত করিব ?"

''তাহ'ক ধর্মের ভানও ভাল। আর আচারেই ব্রাহ্মণের ধর্ম আরম্ভ হইয়াছে।"

আমি একথ। কানেও তুলিলাম না। থান্ত গ্রহণে হাত বাড়াইলাম গৌরী চঞ্চল পদে গৃহত্যাগ করিতে চেষ্টা করিল। নিরুপায় আমি তাহার বাম হস্ত ধারণ করিলাম। খাগ্ন পাত্র তাহার দক্ষিণ হস্তে রক্ষিত ছিল। গৌরী সেই পাত্র দূরে গৃংবহির্ভাগে বেখানে সমস্ত উচ্ছিষ্ট র্ক্ষিত হইয়া িল—সেই স্থানে নিক্ষেপ করিল।

একটা বিষম শক্তে সমস্ত ঘরটা পুরিষা গেল। আমার মনে হইল যেন, ভূমিকম্প আমাদের ভূমিদাৎ করিবার জন্ম হরিদ্বারের এই গৃহে তাহার ম্পন্দনের কিয়দংশ লুকাইয়া রাথিয়াছিল। সে আমার হুর্বা, দ্বিতায় এই গৃহ চুর্ণ করিবার অবদর পাইয়াছে। ক্রমশঃ-শ্রীক্ষীরোদপ্রসাদ শর্মা।

#### কপাল।

#### পূর্ব প্রকাশিতের পর।

(मिन २०१४) आधिन, द्रविवात । आभात एवन छान-चेळि लाभ পাইয়া গেল। একি স্বপ্ন-না সত্য ঘটনা থামার স্বভাবসিদ্ধ সন্দেহের বশে কিছুতেই ঘটনাটীকে সত্য বলিয়া মনে করিতে পারিলাম না। বিজ্ঞানে ত এক্নপ কথা কিছু নাই। পাঁচ জ্বন শিক্ষিত লোকে भागारक भागन विनाद या। अक्ष-- अक्ष-- अविन-भीविनी अक्षित (अना মন্তিকের চঞ্চলতাবশতঃ যাহার উৎপত্তি! কিন্তু ২৫শে আখিন, ৬৬

নং ঠিক মনে আছে। যাহা হউক, মনে ভারি আনন্দ হইল—এইবার প্রেততন্ত্রবিদ্দিগের, পরলোক আত্মবিশ্বাসী ধর্মের মূলচ্ছেদ করিয়া দিব! স্থপের ঘটনা এতদ্র হয়! তথাপি আহারে, শরনে, ভ্রমণে, কর্মক্ষেত্রে, কেবল স্থপ্নে নহে, সেই শুচিস্মিতা স্থগীয় প্রতিমাধানি আমার মানস-নয়নে ভাসিয়া উঠিত! যেন সে তাহার করুণাপূর্ণ চাহনিতে, তাহার সরলতা-পবিত্রতা-মাধা দেহের প্রত্যেক অন্দ-ভঙ্গীতে আমাকে আমার প্রতিজ্ঞা-পূরণের কথা স্মরণ করাইয়া দিতেছে।

আমার সন্দেহ-সংশয় বিচার-বিতর্কের মধ্যে দেখিতে দেখিতে ২৪শে আখিন কালের চক্ষে ঘুরিয়া আসিল। অনেক ওজর-আপত্তির পর আবেদন-নিবেদনের ফলে ২৫শে আখিন ছুটী পাইলাম এবং ২৪শে রাত্তির টে ণে কলিকান্তা গিয়া কোন এক বন্ধুর বাসায়, সে কৌতূহলক্লিষ্ট বিনিদ্র রজনী অতিবাহিত করিলাম। পরদিন বন্ধর নিতান্ত আগ্রহাতিশয়বশতঃ স্থান এবং যৎসামান্ত আহার করিয়া আমার সেই স্বপ্রদৃষ্টার সন্ধানে বাহির হইলাম. কিন্তু আমার উদ্বেগ এবং উদ্দেশ্য এ জগতের কাহাকে ঘূণাক্ষরেও জানিতে দিই নাই। বন্ধবর আমার ভাবান্তর লক্ষ্য করিয়া হউক, অথবা অন্ত কোন কারণে, আমার কলিকাতা আগমনের কারণ জিজ্ঞাদা করিলে, আমি একটা ওজর আপত্তি করিয়া, একটু হাসিয়া, তাহার সে কথাটিকে একবারে চাপা দিতে কিছুমাত্র হিধা করিয়াছিলাম না। সে রমণী-কথিত গুলিটি এত দিন কলিকাতা বাস করিয়াও একদিনও তাহার নাম পর্য্যস্ত আমার কর্ণে পৌছিয়াছিল না। অনেক বুরিয়া ফিরিয়া জিজ্ঞাসা করিয়া করিয়া যথন সেই গলিটীর ভিতর উপস্থিত হইতে সমর্থ হইলাম, তথন বেলা প্রায় ১২টা। শরতের সূর্য্য আকাশ হইতে সহস্র রশ্মি-সম্পাতে ধরণী বিশেষতঃ কলিকাতাকে বেশ উত্তপ্ত করিয়া তুলিয়াছিলেন। পিপাসা ও ক্রান্তিতে আমার শরীর অবসর হইয়া পড়িতেছিল, অত্যধিক মানসিক বিক্ষোভে মন্তক ঘুরিতেছিল। যথন দেই ৬৬ নং বাটীর সমুধে উপস্থিত হইলাম, সমস্ত ত্থা ক্লান্তি এমন কি অনুভব পর্যান্ত ক্ষণিকের জন্তু বিলুপ্ত হইরা গেল। কি একটা অল্পানিত ভয়ে, বিশ্বয়ে, সমস্ত শরীর রোমাঞ্চিত হইরা উঠিল। মনের যেন কতদিনকার দেই হারান ছিন্ন ভিন্ন তাল-পাকান স্মৃতি ঠেলিয়া ঠেলিয়া উঠিতে লাগিল। সেই দরজা, সেই লোহ-শেক-বিদ্ধ কপাট, সেই উভ্রমণার্গন্তিত জীর্ণ থাম ছটা যেন আমার কতদিনকার পরিচিত, দৃষ্টপূর্ব্ব বলিয়া মনে হইতে লাগিল। আমি বিশ্বয় বিশ্বারিত লোচনে, কিংকর্ত্তবাবিমৃত হইয়া দাঁড়াইয়া আছি, এমন সময় একটা ঝি সেই বাটী হইতে বাহির হইয়া যেন কত পরিচিতের মত বলিল, "বাবু, মা-ঠাকুরাণী ডাকিতেছেন, ভিতরে আহ্বন।"

আমি যন্ত্র-চালিত পুত্রলিকার মত তাহার পশ্চাতে পশ্চাতে বাটীর ভিতরে প্রবেশ করিলাম। তথন আমার কোন জ্ঞানই ছিল না! যেথানে উপস্থিত হইলাম, সেটি বাহির বাটীর প্রান্ধণ; সম্মুথে একটি বৈঠকখানা, একপাশে একটি চৌবাচ্চা তাহার শৃষ্ঠ হৃদয় মন্তকস্থিত বারিখারাবর্ষী উন্থত নলের নিকট অনাবৃত করিয়া দিয়া দাঁড়াইয়াছিল। কেবল দক্ষিণ ছাড়া চারিদিকেই সারি সারি বিতল ও নিমতল গৃহগুলি! আর উঠিবার জন্ম বাহির থেকে একটি দাক্ষময় সিঁড়ি তাহার বিস্তৃত বক্ষ পাতিয়া দিয়া প্রান্ধণে বর্ত্তমান! আমি সেই ঝিএর সঙ্গে সঙ্গে সেই সিঁড়ি বাহিয়া দিয়া প্রান্ধণে বর্ত্তমান! আমি সেই ঝিএর সঙ্গে সঙ্গে সেই সিঁড়ি বাহিয়া দিয়া প্রান্ধণে বর্ত্তমান! আমি সেই ঝিএর সঙ্গে সঙ্গে সেই সিঁড়ি বাহিয়া দিতলস্থ একটী গৃহে আদিয়া উপস্থিত হইলাম! সে আমাকে সেথানে পৌছাইয়া দিয়া, ফিরিয়া নামিয়া গেল। দেখিলাম, ঘরটীর কোন রূপ সাজসজ্ঞা নাই। উপরে অযত্তরক্ষিত কয়েকখানি হিন্দুদেওদেবীর ছবি! মেঝের এক কোণে কতকগুলি সন্থ ত্যক্ত পূজা-বাবছত ফুলের রাশি, আর কোসাকুসি প্রভৃতি পূজার প্রয়োজনায় ক্রব্যাদি অবিক্সস্তভাবে ইতস্ততঃ বিক্ষিপ্ত। আর ঠিক মধ্যস্থলে একথানি কুশাসন বিস্তৃত, ধেন

কাহার উপবেশনের জন্ম ;উদ্বিশ্বন্ধরে অপেক্ষা করিতেছে। অনেকক্ষণ পরে লক্ষ্য করিলাম, সে গৃহ হইতে অপর গৃহে যাইবার জন্ম যে দরজা আছে, তাহার সন্নিকটে একটি বর্ষীয়সী রমণী অন্ধাবগুঠনে দগুরমানা! তাঁহার মুখ হইতে দয়া-করুণা সমবেদনায় ভাস্বর জ্যোতিঃ ফুটিয়া বাহির হইতেছিল! রমণী আমার এই কিংকর্ত্তব্যবিমৃঢ় ভাব দেখিয়া যেন ভয়ার্ত্তের কাণে, দীনের প্রাণে—আশাসবাণীর মত স্নেংমাখা স্বরে বলিলেন,—"বাবা, এসেছ! আমরা তোমার আশা-পথ চাহিয়া বসিয়া আছি! আহা! বড় কপ্ত হ'য়েছে, রৌজে মুখখানি শুকিয়ে গিয়েছে। মা হ'য়ে তোমাদের কপ্ত আর দেখিতে পারি না। তা' বস। দাঁড়িয়ে রইলে যে—মেয়ের অবস্থা দেখিলে পাযাণও বৃঝি ফাটিয়া যায়! ভগবান্ কত দিনে যে মুখ তুলে চাইবেন! ও কপাল! উঠে আয়, তিনি এসেছেন।" অপেক্ষাকৃত উটেচস্বরে এই কথা বলিয়া, আমার বা কাহারও কোন উত্তরের অপেক্ষা না করিয়া, তিনি সেই দ্বার দিয়া অন্ত

কয়েক মৃহ্ত কাটিয়। গেল—আমি নীরবে স্পক্ষহীন দেহে প্রস্তরপ্তর্লিকার মত দণ্ডায়মান! কাহার অতি মৃহ্ কোমল পদধ্বনি শুনা
গেল, সঙ্গে সঙ্গে আমার সেই স্থানৃষ্ঠা রমণীমৃত্তি ধীরে—অতি ধীরে সে
ছরজার পার্শ্বে আদিয়া দাঁড়াইল! সে বৈধবাসাজে সজ্জিতা মৃত্তি কি
ক্ষের, কি মনোহর! তাহার কাছে মহ্যাকলিত মৃত্তি অতি নীচে—ব্ঝি
তার একটা পদাস্থলিরও যোগ্য নহে। তাহার রুক্ষ আলুলায়িত ক্ষেল
ৰাতাসে মৃহ্ মৃহ্ হলিতেছে, ব্রহ্মচর্য্য সংধ্যের পবিত্র জলম্ভ জ্যোতিঃ
ভাহার মৃথ হইতে দেব-মহিমার মত চারিদিকে প্রসারিত! ভাহার
স্থগঠিত প্রত্যেক অঙ্গপ্রত্যক্ষ হইতে ব্রত-আরাধনা-পূত লাবণ্যধারা স্থেন
উছ্লিয়া গড়াইয়া পড়িতেছে! পরিহিত শুল্র বসন্থানি নিদ্ধলম্ব যদের

মত তাহার দেহলতা বেষ্টন করিয়া আছে। তাহার দেই আকর্ণবিশ্রাম্ভ নয়নে দীনতা, হানতা, আকুলতার প্রীতিধারা থেলা করিতেছে ! তাহার ক্ষুদ্র ললাটতট, স্পুষ্ট রক্তিমাভ গণ্ডস্থল যেন জ্যোৎস্না-স্নাত ঘুমন্ত গোলাপদলে আবৃত! আমাকে দেখিয়া রমণীর মুখে জ্যোৎস্না-লোকে সমুদ্রবক্ষের মত একটা হাসি-হাসি-ভাব জাগিয়া উঠিল। অতি দীনকাতর কম্পিতকঠে রম্ণী বলিল,—''আসিয়াছেন, এ দাসীর কথা রাথিয়াছেন। ক্ষমা করিবেন, আপনাকে কত কষ্ট দিলাম। কিন্তু আজ আমার জন্মান্তরব্যাপী ব্রতের উদ্যাপন, আমার দকল জালা যন্ত্রণার অবসান। আজ আমার জীবনের মুক্তি—মুক্তি—চির আনদের দিন।" এইকথা বলিতে বলিভে তরুণী বাতাহত কদলীর মত ভুলুঠিভা হইয়া আমার চরণদ্বর ধারণ করিল এবং চির-পিপাসিতের মত আমার চরণ-বুলি লট্ট্যা মন্তকে ও সর্বাঙ্গে মাথিতে মাথিতে বলিল,—''আঃ বাঁচিলাম। গুরু এতদিনে মুখ তুলিয়া চ'হিলেন।" স্মামার বাকশক্তি রোধ হইয়া গেল, সহস্র চেষ্টা করিয়া একটী কথাও মুথ হইতে বাহির হইল না! সতাই যেন আমি পুত্তলিকা ৷ আমার নয়ন আছে, যেন দর্শন শক্তি নাই ; কর্ণ আছে, শুনিতে পাইতেছি না: জিহ্বা আছে, কথা কহিবার শক্তি নাই; কেবল ষেন একটী মধুর শীতল প্রাণারাম পবিত্রম্পর্শ আমার সমস্ত অঙ্গ ব্যাপিয়া আমার ইন্দ্রিয়গুলির মুখ বন্ধ করিয়া দিয়াছে: আমার মনে সঞ্চারিত হইয়া আমার সমস্ত মনোবৃত্তিগুলি লোপ করিয়া দিয়াছে। तम्भी डेठिन, व्यामात्र रुख धतिया त्मरे कूमामनथानित डेपरत व्यामात्क বদাইয়া পার্শ্বে বিদল ! আবার বলিল,—''স্বামিন, অভাগিনীয় তপস্তালক ধন, আমার সকল অপরাধ ক্ষমা করিলেন ত ?'' অতি কটে জড়িত জিহ্বায় আমার মুখ হইতে বাহির হইল—"তোমার অপরাধ? মনে হইতেছে তোমার ও পবিত্র স্পর্শে আমি মোহশৃত্ত পাপশৃত্ত হইলাম, আমার সমস্ত সন্দেহ, সমস্ত অন্ধকার তোমার ও স্পর্শের শীতল অগ্নিতে প্রশীভূত তৃণগুচ্ছের মত জলিয়া পুড়িয়া ছাই হইয়া পেল।'' "জানিবেন, আমি আপনারই কপাল, আর কাহার নহি, আর কিছুরই নহি, জানিনা, কেন পিতামাতা এ জনমে আমার নাম কপালকুগুলা রেখেছিলেন— আমি আপনারই কপাল, আপনার অদষ্টের মত আপনার সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত মিশ্রিত। যাকৃ—আজ আমি ধন্তা—সার্থককর্মা—আর আপনাকে হারাইব না" এই বলিতে বলিতে রমণী অমুচ্চস্বরে ডাকিল— "মা !" কিছুক্ষণ পরেই দেখিলাম, দেই পূর্বদৃষ্টা মৃত্তিমতী মাতৃত্বেহরূপা রমণী নানাবিধ ফল ও মিষ্টান্নে সজ্জিত একখানি থালা লইয়া আমার সম্মুথে রাথিয়া বিনা বাক্যব্যয়ে চলিয়া গেলেন। ভরুণীর আগ্রহাতিশয়েও কাতরোক্তিতে অতিকষ্টে তাহার কিছু কিছু গলাধঃকরণ করিলাম। কপাল তথন উচ্ছিষ্ঠ ভোজনপাত্র হইতে কিছু ভোজনাবশেষ তুলিয়া লইয়া মস্তকে গাত্রে মাথিতে মাথিতে বলিল,—''আজ আমার বছদিনকার সাধ মিটিল, আজ আমি পবিত্র হইলাম।—ওঃ বছদিনের বিরহ-বিচ্ছেদের আয়তনে আজ জলধারা পড়িল।" কিছুক্ষণ নীরব থাকিয়া রমণী আবার বলিল.—"আপনি উতলা হইবেন না, অবিশ্বাদে আর নিজেকে অধঃপতিত হইতে দিবেন না,—পরলোক স্ত্যু, কর্মফল স্ত্যু, গুরুদেবের কুপায় স্ব ভানিয়াছি; আরও জানিয়াছি—আগামী পূর্ণিমার দিন, আমার এবারকার মত মর্ক্তালীলার অবসান। সেই দিন আমার এ দেহ ত্যাগ হইবে। এ कनाम आंत्र (पथा वहेरव ना। किन्न अक्राप्ति विषया एक,--- भत्रकाच আমাদের মিলন অবশ্রস্তাবী বিধির বিধান। কিন্তু দাসীর একটা অমুরোধ রাখিতে হইবে। আমার সম্বন্ধে আরু কোনরূপ অমুসন্ধান করিবেন না। গুরুদেবের কুপার আমার এ জীবনরহস্ত মা জানেন, আর আমি জানি। আপনি এই মরদেহটার জন্ম, এই এইবারকার নিক্ষণ জীবনটার জন্ম কৌতৃহল প্রযুক্ত হইয়া কোনরূপ সন্ধান লইবেন না। আমার বাক্য সন্ত্য, গুরুদেবের বাক্য সন্ত্য, ইহা স্বপ্ন নহে, লম নহে, মন্তিম্বনিকৃতি নহে—এ মরজগতের প্রভাক্ষসিদ্ধ ঘটনা। দেখিবেন, দাসীর শেষ অমুরোধটী রাখিবেন।" এই বলিয়া কপাল আবার পদধূলি গ্রহণ করিল, স্যত্রে মন্তকে রাখিল, তার পর ডাকিল—"বি!"—সেই বি আসিয়া দরজার দাঁড়াইলে, তাহাকে উদ্দেশ করিয়া আমার সেই কপাল, আমার সেই জন্মজন্মান্তের হারান রতন ছলছল নয়নে, বাপাবেগরুদ্ধ ভরা আওয়াঙ্গে বলিল.—"বি!—বারুকে রাস্তা দেখিয়ে দাও।" আমার উঠিবার সামর্থ্য ছিল না, নড়িবার শক্তি ছিল না। প্রাণপণ চেষ্টায় উঠিলাম, কম্পিত-পদে, ঘূর্ণিত-মন্তকে মাতালের মত টলিতে টলিতে রাজপথে আসিয়া দাঁড়াইলাম।

আমার প্রতিশ্রতিমত আমি তাহার কোন সন্ধান লই নাই।
তার পর কর বংসর কাটিয়া গিয়াছে। কিন্তু এই আবিন মাস আসিলেই
সেই সমস্ত স্মৃতিগুলি মূর্ত্তি পরিগ্রহ করিয়া জীবস্তভাবে আমার মস্তিক্ষে
নৃত্য করিতে থাকে। সেই দিন অবধি আমি কর্ম্মলে বিশ্বাসী,
পরলোকে আস্থাবান, আমি হিন্দু হইয়াছি। সেই দিন হইতে আমি
চিদানন্দ, সংসারে থাকিয়াও সয়্যাসী, গৃহস্থ হইয়াও উদাসীন। আর
সেই দিন হইতে আমার বুকের অমানুষিক যন্ত্রণা সারিয়া গিয়াছে।
এখন সময়ে সময়ে কি জানি কেন আমার মনে একটা আনন্দের সমুজ
বেন উদ্বেশিত হইয়া উঠে; আমি পাগলের মত আপন মনে হাসি, আবার
কি এক অদম্য প্লকে আমার সর্কশ্রীর রোমাঞ্চিত।ইইয়া, আমি আ্যুহারা হইয়া যেন কিলের সঙ্গে মিশিয়া যাই!

আমার শিক্ষিতাভিমানী পাঠকদের অনেকে আমার এ জীবন-মরণের কাহিনীকে বোধ হয় একটা আষাঢ়ে গল্প বলিয়া উড়াইয়া দিবেন।

বাঁহারা বলিবেন,—"সায়ান্স ত এ কথার সমর্থন করে না। জীবন ত ক্ষণিক বিজ্ঞানপ্ৰবাহ মাত্ৰ, আত্মা আৰাব কোথায় ?" তাহাদিগকে বঝাইবার আমার আর কিছু নাই। তবে কবি বাক্যে বলি,---

"There are more thing in heaven and earth, Horatio! than are dreamt of in your philosophy.

চিদ।নন্দ।

# গোপেশ্বরের চাক্রী।

( পূর্বপ্রকাশিতের পর )

ক্ষীরোদ যথন শুনিতে চাহিল, তথন সে বলিল—সমস্ত দিন আমার শরীরটা অত্যন্ত থারাপ আছে-এবং রাত্রে অমঙ্গলকর স্বপ্ন দেথিয়াই মনটা এরপ উদিগ্ন হইয়াছে।

ক্ষীরোদ ভাবিল এ আবার কি ? যাহা হউক সে শীঘ্রই আসিবার জন্ম প্রতিশ্রুত হইগ্ন কাছারী চলিয়া গেল।

বিধুমুখী দিবা ভাগে নানা কাজ কৰ্ম্মে ব্যস্ত থাকিলেও বেলা ৫ টার পর অত্যন্ত চঞ্চল হইয়া উঠিল—বহির্দেশে প্রতি শব্দে প্রতি পাদক্ষেপে স্বামীর আগমন অহুভব, বাব বার অধৈর্য্য ভাবে সদরদরজায় ছুটিয়া আসা এবং বাটীর মধ্যে থাকিলেও সমগ্র মনটা সদরদ্বারে ফেলিয়া রাথিয়াও যথন ছয়টা বাজিয়া গেল, তখন এক অজানা আশস্কায় রৌকুলুমানা হইয়া পড়িল।

চাকর লক্ষণ আখাস দিয়া বলিল—ভয় কি মা, আমি এখনি বাবুর থবর এনে দিচ্চি।

কিন্তু সন্ধার পর লক্ষণ যে সংবাদ আনিয়া দিল ভাহাতে অতি বড় দৃঢ় চিত্ত পুরুষও বিদয়া পড়ে।

সে বলিল যে বাবু থাবারের সঙ্গে গোরাদের বিষ দিয়াছিল বলিয়া ফাটক হইয়াছে কাল সকালে ফাঁসি হইবে।

সমূহ বিপদেও ধৈর্য্য বাঁধিয়া লক্ষণকে সঙ্গে লইয়া উকিল অবিনাশ বাবুর বারীতে প্রতিকারের আশায় উপস্থিত হইল—অবিনাশ বাবুর স্ত্রী বিপদ শুনিয়া একান্ত হুঃখিত ও সহানভৃতি প্রকাশ করিলেন কিন্তু অবিনাশ বাবু বিশেষ ভরদা দিতে পারিলে না, বলিলেন ওথানে পল্টনের মাইনে চলে আমাদের আইনের এক্তেয়ার নাই, তা ছাড়া রাত্রে পল্টনের সাহেবদের সঙ্গে দেখা ত হবেই না, তা ছাড়া কাল কাছারী না খুলিলে भाकिट्डिंगे किया अब इंशामित कागारत। निकर १६८७ अधीकारतत উপায় হইবে না। কাছারী খুলিলে প্রতীকার হইতে পারে বটে কিন্তু তার পুর্বেই যে সব শেষ।

वाधा इहेग्रा, विधुमूथी একে একে সমস্ত নামস্বাদ! উकील 🤫 দেশী হাকিমগণের দারস্থ হইল, কিন্তু সকলেরই এক কথা --রাত্রে কিছুই করা যাইতে পারে না।

অবশেষে একবার বিপিনের সঙ্গেও দেখা করা উচিত মনে করিল— বিপিন গ্রামসম্পর্কে দেবর, এথানকার জুনিয়ার উকীল--বাসাভাড়া যুটে না। বিপিন বলিল,—''বৌদিদি, **আমার মত সামাগ্র লোকের দারা** যে কোন উপকার হয়, তা ত মনে হয় না, উমেশ কি ক'লী বাবুর মত কোন বড় উকীল চেষ্টা করলে কিছু না কিছু নিশ্চয়ই হোতো।''

বি। চেষ্টা ত কর্লুম ঠাকুরপো কিন্তু তাঁরা ত কেউ গা কর্লেন না —এখন অনৃষ্ট—দে'থ বদি তোমার দ্বারাই কিছু হয়।

বিপিন ছুটিল। পল্টনের কর্ণেল সাহেব ভদ্রতাস্থচক ব্যবহার করিয়া

বলিলেন,— ''বাবু আমি বড় তুঃখিত—ক্ষীরোদকে ধথেষ্ট বিশ্বাস করিতাম ও ভালবাসিতাম, কিন্তু আমার কোন হাত নাই, সামরিক বিধানে অগুই বিচার হইয়াছে।"

বি। সাহেব। আসামী কি দোৰ স্বীকার করিয়াছে ?

সা। না।

বি ৷ অন্ত কোন প্রমাণ আছে ৷

সা। চাক্ষ্য প্রমাণ নাই—তবে বিচারে সাবাস্ত হইয়াছে যে. সে দোষী।

বি। হইতে পারে সে নির্দোষী, এবং আমুমানিক বিচারে সম্ভবতঃ ভূলও হইতে পারে।

সা। কিন্তু ইহার আপীল বা পুনবিচারের ত কোনই কারণ নাই।

উপায় নাই দেখিয়া কালেক্টার সাহেবের বাঙ্গালায় যাতা করিল— বাঙ্গালার কক্ষগুলি তথন উজ্জ্বল আলোকে আলোকিড-পিয়ানোর মুগুমন্দঝক্ষত স্থার ও কলকণ্ঠের উচ্চ হাস্থে মুধ্বিত।

আরদালি জনুমিয়া খাড় নোয়াইয়া ও দস্তপংক্তিদ্বয় যথাসাধ্য বিকাশ করিয়া, বিপিনের নিকট হইতে কার্ড লইয়া ভিতরে দিয়া আসিল।

আধ ঘণ্টা পরে ছকুম আসিল যে, সাহেবের এখন ফুরসং নাই, বিশেষ আবশুক হইলে প্রাতে ছোট হাজরীর পর দেখা হইতে পারে—নহিলে কাছারীতে আবেদন দিতে হইবে।

হতাশ হইয়া জজ সাহেবের বাঙ্গালায় শেষ চেষ্টার জন্ম দৌড়িল।

জজ সাহেব বলিলেন.—"বাবু এখানে বিশেষ আইনের গোলঘোগ द्रशिक्षा : ञ्चलद्राः व्यामाद अक्रमाम अ मामना हिन्छ भारत कि ना, তাহাই ৰিবেচ্য। তবে যদি তুমি কাল কাছারীতে যথেষ্ট প্রমাণ প্রয়োগে দরখান্ত দাখিল করিতে পার ত সে বিষয়ে আনন্দের সহিত বিবেচনা করিব ।"

বিফল প্রশ্নাসে মানমুখে হতাশভাবে ফিরিয়া আদিল। বিধুমুখার মাথায় আর একবার বজ্রাঘাত হইল।

বিপিন বলিল,—"পুরেই ত বলিয়াছিলাম—আমার মত দামান্ত উकीरमञ्ज कथोन्न क्क्टि श्वनिरवन ना। यिन क्लान मारहव वा वर्ष উকিল দাঁড়াইত, তাহা হইলে হয়ত এতক্ষণেই একটা কিছু কিনারা হইত।

বিধুমুখা ঈষৎ চিস্তা করিয়া বালল,—''শুনিয়াছিলাম যে, এথানকার ডাক্তার সাহেব নাকি তোমার দাদার বিশেষ মুক্রবিব—তাঁহক একবার ধরিলে হয় না ?"

বিপিন। একথা মন্দ নয়, সাহেব জাতের প্রাণ আছে—যদি একবার মনে লাগে ত প্রাণপণে চেষ্টা করবে।

একখানা পান্ধী করিয়া এবং বিপিন ও লক্ষ্মণকে সঙ্গে লইয়া বিধুমুখী ডাক্তার সাহেবের বাসায় যাত্রা করিল।

তথন এদেশে পালীর যথেষ্ট প্রচলন ছিল। ডাক্তার সাহেব তথন নিজার জন্ম প্রস্তুত হইতেছিলেন—সংবাদ পাইয়া ঢিলা ইজের সার্ট ও চটি জুতা পরিয়াই বাহিরে আসিলেন। প্রথমে মনে হইগ্লছিল, বুঝি বা কোন রোগীর জন্ম কল্ আসিয়াছে; কিন্তু বিপিনের মুথে ক্ষারোদ বাবুর বিপদ শুনিয়াই পার্শ্বস্থ কক্ষের দিকে চ্যাহ্যা ডাকিলেন.—''সারা—সায়া প মেম সাহেৰ উত্তর করিলেন,—"কি পল তোমাকে একটু ব্যস্ত বোধ হইতেছে কেন প'

সা। তুমি নিশ্চয়ই আমাদের পল্টনের ক্ষীরোদ বাবুকে জানিয়া থাকিবে—সেই তোমার জন্মদিনে অতি স্থন্দর ফুল উপহার দিয়াছিল।

ক্ষীরোদের অত্যন্ত বিপদ, কর্ণেল কারসনের বিচারে জেল হইয়াছে— হয়ত প্রাণদণ্ডও হ'তে পারে।

মেম। এত বড় আশ্চর্য্য কথা—আমি অত্যস্ত ত্বংথিত হইলাম, এ বিষয়ে তুমি কি কিছু করিতে চাও ?

ডা। হাঁ, সারা ; কিন্তু তুমি কি এ বিষয়ে কিছু সাহায্য করিবে ?

মেম। নিশ্চয় পল্—আমি ইহা অত্যন্ত আহলাদের সহিত করিব।

ডা। ক্ষীরোদ বাবুর স্ত্রী এখানে আসিয়াছে—তুমি নিশ্চয়ই জান যে, হিন্দু স্ত্রীলোকেরা নিতান্ত বিপদ্গ্রন্ত না হইলে বাহিরে আসিতে সাহস করে না, আরো তুমি জান যে, তাহারা অন্ত পুরুষের সহিত কথাবার্ত্তা কহে না।

সারা উচ্চ হাস্ত তুলিয়া বলিল,—'হাঁ, জানি, এ বিষয়ে হিন্দু স্ত্রীলোকেরা অত্যন্ত ভীক ও কুসংস্কারাপন। মেম সাহেব পালীর নিকটে আসিয়া ও বিধুমুখীর নিকট সমস্ত শুনিরা, স্থামীর কথামত আখাস দিয়া বলিলেন যে, মান্তি, তুমি চুপ থাক—তোমার কোন ডর্ নেই, আমার স্থামী পল্ হয় আজই রাত্রে একাস্ত কাল সকালে ক্ষীরোদ বাবুফে নিশ্চয়ই খালাস করিয়া লইয়া আনিবে, তুমি নিশ্চন্ত ভাবে চলিয়া যাও।"

ডাক্তার সাহেব তথনি নৈশ পরিচ্ছদ পরিয়া সগাঢ় সপ্রেম চুম্বনে পত্নীর নিকট ২ইতে বিদাধ লইলেন। মেমসাহেবও ধাত্যুত্তর দিয়া বাললেন,—"পল্, আশা করি, তুমি শীঘট কার্য্যোদ্ধার করিয়া ক্ষরিয়া আসিবে—মানি তোমার প্রতীক্ষার উৎস্কর্চত্তে জাগিয়া পাকিব।

ডাক্তার সাহেব অতরাত্রে ক্ষারোদবাবুর মুক্তির সম্ভাবনা নাই বুঝিয়া গোরা ডাক্তারের সহিত সাক্ষাৎ করিলেন।

গোরা ডাক্তার তাঁহাকে সঙ্গে লইয়া পণ্টনের হাঁদপাতালে পীড়িত গোরাছয়ের অবস্থা বিষাক্ত ভক্ষাদ্রব্য ও বমন পদার্থ দেখাইয়া বলিলেন,— "এ যাত্রায় বছকটে ঘমন করাইয়া রোগীদের রক্ষা করিয়াছি—যদিও এথন আর প্রাণের আশঙ্কা নাই, তথাপি সম্পূর্ণ স্কুন্থ হয় নাই—এখনো স্বর বদ্ধ-পাল গলা ফুলিয়া আছে।"

ডাক্তার সাহেব রোগীদের অবস্থা বিশেষরূপে পরীক্ষা করিয়া, বিষাক্ত ভক্ষাদ্রব্যের নমুনা ও বমন পদার্থের কিছু অংশ শিশিতে ভরিয়া গোরা ডাক্তারের সমক্ষে শীলমোহর করিয়া লইয়া, টুপিটী মাথায় তুলিয়া, ঈষৎ সংখ্যেবদনে বলিলেন.—"শুভ বিদায়, ডাক্তার—তবে আমার দুঢ় বিশাস যে, আপনারা একজন নিরীহ বাজিকে দণ্ড দিতেছেন-আশা করি, কাল প্রাতে আমি আগনাদের ভ্রম দেখাইয়া দিতে পারিব।"

গোরা ডাক্তার একটু অবাক হইয়া ডাক্তার সাহেবের মুখের দিকে চাহিয়া বহিলেন।

कित्रिवात मूर्य कीरतारमत्र वांगीत निकरे थामिश्रा थवत मिश्रा राटनन रय, কল্য প্রাতে নিশ্চয়ই ক্ষারোদ বাবুকে মুক্তি করিয়া আনিবেন, এবং সদর দারোগাকে বলিয়া গেলেন যে, রাজে ক্ষীরোদ বাবুর বাটীতে যেন একজন ্রিকনেষ্টবল পাহারার জন্ম মোতায়েন থাকে।

বিধুমুখীর অতান্ত আশা ছিল যে, ডাব্লার সাহেব ক্ষারোদকে নিশ্চয়ই বাত্রেই থালাস করিয়া লইয়া আসিবেন—তাহা হইল না দেখিয়া হতাশ হইয়া পড়িল: হঠাৎ গত রাত্রের স্বপ্ন, প্রাতঃকালের বৈরাগী ও তাহার উপদেশের কথা মনে পড়িল। তথন আঁচলটি কাঁধের উপর বেড়িয়া ভূমিতে লুটাইয়া, রমণীর মানসক্ষেত্রে মধুস্দনের যে কলিত মৃতি জাগিল, তাঁহারই চরণপ্রাম্থে আপনার সমস্ত আবেদন ও প্রার্থনা প্রাণ ভরিষা ঢালিয়া দিল। কে বলিতে পারে যে, এই সাধবী স্ত্রীর সকরুণ প্রার্থনা সত্যকার শ্রীমধৃস্থদনের চরণপ্রান্তে পৌছিতেছিল না।

ক্ষীরোদ বন্দী-সভাই বন্দী-এ কলা রাত্রের নিশার স্থপন সম

কান্ননিক অনুভূতি নছে। ভাবিল—কিন্তু এ কি ? কি আশ্চর্য্য ঘটনা সমস্তা—এত শীঘ্র এরূপ ভাবে তাহারি জীবনের উপর দিয়া কর্নার থেলা যে এতদুর বাস্তব স্ত্যে প্রিণত ছইতে পারে, ইছাই স্ব্যাপেক্ষা আশ্চর্যা!

আজ কিন্তু সে বিশেষ কাতর হয় নাই, ববং কতকটা কিংকর্ত্তবাবিমৃত্ হইরা পড়িয়াছিল। মনে হইল —আছো, এটাও ত স্বপ্ন নয় ?—
ভগবান্ করুন বেন সভা বাস্তবিকই স্বপ্ন হয়—কিন্তু বছবিধ পরীক্ষার পর
নিশ্চয় প্রতীতি হইল বে, সভ্যা—কঠোর সভা। ইহার কবল হইতে—
এই কঠোর ইংরাজের আইন সাময়িক বিধান হইতে মৃক্তির কোন
আশাই নাই।

জীবন তিক্তা, বিষাক্ত ও মরুময় হইয়া উঠিল। পরক্ষণেই দেই প্রাহেলিকাতুল্য বৈরাগী ও তার "অমূল্য" উপদেশ মনে জাগিল।

ভাবিল—বুকভাজা ভাবনা লইয়া আকাশ পাতাল ভাবিয়া কি হইবে ? দেখা যাক, বৈরাগীর উপদেশের কোন দার্থকতা আছে কি না ?

কল্য রাত্রে স্বপ্নে ভগবান্কে ডাকিয়াছিল—বোধ ২য়, তাহাতে কতকটা অভ্যন্তও হইয়াছিল—ভাই আজ প্রাণ ভরিয়া আকুল আবেকে মধুসুদনকে মুক্তির প্রার্থনায় ডাকিল।

তন্ম ভাবে কিরপে তাহার ত্রংথনিশার স্থণীর্য ঘণ্টাগুলি কাটিয়া গিয়াছে তাহা ঠিক স্থরণ নাই—যথন বাহিরের দিকে চাহিল, তথন উষার আলোকে চতুদ্দিক্ করসা হইয়া উঠিতেছে। আশস্কা জাগিল— বুবি বা তার স্থথের বা ত্রংথের সব শেষ হইবার বিলম্ব নাই।

#### দ্বিতীয় পরিচেছদ।

ভাক্তার সাহেব প্রত্যুষে উঠিয়াই ব্যারাকে কর্ণেল সাহেবের সহিত সাক্ষাৎ করিয়া বলিলেন,—"প্রিয় কর্ণেল, আমার বিবেচনায়, আপনারা একজন নিরীহ ব্যক্তিকে বিনা দোষে দণ্ডিত করিতেছেন—হতএব আমার অমুরোধ যে, আপুনি ইতগুত: বা কাল্বিল্ম না ক্রিয়াই আপনার ভ্রম সংশোধন করুন।"

কর্ণেল ঈষং চিন্তা করিয়া উত্তর দিলেন যে, অবশ্য আপনি যাহা বলিতেছেন, তাহা যদি সত্য হয়, তাহা হইংল এথনি এবং আনন্দের সহিত আমার ক্রটির সংশোধন করিব কিন্তু তৎপূর্বে আপনার প্রমাণ করা উচিত যে, আমাদের ভুল হইশ্বছে।

এই কথাগুলি বলিয়া পল্টনের ডাক্তার সাহেবকে ডাকাইলেন। ডাক্তার বলিলেন.—'নিশ্চয়: আমি কাল রাত্রে আসিয়া বিশেষ পরীক্ষায় জানিয়াছি যে, আপনাদের ভুল i"

কর্ণেল বলিলেন,—"কিরুপে ? আমাদের ডাক্তার বলিতেছেন যে, ভক্ষ্য দ্রব্য অত্যন্ত বিষাক্ত--বস্ত কটে তাহাদের প্রাণরক্ষা হইয়াছে। এখনও মুখ ও গলা বিষম ফুলিয়া আছে এবং স্বর বদ্ধ: তা ছাড়া রোগীরা সাক্ষ্য দিয়াছে যে, গোমস্তা বাবু তাহাদের প্রতি পূর্ব্ব আক্রোশ বশতঃ থাইতে দিয়াছিল।"

- ডা। কিন্তু ইহা কি ক্ষীরোদ বাবু স্বীকার করিয়াছে ?
- क। না; তবে রোগীদের কথার অবিখাদ করিবার কোন হেডুই দেখিতেছি না—তাহারা স্থু করিয়া কেন প্রাণাত্ত্র বস্তু ভক্ষণ করিবে। ধরিয়া লইলাম যে, আমাদের গোমন্তা ইচ্ছা করিয়া দেয় নাই, হয়ত ভুলক্রমে দিয়াছিল, কিন্তু এরূপ সাংঘাতিক ভুলও ত মার্জ্জনীয় নয় !

ডা। আমার প্রথম বক্তব্য যে, ভক্ষ্য দ্রব্য আদৌ বিষাক্ত নয়।

কর্ণেল গোরা ডাব্রুারের মুখের দিকে চাহিলেন। পণ্টনের ডাব্রুার দৃঢ়ম্বরে বলিলেন,—'কখনই না, চিকিৎসা-কালে আমি প্রত্যক্ষ করিয়াছি যে, সমস্ত বিষক্রিয়া বিভামান।

তা ৷ ভুল বুঝিয়াছেন ডাক্তার—আমি এদেশে বছদিন আছি ; ভক্ষ্য-দ্রব্যের দেশী নাম কচু, ইহা আলুর স্থায় স্থপান্ত ও পুষ্টিকর দ্রব্য ; দোষের মধ্যে অশোধিত বা অসিদ্ধ অবস্থায় ভক্ষণ করিলে গ্রৈপ্মিক ঝিল্লীতে প্রদাহ আনয়ন করে—ইহা কোন অবস্থাতেই মৃত্যুকারক নহে। শ্রৈঘিক বিল্লীর গুরুতর প্রদাহ দেখিয়া আপনি ইহাকে বিষ্ক্রিয়া অনুমান করিয়া-ছেন—আমি ইহার নমুনা শীলমোহর করিয়া রাখিয়াছি এবং আপনারা यिन निरोह तनीरक अथनहें प्रमायान ना पूक्ति एनन, जाहा हहेरन अ विषया সরকারী ভাবে আমি বিষম আন্দোলন করিব।

क। তবে कौरताम वावृत উंश थाइरें कि निवाद উদ्দেশ্য कि ?

ডা। এখানেও আপনারা বিষম ভুল করিয়াছেন, যে ইহার বাবহার জানে, সে কথনই কাঁচা থাইতে দিবে না---আমার দৃঢ় বিশ্বাস---কাণ্ডজ্ঞান বিহীন মূর্থ গোরারা কোন প্রকার স্থাভ মনে করিয়া চার করিয়া খাইয়াছিল, তাহার পর শান্তির ভয়ে গোমস্তা বাবুর ঘাড়ে দোষ চাপাইয়াছে।

कर्तन উঠिया शंमभाजातन भारति विल्लाम,—"त्नाशे छन्तात्त्र, তোমাদের এক কথায় হয়ত একজন নিরীহ ব্যক্তির দণ্ড হইতেছে— ধর্মের, সভ্যতার, বীরত্বের ও মনুষ্যত্বের থাতিরে তোমরা এখনো স্বীকার কর যে, গোমস্তা বাবু তোমাদের থাইতে দিয়াছিলেন বা তোমরা নিজেরা খাইয়াছিলে ?"

একজন রোগী জড়িত কঠে বলিল,—দোহাই ঈশরের, এ অবস্থায়

মিথ্যা বলিব না, বাবুর কোন দোষ নাই—"আমরা চুরি করিয়া খাইয়াছিলাম।"

তৎক্ষণাৎ তাহাদের বন্ধনের আদেশ দিয়া, কর্ণেণ সাহেব ক্ষারোদ বাবুকে মুক্তি দিয়া বলিলেন,—"বাবু আমার ভ্রমের জন্ম আমি ছঃখিত ও অমৃতপ্ত এবং এজন্ম যে অকারণ কষ্ট পাইয়াছ, আশা করি, তাহা ভূমি বিশ্বত হইবে ও ক্ষমা করিবে।' পরে ডাক্তার সাহেবের দিকে চাহিয়া বলিলেন,—"ডাক্তার! আমার এই ভ্রম প্রদর্শনের জন্ম ডোমাকে অগণ্য ধন্মবাদ ও তোমার নিক্ট চিরক্লতক্ত রহিলাম।'

গোরা ভাক্তার ক্ষারোদের করমর্দন করিয়া বলিলেন,—"বাবু আমার অনিচ্ছাকৃত অপরাধের জন্ম আমি হৃঃথিত এবং আশা করি তুমি অকপট চিত্তে মার্জ্জনা করিবে।" হতভাগ্য বন্দীদ্দ ও নিরীহ ব্যক্তির মুক্তিতে দুর হইতে নীরবে সহায়ুভূতি জানাইল।

পরদিন প্রাতে উকিল অবিনাশ বাবুর চান্নের আড্ডান্ন যথারীতি বহু উকিল মক্তেল ও দালালের সমাবেশ এবং থোস গল্প ও পরচর্চা।

অবিনাশ বাবু বড় উঞ্জিল কাজেই অনেকে জুনিয়ার থাকিবার প্রত্যাশার নিয়মিত হাজিরা দিতে তোষামোদ করিতে শুভাগমন করেন। অবিনাশ বাবু হাসিয়া বলিলেন আরে শুনেছ আমাদের ক্ষীরোদ খালাস পেয়েছে—বড়ই স্থেপর কথা—শুনে প্রাণটা এতই আনন্দিত হল তা আর বলতে পারছি না।

সকলে। নিশ্চয়ই, বড়ই স্থধের কথা।

অবি। কাল যথন তার স্ত্রী এল তখনই জানতাম যে ও বেআইনী জাটক নিশ্চয়ই ছেড়ে দেবে স্ত্রীলোক ত তা বুঝে না, সে পীড়াপীড়ি করে ধরলে যে যেতেই হবে।

কথায় প্রকাশ পাইল যে অক্সাক্স উকীলেরা সকলেই জানিতেন যে বেআইনী আটক সকালে নিশ্চয়ই থালাস পাবে।

অবি। আর দেখলে বিপনে ছোঁড়াটা কালকের উকীল গোঁফের রেথা উঠেনি—সে ছোড়াটা মিছেমিছি ছুটোছুটি করে মরলো।

উমেশ। ফলও তেমনি সকল বায়গাতেই অদ্ধিচন্তা।

হরিশ। তা আর হবে না ওদের পোঁদে কে १

অবি। আরে আমি যদি হোতুম ত দেখতে ওই কাশেক্টর সাহেব উঠে এসে সেকহাণ্ড করতো।

রাম। ভেবেছিল বুঝি যদি ফাঁকতাল্লে নাম ডাক ও পশার হয়ে ষায়—আরে বাবা একি ছেলের হাতে মোয়া যে ঝাঁ করে পশার হবে— পেটে বিছে থাকা চাই।

অবি। সে আর বুঝতে পারিনি—এই কাজ করে গোঁপ পাকালুম। তারিণী দাদের যে মামলায় আমার পশার জমে গেল তাতে খাটতে হয়েছিল কত ৷ সাত রাত্রি না ঘুমিয়ে নজীর দেখেছিলুম বক্তৃতা গুনে **জন্ম সাহেবকেও তারিফ দিতে হয়েছিল। উকিল সর্বসম্মতিক্রমে** স্থির হইল যে বিপনে ছোডাটা কেবল ফাঁকি দিয়ে পশারের মতলবেই মিছে ছুটাছুটি করেছিল—আইনে একটু দখল থাকলে আর এ কর্মভোগ হত না।

(ক্রমশঃ)

**औरिदरक्तांथ** हर्द्धांशांशांश ।

## অদৃউলিপি অখণ্ডনীয়।

ভগবানের রাজ্যে কতই ঘটনা হইতেছে, তাহা আলোচনা করিয়। ভালমন্দ স্থির করা আমাদের সাধ্য নাই। সেই সর্বশক্তিমান্ পুরুষই বলিতে পারেন যে, ইহার মধ্যে কি রহস্ত আছে।

তাই আজ আমাদের বাটীর একটি ঘটনা দিতেছি—

দে আৰু ২০ বংসরের কথা; আমার মাদীমাতা ক্বঞ্চনগরের একটি কক্ষে বিসিয়া সন্ধ্যাপুজা করিতেছিলেন। তথন সবেমাত্র সন্ধ্যা হইয়াছে; গৃহে গৃহে পুরনারীগণ শভাধ্বনি করিয়া রাত্রি-আগমনের বারতা জানাইয়া দিতেছে; শীতকালে সন্ধ্যার পূর্ব্বেই ষে যাহার কক্ষে আশ্রয় লইয়াছে; তাঁহার সন্তানাদিও তাঁহারি সন্নিকটে বিসিয়া এক আত্মীয়ার কাছে গল্প শুনিতেছে।

মাদীমাতা জপে বিদিয়ছেন বটে, কিন্তু কিছুতেই মনোনিবেশ করিতে গারিতেছেন না; একটা আলোক তাঁহার চক্ষের সাম্নে ঘুরিয়া বড়ই উত্তাক্ত করিতেছিল; কিন্তু যতবারই চাহিয়া দেখেন, আর দেখিতে পান না। তখন তিনি মনকে দৃঢ় করিয়া চক্ষ্ বুজিতেই দেখিলেন, আলোক অগ্নিরূপে পরিণত হইয়া ধু ধু শব্দে জলিতে লাগিল; তাহার ভিতর একটি মেয়ে পুড়িতেছে। তখন আর স্থির থাকিতে পারিলেন না। চাংকার করিয়া বলিলেন,—"বৌদি দেখ দেখ, কে মেয়ে প্রদীপে পুড়িয়া যায়"অবিরত চাংকারে ও ভয়ে তিনি মুর্জিতপ্রায় হইলেন। আত্মীয়া তখন উঠিয়া বিশ্বয়ে অভিভৃত হইয়া, চতুর্দিকে চাহিতে লাগিলেন; দেখিলেন, কোথায়ও কিছু নাই। তখন ছুটিয়া গিয়া মাদীমাতার মুথে জল দিলেন এবং বলিলেন,—"মেজদি! উঠ, ভয় নাই। ছেলে মেয়েরা ত তোমার

সাম নে বহিয়াছে।" তথন তিনি ক্রমণ: স্বস্থ হইলেন, কিন্তু মন ঠিক করিতে পারিলেন না।

রাত্তিতে আহারাদির পর তিনি শয়ন করিয়াছেন, সবেমান্ত তন্তাবেশ হইয়াছে. এমন সময় দেখিলেন, তাঁহার মেজ ভাস্থরঝি বলিতেছে,— "কাকীমা। আমি আসিয়াছি" তিনি আশ্চর্য্য হইয়া বলিলেন,—"মোহিত। ভূমি এথানে কি ক'রে এলে মা !" সে বলিল,— "ভূমি জান না কাকীমা ? আমি আৰু সন্ধাবেলা প্ৰডিয়া গিয়াছি। আমি তোমাকে বড ভালবাসি. আমি তোমার নিকট আসিব, কিন্তু তোমাকে জ্বলিয়ে পুড়িয়ে তবে যাব।" মাসীমা তথন চীৎকার করিয়া মেসো মহালয়কে ডাকিলেন এবং সমস্ত বলিলেন। তখন তিনি বলিলেন,—"সন্ধা। হইতে ঐ বিষয় চিন্তা করার ঐক্তপ স্বপ্ন দেখিয়াছ। যাহ'ক অতি উৎকণ্ঠার সে রাত্রি काछिल।

পরদিন সকালে মেসো মহাশয় কাজে বাহির হইয়াছেন, ছেলেরা প্রাতর্ভোজন করিয়া কেই বা পড়িতেছে, কেইবা খেলিতেছে; মাসীমাডা ছোট পুত্রটী লইয়া সেইখানে বসিয়া আছেন: এমন সময় তারযোগে সংবাদ আসিল,—মোহিতবালা গত সন্ধ্যায়:অগ্নিদগ্ধ হইয়া মারা পড়িয়াছে। মাসীমাতা কাঁদিতে লাগিলেন। ভগবানের মায়া বোঝা ভার। তিনি সেই মাসেই অস্ত:সন্থা হইলেন। পরে পূর্ণগর্ভাবস্থায় দাদা মহাশয় তাঁহাকে লইয়া আসিলেন। প্রসব-সময় উপস্থিত; পূর্ব্ব ঘটনায় সকলেই উদিয়চিত্ত; অধিকাংশই সকলেই আঁতুড় ঘরে; এমন সময় একটা কপ্তা ভূমিষ্ঠ হইল। মেয়েটী সর্বাকে পোড়া পোড়া দাগ। সে আৰু ১৯ ৰৎসবের কথা। এখনও তাহার গায়ে বোধ হয় ছ একটা দাগ আছে। দিদিমা ভীত হইয়া গণনাদি করাইলেন। শুনা গেল,—৮ বৎসর পর্যাস্ত অগ্নিতে ভয়। সেই প্রবাস্ত তাহাকে চোথে চোথে রাথা হইত। কিন্ত

এমনি সংস্কার.—বেয়েটী আঞ্চন দেখিলেই মহানন্দে হাত দিতে বাইত। মেরেটীর নাম হিরণ, যাহ'ক আট বৎদয় ত কাটিয়া গেল।

**क्रां** चर्जी ज श्वृि । একে একে স্বার মন হইতে দূর হইতে লাগি**ল।** হিরণ বয়স্থা হইলে তাহার বিবাহ হইল। স্বামী ওভারদীয়ার, কলি-কাতার বাড়ী ভাজা করিয়া হিরণকে লইয়া থাকেন। তাহার ছই মেম্বে এক ছেলে। আমাদের বাটী সে থব কম আসে। তাহার বিষয়ে সকলে নিশ্চিন্ত। কিন্তু সহসা কালের কঠোর শাসনে দে স্বামী হারাইল। সব সাধের খেলা ফুরাইল। ১৯ বৎসর বয়সে পতিহীনা অনাথ বালক বালিকার সহিত মাতার আশ্রয়ে আসিল।

এখন হিরণ মরিয়া মাসীমাকে জালায়নি বটে, কিন্তু জীবিত থাকিয়া সে যে অগ্নিশেল মাসীমার বৃকে দিল, তাহাতে সে নিক্ষেও জ্বলিবে **ও** মাসীমাতা যতদিন গাঁচিবেন, তাঁহাকেও জানাইবে।

এখন ধীরে ধীরে সেই ২০ বৎসরের কথা সকলের মনে উদয় হইগা ষর্ত্তিমান অগ্নি প্রজ্ঞলিত হইয়া সকলকেই দগ্ধ করিতেছে।

শ্রীমতী——পাঠিকা।

### অন্তর্কান।

দে আজ অনেক দিনের কথা; তথন আমি মাদারিপুর হাই স্কুলে পড়িতাম। বিধুভূষণ ঘোষ নামক একটা বালক আমাদের সঙ্গে পড়িত। বিধুভূষণ লেখাপড়ায় যেমন, ক্রিকেট, ফুটবল প্রভৃতি ক্রীড়ায়ও তার সেইরূপ প্রশংসা ছিল। আমাদের স্কুলে প্রতি বৎসর শারদীয়া পূজা উপলক্ষে থিয়েটার হইত; থিয়েটারেও বিধুভূষণের বেশ নামডাক ছিল;

নায়কের চরিত্র প্রায় সেই অভিনয় করিত। সে বংসরও থিয়েটার বাদ গেল না—বিধু প্রধান অংশ অভিনয় করিবে। কিন্তু এই সময়ে তার জীবনরঙ্গভূমির অসময়ে ঘবনিকা পড়িরা গেল—বিধু কলেরায় আক্রান্ত হইল। কত ডাক্তার, কত বৈদ্য দেখিল, কিন্তু কিছুতেই কিছু হইল না —সেই দিনই তার মৃত্যু হইল।

ক্রমে থিয়েটারের দিন আসিল—স্কুলের প্রাঙ্গণে ষ্টেজ বাঁধা হইল— নিদিষ্ট সময়ে অভিনয় আরম্ভ হইল— সম্পুর ঐকতানে গৃহ ভরিয়া ফেলিক।

ক্রমে তৃতীয় অঙ্ক শেষ হইয়া গেল; আমার এক বন্ধু—নরেক্রনাথ সরকার সেই অবসরে বাহিরে জল পান করিতে গেল। সে দেখিল, বিধুভ্ষণ দরজার ধারে দাঁড়াইয়া রহিয়াছে। নরেন বিধুর মৃত্যুসংবাদ শুনে নাই; সে উৎসাহের সহিত বলিল,—"কি, বিধু যে—এখানে কেন, ভিতরে যা না!" কিন্তু বিধুভ্ষণ নিশ্চল নিথর—কোন উত্তর করিল না।

নরেন ফিরিয়া আসিয়া আমাকে বলিল,—"ভাই! বিধু দরজায় দাঁড়িয়ে; ভিতরে আস্তে বল্লেম, কিন্তু এল না।"

আমি বিশ্বিত হইরা বলিলাম,—"সে কি ! বিধু ত মরিয়া গিয়াছে ! সে আবার আদ্বে কেমন ক'রে ?" নরেন অবজ্ঞায় হাসিয়া হাসিয়া আমায় দেথাইতে লইয়া গেল । ঠিকই ত ! দরজার পাশে দাঁড়াইয়া—বিধুভূষণ ! সেই আক্রতি—সেই সব ! কে বলিবে মরিয়াছে ! আমি "বিধু, বিধু" বলিয়া ডাকিলাম ; কিন্তু কোথায় বিধু ? চক্ষের পলক ফেলিতে দেখি, সে কোথায় অদৃশ্র হইয়া গিয়াছে ।

শ্রীসভ্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

## সপত্নী-বিদ্বেষ।

গত ১লা ভাদ্র রবিবার প্রাতঃকালে ২৪ প্রগণার অন্তর্গত এঁডিয়াদহ-গ্রামে এক সম্ভ্রাম্ভ পরিবারের মধ্যে একটি অলৌকিক ঘটনা হইয়া গিয়াছে। "ক" বাবুর দ্বিতীয় পক্ষের স্ত্রী প্রাতঃক্রিয়া সমাপনপূর্বক রন্ধনকার্য্যে নিযুক্ত ছিলেন। পরিবারস্থ অন্তান্ত সকলে স্বস্থ কার্য্যে ব্যাপৃত আছেন, এমন সময় অক্সাং একটা মঞ্তপূর্ব অফুট স্বর সেই রন্ধনগৃহ হইতে উত্থিত হওয়াতে, সকলের মনোযোগ সেই দিকে আকৃষ্ট হইল এবং তথায় উপস্থিত হইয়া দেখিলেন যে, বালিকা-বধুটি মেবের উপর পড়িয়া সোঁ গোঁ শব্দ করিতেছে। তৎক্ষণাৎ তাহাকে স্থানাম্ভরিত করা হইল এবং মৃচ্ছাগত হইয়াছে ভাবিয়া, প্রতিবিধানোপায় অবলম্বন করিবার জন্ম সকলেই শশবাস্ত হইগা উঠিলেন। কিন্তু অনতিৰিলম্বেই ভূতাবেশের সমস্ত লক্ষণ পরিণতি প্রাপ্ত হইল। তথন তাহাকে ধরিয়া রাধা অসম্ভব হইয়া উঠিল---দেহে যেন সহস্র অপ্ররের বল আদিয়া উপ-স্থিত হইয়াছে। ক্রমে এই অদ্ভূত সংবাদ চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইয়া পড়িল এবং তৎসঙ্গে গৃহমধ্যে জনতা বৃদ্ধি হইতে লাগিল। অবশেষে একজন স্থানীয় ওঝা তথায় উপস্থিত হইল। তদ্ধুঙে আবিষ্টা বালিকা রোষকষায়িত-লোচনে কর্কশস্বরে বলিয়া উঠিল,—"উহাকে তাড়াইয়া দাও।'' তচ্ছ বণে উপস্থিত নরনারী অত্যস্ত বিশ্বিত হইলেন; বিশেষতঃ ভূতাবেশ বলিয়া ষাহারা প্রথমে স্বীকার করে নাই, তাহাদের সে সংস্কার ক্রমশঃ অপনোদন रुहेन।

ওঝাট প্রক্রিয়া আরম্ভ করিলে পর, নিমলিখিত প্রশ্নোন্তর চলিতে লাগিল। তুই এখনই চ'লে যা—''আমি যা'ব না।''
তুই কে ?—"সতীন।"
কেন এসেচিস ?—"আমার খুদি।''

কি ক'রে এলি ?—"কেন, আমি যেখানে থাকি, সেখানে পানের পিচ্ ফেলেছিল যথন, সেই সময় ধ'রেছি।"

তুই কোথায় থাকিস १—"পাইখানার নিকট ঐ পাছটায়।"

এ তোর কি ক'রেচে যে একে কণ্ট দিছিল ?—"কেন একে আমার সব গহনাগাটি কাপড়চোপড় পরায়; আমার ছোট মেয়ে আছে, তার জন্ত কেন সে সব রেথে দেয় নি। আমার জিনিষ আমার মেয়ে ব্যবহার ক'র্বে। কেন, সে কি ভেসে এসেচে! আমার সাতনর বিক্রি ক'রে 'কলের গান' কেনা হ'য়েচ—আমার গহনাগাটি এই রকম ক'রে সব নষ্ট করা হ'ছে। আমি কিছুতেই ছাড়ব না।"

বধ্মাতার উন্মাদ ভাব দর্শনে "ক" বাব্র জ্যেষ্ঠ লাতা এতক্ষণ নিজ্ঞ প্রকোষ্ঠে আবদ্ধ ছিলেন; কিন্তু একণে উক্তপ্রকার অন্তত কথোপকথনে বিশ্বিত হইয়া কৌতৃহল নিবারণার্থ ঘটনাস্থলে উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিবামাত্র বালিকা অভিবাদনপূর্ব্বক বলিতে লাগিল,—"বাবা, আপনি কেন এখানে কপ্ত করিয়া দাঁড়াইয়া আছেন ? কেন, আমি ত আপনাকে ছ'দিন দেখা দিয়াছিলাম; কিন্তু আপনি তাহা উপেক্ষা করিয়াছিলেন।" এই কথা শুনিয়া তাঁহার শ্বরণ হইল, বাস্তবিক ছ'য়াত্রি তিনি কনিষ্ঠ-লাতার মৃত পত্নীকে দেখিয়াছিলেন; কিন্তু দৃষ্টিল্রম বিবেচনা করিয়া, সে বিষয় লইয়া আর কোন আন্দোলন করেন নাই। এক্ষণে তিনি বেশ ব্বিতে পারিলেন যে, তাঁহার লাভ্বধ্কেই দেখিয়াছিলেন। তার পর তিনি তাহাকে উদ্দেশ করিয়া জিল্ঞাসা করিলেন, তাহার অভিপ্রায় কি এবং কেন সে এই বালিকাকে কপ্ত দিভেছে। তাহাতে সে বলিল যে, ষদি

ইহাকে বাপের বাড়ী পাঠান হয়, তাহা হইলে আর কোন অত্যাচার করিবে না; কিছু এথানে রাখিলে, তাহাকে কিছুতেই ছাড়িবে না! শেষে ওঝার কঠোর উৎপীড়নে স্বীকার করিল যে, বালিকাকে ছাড়িয়া দিবে। ইহার প্রমাণস্বরূপ ওঝা প্রস্তাব করিল যে, ছাড়িয়া চলিয়া যাইবার সময় জলপূর্ণ একটি বৃহৎ কলসী দাঁতে করিয়া লইয়া যাইতে হইবে। তাহাতে সে সম্মত হইল, এবং উপস্থিত নরনারীর সমক্ষে একটি বৃহৎ জলপূর্ণ কলস দাতে করিয়া তুলিয়া, আবিষ্টা বালিকা উর্দ্ধানে দৌড়িয়া বাড়ীর বাহিরে গিয়া ফেলিয়া দিল। সেই সঙ্গে নিজেও অচেতন হইয়া পড়িয়া গেল। তথনই তাহাকে ধরাধরি করিয়া বাড়ীর ভিতর আনা হইল। ধানিক পরে বালিকা স্বাভাবিক অবস্থা পুনঃপ্রাপ্ত হইল।

ক-বাব্র প্রথম পক্ষেত্ব স্ত্রী একটি শিশু কন্সা রাখিয়া স্থাতিকাগৃহে মারা যান। মৃত্যুর কিছু দিন পরে, তিনি দিশু কন্সা রাখিয়া স্থাতিক করেন। বিবাহের পর, ক-বাব্র জ্যেষ্ঠলাতা তাঁহার মৃতা লাভুবধৃকে ছই দিন দেখিতে পাইয়াছিলেন। দৃষ্টিশ্রম বিবেচনা করিয়া সে বিষয় লইয়া তিনি আর বিশেষ কিছু আন্দোলন করেন নাই। বোধ হয়, তাহার কন্সার সম্বন্ধে কিছু বলিবার অভিপ্রায়ে, ভাস্তরের সহিত সাক্ষাৎ করিতে চেষ্টা করিয়াছিল; কিন্তু তাহাতে বিফল-মনোরথ হইয়া সপত্নীকে আক্রমণ করিয়াছিল। কারণ, এইরূপ করিলে, সকলের মনোযোগ আকর্ষণ করিয়াছিল। কারণ, এইরূপ করিলে, সকলের মনোযোগ আকর্ষণ করিতে পারিবে এবং তৎসঙ্গে নিজের উদ্দেশ্র ও সাধিত হইবে। এতদভিপ্রায়ে সে স্বযোগ অন্বেষণ করিয়া বেড়াইতেছিল। কিয়া, নানারূপ অসজ্যোবের ব্যবহার অর্থাৎ তাহার অলঙ্কারাদি বিক্রেয় এবং তাহার মূল্য-বান্ পোয়াক পরিচ্ছদ সপত্নীকে পরিধান করান ইত্যাদি ব্যাপারে রুষ্ট হইয়া, এই সকল অনিষ্ট ও অসন্তোবের একমাত্র মূল বালিকা সপত্নীকে আক্রমণ করিতে বত্ববতী হইয়াছিল। পরে, তাহার প্রতি বিবেষজ্ঞাপক

এই নিষ্ঠুর আদেশ হইল বে, সে খন্তরালয়ে থাকিতে পারিবে না; বাপের বাড়ী যদি তাহাকে পাঠান হয়. তাহা হইলে আর কোন অত্যাচরে করিবে না। এই বলিয়া চলিয়া গিয়াছে।

সেই দিবস অপরাহে পুনরায় তাহাকে আক্রমণ করিল! সকালে দাঁতে ঘড়া লইয়া যথন চলিয়া গেল, তথন সকলেই মনে করিয়াছিলেন ষে. একেবারেই গেল, আর আদিবে না। কিন্তু অপরাহে পুনরাক্রমণের বার্তা প্রবণ করিয়া, সকলেই বিশ্বিত হইয়া ঘটনাম্বলে উপস্থিত হইলেন। সেই সঙ্গে পুর্ব্বোক্ত ওঝাটও আসিয়া হাজির হইল। বেশ বুঝিতে পারা গেল যে, বালিকাকে সেই দিবসই পিত্রালয়ে প্রেরণ করা হয় নাই বলিয়া পুনরাক্রমণ করিয়াছে। উপস্থিত নরনারী ইঞাও বলাবলি করিতে লাগিলেন যে, এ যে সে ওঝার কর্ম নছে। তাহাতে ওঝাট কিছু অপ্র-তিভ হইয়া দ্বিগুণ উত্তমে কার্য্য আরম্ভ করিল। এমন সমগ্ব এক ব্যক্তি আত্মিককে উদ্দেশ করিয়া বিজ্ঞাপস্চক কোন প্রশ্ন উত্থাপন করেন। তাহাতে আত্মিকটি অত্যন্ত ক্রন্ধ হইয়া আবিষ্টা বালিকার মুথ হইতে ভীতিপ্রদ এই কয়েকটি কথা ব্যক্ত করিল,—"তুমিই না শাশানঘাটে বাঁশ দিয়ে আমার মাথার খুলি ভেঙ্গেছিলে. তোমায় দেখবো।" পরে শোনা গেল, বাস্তবিক সেই ব্যক্তিই ঐ কাজ করিয়াছিল। উপন্থিত নরনারী এই কথা শুনিয়া অত্যন্ত ভীত হইলেন এবং সাবধানতার সহিত গতিবিধি করিতে লাগিলেন। অনেকে ভয়ে সেই স্থান হইতে প্রস্থান করিলেন।

এখনও সেই এক কথা,—র্যাদ তাহার সতীনকে বাপের বাড়ী রাখা हम, जाहा हहे**ल. आ**त्र कान अनिष्ठे कतिरव ना ; नरह९ **छा**हारक क्टिं ভাড়াইতে পারিবে না। আর তাহার মেরের উপর যেন কোন রকমের অষত্ব নাহয়। এবারেও ষা'বার সময় পূর্বের স্থায় জলপূর্ণ একটি রুহৎ কলস দাঁতে করিয়া লইয়া গেল।

পরদিন প্রাতে বালিকাকে তাহার পিতাঠাকুর আসিয়া লইয়া গেলেন। পরে শোনা গেল যে, বালিকা পিত্রালয়ে নির্বিল্লে কালাতিপাত করিতেছে।

উক্ত ঘটনাটি সম্ভ্রান্ত পরিবারের মধ্যে হইয়াছিল, সেইজন্ত নাম ধাম ও অন্তান্ত বিষয় গোপন রাখিতে বাধ্য হইলাম। এইরূপ ঘটনা আজকাল খুব বেশী বেশী হইতেছে। কিন্ত জংখের বিষয়, এখনও আমাদের চৈতন্ত উদয় হইতেছে না। ম'রে গেলে যেন ছাই মাটির সঙ্গে আমাদের সকল সম্বন্ধ ঘুচে গেল,—এই কুসংস্কারাচ্ছর ধারণা কিছুতেই দূর হইতেছে না। ইহা বড়ই আক্ষেপের বিষয়!

শ্ৰীঅমৃতলাল দাস।

## কর্মানুসারে জীবের গতি।

পূর্ব্ব প্রকাশিতের পর)

অভাাদ মানব-জীবনের একটী গুরুতর প্রয়োজনীয় অংশ। অভাাদই মানুষকে নির্মাণ করে। সভাব ও অভাাদ এই ছুইটা লইয়া মনুষ্য জীবনের ধর্মাধর্ম কর্মাকর্ম শুভাশুভ দৃষ্ট হয়। শিশু মানব স্বভাব লইয়া জন্ম গ্রহণ করে এবং পরে বয়োর্দ্ধির সহিত নৃতন নৃতন ব্যবহার ও চিস্তা-প্রণালী শিক্ষা করে। অভাাদ আমরা এ পৃথিবীতে সঞ্চয় করি; স্বভাব আমরা জন্মগ্রহণের সহিত পাইয়া থাকি। স্বতরাং স্বভাব আর পূর্বজন্মের সংস্কার একই জিনিদ। তাহার কারণ, সংস্কার ভিন্ন আর কিছুই আমরা মৃত্যুর পর লইয়া যাইতে পারি না। এই সংস্কার আবার পূর্বজন্মের কতকগুলি ভালমন্দ অভাাদের ফল। স্বতরাং পূর্বজন্মের অভাসই

সংস্কাররূপে ইহজন্মের স্বভাবে পরিণত হয়। এই পৃথিবীতে জন্ম লইয়া যে স্বভাব পাই, তাহা পুর্বজন্মের অভ্যাস ব্যতীত আর কিছুই হইতে পারে না। স্বতরাং এই জন্মে আমাদের স্বভাবের উপর আবার কতক-গুলি নৃতন নৃতন অভ্যাস সংগ্রহ করিতে হয়। অতএব স্বভাব ও অভ্যাস नहेंग्राहे मानवः कौवन ।

অভ্যাদ aguired বা দঞ্চিত, স্বভাব innate বা প্রাক্তন। মন্দ স্বভাব লইয়া জন্মগ্রহণ করিলে, মন্দ অভ্যাস দিনে দিনে নৃতন নৃতন সহস্র পথে আসিয়া উপস্থিত হয়। স্বতরাং মন্দ স্বভাব হইতে নানা রকম মন্দ অভ্যাদের সৃষ্টি হয়। আবার ইহ জ্রানের মন্দ স্বভাব গত-জন্মের মন্দ স্বভাবের ফল। অতএব দেখা যাইতেছে যে, অভ্যাসই মানুষকে মামুষ বা পশু করে এবং স্বর্গের স্থুখ বা নরকের ছঃখ দান করে।

কিন্তু স্বভাব ও অভ্যাদের মধ্যে এইটুকু বিশেষত্ব যে, স্বভাব পরিবর্ত্তন করা যায় না অথচ অভ্যাস ইচ্ছামত পরিবন্তিত করা যায়। কথায় আছে. "স্বভাব না যায় ম'লে" অর্থাৎ না মরিলে স্বভাব যায় না।

অভ্যাসই মানব-জীবনের ভবিষ্যৎ স্থচনা করে। ভাল অভ্যাস হইতে স্থুখ এবং মন্দ অভ্যাস হইতে তুঃখ জনায়।

স্বভাব অভ্যাদ অপেক্ষা শক্তিমান বটে কিন্তু অভ্যাদে স্বভাবকে নিয়'মত করা যায়। মন্দ স্বভাবই একেবারে নষ্ট করা যায় না ; তবে ভাল অভ্যাস-সাহায্যে মন্দ স্বভাবের কার্য্য বন্ধ করা যায়। কারণ, অভ্যাসই কালক্রমে স্বভাবের স্থায় শক্তিমান হইয়া উঠে। ইংরাজীতেও একটী প্রবাদ আছে.—Habit is the second Nature, অভ্যাস বিতীয় স্বভাব মাত্র।

রত্বাকর দম্মা মন্দস্বভাবসম্পন্ন লোক ছিল। কারণ, সে দম্মাকুলে জন্ম নইয়াছিল; পরে দস্থাবৃত্তি অবলম্বন করিয়া, নানা রকম কদভ্যাস শিক্ষা করিরাছিল। সেই রত্মাকর দম্মা 'মরা' জপ করিতে আরম্ভ

করিয়া নৃতন অথচ স্থান অভ্যাদ আরও করিল, এবং তাহাতেই তাহার কলঙ্কমর গত জীবনের আমৃল পরিবর্ত্তন হইরা গেল,—রত্বাকর দস্য বাল্মীকি মৃনি হইলেন, সচিত্তার ও ঈশ্বর-সাধনার শুদ্ধচিত্ত হইতে অকশ্মাৎ দেবভাষার জীবে প্রেম বোষণা করিলেন—

''মা নিধাদ প্রতিষ্ঠাং ত্বম'' ইত্যাদি।

রত্মাকর দস্মার বান্মীকি মুনিতে পরিবর্ত্তন বড়ই বিশ্বয়কর। এই উপাখ্যানটী পড়িলে মনে হয়, সং অভ্যাসের ফল কিরূপ মহং; মন্দ স্থভাবও অভ্যাসঞ্চলে পরিবর্ত্তিত হয়।

কিন্তু স্বভাবের শক্তি এত বেশী যে, সময় সময় অভ্যাসের শক্তিতেও তাহাকে দমন করিতে পারে না। সংস্কৃত হিতোপদেশে এই সারবাণ উপদেশটী আছে.—

"স্বভাবো মৃদ্ধি বর্তন্তে"—অর্থাৎ স্বভাবই প্রধান।

নীলবর্ণ শৃগালের গল্পে এই—সভাটী বেশ বুঝিতে পারা ষায়। এই গল্পটী সকলেরই জানা আছে, তথাপি সংক্ষেপে বলিতে হইল। এক শৃগাল দৈবাং এক নীলভাণ্ডে পর্ডিয়া গিয়া নীলবর্ণে রঞ্জিত হইয়া সিংহ ব্যাঘ্র প্রভৃতি জন্তুগণের ভীতি উৎপাদন করিয়াছিল। বনের সকল পশু তাহাকে এক নৃতন পশু মনে করিয়া, তাহাদের রাজা করিয়া তাহার সেবা করিতে লাগিল। নীলবর্ণ শৃগাল অভ্যন্ত ধৃর্ত্ততার সহিত সিংহ ব্যাঘ্র প্রভৃতির উপর রাজত্ব করিতে লাগিল এবং নিজে যে শৃগাল, কোনক্ষপে ইহা কাহাকেও জানিতে দিল না। পাছে অপর শৃগাল ভাহাকে চিনিতে পারে, এইজন্ত সে বনের সকল পশুকে শৃগালজাতির উপর বিশেষ নজর রাধিতে আদেশ করিল ও আপন সভায় শৃগালের স্থান দিল না। শৃগাল হইয়াও অভি সাবধানেতে থাকিতে লাগিল। পাছে শৃগালের অভ্যাস দেখিয়া কেহ সন্দেহ করে, এই ভয়ে সে শৃগালের

বৃত্তির যতদূর সন্তব সঙ্কোচ করিল। একদিন সন্ধ্যাকালে নীলবর্ণ শুগাল সিংহ ব্যাঘ্র প্রভৃতি বলবান জম্ভদিগকে লইয়া সভা করিয়া বসিয়া আছে, এমন সময়ে দূরে শুগালের উচ্চরব ভানয়া, বর্ত্তমান অক্সা ভূলিয়া গিয়া মনের আনন্দে স্বজাতিপ্রীতিতে আত্মহারা হইয়া, নিজে শগালের স্বাঞ্চাবিক উচ্চরব না করিয়া থাকিতে পারিল না। শৃগালের স্থর গুনিয়া অপর সকল জম্ব তাহাকে শৃগাল বলিয়া চিনিতে পারিল এবং কিছুক্ষণ সকলে অধোবদনে থাকিয়া পরে নীলবর্ণ শৃগালকে ধরিয়া থণ্ড থণ্ড করিয়া ফেলিল। নীলবর্ণ শৃগালের স্বভাব অতি সাবধানে থাকিয়াও বাহির হইয়া পড়িল। স্বভাবই প্রধান হইয়া পড়ে।

হিতোপদেশে স্বভাবের প্রাধান্ত সম্বন্ধে অনেক গল্প আছে! বনের জম্ব যতই ধর্মান্ত্র পড়ুক না কেন, যতই উপদেশ পাউক না কেন, তাহার হিংস্র স্বভাব কিছুতেই যায় না ; যেমন গরুর হুধ স্বভাবতই মধুর। গরু ঘাস পাতা প্রভৃতি অনেক জিনিস থার, কিন্তু গরুর হুধের প্রকৃতিতে মধুরতা আপনিই আসে।

স্বভাব তাহা হইলে সর্বাপেক্ষা গুরুতর জিনিস; কিন্তু স্বভাসের শক্তিও বড সামান্য নয়। অনেক সময়ে অভ্যাসের গুণে স্বভাবের শক্তি একেবারে নষ্ট হইরা যায়। এই সম্বন্ধে আমরা একটী গল বলিব---

কোন বনে একটা ভীষণ বিষধর বাস করিত। তাহার প্রতাপে নিকট-বর্ত্তী গ্রামের লোকেরা সর্বনাই আকুল হইয়া থাকিত। রাথালেরা সেই বনের ধারে গরু চরাইতে আসিত না। সেই বনের ধার দিয়া যে পথ চলিয়া গিয়াছে সে পথ দিয়া পর্য্যন্ত সর্পের ভরে কেহ বাতায়াত করিত ना। একদিন এক সন্ন্যাসী সেই ৰনের পথ দিয়া যাইতেছেন, এমন সমঙ্কে वाथालका चामिया, वाक्रम कविया बनिन,—७१८५ गहिरक ना, এकটा

ভয়ানক দৰ্প আছে।" সন্ন্যাসী একটু হাসিয়া বলিলেন,—'আছে। দেখা যাক।''

পরে সন্ন্যাসী বনের ধারে আসিলে সর্পটা হিংস্রস্বভাববশতঃ বেমন তাড়া করিয়া আসিল, অমনি সন্ন্যাসী মন্ত্রবলে তাহাকে শক্তিহীন করিলেন, এবং অবশেষে তাহাকে বুঝাইলেন "হিংসা ছাড়িয়া ঈশ্বর উপাসনা করিলেই সর্পক্ষয়ের পর ভাল জন্ম হইবে।

সর্পটা সন্ন্যাসীর শিষ্য হইল। ক্রমে সে সর্পটি একেবারে ভালমান্ত্রইন্না পড়িল। রাথালেরা ভাহাকে একদিন প্রহার করিন্না আধমরা করিলে, তব্ও সে কিছু করে না; কারণ গুরুর উপদেশ 'হিংসা করিও না।'

অবশেষে দে রাখালগণের ভয়ে দিবার পরিবর্তে রাত্রিতে বাহির হইয়া আহার খুঁজিত এবং হিংসাবৃত্তি ভূলিয়া গিয়া, একেবারে ক্ষমাপ্রধান যোগীর ন্যায় জীবন জাপন করিতে লাগিল। সে ক্রমে এত ধার্ম্মিক হইল যে, তাহার গুরুদেব পর্যান্তও বিশ্বিত হইয়া তাহাকে অল্লবিস্তর ভর্পনা করিতে লাগিলেন। অভ্যাসের শক্তি বিপুল।

( ক্রমশঃ ) শ্রীঅশ্বিনীকুমার চক্রবর্তী। বি, এ,বি, এল**্**।

### ত্রুটি-স্বীকার

গত কার্ত্তিক সংখ্যার "কন্দানুসারে জীবের গতি" নামে যে প্রবন্ধটি বাহির হইরাছে, উহা "প্রেত্ত্ব ও তাহার মোচনোপার''হইবে, ছাপাধানার ভূল বশতঃ ইহা হইরাছে। এইরপ প্রায়ই ভূল হইত বলিয়া, আমরা পূর্ব্ব ছাপাধানা হইতে অলোকিকরহস্ত উঠাইয়া লইয়াছি; আশা করি, প্ররায় এরূপ ভূল আর হইবে না। ইতি অঃ রঃ সঃ



রাজস্তবর্গের অন্থমোদিত, বিশ্বস্ত ও পৃষ্ঠপোবিত---কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

# জবাকুস্থম তৈল।

**भिरतारतारगत मरहोय**ध।

গুণে অদ্বিতীয়! গন্ধে অতুলনীয়!

জৰাকুস্ম তৈল ব্যবহার করিলে মাথা ঠাণ্ডা থাকে, জ্বকালে চুল পাকে না, মাথার টাক পড়ে না। বাঁহাদের বেলী রক্ম মাথা খাটাইতে হর তাঁহাদের পক্ষে জবাকুস্ম তৈল নিতা বাবহার বিজ্ঞা ভারতের বাধীন মহারাজাধিরাজ হইতে সামাল্ল কুটারবাসী পর্বাত্ত সকলেই জবাকুস্ম তৈলের খণে মুদ্ধ। জবাকুস্ম তৈলে বাবহার করেন এবং সকলেই জবাকুস্ম তৈলের খণে মুদ্ধ। জবাকুস্ম তৈলে মাথার চুল বড় নরম ও কুঞ্জিত হয় বলিয়। রাজরাণী হইতে সামাল্ল মহিলারা প্রাত্ত অভিত্ত আদরের সহিত জবাকুস্ম তৈল ব্যবহার করেন।

এক শিশির মূল্য ১ এক টাকা। ভাকমাশুল। ০চারি আনা ; ভিঃ পিতে ১। / ০পাঁচ আনা। সি, কে, সেন কোং লিমিটেড, ব্যবস্থাপক ও চিকিৎসক—

কবিরাজ শ্রীউপেন্দ্রনাথ সেন ২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।

# থিয়েটারের

ষ্টেজ, সিন, ড্রেদ, চুল প্রভৃতির প্রয়োজন হইলে অর্দ্ধ আনার ফ্ট্যাম্পদহ ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এণ্ড কোং পেণ্টার্স,

২২ নং হারিসন রোড, কলিকাতা।

# শ্রীরামান্মজ-চরিত।

শ্রীমৎ স্বামী রামক্ষঞানন্দ প্রণীত।

শ্রীসম্পোরে প্রচলিত আচার্য্য রামামুলের বিত্ত জীবনবৃত্তান্ত বালালা ভাষার এই প্রথম প্রকাশিত হইল। গ্রন্থকার এমন ভন্তাবভাবিত ।ও রসগাহী হইরা তুলিকা ধরিরাহেন ও চিত্র অ'কিয়াহেন যে বঙ্গসাহিত্যে আচার্ব্যের যোগ্য পরিচর দিবার লম্ভ যে লামরা যোগা লেখক পাইরাহিলাম,ভাষা পুত্তকখানি পাঠ করিতে করিতে পাঠক হৃদরক্ষ করিবেন।

প্রস্থেষ মলটে স্কার কাপড়ে বাঁধান এ ং প্রাচীন দ্রাবিড়ী পুঁথির পাতার মত নামা বর্গে চিত্রিত। আচার্যা রামামুজের জীবদ্দশার খোদিত প্রতিমূর্ত্তি গ্রন্থে সন্নিবিষ্ট হইরাছে। মূল্য তুই টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—উদ্বোধন কার্য্যালয়। বাগ্বাজ্ঞার, কলিকাতা। নুতন ধরণের সচিত্র মাসিক পত্রিকা। নুতন ধরণের

### গল্প-লহরী।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্ত্র সম্পাদিত। শ্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে। প্রতিমাসেই স্থান্দর ছবিতে প্রক্রিকা স্থানোভিত। আকার ডিমাই ৮পেঞ্জী ৮ ফর্ম্মা।

শ্রাবণ সংখ্যায় নিম্নলিখিত গল্পগুলি আছে। শ্রীষ্ক কালী প্রসন্ধান গুপ্ত এম, এ লিখিত—'স্বমঙ্গলা ও প্রাণের বিনিময়', শ্রীষ্ক মুনীক্ত প্রদাদ সর্বাধিকারী লিখিত—'নবানের সংসার'ও শ্রীষ্ক জ্ঞানেক্তনাথ বোষ বি, এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পত্রিকা কেবলমাত্র স্থানর স্থানর, মনোমুগ্ধকর গল, মনোহর উপস্থাস, চিত্তচমকপ্রদ অমণকাহিনী, ডিটেক্টিভের লোমহর্ষণ ঘটনাবলী, শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রসাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজে নীরস প্রবন্ধ ইহাতে স্থান পাইবে না। বঙ্গের খ্যাতনামা গল ও উপস্থাস লেধকগণ ইহাতে নিয়মিত লিখিবেন।

অগ্রিম বার্ষিক মৃল্য ডাক মাস্থল সমেত সহর ও মফঃমলে ।।• টাকা। অগ্রিম মৃল্য বাতীত কাহাকেও পত্রিকা পাঠান হর না। নমুনা সংখ্যা মান্তল সমেত ।/• আনা।

> শ্রীসতীশ চন্দ্র (ঘাষ । কার্য্যাধ্যক, "গল্ল-লহরী" ২৮ নং হুর্গাচরণ মিত্তের দ্বীট, কলিকাতা ।

#### সম্পাদক কেশবচন্দ্র শুপ্ত, এম্-এ, বি-এল।

**এই** कांस्त्रत चर्छनात एमम वर्ष चात्रस इहेत । এहे कांस्त्रन मार्ग्स्ट चर्छना महिता हरेबा बाहित हरेएउएह। व्यक्तिवात मुठन পরিচর कानावश्रक। बक्रवाने, बक्रमठी, হিতবাদী, সাহিত্য প্রভৃতি প্রসিদ্ধ প্রসমূহে অর্চনা প্রথম শ্রেণীর মাসিক বলিরা বিঘোষিত। প্ৰবীণ প্ৰখ্যাতনামা লেখকবৃন্দ অৰ্চনার দেশক। নবীন ও প্ৰবীণ সাহিত্য-র্ষিবুদ্দের সমন্বয়ক্ষেত্র অর্চন। অর্চনা উৎকৃষ্ট এণ্টিক কাগজে পরিপাটীরূপে বৃদ্ধিত। কভার, চিত্রাদি, সুলিধিত প্রথম সম্ভারে অর্চনাকে এত নৌন্দর্যাণালনী করিয়া তলিয়াছে বে প্রত্যেক সংখ্যা অর্জন। প্রিয়ন্তনকে উপহার দিবার সামগ্রী হইরাছে।

পত वर्ष अर्फनांत करलवत वृद्धि हरेताहिल किन्तु मूला चार्फ नांहे, वर्षमान वर्ष bिज সংবোজিত হইবে অথচ বাৰ্ষিক মূল্য পূৰ্ব্ববংই রহিল ৷ পাঠক এ সুবোগ ছাড়িবেন কি ?

পত বৰ্ষে অৰ্চনাৰ প্ৰাহকাতিশয়ো আমহা অবেকগুলি গ্ৰাহক কিবাইতে বাধা হইগছিলাম। এবাবেও নিৰ্দিষ্ট সংখ্যা ছাবিতেছি,অত 🐠 শীঘ্ৰই গ্ৰাহক হউন : অগুৰা যদি পুনমু'ল্লিত না হয় তাহা হইলে পাটবার আশা থাকিবে না: কারণ মাসিক পত্রিকা সাপ্তাহিক নতে। যে যে সপ্তাহ ২ইডে গ্রাহক হইলেন, পর বর্ষের তৎপুর্বর তারিধ পর্যান্ত কাগজ পাইলেই এক বর্ব পূর্ব হটবে। মাদিক পত্তের প্রাহক হটতে হইলে বর্ষের প্রথম হুইতেই গ্রহণ করিতে হর। অদাই পত্র লিখুন। অর্চনার বার্ষিক মূল্য সর্কাত্র ১।• ( জি: পি: তে ১।/• )

ম্যানেজার, অর্চনা

১৮ নং পার্ব্বতীচরণ ঘোষের লেন, অর্চনা পোষ্ঠ আফিস, কলিকাতা।

# অর্থা।

#### শ্রীঅমূল্যচরণ সেন-সম্পাদিত।

ৰূল্যের ফুলভভার অথচ প্রবন্ধগৌরবে ইহার সমকক মাসিক বর্ত্তমানে বঙ্গগাহিভো আর নাই বলিলেও অত্যক্তি হয় না। 'অর্থোই' উরঙ্গজেবের আমলের ইতিহাস পুলাসতের অমুবাদ ধারাবাহিকরপে বাহির হইতেছে । ইতিহাস ও পুরাতত্ত্বের আলোচনা—অর্ব্যের বিশেষভ। ভদ্যভীত অভি উচ্চদরের সাহিত্যের আলোচনামূলক প্রবন্ধ মৌলিক কুন্ত পল্ল প্রতি সংখ্যার একটি করিয়া সম্পূর্ণ বিদেশীগল্প কিম্বদন্তী প্রভৃতি বাহির হর। ज्यात्रामी जावित्म रह वर्षि नवार्तने कतित्व । रह वर्षि मन्नावत्कत्र मानल हिन्न वा त्मसूत्री রচিত মোগল-ইতিহাদের অনুবাদ ধারাবাহিক রূপে বাহির হইবে। বার্ষিক মূল। সৰ্বতে সভাক ১, টাকা মাত্ৰ।

ম্যানেলার, অর্ব্য, ভৈরব বিশাসের লেন, কলিকাডা।

#### বিজ্ঞাপন।

#### সচিত্র নৃতন অলোকিক বিজ্ঞাপন ( বিতীয় বর্ষ ) মাসিক পত্রিক। ব্রহ্মাবিতা।

্বন্দীয় তত্ত্বিভা সমিতি হইতে প্রকাশিত) সম্পানন্দ—

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহান্তর এম, এ, বি, এল। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বোস্তরত্ব এব, এ, বি এল।

এই পত্রিকার প্রতিমাসে ধর্ম ও অধ্যার-বিদ্যা সমক্ষে প্রবন্ধ এবং উপনিবদাদি শাস্ত্রগ্রন্থ ধারাবাহিকরণে প্রাঞ্জল ব্যাখ্যাসহ মুদ্রিত হইতেছে। তত্তির আর্ঘ্য-শাস্ত্র-নিহিত
অমূল্য তত্ত্ব রাজ পাশ্চত্য বিজ্ঞানের আলোকে পরিক্ষুট করিবার অভিলাবে বছবিধ বৈজ্ঞানিক তত্ত্ব, আধ্যাত্মিক আখ্যায়িকা, যোগশাস্ত্র, হিন্দু জ্যোতিব প্রভৃতি বিবরে প্রবন্ধাদি এবং ধর্ম ও আধ্যাত্মিক বিবয়ক প্রশ্নের সত্তব্তর প্রকাশিত হইরা থাকে।

আকার—রয়েল ৮ পেজী, সাত কর্মা। বৈশাথ মাসে বর্থ আরম্ভ। উৎকৃষ্ট কাগল, পরিকার ছাপা।

মূল্য—সহর ও মফঃখল দর্বতে ডাকমাগুল সমেত বার্ধিক ছুই টাকা মাত্র। তত্বজ্ঞানপিপাস্থ ব্যক্তিগণ সত্তর গ্রাহকশ্রেণীভূক্ত হউন ইহাই প্রার্থনা।

ব্রহ্মবিভা কার্য্যালয় ৪।৩A. কলেজ স্কোয়ার, (গোলদীবার পূর্ব্ব) কলিকাতা। শ্ৰীবাণীনাথ নন্দী। কাৰ্য্যাধ্যক্ষ।

# সেদিনীপুর-হিতৈষী

মেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বহুল প্রচারিত সাপ্তাহিক সংবাদপত্ত। বার্ষিক মুলা ২, টাকা। জেলার কালেক্টারীর ও দেওরানী আদালতের সমুদার ইন্ডাহার মুদ্রিত হয়। প্রত্যেক দেন্দারকে এক একথানি করিয়া কাগজ প্রেরিত হওরার নৃতন নৃতন ব্যক্তি পাইরা থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের প্রচুর লাভ। বিজ্ঞাপনের দর ক্লভ।

#### কলঙ্ক-ভক্তের ভগবান-প্রণয়ীর পতা।

উৎকৃষ্ট সভা ঘটনামূলক গ্রন্থ। পাঠে কলকৈর জর থা কবে না। কলকীও সাবধান হইবেন। ভাষার লালিতা ও মধুরতার মুগ্ধ হইবেন। শিক্ষার চূড়ান্ত! রস ও রসিক-ভার প্রস্থবন। হাতে পড়িলে পাঠ শেষ না করিয়া ছাড়িতে পারিবেন না। মূল্য বাঁধাই ৮০ আনা, আবাঁধা॥৮০ আনা।

ভক্তের ভগবান্—অভি অপূর্ক গ্রন্থ। সভীর পতিভক্তির টব্বল দৃষ্টান্থ ও ভগবানের ভক্ত রক্ষা দেখিরা চক্ষের জনে বক্ষঃ ভাসিরা যাইবে, না পড়িলে বুঝা বার না। মূল্য। আনা প্রশার পত্র—স্থাপাঠা। সভীর পতিভক্তি ও কর্ত্তবা সম্পাদন দেখিরা মুক্ষ ইইবেন। ভাষার লালিভ্যে ও মাধুযো, বিষয়ের পরিক্ষ রণে ও শিক্ষার ইহা অমূল্য। মূল্য। আনা

भूछक जिनवानि भाठ कतिया मूक्ष ना इहें ल मूला स्क्तब पिव।

कार्याधाक--- स्मिनीश्रव हिटेज्बी, स्मिनीश्रव।

### সহজে যোগবল প্রত্যক্ষ করুন।

বজ্রযোগ— সর্কবিধ অজীর্ণ, ক্রিমি ও মেন্ট্রেষ নাশক। ১৫ দিনের ১ । চন্দ্রেপ্রভা— গনোরিয়া, উপদংশ, ঘোলাটে প্রস্রাব, অভিরিক্ত প্রস্রাব, হাড পা ও চক্ষু আলা, শরীরের অবসাদ, শরীরে হুর্গন্ধ, গুক্রভারলা, গুক্রগুপ্ত ও জ্রীরোগে বিশেষ স্থকলদারক। ১ মাসের ০ টাকা। চন্দ্রবল্পী তৈল শাস্ত্রোক্ত প্রণালীমতে বিশেষভাবে প্রস্তুত। ইহাতে চুল খুব ঘন ও মন্থল হয় অথচ পেটক গাণা, মাথাধরা, চক্ষে ঝাপা দেখা, হাদর কম্পন, হাত পা আলা, শরীরের অবসন্ধতা প্রভৃতি অচিরে দ্র করে। এক শিশি বাবহারেই যথেষ্ট উপকার হইবে। বড শিশি হাান টাকা। ছোট

অমৃত নিকেতন শটীই একমাত্র যক্কতাদি দোষ, ভসকা ও পাতলা বাব্দে ও হধ তোলা শিশুর নির্দোষ থাছ। ইহা সর্বরোগেরই পথ্য। অম্বলের যম। ইহা মৃত্র যন্ত্রের দোষ, হাদর স্পান্দন, ক্রিমিজাত উপদ্রব ও চর্মারোগ বিনাশ করে এবং মাথা ঠাণ্ডা রাথে। মৃল্য বড় কোটা।/• আনা ছোট কোটা ৵• আনা।

শিশি ১॥• টাকা।

কবিরাজ শ্রীবিনোদলাল দাশ গুপ্ত কবিভূষণ।
অমৃতনিকেতন—২৬ নং গ্রে খ্রীট, কলিকাতা।

# জাহ্নবী।

( সর্বোৎকৃষ্ট সুলভ মাদিক পত্রিকা )

ভূতপূর্ব্ব "বঙ্গলন্দ্রী" সম্পাদক শ্রীযুক্ত সুধাক্তম্ব বাগচি সম্পাদিত।
প্রতি বাঙ্গালা মাসের ১লা তারিখে প্রকাশিত হয়। প্রতি মাসে ৮
কর্মা ৬৪ পৃষ্ঠা থাকে। অগ্রিম বার্ষিক মূল্য ডাঃ মাঃ সহ ১॥• দেড় টাকা
মাত্র। প্রবন্ধগোরবে, বিষয়নির্ব্বাচন এবং ভ্রমণকাহিনী, নক্সা, বৈজ্ঞানিক
প্রবন্ধ, কবিতা, সুচিস্তিত প্রবন্ধ, ঐতিহাসিক কাহিনী ও গল্প, চরন,
স্মালোচনাদিতে প্রতি মাসের 'কাহ্নী'র কলেবর পূর্ণ থাকে।

कार्याधाक, जारुवी;

জাক্ষী কার্য্যালয়, ২০১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, পোষ্ট সিমলা, কলিকাতা।

৪০ বংসরের চিকিৎসাভিজ গবর্ণমেন্টের ভৃতপূর্ব্ব কালাজ্ব তদস্তকারী

# ইফার্ণ লাইফ ইন্সিওরেন্স কোম্পানী

### লিমিটেড্

এই স্থানিচিত কোম্পানী গত প্রান্ত ৪ বংসর বাবং অতি দক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধ্যবিজ্ব ও দরিদ্র ব্যক্তিগণের উপযোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রভিতেটি ক্রিপ্ত ডিপার্টমেন্ট খোলা হইরাছে। ইইাতে মাসিক অত্যন্ত পণ দিয়া মৃত্যুকালে বা পুত্র কঞ্চাদির বিবাহ সময়ে যথেষ্ট অর্থসাহায্য পাওয়া বায়।

উপস্থিত কোম্পানীর কার্য্যাবলী করেক জন সন্ত্রান্ত ও বিশিষ্ট ভদ্রলোকের উপর গুলু হইরাছে। নিরমাবলী সংশোধিত হইরা অভিনব উৎসাহে কার্য্য চলিতেছে। কার্য্যের প্রসারও অভ্তপূর্ব্ব বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এজেন্সী স্থাপিত হইরা মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওরা বাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত হেড আফিসে আবেদন করুন। সর্ব্বত্ত এজেন্ট আবশ্রক।

#### শুভসংবাদ---

ভারতগভর্ণমেণ্টের আইন অমুষায়ী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পক্ষে ইহা অতীব আনন্দের সংবাদ।

#### ১৯১৩ খৃষ্টাব্দের ডাইরেক্টরগণ।

রার যতীক্রনাথ চৌধুরী জমিদার এম, এ, বি এল, টাকি। শ্রীযুক্ত নরেক্রলাল চৌধুরী জমিদার হুগলী, শ্রীযুক্ত যতীক্রনাথ রার চৌধুরী জমিদার সাতক্ষীরা। শ্রীযুক্ত মণীক্রনাথ মুখোপাধ্যার জমিদার রাণা্ঘাট। জ্যাটণী শ্রীযুক্ত জে, সি, দত্ত। মাক্তবন্ধ শ্রীযুক্ত রমণীমোহন দাস, জমিদার। শ্রীযুক্ত শৈলজানাথ রায়চৌধুরী, জমিদার।

> জানাথ রায়চৌধুরী, জেনারেল ম্যানেজার।

とくひひひひひひひひひひひひひ এবং সূত্র, মূত্রনালী ও ক্লননেজির সম্বন্ধীর রোগ ুসমূহের বিশেষাভিজ রায় সাহেব ডাঃ কে, দি, দাদের প্রান্ত্য-সহার। 'শ্বস্থারকা সম্বন্ধে দ্বীপুরুষের দৈনিক আবশ্রকীয় পুস্তক—বিনামূল্যে বিভারত স্বয়ং উপস্থিত হইয়া কিংবা পত্ৰ দারা গ্ৰহণ করুন। স্বাস্থ্য-সহায় ঔষধালয়। ৩০।২ হারিসন রোড, কলিকাতা। MACACACACACACACAC প্লাশী-সূচনা.'' ''অশ্রুধারা,'' ভীষণ প্রতিশোধ" প্রভৃতি পুস্তক প্রণেতা

#### শ্রীষুক্ত অমুকৃলচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত

### বিথি-প্রসাদ। মনোরম সামাজিক উপন্যাস।

২৬২ পৃষ্ঠার সমাপ্ত। তিনখানি স্থন্দর চিত্র শোভিত। মূল্য ১০ টাকা মাত্র। এই গ্রন্থে জন্মান্তরবাদ, প্রেততন্ত্ব, কর্মফল, পাপ পুণ্যের বিচার, হিন্দু শাস্ত্রসন্মত ঐ সকলের ব্যাখ্যা, আদর্শ হিন্দুর, ভ্রাস্ত, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চাত্য-শিক্ষিত, পাশ্চাত্য সভ্যতাণীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওজ্বিনী ভাষায় বর্ণিত হইয়াছে। ইহাতে আর্যাঞ্চিগণপ্রবন্তিত সনাতন ধর্মের সরল ব্যাখ্যা আছে, অবচ তাহা একদেশ-দর্শিতাপূর্ণ নহে-প্রাচ্য ও প্রতীচ্যের দর্শন-শাস্ত্র সমন্বরে লিখিত এই সকল জটিল বিষয় খাহাতে ফুকুমার-মতি বালক, দামাশু শিক্ষিতা মহিলা পর্যান্তও সহজে রুঝিতে পারেন, তদ্রপ ভাষায় ও ভাবে উপস্থাসের বর্ণনাছলে বিবৃত করা ररें इहा

এই**ত গেল শাস্ত্রীর্ন** কথার বিচার, এতদ্বাতীত কি কি আছে দেপুন। হিন্দু জীব্দুনর আদর্শ চিত্র, পিশাচ প্রকৃতি মানবের ভীষণ জীঘাংসা, হিন্দু বালিকার প্রবল ধর্মদ্রীব, পরহিত সাধনের অনুপম দুষ্টাস্ত-এ সকলের অভাব পরিদৃষ্ট হইবে না। এক কথার এমন শাল্পোপদেশ-মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ভ, সর্বাক্রফুন্দর উপস্থাস বছকাল वावर वन-महिर्छा क्रिकामिछ इम नाहे। यपि छात्क हछ, धर्म भिभाय हछ, छानार्कात-বদ্ধপরারণ হও, তাহা হইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিতপ্ত হও--আন্ত্রীয়

ব্রনকে পড়িতে দিয়।কর্ত্তব্য সাধন ও তাহাদিগের সম্বোধ বিধান কর।

#### শ্রীযুক্ত ক্ষীরোদ প্রসাদবিভাষিনোদ এম-এ প্রণীত। আলিবাবা (রঙ্গনাট্য) প্রতাপাদিত্য 📜 প্রমোদরঞ্জন (নাটক) জলিয়া (B) প্রলাশীর প্রায়শ্চিত্র সাবিত্রী ( **( ( )** বেনৌরা (গীতিনাট্য) বুন্দাবন-বিলাস (গীতিনাটক!) কবি-কাননিকা (রঙ্গল্পাস) ब्रघ्वीत ( नाउँक ) উলুপী ( ঐ ) নারায়ণী ( উপন্তাস, বিলাভী বঁখি। বৃক্ষঃ ও বৃষ্ণী চাঁদবিবি ( ঐতিহাসিক্টনাটক অশ্বে‡ক ( P) বাসন্তী (স্থঙ্গনাট্য ) বৰুণা ( গীতিনাট্য পলিন বিশ্বাসক্রপ্ত পলিন ছুৰ্গা ( উপাদেয় স্ত্ৰীপাঠা : উৎকৃষ্ট ক্ৰাণাই ) শিভিয়া ( ঐবজ্ঞানিক নাটক ) ুখাজাহান ( ঐতিহাসিক নাটক ) .. "ভীয়" রূপের ডালি **ইউনিভার্শেল লাইডেব্রী,** ভেগে নং কলে**ৰ** ষ্ট্ৰীটু, কলিকাতা।

Cover printed by A. BANERS, at the METCALFE PRINTING WORKS 1

24, Mechuabazar Street, Calcutta.



जात्योखिक स्थ्या

### শ্রীক্ষীরোদপ্রসাদ বিত্তাবিনোদ

সম্পাদিত অখিনীকুমার চক্রবর্তী বিএ, বিএল, সহকারি-সম্পাদক;

### বলুন দেখি--প্রকৃত স্থন্দর কে ?



এ প্রশ্নের উভরে এই পর্যান্ত বলিতে পারি, বিনি নিতা "কেশরঞ্জন" ব্যবহারে স্নান করেন। স্নানান্তে, মুখে যে মধুর সৌন্দর্য্য ফুটিরা উঠে, ভাহা দর্পণ-সাক্ষাতেই প্রথম প্রমাণিত হয়। রমণীর মধ্যে প্রকৃত স্থন্দরী কে— উহার উত্তর এই,—বিনি ভাহার আগুল্ফ-লম্বিত চিকুরজাল নিতা

FOR THE HAIR আগুল্ফ-লখিত চিক্রজাল নিতা
"কেপরঞ্জন"-পরিষিক্ত করিয়া বেণী রচনা করেন; থালি ইহাতে
বেণীয় সৌন্দর্যা বাড়ে না — মুথের কমনীয়তা র্জি হয়। "কেশরঞ্জন"
থালি বিলাসভোগ নহে,—মন্তিকের উঞ্চল, মাথাধরা, মাথাখোরা,
বিষয়তা, নিজাহীনতা দুরীকরণে ইচাই একমাত্র শক্তিসম্পন্ন
কেশতৈল।

এক শিশি ১১ এক টাকা; মাওলাদি ।৴০ পাঁচ আনা।
গ্রবন্ধিণ্ট মেডিক্যাল ডিপ্লোমাপ্রাপ্ত
শীনগেজনাথ সেন শুণ্ড কবিরাজ,
১৮।১ ও ১৯ নং লোয়ার চিংপুর বেডে, কলিকাডা।

গোপেখরের চাক্রি		•••	•••	• • • •	46)
नर्थ- <b>छड्</b> ···		•••	•••	•••	269
অলোকিক ঘটনা	•••	•••	•••	•••	200
কর্মানুসারে জীবের গতি	•••	•••	•••	•••	50×
श्रहामूर्च	•••	•••	•••	•••	२१क

# প্রলোকিক রহস্তের নিয়মাবলী

- >। 'অলৌকিক রহস্ত' প্রতি বাঙ্গালা মানের >৫ই তারিখে প্রকাশিত হয়। প্রাবণ মাস হইতে ইহার বর্ষারস্ত।
- ২। ইহার অগ্রিম বার্ষিক মূল্য ডাক মাগুলাদি সমেত সহর মকঃখল সর্ব্বত্ত ১॥ দেড় টাকা মাত্র; ডিঃ পিংতে পাঠাইতে ৴ এক আনা
  অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আনা।
- ৩। কেবল ১১- সাড়ে ভিন আনার ডাক টিকিট পাঠাইলে নমুনা একথণ্ড প্রেরিভ হইবে।
- ৪। পত্রিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পুর্কে না
   জানাইলে আমরা সেই সংখ্যা পুনরায় পাঠাইতে দায়ী থাকিব না।
- ৫। কেহ বছপি পত্তের উদ্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হইলে

  অমুগ্রহ করিয়া রিপ্লাই পোষ্টকাড লিখিবেন।
- ''অলোকিক রহন্ত''-সম্বন্ধীয় চিঠি-পত্র, টাকা-পয়সা আমার
  নামে এবং প্রবন্ধাদি বিনিয়য়ার্থ পত্রিকাদি সম্পাদকেয় নামে নিয়লিধিত
  ঠিকানায় পাঠাইবেন।

ইউনিভার্শের নাইবেরী, প্রী স্থারেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

১৯ বং কলের ব্লিট্, প্রকাশক।

বিশেষ দ্রষ্টব্য :---পুনরাগমন সামাজিক উপস্থাস বাহা ধারাবাহিক 'জনৌকিক রহজে' বাহির হইডেছিল ভাহা সম্পূর্ণ হইরাছে।

ৰুল্য সা• টাকা ৰাত্ৰ।



ংৰ ভাগ ৷

(भीय, ३०२०।

🔰 मःशा।

### গোপেশ্বরের চাকরী।

এক্লপ অবস্থায় যাগ ঘটিয়া থাকে, তাহাই ঘটিল অর্থাৎ বিধুমুখী জিদ করিয়া বদিল যে, এমন চাকরী আর ক'রে কাজ নেই। অবস্থা বিধুমুখীর তরফ হইতে একেবারেই যে যুক্তি ছিল না, তা নয়; যেখানে ভট্ বল্তেই জেল, হাতকড়া, ফাঁদি এবং বিনা বিচারে হঠাৎ বাপান্ত থেকে প্রাণান্ত পর্যান্ত ও হ'তে পারে, সে স্থলে একটার বেশী হটো কাঁচা মাথা যার নেই, সেরূপ পুরুষ মানুষের কথনই যাওয়া উচিত নম্ম ইত্যাদি; তা ছাড়া অপমান উদ্বেগ ও লাজনা প্রভৃতিগুলাও যে কিন্তু ফাউ বা লঘুপাক নয়, তাহাও যুক্তির সহিত দেখাইয়া দিল।

কণাগুলা যে এক দম অকারণ আশক্ষা বা অহৈতৃকী ভীতিমূলক, তা শুরু কীরোদ কেন, নীরদ, বিনোদ ও কুমোদ প্রভৃতিও স্বীকার করিতে বাধ্য। তবে এমন স্থলে বিনা আপত্তিতে একতরফা কবুল ডিক্রী স্বীকার করাটা যে স্ত্রেণভামূলক, এ তথ্য নিশ্চয়ই কীরোদ অবগত ছিল; তাই দে চিন্তাকুলচিত্তে মাথা চুলকাইতে চুলকাইতে আপনার স্বপক্ষীর ব্রক্তিবাণগুলি শাণিত অস্ত্রের ন্তায় বিধুমুখীর ব্রহ্মান্ত্রের মূথে নিক্ষেপ করিতে লাগিল। এই চাকরী ছাড়া না ছাড়া সমস্তায় উভয়ের মধ্যে যে গন্তীর বাগ্যুদ্ধ বুইল, তাহা কতকটা এইরপ:—

বি। তুমি বাই বলনা কেন, আমি আর ও চাকরী ভোমার ক'ওে বিচিছ না। তুমি আজই ইস্তফা দিরে এস।

কী। আহাহা। তুমি যে বৃঝ্ছ না। আমার ও কি সাধ যে, এই চাকরী আবার করি । আমাকে কি এখুনি ছেড়ে দিতে ইচ্ছে ক'র্ছে না । তবে কি জান, হঠাৎ তৈরি অরটা ছেড়ে দেওয়া কি বৃদ্ধিমানের কাল । ছ' চা'র দিন একট ভাবতেই দাওনা ।

বি। না, ছ' চা'র দিন আর ভেবে কাল নেই, ঢের হ'রেছে। সেদিন যদি ডাক্তার সাহেব না গিরে প'ড্ত ত তৈরি অর কে বেত ? এতোতেও আক্রেল হ'লো না ? ছি!

কী। ফ'ড়োটা তো কেটে গেছে; এখন আক্সকেই একটা বে বেল্ড নেন্ত ক'রে ফেল্ভে হবে, তারই বা মানে কি ?

বি। না, আর আনি ও জারগার বেতে দেবো না। আজকেই ইন্ডফা না দিলে, আর কথনই ভূমি পার্বে না। বেথানে বিচার নেই, সেখানে জাবার কাল করে?

ক্ষী। (হাৰিয়া) বিচার নেই ব'লো না; বিচার আছে ব'লেই ভ ফাঁসীকাঠ থেকে নেষে এলাম। দেখ, হঠাৎ একটা আয় ছাড়া কিছুনর।

ৰি। কেন ? দেশে কি আমরা সত্যিই হাঁড়ি চড়িয়ে ব'দে আছি যে, ছ' ছ'মাস চাকরী গেলে আর চ'ল্বে না ? আর যদি একান্তই চাকরা ক'র্ভে হয় ড, সভিাই কি কোন চাকরী জুট্বে না ? সুখ্যু নয়ত আর তুনি ?

त्कान श्रामी ह जीत निकृष्ट मूर्व इहेट । छात्र ना । श्रुखताः कीरबाद

ৰলিল, -- "কি জান, চাকরীটা ভাল; এতে মান সম্ভ্রমণ আছে, নগৰ ছু? পর্যাও আছে। এই চাকরীর জোরেই ত এত্দিন আমরা বেশ **প্রথে** স্বভ্ৰুদে ও সচ্ছণ অবস্থায় কাটিয়ে এসেছি।"

বিধুমুখীকে সারও একটু কাগিল করিবার মতলবে তার স্ত্রীন্ননোচিত্ত দুর্বলভায় খা দিখা বলিল.-- "এই যে ভোনার গহন। গাটী প্রায়ই ২'ডেছ; দেত এই চাকরীরই দৌলতে ?"

অবশ্র মধে স্বড্রন্দ ও মহাধিক সচ্চলতার থাকাটা নিতাম বাজ্ঞীয় ছ'লেও কাঁচা প্রদাটাকে বিধুমুথ' নানা কারণে শ্রুরার চক্তে দেখিত না: তাই বলিল,—"মুখের চেয়ে খন্তি ভাল; না হয় ভোমার কতক গুণা বাবুগিরি কিম্বা মাতলামি চল্বে না। না ২'লে কিছু উপোদ ক'রে থাকতে হবে না। আর যেথানে আমার হাতের নোয়ািত্যে টানাটানি প'ড়েছিল, সেখান থেকে আর গরনা গাঁটী চাই না।"

ইহার উপরে আর কথা চলে না ; কিন্তু তা বলিয়াই যে দপু ক'রে আলো নিভিয়া যাওয়ার মতন তর্কটা হঠাৎ থামিয়া গিয়াছিল, একথা আমরা হলফ কবিয়া বলিতে পা'র না।

অবশু কিছু না কিছু তর্কের ঢে ই উঠিয়াছিল ; কিন্তু বিধুমুখীর ধনুর্ভঞ্চ পণ, কাঁচা ফুল্ব মুপের কাভর দৃষ্টি, বড় বড় চোথের ছল ছল চাহনী, অদ্ধাঙ্গিনীর আব্দার এবং ভঞ্নী ভার্যার অমুনাদিক অভিযোগ প্রভৃতিতে ঠিক থাকা যে কত গুরুহ, তা ভুক্তোগী মাত্রেই জানেন। অগত্যা ইছা বলা বাহুল্য যে, ক্ষীরোদেরই পরাজয় হইল। ফলতঃ এরপ স্থল সচরাচর যাথা হইয়া থাকে এবং হওয়া উচিত, তাহারই বা বা'তক্রম ষ্টিবে কেন ৪ প্রদিবন য্থাস্মরে আপিদে হাজির হইলে, কর্ণেল সাহেৰ কতকটা লব্জিভভাবে অথচ দাদরে গ্রহণ করিলে, ক্ষারোদ তাঁহার হস্তে ইস্তকাপ্তথানি সমর্পণ করিল।

অক্সাৎ আক্রমণে মানুষ যেমন একট ব্যতিবাপ হট্যা পড়ে, কর্ণেলও সেইরূপ এই অভাবনীয় ব্যাপারে ঈষং বিচলিত এইয়া পড়িয়া বলিলেন.— "ৰাবু। আমারই ভ্রমে তোমার এই লাঞ্জনা ও মতি-পরিবর্ত্তন। যাহা হউক, ষ্থন আশা করা উচিত যে, বিষ্ম ভ্রম কোন সামুষ গুইবার করে না, তথন আমার মতে কেন তুমি তোমার ভবিষ্যৎ নই করিবে ৭ আমি তোমাকে ভর্মা দিতেছি যে, শীঘ্রই তোমার পদোন্নতি ও বেতন বুদ্ধি করিয়া দিব। স্থৃতরাং আমার বিবেচনায় ভূমি এ বিষয় সারো একটু চিন্তা করিয়া CF4 1"

ক্ষীরোদ দৃঢ়ভাবে বলিল,—"না সাহেব, আনি এ বিষয়ে যথেষ্ট ভাবিয়া দেখিয়াছি। আমার আর কিছু ভাবিবার বা বলিবার নাই।" সাহেব অগত্যা একথানি বিশেষভাৱে প্রশংসাপত্র কিথিয়া দিয়া বলিখেন,—"বাবু, ভোমার যদি পুনরায় চাকরী কবিবার ইচ্ছ ায়, কিম্বা যদি কোন কারণে সাহায্যের কোন প্রােজন হয় ত দিধা না করিয়া তৎক্ষণাৎ আমাকে সংবাদ দিও।''

ইহার কিছুদিন পরেই ছোটলাট গ্রুবে আদিলেন ৷ মানুলী প্রথায় ষ্থারীতি নাচগান, ভামানা, অভিস্বাজী, দরবার সন্দ ও খেলাৎ প্রদান, খানাদানা, পান, সাতর ও বাধা অভিনন্দনংত্রের সাধা জবাব ইত্যাদি শেষ হইলে, একদিন যথন বিশিষ্ট সরকারী কর্মচারীদের কইয়া স্থানীর অবস্থা রীতিনীতি ও চিহ্নিত ব্যক্তিবর্গের চরিত্র বিষয়ে আলোচনা করিতে-ছিলেন, তথন প্রযোগ ব্রিয়া ডাক্তার সাংহ্ব ক্ষারোদের প্রসঙ্গ উত্থাপন-পুর্বক জানাইলেন যে, বিষমভ্রনে একজন বিষম্ভ রাজকর্মচারীকে অকারণে লাঞ্চনভোগ ও পদতাাগ-ক্ষতি স্বীকার করিতে হইয়াছে স্থতরাং এ বিষয়ে কিছু প্রতিবিধান করা উচিত।

লাটসাহের সমস্ত শুনিয়া বলিলেন যে এবিষয়ে তিনি বিবেচনা করিয়া

দেখিবেন এবং তাঁহার খাদ মুক্তির পকেট-বহিতে ক্ষীরোদের পুরা নাম ও क्रिकाना है किया नहेरनन।

এই घটনার মাস্থানেক পরেই. লাটসাহেবের দপ্তর হইতে **লখা** দরকারী খামে, দরকারী ভারমে তাহার নামে নিয়োগণত আদিয়া উপস্থিত। তাহাতে লিখিত আছে যে, তাহাকে মাসিক ১০০**্টাকা** বেতনে যশোরে নিম্নশ্রেণীর মুল্সেফ করিয়া বাহাল করা হইল এবং পত্রপ্রাপ্তির পনেরো দিবদের মধ্যেই যাত্রা করিতে হইবে। যাত্রার দিবস **এইতেই ভাহাকে সরকারী কশ্মচারী বলিয়া গণ্য করা হইবে এবং** ভাহার গমনের খরচ যথানিন্দিষ্ট হারে বিল করিয়া, যশোরের থাঝাঞ্জি-থানা হইতে লওয়া চলিবে।

সেকালে ডেপুটী সুকোফ প্রভৃতি পদের জন্ত এথনকার মত এত পাশের প্রয়েজন ও কডাকডি ছিল না।

ক্ষারোদ ইহার পূর্ব্বরুশু কিছুই অবগত ছিল না; স্কুতরাং অপ্রত্যা-শিত পত্তেও সম্ভাবনায় সে বিহ্বল ও বিস্মিত হইয়া পড়িল। সন্দেহ হইল যে, বোধ হয় কোন লোক তাহার সঙ্গে চাতুরী করিয়াছে ; কিন্তু শরকারী থামে ও ফারমে কি করিয়া এরপে চাতৃরী চলিবে, তাহা কিছুতেই বোধগম্য হইল না। কাছারীতে পিয়া গেজেট খুলিয়া যপন দেখিল বে. ভাহাতেও ঐ কথা ঘোষণা করা ২ইয়াছে, তথন মনে হটল, বু'ঝ বা কোন প্রকারে নামের ভুল হইয়াছে; কেননা, অপর কোন ক্ষারোদ গোপাল চাটুযো থাকিতেও পারে:

भरन्तक-(मानाय माइनामान कोटबान भवशान नाहेयां जाकांत्र भारक-বের নিকট উপস্থিত হইল : ডাক্টার সাহেব তাহার সৌভাগ্যকে ধলুবাদ াদয়া বলিলেন যে, তিনিই এইজন্ম লাট্যান্তেবের নিকট প্রার্থনা করিয়া-ছিলেন। ডাক্তার মাহেবকে হাদ্যের অকপট ক্লভজ্ঞতা **জানাইয়া সে**  তিন কম্ফে জ্জাকোটের সেরেস্তাদার স্থানাচরণ বাবুর নিকট উপস্থিড ছইল।

বৃদ্ধ শ্রামাচরণ বাবু নাকের উপর দড়িবাঁধা চসমাধানা লাগাইরা নিমাগিপত্রথানি মাগাগোড়া পড়িলেন এবং বালকোচিত অন্থির উৎসাহ ও উত্তেজনার আবেগে ক্ষীরোদের পিঠ চাপড়াইরা বলিলেন,—'বাহবা কি বাহবা। আর ভয় কি ৪ ভগবান ভোমার লাঞ্চনার পুরস্কার দিয়াছেন।

স্থামাচরণ বাবু ক্ষীরোদকে কনিষ্ঠসংখাদরতুল্য ভাল বাসিতেন।

ক্ষী কোন বলিল। দাদা—আমি ত অকুল পাথারে প'ড়েছি; আইন কাফুন কিছু জানি না; মুক্সেফির কাজ চালাব কি ক'রে ?

শ্রামাচরণ বাবু পূর্ববিৎ সোৎসাহে বলিলেন,—"কুচ পরোয়া নেই ভারা! কোম্পানীকো কাম আপসে চলা ষাপ্না—কিছু ভয় নেই, সেধানে পেছার সেরেন্ডেদার আছে; তাদের সঙ্গে বন্দোবস্ত ক'রে নিও য়ে, তারা মাধা নাড্লেই বুবে নেবে য়ে, ডিক্রি দেবে কি ডিস্মস্ ক'র্বে। তার পর রাত্রিতে রায়টা ভাদের সঙ্গে পরামর্শ ক'রে শুভ্রে লিখলেই হবে এখন!

"উক্লিগুলো যতই বকুক না কেন, কোন দিকে কাণ না দিয়ে, খুব প্রছীরভাবে ব'সে থাক্বে আর পেস্কার কি ইশারা করে, সেই দিকে আড়ে আড়ে লক্ষ্য রাখ্বে।

'ভার পর 'কর্মনা বাধাতে বৃদ্ধিং', তুমি চালাক ছোকরা আছ ছ্দিনেই সব শিথে নেবে। আর এখনো ত পনেরে। দিন সময় আছে; তুমি রোক্ত আমার কাছে এসে নথিপত্র দেখবে ও প্রীরামপুরের ছাগা পার্টীদের বাজলা আইনের বই মুখস্থ ক'র্বে। দেখনা ভোমাকে একদিনে কেমন ভালিম ক'রে নিই। কিছু ভোক চাই ভায়া, ভোক্ত চাই—নহিলে কিছুতেই কিছু হবে না।"

ক্ষীরোদ বিভালয়ের বালকের ক্রায় মহোৎসাহে ও পত্তীর-ভাবে আইনের কেতাব ও ন্থীপত্র ভুরম্ভ করিয়া শুভবিন দেখিয়া কর্মস্থানে ৰাত্ৰা কবিল।

একে সেকালের হাকিম, তার উপর তাহার এই আকস্মিক ভাগ্য-বিপর্বায় ও পরিবর্ত্তনে দে শীঘুট সর্বান্তনপরিচিত হট্যা উঠিল। কেবল ৰনিল না ডেপুটী হরিমাধ্ব বাবুর সঙ্গে।

ভার কতকপ্রলি কারণও ছিল। হরিমাধৰ বাবুর ধারণা বে, তিনি গাঁটী হাকিম; তার উপর নিজে লেখাপড়া-জানা ও বনেদি-বংশসম্ভত; মৃতরাং এই সব স্থারিদের বলে মুর্থ হাকিম গুলার দক্ষে মেলা মেশা ভিনি বড একটা পছন্দ করিতেন না।

ক্ষীরোদ বাবুর বাসা পূর্বকণিত ষচু মোক্তারের বাসার ঠিক পাৰেই।

#### তৃতীয় অধ্যায়

মোক্তার গৃহিণী যথন দেখিলেন যে, রাধারাণীকে তাঁদের আশ্ররে রাধা চলে না. তথন তাহাকে সঙ্গে করিয়া বিধুমুখীর নিকট লইয়া গেলেন। ভরুসা বে, বিধুমুখীর যেরূপ সরল ও মহৎ অন্ত:করণ এবং তাঁর স্বামীর উপর যেরপ ক্ষমতা, ভাহাতে বোধ হয় তাঁহার দ্বারা কিছু না কিছু স্থবিধা হইতে পাবে।

মোক্তার গৃহিণীকে খুব বেশী অমুরোধ করিতে হইল না। বৃদ্ধিষতী বিধুমুখী বিরদবদনা মলিনবস্থা শিশুকোড়ে রাধাকে চকিতদৃষ্টিতে স্মাপাদমস্তক নিরীক্ষণ করিয়া বুঝিয়া লইলেন যে. এ রমণী প্রকৃতই ৰিপনা। তিনি নিজে ভুক্তভোগী; স্থামীর অফল্যাণ-আশক্ষায় ম্বর ছাড়িয়া ভাঁহাকে কিরূপ উদ্বেগে লজাহানার লায় দারে দারে বুরিতে হইয়াছিল, ভাহা স্থৃতিপথ হইতে কথনই মুছিবার নয় . কাজেই ভুক্তোণীতে বিপরের প্রতি ধেরূপ আন্তরিক সহামুভূতি করিবে, এরূপ অপরে ক্রথনই ক্রিবে না ; স্থতরাং রাধারাণীকে আশ্রয় ও সাহাষ্যদান ভিনি ভাঁৰার ধর্ম ও কর্তব্য বলিয়া ব্ঝিলেন।

অধিকম্ব মধ্যাক্ষকালে তাঁহার একটা সঙ্গিনী জুটিল এবং তাহার ছোট ছেলেটিও নিজ শিভ পুত্র ননীগোপালের দলী হইতে পারিবে। কাছারী হইতে ক্ষীরোদগোপাল অপরাত্নে বাসায় ফিরিলে, জল-যোগান্তে বিধুমুখী রাধারাণীর কথা তুলিলেন।

ক্ষীরোদ বাবু সমস্ত শুনিয়া কৌতৃক করিয়া বলিলেন,-- "আর একটা সতীন জুট।ইবার সধ্হ'য়েছে দেখ্ছি।"

বি। বালাই মার কি ? তোমার যেমন কথার শ্রী। সতীন জুটাতে ৰাব কেন ? সে বেচারা কোপা থেকে বিপদে প'ড়ে এসেছে, আর তোমার ঠাট্রা করবার স্থবিধা হ'লো।

ক্ষীরোদ বাবু এ কথায় কাণ না দিয়া, পুনরায় কৌভুক করিয়া विनातन रम, निरक क'त्राज क'ला खारा रचामारक जानाक मिराज करन, সে কথা কিছু ভেবে দেখেছ কি? বিধুমুখীর ধৈর্ঘা ধারণ করা ছক্ষত হ'মে উঠল; বলিলেন-"নাও নাও ঠাটা রাখো, যাতে ওর

স্বামী রক্ষে পায়, ভার জ্ঞান্তে তোমাকে বিশেষ ক'রে চেষ্টা ক'রভে 574 I\*

কী। আগে কি রকম লোক, কি ব্যাপার, ওদের সভাব ও রীভি নীতি জানা যাক , তার পর যা হয় একটা করা যাবে।

বি। দেখ অংমরা মেধ্রে মাফুষ, তোমাদের মত অত বোকা নই; আমরা এক আঁচড়ে লোকের ভিতর পর্যান্ত দেখতে পাই। মেয়ে লোকটি একেবারে সরল ও পাঁডাগেয়ে: ওর ভিতর ছল কপট किছ (नहे।

ক্ষী। তথু তাই নম্ন : যুবতী স্ত্রীলোক ঘর দোর ছেড়ে একলা এতদুর এসেছে, স্থতরাং ওর স্বভাব চরিত্র ভাল রকম না জেনে কোন কিছুতে হাত দেওয়াটা ঠিক কি গ

বি। (বিজ্ঞাপ করিয়া) ইস ভারি সতী শক্ষী দেখছি। খার আপনার পরিবার যথন ঘর দোর ছেড়ে রাভিন্নে সাহেবের কাছে গিয়াছিল তথন স্বভাব চারত্র ছিল কোথায় ?

বিধুমুখী ভাবিলেন,-এইবার স্বামীর বিজ্ঞাপের যথেষ্ট উত্তর দেওয়া ∌हेल ।

রণে ভঙ্গ দেওয়াই শ্রেয় মনে করিয়া ক্ষীরোদ বার বলিলেন,—"তা এখন ছকুম কি : কি ক'রতে হবে এখন ?"

বি। ভোমাকে বিশেষ কিছুই ক'রতে হবে না; কেবল একটু চেষ্টা ভবির ক'রে বেচারীকে খালাস দিয়ে দাও।

ক্ষী। ইহাই বুঝি বিশেষ কিছু নয় ? তুমি কি আমাকে উকিল পেলে নাকি ?

বি। কেন এটুকুও ক'র্তে পা'র্বে না ? তবে হাকিমী ফলাও কেন গ

ক্ষী। বুৰা্ছ না, এ হ'চ্ছে সরকারী মামলা, আর আমি হ'চ্ছি সর-কারি চাকর, এ মামলায় ভদ্বির ক'ব্বো কি ক'রে ?

বিধুমুখী বিরক্ত ছইয়া বলিলেন,—"বাও বাও, তোমার মুরোদ ৰুৰা পেছে. গোমাকে কিছু ক'র্ভে হবে না—বা ক'র্বার, আমিই করক— ভূমি এখন মুখে পান দিয়ে বেড়াভে বাও !"

কীরে দবাবু অবাক্ হইয়া বলিলেন,—"তুমি মেয়ে মাছ্য, ভুমি এবিষয়ে কি ক'রবে বল গ'

বি। তা হোক্; তোমার চেরে আমার বৃদ্ধি আছে—তুমিই না হয় সরকারী চাকর—আমিত আর সরকারের চংকর নই যে আমার হাত পা বাঁধা থাক্বে ?

<sup>শ্</sup>যা ভাল বোঝ'' তাই কর, বলিরা কীরোদবাবু ছড়ি বুরাইছে দুরাইতে চলিয়া গেলেন।

বিধুমুখী তখন আরদালী রামকাস্তকে ডাকাইয়া বলিলেন,—"দেখ এই মেয়ে লোকটার দেশের লোকেরা ডাকাভির হাঙ্গামায় প'ড়েছে, তুই এই মামলা ভদ্বির ক'ব্বি—আর পেদার বাবু কোর্ট বাবু প্রভৃতিকে ব'লে ও একজন ভাল মোক্তার দিয়ে মোকদ্দমা চালাবি; এতে বিদ ছ একশ টাকা ধরচ হয় ত দে আমি দিব; বুঝ্লি ত !"

একগাল হাসিরা রামকান্ত বলিল,—"মা ঠাকরুণ যথন ছকুম দিচ্ছেন, ভথন আর ব'ল্ডে হবে কেন ? যথন যেটী দরকার হবে, ঠিক সেই রকম থাড়া ক'রব। যথন থরচ ক'র্বেন ব'লেছেন, তথন মামণা আর যায় কেংথায় !"

বিধুমুখা বিশেষ জানিয়াছিলেন ষে, তাঁর স্বামী নামক বৃদ্ধিজীবী হাকিমের দল হইতে এই শ্রেণীর ধড়িবাল্প প্রাসন্ধ দালালের দ্বারা জানেক বেশী কাল হইতে পারে।

রামকান্ত চলিয়া বায় দেখিয়া বিধুমুখী পুনরায় ভাহাকে ডাকিয়া বলিলেন,—"দেখ, ভোকে বক্দিদ্ দিব—ভা ব'লে ভুই ষেন গলাকাটার মতন আমারো কাছ থেকে দালালি মারিস নি ।''

রামকান্ত চকুষর পোলাকার করিয়া ও জিহ্বার অর্দ্ধেকাংশ বিক্ষিত্ত দস্তপংক্তিদ্বন্ধের মধ্য হইতে বাহির করিয়া বলিল,—"বাপ রে—বলেন কি মা ঠাকরুল ? আমি কি এমনই নিমকহারাম ?—আপনার এক পর্যা ধদি ছুঁই ত সে গোরক্ত; তবে কি জানেন মা ঠাকরুল, তরকারীতে বেমন যত গুড় দেওয়া যায় ততই মিষ্ট হয়, ফৌজনারী মামলাও সেই রক্ষটাকার থেলা: যত বরচ ক'রবেন, ততই সুরাগ হবে।"

পরিশ্রমী স্থালা রাধারাণী ইহারট মধ্যে এ সংগারে নিজেকে জ্ঞাপনার করিয়া লইয়াছে। তাই বরচের কথা শুনিয়া তাড়া গড়ি বলিল — "মা ঠাকক্লণ, আমি দেশ থেকে আস্বার সময় কিছু যোগাড় ক'রে এনেছি; তাতে কুলাবে কি না, জানি না।"

দরিদ্রার সর্বাস্থ্য পুঁজির উপর হস্তক্ষেপ করা বিধেয় নয় বলিয়া, তাহার প্রস্তাব প্রকারাস্তরে প্রত্যাধান করিয়া বলিলেন,—"প'ক্ বাছা, আগে ভ ওরা ধালাস হ'য়ে আসুক; তার পর ধরটের কথা দেখা বাবে।"

রাধারাণী ভাবিল দেই ভাল।

ঘটনাচক্রে মামলা বখন হরিমাধব বাবু ডেপটীর এজলাদে উঠিল, তখন বিধুমুখীকে কিঞ্চিৎ চিন্তিত হইতে হইল—এখানে তাঁগার স্বামীর দ্বারা সাহাদ্যের কোন উপায় নাই; তার উপর কড়া হাকিম ও সরকারের বথার্থ ধ্যের গাঁ বলিয়া বাজারে হরিমাধব বাবুর যথেষ্ঠ স্থনাম আছে—স্থতরাং এ ক্ষেত্রে দায়রায় না গিয়া যে একেবারে গোড়াতেই ফাঁসিলা বাইবে, সেআলা দুরালামাত্র। যাহা হউক, মামলা শেষ হইবার সময়ে বিধুমুখী

ক্ষীরোদবাবুকে ঞ্জিদ্ করিয়া ধরিয়া বদিলেন বে,—"তোনাকে একবার হরিমাধৰ বাবুকে স্থপারিস ক'রতে হবে।"

এ এক মগ সমসা; ক্ষারোদবারু মাথা চুলকাইতে চুলকাইতে বলিলেন,—"বড়ই মুদ্ধিল দেখ ছি; আমার সঙ্গে তার কিরূপ সন্তাব, তা জানই ত; বরঞ্চ আমি কিছু ব'ল্তে গেলেই হিতে বিপরীত হ'রে উল্টে সাজা বেডে যাবে।

"আর যথন একজন সাক্ষ্য প্রমাণ নিরে বিচার ক'ব্ছে, তথন দে নিজে বা ভাল বুঝ বে, তাই ক'ব্বে —এরকম স্থলে কে'ন রকম স্থলারিস ক'ব্তে বা ওয়াটা এতান্ত অস্তায়। আমাকে বনি কেই স্থারিস্ ক'ব্তে আসে ত আমি তার উপর হাড়ে চ'টে যাই।''

বিধুমুখী কিন্তু কোন কথাই শুনিবেন ন:—তিনি বলিলেন,—"যা আছে, তা ত চৰেই; তা বলিয়া তুমি চেষ্টা কৰিবে না কেন ?''

ক্ষী। ামছে চেষ্টা—দে সাজা দেবেই—তার ভবিষাতে আশা ও উরতি আছে। এখানকার প্রায় সকল হাকিমই ফাষ্ট ব্কেব চোট বানান প'ড়ে এদেছে; কিন্তু হরিমাধবের বড় বানান শুদ্ধ মুখন্ব, স্কুতরাং সে আমার কপা শুনবে কেন ?

ক্ষারোদের স্ক্রির কোন ফলই হইল না বিধুমুগীর পীড়া-পাঁড়িতে, একটু রাত্তি মধিক হইলে, হরিমাধ্ব বাব্ব বাবায় উপস্থিত হইলেন।

ছরিখাধব বাবু তাঁহাকে দেখিয়াই বিশেষ মৌখিক সৌজন্স সহকারে অভার্থনা করিয়া বলিলেন, —''আজুন আত্ম—পরম দৌভাগা খামার—হঠাং ক্ষারোদবাব এ গ্রীবের কৃটীরে পদ্পণি কেন বলুন দ্বি ? ওরে কে আছেন, শাঘ ভাষাক দে।"

ক্ষাবোৰবাৰ ও যথোচিত কণ্ঠি-দৌপত্তে বলিলেন,—"সে কি ? আপনি

মহাশয় ব্যক্তি; আপনার সহিত সাক্ষাৎ হওয়া ত সেভিসে।র কলা। তার পর ও কাগজ কলম নিয়ে কি করছেন গ

- হ। আবে ভাই, গুংখের কথা কেন বল গুণেই ডাকাভি মোকদ্মা-ীর জন্ম রাত জেগে রায় লিখুছি। দিনের বেলাত আর সময় হয় না।
- ক্ষী। (বিশ্বিত হইয়া) বলেন কি। এরি মধ্যে রায়। এখনো যে উকিলদের ৰক্তা বাকী আছে !
- হ। হাা। আপনি ত সুবই জানেন, উকিলের বক্তা ভনে রায় িখ্যেত গেলে ত আর প্রাণে বাঁচা চলে না ৷ উকিলরা যা বলুবে, তাত একরকম জানাই আছে।
- ক্ষী। তাবেশ মামলা যথন ডিগ্মিদ্ই হয়ে যাবে, তথন আর অত মাধাবাথার প্রয়োজন কি ?
  - হ। ডিস্মিদ্। বলেন কি ? আমি ত দাররায় দি'ছে।
- की। नाम्या ।---वर्णन कि? अक्वारत माञ्चान स्माकक्षमः। কতকণ্ডলা নিৱী**হ লোককে আ**র লাঞ্জনা নিবেন ন**ু দোহাই আপন্**র।
- হ। লাঞ্না।—বলেন কি ? বেমন কথ্ন ভেমনি ফল। আর দেখুন কাঁরেদে বাবু, আমি দব জানি; আমি কিন্তু আর ঘাদে মুথ দিয়া চরি না মূল আসামার স্ত্রী আপনার আস্তানাডেই আছে ; এর জন্তে প্রাচ জনে পাঁচ কথাও বল্ছে। আপনারাও গোপনে মামলা ভরির কর্ছেন।

আতো উত্তেজত হইয়া হরিমাধ্ব বাবু বলিতে লাগিলেন.—"দেখুন, কিচুতে কিছু হ'লো না দেখে, আপনি শেষে আমাকেও স্থপারিস প্রান্ত করতে এদেছেন। এবার ক্ষমা কর্লাম, কিন্তু পুনরায় যদি এরপ অনুরোধ করেন, তা হ'লে রায়ে পর্যা**ন্ত** আপনার বাবহারের উল্লেখ করিব। উত্তেজনার মুথে ক্ষীরোদ বাবু একটা মুথের মত জবাব দিতে ষাইতেছিলেন : কিন্তু কি ভাবিয়া নিজেকে সামলাইয়া লইয়া বলিলেন,— মাফ ক'র্বেন হরিমাধব বাবু! ডেপ্টী হ'য়েছেন ব'লে যে একটা লেজ গজাইয়াছে, তা মনে ক'র্বেন না। আমিও ভদুগোকের ছেলে; ঈশরেজ্ঞায় আমরাও প্রম্যাদা ও আয়ুম্যাদা-জ্ঞান প্রায় আপনারই সমান। শাননার কাছে আমি অপমান হ'তে আদিন। রায়।লখেছেন ব'লেই কথায় কথায় কথাটা উঠলো; আর বন্ধুভাবেই আমি আপনার কাছে সরল সভা কথা ব'লেছিলাম।"

আর দিতীয় থাকা বায় না করিমাই কুরু ক্ষীরোদ বাঝু তথা হইতে প্রস্থান করিলেন। মনে মনে ভাবিতে লাগিলেন,—"ইহাকেই বলে স্ত্রীবৃদ্ধি প্রলয়স্থরী। এত ক'রে বুঝালাম—আমি গেলে কোন ফল হবে না, তবু কেনন জিল্, কিছুতেই শুন্লে না। এখন এমন হ'লো মে, আপীলের স্থবিধাটুকু পর্যান্ত মেরে দেবে। লাভের মধ্যে থামকা অপমানিত হ'তে হ'ল।" সে রাত্রে আর বিশ্বমুখীর সঙ্গে ভাল করিয়া কথা কহিতে পারিলেন না।

আজ রায় প্রকাশের দিন। রায়ের ফল থে কি হইবে, তা অনেকেই
বুবিতে পারিয়াছে; বাকী কেবল একবার স্বকণে গুনিয়া আসা। কিছ
হরিমাধব বাবুর এত জিদ্ ও দৃঢ়তা সমস্তই ব্যর্থ হইল; নদীপথাক্রাস্ত একচক্ষ্ হরিণের ফায় বিপদ্ অপর দিক্ হইতে অভকিতভাবে আসিয়া প্রভিল।

টিকিনের পর হরিমাধব বাবু যখন রায় পড়িবায় জক্ত এজলাসে উঠিতে গেলেন, তখন তাঁর মাথাটা হঠাৎ এমন ঘুরিয়া গেল বে, চতুদ্দিক অন্ধকার দেখিতে লাগিশেন, কিছুক্ষণ চেষ্টার পরও যথন চোঝে কিছুই দেখ্তে পেলেন না, তখন দেই খানেই বিদয়া পড়িবেন।

বরগুদ্ধ লোক স্বন্ধিত—চাপরাসীরা ভাড়াভাড়ি সুৰে চোৰে ফল

ছিয়া পাথা করিতে লাগিল—উকীল মোক্তার আমলা ও বাজে লোক ছটিরা আসিল . একটা উদ্বেগ আশন্ধা ও কোলাহল ধেন মৃত্তিমান হইরা বাস্ততার সহিত চারিদিক মথিত করিয়া তুলিল।

विक्राधववाद व्यव्यक्त भरवरे युष्ट वरेलन वर्षे िष्ट श्राल्याल এক্রাস ভাঙ্গিয়া গেল সেদিন আর রায় দেওয়া হইল না।

ব্যাপারটা কিন্তু তথনি মিটিল না, বরঞ্চ শত রসনায় পল্লবিত ও ৰ্দ্ধিত হইয়া মূথে মুখে ছুটিতে লাগিল--অনেকে অনেকরূপ মন্তব্য প্রকাশ করিল, কেহ বলিল তিনি সেদিন একজন ব্রাহ্মণকে অপমান করিয়াছিলেন কেহ বলিলেন তা নয় সকালে একজন ভিক্ষক সন্ন্যানীকে প্রলাধাকা দিয়া বাহির করিয়া দিয়াছিলেন। আবায় কেই কেই এরপ্ত ৰাললেন,—ইহা ভগবানের মার: উনি কডকগুলি নিরীহ লোককে **ক্লাসি-কাঠে লটকাইতেছিলেন, কিন্তু মাধার উপর একম্বন অন্তর্গ্যামী** আছেন ত, তিনি সহু করিবেন কেন ? শেষোক্ত মতটাই অনেকের নিকট প্রামাণ্য ও সমীচীন বলিয়া বোধ ইংল। মুখর লোকেরা স্পষ্ট ও অস্পষ্ট ভাবে দূর হইতে হরিমাধৰ বাবুকে গুনাইডেও हाडिन ना।

হরিমাধব বাবু নিজেও বিশ্বিত। হঠাৎ এরূপ কেন হইল ? তাঁর ভ ক্ৰন কিট হিষ্টিবিয়া ও মাধার অহুধ ছিল না, তবে এ কি ? বানব-শীবনে চেষ্টা সন্তেও বহু সমস্যার সমাধান হয় না ; স্থভরাং এ সমস্যারও কোনই মীমাংদা পাইলেন না।

অনেকেই গভীর রাত্তি জাগরণপূর্বাক বহু তর্ক বিতর্কের পর স্থির क्रिमाहिल या, এवात निक्त्रारे त्रारम्य প्रतिवर्त्तन रहेता।

বরষার নদী আকৃষ্মিক পরিপূর্ণতার যেমন বন্তার সৃষ্টি করিয়৷ থাকে. দেইরূপ জনসাধারণের ঔংস্কাও অভিমাতার বৃদ্ধি প্রাপ্ত হওরার<u>.</u> टक्ट एक्ट वांगीत हाकत-वाकरतत निक्छ भगाख मन्नान बहेबा खानिव ষে, রাষের কোন পরিবর্ত্তনই হয় নাই।

হরিমধেব বাবুও যে ঐ সকল মন্তব্য কিছু কিছু না গুনিয়া ছিলেন, এমন নয়; তবে তিনি অচল অটল সমুদুক্ত্ম গম্ভার; বরঞ্চ থেলে! হইবার ভরে জিদ আরো বাড়িয়া উঠিয়াছে:

পর্যান এজলাসে ব্রিয়াছ এ০টা সই করিবার প্রই পুনরায় মাথা ঘরিষা পড়িয়া গেলেন ;—শরীরের নানা স্থানে আঘাত লাগিল। বহু কটে ও ষত্নের পর যথন মুদ্র্যে ভাঞ্চিল, তথন সমস্ত দেহ মন নির্তিশর 5ৰ্বল ও ক্লান্তি-অবশাদ-যুক্ত।

পুর্বাদনের ধারণা আরো ব্যাপক ও বন্ধনূল হইল। সকলেরই বিখাস ८ए.-- इंडा निम्ठिश्वरे देनटवत मात्र. दिकातारमत केशारण निम्ठिश्वरे पृक्ति।

চতদিকে নীরব তিরস্কার ও অস্পষ্ট বিজ্ঞাপের মধ্য দিয়া যথন পাকী আবোছণে বাটী ফিরিতেছিলেন, তখন নিজেরই মনে হইতেছিল যে, বোধ হয় কোখাও একটা ক্রটি হ'য়ে গেছে; এটা তাঁরই দোষ--নিজ-ক্রত অবিষয়কারিতার দল।

আজ তাঁর ঘরে বাহিরে লাঞ্না; বাটীতে আদিয়াও নিস্তার নাই। গৃহিণীও পরিজনবর্গের কাতর অন্ত্যোগ এবং বাহিরে বৈঠকধানায় স্বাস্থ্য ও কুশলবার্তা-জিজ্ঞাত্ম বন্ধবর্গের ম্যাচিত উপদেশ। ধৈর্যোর বাঁধ ক্ষণভঙ্গর হইয়া উঠিল।

অনেক ভাবিয়া চিন্তিয়া রায়ের আমূল পরিবর্তন করিলেন এবং দে ৰান্তা বিশ্বস্ত বন্ধুবান্ধৰগণকৈও জানাইলেন। প্ৰকৃত উদ্দেশ বে. হয়তে ইহাতেই তাঁরে জয়-ঘোষণা হইবে; কেননা, পরাদ্বসও মৃচ্ছা আসিলে, বুক ফুলাইয়া ও চোৰে আঙুল দিয়া মুর্থদের বলিয়া দিবেন বে, দেখু তোরা বে আমার বুণা কলঙ্ক দিতেছিলি, তা নয়; এটা দৈবের মার নয়। কল্পনায় ভবিষাতে মনে মনে তপ্তিলাভ করিলেন।

প্রদিন নুত্ন রায় পাঠ করিতে আর্ডু ক্রিলেন। কিন্তু কৈ, তাঁর আকাঞ্ছিত মুর্চ্ছাত আদেল না। শত চেষ্টা উদ্বেগ ও কামনা সত্ত্বেও মস্তিক হির রহিল। পড়িতে পাড়তে আবার কামনা করিলেন যে, হয় হোকু নাপার স্থায়া বোগ, কিন্তু যেন মুন রক্ষা ও জনু বজায় হয়। भारणा फिम्भिम् क्रेन खनिया, यथन वाम्भारकत यहर्गाङ्गत आखितक গুপ্ত প্রদয়তা কিছুতেই লুকাইতে পারিতেছিলেন না, এবং প্রতিবাদি-পক্ষের বৃদ্ধ উনেশ মোলোর সঞ্জননতন হরেমাধ্ব বাবুকে ক্লভজ্ঞতা জানাইতে উঠিলেন, তথন বন্দীর দল আনন্দাতিশ্বে জয়ধ্বনি করিয়া উঠিল; কেবল জমিদারপক্ষের ম্যানেজার, আসমোজার ও আমলা প্রভৃতি ঋষামুকণক্ষতশিখরবাদের ভাষা বিরস্ন নদনেই বাসরা রাহণেন। জমিদার হরকান্ত বাবুও অত্যাধিক উংকণ্ঠা-প্রযুক্ত সহরে আদিনাছিলেন; কিন্তু এ পরাজ্য-সংবাদ যথন তাঁহার কর্ণে পেছিল, তথন তার সে বিক্লত মুখভাব বর্ণিত হওয়া অনেকা অনুমের ও উপতে;গ্রেগ্যা

বুদ্ধ ইবেশ বাবুকে থেরিয়া আদামার দল যথন মহাকলরব করিতে করিতে ও পথিপার ও নিজ্ঞা লোকের অ্যাচিত সংাত্ত্তি ও অজ্ঞ প্রশ্নের উত্তর দিতে দিতে তাঁহার বাদায় পৌছিল, তথন সর্বাদ্যতিক্রমে স্থির হইল যে, সন্ধার সমগ্র পাঁটা বলির সহিত কালীবাড়াতে পূজা দিয়া রাত্রিতে আমোদ আহলাদ করিয়া, প্রদিন গ্রামে যাত্রা করা হইবে। চতুর রামকান্ত আর্দলী রাধারাণীর আগমন, ক্ষীরোদবারুর দহাত্ত্তি ৪ মোক্তার নিয়েগ প্রভৃতি আবশুকীয় সংবাদগুলি গোপীনাথকে বহুপূর্ব্বেই জানাইয়া রাখিল।

ঠিক ঐ দিনই হারু জেলে সহর হইতে রামচক্র পুরে পৌছিল।

হারু সহরে তার তালুই মশারের নিকট গিরাছিল। হারু একজন পলিফা ও ধড়িবাল লোক বলিয়া প্রথাত থাকার, তার উপর গ্রাম হইতে ভার পড়িয়াছিল যে, সে যেন আসিবার সময় সন্দারদের সমস্ত অবস্থাও মোক-দমার থবর সঠিক জানিয়া আইসে।

হাক্স ফিরিবামাত্রই ভাহার উপর গ্রামশুদ্ধ আবালর্গ্গবনিতা ভালিয়া পড়িয়া, প্রশ্নের উপর প্রশ্ন—অজস্ত প্রশ্নজানে ছেরিয়া ফেলিল।

হারু যাহা বলিল, তার মর্মার্থ এই যে, সে কাছারীতে সন্দারদের
ঠিক পাশে যাইরা ইশারার অনেক কথা শুনিরাছে ও বলিরাছে। এমন
কি, প্রার হাকিমের নিকট পর্যান্তও একদিন যাইতে পারিরাছিল; কিন্ত
বে দিন তাহাদের দ্বীপান্তরে লইরা যাওরা হয়, সেইদিন এত অসম্ভব ভিড়
যে, দেখা করা অভ্যন্ত হরহ।

সে প্রথম দিনের গোলবোগে ও অসংখ্য-রসনা-রটিত জনরবের দারা কাছারীর নিকট হইতেই এই মূল্যবান্ তথাটী সংগ্রহ করিয়াছিল।

চক্রবর্তী মহাশয় জিজ্ঞানা করিলেন,—তবে কি হারু বাবার দিন তাদের সঙ্গে দেখা ক'রতে পার্লে না ?

হারু বুক ফুলাইয়া সগর্বে উত্তর করিল যে, আমাকে কি তেমনি মেছুড়ে পেরেছেন দাদাঠাকুর? এত লোকের ভিড়, যেন ঠিক দীঘিতে গাঁদি লেগে গেছে; কই কাতলা থেকে চুনা পুঁটি পর্যান্ত সকল দরের লোকই ঝাঁকে ঝাঁকে জ'মে গেছে; ভেতরে যায় কার সাধ্যি?

সকলে। ( সোৎস্থকে ) ভার পর, ভার পব;

হার । তার পর একটা বৃদ্ধি ঠাউরে আমি বরাবর কৈ কানিয়ে কৈ কানিয়ে কানিয়ে, তার ভিতর দিয়ে চ'ল তে লাগ্লাম; শেষে শ্বিধা বুঝে এক জারগায় মৌরল ভাসান দিয়ে দাঁড়িয়ে প'ড়্লাম।

সকলে। (অধিকতর ঔংস্থক্যে) ভার পর, ভার পর?

হার । তার পর ষেই মৌরল ভাসান দিয়েছি, অমনি কোথা থেকে এক সিপুই একগাছা সপ্টির বাড়ি মাথার উপর চেতোল পট্কান প'ট্কে দিলে। ষেই চেতোল পট্কান দেওয়া, অমনি আর ক্ষণবিলম্ব নাক'রে সেই খান থেকেই একেবারে পাঁকাল স্ট্কান দিয়ে লম্বা।

হারুর বক্তা ও সংবাদ হইতে কুতৃহলী ও বুদ্ধিমান মাতকরেরা বুঝিয়া লইল বে, প্রত্যেক আসামী এই ছন্ন মাস্ফাসী ও চা'র্মাস করিমানা হইয়া গিয়াছে।

ক্ৰমশঃ।

**बित्तरक्तनाथ हरिहो भाषाग्राग्र**।

#### স্বপ্ন-তত্ত্ব।

[ পূর্বাত্ব্বত্তি। ]

সপ্তম অধ্যায়।

#### স্বশ্ব-বিভাস।

(১) সদ্-দর্শন। প্রকৃত পক্ষে ইহা ঠিক অপ্ন নয়। জীবাআ বা কারণ-শরীরাভিমানী আত্মা বা প্রাক্ত \* নিদ্রাকালে সং, অর্থাৎ, জগৎকারণ

অস্য ব্যম্ভিরহকারকারণদেন কারণম্।
 বপুন্তকাভিমান্তালা প্রাক্ত ইত্যুচ্যতে বুধৈ: ।
 (সর্ববেদান্ত-সিদ্ধান্ত-সার-সংগ্রহ:—৩২২)

<sup>[</sup> পণ্ডিতগণ অহম্বারের কারণ বলিয়া জীবের ব্যষ্টি অজ্ঞানকে কারণ-শরীর" একং সেই কারণ শরীরে অভিমানী আত্মাকে "প্রাক্ত" বলিয়া অভিহিত করেন। ]

ব্রক্ষে লীন থাকেন। \* এই স্ব প্রতিষ্ঠ অবস্থায়, এই সমগ্রজান-রবি-বিভা-সিত অবস্থায়, জাগতিক রূপ সকল স্বতম্ত্ররূপে অবস্থান করিতে পারে না: সর্বার্রপ ব্রক্ষেরই রূপ বলিয়া প্রতিপন্ন হয়: সকলেই ব্রহ্মবৃদ্ধি প্রতিষ্ঠিত হয়। প্রকৃত পক্ষে, তথন, ''দকল' ভাবই থাকে না, পার্থক্য-বৃদ্ধিদ্ধপ ভ্রমের বিলোপ হয়। ইহাই প্রকৃত সদদর্শন। তৃত্তীয় অবস্থায় এই অনুভূতির জভু, এই একত্ব বা অবিশিষ্টতা-স্থা-পানের জন্মই, সেই অবিশিষ্টভারপে মহাসম্মিলনের অতি ক্ষাণ অভিনয়. জাগ্রত, স্বপ্ন বা স্বৃধি চৈতজ্যের মানবের এই প্রেম বা একীকরণেচ্ছা। किछ, आमता এशान मन-नर्मन अर्थ किवन हेशांक है वृद्धित ना।

সুষ্প্তি অবস্থায় চৈতন্তের যে ক্রিয়া হয়, বা কারণ-শরীরাভিমানী জীবাত্মার যে 'দেশন.'' প্রাক্ত চৈতত্যের বা অধিদৈবের যে প্রত্যয় বা অমুভূতি, তাহাও আমরা এই "দদ্দদ্ন" বিভাগের মধ্যে অন্তর্নিবিষ্ট করিব। সুযুপ্তিকালে যে শরীরে চৈতত্তের জিয়া নিবদ্ধ থাকে. আমরা বলিয়া আদিয়াছি, তাহার নাম কারণ-শরীর; বা আর একভাবে বলিলে, যে মায়াবরণ এই সময়ে চৈত্তাকে আছিল ক্রিয়া থাকে, সেই ব্যষ্টি অজ্ঞানরূপ উপাধিকে আনন্দময় কোশ এই নামে অভিহিত করা হয়। † এই আনন্দময় কোশ নাম নির্থক নহে, উহা সার্থক। যে

 <sup>&</sup>quot;ব্রৈতৎ পুরুষঃ অপিতি-নাম সৎ সৌমা, সম্পন্নো ভবাত, অপীতো ভবতি, ভন্মাদেনং স্বপিতীতাচক্ষতে স্বংগ্রপীতো ভবতি i"

<sup>ি</sup>হে সৌমা! স্বপ্তিকালে এই পুরুষের স্বপিতি নাম হয়। তথন তিনি সৎসম্পন্ন ছয়েন, "ৰ"তে (আছাতে ) অপীত (লীন) হয়েন, অতএব ইহাকে;"স্পিতি" নামে আখ্যাত করা যায়: কারণ-লীন হইয়। স্বপ্রতিষ্ঠ হয়েন। ]

<sup>†</sup> স্বরূপাচ্ছাদকত্বেনাপ্যানন্দপ্রচুরত্বতঃ। কারণং বপুরানন্দময়ং কোশ ইতীর্যাতে ।

কারণ-শরীরও জাবস্বরপকে আচ্ছাদন করে, ইহাতে প্রচুর আনন্দ উপভোগ হুর বলিরা, ইহাকে আনন্দমর কোশও বল। হয়।

যে ভাগ্যবান কথনও এই আনন্দ-অমুভৃতি জাগ্রৎ চৈতল্পে আনিতে পারিয়াছেন, তিনিই বুঝিবেন যে, কি মধুর, কি গভীর, কি ছাদয়-মনোহারী ও পবিত্র স্থর্গীয় এই আনন্দ-প্রবাহ। যিনি ভাহা একবার অমুভব করিয়াছেন, তাঁহার জীবন এই সর্ব-পাপ-হন্ত্রী ভোগবভী-সংস্পর্শে বিগত-সংসার-কলাষ-পক্ষ হইয়াছে। কিন্তু, সাধারণ মানবে এই মহান অমুভব হয় না, তাঁহাদিগের সুষ্পির আনন্দ অনুভৃতির কেবল ক্ষীণ স্থতিটুকৃ থাকে। তাঁহারা বলেন,—''এষোহহং স্থখমস্বাপ্সং ন তু কিঞ্চিদবেদিষম্— আমি স্থথে নিদ্রা গিয়াছিলাম, কিন্তু সেই স্থথের পরিচয় বোধগম্য হইতেছে না।"

সাধক ভক্তদিগের জাগ্রৎ চৈতন্তেও এই অপার্থিব আনন্দ-প্রবাহ আদিয়া প্রতিঘাত করে। শ্রীপ্রীরামক্লফ-জীবনী যাঁহারা আলোচনা করিয়া-ছেন, তাঁহারাই ইহার বিষয় অবগত আছেন। একটি দৃশ্য, একটি সঙ্গীত, একভাবের একটি কথা তাঁহাকে এই আনন্দে নিমজ্জিত করিতে যথেষ্ট হইত। ভক্ত মহাত্মা বিজয়ক্বফ গোস্বামীর জীবনেও তাহাই হইত। আমি তাঁহার জীবনের ঘটনা হইতে গ্রই একটি উদ্ধৃত कत्रिटिक ; \* कार्रन, स्ननगांशार्तन उँ। श्री विषय विदेश विदेश कार्य । "তিনি একদিন দার-ভালার পথে বেডাইতেছিলেন। দেখিলেন পথিপাখে পলাশবুকে পলাশকুল ফুটিয়া রহিয়াছে; ভাবে বিভার হই-লেন এবং মামুষকে ধাকা দিতে দিতে লইয়া গেলে ধেরূপ হয়, দেইভাবে গিয়া কিছুক্ষণ অজ্ঞান হইয়া দাঁড়াইয়া রহিলেন। তৎপরে সাষ্টাকে প্রণিপাত করিলেন এবং জিজাসা করিলে, বলিলেন,—'পলাশরক্ষের ভিতর হইতে মা উ'কি দিতেছিলেন।''

"একবার একটি মূটে মোট নিয়া আদিয়াছে ; তিনি তাহার মধ্যে যেন

শ্রীবন্ধবিহারী কর-রচিত "মহাত্মা বিজয়কক গোঝামী"।

কাহাকে দেখিয়া অধীর হইলেন, এবং ক।দিতে কাঁদিতে তাহার পায়ে পড়িয়া সাষ্টাব্দে প্রণাম করিলেন। মুটেও বাবা বাবা বলিয়া নম্মঞ্লে ভাসিতে লাগিল। সে দুখ্য যাহারা দেখিল, তাহারাও চকুর জ্বল রাখিতে পারিল না।"

"একদিন গেণ্ডারিয়া আশ্রমে প্রাতে পায়ধানার পথে তাঁহাকে অতি সঙ্কোচে পদক্ষেপ করিতে দেখা গেল। এইরূপ করিতে করিতে মুহুর্ত্ত-মধ্যে অজ্ঞান হইয়া ধরাশায়ী হইলেন। তথন তাঁহার নিকট কীর্ত্তন করিলে, পুনরায় জ্ঞান হইল। কারণ জিজ্ঞাসা করিলে, বলিলেন,---'দুর্বাঘাসে শিশিরবিন্দুতে জ্যোতির্ময় ব্রন্ধকে দর্শন করিয়া, আমি আত্ম-সংবরণ করিতে পারি নাই'।''

এইরূপ তাঁধারও জাবনে অনেক ঘটনা আছে। কখনও আহার করিতে করিতে অজ্ঞান হইতেন, কখনও চা পান করিতে করিতে বাটী হাতে করিয়া বেহুঁস্ হইয়া থাকিতেন; কথনও ফুলগাছে ফুল ফুটিয়াছে দেখিয়া তন্ময় হইয়া যাইতেন। স্বযুপ্তি-চৈতত্ত্বের আনন্দপ্রবাহ তাঁহার জাগ্রৎ-চৈতত্তে আসিত বলিয়াই তাঁহার এইরূপ হইত। তাই তিনি ভগবান সম্বন্ধে বলিতে পারিভেন,—তিনি সাক্ষাৎ প্রতাক্ষ দেবতা, ইহা কল্পনা নয়। তাঁকে দেখা যায়, ধরা যায়, আস্থাদন করা যায়, শোনা যায়.--এ কথার কথা নয়, আমি স্বয়ং পরীকা ক'রে ব'ল ছি। অধ্যাপক জেম্স্ (professor James) সাহেবের Varieties of Religious Experiences নামক পুস্তকে ইহার অনেক উদাহরণ আছে। একটি দৃশ্য দেখিয়া একজন নাস্তিকেরও কিরূপ ঈশ্বরবৃদ্ধি ফুটিয়া উঠে! ইহা এই সুষ্পির আনন্দ-তরঙ্গের জাগ্রৎ-চৈতত্ত্বের প্রতিবাত মাতা। ইংরাজ বৈজ্ঞানিকগণ ইহাকে "conversion" বলেন।

সুষ্প্রি-অবস্থায় অনেক ্রিসার সত্যের অনুভৃতি হয়, অনেক জটিক

त्रहरखत्र मौमाश्मा हत्र। ब्लानी ज्व कचौत्र, कवित्र, मार्गनिटकत्र, देवळा-নিকের যে ভাব বা যে প্রতিভালোক, তাহা এই অযুভূতিরই প্রতিফলন মাত্র। কথনও কথন ও আবার মহাপুরুষগণ, ভ্রান্ত, বিপন্ন, অন্ধ আমা-দিগের কল্যাণের জন্ম, দেই বিপদের ভীষণ ছারা আমাদিগের মানসে অহিত করিয়া দিয়া, আমাদিগকে সতর্ক করিয়া দেন। এইরূপ অনুভৃতি লেখকের জীবনে চুই চারি বার হইয়াছিল এবং মহাপুরুষদিগের ইঞ্চিত অনুসরণ করিয়া, মহা মহা বিপদে লেখক বছবার উত্তীর্ণ হইয়াছে। কখনও বা কর্মা ও ভগবন্ধক ত্যাগী মানবগণকে উৎসাহ দান করিতে. নিরাশ মনে আশার সঞ্চার করিতে. বিষয় তাঁহাদিগের চিত্তের অবসাদ দুর করিতে, তাঁহারা অত্যুক্তন ভবিষ্যৎ জাবনের বা মানব-ইতিহাসের এক প্রান্তের ঘবনিকা উত্তোলন করেন: বা শান্তিময় আনন্দ-পুরিত সাধকের আদশার্যায়ী চিত্তাকর্ষক মনোহর দুগ্র দেখাইয়া, মহাপুরুষগণ ভক্তের আনন্দ বৰ্দ্ধন করেন: কখনও বা আগার নানা রূপক দারা অভি জটিল ছর্বেশি রহস্তের বা সাধনার সাধক-চিত্তোপযোগী পছা দেখাইয়া দেন। সাধক প্রবর জিনরাজাদাস স্থললিত তাঁহার Flowers and Gardens \* নামক পুস্তকে অতি মনোহর আধ্যাত্মিকতা-পরিপূর্ণ এইরূপ করেকটি স্থপ্ন-কাহিনা লিপিবদ্ধ করিয়াছেন। তাঁহার গুরুদেব জীবনুক্ত মহাপুরুষ কুত্ত্মী কিরুপ জটিশ নানা তত্ত্ব স্বপ্নে মনোহর চিত্রাবলির সাহায্যে তাঁহাকে উপদেশ দিয়াছেন, তাহার কয়েকটি লেখক তাঁহার এই পুস্তকে লিপিবদ্ধ করিয়াছেন।

অনেকের জীবনেও অলাধিক এইরূপ সত্যামূভূতি হয়; অনেক অতি 
হরুহ সমস্তা, যাহার কিছুতেই মীমাংসা হইতেছে না, সহসা নিদ্রাবসানে

<sup>•</sup> Flowers and Gardens by C. Jinarajadasa—(board)—
price as. 12.

দেখা গেল যে, তাহার কি স্থন্দর ব্যাখ্যা হইয়াছে! কোথা হইতে কোন জ্ঞানজ্যোতিঃস্পর্শে যেন দেই ঘোর তিমির নষ্ঠ হইল! কাঁহার যেন ক্ষপা-পবন সংঘাতে সেই অজ্ঞানতা-মেঘ দূর হইল। আমি নিজের জীবনে ইহা জানি, তাই বলিতেছি। সেই ব্যাখ্যা কোথাও পূর্ব্বে শ্রবণ করি নাই, এমন হই একটি শ্লোক বা শাস্তোক্তি জাগরিত হইবামাত্র মানসে উদিত হইল, যাহা পূর্ব্বে আমি কথনও দেখি নাই। আমি পরে পুস্তক অনুসন্ধান করিয়া, বা কাহাকেও জিজ্ঞানা করিয়া দেখি যে, সেইগুলি প্রায় ঠিক। এইরূপ কি করিয়া হয় ? হয়ত কোনও মহাপুরুষ ক্রপাপরবশ হইয়া আমাকে শিখাইয়া দিলেন! হয়ত আমার যিনি হাদয়রথী, তিনিই আমার সমস্থার মীমাংসা করিয়া দিলেন!

প্রতি ধর্মশাস্ত্রে সদ্-দর্শনের উদাহরণের অভাব নাই। ইতিহাস
আত্মতাগী ধর্মবীর বা কর্মবীর মানবগণের জীবনকাহিনী বর্ণনা করিতে
যাইয়া, অনেক হুলে সদ্দর্শনের কথাও উল্লেখ করিয়াছে। এই সমস্ত
উদাহরণ এখানে আহরণ করিয়া দেওয়া নিপ্রাজন। যাঁহারা ইতিহাস
পাঠ করিয়াছেন, তাঁহারাই এই সমস্ত অবগত আছেন। আমরা আর
অধিক ইহার বিষয় আলোচনা করিব না। যাঁহারা এতৎসম্বন্ধে সমাক্
জানিতে চাহেন, তাঁহাদিগকে শাস্ত ও মহাপুরুষগণের জীবনী পাঠ করিতে
অনুরোধ করি। তবে পাঠকদিগের নিকট আমার নিবেদন যে, গুঁহারা
যেন এই সমহকে স্বপ্ন বালয়া মনে না করেন। যে অবস্থায় এইয়প
দর্শন হয়, ভাহা আমরা পূর্কেই বলিয়া আসিয়াছি, স্বপ্লাবস্থার অতীত।

ক্রমশঃ।

ই কিশোরীমোহন চটোপাধ্যায়।

# অলোকিক-ঘটনা।

অলোকিক রহস্তের পাঠক-পাঠিকারা কতই অলোকিক ঘটনাবলী পাঠ করেন, কতই হাদয়-কম্পনকারী অভিন্তনীয় ঘটনাবলী পাঠান্তে স্তম্ভিত হইয়াছেন; আমি আমার এই ক্ষুদ্র জীবনের সামান্ত ঘটনা বর্ণিত করিয়া পাঠক-পাঠিকাকে যে অধিক কুতৃহলী করিতে পারিব, এরপ আশা করিয়া রহপ্রক্ষেত্রে অবতীর্ণ হইতে পারিলাম না। তবে এইমাত্র আশা করি তটিনী যেমন নিশব্দে বনস্থলী অতিক্রম করিয়া বিশাল সমুদ্রের বক্ষে মিশাইয়া আপনাকে ধন্ত মনে করে, আমিও সেইরপ আমার এই সামান্ত অলোকিক ঘটনাটী ''অলোকিক রহস্ত্র'' সমুদ্রে মিশাইয়া ক্কতার্থ হইব।

আমারও বড় সাধ হইল আমি এমন একটা ঘটনা লিখিব, যাহার দারা পাঠক ও পাঠিকাদিগের কৌতৃহল উদ্দীপ্ত, হয় অলৌকিক ঘটনায় বিশাস হয়; কিন্তু কত বিপদেই পড়িলাম, কল্পনা ব্যতীত লোমহর্ষণ ঘটনা লিখিলেও চলিবে না। তাই স্কুদুর বাল্যকালের লুপ্ত স্মৃতির অঙ্ক হইতে এই ক্ষুদ্র ঘটনার জাগরণের জন্ত প্রয়াস পাইলাম।

অলোকিক ঘটনা সমাক্রপে উপভোগ করিতে হইলে, 'বিশ্বাস করিব' এই বাক্যটা মনে রাথা উচিত। যদি বিশ্বাস না করি, তবে অবিশ্বাস বা কেন করিব? আমি যা দেখিব শুনিব অর্থাৎ আমার স্থূল ইন্দ্রেরের সম্পর্কে যাহা আসিবে, তাহারই অন্তিত্ব বিশ্বাস করিব এবং তাহা ছাড়া আর কিছু নাই এরূপ বিশ্বাস থাকিলে, অলোকিক ঘটনাবলী গাঁজাখুরি গল্লছাড়া আর কিছুই হইতে পারে না। এইরূপ অবিশ্বাসিগণের নিকট আমার এই নিবেদন,—তাঁহারা ( Materialis) জড়বাদী হইলেও,ও তাঁহাদের একথা মনে রাথা উচিত তাঁহারা মানব বই আর কিছুই নহেন ( যদিও এই জ্ঞানবিকাশের সঙ্গে দেবতাত্বরূপ হয়েন )। আমাদের এ কথাগুলি মনে রাথা উচিত যে, এই বিশ্বের তুলনার আমরা

কত কুদ্র, আমরা ইহার কতটুকু জ্ঞান অধিকার করিয়া আছি। আমাদের বৃদ্ধিরও প্রদর কত, আমাদের আয়ুটুকু কত দিনের জন্ত। এই সকল কথার সঙ্গে অনম্ভ জটিলতাপূর্ণ বিশ্বস্থাণ্ডের তুলনা করিলে, हेश जरुखहे आमता वृत्थित् शाति त्य, आमात्मत এह क्रनहात्री कीवत्नत्र দারা সমস্ত জটিল রহস্তের এক কণাও উদ্ঘাটন করিতে পারি না। সুল জগতের জ্ঞান স্বামরা ইক্রিয়ের ঘারা-পুস্তকের ঘারা নিজেদের অন্নবিস্তর চেষ্টায় উপলব্ধি করিতে পারি কিন্তু স্থূল জগৎ লইয়াই ত আর বিশ্ববন্ধাণ্ড নয় ? তবে এই বিশ্বের আর যা কিছু আছে, তাহা সহজে ইন্দ্রিয়ের উপলব্ধির মধ্যে নয়; আর যা কিছু আছে, সব জটিল। আমাদের দেশে বছ আর্য্য ঋষিগণ এই সমস্ত জটিল তব্ব নিরূপণের জন্ত জীবনপাত করিয়াছেন এবং বহু সত্য নিরূপণ করিয়া গিয়াছেন। এখন প্রশ হইতে পারে,—আমরা তাঁহাদের সত্যে বিশ্বাস সংস্থাপন করিব কি না ! আমাদের কৃত বৃদ্ধির কাছে সেগুলি অসম্ভব বলিয়া বোধ হইতে পারে কিন্তু তা বলিয়া প্রকৃতপক্ষে সে সত্যগুলি অসম্ভব, একথা কি করিয়া ৰলিব গ এখন আমাদের কর্ত্তব্য এই যে, তাঁহাদের কথায় বিখাদ করা কিংবা তাঁহারা যা বলিয়া গিয়াছেন সে বিষয় অনুসন্ধান করিয়া দেখা। ষদি কেহ কাহাকে প্রশ্ন করে,—"তুমি কি ভৃত বিখাদ কর ?" আর দে ৰদি বলে,--This belief is mere superstitious অৰ্থাৎ এই বিশাস কুসংস্থারাত্মক, তাহা হইলে আমরা তাঁহাকে কি বলিব ? আমার ইচ্ছা--তাঁহাকে ভাষার কোন নৃতন শব্দ বাহির করিয়া वुवाहेव।

এখন আসল গলকেত্রে অবভীর্ভরয়া যা টক। সে আজ ১৩ বংসরের কথা। আমি একবার আমার মেজ দাদার সহিত তাঁহার খণ্ডরালয় লাহেরাসরাই ( বারভাঙ্গা ) গিরাছিলাম। নিশা যাপনের জন্ম একটি কক নির্বাচিত হইলে, আমরা আহারের পর শরন করি। আমি নিদ্রিত হইয়া পডিলাম। কতক্ষণ নিদ্রিত ছিলাম, জানি না।

हर्राए जामात निका जन हरेग। याज मामात तम्मामारे पर्वतात्र मत्म বোধ হয় আমার নিদ্রাভঙ্গ হইল। আমি মেজদাদাকে জিজ্ঞাসা ■করিলাম,—মেজদা আলো জালিতেছেন কেন ? তিনি বলিলেন.— 'ইন্দুরে কাগজ টানিয়া গর্ত্তে লইয়া যাইতেছে। তাই এমন খড় थড़ मक इटेटिएइ रि. जामात युम इटेटिएइ ना। टेलिमर्सा सिक्नाना বাতি জালিয়া ইন্দুরের গর্ত্ত অম্বেষণ করিতে লাগিলেন। আমিও দেখিতে লাগিলাম কিন্তু কোন কাগজের চিহ্ন মাত্র পাওয়া গেল না। মেজদাদা किছু ভীত इटेलन এবং वनिलन.—किरमत भक् इटेटिड्न ? পুনরায় আমরা আলো নিবাইয়া শয়ন করিলাম। আবার পূর্ব্ববৎ শব্দ হইতে লাগিল। এবারও আলো জালা হইল, কিন্তু ধরিতে পারা গেল না। আমাদের আর নিদ্রা হইল না, চুপ করিয়া বিছানায় শন্ত্র করিয়া রহিলাম। কিছুক্রণ পরে শুনিলাম, সিমেণ্টের মেজেতে মারবেল্থেলিলে যেরপ শব্দ, ঠিক সেইরপ শব্দ হইতেছে। ঠিক মনে হইল, যেন কেহ মেজেতে মারবেল থেলা করিতেছে। আমরা আবো ভীত হইণাম। বাতি অন্নই ছিল; কাজেই আব অধিকক্ষণ জ্ঞালিল না। যেমন নিবিয়া গেল, অমনি আবার পূর্ববং শব্দ হইতে লাগিল। এইভাবে ত আমরা নিশা পোহাইলাম।

তার প্রদিবদ সমস্ত ঘটনা আমরা বলিলাম। শুনিয়া সকলে প্রথমে হাসিলেন। তার পর ঘটনায় বৌদিনির মাতাঠাকুরাণী ও ঠাকুরমা এবং ভগ্নীরা অনেক কথা বলিলেন। উাহারা বলিলেন,—এই বাটীর ত্নীম ছিল; কিন্তু আমাদের ভূতের বিখাদ না থাকায় এ বাটী আমরা ভাড়া লইয়াছিলাম। এক্ষণে বেরূপ দেখিতেছি, ভাগতে এ ভৌতিক

কাণ্ড ছাড়া আর কিছুই বলিতে পারি না। তাঁহারা নিজে নিজে যাহা যাহা দেখিয়াছিলেন, তাহাও আমাকে বলিলেন।

শ্রীচুনিলাল মিতা।

## কর্মানুসারে জীবের গতি।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

(b)

মানুষের মন স্বভাবতঃ চঞ্চল। একাগ্রতা সহজে আসে না। ভাহার উপর আবার এক বিপদ,—পৃথিবীতে মন আকর্ষণ করিবার জিনিষ বিশুর আছে। ইচ্ছিম্পুলি মনটাকে লইমা কতাই না থেলা করিতেছে। বেচারী মনটার অপরাধ কি? ভাহাকে যে ইন্দ্রিয়গুলি নাকে দড়ি দিয়া যুরা-ইতেছে। রূপ, রুম, গ্রন্ধান ও স্পর্শ এই কয়টী হইতেই নানারূপ স্থুখ পাইতে মন সদাই ব্যস্ত। কোপায় ঘাইলে স্থুন্দর মানুষের রূপ দেখিতে পাইত, কি খাইলে মনটা তৃত্তিলাভ করিবে, কি গন্ধে প্রাণ জুড়াইয়া যাইবে, কি মধুর ধ্বনি শুনিলে অপার আনন্দ হইবে, এবং কি মুখস্পৰ্শ জিনিষ পাইলে অঙ্গ শীতল হুইবে — মনটা কেবল এই সব চিন্তায় মগ্ন থাকে। ধানমগ্ন যোগী যেমন ঈশবকে এক মনে চিন্তা করে, মনটাও সেইরূপ ইন্দিরগুলির স্থ একমনে চিস্তা করে। একটা না একটা ইন্দ্রিয়ের হুকুম মনটা না শুনিয়া অলস হইয়া বসিয়া থাকিতে পারে না। ইব্রিয়গুলি বড় মন্তার এক চাকর পাইয়াছে।

কিন্তু ইন্দ্রিয়গুলি আমাদের তার হর্কল মামুষকে লইরা ষভই (कन क्लोड़ाकोड़ि कदाक ना, डिश्वानित त्रांका धमन धक त्रक्रमत्र লোক আছে, যাহাদের কাছে ইল্রিয়গুলি এমন কি চঞ্চল মনটাও পর্যান্ত জব্দ থাকে: তাহারা কে ? তাহারা যোগী, জ্ঞানী, ভক্ত ও ঈশ্বর প্রেমিক। তাঁহারা জানিয়াছেন যে সাধারণ সংসারী মাতুষ প্রকাণ্ড ভ্রমে পড়িয়া দিবারাত্রি বিভাষিকা দেখিয়েছে; এক মজাব অপ্ন দেখিয়া কথন বা হাসিতেছে কথন বা কাঁদিতেছে কথন বা নিজেকে মহাপণ্ডিত মনে করিয়া অপরকে মর্থ বলিয়া বিজ্ঞাপ করিতেছে এবং কথন বা অভিনানে মনের কালা কাদিতেছে: মৃত্যুতেই কেবল এই মজার জাগ্রত স্বপ্ন ভাঙ্গিয়া যায়।

একটা কথা আছে "ভ্রমেতেই ভ্রমণ করায়।" একটা খুব সোজা অথচ সত্য কথা। মনটা কোন্টা আসল কোন্টা নকল বুঝিতে না পারিয়া পৃথিবীটাতে কত অপার স্থুথ খুঁজিয়া সকাণাই বেড়ায়। শান্তি পাইবার জন্ম কত দেশের কত জিনিষ চায়! সর্বদাই ভ্রমান্ধ থাকে বলিয়া আপনার মধ্যে শান্তি খুঁজিয়া পায় না, কেবলই ভাবে আপনার বাহিরে জগতের সব জায়গায় শাস্তি পাওয়া যায়। এই ভ্রম বাহার যত বেশী, সে তত আপনার বাহিরে স্থ গোঁজে; আর এক জনকে না পাইলে তাহার আনন্দ হয় না, ফুর্ত্তি হয় না, কাজেই তাহাকে সুথ পাইবার জন্ম পরবশ হইতে হইল। কিন্তু পর নির্ভরতাই ছঃখ। শান্তে আছে.—

### আত্মবশং স্থাং পরবশং হি ছ:খং।

হুতরাং কস্তুরীমূগ ধেরপে আপনার মধ্যে মৃগনাভি আছে জানিতে না পারিষা গন্ধে উন্মত্ত হইয়া মৃগনাভি ভোগ স্থপ আশায় চারিদিকে খুঁজিয়া বেড়ায়, ভ্রান্ত মানবও সেইরূপ আপনারই মধ্যে ঈশরের আংশ-রূপী বিবেক আছে জানিতে না পারিয়া আত্মার স্বরূপ বুঝিতে না পারিয়া স্থপের ও শান্তির আশায় অপরের কাছে যায় এবং অপর জিনিয় চায়।

আমাদের সঙ্গে সংসার বিরাগী ঈশ্বর প্রেমিক সাধকের পার্থক্য এই যে তাঁহারা আত্মবশ, আর আমরা পরবশ, তাহারা আত্মারাম আত্মানন্দে ভরপুর, আর আমরা পরপ্রত্যাশী: কথন আর এক জনের সঙ্গে আলাপ কবিয়া আমোদ পাইব এই চিন্তার আচ্চর।

তার পর আর একটা বড প্রভেদ আছে। ঈশর প্রেমিক যোগীরা পৃথিবীটার স্থুণ ভূচ্ছ জ্ঞান করে কারণ পৃথিবীর স্থুণ পৃথিবীর সকল জিনিদের মত নখর, "এই আছে, এই নাই।" আমরা এই নখর স্থুখটা-কেই জীবনের চরম লক্ষ্য মনে করিয়া চলি। আর ভাঁহারা ঈশ্বর দর্শন ও ঈশ্বর মিলন পরম স্থথের ও শান্তির কারণ বলিয়া মনে করেন। তাঁহারা ঈশ্বরলাভই জীবনের মহালক্ষ্য প্রির করিয়া কার্য্য করেন. তাঁহাদের নিকট ঈশ্বরই বস্তু আর সব অবস্তু, ঈশ্বরই প্রার্থনীয় আর সব অসার তাঁহারা ঈশ্বরকে প্রাণ দিয়া ভালবাসিয়া কেলেন, ঈশ্বর হইতে মন তুলিয়া লইয়া অপর কোন জিনিষে দিতে পারেন না। আমরা ঈশ্বরকে ভূলিয়া পৃথিবীর জিনিষ লইয়া থাকিতেই চাহি এবং আমাদের এই স্থথে হতাশ হইলে মহাত্রুথ উপস্থিত হয় এবং তথন ঈশ্বকে পর্যান্ত আমাদের স্থথের হস্তারক মনে করিয়া আন্তরিক বিরক্তি প্রকাশ করি। আমারা ঈশ্বর লাভের চেয়ে পৃথিবীর সুখলাভে বেশী আগ্রহ প্রকাশ করি। তাঁধারা ঈশ্বর চান, পৃথিবীর কিছু চান না, আর আমরা পুথিবীর স্থুখই চাই, ঈশ্বরণাভ অসম্ভব ব্যাপার विनया त्रथा मंक्तिकाम कता वृद्धिमात्नत कार्या नम विनया मत्न कति। তাঁহারা ঈশ্বরের প্রেমে আপনাকে ভূলিয়া যান আর আমরা মানুষের প্রেমে ঈশবকে ভূলিরা বাই। ঈশব প্রেমের ফল মুক্তি এবং অপূর্বা শাস্তি: আর মাহুষের প্রেমের ফল মারার বন্ধনে ছ:খ ও বার বার জন্মগ্রহণ। আমরা ভোগী তাঁহারা ত্যাগী।

কিন্তু রহস্ত এই যে তাঁহারা মনে করেন আমরা (সংসারী জীবরা) শ্রমান্ধ এবং আমরাও মনে করি যে আমরা প্রমান্ধ তাঁহারাই সত্য পথে যাইতেচেন।

অতএব ইন্দ্রিয়-বশীভূত আমরা হুংধের দিকে এবং ঞ্চিতেন্দ্রির তাঁহারা পরম স্থাও শান্তির দিকে প্রবন বেগে ছুটিতেছেন।

এইজন্ত যোগের পঞ্চম অঙ্গ প্রত্যাহার মানব জীবনের মঙ্গলের কারণ।

পাতঞ্জল দর্শন বলিয়ছেন,—

"স্ববিষয়াসংপ্রয়োগে চিন্তানুকার ইবেক্সিয়াণাং প্রত্যাহারঃ॥" অর্থাৎ, স্ব স্ব বিষয়ের অসম্বন্ধে শ্রোত্রাদি ইক্সিয়ের চিন্তের অনুকার অর্থাৎ চিন্তের নিরোধে ইক্সিয়ের নিরোধের নামই প্রত্যাহার।

যাজ্ঞবন্ধ্য সংহিতাতে উক্ত হইয়াছে.—

"ইন্দ্রিয়াণাং বিচরতাং বিষয়েয়ু স্বভাবতঃ। বলাদাহরণং তেষাং প্রত্যাহারঃ স উচ্যতে॥"

অর্থাং স্বভাবতঃ বিষয়ে প্রবৃত্ত ইন্দ্রিয় সকলের বলপূর্বাক প্রত্যাকর্ষণের নামই প্রত্যাহার।

স্থতরাং চিত্ত যথন স্বভাবতঃ চঞ্চল এবং এবিষয়ের আকর্ষণও যথন প্রবল, অভএব বিষয়ে দোষ দৃষ্টি ও তৎসংসর্গত্যাগ ভিন্ন ইন্দ্রিয় সকলকে আয়ত্ত করা যায় না। এই নিমিত্তই পণ্ডিতগণ বলিয়া থাকেন—

"বলবানিক্সিরগ্রামো বিদ্বাংসমপি কর্বতি।"

অর্থাৎ ইন্তিয়ে সকল অতীব ৰলবান বলিয়া বিদ্যান ব্যক্তিকেও বিষয়া-সক্ত করে।

এই বাবে আমরা বুঝিতে পারিব অভ্যাস (Habit) ও সংস্কারে (nature) পার্থক্য কি এবং অভ্যাসের দারা সংস্কার পরিবর্ত্তন করা ধার কি না। মাম্য কতকগুলি প্রবৃত্তি (Tendency) লইয়া জন্মগ্রহণ করে। সেই গুলিকে সংস্কার বলে। সংস্কার প্রাণ কোথা হইতে আইসে ? নিশ্চরই এই জন্মের পূথে এক জন্ম ছিল তাহারই অভিজ্ঞতার ফল, তাহা না হইলে তাহারা আর কোথা হইতে আসিবে ? কারণ, ইহ জন্মে নবজাত শিশুর কোন কার্যাই করা আরম্ভ হইবার পূর্ণে ইহ জন্মের জ্ঞান হইতে তাহারা আসিতে পারে না। শাস্ত্র বলেন, —

ভীব বার বার জন্মগ্রংণ করিতে বাধ্য, কশাই বলবান্ এবং কশাই জীবের ঘন ঘন জন্মগ্রংগের কারণ।"

পুরুজনোর বেটা অভজ্জতা (Experienc) ইহ জনোর সেটা সংস্কার (Tendency) রূপ ধারণ করিয়া জীবের সঙ্গে সঙ্গে কর্মবশে অফুগমন করে। স্থাতরাং সংস্কার জিনিসটা আমাদের নিজের স্থাটিও সম্পতি। যদি কাহারও সংস্কার মন্দ হয়, সে জুলু অপর কেইই ধর্মতি ও ভায়তঃ দোষী হইতে পারে না।

বেখন অভ্যাস জিনিষ্টা মানুষের ইহ জানের সাধনার ফল। মানুষ জ্ঞান সঞ্চার হওয়া অবধি থেরূপ সঙ্গ ( Atmosphere বা Company ) ও শিক্ষা Education পাইবে, সেইরূপ আপনার জীবনকে চালাইতে শিখিবে। ভাল শিক্ষা ও সাধু সচচিত্রিত্র লোকের সঙ্গ বাল্যকাল হইতে পাইলে, ভাহার জীবনের প্রতিদিনের কার্যাবলী Routine ভাল আদর্শে গঠিত হয়। আদর্শ ভাল হইলে কার্যাও ভাল হয়। প্রতিদিন এক নিয়মে যে কার্যা করিবে, ভাহাই কালে অভ্যাসে পরিণত হইবে। প্রতাহ একই রক্ষের কার্যা করিতে আরম্ভ করিলে কিছুদিন পরে সেই কার্যাই এত বলবান্ হইবে যে তথন আর না করিয়া থাকা যাইবে না। অভ্যাসের ফল সামান্ত নয়। অভ্যাস মন্দ হইলে ভাহার ফল এত মর্মান্তিক হয় যে, অনেক সময় ঘোর অনিজ্ঞা সক্ষেও মানুষ সেই কার্যাই বিয়া থাকে।

মুভরাং ইহা বেশ বৃঝিতে পারা যাইল যে সংস্থার nature প্রকৃতি-গত innate এবং অভ্যাস Habit সাধনাগত অভিজ্ঞতাগত Acquire

এখন ছটী কথা মনে রাখিতে হইবে, যে (১) এই অভ্যাস সংস্কারের পর আইনে বলিয়া স্বভাবতঃ সংস্থারের অধীন ও অনুকুল; এবং (২) এই অভ্যাদ সাধনা বলে এত প্রবল হয় যে, সংগারকে বদলাইয়া দেয় এবং সংস্কারের উপর আধিপতা করে।

এইখানে আমরা আর এটা নুতন কথা বলিব। কর্ম্মরহস্থ বিষয়টী বডই জটিল বলিয়া আমরা চুটী কথা আনিতেছি এবং ইহার সাহায্যে বিষয়টী সহজ-বেংধা হইবে।

এই সংস্কারের অপর নাম অদৃষ্ট বা নিয়তি Predestination এবং অভ্যাদের অপর নাম পুরুষকার বা ব্যক্তিগত স্বাধীনতা Freewill, দর্শন শাস্ত্রে এই গুয়ের মধ্যে কোন্টা বড় কোন্টা ছোট বিচার বড়ই কৌতুককর ও চিন্তাপুর্ণ। মাতুষের Freewill বা পুরুষকার অনুষ্ঠকে বদলাইতে পারে কিনা: এই বিচার এখনও জ্ঞানী সমাজে একটী প্রকাণ্ড আলোচনার জিনিষ হইয়া বহিয়াছে।

অভ্যাস রা পুরুষকার সাধারণতঃ সংস্কার বা অদৃষ্টের অধীনে ও অত্-কলে থাকিয়া কার্য্য করে। একটা ভাল জাতীয় লোকের সম্ভান সাধা-রণতঃ ভীলদের অভ্যাস বাল্যকাল হইতেই শিক্ষা করে। আবার উচ্চ ভদ্রবংশে জন্মগ্রহণ করিয়াও মন্দ সংস্কার জন্ম বাল্যকাল হইতেই অনেকে কদভ্যাদ শিথিতে আনন্দ বোধ করে। যাহার যেমন সংস্থার বা পূর্ব জন্মের কর্ম থাকিবে তাহার ইহ জন্মের অভ্যাসও সেইরূপ বাল্যকাল হইতেই আরম্ভ হইবে। আমি এখন একটী ভদ্র কায়স্থ মরের বালককে জানি যে বাল্যকাল হইতেই বিভালয়ের নামে কাঁদিত এবং নীচজাতীয় वानकितित्रत महिल (थना कितिष्ठ आस्मान त्यां कितिल; अमन कि,

সেই বালক ষ্থন ২২ বৎসরের যুবক হইল তথনও প্রকাশ্যে গুরুজন-দিগের সমুথে অভদ্রভাবে মালকোছা বাঁধিয়া কাপড় পড়িয়া বুরিয়া বেড়াইত। ইহা হইতেই নিশ্চয়ই এই বুঝিতে হটবে যে, বালকটীর সংস্কার ভদ্রবরের উপযোগী নয়।

আবার, আর একটা ঘটনা জানি ধেখানে একটা নাপিতের ছেলে ৰাল্যকাল হইতে নাপিতের বৃত্তি ভাল বাসিত না. একটু চিম্ভাশীল থাকিত। সেই বালকের সংস্থান নাপিতের ঘরের উপযোগী ছিল না; সেইজন্ম নাপিতের কার্য্য বা অভ্যাস তাহার সংস্কারের অনুরূপ হইত না।

ইংরাজি শিক্ষিত সকলেই জানেন, সংগ্রাকর্য্য শক্তির আবিষ্যারক -নিউটন অত্যম্ভ চুর্বল ছিলেন বলিয়া এবং ক্ষেত্রের কার্য্যে অক্সমনস্ক থাকিনেন বলিয়া, তাঁহার পিতা তাঁহাকে ক্রবিকার্য্য হইতে অবসর দিয়া-ছিলেন। নিউটনের সংস্কারের সঙ্গে ক্রযকের কার্ট্য ঠিক মিলিতে ছিল্ না ৰণিয়া কুষকের মত অভ্যাদ তাঁহার সহজে আয়ত হটতেছিল না. এবং সেই জন্মই সংস্কারের বিরোধী বলিয়া তাঁহার ক্লবিকার্য্য মোটেই ভাল লাগিত না।

সিংহশিশুর শৃগাল শাবকের সহিত প্রতিপালনের গল্পে আমরা সংস্কা-রের প্রাধান সহজেই বুঝিতে পারি। এক সিংহ-শিশুকে বনের মধ্যে অসহায় অবস্থায় দেখিয়া এক শুগালা দ্য়া পরবর্ণ হইয়া তাহাকে আপন সম্ভানদের সহিত প্রতিপালন করিতে লইয়া গেল। শুগাল শাবকগণ সিংহ শিশুর সহিত শৃগাণীর ছগ্নপান করিয়া কালজনে বেশ বৃদ্ধিপ্রাপ্ত হুইয়া পূৰ্ণ যুবক হুইয়া উঠিল। সিংহশিও জানিত না যে সে সিংহশিও; শ্গাল শাবকগণও এই ব্যাপার জানিত না; সেই শৃগালী কেবল ইহা জানিত, কিন্তু সে তাহা গুপ্ত রাধিয়া ছিল। স্বতরাং ইহা স্বাভাবিক ধে

সেই শুগালশাবকগণ সেই সিংহশিশুকে তাহাদের জ্যেষ্ঠল্রাতা মনে করিত। একদিন বনে এক হস্তার সহিত তাহাদের সাক্ষাৎ হইল। দেখিবামাত্র শুরালশারকগণ ভয়ে যে যেদিকে পাইল, পলাঃল করিল, কেবল সিংহশিশু পলাইল না; দে গর্জন করিয়া হস্তার সমূবে অগ্রসর হইল। হস্তী সিংহগর্জন শুনিবামাত্রই ভয়ে এক দিকে ছুটিয়া প্রাণ লইয়া পলাইল। সিংহশিশু তথন শুগাল শাবকগণকে খুজিতে লাগিল। শুগাল শাবকেরা এদিকে শুগালীর নিকট আসিয়া মিথ্যা করিয়া নিজেদের বিক্রম ও সিংহ শিশুর ভিরুতা সম্বন্ধে বলিতে ছিল। শৃগালী একটু থাসিমা বলিল, "তোদের শুগালের জন্ম, শুগালের সংস্কার তোরা হাতী মারাব কেমন করিয়া ?'' আর তোদের দাদার শিংহের জন্ম, সিংহের সংস্কার, সে কথন হাতী দেখে পালতে পারে?" ইতিমধ্যে সংঘাশ ৬ শৃগালীর নিকট আাসমা ভাতৃগণের কাপুরুষভার কথা বলিল, শুগালী কখন সরলভাবে সত্য কথাগুলি বলিয়া তাহার জন্ম বিবরণ বলিল। তথন।সংহশিশু व्यानत्म नर्ब्बन कवित्रा मुनानः एव मन्न ज्यान कवित्रा वरनव निः इरएव परनः আনন্দ পাইতে ছুটিল। বিংখের সংফারে শুগালের কার্য্য বা অভ্যাস ভাল লাগিবে কেন ? সিংহের সংস্কারে সিংহের অভ্যাস থাপ থায়।

ক্রমণঃ )

শ্রীঅধিনীকুমার চক্রবত। বি, এ, বি, এল।

## গুহামুখে।

## ( পূর্ব্বপ্রকাশিতের পর )

কিন্ত আশ্চর্যোর বিষয়, আমি ছাড়া বাড়ীর আর কেইই ইহাতে কোনও ভীতির চিহ্ন দেখাইল ন:। কেচ কোনও কথা কহিল না, অথবা সেথানে আলিল না।

আমি কিছুক্ষণ স্তম্ভিতের ভার দাঁড়াইলাম। আমার কুধা—যা কিছু ছিল—সমস্তই লুপ্ত হইয়াছে। এখন গৌরা পথ ছাড়িয়া দিলেই আমি পলাইয়া বাঁচি।

কিন্ত গৌরী পথ ছাড়িল না। বাসনগুলা ফেলিয়া, নিকটের একটা জলপাত্র হইতে জল লইয়া হাত ধুইতে বসিয়া গেল। পথ সঙ্কীর্ণ—ষাইতে হইলে, তাহাকে লজ্মন করিয়া যাইতে হয়।

আমি আর তাহার পাগলামী দেখিতে দাঁড়াইয়া থাকিব না স্থির করি-লাম। বলিলাম,—"আর কেন, রাত্রি অধিক হইতেছে। পথ ছাড়িয়া দাও—আমি বিশ্রাম করি।"

''আর একটু অপেক্ষা কর''—বিশ্বা গৌরী উঠিয়া দাঁড়াইল।

"আর অপেক্ষা করা যুক্তিযুক্ত মনে করিতেছি না। সকলে নিদ্রিত হইয়াছে।"

"কেহ ঘুমায় নাই। বাবু কি করিয়াছে, বলিতে পারি না। আর সকলেই যে যার নিজের ঘরে জাগিয়া আছে। তাহারা জপের নাম করিয়া তোমার আহারশেষের অপেক্ষা করিতেছে। কেহ এখনও জল খায় নাই। বলা বোধ হয় বাবুর পদ্দেবা করিতেছে।''

"তবে তাহাদের আহারের ব্যাঘাত ঘটাইতেছ কেন? আমাকে যাইতে দাও।"

"তুমি ত এখনও প্রয়ন্ত কিছু মুথে দিলে না ।"

"এখনও কিছু খাওয়াইবার অভিলাষ মাছে নাকি ?"

"শছে বই কি !"

''তা হইলে দেখিতেছি, তুমি ষণার্থই পাগল।"

"আমাকে পাগল বলিতেছে কে ?"

"আমিই বলিতেছি।"

'পাগনের কাজ আমাতে কৈ দেখিলে ?"

আমি গৌরীর কথায় অপ্রতিত ইইলাম। আগাগোড়া হিনাব করিয়া তাহার এতক্ষণের কার্য্যে পাগলামী ত কিছুই দেখিতে পাইলাম না। আমার মনে হহতে লাগিল, তাহার বাহিরের প্রতি আচরণে তাহার ভিতরটা প্রতিফলিত ইইতেছে। আমি তাহার প্রশ্নের কোনও উত্তর দিলাম না।

গৌরা অনেকক্ষণ দাঁড়াইয়া আমার উত্তরের অপেক্ষা করিল। অথবা অপেক্ষার ছলে আমাকে ভাল করিয়া দোবয়া লইল। বথন দেখিল, আমি উত্তর দিলাম না, তথন সে বলিল,—''বারংবার আহারের ব্যাঘাতে ভোমার ক্ষ্ধা দ্র হওয়াই সন্তব। আমি ভোমাকে আর অমুরোধ করি-ভাম না। ব্রিভাম, ভোমার ভাগ্যে আজ আহার নাই। কিন্তু পূর্বেই বলিয়াছি, তুমি না কিছু মুথে দিলে, ইহারা কেহ কিছু মুথে ভুলিবে না। সেইজন্ত ভোমার পথ আগুলিয়া দাঁড়াইয়া আছি। আর একবার ভোমাকে আসনে বলিতে হইবে। একটা মিষ্টাল্ল অন্তভঃ দাঁতে কাটিতে হইবে।' তাহার মনোভাব এওক্ষণে বুঝিতে পারিলাম। বুঝিয়া মনে মনে তাহার বুজির প্রশংসা করিলাম। হিন্দুপরিবার ব্রাহ্মণ অতিথিকে কিরপ চক্ষে দেখে, সে বোধ আমি অনেক দিন জ্বলাঞ্ভলি দিয়াছি। আমি ইহাদের ঘরে অভিথি—বিশেষতঃ তীর্থে অতিথি। আমার আহারের প্রবস্থা দেখিয়া, কলিতের মা ও পিসী নিজের নিজের ঘরে বিসিয়া কি মনোখেদনাই না ভোগ করিতেছেন ? ললিতের কলাশ-কামনায় ভগবানের কাছে আকুল হৃদয়ে কতই না প্রার্থনা করিতেছে ? মনে করিতেই আমার শরীর শিহরিয়া উঠিল। আমি বলিলাম—"চল গৌরী। আমি মিষ্টায় মুখে দিব।"

(शोदी विनन-"हन।"

আমি আগে গতে প্রবেশ কবিলাম, গোরী আমার পশ্চাতে প্রবেশ করিল। আসন পাতাই ছিল। আসনের সন্মুথে মিপ্তান্নপাত্র যে ভাবে রক্ষিত ছিল, এখনও সেই ভাবেই রবিয়াছে।

তথাপি গৌরী আমাকে আসনে বসিতে নিষেধ করিল। বলিল—
''আর একটু দাঁড়াও। আহারের স্থানটা পরিষ্কার করিয়া নৃতন মিষ্টায়
লইয়া আসি। এ মিষ্টায় অনেকক্ষণ অনাবৃত ছিল। ইহা ভোমাকে
দিতে পারি না।"

আমি এই বারে আর একবার গৌরীর মুখের পানে চাহিলাম। শুধু চাহিলাম—কোনও কথা কহিলাম না। সেও আমার মুখের পানে চাহিল। চাহিলা হাসিল।

আমি হাসিয়া তাহার হাসির উত্তর দিলাম। গৌরী কিপাহতে সে খান পরিকার করিয়া, মিষ্টারপাত্র লইয়া গৃহ হইতে নিজ্ঞান্ত হইল।

আমি তাহার ফিরিবার অপেকার দাঁড়াইয়া রহিলাম। সেই অব-

স্থাতেই মনে মনে বলিলাগ—''এ আমার ব্রান্ধণত্ব পুনঃ প্রাপ্তির প্রায়-শিচন্ত হইভেছে ।"

একটু পরেই গৌরী আবার একটা নৃতন পাত্রে ভরিয়া কতকগুলা মিষ্টান আনিল। প্রচুর মিষ্টাল। আমি জীবনে তত মিষ্ট দ্রব্য আর কাহাকেও কথন একবারে খাইতে দেখিয়াছি কি না সন্দেহ। অবশ্র বুরুদের মুখে শুনিয়াছি, ভাহারা নিমন্ত্রণে থাইতে বসিয়া পুর্ণাহারের পরেব পাঁচ সের মোণ্ডা উদরম্ভ করিতে পারিতেন। শুনিয়াছি, কিন্ত কাহাকেও থাইতে দেখি নাই। ইংরাজী পড়ার সময় হইতে **আ**মা**দের** নবা সম্প্রদায়ের মধ্যে অজীর্ণের যুগ আরম্ভ হুইয়াছে। এখন নিমন্ত্রণে বসিয়া যে যত কম থাইতে পারে, তাহারই গৌরব তত অধিক। বিশেষতঃ আমাদের সময়ে মিষ্টারটা মুখে করা সভা যুবকগণের মধ্যে একরূপ পাপ বলিয়াই পরিগণিত হইরাছিল :

সেই মিষ্টারের সমষ্টি দেখিয়াই আমি বলিয়া উঠিলাম - "এ কি গৌরী ? দ জনের থাবার পাত্রে ভরিয়া আনিলে কেন ?''

"তুমি খাইবে বলিয়া। পিনাকে বলিতে সে এই খাবার **আমাকে** দিয়াছে।"

"পিদী তোমাব অভিকার মূর্ত্তি দেখিয়া হততম হইয়া গিয়াছেন। তাঁহাদের নিজের জ্বল্য কিছু রাথেন নাই। ভাণ্ডারে যা ছিল, সব निशाक न।"

''তা কেন, এখন ও ষ্থেষ্ট খান্ত ভাণ্ডারে আছে। ইহাদের অর্থাভাব নাই। একজনের খাত যোগাইতে ইহাদের ভাগ্ডার শৃত্ত হইবে না।"

এই বলিয়া গৌরী খাল্পাত্র আসন সমূধে রক্ষা করিয়া আমাকে বিদতে অমুরোধ করিল।

আমি আসনে উপবেশন করিলাম। সে ইত্যবসরে একটি গ্রাস অল-

পূর্ণ করিয়া পাত্রের পার্যে রক্ষা: করিল এবং আমার সন্মুখের ভূমিতে আসনপিডি চইয়া বসিল।

আমি জলে হাত ধুইতে ধুইতে তাহাকে বলিলাম,—"মিষ্টালের ছইটী মাত্র রাথিয়া, আর সমস্ত উঠাইয়া লও।"

शोबी विनन,--"(कन १"

"আমার মত দশ জনেও এ থাত নিঃশেষ করিতে পারিবে না।"

"বেশ ত. যা পার থাও।"

"অবশিষ্ট গ"

"অবশিষ্টের জন্ম তোমার ভাবনা কেন ?"

"হ'তে পারে ইহারা ধনী। ইহাদের সামগ্রীর অভাব নাই। কিন্তু আমি জিনিষের অপচয় দেখিতে ইচ্ছা করি না।"

(गोती थिल थिल हामिल।

আমি বলিলাম,—"তুমি হাদ, আর যাই কর-আমি যা বলিলাম, ভা না করিলে, এ মিষ্টাল্লের একটা কণাও আমি মুথে তুলিব না।"

গৌরী আবার থিল থিল হাদিল—কোনও উত্তর করিল না। অথবা আমার ইচ্ছাতুষায়ী কার্য্য করিণ না। মুথ তুলিয়া দেখি, দে আমার মুধ্রে পানে চাহিয়া আছে।

চোথে চোথ পড়িবামাত্র সে তৃতীয় বার হাসিল। সে হাসির তরঙ্গ স্থামার চোথ দিয়াই হউক, অথবা কাণ দিয়াই হউক, কোনও রকমে আমার জনমদেশে প্রবেশ করিয়া আমার মন্তিকে এমন একটা ধাকা দিল বে, আমি মিষ্টানের থালায় চোখ নামাইয়া কিছুক্ষণের জন্ম তাহাতে এক রা'শ্ অরকার সঞ্চিত দেখিলাম। আবার একবার মুধ তুলিবার চেষ্টা করিলাম। মুথ উঠিল, কিন্তু চোথ উঠিল না। মতিষ্কটা একটু প্রকৃতিস্থ हरेल (प्रि. श्रामात वक्क श्रावनात्वा म्थ्रांकिक इटेल्डिह। किंद्ध व

অবস্থায় পড়িয়াছি, তাহাতে আমাকে বেমন করিয়া হউক হাদরকে শাস্ত করিতেই হইবে। এ পাগলিনী কি করিতেছে, কিছুই ব্রিতে পারিতেছি না। এক অনিন্দ্য স্থানরী য্বতাকৈ সমুথে রাথিয়া অর্দ্ধ রাত্রি পর্যান্ত আমি একটি ঘরে বিদিরা অভি। আনার আচরণ দেখিয়া ইহারাই বা কি মনে করিতেছে! আমে স্থান্য যথাসন্তব বল সঞ্চয় করিয়া, চোথ না তুলিয়াই বলিলাম,—"যদি আমাকে কিছু থাওয়াইবার সাধ থাকে, ভাহা হইলে যা বলিলাম, ভাই কর। একথানি বরফা ও একথানি প্যাড়া রাথিয়া আর সমস্ত থাবার উঠাইয়া লও।"

গৌরী যেমন বসিয়াছিল, তেমনিই বসিয়া রহিল — আমার আদেশ পালন করিল না।

আমি কৃত্রিম ক্রোধ দেখাইয়া আদন ছাজিয়া দাঁড়াইলাম। গৌরী চোথ তুলিয়া দেখিল মাত্র-কথা কহিল না।

তাহার ভাব দেখিয়া আমি বিশ্বিত হুইলাম। ক্ষণপূর্বের উল্লাসময়ী স্বন্ধরী দেখিতে দেখিতে যেন নিথর প্রস্তরমূর্ত্তিতে পরিণত হুইয়াছে।

আমি এখন শুধু বিশ্বিত নহি—বিপন্ন। দাঁড়াইয়াই আমার মনে হইল, আমি কিছু না থাইলে, ললিতের মা ও পিদী রাত্রিতে জলস্পর্শপ্ত ক্রিবেন না।

কর্ত্তব্য স্থির করিতে অনেকটা সময় অভিবাহিত হইয়া গেল। আমি আর একবার গৌরীর মুখপানে চাহিতে দেখি, সে পলকহীন নেত্রে উর্দ্ধে যেন কাহার পানে চাহিয়া আছে। তাহার সে অবস্থা দেখিয়া আমার ভয় হইল। মনে হইল বুঝি, আবার তাহার হিষ্টিরিয়া হইয়াছে। ভাহাকে ডাকিতে আমার সাহস হইল না।

দাঁড়াইয়া দাঁড়াইয়া আমি তাহার সংজ্ঞা ফিরিবার প্রতীক্ষা করিতে লাগিলাম। বহুক্ষণ পরে একটি দীর্ঘ নিখাস ত্যাগ করিয়া গৌরী সংজ্ঞায় ফিরিল। তাই ত। এতক্ষণ পর্যান্ত খাস-প্রখাস রহিত করিয়া সে বসিয়াছিল। এতক্ষণখাদ বন্ধ করিয়াকেত কথন কি জীবিত থাকিতে পারে! গৌরীর দে সময়ের অবস্থাটা বৃঝিবার জন্ম আমার কৌতৃহল হইল। কিন্তু প্রশ্ন করিতে না করিতে সে বলিয়া উঠিন.— "ও কি, তুমি দাঁড়াইলে ধে ৭ মিষ্টি মুথে দিলে না ৭"

আমি বলিলাম.—"আমার কথার অন্যথা হইবে না। আমি হুইটা মিষ্টাল্লের অধিক মুগে তুলিব না। বদি আমাকে থাওয়াইবার ইচ্ছা পাকে, তা' হইলে এই সব থান্ত হইতে আমাকে তুইটা তুলিয়া দাও---তা তোমার যে চুইটা ইচ্ছা। অবশিষ্ঠ সরাইয়, লও। যদি না লও, তাহা হইলে আমি উঠিয়া যাই ব। মা ও পিসী-মা যদি রাত্রে উপবাসী থাকেন. তাহার পাপ তোমাকে স্পর্শ করিবে।"

"বেশ, মা 'নজ হাতে যে থাবার প্রস্তুত করিয়াছেন, তা' হ'তে ছইটা ভূমি উঠাইয়া লও।" এই বলিয়া গৌরী ছুইটা সন্দেশ আমাকে দেথাইয়া मिल।

আমি তরিদিষ্ট সন্দেশ তুইটা উঠাইয়া লইলাম, এবং পাছে পাত্রে উচ্ছিষ্ট পড়ে. এইজন্ত মুথ ফিরাইয়া একটা সলেশ উদরস্থ করিলাম। অপরটাকেও নিঃশেষ করিতে যাইতেছি, এমন সময় গৌরী বলিল— 'ঠাকুর। আমার একটা কথা শুনিবে ?''

**"कि, वल।"** 

"ষদি তুইটার অধিক না খাওয়াই তোমার সকল্ল—''

''আমি স্থিরসঙ্কল্ল। ভূমি সমস্ত দেবভার দিব্য দিয়া অফুরোধ করি-লেও আমি বাকোর অন্তথা করিব না।''

"এ ত ব্রাহ্মণেরই উপযুক্ত কথা। সকল কাজেই এরূপ সঙ্কর রাখিতে পারিলে, ত্রাহ্মণের লুপ্ত জ্যোতি আবার তোমাতে ফিরিয়া আসে। তাহাতে বে আমি কত সুখী হইব, তা আর তোমাকে কি বলিব। তাহ'লে এক কাজ কর, দ্বিতীয় সন্দেশ সমস্ত খাইও না—কিছু অবশিষ্ট রাখ।"

"(কন গ'

"ব্রাহ্মণকে পাত্র নিঃশেষ করিয়া খাইতে নাই—ভ্কাবশেষ কিছু বাধিতে হয়।"

''তৃমি আমাকে একদিনেই ধার্ম্মিক করিয়া তুলিলে, দেখিতেছি।" "তলিবার প্রয়োজন আছে।"

''কি প্রয়েজন গ'

"প্রয়োজন বলিতে গেলে যে সন্দেশ ফুরাইয়া যায়।"

হরিদ্বারে তথন সন্দেশ মিলিত না। মিলিত কেবল ক্ষীরের সামগ্রী। আমি বৃদ্ধিয়াছি, ললিতের মা তথ্য হইতে চানা প্রস্তুত করিয়া সেই চানা-তেই এই সন্দেশ করিয়াছেন। থান্ত এমন উপাদের হইয়াছে গে, মুথের কাছে তাহা লইতে না লইতেই নির্বাপিত ক্ষুধানল পুনঃ প্রজ্বলিত হইয়াছে। সন্দেশের অংশ রাথিব কি, থাইতে থাইতে মনে করিতেছিলাম, যদি এখন গৌরী আমাকে আরও তই চারিটা সন্দেশ থাইতে উপরোধ করে, আমি 'না না' বলিতে বলিতে আরও তই চারিটা থাইয়া ফেলি। কিন্তু আমার ত্রভাগ্যবশে গৌরী আর উপরোধ করিল না। অগতাা আমাকে আহারে নিরস্ত হইতে হইল।

তথন সন্দেশটার অভ্কাংশ হাতে করিয়া গৌরীকে বলিলান,—"এইত প্রসাদ। এখন এ প্রসাদ রাখিব কোথায় ?"

গৌরী বলিল,—''এই পাত্রেই রাখ। আমার কথা শুন, অন্তথা করিওনা। তৃমি ব্রাহ্মণ—তোমার প্রসাদ পড়িয়া থাকিবে না। এ বাড়ীতে প্রসাদ পাইবার লোক ঢের আছে।''

"ঢের কে ? প্রসাদ থাবার পাত্তের মধ্যে এক ভূত্য বলাইকে মাত্র ত দেখিতেছি।"

"চাকর আছে—ঝা আছে—আমি আছি।"

"ঝাঁকে ত দেখি নাই।"

'আজ তার জ্ব হইয়াছে। সে একটা ববে বেপ মূড়ি দিয়া পড়িয়া আছে।"

''চাকর ঝীনা হয় রহিল। তুমি আছ—মানে কি ?

''কেন আমার থাকিতে দোষ কি ? বান্ধণকন্তা বয়োজ্যেষ্ঠ বান্ধণের প্রসাদ পাইবে, ইহাতে বিশ্বয়ের বিষয় কি আছে ? আমার সে ত বহু-ভাগ্য।

"তাহা হইলে বুঝিতেছি, এ প্রসাদ তুমিই লইবে।"

''আমিই লইব। কেন লইব, বলিতেছি—আগে তুমি প্রসাদ পাত্রে বাথ ।"

আর তার উপরোধ না রাখা কর্ত্তব্য মনে করিলাম না-তাহার ইচ্ছা-মত কার্যা করিলাম।

তখন গৌরীর কথা শুনিলাম, তাহার প্রদাদ লইতে কেন যে তাহার এত অংগ্রহ, তার কারণ বুঝিলাম। বুঝিয়া শিহারয়া উঠিলাম।

গোরা বলিল,—'কি জানি,কি অবস্থায় কভাদন কোথায় খুরিতে হইবে ভার ঠিক কি ? এজন্ম আহ্মণের প্রদাদ পথের:সম্বা করিয়া লইলাম।

"একান্তই যাইবে ?"

"কভবার বলিব ?"

''গৌরী। এরপ উন্মন্তার মত কথা কহিও না।"

"বালাই, আমি উন্মন্ত হইতে ষাইব কেন ?"

''কোপায় ষাইবে ?"

"তা এখন কেমন করিয়া বলিব ? আমি ত কখন বাড়ীর বাহিয়ে পা দিই নাই। অতি শৈশব অবস্থা থেকে ইহাদের আশ্রমে আছি।''

''সামাক্ত কথায় তোমার এত অভিমান হইল ?''

"কাহারও উপর আমার অভিমান নাই। আমাকে বাইতেই হইবে বলিয়া যাইতেছি।"

"তুমি ইহাদের কে ?"

''পূৰ্ব্বেই ত বলিয়াছি, কেহ নয়।"

"তবে এখানে আসিলে কেমন করিয়া ?"

''অদৃষ্ঠ আনিয়াছে।''

"তোমার কি আপনার জন কেহ নাই ?"

"কেহ ছিল না। থাকিলে, ইহাদের গৃহে আদিব কেন ? আমি বাল্য-কাল হইতেই পিতৃমাতৃহীন।"

''তবে কার আশ্রয়ে তুমি যাইবে **?**''

"আশ্রয় মিলিগ্লাছে।"

"এইত এই ঘণ্টা আগে ভোমার গৃহত্যানের ইচ্ছা হইয়াছে। ইহারই মধ্যে আশ্রম মিলিল কোথার ?"

"মিলিয়াছে। আমি দেখিয়াছি।"

"আমার সমুথে যথন দমবন্ধ করিয়া উর্দ্ধনেত্রে বসিয়া ছিলে, তথনই কি দেখিয়াছ ?"

গৌরী মৃত্ হাসিল।

আমি মনে মনে স্থির করিলাম, এখনি ললিতকে ও সেই সঙ্গে বাড়ীর সকলকে সংবাদ দিয়া ইহার গৃহত্যাগে বাধা দিব। মনের সেই সাহসে, আমি কৌতৃহল চরিতার্থ করিবার জ্বন্থ আরও ছই একটা প্রশ্ন করিবার ইচ্ছা করিলাম। বলিলাম,—"তখন কি দেখিতেছিলে ?" "তোমাকেই দেখিতেছিলাম।"

''আমি কি কড়িকাঠে ঝুলিভেছিলাম ?''

গৌরী তাহার চির অভ্যন্ত থিল থিল হাসির সহিত বলিল,—"আকাশে উডিতেছিলে ৷"

''তাহ'লে আমিই তোমার আশ্রম বল !"

"এইরপই ত দেখিলাম।"

"তুমি ভুধু পাগন নর, বন্ধ পাগল।"

'পাগল ভাম।''

"বেশ, তবে পাগলকে কি সাহদে আশ্রয় করিতেছ 🖓

"ও পাগলামা সারিয়া যাইবে ।"

"কিন্তু আমি যে নিরাশ্রয়।"

"পুরুষ মানুষ নিজেই নিজের আশ্রর।"

"এত <য়দ পর্যাস্ত তোমার বিবাহ হয় নাই কেন १"

"তোমার জন্ত। বিবাতা তোমার আশ্রবে আমাকে পাঠাইয়াছে. অত্তে আসিবে কেন ? ইংরাজী শিক্ষিতের অবিধাসের মন—গৌরীর এই कथात्र (कमन এ≉টা अটुका लाशिक्षा श्वत। त्म य कुमाती, जाश প্রথম দর্শনেই বুঝিয়াছিলাম। তাহার হাতে সোনার বালা ও নোয়া আছে, কিন্তু মাপায় দিন্দুৰ নাই। কিন্তু হিন্দুক্তা বিশেষতঃ বাঙ্গালী-ক্সানিজে ঘটকী হইয়া এত প্রগণ্ডতার সহিত একজন প্রথমদৃষ্ট পুরুষের সঙ্গে নিজের বিবাহের সম্বন্ধ করে, আর কোথাও দেখা দূরে থাক্, স্ভ্য জগতেও কোনও রুম্ণীকে এক্সপ করিতে গুনি নাই। যে দেশেই ছউক,রমণীর রমণীত্বের নাম মাত্র থাকিলেও, এরূপ করা অসন্তব। গৌরীর চরিত্রে আমার সন্দেহ হইল। ভাবিলাম, এই অনূঢ়া সর্বাঙ্গস্থ দরী ললনা এই যে এতকাল এক সম্পর্কবিহীন অনুচ্ যুবকের সঙ্গে বাদ করিতেছে,

ইহাতে তাহার চরিত্র দোষস্পর্শ না হওয়া কি সম্ভব ? দেবক্সাও এক্লপ অবস্থায় চিত্রবিকার রোধ করিতে পারে কি না, সন্দেহ।

আমার মনে সংশয় জন্মিল। মন্তক অবনত করিয়া, গৌরীর কথায় কি উত্তর দিব, অথবা তাহাকে কি প্রশ্ন করিব, চিন্তা করিতে লাগিলাম।

গৌরী এতাবৎকাল চুপ করিয়া বদিয়া আছে। আমি তাহার নিঃখাস-শক্তী পণ্যন্ত শুনিতে পাইতেছি না।

তাইত! সে কি বসিরা বসিরা আনার অন্তরের কথা শুনিতেছে? উত্তর দিবার জন্ম সাথা তুলিয়া দেখি, গৌরী আমার মুথের পানে চাহিয়াই মুখ ফির।ইল।

আমি বলিলাম,—"তা কেমন করিয়া হয় গৌরা, আমি যে অগ্রেই একজনকে ভালবানিয়াছি।"

''মিছে কথা।''

**িমিথ্যা নয়, আনি চাহাকে প্রাণের সহিত ভালবানিরাছি।**"

"বড় বড় কথা কহিও না।"

"তোমর কথা ব্রিতে পারিলাম না।"

"প্রাণ কি বস্তু, তোমার জানা নাই। ভালবাদার পবিত্রতা তোমার বোধ নাই। আজীবন বাহিরের দিকে ছুটিয়াছ। ভিতরের দে বস্তু জানিতে তোমার অধিকার কি ?''

"এ তুমি নিজের ইচ্ছামত, যাহা ইচ্ছা বলিতেছ। আমার অন্তর আমি জানিলাম না—তুমি জানিলে ?''

"অন্তর জান বই কি। কিন্ত প্রতারক ! অন্তরের কথা মুখে বলিতে তোমার সাহস নাই।"

এই বলিয়া গৌরী মিষ্টান্নের থালা হ'তে লইয়া গৃহ পরিত্যাগ করিল। আর আমার পানে একটি বারের জন্মও ফিরিয়া চাহিল না।''

আমি একবার ডাকিলাম,—"গোরী !'' কিজ্ঞ ডাকিলাম—আর ভাহাতে বলিবার কি আছে, -ব্বিলাম না।:তবু ডাকিলাম--"গৌরী!" উত্তর পাইলাম না।

তথন মাপা হেঁট করিয়া নিঃশক্ষ পদ্বিক্ষেপে ললিভের ঘরে চলিয়া গেলাম।

( ক্রমশঃ )



# থিয়েট|রের

ফেজ, সিন, ড্রেস, চুল প্রস্থাতর প্রয়োজন

হইলে অর্দ্ধ আনার ফ্যাম্পদহ

ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এও কোং পেণ্টার্স,

২২ নং **হারিসন রোড,** কলিকাতা।

## পাশ্চাত্য রসায়নশাস্ত্রের স্থপ্রসিদ্ধ অধ্যাপক ও স্থবিখ্যাত কবি শ্রদ্ধেয় পণ্ডিত শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ, এম, এ,

মহাশর বছদিন যাবং নানা দেশীর থনিজ জল সংগ্রহ করিয়া বছ পরিশ্রমে বৈজ্ঞানিক যন্ত্র হারা ভিতরের থনিজ পদার্থ সকল রাসায়নিক পুরীকার আবিষ্কার করতঃ "লাইমোডাইন" প্রস্তুত করিয়াছেন। লাইমোডাইন জলে গুই তিন বিন্দু দিলে বস্তুতঃই সেই জল জীবনের কার্য্য করে। ইহাতে অস্ত্র, অজার্ণ, আমাশর, কলেরা প্রভৃতি সকল প্রকার উদরদোষজ্ঞনিত রোগই সম্পূর্ণ আরোগ্য করে। ইহার এমনই গুণ ধে, সংক্রোমক কলেরার সমর ইহা ক্রার জলে কিক্সা জালা বা কলসার জলে নিশ্রিত করিলে সে জল মহামারীর সংক্রামক্তা দূর করিয়া দের। এই অপুর্ব্ব আবিষ্কার জগতের যে কি মহান্ উপকার সাধন করিয়াছে তাহা বিশ্বয়া শেষ করা যার না।

### অজীর্ণ, অম, আমাশয়, উদরাময় ও কলেরার একমাত্র মহৌষধ॥

অন্ধরোগ বতদিনের হউক না কেন, অন্ন কর্তৃক গলাজালা, বুকজালা, চুরা ঢেকুর উঠা, আগারে অনিচ্ছা, আলার মাত্র বমি হওরা, মধ্যে মধ্যে পেট ফাপো প্রভৃতি ইছা সেবনে একেবারে দুরীভৃত হর।

রক্ত আমাশর বা খেত আমাশর বতদিনের হটক না কেন ইহা সেবনে নিশ্চরই সম্পূর্ণরূপে আরোগ্য হর। পেটের পীড়া, স্তিকা, গ্রহণী, আতিসার — ষেরপ ও বতদিনের হটক না কেন, ইহা ব্যবহারে আচিরে অল সময়ে আশ্চর্যারূপে আরোগ্য হয়।

ক**লে**রার—ইহা অত্যুৎকৃষ্ট মহৌষধ। কলেরার সর্ব অবস্থাতেই ইহা সেবনে তৎক্ষণাৎ যাবতীয় উপদর্গ দূব করিয়া শরীর স্কৃত্ত করে।

## সময় অসময়ের জন্য এক শিশি প্রত্যেকেরই ঘরে রাখা বিশেষ কর্ত্তব্য ।

শ্বস্থ শরীবে— আহারাস্তে প্রভাই ছই চারি ফোটা জলসহ সেবনোঁ আহারীর বস্তু সহজে পরিপাক করতঃ সায়বিক দৌর্বলা দূর করিয়া সায়ুর পেশীসমূহের বলাধান করে। যাঁহারা সর্বলা চিস্তা, অধ্যয়ন বা মান্সিক পরিশ্রম করেন, তাঁহাদের পক্ষে ইহা মহোয়ধ ও একমাত্র

টনিক। শারীরিক ও সামবিক অবসাদনাশকতার ক্ষমতা দেখিলে আশ্চর্যান্থিত হইতে হয়। ইহার বিশেব বিশেবত এই যে, এই মহৌবধ এক শিশি ঘরে রাখিলে গৃহস্থ ডাক্তার ধরচের দায় হইতে অনেকটা অব্যাহতি পাইবেন এবং প্রতিবাসীগণেরও প্রভৃত উপকার করিতে সমর্থ হইবেন। কারণ, লাইমোডাইন ২৩ কোটাতেই বিশ্বরকর কার্য্য করে।

বিশেষ দ্রষ্টবাঃ—হহার উপকারিতা সম্বন্ধে বছ পণ্ডিত মণ্ডণীৰু ভাকার, কবিরাজ ও জমিদার প্রভৃতির বাশি রাশি প্রশংসাপত্র আছে। বিজ্ঞাপন বাহুণ্য ভয়ে তাহা প্রকাশ করিলাম না।

় সুল্য--- তুই আউন্স শিশি ১<sub>২</sub> টাকা ডাক মা**ণ্ডল।৮**০ আনা।

মকংম্বল হইতে উষধের জন্ম মণিকর্ডার, পত্র, টেলিগ্রাঞ্চ প্রভৃতি নিম্ন ঠিকানায় পাঠাইবেন।

প্রীপ্রেক্তনাথ বন্দ্যোপাধ্যায় ২৬ নং হরণাগনিত্তের দ্বীট, বাগবাহ্যার, কলিকাতা।

নোল একেট-নেসাস বটক্লফণাল এও কোং-ধোংরাপটী,কলিকভো।

## প্রচিত্র! অর্চ্চিন্ 1

সচিত্ৰ !

### সম্পাদক কেশবচন্ত্র খ্রপ্ত, এম্-এ, বি- এল।

এই কান্ধনে অর্চনার দশম বর্ধ আরম্ভ হইল। এই কান্ধন মাসেই অর্চনা সচিত্র হইলা বাহির ংইডেছে। অর্চনার নৃতন পরিচর জনাবশুক। বঙ্গবাসী, বস্থমতী, হিতবাদী, সাহিত্য প্রভৃতি প্রসিদ্ধ পত্রসমৃহে অর্চনা প্রথম শ্রেণীর মাসিক বলিয়া বিবোষিত। প্রবীণ প্রধাতনামা লেগক বৃন্দ অর্চনার লেগক। নবান ও প্রবীণ সাহিত্য-রিষ্বিদের সমন্বয়ক্ষেত্র অর্চনা। অর্চনা উৎকৃষ্ট এন্টিক কাগজে পরিপাট্রিরপে মুক্তিত। কভার, চিত্রাদি, স্লিখিত প্রবন্ধ সন্তারে অর্চনাকে এত সৌন্ধ্যাণালিনা করিছা তুলি-রাছে বে প্রত্যেক সংখ্যা অর্চনা প্রিক্সলবক উপহার দিবার সামগ্রী হইলাছে।

গত বৰ্ষে অৰ্চনার কলেবর বৃদ্ধি হইয়াছিল কিন্তু শূল্য বাড়ে নাই, বর্ত্তমান বর্ষে চিত্র সংবোজিত হইবে অথচ বার্থিক মূল্য প্রেবৎই রহিল ! পাঠক এ স্থবোগ ছাড়িবেন কি ? গত বর্ষে অর্চনার গ্রাহকাতিশয়ে আমরা অনেকগুলি গ্রাহক ফিরাইতে বাধ্য

সত ব্বে অচনার এছিক।তিশব্য আম্মা অনেকজাল আহক ক্রিয়াইলে ব্যাহ্
ইইরাছিলাম। এবারেও নির্দিষ্ট সংখ্যা ছাবিতেছি, অভএব দীম্বই আহক হউন, অভ্যা
বিদ পুন্দু লিড না হর তাহা হইলে গাইবার আশা থাকিবে না; কারণ মাসিকপত্রিকা
নাগুছিক নহে। বে বে সপ্তাহ হইতে আহক হইলেন, পর বর্বের তৎপূর্বে তারিপ
পর্যান্ত কাগল পাইলেই এ ক বর্ব পূর্ব হইবে। মাসিক পত্রের আহক হইলে বর্বের
অখনে হইতেই গ্রহণ করিতে হর। অদ্যই পত্র নির্দুন। অচ্চনার বার্থিক মূল্য
সক্ষর ১০০ (ভি: পি: তে ১/০০)

ম্যানেজার অর্চনা

১৮ নং পাৰ্বভীচরণ বোষের লেন, অর্চনা পোষ্ট আফিদ কলিকাডা।

## ইফার্ণ লাইফ ইন্সিওরেন্স কোম্পানী

### **विग्निर्हेष**्।

এই স্থপরিচিত কোম্পানী গত প্রায় ৪ বংসর বাবং অভি দক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধাবিত ও শ্বিক্রে ব্যক্তিগণের উপযোগী সঞ্চর বীমাবিভাগ বা প্রভিডেণ্ট কণ্ড ডিপার্টমেণ্ট খোলা হইরাছে। ইহাতে মাসিক অভ্যর পণ দিরা মৃত্যু-কালে বা প্রক্র ক্যাদির বিবাহ সময়ে যথেষ্ট অর্থসাহায়্য পাওরা যার।

উপস্থিত কোম্পানীর কার্য্যবদী করেক জন সম্ভ্রাপ্ত ও বিশিষ্ট ভদ্রগোকের উপর ক্সপ্ত হইয়াছে। নিয়মাৰলী সংশোধিত হইরী অভিন নব উৎসাহে কার্য্য চলিতেছে। কার্য্যের প্রদারও অভূতপূর্ব বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এফেন্সী স্থাপিত কইয়া মাসে প্রায় শক্ষ টাকার বীমা প্রস্তাব পাওয়া যাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত গেড মাফিসে আবেদন করুন। সর্বত্র এজেন্ট কার্যস্তক।

#### শুভসংবাদ---

ভারতগভর্ণমেন্টের আইন অনুযায়ী টাকা জমা দেওয়া হটয়ংছে। বীমাকারীদের পক্ষে ইংগ অতীব আননদের সংবাদ।

### >>>७ वृष्टीत्मत्र फाल्ट्यक्रेत्रगन ।

प्रति यश्रीकानाथ कोयूनो स्वितिषाः यम, या, वि व्रिष्ठ, विक्तिः विवृक्ति न्यायकाल क्रियुनो स्वितिष्ठ रुगणो, विवृक्ति यश्रीकाल प्राप्त क्रियुनो स्वितिष्ठ रुगणो, विवृक्ति यश्रीकाल प्राप्त क्रियुनो स्वितिष्ठ विवृक्ति विवृक्ति व्याप्त विविद्या प्रतिकाल प्रतिकाल क्षित्र विवृक्ति व्याप्त विवृक्ति व्याप्त विवृक्ति व

শ্রীশেলজানাথ রায় চৌধুরী,
'জেনারেল খ্যানেজার।

**\*\*\*\*\*\***\*\*\*\*\*\*\*\*

নিযুক্ত অসকুলচক্ত মুখোপ:খাচে প্রণীত

## विवि-शाम।

### মনোরম দা্মালিক উপতার

২৬২ প্রচার সমাপ্ত । তিনধানি ফলর চিত্র গোভিত। মলা ১৮টাক। মারে। ্ৰা এই প্ৰায় কৰা স্বৰ্ষাদ লোকত স্বাহ্ম কৰ্মানত পাপু পুৰোৰ খিতাৰ, তিন্দীদান্তনমূভ 🗷 वकेरबाद नार्रिया, स्वापनी जिल्हाक जान्य, अञ्चान हिल्ही, उपः लाका आन क्रिक्ट, लाकाखा গভাতাদীপ্ত বাস্থালী-সাংখ্যের সমাজ চরিতে, গাশাপাশি ভাবে প্রাক্তল 🔊 গুভাষিনী ভাষার ব্যক্তি উইয়াছে। । উহাতে আর্যাঞ্জলপ্র প্রাক্তিত সম্পত্ন ধর্মের স্থান ব্যক্তি আছে অপস ভাছা এক্রেশ-দশিতাপুর্ব নয়ে--পাচা ও পানীচোর ধর্শবিশাস্ত শৌর্মীর্যার লিবিত এই সকল কটিল বিষ্ঠিয় গাগালে সুকুমার-মতিক্যালক, সামান্ত শিক্তি গুড়িলা পৰাস্ত্ৰ সহজে বুঝিতে পাবেন, ওজ্ঞপ জানায় ও দাবে উপ্যাপেয় বৰ্ণনাচনে বিবৃত্ত कता कर्रेशाहरू

এইত গেল শান্তীয় কথার বিচায়, এত্যভিতি কৈ কি আছে বেপুন। আনুঠানিক হিন্দু ম্বীবনের আদর্শ চিজ্র, গিশান প্রকৃতি আনবের জীবৰ সিধাংসা, হিন্দু বালিকার প্রবল ধর্মভাব, প্রভিত সাধনের অনুসম দুটান্ত--- এ সকলের অভাব পরিবর চুইবে না। াক কথার এমন শাল্লোপদেশ-মূলক, সবেষণাপুর্ব, সারগভা, সঁকাজপুর্ব উপজ্ঞান বঞ্কাল ধাৰৎ বন্ধ-নাহিত্যে প্ৰকাশিত হয় নাই ৷ যদি ভাবক হও, ধৰ্ম পিপাত হও, জানাৰ্জনে মত্বপরারণ হও, তাহা হউলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিভণ্ড হও-মান্ত্রীর বজনকে পদ্ধিতে দিয়া নিজেব কর্তুত্রা সাধন ও তাহাদিগের সভ্যোব বিশান কর।

## বিজ্ঞাপন।

## সচিত্র নূতন অলৌকিক বিজ্ঞাপন (ছিতীয় বর্ষ ) মাসিক পত্রিকা ব্ৰন্ধবিতা।

( বঙ্গীর তত্ত্ববিদ্যা সমি'ত হইতে প্রকাশিত )

#### সম্পাদ কু----

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাঁগাতুর এম, এ, বি, এল।

ঐাযুক্ত হারেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ব এম. এ. বি এল।

্রই পত্তিকীর প্রতিখাদে ধর্মও অধ্যাত্ম-বিক্যা দম্বন্ধে প্রবন্ধ এবং উপনিষ্কাদি শাল্ক-🕊 ধারাবাহিকরপে প্রাঞ্জল ব্যাখ্যাসহ মুদ্রিত হৃত্তেছে। তদ্তির আর্থ্য-শাব্র-নিহিত অমুল্য তত্ত্ব রাজি পাশ্চা**ট্টা** নিজ্ঞানের আলোকে পরিক্ষ ট কবিবার অভিলাবে বছবিধ বৈজ্ঞানিক-তৰ্ আধ্যান্মিক আখাানিকা, যোগশান্ত হিন্দু জ্যোতিৰ প্ৰভৃতি বিষয়ে व्यवकाणि এবং धर्म ও আधार्शिक विवयक প্রশ্নের সমুত্র প্রকাশিত ইইরা থাকে।

আকার—রয়েল ৮ পেজী সাত ফর্ম। বৈশাধ মাসে বর্ম আরম্ভ। উৎকৃষ্ট কাগজ প্রিষ্ণার ছাপা।

ৰুল্য-সহর ও মফ:খল সর্বাত্ত ভাকমাশুল সমেত বার্থিক তুই টাকা মাত্র। ভত্বজানপিপাত্ম ব্যক্তিগণ সম্বর গ্রাহ্কশ্রেণী ভুক্ত হউন ইহাই প্রার্থনা।

(গোলদীয়ার পূর্ব) কালকাতা।

ব্ৰহ্মবিভা কাৰ্য্যালয় ) ক্রীবাণীনাথ নন্দী। ৪০০A, কলেজ গ্লোহার, গালদীবার পূর্বা) কাল্ডা। ) কার্য্যাধ্যক্ষ। ২

## স্মোদনী-পুর-হিটেছী

মেৰিনীপুরের একমাত্র বৃহৎ ও পুছল প্রচারিত সাপ্তাহিক সংবাদপত্র। বার্ষিক ৰ্লা ২, টাকা। জেলার কালে স্টারীর ও দেওঁরানী আদালতের সম্বার ইন্তাহার মৃত্তিত হয়। অত্যেক দেনারকে এক একগানি করিয়া কাগজ প্রেরিত হওয়ায় নুভন <mark>নুতন</mark> সাজিল্পাইয়া থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের প্রচুর লাভ। বিজ্ঞাপনের দর স্বলভ। কলঙ্ক — ভৱকর ভগবান্ — প্রণরীয় পঁতা।

উৎকৃষ্ট সত্য বটনামু । বুঁ গ্ৰন্থ। পাঠে কলকের ভর থাকিবে না। কলকীও সাবধান ৰ্ইবেন। ভাষার লালিতাও মধ্রতার মৃধ হইবেন। শিকার চুড়ান্ত। রব ও রবিক-ভার প্রস্তবন। হাতে পড়িলে পাঠ শেষ না করিরা ছাড়তে পারিবেন না। মূলা বাধাই uo व्याना व्यवैक्षा 🕪 व्याना i

ভক্তের ভগণান—অতি অপূর্ব্ব গ্রন্থ। সতীর পতিভূক্তির উল্লেল দুটান্ত ও ভগণানের ভক্ত রক্ষা বেপিয়া চক্ষের জগে বঁকঃ ভাসিয়া বাইবে, নীপড়িলে ব্ব, বার না। মূল্য।• আনা।

প্রণন্নীর পত্র—স্ত্রীপাঠ্য। সভীর পাতভক্তি ও কর্ত্তব্যসম্পাদন দেখিয়া মুদ্ধ হইব্রেম ভাষার লালিতে। ও মাধুরো, বিষয়ের পরিক্রণে ও শিক্ষার ইহা অমূল্য, মূল্য। জানা। প্তক ভিনবাৰি পাঠ করিয়া মুগ্দ না হঃ লৈ মুণ্য<sub>ত</sub>ক্ষেত্ৰত দিব।

कार्य। शक्त- (यहिनी श्रुव ६८ ७ वा, (यहिनी श्रुव।

## , প্রীরাসাস্ক্রজ চরিত।

#### প্ৰীমৎ স্বামী বামক্ষানন্দ প্ৰণীত।

শ্রীসভাদারে প্রচলিত আচাধ্য রামানুজের বিহুত জীবনবৃত্তান্ত বালালা ভাবাং এই প্রথম প্রকাশিত হইল। গ্রন্থকার এমন তন্তাবভাবিত ও রদগ্রাহী হইলা তুলিকা ধরিলাছেন ও চিত্র আঁকিলাছেন যে বঙ্গনাহিতো আচাব্যের যোগা পরিচল্ল দিবার জন্ত বে আমরা বোগ্য লেখক পাইলাছিলাম, ভাহা পুতক্ষধানি পাঠ করিতে করিতে হৃদরক্ষ করিবেন।

গ্রন্থের মলাট ফুল্বর কাপড়ে বাঁধান এবং প্রাচীন স্তাবিড়ী পু থির পাতার মত নানা বর্ণে চিত্রিত । আচার্য্য রামাক্রঞ্জের জাঁবন্দশার খোদিত প্রতিমূর্ত্তি গ্রন্থে সীলুনিষ্ট হইরাছে। মূল্য ছুই টাকা মাত্র। ঠু

প্রাপ্তিস্থান—উদ্বোধন ক'র্যালয়। বাগ্বাহ্নার, কুলিকাতা। ন্তন ধরণের স্পচিত্র মাজিক পত্রিকা। 🕌 ন্তন ধরণের

## পল্প-লহুরা।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্থ সম্পাদিত। শ্রাবণ মাস হইতে নিঃমিত্ত প্রকাশন ১ইণেছে। প্রতিমাসেই স্থান্দর ছবিতে পত্রিকা স্থানাভিত।

আকার ডিমাই ৮পেঞ্চী ৮ ফর্মা।

শাবণ সংখ্যাধ নিম্নণিধিত গলগুলি আছে <sup>কি</sup>ংক কালী প্রদর দাস গুপু এম, এ লিখিত — 'এমঙ্গলা ও প্রাণের কিন্দ্র' শুষ্ক ম্নীক্ত প্রসাদ সর্বাধিকারী লিখিত—'নবীকের সংধাব' ও শ্রীবৃক্ত ক্রেচুনক্তনাথ ঘোষ বি. এ লিখিত 'গদাধরের ভ্রমণ'।

এই পত্তিকা কেবলমার স্থানর প্রান্ধর, মনোমুগ্ধকর গল, মনোহর উপ্রাাস, চিত্তচমকপ্রদ ভ্রমণকাহিনী, ডিটেক্টিভের লোমহর্ষণ ঘটনাবলী শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রদাল চাট্নী প্রভৃতিতে পূর্ণ থাকিবে। বাজেন নীরস প্রবন্ধ ইহাতে স্থান লাইবে না। বজের খ্যাতনামা গল ও উপস্থাস লেখকগণ ইহাতে নিয়মিত লিখিবেন।

অবিম বাৰ্ষিক মুক্য ডাক মাস্ত্ৰ সমেত সহর ও মকঃসলে ১৯০টাকা।
অবিম মুক্য ব্যতীত কঃহাকেও পত্তিক। পাঠান হয় না। নমুনা সংখ্যা
মাণ্ডৰ সমেত ।/• আনা।

শ্রীসজীশচন্দ্র ঘোষ। কর্য্যোধ্যক, "গল্প-নহরী" ২৮'নং হর্গাচরণ মিত্রের ষ্টাট্য, কুলিকাতা।



রাজন্বর্গের অহ্মেনিত বিষয় ও পৃষ্ঠপোষিত— কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের জাবাক্তিক্তাকা তৈলে।

> শিরোরোগের শহেষধ। গুলে অঘিতীয়! গন্ধে অতুলনীয়।

জবাৰুপুৰ্যতেল ব্যবহার করিলে মাধানিতা থাকে, আকালে চুল পাকে না, মাধার টাক পড়ে না। বাঁহাদের বেশী রকম মাধা ধাটাইতে হর তাঁহাদের জবাকুত্ম তৈল নিতা ব্যবহার বন্ধ। ভারতের ক্ষান মহারাজাধিরাল হইতে সামান্ত কুটারবাসী পর্বাক্ত সকলেই জবাকুত্ম তৈলে ব্যবহার করেন এবং সকলেই জবাকুত্ম তৈলের ভাবে বৃদ্ধ। জ্বাকুত্বম তৈলে বাবহার করেন এবং সকলেই জবাকুত্বম তৈলের ভাবে বৃদ্ধ। জ্বাকুত্বম তৈলে বাবহার করেন ও কুঞ্চিত হর বালারা বাজরাণী হইতে সামান্ত।

वर्षिनीत्रो नवास वाठि चामरतत्र महिल अनाक्त्रम टेलन नानश्व करतन ।

এক শিশির মূল্য ১১ এক টাকা। ভাকমাণ্ডল। ০ চারি আনা ; ভিঃ পিতে ১। / ০ পাঁচ আনা।

> সি, কে, সেন কোং লিক্ষিটেড, ব্যবস্থাপক ও চিক্বিৎসক—

ক্বিরাজ ঐতিপেন্দ্রনাথ সেন ত্বি বং কন্টোর্লা খ্রাট, কলিকাভান

# প্রীযুক্ত কারোদপ্রসাদ বিভাবিনোদ এম-এ প্রণীত।

আলিবাৰা (রজনাট্য)	•••		•••	# <b>  </b> •
প্রতাপাদিত্য	•••	•••	•••	3/
প্রমোদরঞ্জন ( নাটক )	•••	•••	•••	<b>#</b> •
ফুলিয়া (ঐ)	•••	•••	•••	Ŋ•
পলাশীর প্রায়শ্চিত্ত	•••		•••	>
বেদৌরা ( গীতিনাটা )	•••	•••	•••	11 •
বৃন্দাবন-বিলাস ( গীভিনাটিকা )	•••	•••	•••	40
कवि-काननिका ( त्रत्रग्राप्त )	•••	. •••	•••	>/.
রঘ্বীর ( নাটক )	•••	•••	•••	h•
উन्পी ़(व)	•••	•••	•••	. 113
নারায়ণী ( উপস্থাস, বিলাভী বাঁধ	( h	•••	•••	>#•
त्रकः ও त्रमणी	•••	•••	•••	10/•
চাঁদবিবি ( ঐতিহাসিক নাটক )	••.	•••	•••	>/
অশোক (ঐ)	•••	•••	•••	>/
বাসস্তী ( রঙ্গনাট্য )	•••	•••	•••	1•
বঙ্গণা (গীভিনাট্য )	•••	•••	•••	    <b>  </b>
পলিন	•••	•••	•••	110
বিরামক্ <b>ঞ</b>	•••	•••	•••	<b>]•</b> ~
ছর্গ। ( উপাদের জ্রীপাঠা ; উৎকৃষ্ট	বাঁধাই )	•••	•••	he
মিডিয়া ( বৈজ্ঞানিক নাটক )	•••	•••	•••	()•
খাঁজাহান ( ঐতিহাসিক নাটক )	•••	•••	•••	h•
''ভীয়''		•••	•••	>/
রূপের ডালি	* • •		•••	<b>11•</b>

ইউনিভার্শেল লাইব্রেরী, ১৬১ নং কলেঞ্চ খ্রীট্, কলিকাতা।

প্রিণ্টার— শ্রীত্মরেজনাথ চটোপাধ্যার, মেট্কান্ধ্ প্রেস্— ৭৬নং বলরাম্ধ মে ট্রীট্, কলিকাভা।

গ্রীক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ

সম্পাদিতে

শ্রীঙ্গখিনীকুমার চক্রবর্তী বিএ, বিএল

महकादि-मन्त्रापकः

## -প্রকৃত স্থন্দর কে গ



এ প্ৰশ্নের উত্তরে এই পৰ্যাস্ত বলিতে श्रीति, विनि नि <sup>টে</sup>কেশ্বপ্রন " ব্যবহারে স্নান করেন। স্নানান্তে, মুথে বে মধুর সৌন্দর্য্য ফুটরা উঠে, তাহা দৰ্পণ-সাক্ষাতেই প্ৰথম প্ৰমাণিত হয়। রমণীর মধ্যে প্রকৃত স্থান্দরী কে ?---

উহার উত্তর এই.—বিনি ভাহার আগুল্ফ-লম্বিড ভিকুরজাল নিতা ''কেশ্রক্রম''-পরিবিক্ত করিয়া বেগীনেরচনা করেন; খালি ইহারে (वनीत त्रोक्तर्या वार्ष्ण मा —मृत्यत्र कमनीर्वण पृष्कि स्त्र। "(कंनत्रक्रन" থালি বিশীসভোগ নহৈ,—মন্তিফের উষ্ণতা, মাথাধরা, মাথাধোরা নিজাহীনতা দুৱ<u>ী কুর</u>ণে ইহাই <u>এ</u>ক্ষাত শক্তিসমুগর কেশতৈল।

এক শিশি ১১ এক টাকা ; মাওলাদি।/• পাঁচ আনা। গবর্ণমেন্ট মেডিক্যাল ডিপ্লোমাপ্রাপ্ত **बीनाशक्षनाथ (मन ७७ कविद्रास,** ১৮)১ ও ১৯ নং বোরার চিৎপুর রোভ, ক্লিকাভা।

31	ভৌতিক-গল	•	549 l	441	গুলামুৰে :…	•••	00
۹1	ভৌতিক-গল সঙ্গকারক প্রেভযোনি	•••	902	١٧	ভৌতিক রহন্ত	•••	961
9	স্থা-তত্ত্ব · · · কর্মানুসারে জীবের গতি	•••	9.8	> 1	অনোকিকভৌতিককাও	***	ડહ:
6	ক্শ্বান্থসারে জীবের গতি	•••	939	\$4.1	বিপত্নীক	•••	৩৬৻
<b>e</b>	<b>ভূতবোৰি</b>	•••	०१२	22 1	গোপেষরের চাকরী		<b>96</b> :
•	গোপেৰৱের চাকুরী	•••	७२१	184	বমদূত ধর্ণন	•••	<b>⊘</b> I-

## অলোকিক রহস্তের নিয়মাবলী

- >। "অলৌকিক রহস্ত'' প্রতি বাঙ্গালা মাদের ১৫ই তারিংখ প্রকাশিত হয়। শ্রাবণ মাদ হইতে ইহার বর্ষারক্তা।
- ২। ইহার অগ্রিম বাধিক মূল্য ডাক মান্ত্রন্ত্রিদ সমেত সহর মকঃ-অল সর্ব্বিত্র ১॥ - দেড় টাকা মাত্র; ভিঃ পিঃতে পাঠাইতে ৴০ এক আনং, অধিক লাগে। প্রতি সংখ্যার মূল্য ১০ তিন আমা।
- ৩। কেবল ১/১• সাড়ে ভিন আনার ডাক টিকিট পাঠাইলে নমুর্ একখণ্ড প্রেরিত হইবে।
- 8। পত্রিকা না পাওয়ার সংবাদ পর-সংখ্যা-প্রকাশের পুর্বে 🖄 জানাইলে আমরা সেই সংখ্যা পুনরায় পাঠাইতে দায়ী থাকিব না। 📝
- ৫। কেছ যন্ত্রণি পত্তের উত্তর পাইতে ইচ্ছা করেন, তাহা হই ্র অন্তগ্রহ করিয়ারিপ্লাই পোষ্টকাড লিখিবেন।
- ৬! "অবোকিক রহন্ত"-সম্বন্ধীয় চিঠি-পত্ত, টাকা-পর্মা আমাদ নামে এবং প্রবন্ধাদি বিনিময়ার্থ পত্রিকাদি সম্পাদকের নামে নিয়লিথিত ঠিকানার পাঠাইবেন।

ইউনিভার্শেল গাইব্রেরী, প্রীস্থারেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ভাগ নং কলের ষ্ট্রাট, প্রকাশক

বিশেষ এটবা:—প্নরাগমন সামাজিক উপস্থাস বাহা ধারাবাহি 'অলৌকিক রহস্তে' বাহির হইতেছিল ভাহা সম্পূর্ণ হইয়াছে :

মূল্য ১৪০ টাকা মাত্ৰ



৬ষ্ঠ ভাগ 🕽

মাঘ, ১৩২০।

्रभृहः [ ऋ मःथा।

## ভৌতিক-গন্ধ।

ভৌতিক গন্ধ অর্থে ভূতের গন্ধ বলিয়া যেন কেই মনে না করেন।
ভূতদের কোন বিশেষ গন্ধ নাই। ভূতদর্শন হইলে, তৎকালে কোনরূপ
ভূতের গন্ধ পাওয়া বড় একটা শুনা যায় না; কাজেই ভূতের যে একটা
বিশেষ প্রকারের গন্ধ আছে, তাংগ বলা যাইতে পারে না।

ইতিপূর্ব্বে অলৌকিক-রহন্তে হাবড়া সহরের কাস্থলে নামক পল্লীতে একটি ভূতের প্রকাশ সম্বন্ধে ঘটনা বাহির হইয়াছিল। তাহাতে আমরা দেখিয়াছি যে, সেই ভূতের আবির্ভাব হইলেই এক প্রকার পচাবিষ্ঠার গন্ধ পাওয়া যাইত। কাস্থলের একটা প'ড়ো বাটীতে এক হঃখিনী বৃদ্ধা আসিয়া আশ্রন্থ লইয়াছিল। বৃদ্ধাকে পাড়ার লোকে পাগলী বলিয়াই জানিত, একক্ত সে ঐ বৃহৎ প'ড়ো বাটীর কোথায় থাকে, কি করে, কেহ সংবাদ রাথা আবশ্রুক মনে করিত না। পাগলী কয়েকদিন বাটীর বাহিরে আসিয়া আহার চাহিয়া থাইয়া বেড়াইত, পরে আর বাটীর বাহিরে আসিত না। লোকে মনে করিত, পাগলী চলিয়া গিয়াছে। কয়েকদিন পরে পাগলীর মৃতদেহ অতি হুর্গন্ধ অবস্থায় সেই বাটীর মধ্য হইতে বাহির করা হয়।

অনেকে বুরিলেন, পাগলী পাঁড়াক্রান্তা হইয়াই হউক বা ক্রধায় শক্তি-হানা হইয়াই হউক, বাটার বাহিরে আগিতে পারে নাই। কুধায় বা পীড়ার বা চই কারণেই পাগলীর ইহলীলা শেষ হইয়া থাকিবে। এই ষ্টনার প্রায় বৎসর্থানেক পরে ঐ বাটাতে এক্ষর বাঙ্গালী খুষ্টিয়ান ভাড়াটিয়া আদেন। ইঁহারা র'ত্তে ভূতের দশন পাইতে লাগিলেন। ইঁহাদের নিকট শুনিয়া পাড়ার অনেক ভদ্রণোকও রাত্রে ভূতের দর্শনেচ্ছায় ইঁহাদের বাটীতে যাইতেন। এই ভূতের অংকার বিশেষ স্পষ্ট ছিল না; তবে বাঁহারা পাগলীকে দেখিয়াছিলেন, তাঁহারা ভূতকে সেই পাগনীর ভূতাবস্থা বলিয়াই অনুমান করিতেন। এই ভূতের আবির্ভাবের সঙ্গে সঙ্গে এক প্রকার পঢ়াবিষ্ঠার গদ্ধ পা ওয়া ফাইত। উপরের কয়েকখানি কুঠারির মধ্যে একথানিতেই তাহার সম্বন্ধ ছিল, এই কুঠারির কপাট বন্ধ পাঞ্চিলে, তাহা খুলিয়া গাইত। 'ভতর হইতে অর্গল বন্ধ না করিলেও অনেক সময় গুরুতর্রূপ ধারা দৈলেও কপাট ধুলা যাইত না ও ভিতরে প্রবেশ করিবার উপায় থাকিত না। বাহিরের দালানে থাঞ্চাদি আহার করিতে বসিলে, অতি অস্পষ্ট ও থোনা শব্দে যেন বলিত "আমাকে দিবি না ?" বাটীর উঠান দিয়া একটা ছায়া-মূর্ত্তি চলিয়া যাওয়াও দেখা ষাইত। রাত্রি দশটা এগারটার পর এইরূপে ভূতের আবির্ভাব হইত। ইহাতে দেই খুষ্টিয়ান গহন্ত বিশেষ উত্যক্ত হট্যা শেষে তাঁহাদের গির্জ্জা ুইতে কি জল আনিয়া চ্ডুদ্দিকে ছড়াইয়া দিবার বন্দোবন্ত করিলেন। আশ্চর্যা, এই জল যে যে স্থানে ছড়ান হইত, সে সকল স্থানে ভূতের প্রতায়াত বন্ধ হইত। গিজার জলের শক্তি এইরূপ প্রকাণ পাইল। অনেকে বলিতে পারেন যে ঐজল ছড়াইবার সময় সে ব্যক্তি উহার ভূতাপদরণ করিবার শক্তি থাকার উপর দৃঢ় বিখাস করায়, তাহার মনেও ভূতকে আসিতে না দিবার দৃঢ় ইচ্ছার উদয় হইয়াছিল, ঐ দৃঢ় ইচ্ছাশক্তির বেগ ভূতকে দূরে যাইতে বাধ্য করিয়াছিল। যক্তপি কোন দৃঢ্চিত্ত সংয**নী** ব্যক্তি কেবল স্থির হইয়া বসিয়া, ভূত আরু না আসে—এইরূপ ইচ্ছা করিতেন তাহা হইলেও এইরূপ ফল দেখা যাইত।

কথিত আছে, শ্রীরামচক্র যখন দীতাদেবীর প্রার্থনা-মত স্বর্ণমুগ ধরিতে বহুদুর চলিয়া গিয়াছিলেন, ওৎকালে দূর হইতে মারাচের করুণ চীৎকার গুনিয়া গতাদেবী আপন স্বামার আনষ্ট আশকা করিয়া, দেবর লক্ষণকে তাঁহার অমুসরণ করিতে আদেশ করেন। লক্ষণ সীতাদেবীর একাস্ত श्रक्तरदार वाषा श्रेम, मोजारमवीर<sup>क</sup> এकाकी श्रद्धनामरमा दाश्रिम साहरू হইতেছে দেখিয়া, তাঁহার রক্ষার্থে কোন লোক না পাইয়া সীতাদেবার স্থিতি-স্থানের চতুর্দ্ধিকে রেখা টানিগা,সেই রেখার বাহিরে তাঁহাকে যাইতে নিষেধ করিয়া চলিয়া গেলেন। এই রেধার মধাবরী স্থানে থাকিলে সীতাদেবীর কোন বিপদ ঘটবে না। কোন জীব জন্তু শত্রুও এই রেখার মধ্যে প্রবেশ করিতে পারিবে না—এইরূপ দৃঢ় ইচ্ছা করিয়া তিনি এই রেখা টানিয়াছিলেন। ইহার ফলে অমিতপরাক্রমশালা রাবণ্ড রেখার মধ্য-বন্তী স্থানে প্রবেশ করিতে অসমর্থ হইয়া সাতাদেবীকে বাহিরে আসিয়া ভিক্ষা দিতে বলিয়াছিলেন। ইচ্ছাশক্তির এমনই মহিমা। এইরূপ মহিমা আমরাও ইচ্ছাশক্তি-দাহাযো গ্রকাশ করিতে পারি। চাই কেবল নিজের শক্তির উপর দুর্চবিধাস। আমি পারিব না, একার্য্য হইতে পারে না, মানবের হারা দিল্ল হইলেও আমার মত লোকের হারা হইতে পারে না, তাইত পারিব কি না,-এইরপ মনের ভাব না পাকিলেই যথেষ্ট।

এই যে ভূতের গন্ধ, এরূপ ঘটনা সচরাচর গন্ধ না। যথনই যে স্থানে ভূতের প্রকাশ হন্ধ, তথনই যে কোন না কোন প্রকার গন্ধ অনুভব করা যাইবে, একথা ভূতবিদ্যাসম্বন্ধে অভিজ্ঞ লোকও বলেন না। এম্বলে পাপ্স-লার ভূতদেহদহ যে গন্ধ বাহির হইত, তাহার কারণ সম্বন্ধে আলোচনা

क्तिए इटेरन, वना वाटेरज भारत (य. जन समिश्रा वत्रक इश्र. जावांत्र वत्रक প্রলিয়া কল হয়। জল ও বরফের মধ্যবর্তী একটা অবস্থা এইরূপ হয়, बथन मिटे व्यवसारक कला वना यात्र ना. वत्रक छ वना यात्र ना, कन वनिव কি বরফ বলিব, স্থির করিতে পারি না। সেইরূপ মানবের মৃত্যুতে এই সুলদেহ নাশ হইলেও, উহার লিঙ্গদেহ থাকিয়া যায়, এই লিঙ্গদেহ ক্রমে क्राय नाम इटेरा थारक, এই मिहनारमंत्र भन्न मानरवन्न दश्चा हा । এই লিঙ্গদেহ-নাশ ও প্রেতদেহ-লাভের যে স'রুম্বল, তাহার অব্যবহিত পর্বের অর্থাৎ লিঙ্গদেহের শেষ অবস্থা ও প্রেভদেহের সর্বপ্রথম অবস্থায় ছুইপ্রকার দেহের গুণই বিভ্যান দেখা যায় ও ছুই দেহকে পরম্পর পৃথক कत्रा कष्ठेकद्र इहेग्रा शारक । এই व्यवसाग्र (প্রভংদহে লিগদেহের গুণাবলী (attributes) সকলই থাকিয়া যায়। এই লিঙ্গদেহ পাথিব দেহ ব্যভীত আব কিছুই নহে! উহা সুগদেহ-নাশের পরও পাগলীর মৃত সুলদেহে ষ্থন বিষ্ঠা মিশ্রিত হুইয়া সেই প'ডো বাটীর ভিতর পডিয়া ছিল, তাহার সহিত মিশিয়া পাকা হেতৃ ঐ গর্গন্ধে তুর্গন্ধযুক্ত হইয়া পড়িয়াছিল : সেই **র্গান্ধ-অবস্থা উহার প্রেতদেহ-লাভের প্রথমে এবং লিঙ্গদেহ-নাশের শেষ** কাল প্র্যান্ত থাকিয়া গিয়াছিল : অথবা ঐ দেঠ, যাহা লোকে ভূত বলিয়া দেখিয়াছিল, তাহা সেই লিঙ্গদেহ মাত্রই হইবে। লিঙ্গদেহ পাথিব দেহ, পাথিব পঞ্চতে গঠিত বলিয়াই উহাতে পার্থিবসন্ধ লাগিয়া গিয়াছিল। याहा इंडेक, এইবারে আমাদের এই প্রবন্ধের বিষয় আলোচনায় প্রবৃত্ত হওয়া যাউক।

এই প্রবন্ধে যে গন্ধ সম্বন্ধে আলোচনা করা হইতেছে, তাহাকে আপাথিব গন্ধ, অলোকিক গন্ধ বা অবান্তব গন্ধ বলা যাইতে পারে। মানুষ মাত্রেরই গন্ধ আত্রাণ কহিবার শক্তি রহিরাছে। এই ঘাণশক্তি থাকার জন্ম তাহাদের দেহে ঘাণেক্রির নামক একটি:মতন্ত্র ইক্রির রহি-

য়াছে। এই ইন্দ্রিয়কে নাসিকা কহে, মানুষ নাসিকা সাহায্যে গন্ধ আঘাণ করিয়া থাকে। এই নাসিকার ভিতরে কোন পদার্থের স্ক্র রেণু গিয়া প্রবেশ করে, করিলে, দেই রেণুসকল গিয়া নাদিকার ভিতরের ঝিল্লি নামক পাতলা আবেরক চৰ্দ্মে লাগিয়া যায়; তাহাতে ঐ ঝিল্লি হইতে স্ক্ষ স্ক্ষ নাড়ী (nerve)-সাগাযো গ্ৰেই স্পৰ্শজ্ঞান মস্তিকে যাইয়া উপস্থিত হয়। মান্তক্ষের অংশবিশেষে এইরূপ স্পর্শক্তান নাসিকার মধাবর্ত্তী গন্ধবহা নাড়ী ( Olfactory nerves ), সাহায়ে উপস্থিত হইলে भानव मिरे ज्वातात वर्षा ए व ज्वातात्र त्वर् नामात्रास्तु श्वातन कतिवाहिन, তাহার গন্ধ পাইয়া থাকে। এমতে আমরা বুঝিলাম বে, গন্ধ **অনুভব** कब्रिटक रहेरल, दकान जिया निकटि थाका हारे, এवः मिरे जिया रहेरक স্ত্ম স্ত্ম রেণু সকল বাতাদের সাধাব্যে চতুর্দ্দিকে উড়িয়া যাওয়া চাই, এইব্লপে কোন কোন কণা মানবের নাসারব্বে, প্রবেশ করা চাই, এবং নাদারন্ত হৈতে যে সকল গন্ধবহা স্বায়ু মন্তিদের অংশবিশেষে গিয়াছে, দেই স্নায়ু বা নাড়ীর স্বস্থ ( **অবিক্**ত) গুৰুতা <mark>ধাকা চাই ; তবেই মানৰে</mark> ৰস্ত্রবিশেষের গন্ধ অনুভব করিতে পারিবে।

পুস্থ মানব মাত্রেরই দ্রাণশক্তি অর্থাৎ গন্ধদ্রাণশক্তি ও দ্রাণেক্তির অবস্থায় থাকে। কচিৎ এই শক্তির কমবেশী হইয়া থাকে, অর্থাৎ কেহ অন্নমাত্র গন্ধও অমুভব করিতে পারে, অপরে হয় ত আবার সেই গন্ধ অধিকতর তীব্র বা উগ্র না হইলে অনুভব করিতে পারে না। মুতরাং গন্ধদ্রবা নিকটে থাকিলে, মানবমাত্রেই গন্ধ পাইয়া থাকে। পন্ধদ্রবা নিকটে না থাকিলে, গন্ধ পাওয়া যায় না। এইরূপে বে গন্ধজ্ঞান হয়, তাহা পার্থিব গন্ধ বলা যাইতে পারে। কিন্তু যথন কোন গন্ধদ্রবা নিকটে থাকে না, এবং দ্রব্তী কোন পদার্থ হইতেও অমুদ্ধপ গন্ধ নিকটে আসার সম্ভাবনা দেখা যায় না, তথনও কোনও কোনও মানবে কোন কোন কপ

বিশেষ গন্ধ পাইয়া থাকে; এইরূপে যে গন্ধ পাওয়া যায়, তাহাকেই আমরা ভৌতিক গন্ধ বলিতেছি, এবং এইরূপ কয়েকটি ঘটনার আলোচনা করাই এই প্রবন্ধের বিষয় হইতেছে: ভৌতিক গন্ধকে আমরা ইংরাজীতে Psychic Odour বলিলে বলিতে পারি।

ঘাণেক্রিয়ের বিক্রতি ঘটলে, লোকে ভাক্ত বা মিগ্যা গন্ধ পাইয়া পাকে। রোগবিশেষে এরূপ মিথ্যা গন্ধ পাওয়ার কথাও শুনা যায়: সেরপ গন্ধের কোন দ্রবাই নিকটে নাই, অথচ রোগী এক প্রকার গন্ধে ৰডই কন্তান্তভৰ করিতেছেন বলিয়া জানাইতেছেন। তন্ত্ৰোক্ত মারণ, উচ্চাটন, বশীকরণ, সম্ভন, বিদ্বেশ ও সম্মে:হন নামক ষ্টুক্ম-সাহায্যে লোককে এইরূপ মিধ্যা গন্ধ অনুভব করান যাইতে পারে। কোন মানবের চৈত্রশক্তি বা জ্ঞানশক্তিকে বশীভূত করিয়া, তাহা চাপিয়া রাখিষা, ভাহার স্থলে আপনার জ্ঞানশক্তিকে বদাইখা, সেই মানবকে যাহা অমুভব করিতে বলিবে, তাহার পঞ্চেন্দ্রিয় সেইরূপই অমুভব করিয়া পাকে; কিন্তু সেইক্লপ অনুভবের যথার্থ কোন কারণ থাকে না. ইহাকে বশীকরণ বলা যায়। হিপ্নটীজম্ ইহার আধুনিক বৈজ্ঞানিক নাম হইতেছে। আবার মানবের সমস্ত হৈতন্ত্রশক্তিকে বণীভূত না করিয়া, তাহার কোন একটি বিশেষ ইন্দ্রিয়ের সাহায়ে মাত্র যে জ্ঞান শাভ হয়, সেই ইন্দ্রিসংক্রান্ত মন্ডিকের অংশটুকু মাত্র আবৃত রাধিয়া, সেই অংশ হইতে যে নাড়ী বা সায়ু ইক্রিয়পথ পর্যান্ত আদিয়াছে ভাহাকে আপন ইচ্ছায় চালিত করাও হইয়া পাকে; ইহাকে স্কম্ভন বলা যায়; দৃষ্টিস্তম্ভন কবিয়া বাজীকরে কত প্রকার থেলা আমাদের দেখাইয়া পাকে। এই প্রকারে ম্ব্রুপি কোনও মানবের গন্ধবহা নাড়ীকে বশীভূত, স্তম্ভিত করিয়া মন্তিক্ষের গন্ধজ্ঞান লাভ করিবার সংক্রান্ত অংশের গুন্তন করা ধায়, তবে সেই মানবকে যে গন্ধ অনুভব করিতে বলা ঘাইবে, সে সেই গন্ধই

পাইতে থাকিবে, গন্ধদ্রব্য ভাহার নিকটে রাথিবার আবশুকতা হইবে না। মিথ্যা গন্ধ অন্নভবের এও একটি কারণ-বিশেষ হইতেছে।

কিন্তু অনেক স্থলে দেখা যায় যে, মানবকে কেহ সম্মোহিত, স্তম্ভিত বাহিপ্নটাইজ করে নাই অথচ মানব এমন কোন বিশেষরূপ গন্ধ পাইতে থাকে, যে গন্ধ সে খানে অমুভব করিবার কোন কারণই নাই। সাধারণতঃ গোকের বিখাদ যে, এইরূপ বিনা কারণে কোন স্থানে প্রচুর সদপন্ধ পাওয়া যাইতে থাকিলে, সেই ভানে দেই সময়ে কোন দৈবশক্তি বা কোন সিদ্ধ সাধ্বিশেষের আবির্ভাব হুইরা থাকিবে। ঐ বিশ্বাস অমূলক নহে। পুজনীয় ভবিজন্তক্ষ গোলামী মহাশধের উপদেশ পাঠে জানা যায় যে, তিনিও এইরূপ বিশাদ করিতেন। তাঁহার বিশাদ, আমা-দের মত অন্ধ বিখাদ নছে: তিনি অতীক্রিয়দ্শী ছিলেন, আমাদের চক্ষুর অগোচর বিষয় তাঁছার দৃষ্টির ভিতর দিল। দেব দেবী, দিল মহা-পুরুষদের দর্শন তিনি পাইতেন। সাক্ষাং ভাবে ইহাঁদের সহিত তাঁহার বাক্যালাপ পর্যাস্ত হইত। একদা তিনি বলিয়াছিলেন যে, রাত্তি এগারটার পর হইতে চারিটা প্রাপ্ত সাধন করিবার প্রশস্ত কাল। অক্সান্ত হেতুর মধ্যে তিনি বলিয়াছিলেন যে এই সময়ে অনেক দেবগণ ও সিদ্ধ মহাপুরুষগণ চতুদ্দিকে ভ্রমণে বাহির হইয়া থাকেন। সাধনকার্য্যে নিযুক্ত পাকা কালে তাঁহাদের কাহারও নজরে পড়িয়া যাইলে, তাঁহারা সাধককে কুপা করিয়া যান। এই কুপালাভে সাধকের অনেক উপকার হুইয়া থাকে। তাহার কোনত্রপ স্থায়ী উন্নতিও হুইয়া যাইতেও পারে। তং-কালে এই সকল মহাপুরুষদের বা দেবতাদের সাক্ষাৎ দর্শন না পাইলেও, অনেকে নানাবিধ স্থগন্ধ অনুভব করিয়া থাকে। এইরূপ স্থগন্ধ দারা উহাদের আবির্ভাব বুঝিতে পারা যায়। পুজনীয় গোস্বামী মহাশয় যখন ভৌতিক-গন্ধ-প্রাপ্তি হইতে মহাপুরুষদের সন্নিধি জ্ঞান করিতে উপদেশ দিরাছেন, তথন এ বিষয়ে আর আমাদের সন্দেহের কারণ শাকিতে পারে না।

সতানিষ্ঠ ধর্মাত্মা কর্ণেল্ অল্কট্ মহাশয় এইরূপ ভৌতিক গন্ধ সহন্ধে Old Diary Leaves নামক গ্রন্থে আলোচনা করিরাছেন। অল্কট্ মহোদর আমাদের হিমালয়স্থ কোন ধাবিবিশেষের শিষ্য ছিলেন। জীবন্মুক্ত করেকজ্ঞন থাবির সহিত তাঁহার সাক্ষাৎ ক্ত্রে পরিচয়ও ছিল; আনেক মহাত্মা তাঁহাকে স্নেহ করিতেন। তিনি বলেন বে, হিমালয়ের উপরিদেশে যে থাবিসজ্ঞ আছেন, তাঁহাদের চন্দনের গন্ধ অতিশন্ধ প্রির; তাঁহাদের আবির্ভাব হইলে চন্দনের গন্ধে সেই স্থান ভরিয়া যায়। কোন স্থানে ভৌতিক চন্দনগন্ধ কেহ পাওয়ার কথা তাঁহাকে জানাইলে, তিনি অমুমান করিতেন যে, সেই স্থানে হিমালয়ন্থ উক্ত থাবিরন্দের কাহারও উপস্থিতি ছটিয়াছিল।

ষাজ্রাজের থিরজফিক্যান্ সোসাইটা নামক মহাসমিতির অক্তম প্রতিষ্ঠাত্তী এবং হিমালয়ত্ব ঋষিবৃন্দের একান্ত প্রির শিব্যা ম্যাডাম্ ব্ল্যাভাট্-ক্ষির হতের তালু হইতে বিনা কারণে এই চন্দনগন্ধ প্রচুর পরিমাণে বাহির হইত। তিনি ইক্ছা করিলে, তরল চন্দন তাহার হন্ত হইতে বাহির করিয়া অন্তকে দিতে পারিতেন। এই চন্দনসার ঘাঁহারা পাইতেন, তাঁহাদের নিকট অবিকৃত অবস্থার এই গন্ধ বছকাল পর্যান্ত রহিরাছে। তালু হইতে এরূপ চন্দন-নির্যাদের আব হওরার বিষয় আর কোথাও দেখা বা শুনা যায় না। ই হার মন্তকের উপরের একটি সিকি-প্রমাণ স্থান হইতেও এরূপ গন্ধ পাওয়া যাইত। একলা তিনি আপনার এক-শুদ্ধ কেশ অনৈক সাধক প্রেণ্টন্ মোজেস্কে উপহার দিরাছিলেন, ঐ শুদ্ধে উক্তরূপ চন্দনগন্ধ ছিল। বিশ বংসর পরে কর্ণেল অলুকট্ তাঁহার জান্থে চিত্র সন্ধিবেশিত করিবার করু এই কেশগুছের ক্টো-চিত্র লইতে

ইচ্ছুক হইরা, দেগুলি চাহিরা আনান; তদবধি এইগুলি তাঁহার নিকট রহিরা গিরাছে। এখনও তাঁহাতে চন্দনেরগন্ধ সমান ভাবে রহিরাছে। এস্থানে বলিরা রাশা উচিত বে, মাডাম্ ব্যাভাটিঙ্কি কখনও পার্থিব চন্দন ব্যবহার করেন না। এমতে এই চন্দনগন্ধ পার্থিব চন্দনের গন্ধ নহে। পার্থিব চন্দনের গন্ধ এরপ স্থায়ী হইতেও পারে না'। অল্কট্ মহোদর বলেন, প্রক্বত ভক্ত, সাধু, সন্ন্যাসী প্রভৃতিদের মধ্যে এই ভৌতিক গন্ধ দ্রাপের ঘটনা সচরাচর হইরা থাকে।

ষ্টেণ্টন মোজেস্ (Stainton Moseyn M. A. oxon) নামক জনৈক বিলাতী সাধুর জীবনেও আমরা এইরূপ ভৌতিক গন্ধসম্বন্ধে অনেক ব্যাপার দেখিতে পাই। ইনি অক্সফোর্ড বিশ্ববিস্থানয়ের এম-এ. এবং একজন স্থপণ্ডিত ও সাধক ছিলেন। জীবনের শেষ অবস্থায় তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয়ের সাহিত্যের অধ্যাপক হইয়াছিলেন। ইঁহার উপর ভগবানের অশেষ দয়া ছিল। ধর্মপিপাসা প্রবল থাকার, ইনি বিতালাভের পর গির্জার পুরোহিতের কার্যা করিয়া ধর্মশিকালাভে তৎপর হন। তাঁহার অন্বস্থতাবশতঃ ঐ কার্য্য হইতে তাঁহাকে অবসর লইতে হইল। পৈতৃক ভূমিদম্পত্তি সমুদ্রগর্ভে গত হইয়া তাঁহার বিষয়-বাতনা দুর করিয়া দিল। তিনি বিনা চেষ্টায় এক জন মাধ্যমিক (medium) ইইয়া পড়িলেন। তাঁহার প্রায়শঃই আবেশ হইত। এই অবস্থায় তাঁহার দেহে অনেক উন্নত আত্মার আবির্ভাব হইত। তাঁহারা অনেক তত্ত্বকথা ইঁহার মুখ দিয়া ব্যক্ত করিতেন। এই नकन व्याचारनत हैनि रम्बिर्फ भाहेरजन वनः हैंशरनत महिक मुख्यात কথাও অনেক সময় হইত। শেষে তাঁহার লিপিসিদ্ধ অবস্থা হয়। এই অবস্থার তাঁহার আবেশ হইত না, তিনি সজ্ঞানে চেয়ারে বসিয়া বন্ধু-বান্ধবের সহিত কথা কহিতেছেন বা কোন গ্রন্থ অধ্যয়ন করিতেছেন

অপচ অপর্দিকে তাঁহার বাম হত্তে ক্রেমাগত লেখা হইতেছে, অনেক সমন্ত্র পর পৃষ্ঠা করিয়া অনেক লেখা হইত ; শেষ হইলে, তিনি কি লেখা হইল দেখিতেন। ইহাতে তাঁহার যে সকল সন্দেহ মনে উদন্ধ হইত, ধর্ম সম্বন্ধে যে বিষয় স্থামাংসা আবশ্রক বলিয়া করেকদিন যাবং চিস্তিভ ছিলেন, সেই সকল তাঁত্বের মীমাংসা ও অক্তান্ত অনেক নৃতন কথা এইরূপ লেখার প্রকাশ হইত। এইরূপ লেখা হইবার সমন্ত্র লেখাইতেছে, তাহা তিনি দেখিতে পাইতেন।

একদা কর্ণেল্ অল্কট্ ম্যাডাম্ ব্যাভাট্স্কির তালুনি:স্ত তরল চন্দন-व्याप्त जूना चिक्राहेबा; वे जूना (क्षेण्टेत्र निक्र भाग्रीहेबाहितन। वहे পন্ধ তুলা পাইয়া ষ্টেণ্টন্ কর্ণেলকে এইরূপ পত্র লেথেন ;—'ইগা ভারত-ব্বীয় চলনের গন্ধ. এই গন্ধ আমার বিশেষ পরিচিত। আমাদের চক্রে ষ্থন কোন উন্নত আত্মা আসেন, তথন আমরা এই গন্ধবান বায়ু দেবন করি, কথনও তরল চলনসারও পাইয়া থাকি। যে বাটীতে একবার এইরাপ চক্রে ব্যিয়া উন্নত আত্মার আবির্ভাব হুইত ও চন্দনগন্ধ পাওয়া ষাইত, সেই বাটীতে চক্রভঙ্গের পরও ছুই তিন দিন এই গ্রু থাকিয়া যাইত। ওয়াইট্ দ্বাপে ডাক্তার ষ্টিয়ারের একথানি বাটী আছে, সেধানে অবস্থান কালে একবার চক্রে এইরূপ গন্ধ পাওয়া গিয়াছিল। পরে আমরা লগুনে চলিয়া আসি ও সেই বাটা বন্ধ থাকে। ছন্নমাস পরে পুনরান্ব সেই বাটী থোলা হইল, তথনও পুর্মবৎ তীব্র মাত্রায় চল্পনের গন্ধ পাওয়া যাইতে লাগিল। আপনি বলেন, হিমালয়স্থ ৰবিদের এই চন্দ্ৰগন্ধ হইতেছে : ইহাতে অনুমান হয়, উক্ত মহাপুক্ষপণ প্রায়ই আমার সন্ধিকটে আসিতেছেন। আমার বাসগৃহ এই গব্ধে ভর-পুর, আমার দেহ এই গদ্ধে পুর্ণ হইয়াছে, আমি এই গন্ধ আৰু করিতেছি, बाहेट ७ हि. व्यामात नक न किनियारे এर शक्क रहेबाहि। व्यामात माथात्र

তালুর উপরিস্থিত পয়না-পরিমাণ একস্থান হইতে এই গন্ধ বাহির হইতেছে;
এই গন্ধ এত তাঁব্র ষে, প্রায় অসহ্থ হইরা উঠিয়াছে। আমার এক বন্ধ্র
আমাকে একটি গোলাপ ফুল দিয়াছিলেন, সেই গোলাপটি আমার হাতে
থাকিতে থাকিতে অল্লক্ষণ পরেই ক্রফ্তবর্ণ হইরা গেল ও তাহা হইতে
গোলাপের পরিবর্গ্তে চন্দনের গন্ধ বাহির হইতে লাগিল। এই গোলাপ ও
তাহার চন্দনগন্ধ এখনও রহিয়াছে।" খৃষ্টীয়ানবংশজাত সাহেবের উপর
আমাদের ঋবিদের এইরূপ অ্যাচিত কুপা ও হিন্দুশাস্ত্রোক্ত সাধনাদি না
করিয়াও, কেবলমাত্র সত্যনিষ্ঠ থাকিয়া—সচ্চরিত্র থাকিয়াই ঋবিক্রপার
এইরূপ উন্নত অবস্থা লাভ, হিন্দু আমাদের ভাবিবার বিষয় বটে।

**এমতী এলিজাবেধ সেভারদ নামক ইংরাজমহিলা থিয়জফিই পত্তে** নিজ জীবনের অংশীকিক ঘটনাবলা লিপিবন করিয়াছেন। তিনি ভৌতিক গন্ধ সম্বন্ধে এইরূপ বলেন ;-- "খিয়জ্ফিষ্ট হইবার পুর্বে অলৌ-किक घটना आयात कीवान आएक) बाहि नाई। शिव्रक्षिक्षे इरेनाय. নিরামিষ থাওয়া আরম্ভ করিলাম, মধ্যে মধ্যে আলৌকিক ব্যাপার অমুভব হইতে লাগিল। প্রথম প্রথম অলোকিক বর্ণদর্শন ও ভৌতিক গরের আৰু পাইতাম। ধ্যানকালে নানাপ্রকার বর্ণ দর্শন হইত। গ্রন্থাণ যথন ज्यनहे भारेजाम। এकना रे प्रेराभ इटेरज कि त्रिर्जिह, भथकरहे भाती-রিক ক্লান্তি ও সাংসারিক ব্যাপারে মান্সিক উদ্বেগ আমাকে অভিশয় কাহিল করিয়াছে, এমন সময়ে অনুভব করিলাম, যেন একথানি স্থান্ধের মেঘ আদিয়া আমাকে একেবারে আছের করিয়া ফেলিয়াছে। এরপ প্রচুর স্থগন্ধ সেধানে পাইবার কোনও উপাদান ছিল না। স্থার একবার ইয়র্ক মিনিপ্তার নামক স্থানে কোন বন্ধুর সহিত সাক্ষাৎ করিতে যাই। দেহ ও মন বেশ প্রকৃতিস্থ ছিল্মনে কোনরূপ ধর্মভাব—ভক্তিভাব পাকে নাই। অকলাৎ সুন্দর পুষ্পাগন্ধ পাইতে লাগিলাম: মনে হইল-ধেন

কোন পূলাবাটকার নিকটে রহিয়াছি; দারণ গ্রীয়ে এইরপ ফুলর পূলাগন্ধে মনের যেরপ শান্তিবোধ হয়, আমারও সেইরপ শান্তিবোধ হইতে লাগিল। ইতিপূর্ব্বে বথন ভৌতিক গন্ধ পাইতাম, তথন কেবল ধুপ, ধুনা, গুগ্গুল প্রভৃতিরই গন্ধ পাইতাম। এবার পূলার গন্ধ পাইয়া মনে হইল, নিকটে কোথাও ফুল আছে কি না দেখিতে হইল, পূলার অফুসন্ধানে বাহিরে যাইলে, পূলাগন্ধ আর পাইলাম না, পুলোর নির্দেশও পাইলাম না, পুনরায় পূর্বাহানে ফিরিয়া আসিলেই পূর্ব্বিৎ পূলাগন্ধ আসিতে লাগিল। এই স্থানে গন্ধবান কোন দ্রব্য ছিল না, কেবল কতকগুলি বসিবার কান্ধানন ছিল মাত্র। বোধ হয়, এই স্থানে বসিয়া কোন মহাপুরুষ ভগবদারাধনা করিয়া থাকিবেন, তাহার ফলে এই স্থানের বায়ু এইরূপ ফুগন্ধ হইয়া রহিয়াছে।"

আমার কোন নিকট আত্মীরা, ইনি একণে আমার নিকটেই আছেন বিশেষ উন্নত অবস্থা নহে, সংসারে থাকিয়া স্থামী পূত্র পালন করা, গৃহস্থালীর কার্য্য করা—বেমন সাধারণ স্ত্রীলোকে করিয়া থাকে,ইনিও সেইরূপে জীবন যাপন করেন। ইহার তিন পূত্র ও এক কল্পা হইরাছে। প্রথম পূত্রটি ধখন গতে ছিল, তখন ইনি চাঁপাক্ল ও বেলফ্লের গন্ধ প্রায়ই পাইতেন। এই গন্ধ শুধু নিজে যে, পাইতেন তাহা নহে; বাটার সকলেই অম্ভব করিতেন প্রায়ই সন্ধার পর হইতে মধ্যে মধ্যে গন্ধ পাওয়া যাইত। বাটার থিড়কী ঘাটে যাইবার পথের পার্থে থাকিয়া একদিন সন্ধার বেশ পরিকার বেলফ্লের গন্ধ আমি প্রায় পাঁচ মিনিট কাল পাইতে লাগিলাম। সে সমন্ত্র স্থানের এক মাইলের মধ্যে বেল-কুলের গাছ নাই ও থিড়কিতে বিশ ত্রিশ বংসর ধরিয়া বাটার যাবতীর আবর্জনা ক্লেলা হইয়া আসিতেছে, ঘাটপথের অপর পার্থে বাটার ছেলেন্বের মলমুত্র-ত্যাগের স্থানের ও থিড়কী পুকুরটি একটি পানা-বুলান

পচা পুকুর। এই ঘাটপথ দিয়া তিনি বাটাতে প্রবেশ করিতেছিলেন, পদ্ধ পাইয়া আমাকে জানাইলেন, এইরূপ গদ্ধ প্রায় প্রতাহই তিনি পাইতেছেন। ঐ প্রথম পর্ভাবস্থায় বাটীর শয়নঘরে ও মধ্যে মধ্যে চম্প কপুষ্পের গন্ধ পাওয়া যাইত। একদিন রাত্রি দশটার সময় আমাকে ঐরপ গন্ধ ভাণ করিতে বলায় আমিও কয়েক মিনিট্ধরিয়া চম্পক গন্ধ পাইতে লাগিলাম। নিজের জানা চতুর্দিকেই বছ দূর পর্যান্ত অফুসন্ধান করিলে, চম্পক বৃক্ষ মিলিবে না। শুনিলাম, গভাবিত্যার দ্বিতীয় মাস হইতেই এইরূপ গব্ধ অনেক সময় খরে বাটীর দর দালানে ও ছাদের উপরি ্বাঁহারা শয়ন করিতেন, তাঁহারাও পাইতেন; তবে গন্ধ পাইবার সময় আমার কথিত আত্মীয়াটী নিকটে থাকিতেন বা সেই মাত্র সেইস্থান হইতে চলিয়া গিয়াছেন, এই অবস্থায় এই পদ্ধ পাওয়া যাইত। প্রথম প্রথম এইরপ গর পাইরা ইঁহার মনে ভর হইত। যাহাকে উপস্থিত পাইতেন. লানাইতেন এবং তিনিও সেই গন্ধ অনুভব করিতেন। এই গর্ভে পুত্র সম্ভান ভূমিষ্ঠ হইবার পর আর ওরূপে ভৌতিক পন্ধ ঘাণ হইত না। গর্ভের ূন্বম মাদে ইনি পিত্রালয়ে গিয়াছিলেন, তথায় তিনি কোনরূপ ভৌতিক পদ্ধ পাইতেন না। এইবারে চলনের গদ্ধও মধ্যে মধ্যে তিনি পাইয়া-ছিলেন, তবে দে সময় আমি নিকটে না থাকায়, অনুভব করিবার স্থযোগ পাট নাই।

ইহার দ্বিতীয়বার গর্ভিণী হইবার পর মাত্র ছই তিন বার উক্তরপ ভৌতিক গন্ধ তিনি পাইয়াছিলেন মাত্র। এবারে চন্দনগন্ধ আদৌ পান নাই। তৃতীয় পুত্র গতে থাকা কালে তিনি আমার হাবড়ার বাটীতে ছিলেন। গর্ভের প্রায় অষ্টম মাসে একদিন রাত্রে প্রায় ৮টার সময় বাটীর ছাদে মাছ কুটিতে কুটিতে নানাপ্রকার প্রশের গন্ধ পাইতে লাগিলেন; ভংকালে বাটীর চাকর তাঁহার নিকটে ছিল, সেও পাইতে লাগিল। আমি রুগ্ন শ্ব্যায় পার্শ্ববর্তী ঘরের ভিতর ছিলাম ; আমার ঘরের দরজা পর্যান্ত গন্ধ আসিয়াছিল ; নিজের উপানশক্তি না থাকায় উক্ত পদ্ধ আত্রাণ বরাতে ঘটিয়া উঠিল না । প্রথমতঃ ইহাতে তাঁহার মনে ভর হইরাছিল ; পরে তাঁহার গভাবিস্থা ও পূর্বে গভের সময়ের ব্যাপার শ্বরণ হওয়ায় ভর দ্রে গেল । ইহার চতুর্থ গর্ভে কন্তা সন্তান হইয়াছে ; এ পর্ভ থাকা কালে কোনরূপ ভৌতিক গন্ধ তিনি পান নাই ।

ইহার প্রথম সঞ্চানটির বয়স দশ বংসর হইয়াছে। ইহাতে কোনক্সপ বিশেষত্ব কিছুই দেখা বায় নাই। তবে এই বালকটি গর্ভে থাকা কালে কেন বে চল্লনাদির গন্ধ পাওয়া বাইড, তাহার বিষয় কিছুই মীমাংসা করিতে পারি না। বিতীয় পুএটা পঞ্চম মাসে ইহলোক ত্যাগ করিয়াছে। তৃতীয়টীর তৃতীয় বংসর চলিতেছে, এবং ক্সাটির দশম মাস উত্তীর্ণ হইয়াছে। এক্ষেত্রে কেনই যে তিনি গর্ভকালে উক্তর্মপ গন্ধ পাইতেন, অপর সময়ই বা পান না কেন, ইহার সম্বন্ধে কিছুই বিশেষ বলা বায় না।

এক।তিকচক্র বন্দ্যোপাধার।

# মঙ্গলকারক-প্রেত্তযোনি।

সে আজ অনেক দিনের কথা, আমি তথন জন্মিয়াছি কি না সন্দেহ, আমার পিতা তথন প্লিশের স্থারিণ্টেণ্ডেণ্ট্ ছিলেন; তিনি এই সবে মাত্র ময়মনসিংহ জেলার বদলি হইয়াছিলেন। তিনি একদিন গভীর রাত্রিতে জনৈক ইন্স্পেক্টার্ সহ পরিদর্শনার্থে বহির্গত হইয়াছেন। ইন্স্পেক্টার্ মহাশরের নাম শশিশেথর বাবু এখন তিনি পেন্সন প্রাপ্ত হইয়াছেন। আমার পিতা ও ইন্স্পেক্টার্ বাবু ঘোটকারোহণে একটা সকীর্ণ পথ দিয়া গমন করিতেছেন। পথটা প্রশন্ত, কিছু দৈর্ঘ্যে অপরিষেয়। পথটা

একটা সমূনত ভূথণ্ডের উপর ও থরস্রোত ভৈরবনদের তটে অবস্থিত। त्मरे पथिपार्थ मत्था मत्था कर्नाहि इरे এक है। तुक पर्वत खपत मिरक বিস্তার্ণ জলাভূমি ও শ্যামল ক্ষেত্র প্রকৃতির অঞ্চলরূপে বর্ত্তমান। সেদিন গভীর অব্যক্ষর হওয়ায় তাঁহাদের সঙ্গে সার্চ্চ লাই ট ছিল। তজারা তাঁছারা পথের চারিধার দেখিতে দেখিতে গমন করিতেছিলেন। এইরূপে তাঁহারা একটা সমুর হ বুক্ষ অতিবাহিত করিবার পর যেন কাহার আহ্বান গুনিলেন। তাঁহারা ঘোটকদ্বয়কে স্থির করাইলেন। আলোটী বুক্কের দিকে ফিরাইয়া ধরিলেন ও দেখিতে পাইলেন ধেন জনৈক ক্ষাবর্ণ ব্যক্তি তাঁহাদিগকে ফিরিবার জন্য অনুসম করিতেছে। ইহা শুনিয়া তাঁহারা রিভলভার ঘারা গুলি করিলেন কিন্তু কিছুই লক্ষিত হইল না। কেবল ইহা দেখিয়া শণী বাবু বলিলেন—ওহে ওটা একটা ভত, চল তাড়াতাড়ি (बाड़ा डूटे। हेश किरे।'' त्यमि वना, अमि कार्यात्रस्त किस्प्तूत প্রমন করিয়া ঘোটক নিস্তব্ধ ও নিস্পাল হইল আরু তো অগ্রসর হয় না। পিঠে শত সহত্র ক্যাঘাত চলিল তবুও পুলবং। সার্চ্চ লাইট ি ফিরাইরা তাঁহারা যাহা দেখিলেন তাহাতে তাঁহাদের সমস্ত শরীরের রক্ত ঘল হইয়া গেল। তাঁহারা এখন মৃত্যুর ওভাগমনের জন্য প্রস্তুত হইরাছেন। ওটা কি, কি বিষম গুর্গন্ধ। এই বুঝি তাঁহাদের জীবন ৰায়--না না নীচে পড়িল পশ্চান্তাগে ওটা কি যেন একটী পশু। তাঁহারা পুনর্বার ঘোটক ছুটাইয়া দিলেন। কিন্তু কিয়ৎক্ষণ ঘাইবার পর সমূথে প্রকাপ্ত একটা দাররক্ষক আসিয়া সেলাম করিল। তাঁহার। বেটিক স্থির করাইলেন। দ্বাররক্ষক বলিল—''মহাশম আমি আপনাদের <del>খা</del>ণ পরিশোধ করিলাম। শণীবাবুঝাপনি ইহার জন্য প্রাণ পাইলেন। ইনি এক সময় আমার প্রাণদান করিয়াছিলেন তাই অন্ত একটা সামান্য পশুর রূপ ধরিগা ব্যাদ্রকে তাড়াইরা দিরাছি। আমি। কে আপনা-

দের ভাবিবার কোন প্রয়োজন নাই আমি আপনাদের বিখাসী লোক ছিলাম এখন আমি এই হইরাছি।" আমার পিভা জিজ্ঞাসা করিলেন তুমি কি হইরাছ ?" উত্তর হইল "গুনিয়া কাজ নাই," তারপর সে অদুশ্র হইয়া পেল।

শ্ৰীমাধুরীমোহন মুঝোপাধ্যার।

### স্বপ্ন-তত্ত্ব

অফ্টম অধ্যায়।

( পূর্ববানুবৃত্ত ) 🖔

#### ২। স্বপ্নে ভবিষ্য-জ্ঞান।

"অংগ ভবিষ্য-জ্ঞান"—আমাদের এই নামকরণটি বেশ সঙ্গত হইরাছে বলিয়া মনে হয় না; কারণ নিজিত মানবের যে অবস্থায় ভবিষ্য
ঘটনার জ্ঞান বা দর্শন হয়, তাহাকে কোনওরপে অপ্লাবয়া বলা যায় না।
আমরা এ কথা পূর্বের আলোচনা করিয়াছি। তাঁহার স্থল বা জাপ্রত
ভৈত্তয়কে পূর্বে হইতে সতর্ক করিয়া দিবার জয়, হয়তঃ মানব-জীবাআা
অ্যুপ্তি-অবস্থায় কোনও একটি ভবিষ্য-ঘটনা অয়ং দর্শন করিয়া, তাঁহায়
স্থল মন্তিফে সেই অয়ৢভূতি সঞ্চারিত করিয়া দেন। পূর্বের আমরা ইহার
উদাহরণও দিয়াছি। কথনও বা এমন হয় য়ে, জীবাআ অয়ং ইহা
দর্শন করেন না; কোনও মহাপুরুষ বা অপর কোনও স্থপ্ত মানব,
কোনও ভবিষ্য ঘটনা দর্শন করিয়া, তাহার বা অপর কোনও মানবের
বা অগতের কল্যাণ জয়্স, তাহার নিজাবস্থায় এই ঘটনার পরিচয় দেন;
তাহায় জীবাআা সেই অয়ুভূতি পর্যায়ক্রমে তাহার য়্বল মন্তিফে অবভাসিত

করিরা দেন। স্থামরা ইহাও বলিরাছি বে, সকল সমরে, মানব ব্দাগরিত হইলে, সেই প্রবেক্ষণ সম্পূর্ণভাবে স্বৃতিতে থাকে না। ইহা কেন হয় তাহাও পুর্বেব বলিয়াছি। † ইহা ছুইটি জিনিবের উপর নির্ভব করে—বিনি স্থপ-চৈত্যাভিমানী, বিনি অধিদৈব বা (Individuality) তাঁহার অভিব্যক্তির ও মানবের হক্ষ্ম সুলাদি শরীরের বিকাশের উপর। স্থু অবস্থায় যে জ্ঞান লাভ করেন, যে ভবিষ্যদর্শন করেন, তাহা ষম্পুপি ঠিক স্বাধিক্বত করিতে না পারেন, যম্মপ্র তাহা স্বপ্রকৃতিস্থ করিতে না পারেন, যন্তপি তাহা কেবল বাহ্য বিষয়ভাবে থাকিয়া যায়, তাহা হইলে, তিনি ইহা সুন্ম বা স্থুল চৈত্যন্ত সম্পূর্ণভাবে সঞ্চারিত করিতে পারেন না : তাঁগার নিজের ভিতরই জানটি সম্পূর্ণরূপে ফুটে নাই, তিনি আবার তাহা অন্তব্যক কিব্রপভাবে দিবেন ৪ তাহার পর দেহ বা শরীর শুলিকে স্বায়ত্তে লইয়া আসাও বড় সহজ কথা নহে: তাহা ও অভিব্যক্তির ফলে কালে সংসাধিত হয়। এইত গেল চৈতন্তের কথা। শরীরের অভিব্যক্তি বা বিকাশের উপরও এই স্মৃতি অনেকটা নির্ভন্ন করে। মলিন মুকুরে যেমন প্রতিবিম্ব ঠিক পড়ে না, দেহ অপবিত্র হইলে জ্ঞান-ক্ষ্যোতির সেক্সপ ভাবে ফরণ হয় না। চঞ্চল, বাত্যা বিক্লোভিত উর্মি সমাকুল নদী বক্ষে বেমন চক্র প্রতিবিদ্ধ বিভক্ত ও বিচুণিত হইয়া যায়, বেমন পরিচিছ্য প্রতিবিদ্ব অন্তহিত হয়, কেবল অবশিষ্ট থাকে কিরণমালীর কিরণজাল, দেইরূপ নানা বাসনা বা চিন্তা-বিধ্বস্ত মানব-মানদে, তাহার স্ক্র-মন্তিকে অধিলৈবের বা মুপ্ত চৈত্ন্যাভিমানীর ভবিষ্য-ঘটনা-চিত্রান্ধনের চেষ্টা বিফল হইয়া যায়, মানব জাগরিত হইলে জাগ্রৎ চৈতত্তে অপ্রভেদ্য

<sup>\*</sup> ज्यानिक त्रहश्च वर्ष छात्र ८८७ शृः।

<sup>†</sup> चालोकिक त्रश्य धर्य छात्र १७६ शः।

বিক্ষিপ্ত কিরণ-জালরূপ কেবল একটা অতি অস্পষ্ট অতি অপরিস্ফুট একপ্রকার "স্থৃতি-বিভ্রম" অবশিষ্ট থাকে।

বাঁহারাই স্বপ্নে ভবিষ্যৎ দর্শন সম্বন্ধে আলোচনা করিয়াছেন, স্বপ্নদৃষ্ট বিষয় ও ঘটনাবলী পরীক্ষা করিয়াছেন, তাঁহারাই অবগত আছেন যে, ইহার কতকগুলি পুরুষত্ব-হিসাবে অভিশন্ধ আবশ্রুক অতএব স্বপ্ত চৈতত্তা-ভিমানী বা (Individuality) অধিদৈবের, ভাহা জাগ্রৎ চৈতত্তা কেন সঞ্চারিত করিয়া দিয়াছেন, ভাহার কারণ সহজে অমুমিত হয়; ষেমন হয়ত কোনও পরমাঝীয়ের আসর মৃত্যুর ভবিষাৎ চিত্র; হয়ত অবশ্রস্তাবী কোনও মহাবিপদের পরিচয়। কিন্তু, আমার এমন অনেক ভবিষ্যৎ দর্শন হয়, বাহা অভি অকিঞ্ছিৎকর, বাহা অভি অনাবশ্রুক। ইহাদিগকে স্থল মন্তিছে সঞ্চারিত করিয়া দিবার কি উদ্দেশ্র, ভাহা পরিক্ষাররূপে বুঝা বায় না। হয়ত উহারা বছ ঘটনাবলি-সমন্তি কোন ভবিষ্যৎ দৃশ্রাবলি-সংশ্লিষ্ট থপ্তাংশ মাত্র। স্থল মন্তিছে সমগ্র চিত্রটিকে ধারণা করিয়া রাখিতে পারে নাই; ইহার অনাবশ্রুক কোন একটি অংশকে কেবলমাত্র স্বরূপে রাখিয়াছে।

এই বে, প্রাক্-দর্শন ঘটে, তাহা অনেক সময় কোনও সংভাব্য বিপদ-বিষয়ে সতর্ক করিয়া দিবার জন্তা। কথন কথন আমরা বিপদের এইরূপ পূর্ব্বাভাস বা পূর্ব্ব সংবাদ পাইয়া, সতর্ক হই, সাবধানে কার্য্য করি এবং বিপদ আসিলে, তাহা হইতে মৃক্ত হই। কিন্তু অধিক সময়েই আমরা আমাদিগের অন্তর্যামীর এই প্রকার নিদেশ বাক্যকে গ্রাহ্য করি না, "স্থপ্ন অলীক" বলিয়া তাহা উপেক্ষা করি; অথবা তাহা উপেক্ষা না করিলেও, তাহার প্রকৃত উদ্দেশ্ত না ব্রিতে পারিয়া, সেই আশু বিপদকে প্রতিরোধ করিবার আমাদিগের সকল চেষ্টা বিষ্ণা হইয়া যায়। যথন স্থপ্যাস্তৃতি প্রকৃততঃ সমুখীন হয়, তথন কিংকর্ত্ব্যবিমৃঢ় হইয়া,

অনক্রোপারে তাহাতে আত্মসমর্পণ করি ও অমুতপ্ত হইয়া মনোবেদনার বোঝা বাড়াইয়া তুলি। আবার কখন কখন এমনটিও হয়, যে সমস্ত পারিপার্থিক অবস্থা ও শক্তির উপর আমাদিগের কোনও ক্ষমতা নাই তাহাদিগের ঘারা বাধিত ও প্রহত হইয়া আমাদিগের কুদ্র চেই৷ বিফল হয়, আমরা বছ আয়াদেও সমুখীন বিপদের হস্ত হইতে নিয়্তি লাভ করিতে পারি না। প্রারক্ষ কর্ম-ফল-শক্তি ব্যাধের মত পুরুষকারকে আবদ্ধ করিয়া ফেলে। আমরা এতৎ সম্বন্ধে প্র্কে আলোচনা করিয়াছি তাহা দ্বস্তিব।\*

আমাদিগের বর্ত্তমানালোচিত স্বপ্ন-বিভাগের উদাহরণের অভাব নাই।
আশা করি আমার চিন্তাশীল পাঠক পাঠিকার মধ্যে অনেকের নিজ্ঞ নিজ্ঞ
জাবনে তাহা ঘটিরাছে বা বিশ্বস্ত স্থত্তে তাহা অবগত আছেন। যন্ত্রপি
তাঁহারা অন্ত্রাহ ও পরিশ্রম স্বীকার পূর্ব্বক তৎবৃত্তাস্ত অলোকিক রহস্ত কার্য্যালয়ে পাঠাইয়া দেন তাহা হইলে লেখকের প্রচুর উপকার করা
হইবে।

সে বাহা হউক, আমরা বলিতেছিলাম যে সকল স্বপ্নের উদাহরণের অভাব নাই। আমার জীবনে ও আমার পরিচিতের ও আত্মায়বর্গের মধ্যে এরপ ঘটনা অনেক ঘটয়াছে। এরপ ঘটনার কথা মধ্যে সাধারণ বার্ত্তাবাহী পত্রিকারও দেখিতে পাওয়া যায়। ডেলি নিউস্ পত্রিকার (The Indian Daily News) কিছুদিন পূর্ব্বে কলিকাতা ইট্লি নিবাসিনা এক গোয়ালিনীর স্বপ্নের কথা প্রকাশিত হইয়াছিল। বুদ্দা নিবাসিনা এক গোয়ালিনীর স্বপ্নের কথা প্রকাশিত হইয়াছিল। বুদ্দা নিবাসিনা এক গোয়ালিনীর স্বপ্নের কথা প্রকাশিত হইয়াছিল। বুদ্দা নিবাসিনা ওক গোয়ালিনীর স্বপ্নের কথা প্রকাশিত হইয়াছে; সব ভস্মাভূত হইতেছে, কিছুতেই অগ্নির প্রকোপ নিবারিত হইতেছে না; স্বন্ধ ভাষণ প্রস্থার মত বিরাট মুখ বাাদান করিয়া সমস্তই গ্রাস করিছে

<sup>\*</sup> जालोकिक दश्छ।

্উত্তত ; মানবের সকল চেষ্টা, বিজ্ঞানের বিরাট উত্তম সমস্তই বার্থ हिहें बाब जनका : खावरनं वाजिबाबा खाब बलान माहारया रव कनवर्षन হইতেছিল, তাহাতে অগ্নির প্রকোপ নিবারিত না হইরা থেন খতাছতির মত তাহার শরীর পোষণ করিতেছিল। প্রথমে একথানি কুটীরে অগ্নি সংযোগ হয়, এখন মমগ্র লোকালয় একটি বিশ্বগ্রাসী যজ্ঞ-কুণ্ডে পরিণত হুইল। বুদ্ধা কোনও ক্রমে জীবন বুক্ষা করিল: কিন্তু, সন্তান অপেক্ষা ভাহার প্রিয় ও পরম "আজীয়" গো-বংশুগণ, ভাহার গ্রাদাচ্ছাদনের একমাত্র উপায় স্বব্ধুপ, তাহার শ্রামলী ধবলী: তাহাদিগকে কিরুপে উদ্ধার করিবে ? তাহারা যে গো-শালার বন্ধনদশার আছে। তাহাদিপের বন্ধনমুক্ত করিয়া দিয়া, গো-শালার ধার উন্মুক্ত করিয়া দিতে পারিলে ভাহার হয়ত আত্ম জীবন-রক্ষা করিতে পারিত। এই চিস্তার মন্ত্রণা ভাহার পক্ষে অসহ হইল। সে উচ্চস্বরে কাঁদিয়া উঠিল এবং ভাহার নিদ্রাও ভঙ্গ হইল। সে ডৎক্ষণাৎ শধ্যা ত্যাগ করিয়া, কুটীর হইতে নিজ্ঞান্ত হইয়া, তাহার গো-শালার দিকে, তাহার কুটীরপটলাভিমুধে নয়ন নিক্ষেপ করিল। বুঝিল, প্রাক্তভঃ অধি-সংযোগ হয় নাই; সে আগ্ন-সহযোগের অপ্ন দেখিয়াছিল মাত্র। কিন্তু, এই ভীষণ অপ্ন তাহার এরপ মর্শ্ব স্পর্নী হইরাছিল যে, সেই দন নিশাকালে শরন করিবার পুর্বে, সে গো-শালে ঘাইয়া ধেত্বৎসগণের বন্ধন মোচন করিয়া দিল, গো-শালের ছার উন্মুক্ত রাখিল। কৈন্তু, সে রাত্রি-শেষেও সেই স্বপ্ন সেই ভीষণ অগ্নিকাণ্ড, সেই গো-বৎসগণের দাহ-চিত্র। বুদ্ধা ভৎক্ষণাৎ শ্ব্যা-ত্যাগ করিয়া গো-গহাভিমুবে ধাবিত হইল এবং তাহারা নিরাপদে আছে দেখিরা নিশ্চিত্ত মনে প্রভাগত হইল। আবার রজনীতে শ্ব্যাগমনের পূর্বে পূর্ববাত্তের মত তাহাদিগের বন্ধন মোচনাদি করিয়া রাখিল। বন্ধনী শেনে, আবার দেই স্বপ্ন এবং বুদ্ধার উৎব ষ্ঠিত মনে সেইব্লপ পর্যাবেক্ষণ।

এইরূপ উপর্যুপরি সে তিন দিন প্রতি রজনীতে স্বপ্ন দেখিরাছিল এবং প্রতিদিন জাগরিত হইয়া দেখিত যে দাহকাণ্ড প্রকৃত নহে. তাহা স্বপ্ন মাত্র। ততাচ ভাহার মনে একটা ধ্রুব বিশ্বাস হইরাছিল.—সে বে বার বার এই একই স্বপ্ন দেখিতেছিল, ইহার মূলে একটা কোনও সত্য **অবশ্র নিহিত আছে: হয়ত অগ্নিকাণ্ড অবশ্রম্ভাবী এবং তাহাকে সতর্ক** করিয়া রাখিতে যেন ভগবান অফুগ্রহ করিরা এইরূপ স্বপ্নদান করিয়াছেন।'' এই প্রকার চিন্তা করিয়া বৃদ্ধা আর দে (চতুর্থ) রম্বনীতে নিদ্রা বাইল না। তথন প্রায় একটা বাজিয়াছে, চতুদ্দিক নিত্তর, কোলাচলময়ী সভত উদ্দামবতী কর্মারতা নগরী যেন ক্ষণিক শান্তির জন্ত নিজিত : এমন সময় উৎক্ঠা-পরায়ণা নিলাহীনা বুদ্ধার সভ্কিত নাসা-রন্ধে যেন গৃহদাহের তীব্রগন্ধ প্রবেশ করিল। এটা কি ভ্রম ? তাহার উত্তেজিত অপ্রকৃতিস্থ মস্তিকের অলীক কল্পনা না.একপ্রকার জাগ্রত স্বপ্ন ? উত্তরোত্তর সেই হুর্গন্ধ তীব্রতর হইতে লাগিল; সে আর বসিয়া থাকিতে পারিল না: ক্রতবেগে গৃহ হইতে নিজ্রান্ত হইরা চতুদ্দিক দেখিতে লাগিল। তাহার কুটীরের পশ্চাতে সন্নিহিত অপরের পর্ণ-শালে অগ্নি-সংবোগ হইয়াছে। অগ্নি ধীরে ধীরে বৃদ্ধি প্রাপ্ত হইডেছে; অনল-শিখা বেন অতি সম্বর্গণে উলাভ হইতেছে, ভরে ভরে, পাছে কেহ তাহার তম্বর বৃত্তি দেখিতে পায়, সমগ্র কুটীর-পদ্দী ভন্মীভূত করিয়া তাহার জঠর-জালা-নিবারণ-প্রায়াসে বাধা দেয়। সেই কুটীরের অধিবাসিগণ এখনও নিশ্চিত্তমনে নিদ্রা যাইভেছে; কাল যে ভাহাদিগের মন্তকোপরি সমাসীন হইয়া, ভাহার মহতী ধ্বংস্দীলার স্ত্রপাত করিয়াছে, তাহার বিন্দুবিদর্গ ও তাহারা এখনও জ্ঞাত নহে।

বৃদ্ধা অনল-শিখা দর্শনে স্থপ্ন বৃদ্ধি দফল হইল, এই ভাবনার বিহবল হুটুরা, ভীত ত্রস্ত হইরা উচ্চস্বরে চিৎকার করিতে লাগিল। সেই বিকট রবে, স্থ রজনীর শাস্তি ভক করিয়া, সেই উচ্চনাদে, চতুর্দিক হইতে, সেই স্থান নরনারীপূর্ণ হইয়া পেল; দিগস্ত কোলাহলে মুখরিত হইয়া উঠিল। ইতাবসরে অগ্নি প্রলম্বকালীন করাল মুর্ত্তি ধারণ করিল। তাঁহারা অগ্নি দর্শন করিয়াই সকলের সমবেত চেপ্তায় গো-বৎস, বালকবালিকাগণ অতি কট্তে নিরাপদ স্থানে রক্ষিত হইল। বহু উদ্যম বার্থ করিয়া বহু আয়াসে এবং যন্ত্রাদি সাহায্যে রাজপুরুষগণ কর্তৃক সেই অনলের ভীষণ লীলা উপশমিত হইয়াছিল। বৃদ্ধা ষদ্যপি এই ভবিয়্যৎ হর্মটনার বিষয় পূর্ব্ধ হইতে না জানিয়া তাহার জন্য কোনও রূপে প্রস্তুত হইয়া না থাকিত, তাহা হইলে হয়ত অনেক প্রাণীর সংহার হইত। এ কথা সেই কালে সকলেই বলিয়াছিল।

এইরপ সকল অপ্নের বছ উদাহরণ, সন্নিবিষ্ট করা যাইতে পারে; কিন্তু তাহার স্থানাভাব, এবং বছ উদাহরণের প্রয়েজনীয়তাও দেখা যার না; কারণ সকলেরই সেরপ স্থার্ত্তান্ত অন্ততঃ ছই একটি শুনা আছে। আমার কোনও আত্মীয় পরিচিত কাহারও মৃত্যু ঘটিবার পূর্বে তাহার আভাস অপ্নে দেখিতে পান। এমন অনেকবার দেখা গিরাছে যে, তিনি যে ব্যক্তির মৃত্যু বিষয়ে স্থা দেখিয়াছেন, তিনি হয়ত তথন ( স্থারর সময়) নিরাময়, নির্ত্রণ, স্থান্ত প্রকা। তথন তাহাকে দেখিলে, তাহার যে আশু মৃত্যু ঘটিবে এ কথা কিছুতেই কাহারও অনুমিতঃ হইত না। অথচ দেখা গিয়াছে তাহার অপ্ন আলীক নয়; তাহা প্রত্যেক বিষয়ে সত্য। কথনও কথনও তিনি রূপক ভাবে জাগ্রত মন্তিছে সেই ভাবী ঘটনা ধারণ করিয়। রাধিয়াছেন; কথনও বা এরপ দেখা গিয়াছে যে, বাক্তির মৃত্যু ঘটিল; কিন্তু সেই মৃত্যু অ্থার সহিত সম্বর্মুক্ত আর বে যে বিষয় পারিপার্শ্বিক অবস্থা মুমুর্ব মৃত্যুর সময় ষেরপ বিয়ত বা শান্তমূর্ত্তি

হইত তাহার শেষ কথা পর্যান্ত স্বপ্ন-দৃষ্ট চিত্রের সহিত প্রকৃত ঘটনা ঠিক মিলিয়াছে। কথনও বা মৃত্যুর সময়ের শেষে চিত্রখানি প্রতি বর্ণে স্বপ্ন দৃষ্টের সহিত এক হইয়াছে;—বে বে লোকে তথায় উপস্থিত ছিল; সে সময় তাহারা বাহা বাহা কার্য্য করিয়াছিল; যে আকস্মিক ঘটনা উপস্থিত হইয়াছিল সকলগুলিই যেন স্বপ্নচিত্রের পুনরাভিনয়।

ष्मालोकिक तहरता मध्य मध्य मक्न चालात्र विवतन :वाहित हहेन्नाहा । কৌতুহলী পাঠক পাঠিকা পাঠ করিলে তৎসমস্ত জ্ঞাত হইতে পারিবেন। আমার শির বন্ধু শ্রীযুক্ত মাধনলাল রায় চৌধুরী ইংরাজী হইতে অমুবাদ করিয়া যে ডেকার (D' Acre) সাহেবের মাতৃলানীর বারংবার "নৌকা ডুৰির স্বপ্ন" \* দেনাপতি টরেন্দ পত্নীর ''দিপাহী বিদ্রোহের ভীৰণ স্বপ্ন,'' 🕇 "নিগ্রো ভূত্য কর্ত্তক তাহার প্রভূ পদ্মীর গুপ্ত হত্যার স্বপ্ন" ‡ লিধিয়াছেন। এ সকলগুলিই অধ্যাপক এবার ক্রন্থি (Prof. Aber Crombie) বিরচিত Intellectual Powers নামৰ গ্রন্থ ইইতে উদ্ধৃত। এই স্বপ্ন ভিনটিতে ভবিষ্যং ঘটনা স্পষ্টিরূপে স্থাচিত হইয়াছে। ভবিষ্যৎ স্বানিতে পারিয়াও সব সময়ে যে তাহা থণ্ডন করা যায় না তাহাও প্রমাণিত হই-তেছে। দিপাহী কর্তৃক কাপ্তেন টরেন্দ—জামাতা কাপ্তেন হেদের হত্যা পূর্ব্ব হইতে স্বপ্ন জানিতে পারিয়াও, কিছুতেই তাহা প্রভিরোধ করিতে পারা গেল না। অবশ্য কাপ্তেন হেসের পুত্র কন্যাদি সকলে নিরাপদ হইন; স্বপ্ন না দেখিলে হয়ত ভাহারাও মৃত্যুমুথে পতিত হইত। কিন্তু কথনও কথনও চেষ্টা করিয়া স্বপ্নদৃষ্ট ঘটনা আমরা নিবারিত করিতে

<sup>\*</sup> ज्यालोकिक त्रहमा, ১म छान, ७৮७ शृः।

<sup>+</sup> जातिक त्रश्मा २इ छात्र ७०० थः।

<sup>प्रताबिक तहमा २त छात्र ००० तृः।</sup> 

পারি, বেমন নিগ্রো ভৃত্য কর্তৃক বৃদ্ধার হত্যা, নৌকাড়বি হইতে ডেকা-রের প্রাণরক্ষা ইত্যাদি।

এইরপ অনেক দেশী ঘটনার উল্লেখ করা যাইতে পারে। পূর্ব্বোল্লিখিত আমার বন্ধু মাথন বাবু "স্বপ্নে গুরুলাভ" শীর্ষক একটি স্থলর ম্বপ্ন লিপিবদ্ধ করিয়াছেন। কলিকাতা নিবাসী তাঁহার জনৈক সাধন-পিপাস্থ বন্ধু ও আত্মীয়ের কিরুপে খপ্লে গুরু সন্দর্শন হইয়াছিল, তাহার বৃত্তান্ত। স্বপ্নে যাহা দেখিয়াছিলেন, বহুকাল পরে তাহা ঘটিয়াছিল, শ্বপ্রদৃষ্ট সেই আশ্রম, স্বপ্নে ট্রেণ হইতে বে ষ্টেশনে অবতরণ করিয়াছিলেন, দীক্ষাকালে তথার যে যে লোক ছিল সকলই ঠিক। \* অবশ্য স্বপ্লদর্শনের পূর্ব্বে তিনি সে স্থানে কথনও ধান নাই বা সেক্সপ লোক কথনও দেখেন নাই। ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত চারুচক্র মুখোপাধ্যায় মহাশয় তাঁহার পুৰাপাদ পিতৃ-দেৰ স্থানিদ্ধ রাধিকাচরণ মুখোপাধ্যায় মহাশৱের মৃত্যু সম্বন্ধে তাঁহার ভগিনীর মৃত্যুর পূর্ব্বাভাস সম্বন্ধীয় যে হইটা স্বথ-বৃত্তান্ত অলৌকিক রহস্যে লিপিবদ্ধ করিয়াছেন, দেই ছইটীই উল্লেখ বোগ্য। † শ্রীযুক্ত বাবু চাব্লচন্দ্র মুখোপাধ্যায় আমার আত্মীয় এবং তিনি অনেকের স্থপরিচিত। অতএব স্থপের সত্যতা সম্বন্ধে ও व्यामामिरात्र পূर्विणिथिত मन्म्ह कत्रियात्र कात्रण प्रिथिना। व्यशाभक এবার ক্রম্বি সংগৃহীত ডেকারের (D' Acre) জীবনে বেরূপ ঘটিয়াছিল, বীরভূমের ভূতপূর্ব ম্যাজিষ্ট্রেট সম্প্রতি পরলোকগত 🗸 অমৃতলাল মুখোপাধ্যায় মহাশয়ের জীবনে ঠিক সেইরূপ একটি ঘটনা হইয়াছিল। যথন যিনি কলিকাতার মিউনিসিপাল ম্যাজিট্রেট ছিলেন, আমি তাঁহার নিজ মূপে ইহা শুনিয়াঝিলাম। তথন তিনি, বোধ হয় (আমার ঠিক

<sup>\*</sup> जानिक ब्रह्मा २व छात्र ७०२ शुः।

<sup>।</sup> यानीकिक ब्रह्मा ३२ छात्र ७৮१-७৯১।

এখন স্মরণে নাই) পূর্ব্ববেদ কোন স্থানে সরকারী কার্য্যে নিযুক্ত থাকেন। এক রাত্তে তাঁহার মাভা স্বপ্ন দেখিলেন যেন তাঁহার ( অমৃত বাবুর ) পিভা আসিয়া তাহার সম্বাধে এক নদীবক্ষে মহা ঝটিকায় অভিনয় চিত্র উদ্ঘাটিত করিয়া দিলেন। ঝটিকায় দারুণ প্রকোপে নদীবক্ষ বিলোড়িত হইতে লাগিল: তাহার ভৈরব ঘাত-প্রতিঘাতে জলরাশি ত্রস্ত হইয়া সৈকত ভূমিতে আশ্রম লইবার জন্ম ঝাপাইয়া পড়িতে লাগিল। নদী সন্নিহিত বুক্ষরাজি প্রনবেশে আসিয়া নদীগর্ভে পতিত হইতে লাগিল। নদী বক্ষ:-স্থিত তরণী অচিরে জলমগ্ন ছইয়া গেল। তাহার মধ্যে একটি দুশ্র অভিশন্ন মশ্বস্পর্মী। একথানি স্থুবৃহৎ ৰাষ্ঠ্য-পোত বাত্যাতাড়িত ঘূর্ণমান, ভাহার কর্ণ নদীবক্ষে ভাসমান বৃক্ষগুলো আবদ্ধ হইয়া গিয়াছে। আরোহিবর্পের সকলে জীবন-আশা পরিত্যাগ করিয়াছে। যাত্রীদিগের মধ্যে একজনকে দেখিয়া বৃদ্ধা স্তম্ভিতা হইলেন। তিনি আর কেহ নন বৃদ্ধার নয়নমণিঅমৃত বাব। তাঁহাকে তথায় দেখিবামাত্র তিনি হাহাকার করিয়া উঠিলেন। তাঁহার নিদ্রাভঙ্গ হইল। তাঁহার পরদিন অমৃত বাবু আদালত হইতে প্রত্যাগত হইয়া বলিলেন, বিশেষ কার্যাকুরোধে তাঁহাকে পর্নিন ষ্টিমার করিয়া কোনও দুরস্থানে ধাইতে হইবে অতএব সমস্ত দ্রব্য ধেন প্রস্তুত রাথা হয়। বুদ্ধা ইহা শুনিয়া অধীর হইয়া বলিলেন, "আমি যে মর্ম্মবাতী স্বপ্ন দেখি-ষাছি। তোমার এবার কিছতেই ধাওয়া হইবে না।" এই বলিয়া তাঁহার স্বপ্লবুদ্ধান্ত বলিলেন। মাতার আগ্রহাতিশব্যে তাঁহার জলপথে বাইবার কল্পনা ত্যাগ করিতে হইল। তিনি স্থলপথে যাত্রা করিলেন। তাহার পরদিন প্রবল ঝটকা উপস্থিত হইল। যে ষ্টিমারে তিনি যাত্রা করিতেন. ভাহা জলমগ্ন হইয়াছিল এবং বহু আরোহীও ভাহার সহিত জলমগ্ন হয়।

এইবার আমরা ষ্টেড্ সাহেব কৃত "রিএল গোষ্ট ষ্টোরিজ" নামক \*

<sup>\*</sup> Real Ghost Stories by Mr. W. T. Stead page 77.

পুস্তক হইতে একটা সফল স্বপ্নের বিষয় উল্লেখ করিয়া এই বিভাগ শেষ করিব।

এই বৃত্তান্তের অপ্নদুষ্টা বিলাতের একটি বৃহৎ কারথানার কর্মকার ও প্রধান মিস্ত্রী। সেই কারথানার স্রোতশ্চালিত যন্ত্র সাহাধ্যে হইত। সেই ষল্লের প্রধান চক্রধানি একটু বিশৃত্ধলীক্বত হইয়া গিয়া-ছিল। সেই প্রধান মিন্ত্রী তাহা জানিত, এবং ইহার জীর্ণ সংস্থার করিতে হইলে ইহা যে, তাহারই তত্বাবধানেই হইবে ইহাও সে জানিত। সে এক রজনীতে স্বপ্ন দেখিল বেন প্রদিন কার্থানা বন্ধ হইবামাত্র, ভাহার অধাক আদিয়া আদেশ করিলেন যে, সেই দিনেই সেই চক্রথানির সংস্থার করিতে হইবে। সেই সংস্থার ব্যাপারে কিছু জটিনতা ছিন ; অতএব ভাহাকেই ভাহা করিবার ভার প্রানত হইল। সে যেন আদেশ মত চক্র-নেমীর উপরিভাগে আরোহণ করিলে, অভি সাবধানে কার্য্য করিতে कतिरा देनववरन जाहात अन्यानिक हहेन्ना घुर्नमान घुरेथानि ठाक मर्रा জ্ঞাড়িত হইয়া গেল। বছকটে তথা হইতে তাহাকে যথন বিচ্ছিন্ন করিয়া আনা হইল, তথন সে জ্ঞানশভা। তাহার পর সে যেন কোনও বৃহৎ হাঁদ-পাতালে নীত হইল। তথায় পদচ্চেদন হইল এবং বছদিন পরে সে যেন আবোগ্য হইল , কিন্তু চির জীবনের তবে তাহার এক পদ নষ্ট হইয়া রহিল। এই হইল স্পর্ভাস্ত।

কর্মকার শব্যা হইতে গ্রাজোখান করিয়াই তাহার পত্নীকে স্বপ্নবৃত্তান্ত জ্ঞাপন করিল এবং গুইন্ধনে বামর্শ করিয়া স্থির করিল যে, সেই দিন সন্ধ্যার সময় সে কর্মস্থল হইডে কোনও ক্রমে সরিয়া পড়িবে।

সেই দিবসের কার্য্যারন্ডের পূর্ব্বেই অধ্যক্ষ আদেশ করিলেন যে, দিবাবসানে দৈনিক কার্য্যান্ডে সেই চক্রথানির জীর্ণ সংস্কার করিতে হইবে, এবং কার্য্যটি জটিল বলিয়া ভাহার ভার সে প্রধান কর্ম্মকারের উপরই ক্লপ্ত হইল। সে কিন্তু মনে মনে স্থির করিয়াছে বে সে তাহার বছপু: র্ম কার্যাস্থান হইতে অন্তর্জান হইবে।

মধ্যদিবার কার্যান্তে সে কর্মগুল হইতে সঙ্গোপনে বহির্গত হইয়! মিকটবন্তী এক বনমধ্যে লুকায়িত হইল। সে তথায় অতি সন্তৰ্পণে প্রচ্ছনভাবে অবস্থিতি করিতেছে এমন সমঃ দেখিতে পাইল বে. একটি ত্ত্ব ভি ভম্বর, তাহাদিগেরই নিমকুঠির অতি বত্নে সংস্থিত কাঠখণ্ড অপহরণ করিয়া পলাইতেছে। সে দেখিবামাত্র তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল। সেই কাঠ্ৰপত গুলি এত আবশু চু যে সে গুলির উদ্ধার করিতে বাইরা, তাহার পূর্ব্ব রাত্তের স্বপ্ন বিবরণ এবং তৎসংক্রান্ত ভাহার সঙ্কল্ল ও তদুমুদায়ী কার্য্যস্থান হইতে তাহার প্লায়ন সেই সময়ে ইহার কিছুই তাহার স্বরণে আগিল না। সে সেই তক্ষরকে লাঞ্চিত করিয়া কাষ্ঠথগুগুলি উদ্ধার করিয়া মহানন্দে তাহার পূর্ব্ব পরিত্যক্ত কার্য্যালরে একেবারে অধ্যক্ষের সম্মুখে আসিয়া উপস্থিত হইল। ঠিক সেই সমরে তথাকার দিবসের কার্যা শেষ হইরাছে মাত্র এবং কার্যাধ্যক্ষ জীর্ণ চক্র-খানির সংস্কার করিবার জ্বন্ত তখন তাহারই অবেষণ করিতে ছিলেন। এমন সময়ে সেই কর্মকার ধৃত তঙ্করের সহিত ছম্প্রাপ্য ও আবশ্রক কার্চ-থণ্ড লইয়া তাঁহার সমাপে উপস্থিত হইল। এখন ভাহার সংজ্ঞা আদিল, তাহার স্বপ্নবৃত্তান্ত ইত্যাদি স্মরণে আদিল। কিন্তু আর কোনও উপায় নাই; তাহাকে অবশ্র দেই চক্রদংকারার্থে জটিল চক্রজালের মধ্যে প্রবেশ করিতে হইল।

স্থা বিষয় স্মরণে রাখিয়া সে অতি সম্ভর্পণে কার্যা করিতে লাগিল।
কিন্তু প্রারন্ধ থণ্ডন করিবার শক্তি কাহার আছে ? তাহার পদস্থানিত
হইল এবং ঠিক সেইরূপ স্থপান্সভূতি হইয়াছিল, গুইখানি চক্রমধ্যে ভাহার চরণ আবন্ধ হইয়া পেষিত হইল। অপরাপর কর্মচারী সাহায্যে বখন

সে ভূতলে নীত হইল, তথন তাহার কোনও সংজ্ঞা নাই। সে এই অবস্থায় ব্রাডফোর্ড ইাসপাতালে (Bradford Infirmary) রক্ষিত হইল। তথায় তাহার এক পদচ্ছিয় (ampufated) করা হয়। যাহা যাহা খপ্রে স্টিত হইয়াছিল, তৎসমন্তই প্রতি বর্ণে ঘটিয়াছিল। আমরা এই উদাহরণে দেখিলাম যে বহু চেষ্টা ও খ্রপ্ন দৃষ্টান্ত অবশুভাবীকে রোধ করা গেল না। আবার কথন কখন যে ইহাকে রোধ করা যায় ভাহাও দেখিয়া আসিলাম।

কর্মফল বারিত হইতে পারে কিনা, মানবের ইচ্ছাশক্তি সাধীন বা তাহা কর্মাধীন ইত্যাদি বিষয় আমার পূর্বে আলোচনা করিয়া আসি-য়াছি তাহা দ্রষ্টব্য।\*

( ক্রমশঃ )

শ্রীকিশোরীমোহন চট্টোপাধ্যার।

# কর্মানুসারে জীবের গতি।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

( & )

সাধারণতঃ মানুষ যাহা . কিছু করে তাহা হয় সংস্কার বশে না হয় অভ্যাস বশে। সংস্কার ও অভ্যাস লইয়া মানুষের কর্মময় জীবনের অন্তিম্ব। স্থতরাং মানব জীবনে এই হুইটী জিনিষ অত্যস্ত প্ররোজনীয় চিস্তার বিষয়। যেহেতু আমাদের কর্মের উৎপাদক কারণ (Cause) ক্টাদের হুইটীর মধ্যে একটী হুইবেই।

সংস্থার ও অভ্যাসের লক্ষ্ণ, প্রকৃতি ও শক্তি সম্বন্ধে আমরা বতদূর সম্ভব সংক্ষেপে অথচ বিশদভাবে আলোচমা করিয়াছি। আমরা দেখা-ইয়াছি যে সংস্কার বা বভাব 🤅 Nature ) বা অদৃষ্ট বা দৈব বা ানমতি (Predestination ) জিনিষ্টা প্রাক্তন (Innate ) বা পূর্ব জন্মের এবং অভাগ (Habit) বা পুরুষকায় (Free-will) জিনিষ্টা ইছ জনোর। আমরা ইহাও দেখাইরাছি যে এই সংস্কার বা দৈৰ্শাধারণত: অভ্যাস পুরুষকার অপেক্ষা বলবান: কিন্তু কথন কথন এই অভ্যাসের শক্তি এত প্রবলহয় যে, সংস্থারকে পথ্যস্ত অভ্যাদের কাছে হার মানিতে হয়।

আমরা উদাহরণ দিয়া বুঝাইয়াছি যে ''ব ভাবোমৃদ্ধি বর্ততে''— মর্থাৎ স্বভাব বা দৈবই বলবান বা ''স্বভাব না যায় ম'লে''--স্বভাব কথন वालाम ना।

অ;মরা আবার ইহাও উলাহরণ দিয়া বুঝাইয়াছি বে অভ্যাস কখন কথন এত প্রবল হয় যে সংস্থারকে ছাপাইয়া উঠে বা পুরুষকারে দৈবকে নষ্ট করিতে পারে। সংস্কৃত হিতোপদেশে এই জন্ত দেখিতে পাওয়া যায়—

> উল্লোগিনং পুরুষদিংহমুপৈতি লক্ষ্মী দৈবিন দেয়মিতি কাপুরুষা বদস্তি। দৈবং নিহত্য কুকু পৌকুষমাত্মশক্তা। যত্তে ক্ৰতে যদি ন সিধ্যতি কোহতাদোৰঃ॥

অর্থাৎ উল্মোগী পুরুষই ভাগ্যবান হয়, এবং কাপুরুষেরাই কেবল বলে নরাতে থাকে ভাগ্য ফিরিবে ; দৈবকে নষ্ট করিয়া আপন শক্তি প্রকাশ কর, যত্ন করিলেও যদি কার্য্য সিদ্ধি না হয়, তবে তাহাতে দোষ কি ?

আমরা কর্ম্বের বে হুইটা বিভাগ সংস্কার ও অভ্যাস অনুসারে করিয়াছি उद्योहे (नवीजानवट जिन अकात विना डेक बहेबाइ वबा,: (>) मिकठ

(২)বর্ত্তমান ও (৩) প্রান্তক এবং ইহার প্রত্যেকর আকার তিন তিন প্রকার ষধা,—সান্তিক, রাজ্ঞসিক এবং ডামসিক।

দেবীভাগবতের তিন প্রকার কর্মের কথা আমরা ১৩১৯ দালের চৈত্র সংখ্যার সরলভাবে বুঝাইয়াছি, স্থতরাং তাহার পুনক্তি নিস্প্রয়োজন।

তথ্য আমরা একটা নৃতন প্রসঙ্গ আলোচনা করিব। আমরা এখন দেখিব কর্মান্ত্রসারে পরলোকে জীবের কিরূপ গতি হয়। এই পরলোক-ভক্ত আলোচনার সময় আমরা প্রথম মহর্ষি ব্যাস-প্রণীত ও মহাত্মা শঙ্করা-চার্য্য টীকা উদ্ভাসিত বেদাস্ত মত গ্রহণ করিয়। জটিল কর্ম্মরহস্ত ব্রিতে চেষ্টা করিব।

কানাদের এইটুকু শ্বরণ রাখিতে ইইবে যে, বেদ •ইতে বেদান্তে প্রবেশ, সুল হইতে সংশ্বে, স্থ্র লইতে ক্রমে স্থ্রতমে হইয়াছে। বৈদিক পরলোকতত্ব হইতে আমরা বৈদান্তিক পরলোকতত্বে, সুল হইতে সংশ্বের বিকাশ দেখিতে পাইব।

বৈদিক সময়ে শব অগ্নিতে দগ্ধ করা সাধারণ নিয়ম ছিল, কিন্তু কদাহিৎ মৃদ্ধিকায়ও মৃতদেহ প্রোথিত করা হইত। উভয় স্থলেই মৃত-দেহের উপর আগ্নীয় স্কলের ভালবাসা জানাইবার জক্ত অগ্নি ও পৃথিবীর নিকট প্রার্থনা দেখিতে পাওয়া যার। যাহাতে শবের ক্লেশ না হয় তজ্জন্তই এই প্রার্থনা।

আবার অগ্নি যথন মৃতদেহকে দগ্ধ করে, তথন কোন কোন অঙ্গ বাহিত্রে পড়িয়া রহে। হথন পরলোকে অগ্নি দেহের সকল অঙ্গ পুনরায় সংযোজিত করিবেন, তথম পাছে অদগ্ধ অঙ্গটী অগ্নিদেব সংযোজিত না করেন, তজ্জ্ঞ অগ্নিদেবের নিকট ব্যাকুল প্রার্থনা দেখিতে পাওয়া যায়।

বৈদিক যুগের এইরূপ বিশ্বাস ছিল যে মৃত থাক্তি পরলোকে যাইয়া পদ্ধী পুত্র প্রভৃতির সহিত মিলিত হইয়া পৃথিবীর ভোগের ভায় ভোগে রভ

হন। কেবল পরিবার বর্গের মিলনের কথা নহে, গৃহ পালিত পশুরাও পরলোক যাইয়া মৃতব্যক্তির সহিত মিলিত হয়। স্থতরাং বৈদিক সময়ে ইহলোক ও পরলোকের মধ্যে কোন বিশেষ প্রভেদ দেখিতে পাওয়া যায় না।

বৈদান্তিক যুগে স্থূল ছাড়িয়া সংশার কথা দেখিতে পাওয়া যায়। সেই জন্ম বেদান্তে জ্ঞানামূক্ষপ দেহপ্রাপ্ত, কামনামূক্ষপ লোকপ্রাপ্তি, দেখিতে পাওয়া যায়। পিতৃলোকে স্বাপ্লিক শরীর গন্ধকলোকে কৃত্র শরীর, পর-শাস্থায় জীবের চিন্ময় শরীর, ত্রন্ধলোকে ছায়া ও জ্যোতির স্থায় উহার স্থিতি বেদান্তে বর্ণিত হইয়াছে।

বৈদিক সময়ে এইরূপ বিশ্বাস ছিল যে মৃতব্যক্তি লোক লোকান্তরে ভ্রমণ করে। এই সকল লোক-লোকান্তর পৃথিবীর মত পৃথিবীলোক নহে। স্থতরাং বৈদিক অমুষ্ঠানে মমুষ্যলোক হইতে মমুষ্যের গোকাস্তরে পুনরাবৃত্তি হয়, বেদাস্ত এইরূপ সিদ্ধান্ত করিয়াছেন।

কেহ কেহ মনে করেন, বেদাস্ত যে পুনরাবৃত্তি ধর্ণনা করিয়াছেন ভাতা এই পৃথিবীতে পুনরাবৃত্তি বাতীত আর কিছু নহে।

ব্রাক্ষণ-বিভাগে বহুলোকের বর্ণনা আছে। এই সকল লোক সুর্য্যের নিমে অবন্থিত এবং পৃথিবীর স্থায় মহুষ্যলোক। সুর্য্যের উদয়ান্ত পৃথিবীর शाप्त थे नकन लाटक निष्ठमिछ नमस्य इटेस्डिइ। এक्स थे नकन লোকের অধিবাসিগণ একস্থানে স্থির থাকিতে পারে না. এক লোক হইতে ভাহাদিগকে অস্ত লোকে বাইতে হয়। কারণ, দিন রাত্রি কাটি-লেই ঐ সকল নষ্ট হয়, স্মৃতরাং তাহাদের অধিবাদিগণ এক অবস্থায় ধাকিতে সমর্থ নয়।

ব্রাহ্মণ বিভাগের এই বিশ্বাস বেদান্ত যে গ্রহণ করিয়াছেন, ছান্দোগ্য ম্পষ্ট বাক্যে তাহা দেখাইয়া দিয়াছেন বৃহদারণ।কণ্ড ঐ কথা বলিয়াছেন †। "সে শোক হইতে কর্ম করিবার জন্ত জীব এ লোকে জ্বাসে—"এখান-কার "এ লোক" বে পৃথিবীলোক, মুম্যুলোক, তাহা স্বরং বৃহদারণ্যকই, "আকাশ হইতে বায়ু, বায়ু হইতে পৃথিবী", এই কথা বলিয়া কিছুমাত্র সন্দেহ রাথেন নাই।

বৈদিক ক্রিয়াকলাপ যাহায়া অমুষ্ঠান করে, পুষ্করিণী খনন ও অতিথি-শালা স্থাপন প্রভৃতি পুণ্যকার্য্য যাহারা করে, তাহাদের লোকান্তরে ভ্রমণ হয়, ব্রহ্মলোকে গমনপূর্ব্ধক চিরদিনের জন্ম সেধানে বাস হয় না, বেদান্ত এই কথা বলিয়া বেদের অবমাননা করেন নাই। বেদান্ত সিদ্ধ উপাসনা অবলম্বন করিয়া যে গতি হয়, দে গতিতে আর পুনরাবর্ত্তন হয় না, দিব্য লোকে নিত্যকাল বাস হয়।

এখন বৈদান্তিক পরলোকতত্ত্বের আলোচনা করিতে হইলে এই মুখ্য অপুনরাবর্ত্তনী গভিরই উল্লেখ প্রয়োজন।

অপ্নরাবর্ত্তনী গতি হই প্রকার। প্রথমটীতে যদিও পৃথিবীলোকে প্রন্ধাগমন হয় না, তথাপি ইচ্ছামত বিবিধ দিবালোকে ভ্রমণ হইয়া থাকে। এই প্রকার গতিতে সেই দেই দিবালোকের ঐশ্ব্য সন্তোগ হহয়া থাকে। যাহারা গৃহস্থ হইয়া গৃহীর ধর্ম আচরণ করেন, সত্যপালন ও ব্রন্ধচ্যারকা করেন, তাঁহারাই এইরপ স্বেচ্ছামত দিবালোক সমূহে ভ্রমণ করিতে অধিকারী হন। তাঁহাদিগের মধ্যে কেবল যাঁহারা ছলনা কণ্টতা আচরণ না করেন, তাঁহাকেই অপুনরাবর্ত্তী হইয়া ব্রন্ধলোকে স্থিতি করেন। কারণ, সত্যক্ষরপ, সত্যের পরম নিধান বিনি, তাঁহাকে পাইবার ক্রন্ত এক সত্যই উপায়। সত্যের ছারা সমস্ত ক্রম করিয়া জীবের দেবভাব প্রাপ্তি হয়। রসম্বর্জপ পরব্রশ্বে স্থিতিতে জীরের সর্ব্বন্ধণ ও ভর দূর হইয়া থাকে। এ অবস্থার সাধক অন্থমাত্রও বিচ্ছেদ সন্থ করিতে পারে না। শ্রীচৈতন্ত রসম্বর্জপ পরব্রন্ধের উপাসক ছিলেন। রসম্বর্জপ উপাস্ত দেবতার

সহ ক্লণমাত্র বিচ্ছেদে চৈতভাদেবের যে কি দশা হইত, তাহ। তাঁহার জীবন-বতাস্ত পড়িলেই জানা যায় এবং রদশ্বরূপ পরব্রন্ধের উপাদনার বিশেষত্ব এই যে ইহাতে সমগ্র জীব ও সমগ্র জগতের সহিত একাত্মতা উপস্থিত হয়। এই একাত্মতায় পরত্রন্ধে নিত্য আনন্দ সম্ভোগ করিয়া সাধক কতার্থ হন।

বেদান্ত অনন্ত জীবন প্রতিপন্ন করিয়াঝেন। ওঙ্কারাবলয়নে আকাশ-শ্বরূপ পরত্রন্মের উপাসনায় পর পর উৎকৃষ্ট জ্বীবনলাভ হয়, ইহাই বেদা-ন্তের প্রতিপান্ত। বেদান্ত আরও দেখাইয়াছেন বে, ক্ষদ্র জীবের ক্রমো-ব্লতিগতিতে অনস্তত্ব প্রপ্তি সম্ভব।

শোভাদাতা ও সর্বাপ্রকাশক বলিয়া পরব্রন্ধের উপাসনা করিলে. শোভা ও দীপ্তি প্রাপ্তি ঘটিয়া থাকে এবং জীবনান্তে জ্যোতির্দায় পুরুষ দেবপণে बन्नभएथ উপাদককে बन्नमिन्नधान गरेश यान এবং জীবকে আর মনুযালোকে ফিরিয়া আসিতে হয় না। াই দেবপথে ক্রমে যে প্রকারে আবোহণ হয়, বেদান্ত তাহা বর্ণনা করিয়াছেন।

(ক্রমশঃ)

🕮 অখিনীকুমার চক্রবর্তী, বি, এ, বি, এল ।

# ভূতযোনি।

ভূত দেখিব বলিয়া অনেক দিন মনের একটা সাধ ছিল। ভূতের কাহিনী অনেক পড়িয়ছি, অনেক শুনিয়ছি' কিন্তু কথনও প্রভাক করার শ্ববিধা হইরা'উঠে নাই। আজ চারি মাস হইতে গৌহাটী সহকরের অপর পারে প্রায় ১৪ মাইল দ্রে ব্রহ্মপুত্র নদের তীরস্থিত সোয়ানক্চি গ্রামে একটা ভূত প্রতি রাত্রে লোকের সহিত কথা বলে এবং সময় সময় লোকের উপর দৌরাস্মা করে. এরূপ শুনিয়া আসিতেছি। প্রতি রাত্রে শত শত লোক গিয়া প্রত্যক্ষ করিতেছে। সহরের এত নিকটে হইলেও, এত দিন তথায় যাওয়ার আকাক্রা হয় নাই। সোয়ানক্চি গ্রাম-নিবাসী প্রাচীন উকিল প্রায়ুক্ত সোনারাম দাস নিজে এক রাত্রে ভূতের কাপ্ত কার্থানা প্রতাক্ষ করিয়াছিলেন, তাঁহার নিকট বৃত্তান্ত শুনিয়া, আমারও যাইবার জনা উৎকণ্ঠা জন্মে।

বিগত ২৬শে পৌষ অপরাত্র বেলা ৩ ঘটিকার সময় আমি ও আমার কনিষ্ঠ তৃতীয় সহোদর শ্রীমান্ বরদাচরণ দেন উভয়ে নৌকাপথে রওনা হইলাম। সন্ধ্যার একটু পরে ৬ ঘটকার সময় ঐ গ্রামে পৌছিয়া আমরা রাত্রে যে স্থানে অবস্থান করিব, তথায় বিছানা আদি রাথিয়া একটু বিশ্রাম করিয়া ঐ স্থানের উদ্দেশ্যে চলিলাম। আমাদের বাসা হইতে ঐ স্থান প্রায় ১॥ মাইল ব্যবধান হইবে। পথে আমাদের সঙ্গেপ্রায় ১৫৷১৬ জন লোক জুটল এবং নানা লোকের নিকট নানাপ্রকার কথা শুনিতে লাগিলাম। কেহ বলিল, আজ কাল ভৃত প্রতিদিন র আসে না, কথন আস্বে, তাহার স্থিরতা নাই। কেহ বলিল, এখন ভৃত মোটেই আসে না, ভৃতের কার্যকেলাপ সমস্ত

পামিয়া গিয়াছে। যধন রাত্তে এত দূর কট স্বীকার করিয়া আসিয়াছি, তথন ঐ স্থানটা না দেখিয়া ফিরা হইবে না. এরপ সম্বন্ধ করিয়া ক্রমে অগ্রসর হইতে লাগিলাম। রাত্তি প্রায় ৭॥ ঘটিকার সময় ঐ স্থানে পৌছি-লাম। সেখানে গিলা দেখিলাম, রহমতী নামী একটী স্ত্রীলোক একথানি कुँए चरत जारांत्र मस्रानांनि गरेशा वाम कतिर ङ छ। रम चरतत मध्या वस করিয়া ঘরের মধ্যে অগ্নি জালিয়া রন্ধনকার্য্যে ব্যাপুত আছে। বেড়ার कां क नित्रा. परत्रत्र मर्था कि श्रेटिक्ट अत्मक हो राश यात्र । अनिनाम, ভূত আসিয়া নাকি উহাকে সম্বোধন করিয়া নানা কথা বলে। রহমতীকে ুআমরা ডাকিয়া জিজ্ঞাসা করায় দেও অনে 🕏 কথা বলিল ; পূর্বে গৌহাটীর যে সকল কথা শুনিয়াছিলাম, তাহার অনেক কথাই সত্য বলিয়া ব্যক্ত করিল। আজ ভূত আসিবে কি না জিজ্ঞাদা করায় বৃহমতী বলিল, পূর্ব্বে প্রতি রাত্তে আসিত, কথনও ২া০ বারও আসিত এবং সময় সময় দিনেও আসিত; কিন্তু এক্ষণে আর পূর্ব্বের ন্যায় আসে না; ভবে যে দিন আদিবে না, তৎপূর্ম দিন বলিয়া যায়। গত রাত্তিতে প্রায় ৯ ঘটিকার সময় আসিয়াছিল। আজ আসিবে না, এরপ বলে নাই; কাজেই আজ আদিবার সম্ভাবনা আছে। রহমতীর মরের পার্যস্থিত একটা অপ্রশস্ত গ্রামিক পথের পূর্ব্ব দিকে বলো নামক এক ব্যক্তির বাড়ীর উঠানে আমরা সকলে সময়ের প্রতীক্ষা করিতেছি। লোক ্পায় বিশ জন, রাত্রি জ্যোৎসাময়ী; সকলেই উৎক্তিত মনে প্রতীকা করিভেছি। অনেককণ অপেক। করার পর রাত্রি যখন ৮ টা ২০ মিনিট, ঠিক সেই সময়ে পশ্চিম দিকৃ হইতে গৰুর বাছুরের শব্দের ভার ''বাা'' এইরপ একটী ক্ষাণ ধ্ব নি আমাদের কর্ণগোচর হইল। ক্রমে ঐ ধ্বনি অ্থানর হইয়া রহমতার ঘরের অন্নুমান ১০ হাত ব্যবধানে দক্ষিণপশ্চিম কোণে রাতিবভী নামা আর একটা স্ত্রীলোকের মরের পশ্চাতে পামিল।

একটু পরে ঐ স্থান হইতে আর একটা ঐরপ "বাা" শব্দ হইল। আমরা বলো নামক বে ব্যক্তির উঠানে ছিলাম, সে বলিল—এই আদিয়াছে, আপনারা কেই কথা বলিবেন না। প্রায় ২ মিনিট আর কোন সাড়া শব্দ নাই। তৎপরে ঘণ্টাধ্বনির ভার একটা বিকট শব্দ হইল, প্রায় ২ মিনিট এইরূপ শব্দ হইতে থাকে। বলো বলিল—উলুলু দিতেছে। ঐ শব্দ থামিয়া গেল; আর কিছুক্ষণ নীরব। পরে ভানিলাম ঐ স্থানে বেই ২টা বিড়াল বগড়া করিতেছে। প্রায় ২ মিনিট পরে এই শব্দ থামিয়া গেল। ইহার পরে রহমতীকে সংখাধন করিয়া কথা বলিতে লাগিল। কথাগুলি সমস্ত আসামীয়া ভাষার; পাঠকগণের স্ক্রিধার জন্ত বাল্যালাতে কথাগুলি অবিকল দেওয়া ইইল।

বিড়ালের ঝগড়ার শব্দ থানার প্রায় এক মিনিট পরে এইরূপ শব্দ হইতে লাগিল।

''লহমতী, লহমতী, লহমতী, লহমতী।'' চা'র বার ডাকার পর ঘরের্থ ভিতর হইতে রহমতী উত্তর দিল—''কি হইয়াছে ?''

অদৃখ্য বাণী "আমি আৰু বলোর একটা হাঁড়ি ভাঞ্চিয়াছি, ভূমি জানী। বলো নিকটেই ছিল, আমার কি করিল ্—-----

এই কথার পর আবাধ মিনিট নারব নিস্তব্ধ। তার পর আবার অদৃশ্র বাণী বলিতে লাগিল।

আমি সেদিন বাদ্য বাজাইয়াছিলাম তুমি শুনিয়াছিলে কি ? রহমতী গালাগালি দিয়া ৰলিল,—"তুমি বড় বাজাইয়াছিলে।" ইহার পর আর কিছুক্ষণ থাকিয়া অদুশু বাণী আবার বলিল—

"আমি আজ চেনেহীর কাপড় টানিব মনে করিরাছিলাম, তাহাকে না , পাইয়া রাতিবড়ীর আঁচল ধরিরা টানিয়াছি।

রাতিবড়ী ঘর হইতে বলিল,—"আমি সন্ধার সমন্ত চেনেহীর বাড়ী

গিরাছিলাম, আঁচলটা ভারি ভারি একটু টানমত বোধ হওরার, কিসের টান ব্ঝিতে পারিলাম না; মনে করিলাম ধে, কাপড়টা কোন স্থানে লাগিরাছিল।" চেনেহা একটা স্ত্রীলোক, রাতিবড়ীর বাটীর লাগ দক্ষিণে বাস করে।

ইহার পরে আবার ধ্বনি হুইল---

"আমি একটী স্ত্রীলোককে থাব মনে করিয়াছিলাম, হইয়া উঠিল না।" রহম্ভী জিজ্ঞাদা ক'বিল,—"কাহাকে থাবে মনে করিয়াছিলে?" কিন্তু অদুশু বাণী মার কোন ইত্তর দিল না।

♦ আবার কিছুক্ষণ থামিয়া অদৃশ্য বাণী বলিল,—"আমি অমুকের
(নামট এখন আমার মনে নাই) বাড়ী ঘাইতেছি; তোমরা আইস।"
ইহার পর নিস্তব্ধ হইল। আমরা প্রায় ১৫ মিনিট অপেক্ষা করিলাম,
কিন্তু মার কোনরূপ ধ্বনি হইল না বলোকে জিজ্ঞানা করায় সে
বিলিল,—"ঐ দিন দিনের বেলা একটা হাঁড়িতে ধান সিদ্ধ হইতেছিল; সে
নিকটে বসিয়াছিল; উপরে সিকায় একটা কি টানান ছিল, হঠাৎ তাহা
হাঁড়ের উপর পড়িয়া হাঁড়িটা ভাজিয়া গেল।"

আমরা বলো ও বলোর পুত্র ও রহমতীর নিকট ভূতযোনির পুর্বেকি কার কার্য্যকলাপ অনেক শুনিলাম। নিমে তাহার কয়েকটি প্রদন্ত হটন।

(২) করেক দিন পূর্ব্বে রাভিবজী একনিন সন্ধার সমগ্ন একটি মাটির প্রদাপ আলাইয়া লওয়ার জন্ত বলোর বাজ়া আসিতেছিল, রাভি-বজ়ীর হাত হইতে কে যেন প্রদীপটা ছিনাইয়া লইল। কোন লোক দেখিতে পাইল না, অথচ প্রদাপটা হাতে নাই। বলোর বাজ়ী হইতে রাভিবজীর বাজ়ী অনুমান ৪।৫ হাত প্রস্থ একটি রাস্তা মাত্র ব্যবধান ঐ দিন রাত্রিতে অদৃশ্র বাণী রহমতীকে সম্বোধন করিয়া বলে,—"আক

আমি রাভিবড়ীর হাত হইতে প্রদীপটা ছিনাইয়া লইয়াছি, তুমি জান ?"
"আমি অমুক স্থানে রাধিয়াছি, সেধানে গেলে পাইবে।" তৎপরে
ক্ষেক জন লোক ঐ:স্থানে গিয়া তলাস করিয়া প্রদীপটা পাইল না।
সেই রাত্রে আবার ধ্বনি বলিল—-"আমি প্রদীপটা দিয়া যাইব।"

পর দিন প্রত্যুষে প্রদীপটা রাতিবড়ীর ঘরের আফিনার পাওয়া বায়।

(২) রাতিবড়ীর ১৪।১৫ বয়স্ক একটি ছেলে "পরশু"কে একদিন সন্ধার সময় ঠেলা দিয়া ফেলিয়া দিয়াছিল। ছোকরাটা আমার নিকট বলিল যে, "আমার এইরূপ বোধ হইরাছিল, যেন আমার পিঠে কেহ ধারা দিল, আমি পড়িয়া গেলাম। পরে আমাকে অন্ত লোকে ধরিয়া তুলিল। মাটিতে ঘ্যা লাগিয়া আমার চিবুকে ঘা লাগে।"

ঐ রাত্রে অদৃশ্র বাণী রহমতীকে সম্বোধন করিয়া বলে—''আমি আজ পরশুকে ফেলিয়া দিয়াছি, তুমি জান ?''

(৩) আর এক দিন যে স্থান ইইতে ধ্বনি ইইতেছিল, সেখানে ৪।৫ জন লোক তাড়াইয়া গিয়াছিল এবং ইতন্তভঃ দা ঘুরাইতে থাকে, কিজ কিছুই দৃষ্টিগোচর হয় না। পরে ধরের চালের উপর ইইতে শব্দ ইইতে লাগিল—"লহমতী, লহমতী, আমাকে কুঠারখানা দেও, আমি ইহাদিগকে কাটি।" কিছুক্দণ পরে ধ্বনি থামিয়া গেল।

হাজো থানার প্রালস কর্মচারিগণ আসিয়া এইরপ কাণ্ড প্রত্যক্ষ করিয়া বন্দুক আওয়াজ করিয়াছিল, কিন্তু তাথাতে কোন ফল হয় নাই। পর দিন রহমতীকে সংখাধন করিয়া ধ্বনি হয়—

"কাল বন্দুক দিয়া আমার কি করিল?" এইরূপ প্রায় এ:তিরাতেই নানাপ্রকার কাণ্ড হইতেছে। ধ্বনি ৰখন প্ৰথম আরম্ভ হয়, তখন ভাল বুঝিতে পারা যায় না। ক্রমে স্পষ্ট হইতে থাকে।

পর দিন সকাল বেলা আমরা, ঐ স্থানটা কিরুপ, দেখিবার জন্ত তথার বাই। যে স্থান হইতে পূর্ব্ধ রাত্রে ধ্বনি হইয়াছিল, সে স্থানে কোন বৃক্ষাদি নাই। ৮।১০ হাত দূরে একটা লেবুর গাছ আছে। সমস্ত স্থান ব্রিয়া ফিরিয়া দেখিলাম। রহমতা স্বরের বাহিরে আছে, দেখিলাম। উহার বয়স ৩০।৩৫ বংসর হইবে, শ্যাম বর্ণ, চেহারা মোটেই স্থানী নহে। উহার স্থামী আছে। তাহারা সকলে অত্যস্ত ভাত হইয়াছে, অন্যত্র উঠিয়া যাইবার উল্লোগ করিতেছে। আমাকে রহমতী বলিল—''বাবু সরকার হইতে কোন উপায় করিয়া এটাকে তাড়ান যায় না কি ?'' আমি বলিলাম,—"সরকার ইহার কি করিবেন ?''

আমি নিজে যাহা প্রত্যক্ষ করিয়াছি ও বিশ্বস্ত লোকের নিকট শুনিয়াছি, তাহা যথায়থ রূপে বর্ণনা করিলাম।

শ্ৰীকালীচরণ সেন বি, এল,

# গোপেশ্বরের চাকুরী।

বছবিধ ঘটকের সমাগম এবং সত্য মিথা। অতিরঞ্জনামিশ্রিত
আন্দাজ লক্ষ্য বাক্যবায়ে একটা স্থত্তী পাঞ্জীর নির্মাচন ও উভর পক্ষের
দেনা পাওনা ইত্যাদি অত্যাবশুক ও অনাবশ্রক বিষয়গুলির যথাসম্ভব
স্থিরীকরণ হইলে, ধার্য হইল যে, ক্ষীরোদ বাবু এথনি ছুটা লইরাই আগামা
আবাঢ় মাসে আশীর্মাদাদি ও শুভ লগ্নে ননীগোপালের বিবাহ দিবেন।

গোপেশ্বর তথনো অস্থির; তাহার জিদে ও উত্তেজনার ক্ষীরোদ বাবু তৎক্ষণাৎ চু<sup>নী</sup>র দরধাস্ত পেশ করিলেন।

উদ্যোগণর্ক সমাপ্ত হইলে গোপেশ্বর কথঞিং প্রফুল হইল, কিন্তু পরক্ষণেই বর্ধার মেঘভার খেরা অশ্বারময় আকাশের মত আবার শুকু গন্তীর ও তমসাচ্ছ্র।

কি বেন একটা স্থনির্দেশ্য মাজে বন্ধা বুলের ভিতর কি একটা গুরু গুরু প্রদান, কথনো একটা জ্বোর কার স্বায় স্থান কথনো স্থানর মধ্যে শৃত্য অ্বকৃশতা, অকিপল্লব আর্ম্র'; কথনো উন্মানের স্থায় গুন হইয়া নির্জনে বিদিয়া থাকিত, কথনো দ্রাগত একটা কাল-নিক ক্রন্দানেক শিহরিয়া উঠিত, ভর হইগ — স্বাপরং বা কিং ভবিষ্যতি। আবার বুঝি কি একটা স্বার্থ ঘটে!

কিন্ত ব্রিতে পারিল না--আবার কি ঘটবে ? যে সর্বস্বাস্ত, যার সর্ব্বস্ব গিয়াছে –মাঝ দরিয়ায় ভরাড়ুবি হইয়াছে—তার আরে কি বিপদ ঘটতে পারে ?

শক। জাগিল –বুঝি বা কীরোদ বাবুরই কিছু অনর্থ হয়। নিজে গুরদৃষ্ট, তাই ভাবিল —বুঝি বা তাহারই সংস্পর্ণে কোন বিপদ ঘটে। সেই জন্ম সে তাড়াতাড়ি ননীর বিবাহ দিয়া আশ্রেদাতার সংশ্রব হইতে চিরবিচ্ছির হইবার নিমিত্ত ফ্রত প্রস্তুত হইতে লাগিল।

প্রতাবে উঠিয়া দেখিল, ক্লীরোদ বাবু বহির্বাটীতে বসিয়া নিজ মনে
ধুমপান করিতেছেন। ক্ষীরোদ বাবু সোপেররকে দেখিয়া অপর দিকে
মুখ ফিরাইলেন। অপরাধা বেমন আপন। হইতে সঙ্কৃতিত হইয়া পড়ে
তেমনি সঙ্কোচে ক্ষীরোদ বাবু গোপেখরের নিকট হইতে যেন নিজেকে
দ্রে রাধিকার জন্ম ব্যস্ত।

তাঁহার এই আকস্মিক ও অভূতপূর্ব ভাবান্তর ও সঙ্গোচভাব গোপেশ্বরের চক্ষু এড়াইল না, প্রথমে ঈষৎ ব্যথিত হইরাই চিন্তিত হইল— ইহার কারণ কি ?

कौरबाप वाव्रक किছू ना विषयाहे रत धीरत धीरत विधूम्थीत निक्ष পমন করিল। আশা, হয়ত তাঁগের নিকট হইতে এ বিষয়ের কিছু রহস্ত ভেদ হইতে পারে।

বিধুমুখী দূর হইতে গোপেশ্বরকে দেখিয়াই তাড়াতাড়ি গৃতে প্রবেশ করিলেন। গোপেশ্বর লক্ষা করিল যে, তাঁহারও মুথে বিশেষ ভাবাস্তর।

সর্বাধ গিয়াও ধাগদের আশ্রয় করিয়া সে এতদিন ধরণীবকে দাঁড়া-ইয়া আছে, যাখাদের আদর যত্ন সহাত্মভৃতি ও সমবেদনায় তার মর্শ্বান্তিক ছঃখের যথোচিত উপশ্ন হইয়াছে, তাঁহাদের এই অভাবনীয় ভাবাস্তরে সে প্রাণে দারুণ আঘাত পাইল ; হৃদয়-তন্ত্রীর প্রত্যেক তার ধেন মুচড়াইয়া ছি জৈতে লাগিল; তবে কি সে নিজে কোন অপরাধে অপরাধী ?ু অজ্ঞাতভাবে কি তাঁহাদের ক্লেশদায়ক হটয়াছে ৫ কৈ, তা ত মনে পড়ে না ? বেশ ক রয়া সে তার গত হুই তিন দিবসের খুঁটিনাটি কার্যাগুলিও পুঙ্খাতুপুঙ্খরূপে আলোচনা করিয়া দেখিল—যথা পূর্বান্ তথা পরস্ব ; কই, কোন নৃত্নত্ব বা বৈলক্ষণ্য ত নাই ? তবে এরূপ কেন ?

তবে স্বামি-স্ত্রীতে রাজে কোন কলহ হইয়াছে ?--কিন্তু তাহারই বা কারণ কি প এখন ত আর যৌগনের উন্মানোচ্ছান নাই. এ প্রৌচ দম্পতীর এতটা মনাস্তবের ঞ্চক্ষতর কারণ কি হইতে পারে ?

क्रेयर मैं। ज़ारेबा जाविन 🗝 पूरविह ना पूर्व जाहि ! मत्नु १- रानाव व्यक्षिकक्षन व्यक्ति थोका व्यवित्यत्र छ।वित्रो, विधुम्थोत शृहशार्ख नै। ज़ारेब्रा ডাকিল 'মা গ"

विधूम्थी अनमण (यन अनिष्ठ भान नाहे, बहेन्नभ अञ्चनक जात जात

দেখাইলেন, কিন্তু গোপেখরের আগ্রহাতিশয্যে স্থির থাকিতে পারি-লেন না।

গোণেখর দেখিল—বেন অনিজা ও ছশ্চিস্তার চিহ্ন মুখে সুস্পাইরূপে দেদীপ্যমান, অভাধিক কালিমাগ্রস্ত।

কোনরপ ভূমিকা না করিয়াই গোপেশ্বর জিজ্ঞাসা করিল—"মা, ভোমাদের ব্যাপারধানা কি ? আজ সকালে দেখ্ছি, বাবুরও মুথ ভার, ভূমিও বিষয়; কি হইয়াছে বল দেখি ?

বিধুমুখী একটু ইতস্ততঃ করিয়া বলিলেন যে "বাবা, গত রাত্রে একটা ছঃস্বন্ন দেখিয়া মনটা অভ্যস্ত কাতর আছে; নারায়ণ করুন—যেন আমার ননীর কোন অমঙ্গল না হয়। কিন্তু স্থপ্নটা এত ভীষণ যে, এখনো শরীরে কাঁটা দিয়ে উঠছে, কিছুতে স্থির হ'তে পার্ছি না।"

গোপেখরের দীর্ঘ দেহ কাঁপিয়া উঠিল—দেওয়ালে হস্ত রক্ষা করিয়া দেহের ভার সামলাইল। ভাবিল—ভগবান্ এ কি ? এ কিরুপ ভোমার খেলা! শেষে কি বৃদ্ধ বয়সে আমাকে ও এই নিরীহ দম্পতীকে এইরূপ করিয়া কাঁদাইবে ? আর কোন কথা না কহিয়া, বাহিরে আদিয়া কাঁরোদ বাবুকে ধরিয়া বসিল।

ক্ষীরোদ বাবু একটু আমতা আমতা করিয়া বলিলেন বে, গত রাত্রে ননীর সম্বন্ধে একটা হঃম্প্র দেখিয়া মনটা অত্যন্ত উদ্বিগ্ন আছে; তবে বিশ্বমুখী ইচা জানিতে পারিলে, অত্যন্ত কাতর হইবে ব্রিগ্না, আড়ালে আসিয়া মনটাকে স্বস্থির করিবার চেপ্তায় আছি।

বিধুমুখী কিন্তু আড়াল হইতে সমস্ত শুনিরাই ছুটিরা আদিরা ধরিলেন বে, বেরপে হউক, শীঘ্রই চুঁচুড়া হইতে ননীর সংবাদ আনা হউক।

একটা বিশ্বৃতপ্রায় বৌবনকথা সকলের মনে জাগিল—প্রথম বেবনে স্বামী স্ত্রী উভয়ে একরাজে একই বিষয়ক স্বপ্ন দেখিয়াছিলেন। म अथकाहिनी कीरतामवावृदक काँगी कार्ष इटेटल तका कतित्र। वर्त्व বর্ণে ফলিয়া গিরাছিল-এবারেও বদি দেইরূপে ফলিয়া যায়, ভাহা হইলে ত সর্বনাশ।

তবে সেথার ভগবানের ক্বপার বহু কটে শেষ রক্ষা হইয়া মধুরেণ সমাপরেৎ হইয়াছিল; তাই সকলের মনে এবারও বিপন্নক্তির একটা ক্ষীণ আশা জাগিল। সকলে প্রার্থনা করিল বে. নারায়ণ সেবারের ক্রা<del>য়</del> এবারেও যেন মুখরকা করেন।

তথনো টেলিগ্রাফের লোহ-তার ভারতবর্ষের সর্বত্ত ছাইয়া কেলে নাই। স্বতরাং ইচ্ছা থাকিলেও দ্রুত সংবাদ আনমনের কোন সম্ভাবনাই ছিল না।

গোপেশ্বর আখাদ দিয়া বলিল যে, ভয় নাই; দে ষেরপেই হউক, রাত্রের মধ্যেই চুঁচুড়া হইতে সংবাদ আনিয়া দিবে।

তাডাভাডি একখানা ত্রিশ বোটে ছিপ ও বাছাই দাঁড়ী সংগ্রহ করিয়া বেলা আটটার মধে।ই রওনা হইল।

তথন নৃতন বৰ্গা নামিয়াছে; শীৰ্ণ নদীবক্ষগুলি যৌবনসমাগমে উচ্ছু-সিত, বেগমন্ত্রী জলম্রোত আপন গরবে ফুলিয়া উঠিয়া অনস্ত উর্দ্বিমালার উচ্ছাস বুকে লইয়া আবিরাম গভিতে ছুটিয়াছে—অসীম আকাশভরা অনস্ত আকারের বছরূপী মেবরাজির থেলা-কুলের উভয় পার্যে শ্রামল বিটপি-লতার শ্রেণী, কোথাও বা বিস্তৃত প্রাস্তরব্যাপী হরিদর্গের কোমল শস্তশীর্ধের উপর দিয়া উন্মুক্ত উদার শীতল পবনের হিল্লোল। ছিপ এই সকল মোহন দুখ্যের মধ্য দিয়া উচ্ছে দিভ জলরাশি কাটাইয়া ভর ভর বেগে ছুটিয়া চলিতেছে। গোপেশ্বর সম্পূর্ণরূপে অন্তমনম্ব — তাহার মানস-পক্ষীও বেন এই ছিপের মত, আকুল ক্ষেঠ। হাওয়ার মত, বিমানচারী জলদরাশির মত উধাও হইয়া চলিয়াছে।

কোপাও গ্রামপার্থে নদীতটে বালক-বালিকারা বাঁপের ভেলার ভাসিরা পাণ পুলিরা গান ধরিরাছে বা উচ্চকঠে কলোল করিতেছে—পল্লীরমনীধা স্থান করিতেছে কলস ভরিরা জল তুলিতেছে—গল্লগুজব ও পরচর্চ্চ'র পিতৃপ্রাদ্ধ ক'রতেছে। গঞ্জ বা বন্দরের কোলে নৌকার সারি, গোলমাল ও লোকসমাগম, নানাবিধ দ্রব্যসন্তারের আমদানী ও রপ্রানী। কোপাও ক্রমকেরা টেকো মাথার মাঠের মধ্যে গলদ্বর্দ্ধ হইরা ক্রমিকার্য্য করিতেছে—কোপাও সম্পূর্ণ নির্জ্জন—লোকসমাগমশৃত্য বিশাল প্রান্তর — শুধু অগণ্য বিহঙ্গের একত্র সমাবেশ, কলরব, নৃত্য ও সঙ্গীত। কোপাও প্রাচীন বটবিটপী কত যুগ ধরিরা জটাজুট এলাইগা নির্জ্জনে ধ্যানগন্থীরভাবে দণ্ডায়মান।

অন্ত সময় হইলে তাহারা কত না উপায়ে এই আনন্দ উপজোগ করিত, পণিপার্থস্থ লোকজনের সহিত কত আমোদ ফুর্ত্তি পরিহাস করিয়া গান গাহিতে গাহিতে চুটিয়া চলিত, কিন্তু সন্দারের ভাব দেখিয়া সকলেই নীরব ও গন্তীর!

গ্রামবাদীরা অবাক্ ছইর। দেখিতেছে এবং তৎসম্বন্ধে বথাবিধ মস্তব্য ও সমালোচনাদি আরম্ভ করিবার পূর্বেই ছিপ নদীর বাঁক ঘুরিয়া চক্ষের নিমেষে অদুশু ছইয়া যাইতেছে।

গোশেশর অস্থির —তাহার চঞ্চল চিত্তে জাগিতেছিল বে, ছিপ বুঝি ভাল চলিতেছে না, বেলা অধিক চইয়া ঘাইতেছে। ক্রমাগত শীঘ্র চলিবার জন্ত লোক জনকে উৎসাহ ও ভংগনা করিতেছিল। মাথার উপর দিয়া একটা পাধীর ঝাঁক সাঁ করিয়া উজিয়া গেল। বেগগামীছিপের উপর বাসয়া মনে হইল, যেন মাথার উপর দিয়া মেবগুলা আকানশের গায় হু হু করিয়া উজিয়া ঘাইতেছে। যদি সে ঐ পাথীর মত বা মেঘের মত উজিতে পারিত, তাহা হুইলে হয়ত এতক্ষণে চুঁচুঙ্কা পৌছিতে

পারিত। ছিপ বুঝি ভাল চলিতেছে না ভাবিয়া, মালাদের ভর্পনা করিয়া বলিল,—"কিরে তোনের আজ আক্রেলখান: কি বলু দেখি ?— তোরা যে আজ গতর নাড়তেই চাচ্ছিদ না ?"

ভারা অবাক হইয়া বলিল,—'বল কি দদার। আমাদের মুখে রা है। পর্যাম্ভ নেই, ছিলিমট। পর্যাম্ভ ঝাজিছ না. মাথার বামে গা ভেসে যাচ্ছে। দেশ্তে দেণ্তে আমরা জলাজীর মোহানা ছাড়িয়ে প'ড়্লাম, আর তুমি কি নাবণ্ছ যে, আমরাগতর খাটাচিছ না; তোমার কি কিছু আনেরল নেই ?"

গোপেশ্বর অপ্রতিভ হইয়া দেখিল, তাই ত, তাহাদের ত অপরাধ নাই। এইবার ভাগীর্থীতে ছিপ পড়িবে জানিয়া কতকটা আশ্বন্ত হইয়া বুঝিল-পেশীছিবার আর বিলম্ব নাই। তথন একবার ছিপ ধরিয়া ভাহা-দের তামাক খাইবার আদেশ দিল।

বিশ্রামান্তে ছিপ আবার ছুটিল। ভৈরব, মংথাভাঙ্গা, জলাঙ্গী ও ভাগী-রথী বাহিয়া বর্তমান থুলনা মেল অপেক্ষাও ক্রতবেগে বেলা প্রায় ২টার সময় চুঁচুড়ায় পৌছিল। গোপেশ্বর একজনকে বাটী হইতে অগ্রে সংবাদ আনিবার জন্য বশিল, কিন্তু কেহই যাইতে রাজী না হওয়ায়, অবশেষে সকলকে পাক্সাক করিয়া আহারাদি শেষ করিয়া লইবার জন্ত উপদে-শাদি দিয়া, সাদা ধব্ধবে চাদরখানা কোমরে বাঁধিয়া চটিজুতা পরিয়া তৈলসিক্ত বছ প্রাচীন বংশদণ্ডটী হাতে লইয়া নিজেই যাত্রা করিল। নদীতীর হইতে বাটা খুব বেশী দুর নয়, তথাপি তার বিলম্ব হইতে লাগিল, বেন পা আর উঠিতে চার না, মন বিজোহী হইয়া ফিরিয়া আদিতে চায়: ভয়-পাছে বুঝি দর্মনাশী হঃদংবাদ শুনিতে হয়।

বাটাটী দুর হইতে ভাহার মানস-নেত্রে আঁধার ও শোক-সমাচ্ছন্ন রূপে জাগিরা উঠিল। বাটীর নিকটে সদাঃ-পরিতাক্ত রন্ধনের ইঁড়ৌ, শব্যাব্স্তু,

দরজার নিকট জ্বন্ত ঘুঁটে নিভিয়া আসিতেছে, ছ একটা নিম পাতা ও জ্বরহর দাল ইতঃস্তত ছড়ান, দেউড়ীতে কতকগুলি ভদ্রলোক খোলা গারে বিরসভাবে বসিয়া আছে; সদ্যঃ শোকচিক্ত সর্ব্বত স্থুস্পষ্টরূপে প্রভীয়মান।

কম্পিতহাদয়ে গোপেশ্বর ভাবিল—বুঝি বা শ্বপ্ন সভাই ফলিয়া যায়।
শাবার মনে হইল—হয়ত আর কাহারো মৃত্যু হইয়াছে, ননীগোপাল
নিশ্চয়ই স্বস্থ আছে।

গোপেশরকে দেখিয়া পুরমহিলারা যখন ননীগোপালের নাম ধরিরা উচ্চৈ:স্বরে ক্রন্সন করিয়া উঠিল, তথন হাত হইতে ভার বাঁশের লাঠিটা পড়িয়া গেল, নিব্ৰেও ভূমিতলে বসিয়া পড়িল।

ঈবৎ পরে উঠিয়াই সে স্থান হুইতে বেগে প্রস্থান করিল। উপস্থিত লোকজনের মধ্য হুইতে ছু এক জন তাহার নাম ধরিয়া ডাকিল, কিন্তু সে ততক্ষণ চকুর অস্তরালে পড়িয়াছে।

ছুটিয়া আসিষা গলাতীরে একটা নির্জ্জন স্থান দেখিয়া চুপ করিয়া বসিল, তার পর কিছুক্ষণ প্রাণ ভরিয়া কাঁদিল।

ক্রমে বাল্যকাল হইতে নিজ জীবনের স্থক্যথের অতীত কাহিনী মনোমধ্যে জাগিয়া উঠিল। বাল্যের উদাম চাঞ্চল্য, ক্রীড়া-সঙ্গী, যৌবনের স্ফুর্ত্তি ও আবেগ, রাধারাণীর সহিত বিবাহ, স্থথের সংসার, শিশু কালা-চাঁদের স্থন্যর নধর মুখথানি—আবেরা কত কি।

তার পর আক্সিক বিপদ্ ও তাহা হইতে মৃক্তি, সতা সাধ্বা স্ত্রীর সর্ব্বস্তাগ ও অকাল বিদার, পুত্রের জন্ত দাসত গ্রহণ, দেই পুত্রকে বিসর্জ্জন, ননীগোপালকে কোলে লইরা পুত্রশোক বিস্করণ, তার পর ইহাদের সাজান সংসার দেখিয়া, শেষ জীবনে বিপদ সম্ভাবনা বা শান্তির

আকাজনায় চির্বিদায়ের সকল প্রভৃতি যতই শ্বরণপথে উঠিতে লাগিল, তত্তই অধৈৰ্য্য হইয়া পড়িল

ভাবিষা দেখিল, তাহার বত আশায় একে একে ছাই পড়িয়াছে। যে দিকে হাত দিয়াছে সেই দিক্ই শুকাইয়া মঞ্জিয়া গিয়াছে, যে দিকে চাহিরাছে সেই দিক জলিয়া গিয়াছে, যত্ন করিয়া যাহাই গড়িতে গিয়াছে. অসমাপ্ত অবস্থায় তাহাই পড়িয়া গিয়াছে. শেষ জীবনে যে প্রগাছা আশ্রম করিয়া স্থাশান্তি লাভের চেষ্টায় ছিল: তাহাও তার ত্রভাগ্যক্রমে সমূলে উৎপাটিত হইল ! এরপ অবস্থায় বাঁর চিত্তবৈকল্য হয় না. তিনি হয় জীবনুক্ত, না হয় পাষাণ। সামাগ্র নিরক্ষর কৃষক গোপেশ্বর সন্দার ত কোন ছার।

ভগবৎক্রপার সম্ভাশোকের সময় মান্তবের প্রভাই একটা বৈরাগ্যের উদর হয়। এই অমৃততুল্য মহাফলদায়ক সম্ভঃ বা শ্মশান-বৈরাগ্য ষতই অন্তান্ত্রী হউক না কেন, ইহা মানবচিত্তে উদাসভাব আনম্বন করিয়া প্ৰবল শোকাৰেগকে কথঞিৎ প্ৰশমিত কবিয়া দেয়।

গোপেশ্বর ভাবিতে ভাবিতে উদাস হইয়া পড়িল: ভাবিল-কেন কাঁদি. কেন ভাবি, এই ত সংসার, ছায়াবাজীর খেলার মত এই আছে এই নাই. চিরকাল ধরিয়া এইরূপ চলিতেছে; অন্ধ মাতুষ মান্তার বন্ধনে মোহের আবর্ত্তে পড়িরা জড়াইরা মরে, তাই এত ত্রঃখ। তার জীবনের ত সকল আশা ভরসা বহুকাল গিয়াছে তবে আর কেন ?

কিছুরই আর আবশ্রক নাই, তবে এ রুথা জীবন ধারণ কেন ? না. এখনো একটা বাকী আছে। রাধারাণীর প্রান্ধলিত চিতার সম্মুখে শপথ করিয়াছিল-প্রতিহিংসা।

প্রতিহিংদার কথা ভাবিতে, শোণিত ও মস্তিক:উত্তপ্ত হইরা উঠিল, আর নিশ্চেষ্টভাবে বসিতে না পারিয়া পায়চারী করিতে লাগিল।

যথন আকাশের দিকে চাহিল, তখন ব্ঝিল, অপরাহ ; ক্রতবেগে ছিপের নিকট আসিয়া দেখিল, সকলে বছক্ষণ আহারাদি শেষ করিয়া তাহার প্রতীক্ষায় বসিয়া আছে।

ভাষাকে দেখিগাই জিজ্ঞাসা করিল—''সন্দার, সংবাদ কি ?" গোণেশ্বর বালকের স্থায় কাঁদিয়া ফেলিল। আর কেহ তাহাকে আহারাদির কথা অমুরোধ করিতে সাহস পাইল না. পুনরায় ছিপ ছাড়িয়া দিল।

জ্যোৎসা-পুলকিত গুল্র যামিনী, স্থলর চাঁদিনী রাজি, কিন্তু সকলেই বিমর্থ, মিরমাণ ও উল্পমহীন—তরীমধ্যে সে শোভা উপভোগ করিবার লোক ছিল না।

প্রায় মধ্যরাতে সহরের সন্নিকটন্থ হইলে, ছিপ ভিড়াইয়া গোপেশ্বর নামিয়া বলিল,—"দেশ, বাবুও মাঠাক্রণকে বলিস্ যে, গোপেশ্বের চাকরী আজ শেষ হইল—আর তাঁদের সঙ্গে দেখা হবে না—আর বলিস্ যে, তাঁরাও যেন আর চাকরী না করেন, পেজন নিম্নে কাশী কিংবা বৃলাবনে বাস করেন। আমি যে ঘরে শুই, সেই শবের পোতার নীচে আমার মাধার শিশ্বরে কিছু টাকা হাঁড়ির ভিতরে লুকান আছে—বাবুকে ব'লে ভোরা সেগুলা উঠিয়ে নিম্নে বথরা ক'রে নিস, আর ভোদের মজুরী কর্তে হবে না।

( ক্রমশঃ )

**শ্রীদেবেন্দ্রনাথ চট্টোপাধ্যায়**।

# অলেকিক ব্রহস্য।

## গুহামুখে।

### (পূর্ব্ব প্রকাশিতের পর)

শণিত ঘুমাইতেছিল। তাহার অবস্থা দেখিয়া ব্বিলাম, সে প্রগাঢ়
নিজার অভিভূত। বলাইও প্রভূর পদসেবা কবিতে করিতে তালার
পদ প্রান্তে পড়িয়া নিজিত হইয়াছে। অক্স সময় হইলে, আমি ললিতের
নিজাভক্ষের চেষ্টা করিতাম না। কিন্তু বর্ত্তমান অবস্থার তাহার নিজাভক্ষের অপেকা করিবার আমার অবসর নাই। আমি ললিতকে প্রবৃদ্ধ
করিতে, ঈবদম্চে কঠে তাহার নাম ধরিয়া ডাকিলাম। আমার ডাকে
বলাইদ্রের ঘুম ভাঙ্গিল। সে চকিতের মত উঠিয়া বিলল, এবং ললিতকে
ভাগাইতে আমাকে নিষেধ করিল। বলিল—"বাবু! এই কাঁচা ঘুমে
প্রভূকে ভাগাইয়া ভূলিবেন না। ভূলিলে বিষম অনর্থ হইবে।"

"তুলিলে বাবু কি রাগ করিবেন ?"

"রাগ করিবেন কি ! প্রাণ লইয়া টানাটানি হইবে।"

"এ তুমি কি পাগলের মত বলিতেছ ?"

"পাগলের মত নয় বাবু, আমি ঠিক বলিতেছি।"

"প্ৰাণ লইয়া টানাটানি হইবে মানে কি 🕍

"দে আপনাকে কেমন করিয়া বুঝাইব !"

একি বিপদ। এরপ কথা ত কখনও শুনি লাই। আর ভতাের কথা यहिरे प्रजा रहा जार। इरेल अक्रम विभाग ज क्यन भाषा नारे। यहिरे গৌরী গৃহত্যাগ করিতে চায়, তাহা হইলে ললিত ভিন্ন আর কে ভাহাকে নিরস্ত করিতে পারে ৪ পারুক আর নাই পারুক, আমিই বা ভাহাকে গৌরীর কথা না বালয়া কেমন করিয়া নীরব থাকিব ? আমি বলা'র কথা বাস্তবিকই বুবিতে পারি নাই। পূর্বেই বলিয়াছি, সকল বুণাই একেবারে বিনা ভর্কে ধ্রুব দূত্য বলিয়া গ্রহণ করা আমার প্রকৃতি ছিল না। বলা'র কথা গুনিয়া আমার বোধ হইল সে বাডাবাডি করিতেছে। eয় ত কাঁচা বুম জোর করিয়া কেই ভাঙ্গিয়া ছিল ব**লি**য়া, লণিত কোনও একদিন কিছু অমুস্থ হইয়াছিল। ধনীর পুত্রের অমুস্থতা—দরিদ্রের হইলে ৰাহা একটু সামাভা শীতল জলের সাহাষ্যে দূর হইলা বাইত, লালভের বেলায় সেই অমুস্থতা বাড়ীর শুভাকাজ্জী দাসদাসী প্রভৃতির সাহাংগ তিল হইতে তালে পরিণত হইয়াছিল। দেই **অপ্নন্ত**তা দূর করিতে হয় ত কত ডাক্তারকে মুথে পর্ববতপ্রমাণ চিন্তার গান্তীর্য। মাধিতে হইয়াছে।

শলিতের শব্যার পার্বেই আমার শব্যা প্রস্তত হইয়ছিল। বা ঘটিবরে ঘটুক, তবু তাহাকে জাগাইতেই হইবে, ইহা স্থির করিয়া আমি উক্ত শব্যার বিশ্রাম গ্রহণার্থে উপবেশন করিলাম—শন্তনের প্রয়োজনীয়তা অনুভব করিলেও শন্তবার করিলাম না।

আমিও বিদিয়ছি, এমন সময় লালিতের নিখাস কিছু অস্বাভাবিক বেগে বাহতে লাগিল। ক্রমে নিখাস-শব্দ এক অফুট মৃত্ত্বরে পরিণত হইল। আমি বুঝিলাম, সে একটা স্বপ্ন দেখিতেছে। বুঝিয়া বলাইকে বলিলাম—"কাহাকেও ঘুমঘোরে এরপ ভাবে অফুট শব্দ উচ্চারণ করিতে দেখিলে, তাহার বুম ভাগানই দর্বতোভাবে কর্ত্তব্য। এরূপ অবস্থা দেখিয়া তুমি চুণ থাকিতে পার, কিন্তু আমি কেমন করিয়া চুণ থাকিব গ

वनारे जामात कथात्र (यन कडक)। विव्रक्त रहेन। ननिङ कर्डक সাদরে অভাগিত ন, হইলে হয়ত ভৃত্যজনোচিত ভাষায় সে আমাকে আপ্যায়িত করিতে ক্রটী করিত না। তাহার উত্তরের ভাবে আমি অন্তত: ্এইটাই বুঝিয়া লইলাম।

সে বলিল "বাবু। আপনি ভদ্রোক, ভার উপর ভ্জুরের বন্ধ। আমি 5াকর। আপনার দঙ্গে বার বার তর্ক করা কি আমার ভাল ৭ ভুজুর আপনার জন্ত এতক্ষণ জাগিয়া বসিয়াছিলেন। এতক্ষণ আপনি আসি-লেন না কেন ? বাবু কদাচ এত রাত্রি জাগিয়াছেন। এতক্ষণে তাঁহার অর্কে বুম হইরা যার।"

ইত্যবসরে ললিতের নিখাস আবার স্বাভাবিক ভাবে বহিতে লাগিল। ললিতকে জাগাইবার যে যৎসামাত্ত কারণ প্রাপ্ত হইলাম, তাহাও চলিয়া গেল। এখন এই ভৃত্যটার আদেশে কিছুক্ষণের জন্ত চুপ করিয়া থাকা ভিন্ন আমার গতি নাই। কিন্তু কতক্ষণ আমাকে চুপ থাকিতে হইবে ? সলিতের এ কাঁচা ঘুম কখন পাকিবে ? বলাই যে ভাবেই আমার কথার উত্তর করুক, আমি তাহাকে আর একটী প্রশ্ন করিব। এই মনে করিয়া আমি ভাহাকে বলিলাম—"ললিভ বাবুর কি সারারাত্তির ভিভরে এক বারও ঘুম ভাঙ্গিবেনা ?"

''কেন— আপনি তাঁহাকে কি কিছু বলিতে চান ?"

"চাই বই কি ৷ নতুবা ভাষাকে কি মিছামিছি জাগাইতে ব্যাকুল ∌ইবাছি !"

"কি এমন কথা যে, বাবুর যুম না ভালাইয়া বলিলে চলিবে না ?'

"তুমি বেক্কপ ভাবে কথার উত্তর দিতেছ, তাহাতে তোমাকে কথা বলিতে আমার প্রবৃত্তি হইতেছে না।"

''আমি আপনাকে এমন কি বলিলাম ?"

''যাই বল, তোমার কথা আমার ভাল লাগিতেছে না।'

আমার উত্তর শুনিয়া, অপ্রতিভ হইয়াই হউক, অথবা ক্র্ছ হইয়াই হউক, বলা কিয়ৎক্ষণের জন্য নীরব রহিল। তাহার পর বলিল—"আপনার ব্যবহারও আমাদের কেমন কেমন ঠেকিতেছে। আপনি ওই পাগলীটার সঙ্গে এতক্ষণ একলা বিদিয়া কি কথা কহিতে ছিলেন ? বাবু পর্যান্ত আপনার ব্যবহারে বিরক্ত হইয়াছেন। তিনি জাগিয়া থাকিলে, আপনি হইটা মিই কথা শুনিতে পাইতেন।"

কথাটা শুনিবামাত্র আমার মাথাটা ঘুরিয়া গেল,—একটা অস্বাভাবিক রক্ত প্রবাহ তীব্রবেগে হৃদয়দেশে প্রবাহিত হইল। হৃৎপিও চারিদিক হইতে আক্রান্ত ও শোণিত প্রোতে অবকৃদ্ধ হইয়া ঘন খন স্পন্দিত হইয়া উঠিল।

তাইত ! এতক্ষণ আমি কি করিয়াছি ! গভীর রাত্তিতে এক যুবতী স্থলরীর সহিত নির্জন গৃহে এই ষে এতক্ষণ বসিরা রহস্যালাপ করিলাম, এ কাল ত আমি ভাল করিলাম না ! গৌরীর আগ্রহ উপেক্ষা করিয়া আমার চলিয়া আসাই ত উচিত ছিল ! শুধু তাই নয়, এই সময়ের ভিতরে উভয়ের মধ্যে যে কথাবার্তা। হইয়াছে, পরস্পারের ভাব-বিনিময়ে আমরা উভয়ের মধ্যে যেরূপ পরিচয়ের প্রতিষ্ঠা করিয়াছি, তাহা ত কোনও গৃহে নবাগত অতিথির চরিত্রের অমুকুল নয়।

এতক্ষণে আমার চৈতন্ত ফিরিল। বুঝিলাম, ললিতমোহনের এত আগ্রহের আত্মীয়তা প্রদর্শনেও প্রথম আলাপের দিনে এত আত্মীয় হইরা মূর্থের কার্য্য করিবাছি। ইহারা আমার চরিত্রে সন্দেহ করিয়াছে।

যে বরে বসিয়া গৌরীর দঙ্গে আমার কথোপকথন হইয়াছে, তাহা একটা গৃহাংশ মাত্র। একটা ঘরের মধ্যে পরদা দিয়া গুইটা ঘর করা হইয়াছে। গৌরীও আমার মধ্যে যে সমস্ত উত্তর প্রভাত্তর চলিয়াছিল, তাহা অবশু অমুচ্চস্বরেই হইয়াছিল। কথার উত্তর দিতে অথবা প্রশ্ন করিতে আমি ব্দনেক সময় সাহস করিয়া জ্বোরে কথা কহিতে. পারি নাই। আমার বোধ হইল, সেই সকল অফুচ্চম্বরে ক্ষিত বাক্য নানা ক্দর্থের রাশি উদরে পুরিয়া ললিতের কর্ণে প্রবেশ করিয়াছে।

এটাও বোধ হইল, বাড়ীর মহিলা ও পুরুষদের মধ্যে কেহ না কেহ, অথবা অনেকেই আড়ি পাতিয়া আমাদের কথা গুনিয়াছে। নতুবা গোরী যে সময় লুচির থালা দুরে প্রস্তরবৎ কঠিন মেজের উপর নিকেপ ক্রিয়াছিল, কেহ তথন সেই ভাষণ শব্দের কারণ নির্ণয় করিতে সেথানে আসিল না কেন ? একটা কথা কহিয়াও নিজের অন্তিত্ব জানাইল না কেন ? আমার ভধন মনে হইয়াছিল, যেন ঘরগুলা জনশৃত হইয়াছে। অথবা লোক পাকিলে মরিয়াছে। জীবিত থাকিলে কেত না কেত অন্ততঃ একটা বিশ্বয়ের ভাবও প্রকাশ করিত।

এখন ব্রিলাম, ভাহার। মরে নাই। মুতের প্রাণ লইয়া, চোরের ভাব লইয়া তাহারা আড়ি পাতিয়া গৌরীর ও আমার রহস্তালাপ গুনিতে-ছিল, সন্দেতের চক্ষে গৌরীর ক্রিয়া কলাপ দেখিতেছিল।

মনে বড়ই নির্মেদ উপস্থিত হইল ! তাইত ! ইহাদের সঙ্গে .পরিচিত হুইবার প্রথম দিবসেই আমি চরিত্রহীন প্রতিপন্ন হুইলাম ! একটা হান ভুজোর কাছে আমাকে লাঞ্চিত হইতে হইল। ললিতমোহন বুমাইয়াছে। দে জাগিয়া থাকিলে, আরও কি মিষ্ট বাক্য আমাকে ভানতে হইত ভাগার ঠিক কি? এখন না হয় সে বুমে অজ্ঞান হইয়া আছে। রাজিতেই হউক কি প্রভাতেই হউক, এক সময় ত

সে জাগিবেই। তথন আমার ভাগো না জানি আরও কি লাঞ্না আছে।

ভূতা বলা'র শেষকথায় আমি কোনও উত্তর দিলাম না। অবন্ত-মস্তকে শয়ার উপর শুধু বসিয়া রহিলাম। উক্তপ্রকারের অগণ্যচিন্তার স্রোতের মধ্যে পড়িয়া আমার কণা করিবার সামর্থাই রহিল না।

হতভাগা ভূতাটা আমার নীরবতায় আমাকে অপরাধী স্থির করিয়া লইল। আমাকে নিরুত্তর দেখিয়া সে বলিল—"কি বাবু! মাধা হেঁট করিয়া বদিলে কেন। মনে করিয়াছিলে, ভোমার ফলীটা আমরা কেহই ব্যিতে পায়িব না ।"

একটা হীন ভৃত্যের সঙ্গে বাদ-প্রতিবাদ করিয়া নিজের মর্য্যালা নষ্ট করা আমি বৃদ্ধিমানের কার্য্য মনে করিলাম না। কিন্তু কতক্ষণ চূপ করিয়া থাকিব ? এ ত দেখিতেছি, আমাকে প্রশ্নের পর প্রশ্নে উত্যক্ত করিবে! এখনি সে মর্যাদার সীমা অতিক্রম করিয়াছে। ইহার পর আরপ্ত কত বেয়াদবী করিবে তার ঠিক কি ? আমাকে নীরব দেখিয়া ছুইটার সাহস অতিরিক্ত মাত্রায় বাড়িয়া বাইতেছে। তৃতীয়বার প্রশ্ন করিলে উত্তর দিব কি না দিব ভাবিতেছি, এমন সময় ভিতর হইতে বলা'র উপর আহার করিবার আদেশ আসিল। আদেশ প্রাপ্তিমাত্র সেককত্যাগ করিল। যাইবার সময় কেবলমাত্র আমাকে সাবধান করিয়া গেল, আমি যেন তার প্রভুর নিদ্রাভঙ্গ না করি।

যে ভিতর চইতে আদেশ করিল, আমি শ্বরে বুঝিলাম, সে ললিতের পিসি। বলা' ভিতরে যাইতে না যাইতে পিসি বলা'কে কি যেন একটা কথা জিজ্ঞাসা করিল। এত অনুচ্চশ্বরে মে, স্যত্তে শুনিবার চেষ্টা সংস্থেও আমি কথা শুনিতে পাইলাম না। তবে এই বুঝিলাম, সে রমণী আমার সম্বন্ধেই কথা কহিয়াছে। বলার উত্তরেই সেটা বুঝিতে পারিলাম। অতি ধীরে কথা কহিলেও বলা'র কথা ব্রিতে আমার বাকী রহিল না। বলা' বলিল--"চুপ! বামুন এখনও জাগিয়া আছে।" 🔪 ইহাতে বুঝিলাম, আমার উপর শুধু ললিতের যে সন্দেহ হইরাছে, তাহা নয়। তাহার পিদিরও দলেহ হইয়াছে। তথন ব্যাপারের গুরুত্ব আমি সমাক্ উপলব্ধি করিলাম। ব্ঝিলাম ঘটনা-পরম্পরায়, এবং নিজের নিজ্বিভায় আমি নিজেকে এমন অবস্থায় পাতিত করিয়াছি যে, এখনি ইহাদের আশ্রয় তাগি না করিলে আমার মঙ্গল নাই।

কিন্তু আমি যে বিষম ফাঁপরে পড়িখ্লছি। গৌরীর সঙ্গে কিয়ৎকণের আনাপে বুঝিয়াছি, দে ইগদের গৃহ পরিত্যাগের অবকাশ খুঁজিতেছিল। আজ অবকাশ মিলিয়াছে। স্কুতরাং দে শীঘুই ইহাদের সঙ্গ পরিভাগে করিবে। আজ স্থবিধা পাইলে সে কালিকার অপেক্ষা করিবে না। এরূপ দময়ে যদি আমি এস্থান ত্যাগ করিয়া চলিয়া যাই, তাহা হইলে ইহারা নিশ্চয় ব্ঝিবে, আমরা নির্জ্জনে ব্সিয়া ভাহারই গৃহত্যাগেরই প্রামর্শ কবিয়াছি।

সতাই আমি বিষম ফাঁপেরে পড়িবাছি। বছক্ষণ ধরিয়া কর্ত্তব্য অবধারণ করিতে পারিশাম না। চিথায় আমি জর্জারিত হইয়া পড়িলাম। শেষে আমি স্থির করিলাম, লাঞ্ছনা অপসান যাহা ঘটবে ঘটুক, আমি ললিতের ক্ষাগরণের অপেক্ষায় সেখানে বদিয়া থাকিব। কিন্তু ললিত যে রাত্রির মধ্যে উঠিবে ইহা আমার বোধ হইল না। আমার বোধ হইল, সে কপট নিদ্রায় শয়ন করিরা আছে। কাপুরুষ যুবক অন্তরের কথা আমাকে নিজে বলিতে সাহস না করিয়া, ভৃত্যের উপর বলিবার ভার দিয়া ছল করিয়া বুমাইঃ।ছে। পাছে বারংবার ডাকিয়া অথবা অন্ত কোন উপায় অবলখন করিয়া আমি ভাহার কপটনিজ্ঞার ব্যাঘাত উৎপাদন করি, এই ভক্ত ভতাটা উক্ত প্রকার উদ্ভটই কণায় আমাকে তাহার প্রবোধন কার্য্যে নিরস্ত করিয়াছে। কাঁচা ঘুমে তুলিলে প্রাণ শইয়া টানাটানি ছইবে, এরপ কথা শুনিলে কোন্ ব্যক্তি, সামান্ত বৃদ্ধিমন্তার অহস্কার লইয়াও, তাহাকে জাগাইতে সাহস করিবে ?

এক দণ্ডেই আমার চিন্তের ভাব বিপর্যন্ত হইয়া গেল—এই যুবক
ক্ষমীদার পুত্রের উপর আমার য়ণার উদয় হইল। সঙ্গে সঙ্গে মর্শান্তিক
ক্রোধ। ভৃত্যকর্ত্ব অপমান আমি নীরবে সহ্থ করিলাম। ইহারও
উপর ললিত বদি আমার প্রতি অসদাচারণ করে, স্থির করিলাম, আমিও
তথনি তাহার প্রতি তদ্বং আচরণ করেয়া তাহার ক্বত অপমানের প্রতিশোধ লইব। চাকরটা ফের অপমান করিলে, তাহাকে কিছু উত্তম
মধ্যম শিক্ষা দিব।

বাল্যে আমার দেহে প্রভৃত বল ছিল; কলেকে পড়ার অত্যন্ত পরিশ্রমে স্বাস্থ্যের অনেকটা হানি হইলেও এখনও দেহে যা শক্তি আছে, তাহাতে বলা'র মত তিন চারিটা বাক্তিকে আমি মাটীতে পুতিয়া কেলিতে পারি।

এবারে অপমানিত হইলে উক্তপ্রকারের উত্তরের ব্যবস্থা করিব সঙ্কর করিয়া আমি স্থিরভাবে শ্যার উপর বসিগা রহিলাম।

পূর্বেই বলিয়াছি আমি দরিদ্র। কিন্তু বংশমগ্যাদার আমি ললিত হইতে অনেক উচ্চ। আমি কুলীন, সে শ্রোত্রীয়। ইংরাজী শিক্ষার ফলে কুসংকার জ্ঞানে বদি আমি কৌলীন্তের গর্ব্ব পরিত্যাপ না করিতান, তাহা হইলে স্বগৃহে অন গ্রহণ করাইতে ললিতমোহনকে উপচার হস্তে লইয়া, গলবন্ধ হইয়া, দীনভাবে আমাকে আবাহন করিতে হইত।

বছদিন হইতে আচারপ্রস্ত হইলেও আজিকার অপমানের সঙ্গে সংস্কারবশে আমার সেই কৌলীন্তাভিমান পূর্ণমাত্রায় জাগিয়া উঠিল। আমি বুঝিলাম, বিশ্ববিভালয়ের উপাধিগৌরবে এ মুর্থের কাছে আমার

মর্বাদার প্রতিটা ইইবে না। যে বৃদ্ধ কুলান পিতার দীনভাব দেখিয়া আমি পুর্বেমনে মনে লজ্জিত হইতাম, ব্রিলাম যদি মর্যাদার প্রতিষ্ঠা হয়, জীহা এই দানতার একান্ত আশ্রয় বল্লালদত্ত বংশ-গৌরব স্ইতেই इडेरव ।

আমি দুঢ়চিত্ততার সহিত ললিতের অঙ্গে হস্তক্ষেপ করিয়া ভাকিলান —"ললিভমোহন !"

মামার কণা শুনিবামাত্র বলা' অপর গ্রহ হইতে ছুটিয়া আসিল, এবং ঈষৎ ভীৰতার সহিত বলিল—"ওিকি বাবু৷ তুমি কেমন ধারা লোক, বারংবার নিষেধ করিলেও ভূমি কথা শুন না কেন ?"

''বেশ তুই ডাকিয়া দে।"

"এইত একটু আগে বলিলাম, কাঁচাবুম ভাদাইলে হজুরের প্রাণ **সংশ**त्र इहेरव।"

"মিণ্যা কথা। আমি এরপ কথা কোথাও শুনি নাই।"

"তবে কি আমি তোমার কাছে মিথ্যা কহিতেছি ?"

''সটর্লব মিধ্যা। তোর মনিব ঘুমার নাই। ঘুমের ছল করিছা পড়িয়া আছে। তোর মনিবকে ডাকিয়া তোল। না তুলিলে আমি যেমন করিয়া পারি তাহাকে উঠাইব।"

আমার দৃঢ়তা-ব্যঞ্জক কথা শুনিয়া বোধ হয় বলা' কিছু ভীত হইল : त्म किছ्कान्त्र खन्न भौत्रव इट्टेल।

ইত্যৰসরে আমি ললিতের অঙ্গে করম্পর্শ করিয়া আবার ডাকিলাম — ''ললিতমোহন।''—এবারেও উত্তর পাইলাম না।

বলা' তথন ললিতের পিসিকে উদ্দেশ করিয়া উচ্চৈ:স্বরে বলিল---''পিসি মা শীঘ্র আইস। নহিলে এখনি বিপদ ঘটিবে। এ বামুন বড়ই উৎপাত করিতেছে।''

বেষন এই কথা গুনা, অমনি আমি ললিতকে পরিত্যাগ করিয়া এক লক্ষে তাহার কাছে উপস্থিত হইলাম। এবং সে আত্মরক্ষার ক্রন্ত প্রস্তুত হইতে না হইতে কেশাকর্ষণে তাহাকে ভূমিতে পাতিত করিলাম। এবং পৃষ্ঠে বারত্রের পদাঘাত করিয়া বলিলাম—''শ্যার! আর এরপ বেয়াদবী করিবি ?'' বলা' বিকট চীংকার করিয়া উঠিল। এবং রক্ষার সাহায্যার্থে ললিত, ললিতের মা ও পিসি—সকলকেই একসঙ্গে ডাকিতে লাগিল।

প্রহারের ফল ফলিল। একদিক হইতে ললিতের পিসি ছুটিয়া
আসিল। অন্তলিকে ললিত উঠিয়া বসিল। ললিতের মা আসিলেন
না। আব আসিল না গোরী। তাহাদের পরিবর্ত্তে জরে আক্রান্ত
পূর্ব্বোক্ত বাঁটা কোথা হইতে ছুটিয়া আসিল। ইহার আসিবার
সঙ্গে সঙ্গেই আমি বলা'কে পরিত্যাগ করিয়াছি। সে কিন্তু উঠিল
না। ভূমিতে পড়িয়াই কাঁদিতে লাগিল।

পিসি বলিল—''একি বিষম ব্যাপার ললিত! এরূপ দস্থ্য স্বভাবের লোক কোথা হইতে আনিলি ?''

ঝীটা বলা'র পৃষ্ঠানি পরীক্ষা করিতে করিতে আমাকে গালি পাড়িজে আরম্ভ করিন। আমার স্বাস্থ্য ও শক্তিকে ভন্মীভূত করিবার জক্ত অবিরাম অগ্নিদেবের আবাহন করিতে লাগিন।

ললিত হুইহন্তে চকু মুছিয়া বিশ্বশ্বের ভাব দেখাইয়া বলিল—"এ তুহি কি করিতেছ ?"

আমি স্থিরভাবে উত্তর করিলাম—''তোমার চাকরকে সহবৎ শিশাইতেছি:"

"চাকর কি করিয়াছে ?"

"কি করিয়াছে, তুমিই জিজাসা কর।"

i

"হাঁরে বলা' ৷ তুই কি করিয়াছিস ?"

বলা প্রভুর প্রেমে অজ্জ মিধ্যা বলিয়া আমি যে একটা দানব প্রকৃতির লোক ইহা সকলকে বুঝাইয়া দিল।

বীটা আবার নৃতন করিয়া গালির মন্ত্র আওড়াইতে লাগিল।

পিদি বলিল—"হতভাগা ছেলে ! চেনা নেই, শোনা নেই, যাকে ভাকে আত্মীয় মনে কঙিয়া ঘরে আনিস্ দেখা দেখি কি বিষম অনর্থ चित्रहेलि।'

ললিত ঈষং গন্তীরম্বরে আমাকে বলিল—"আমার মরে আসিয়া বিনা r দোষে আমার চাকরের অপমান আর আমার অপমান এক তা জান ?"

আমিও তদত্রপ রুক্ষরতে বলিলাম—"এতই বণি তোমার মত অপমান জ্ঞান, তাহা হইলে যাহা বলিবার নিজে না বলিল৷ এই পাঞ্চী ভতাটাকে দিয়া আমার অপমানের কাজ করাইলে কেন ?

বলা' এই সময় আত্মদোষকালনার্থ প্রভুকে আরও কতকগুলা কথা শুনাইল। শেষে বলিল— "ভ্জুর! আপনি যদি প্রতিকার না করেন, তাহা হইলে আমি এখনি থানায় গিয়া নালিশ করিব।"

আমি এই কথা শুনিয়া হাস্ত সম্বরণ করিতে পারিলাম না। হাসিতে ভাসিতেই বলিলাম—''তাহা হইলে ক্ষণেক অপেক্ষা কর: আনি তেৱে মনিব আবার তার পিসির সম্মুধে লাখী মারিয়া তোর দাঁত ক'টা আলে ভাঙ্গিয়া দিই, তার পর থানায় যাইবি। নহিলে কি চিফু লইয়া দারোগার কাছে নালিশ করিবি ? মোকদ্দমায় ভাঙ্গা দাঁত হু'টা তোর মাত্রবর সাক্ষী হইবে।"

আমার হান্তরমযুক্ত এই কয়টা তীব্র কথা শুনিয়া সকলেই স্তম্ভিত ত্ট্রা গেল। কিছুক্ষণের জন্ত কাহারও মুথে বাক্য ক্তি হইলনা।

অবসর ব্রিয়া, আমি ললিভকে বলিলাম—''শুন ললিভমোহন

তোমাকে এইবারে যাহা বলিব, তাহা মনোযোগ দিয়া শ্রবণ কর।
কেননা বলিবার পরমুহু্তিই আমি তোমার অভিমত জানিতে ইচ্ছা করি।
আমি না বুঝিয়া তোমার সহিত প্রথম সাক্ষাতেই তোমার অদ্বায়ভায়
আরুই হইরাছিলাম। তোমার চরিত্রের ভালরুপ পরিচয় না পাইরাই
তোমার এখানে আসিরাছিলাম। নতুবা আমি এহক্ষণ হরিলার ছাড়িয়া
কতদ্রে চলিয়া যাইতাম। আসিয়া ফল পাইরাছি। তোমার মুখ
দেখিয়া তোমাকে সরল বিশাসে প্রতারিত হইরাছি। তুমি ভৃত্যের
বারা আমার অষণা অপমান করিয়াছ।—"

ললিত কথায় বাধা দিয়া বলিল— ''আমি তোমার কোনও অপমান করি নাই।''

''তোমার স্থল বৃদ্ধিতে তুমি বোধ করিতে না পার, কিছু আমি বৃঝিয়াছি তোমারই সম্মতি ক্রমে এ বেয়াদব চাকর আমার অসম্মান করিয়াছে। স্থতরাং এই পাপ গৃহ আমি এই মুহুর্ত্তেই পরিত্যাগ করিবার ইচ্ছা করিয়াছি।"

'বাবা! আমার একটা অমুরোধ রাখিবে ?"

প্রশ্নকর্ত্রীর দিকে ফিরিয়া দেখি, তিনি ললিতের জননী । সকলেই দে গৃহে সমবেত হইয়ছিল। কেবল তিনি এবং গৌরী আসে নাই। আমি প্রতি মুহুর্ত্তেই তাঁহাদের আগমন প্রতীক্ষা করিতেছিলাম। গৌরীর না আসায় আমার তত বিশ্বয়ের কারণ ছিলনা, কেননা তাহার মনোভাব আমি ব্রিয়াছি। কিন্তু ললিতের মা না আসাতে আমি বড়ই বিশ্বিত হইতেছিলাম। ঘরের একপার্শ্বে এতবড় একটা কাও হইয়া গেল, ঘরের অন্তপার্শে তিনি কেমন করিয়া নীরবে বসিয়া ছিলেন, এটা আমি ব্রিতে পারি নাই। তাঁহাকে দেখিবামাত্র সাধবী জ্ঞানে তাঁহার প্রতি আমার ভক্তি হইয়াছিল। কিন্তু তিনি না আস্তি আমি

তাঁহার প্রতি ক্রমে শ্রদ্ধাহীন হইতেছিলাম। মনে হইতেছিল, লালত-মোহনের গৃহে তাঁহার মাতার অন্তিত্বের কোনও মূল্য নাই। এখন তাঁহ্মকে দেখিয়া আমি কতকটা সম্ভূষ্ট হইলাম। ভাবিলাম এতক্ষণে বক্তবা গুনাইবার লোক পাইয়াছি।

আমি বলিলাম—' আপনার পুরের এ পাপ আশ্রয়ে থাকিতে অনু-রোধ করিলে, রাথিব না। অস্ত কিছু যদি বলিবার থাকে বলুন। রাথিৰার যোগ্য বুণিকলে রাথিব।"

"প্রথম অমুরোধ, আজ রাত্তিতে এ গৃহ ত্যাপ করিতে পাইবে না।" "আপনার প্রত্রের আচরণে মশ্বাহত হইয়াছি।"

"আমিও হইয়াছি। এই পবিত্র তীর্থক্ষেত্রে আমার ধরে নিমন্ত্রিত ব্রাহ্মণ আজ অপমানিত হইয়াছে।" এই কথা বলিয়াই তিনি একবার ললিতের পিসির পানে চাহিলেন। ললিতের পিসি সে দর্শনের প্রকোপ সহা করিতে পারিল না। কর্কণ কর্পে বলিয়া উঠিল—''তা আমার পানে চাহিতেছ কেন ৭ আমি কি গ্রাহ্মণের অপমান করিতে তোমার পুত্র স্মার ভৃত্যকে শিখাইয়া দিয়াছি ? ছেলের দিকে চাহিয়া যাহা বলিবার বল।"

এই বলিয়া পিসি ক্রতপদবিক্ষেপে সেম্থান ত্যাগ করিল। সঙ্গে সঙ্গে চক্ষের নিমেযে বলা'ও সেই বৃদ্ধাদাসী সে স্থান হইতে অস্তহিত হইল। ললিতের মাতা সে দিকে লক্ষ্যই করিলেন না। তিনি আমাকে বলিতে লাগিলেন—"তুমি আমার প্রতি করণা করিয়া অন্ততঃ আজ রাত্তির মত এ গৃহে অবস্থিতি কর।"

''তাহাতে লাভ কি ?''

"ইখাদের অভ্যাচারে আমার জাভিধর্ম সমস্তই নষ্ট ১ইতে বসিয়াছে।"

এ কথার কি সহতর দিব, স্থির করিতে না পারিয়া আমি নীরব রহিলাম। আমি দমত হইরাছি বুঝিয়া তিনি বলিলেন—''আমার বৈতায় অনুরোধ— কিন্তু তাহা করিবার পূর্বের আমি হুই একটি কথা জানিতে ইচ্ছা করি। তোমাকে অকপটে আমার কাছে প্রকাশ করিতে হুইবে।''

''বিভাগা করুন।"

' 'তোমার বংশ পারচয় জানিতে ইচ্ছা করি। তোমার আচরণ ও তেজ্বিতা দেখিয়া আমায় বোধ হ**ই**তেছে, তুমি কুলীন।''

"আম কুণান।" এই বলিয়া থথাসম্ভব আমার বংশ পরিচয় তাঁহাকে প্রদান করিলাম। আমি ফুলেমেলের বন্দ্যোপাধ্যায় গোপীঠাক্রের সন্ধান। বুসপরিবর্তনে আজকাল এ পরিচয় অনেকটা মূল্যহীন
হইয়াছে। কিন্তু আমি বে সমগ্রের কথা কহিতেছি, সে সমগ্রে ইহার
যথেষ্ট মূল্য ছিল। সে সমগ্রের কিছু পূর্ব্বে ইহার মূল্যের অবধি ছিলনা।
তথনও কুলানের অসম্মান করিতে কোন শোত্রিয়েরই সাহস ছিলনা।
শ্রোত্রিয় যতই ধনা হউন, তাঁহার ধনগোরব একজন আত দ্রিদ্রের
কোলী সাব্বের সম্মুথেও মন্তক অবনত করিত। কোন শ্রোত্রিয়ের
গৃহে কুলানের অসম্মান হইলে তাহাকে সমাজে লাভ্নিত হইতে হইত।
ব্রাহ্মণে তাহার গৃহে অন্ন জন গ্রহণ করিত না।

বংশ-পরিচয় শুনিয়াই ললিতের জননী পুত্রকে বলিলেন—''হতভাগা!
করিয়াছিস্ কি ? এখনি আজনের চরণ ধরিয়া ক্ষমা ভিকা কর্।''

ললিত এতক্ষণ নীরবে হেঁটমুণ্ডে বসিয়াছিল। বোধ হয়, আমার প্রতি অধথা ত্র্কাবহারের জন্ত সে অমুতপ্ত হইয়াছিল। এখন মাতৃ-আদেশ সে অমাক্ত করিতে পারিল না। আমার পাদম্পর্ণ করিতে সে শ্যাতাাগ করিয়া উঠিয়া আসিল। আমি ভাষাকে পায়ে হাত দিতে দিলাম না। দিবার চেষ্টায় গুটা হাত ধরিয়া ফেলিলাম। বলিলাম—'ভাই! যদি মনের সন্দেহে আমানিং-তোমার কিছু বলিবার ইচ্ছা হইয়াছিল, তা' হইলে চাকরকে দিয়া না বলাইয়া নিজে বলিলেনা কেন ?"

লণিতের মাতা বলিলেন—''হতভাগাকে প্রাত্ত্তানে ক্ষমা কর। তারপর শুন—''আমার দ্বিতীয় অমুরোধ। তুমি গৌরীকে বিবাহ কর।''

''মা ৷ আপনার এই অনুরোধ আমি রাখিতে পারিব না ৷''

"কেন ? বয়স্থা দেখিয়া তুমি কি তাহার চরিত্রে সন্দেহ কর ? তা হইলে, এই পবিত্র তীর্ণে আমার জ্ঞান-বিখাদে আমি বলিওেছি— ''তোমার জ্ঞান বিখাদের মূল্য কি ?"

আকাশবাণীর মত কথা গৃহমধ্যে ধ্বনিত হইল। শব্দ শুনিয়া আমরা সকলেই কিছুক্ষণের জনা জড়ের মত হইয়া গেলাম। সকলেই শব্দ লক্ষ্যে গুরের দিকে চাহিলাম।

সে দিনের মনোমুগ্রুকর সাদ্ধা-প্রক্কৃতিকে আমি একবার মুহুর্ত্তের জন্ত নিরীক্ষণ করিয়াছিলাম। আর দেখি নাই। দেখিবার অবকাশ পাই নাই। যোগিনীর সন্ধানে ব্যাকুল—ঘাটে ঘাটে কেবল সোপানশ্রেণী দেখিয়াছি। জলের তরঙ্গে উৎক্ষিপ্ত চম্পক রাশির মত, সলিলে প্রতিক্ষলিত সন্ধ্যার হাসি এক একবার নিরীক্ষণ করিয়াছি। দ্রস্থিত শৈলে নবজাত মেঘমালা সঞ্চারে সঞ্চারে তাহাকে এক একবার ঢাকিয়া ক্ষেলিতেছিল। নিকটে নদীতটম্থ হর্ম্যরাজি তাহাকে সম্যক আবদ্ধ করিয়াছিল। থেলা দেখিয়াছিলাম দুরে—তীত্র সঞ্চারিণী নীলধারার উপরে। অন্তর বুঝি আমার অজ্ঞাতসারে ভাহাকে আবার দেখিবার জন্ত অস্থির হইয়াছিল। নতুবা এ কি দেখিলাম—কেমন করিয়া

নেধিলাম ! প্রকৃতির মৃত্তিধারণ ! এ কেবল কল্পনাগ্রাহ্য দৃগ্য । অনেক সময় কল্পনাও তাহাকে ধরিতে পারে না । ধরিতে না পারিয়া আত্মহারা মানুষকে শুদ্ধ পাগল করিয়া তুলে। আমারও কি আজ্ব তাই হুইল। আমি কি পাগল হইলাম।

আমি দেখিলাম—আপাদবিল্য মুক্তকেশরাশি পৃষ্ঠে বিনান্ত করিয়া
এক অপূর্ব্ব রূপবতী নারা গৃহ মধ্যে প্রবেশ করিতেছেন। দেখিরা মনে

কইল, শিথরাস্তরালে লুকায়িত ঘনান্ধকারের ওড়না মাথায় দিয়া সায়ং

সক্র্যা মৃত্তি ধরিয়া আগমন করিতেছেন। গৃহমধ্যে প্রকৃষ্ট গ্রহ্জানত
দীপশিখা তাঁহার মুখের উপর আকুল আগ্রহে পড়িতে গিয়া ঘন কেশরাশিতে বিজ্ঞাড়িত হইতেছিল। কেশরাশি কর্তৃক উৎক্ষিপ্ত হইয়া দীপালোক
গৈরিক বসনে বর্ণের আশ্রের আত্মরক্ষা করিতে লাগিল। দেখিয়া বোধ

হইতেছিল, যেন কুলয়া বনশ্রীকে ঝাকুল করিতে গিয়া পর্যুদ্ত তরঙ্গমালা ক্ষোভে কাঞ্চন-সাগরে আছাড় খাইতেছে।

ধীরে ধীরে রমণী গৃহমধ্যে প্রবেশ করিলেন। প্রবেশ মাত্রেই তাঁহাকে ধেন চি:নতে পারিলাম।

"একি মা তুমি ?"

"কে আমি ? তুমি কি আমাকে ইতিপূর্ব্বে কোথাও দেখিয়াছ ?"

"না, আমার ভূল হইয়াছে—আমি আপনাকে দেখি নাই <sub>'</sub>''

ললিতের মা ললিতকে বলিলেন—"শীত্র মায়ের চরণে প্রণাম কর।
মা! একটু অপেকা করুন—আমি আসন লইয়া আসি।"

শপ্রয়োজন নাই। আমি এখনি চলিয়া বাইব। আমি তোমাকে বা বলিতে আসিয়াছি. তা শুন।"

"আমি আসিয়া শুনিতেছি।" এই বলিয়া, বোধ হয় আসন আনিতে ললিতের মা গুহাস্তরে চলিয়া গেলেন। ললিতমোহনও মায়ের সঙ্গে সঙ্গে গৃহত্যাগ করিল মাতৃ-আদেশে গৃই হাত তুলিয়া সে তাঁহাকে প্রণাম করিল মাত্র। কোনও কথা কহিল না। সে প্রণামে প্রাণ দেখিলাম কান্য কেন যে সে চলিয়া গোল, তাহাও আমি বুঝিতে পারিলাম না।

ঘরের মধ্যে রহিলাম কেবল আমি এবং যোগিনী। আর রহিল, উভগ্গকে বেষ্টন করিয়া হিমগিরি-চূড়াবিচ্যুত এক অনুমুমেয় নিস্তব্ধতা! নিস্তব্ধ —তাঁহার সন্মুথে দাঁড়াইতে আমার প্রাণের স্পান্দন পর্যান্ত যেন নিস্তব্ধ হইয়া গেল!

বহুক্ষণ স্থায়ী হইলে বোধ হয়, সেদিন আমার অন্তিত্ব পর্যাস্ত শেষ হইত। কর্মভোগ আছে, তাই বুঝি আমার বিলয় হইল না।

নীরবতা ভঙ্গ করিয়া যোগিনী বলিলেন—"তুমি ভূল কর নাই। আমাকে দেখিয়াছ।"

"কোথায় ? স্মরণে সাসিতেছে না।"

"আবার স্বরণ কর।"

''আমি এই হরিদারে ছুইবার এক যোগিনীকে দেখিয়াছি।''

"এথন তৃতীয় বার ঘরে দেখিলে ?"

"দে কি মা ! তোমার এত রূপ ?"

''আমার এরূপ কি তোমার ভাল লাগিতেছে ?\*

আমি উত্তর না দিয়া তাঁহার পদপ্রাব্তে মাথা লুটাইলাম।

যোগিনী বলিলেন—"উঠ! অতিরিক্ত ভক্তি দেবতার গ্রাহ্থ নহে।

(ক্রমশঃ)

#### শ্রীক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ।

## "ভৌতিক রহস্তা"

#### (পিইরোর ভারতার অভিজ্ঞতা।)

কিছ্দিন পূর্ব্বে ব্রিটিশ আরটিইদিগের রঙ্গমঞ্চে গোঁড়া অধ্যাত্মবাদী দিগের একটি প্রকাণ্ড সভা হইয়াছিল. উপস্থিত সকলেই ভৌতিক-রহস্যাবিজ্ঞাপনের কৌতৃহলপ্রদ উপাখ্যান সকল শুনিবার অভিপ্রায়ে উক্ত নাট্যা-গারে সমাগত হইয়াছিলেন, শ্রোতৃর্ন্দের মধ্যে অনেকেই বিলাতের "ভূত-শক্তিবাদী" সভার সভাগণ কর্ত্বক প্রেরিত হইয়া এই সভায় যোগদান করিয়াছিলেন।

ভারতবর্ধ আমেরিকা এবং অন্যান্য বহুদেশ পরিভ্রমণ করিয়া 'পিইরো'' ভৌতিকতত্ত্ব বিষয়ে যে গভীর অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন, তৎসম্বন্ধে তিনি একটি স্থান্দর গবেষণাপূর্ণ বক্তৃতা করিয়াছিলেন, ইহা শুনিবার জন্যই এই জনসমাগম হইয়াছিল। পিইরোকে দেখিলে একজন গাঁটি ইংরাজ বলিয়াই সকলের ধারণা হয়। তাঁহার বয়দ এখনও চল্লিশ্ব অতিক্রম করে নাই; এবং তিনি এই হুজ্রের গভীর বিষয়টি এরপ্র সরল ও প্রাঞ্জল ভাষার বুঝাইয়া দিয়াছিলেন যে, সকলেই ইহা বুঝিতে পারিয়াছিলেন। পিইরো বখন স্কুলের ছাত্রমাত্র, যখন তিনি যৌবনে পদার্পণ করেন নাই, তখন কোন পরীক্ষার উত্তীর্ণ হইয়া একটি ধর্ম্মান্দিরে প্রবেশ করিবার চেষ্টা করিতেছিলেন, সেই সময়ে এই গভীর তথ্যপূর্ণ বিষয়ে তাঁহার বিশ্বাসের প্রথম স্ত্রপাত হয়।

একদিন স্কুলের প্রধান শিক্ষক মহাশর পিইরোর চেহারা অত্যন্ত বিবর্ণ হইরা গিরাছে দেখিয়া, তাঁহাকে ইহার কারণ জিজ্ঞাসা করিলেন। উত্তরে পিইরো বলিলেন যে, পূর্ব্বদিনের রাত্রিতে তিনি এক অদ্ভূত স্বপ্ন দর্শন করিয়াছেন। তিনি বলিলেন যে, ঐ দিন চারিটার সময় যথন তিনি পুরস্কার

গুটুবার জন্য যাইবেন সেই সময়ে যেন নিয়তিদেবী মোহর করা একটি লেখা তাঁহার হন্তে প্রদান করিয়া বলিলেন "এই পত্রটিই তোমার অদুষ্ট 'নিষ্ঠারিত' করিবে।"

বালক পিইবোর নিকট এই কথা শুনিয়া প্রধান শিক্ষক মহাশন্ন বলিলেন "বৎস পিইরো। স্বপ্ন মনের বিকার ভিন্ন কিছুই নয়। অতাধিক মানসিক পরিশ্রম হেতুই এইরূপ বিক্লুত স্বপ্ন পরিদৃষ্ট হইয়া থাকে। তুমিও পরীক্ষার পূর্বের অত্যধিক মানসিক পরিশ্রম করিয়াছ. তাহারই ফলে এইরূপ স্বপ্ন দর্শন করিয়াছ, স্নায়ু মণ্ডলীর তুর্বলতা ভিন্ন ইহা কিছুই নয়।'' কিন্তু আশ্চর্যোর বিষয়, পরদিন পিইরো যথন তাহার পুরস্কার গ্রহণ করিয়া নিজ স্থানে বিদিবার উদ্যোগ করিতেছিলেন, এমন সময়ে নিয়তি দেবী একটি আগন্তকের বেশে তথায় প্রবেশ করিয়া এক থানি পত্র বালক পিইরোর হস্তে প্রদান করিয়া বলিলেন যে, "এই পত্রটি তোমার পিতার নিকট হইতে লইয়া আসিতেছি।" সেই পত্রে তাঁহার পিতা তাহাকে লিখিয়াছেন যে, তিনি সর্বস্বাস্ত হইয়াছেন, স্কুতরাং পুত্রের পামের বায় নির্বাহ করা তাঁহার পক্ষে অসম্ভব। অগত্যা তাঁহাকে বিদ্যালয় পরিত্যাগ করিতে হইল।

পিইরো তাহার পর অনন্যোপায় হইয়া ভারতবর্ষে যাত্রা করিলেন এবং নিঃসহায় ও কপর্দ্ধক-বিহীন অবস্থায় জাহাজ হইতে অবতরণ করিবার সময়ে ডকের পাথেই একটি দয়ালু পুরোহিত ব্রাহ্মণের সহিত তাঁহার দাক্ষাৎ হইল। দাক্ষাৎ হইবামাত্র ব্রাহ্মণ পিইরোর হস্তরেখা পরীক্ষা কবিতে লাগিলেন।

ইহার পরিণাম এই দাঁডাইল যে, পিইরো সেই ব্রাহ্মণটির সহিত পর্বত অঞ্চলে যাত্রা করিলেন। কয়েক মাস ধরিয়া ক্রমাগত পথ পর্যাটনের পর এই ব্রাহ্মণ তাঁহাকে প্রেত-শক্তি-বাদিগণের একটি মন্ধ্র লিসে লইয়া গিয়া

উপস্থিত হইলেন। সেধানে এই বিদ্যা শিক্ষা করিবার জন্ম তাঁহাকে সাত নাদ দাত দিন সাত ঘণ্টাকাল উপবাস করিয়া থাকিতে হইয়াছিল। উক্ত মজ্লিসের সভাদিগের দলভুক্ত হইবার পূর্ব্বেই তাঁহাকে বলা হইল যে একবার তাহাকে অজ্ঞান হহতে হইবে। সেই ব্রাহ্মণটি তাঁহাকে আরও বিশেষ করিয়া বলিয়া দিলেন যে. হয়ত এই অজ্ঞানাবস্থা হইতে তাঁহার আর সংজ্ঞালাভ না হইতেও পারে। বলা বাছল্য কেবল পরীক্ষার बनारे পिरेद्रांदिक এरे कथा वना रहेग्राहिन। পिरेद्रांद सुन्दर्व এकवान বাড়ীর ভাবনা আসিল। সেথানে তিনি স্থুদুর ইংলণ্ডে তাঁরার আত্মীর স্বন্ধন বন্ধুবান্ধবদের বিষয় একবার চিন্তা করিলেন। ব্রাহ্মণটি তাঁহাকে সাহস দিয়া বলিলেন যে. ইংলণ্ডে তাঁহার বন্ধবান্ধবেরা কে কি করিতেছেন ও কোথায় আছেন, অজ্ঞান হইবার পূর্কেই তাহা তিনি তাঁহাকে দেখাইবেন। এই উদ্দেশ্যে চুইজ্বনে পর্বতের একটু উচ্চতর স্থানে অধিরোহণ করিলেন। সেথানে মর্শ্মর প্রস্তর-নির্শ্মিত একটি পাত্র দেখিতে পাইয়া ব্রাহ্মণ তাহাতে রুঞ্চবর্ণের থানিকটা তরল পদার্থ ঢালিয়া দিয়া পিইরোকে তাহার উপর দৃষ্টিপাত করিতে বলিলেন, পাত্রটির উপর দৃষ্টি-পাত করিবামাত্র বহুদূরবর্তী ইংলণ্ডে তাঁহার বন্ধুবান্ধব আত্মীয় স্বজনেরা কোথায় কি কার্য্য করিতেছিলেন, অতীব বিশ্বয়ের সহিত সে সকল তিনি প্রতাক করিলেন।

দীর্ঘ উপবাসহেতু অত্যন্ত হর্মন হওয়া সম্বেও এই বিশ্বয়কর রহস্যো-ছেদের পর তিনি এই মন্ত্রে দীক্ষিত হইবার জন্য অধীর হইয়া উঠিলেন এই পর্মত সম্মুখেই একটি অতি প্রাচীন দেবমন্দির ছিল। মন্ধানিসের সভ্যগণ ও ব্রাহ্মণ তাহাকে উক্ত মন্দিরের মধ্যে লইয়া গেলেন। পিইরো মন্দির মধ্যে প্রবেশ করিয়া, উহার একটি গভীর গর্মের মধ্যে মার্মেন প্রস্তারে নির্মিত শিবের একটি প্রকাণ্ড প্রতিমূর্জি দেখিতে পাইলেন। এই

অন্ধকারময় প্রশস্ত গুহার মধ্যে প্রস্তর-মৃত্তির মস্তকদেশ আলোকিত হুইতেছিল। অনেকেই হয়ত মনে করিতে পারেন, এই আলোক কোথা ' হইতে সাসিল: এই গুহা হইতে একটি ছিদ্র পর্বতের অন্তর্কেশ ভেদ করিয়া বরাবর পৃথিবীর বহিঃপৃষ্ঠ পর্যাস্ত চলিয়া আসিয়াছে। আলোকরশ্মি <u>শেই ছিদ্র পথ দিয়া আদিয়া মার্কেল প্রস্তরের উপর প্রতিফলিত হওয়ায়</u> সমস্ত গুহাটি আলোকিত হইতেছিল। এই থানেই তাহার "ভাবের আবেশ হইল, ইব্রিয়-শক্তি দকল ক্রমে ক্রমে অবশ হইতে লাগিল, সর্বশেষে তাঁহার দৃষ্টিশক্তি অন্তর্হিত হুইল। কিছুক্ষণ পরে তাঁহার মনে স্টতে লাগিল যেন <mark>তাঁ</mark>হার প্রমাত্মা তাঁহার শ্রীর স্ইতে মুক্ত স্ট্যা সাধীন ভাবে মন্দিরের চতুঃপার্যে বুরিয়া বেড়াইতেছে। এই অবস্থায় তাঁহাকে ৭ দিন থাকিতে হইয়াছিল। পরে যথন তাঁহার এই মোহাবেশ কাটিয়া গিয়া সংজ্ঞা লাভ হইল, তথন তিনি বুঝিতে পারিলেন ষে, তাঁহার দৃষ্টিশক্তি ফিরিয়া আসিতে অনেক বিলম্ব হইবে, অনেক সময় তিনি মনে মনে করিতেন। বোধ হয় তিনি অন্ধ হইয়াই রহিলেন। কিন্তু কিছুদিন পরে অল্প অল্প করিয়া তাঁহার দৃষ্টিশক্তি বৃদ্ধি হইতে লাগিল এবং কয়েক দিনের মধ্যে তিনি পুর্বের অবস্থা প্রাপ্ত হইলেন, অন্ধকে কিরূপ অসহ যত্ত্রণা ভোগ করিতে হয়, তাহা তিনি এই কয়দিনে সম্পূর্ণ উপলব্ধি করিতে পারিলেন এবং প্রতিজ্ঞা করিলেন, যতদিন জীবিত থাকিবেন। তভদিন তিনি অন্ধগণের প্রতি সদয় ব্যবহার করিবেন।

ভারতবর্ষে আসিয়া পিইরো যে সকল আশ্চর্যাজনক ঘটনা প্রত্যক্ষ করিয়াছিলেন, তাহাদের মধ্যে এতদেশীর যোগিগণের দেহ হইতে আত্মাকে পুথক্ করণই তাঁহাকে অধিকতর বিস্ময়-রসে আপ্লত করিয়াছিল। তিনি এক স্থানে দেখিয়াছিলেন যে, একটি যোগীকে একমাস কাল মাটীর মধ্যে পুঁতিয়া রাখা হইয়াছিল, তাহার কবরের উপর পুশাবৃক্ষ উৎপন্ন হইলে ক্রমে সেই রক্ষে পুশা প্রাণ্টিত হইল। পরে যথন তাঁহাকে কবরের মধ্য হইতে উত্তোলন করা হইল, তথন পিইরো দেখিলেন যে উক্ত যোগীর জিহল। পূর্ববিৎ রহিয়াছে এবং কিছুক্ষণ পরে যোগী সুরং উপবেশন করিলেন। ইহা দেখিয়া তিনি মন্ত্রমূগ্ধবিৎ সেথানে দাড়াইয়া রহিলেন। ইহা ভিন্ন তিনি এদেশের ক্রকিরদিগকে সেই বিখ্যাত "দড়িও বালকের ভেন্ধি" খেলিতে প্রায়ই দেখিতেন। সেই বান্ধান তাঁহাকে ব্যাইয়া দিয়াছিলেন যে, এই সকল কার্যা কেবল হিপ্লোটিজম্ অর্থাৎ সন্মোহন বিভার প্রভাবেই সাধিত হইয়া থাকে। দর্শকদিগের সংখ্যা যতই অধিক হউক না কেন, ঐ ক্রকিরেরা তাহাদিগকে এমনি ভাবে মুগ্ধ করিয়া কেলে যে, তাহারা যেন স্পষ্টই দেখিতে পাইবে যে, বালকটি দড়ি বাহিয়া উঠিনা শৃত্যে বিলীন হইয়া যাইতেছে।

ইহার পর তিনি আর একটি অতি কৌতৃহলপ্রদ ঘটনার উল্লেখ
করেন, তাহার মর্ম এই;—তিনি কোন এক সময়ে একটি ইংরাজমহিলার হস্তরেখা পরীকা করিয়া বলিয়া দিয়াছিলেন যে, ৪৮ বংসর
বয়সের সময়ে তাঁহার স্বামী লাভ হইবে। পরে সেই স্ত্রীলোকটার নিকট
হইতে তিনি এক পত্র প্রাপ্ত হইলেন। তাহাতে লেখা ছিল "য়ুবক প্
আমার বয়ঃক্রম ৪৮ বংসর এক মাস হইয়াছে; কই এখনও আমার
সেই প্রিয়তম আসিলেন না? আমি তাঁহাকে ফাঁদে ফেলিবার জন্ত
অনেকবার অনেক রকম মায়াজাল বিস্তার করিয়াছিলাম, নানাপ্রকার
বেশ-ভূবায় সজ্জিত হইয়া অনেকবার নাট্যগোরে গিয়াছিলাম; কিয়
এখনও তাঁহার ধরা পাইলাম না।" বাহাহউক, এই স্ত্রালোকটি পিইরোর
সহিত সাক্ষাৎ করিবার জন্ত যথন নিউইয়র্ক সহর হইতে বোষ্টন নগরের
দিকে আসিতেছিলেন, তখন পথে একটি রেল-গাড়ীতে তাঁহার সেই
হারাণ নিধির সহিত সাক্ষাৎ হইল, পিইরোও হাঁপ ছাড়িয়া বাঁচিলেন।

পরে তিনি সমবেত শ্রোত্রুককে সম্বোধন করিয়া বলিলেন যে, ভারতবর্ষে তিনি এ সকলের অপেক্ষাও অধিকতর আশ্চর্যা ঘটনা সন্দর্শন করিয়াছেন। সে সকল ঘটনা তিনি ক্রমে ক্রমে তাঁহাদিগের নিকট বর্ণনা কবিবেন। \*

बीनमार् १९८५।

### অলৌকিক ভৌতিক কাও

পুলন। জেলার অন্তর্গত চন্দনপুর সয়জার মধ্যে আমাদিগের জমিদারি। নয়ড়া গ্রামে অছির বন্দি (বৈগু) নামক একবর মুসলমান গৃহস্থ বাস করে। তাহার বয়দ সতুমান ৪০।৪৫ বৎসর হইবে, গত কয়েক বৎসর ২ইতে অছির হিষ্টায়াগ্রস্ত হইয়া যারপরনাই কপ্ট পাইতেছে। আক্রমণ দম্যে দিবদে এই তিন বার আক্রান্ত হইয়া অটেতভা হইয়া পড়িত, ক্রমে পুরাতন হইয়া আক্রমণ-সংখ্যা অল হইয়াছে। আমি প্রথমে উচা পীড়া স্থির করিয়া উপযুক্ত চিকিৎসকের সাহায়া লইতে উপদেশ দিলাছিলাম কিন্তু কোন চিকিৎসাল কিছুমাত্র ফল হয় নাই। সে সময় আনিও জানিতাম না যে, হিষ্ট্রীয়া পীড়া নহে, ভূতাবেশ, গত ৩ বংসর হইল প্রথমে জানিলাম যে, হিষ্টীয়া ভৌতিক কাণ্ড, এবং সেই সময় হইতে উহার সত্যতা কতদূর তাহা পরীক্ষা করিতে চেষ্টা করিতে লাগিলাম, ক্রমে প্রীক্ষায় স্বস্পষ্ট প্রতীয়মান হইণ যে হিষ্ট্রীয়া অধিকাংশ স্থলে পীড়া নহে, এমন কি আমি ্সাংস করিফ বলিতে পারি যে, শতক্ষা ৮০ জনের হিঞ্জীয়া ভূতাবেশ, তাহার হুই একটি ঘটনা পূর্ব্বে ''ঋলৌকিক রহস্তে'' লিখি- ब्राह्,--यि क्व मन्दर करतन जरत आमि जांशांक त्यारेख প্রস্তুত আছি, যে কোন হিষ্ট্রীয়া-আক্রাস্ত ব্যক্তির দারা প্রত্যক্ষ দেখাইয়া দিব; হিষ্ট্রীয়া পীড়া নহে, ভূতাবেশ। দাধারণতঃ পুরুষ অপেক্ষা অধিকাংশ স্ত্রীলোকই হিষ্ট্রীয়া আক্রাস্ত হইয়া থাকেন। তাহার কারণ আমার বোধ হয় আর কিছুই নহে, মানসিক বলের অভাব। আশা করি ইহা সকলেই স্বীকার করিবেন যে, স্বীলোক অপেক্ষা মানসিক বল পুরুষের অনেক অধিক, আর ইহাও গ্রুব সত্য যে,কোন কারণে স্বাভাবিক জ্ঞান অভিভূত না হইলে, কোন ভৌতিক যোনি মানুষকে আক্রমণ করিতে পারে না, অনেক স্থলে দেখা গিয়াছে যে, নানাপ্রকার ভৌতিক বিভীষিকা দেখিয়াও অনেকে কেবল নাহসের বলে তাহার আক্রমণ হইতে রক্ষা পাইয়াছে, এবং অপর পক্ষে ভূতগ্রস্ত সমস্ত লোকের নিকট আরোগ্য হইবার পরে জানা গিয়াছে যে, প্রথমে কোন না কোন কারণে সে অতাম্ব ভীত হইয়াছিল, অছিরের নিকটও জানা গিয়াছিল যে, সে প্রথমে ভয়ন্কর ভীত হইয়াছিল, এবং সেই ভয় পাইবার পর হইতেই সে এই পীড়ায় আক্রান্ত হইয়াছে, তথাপি পরীক্ষা করিবার উদ্দেশ্রে আমি তাহাকে বলিয়া দিয়াছিলাম, তোমার ফিট হইলেই আমাকে সংবাদ দিও, অছিরও আমার উপদেশানুসারে তাহার বাটীস্থ সকলকে বলিয়াছিল যে তাহার ফিট হইলেই আমাকে সংবাদ দেয়, তাহার বাটী আমার বাটী ছইতে ২০।২৫ রশির অধিক দূর নহে। প্রায় ২ বৎসর গত হইল এক দিবস রাত্রি অমুমান ৯টার সময় তাহার পুত্র অপর একটি লোকের সহিত অত্যম্ভ ব্যস্তভাবে আমার বাটীতে উপস্থিত হইয়৷ তাহার পিতার হিষ্ট্রীয়া আক্রান্ত হওয়ায় সংবাদ প্রদান করিল, সে সময় বর্ষা কাল, বিশেষ আকাশ মেঘাচ্ছন্ন, অল্ল অল্ল বুষ্টি হইয়াছিল, আলোকের সাহায্য ব্যতীত বাহিরে কিছুই দেখা গাইতেছিল না, অধিকন্ত পল্লির পথ যার পর নাই কর্নমাসিক্ত, সে অবস্থায় তাহার বাটীতে যাওয়া কষ্টকর এবং বিপদন্ধনক, তপাপি আমি ঔৎস্থকোর অমুরোধে সমস্ত উপেক্ষা করিয়া ভতা ও আলোর সাহায্যে, থালি পায়ে তাহার বাটী যাইরা উপস্থিত হইরাছিলাম, কিন্তু ঐ সমস্ত বাধা বিঘের জন্ম একটু বিলম্ব হইয়া গিয়াছিল, তাহার বাটীতে উপস্থিত হইয়া দেখিলাম, অছির বসিয়া আছে, তবে তাহাকে সম্পূর্ণ স্কন্ত বলিয়া বোধ হইল না। জিজ্ঞাসা করায় সে বলিল "আমার এইমাত্র চৈত্যু হইয়াছে, অস্থান্ত দিন যত সময় অচেত্ন হইয়া থাকি আজ তাহা অপেক্ষা অনেক অল্ল সময়ের মধ্যে চৈতন্ত হইয়াছে, আর আজ সম্পূর্ণ অজ্ঞান হই নাই, যেন অভিভূত হইয়া পড়িয়াছিলাম, সে गमरा ९ राग यज्ञ यज्ञ ब्लान हिल, याभात खी ७ विलल यजा । जिन रा প্রকার থেচুনি ইত্যাদি হয়, আজ ততদূর হয় নাই।" আমি তাহার কপান্ত আস্থা স্থাপন করিতে পারিলাম না, মনে মনে ভাবিলাম, হিষ্ট্রীগ্রা-হইবার অনেক পরে আমাকে সংবাদ দিয়াছ। অথবা আমার আসিতে বিলম্ব হইয়াছে, সেই জন্ম হিষ্ট্রীয়া আক্রমণের স্থায়িত্ব সময় অতীত হইয়া গিয়া তাহার চৈতন্ত হইয়াছে, পরে এক দিন না দেখিলে কিছুই স্থিন হুইতেছে না, তাহাদিগকে আক্রমণের উপক্রম হুইলেই আমাকে সংবাদ দিবার জন্ম বিশেষ করিয়া বলিয়া আসিয়াছিলাম, তৎপরে ছই দিবস গত হইল, তৃতীয় দিবস সন্ধার সময়ে এক জন লোক আসিয়া অছিএের পুনরাক্রমণের সংবাদ দিল, সংবাদ পাইবামাত্র আমি তাহার সহিত অছিরের বাটী যাইয়া উপস্থিত হইলাম, যাইয়া দেখিলাম, অছির স্থির হইয়া বসিয়া আছে। আমি তাহাকে অবস্থা জিজ্ঞাসা করিলে বলিন, "আমি যেমন বুঝিতে পারিলাম ষে, ফিট হইবার উপক্রম হইয়াছে, তংক্ষণাং আমার স্ত্রীকে বলিলাম আমাকে একটি বিছানা পাড়িয়া দিয়া ও বাটীর ভাইকে এথনি বাবুকে সংবাদ দিতে বল, ভাইও আপনাকে

সংবাদ দিতে গেল, আমিও ক্রমে অচৈতন্ত হইবার পর স্বস্থ হইতে লাগিলাম।' আমি তাহার নিকট অবস্থা শুনিয়া প্রথমে আশ্চর্য্য হইলাম, শেষে স্থির করিলাম, উভার হিছু ীয়া হইবার সময় হয় নাই। হয়.ত অন্ত কোন কারণে শরীর অস্তুস্থ হইয়াছিল, তাহাতেই হিষ্ট্রীয়া হইবে এই ভাবিয়া আমাকে সংবাদ দিতে বলিয়াছিল, সেইজন্ম তাহার বাটীর লোক দিগকে বিশেষ করিয়া আবার বলিয়া আসিলাম, পীড়ার পূর্ব্ব লক্ষণ বুঝিতে পারিলে আমাকে সংবাদ দিও। অনর্থক সংবাদ দিয়া কট দিও না, তুই চারি দিবস পরে আবার তাহার পুত্র আসিয়া বলিল, বাবার আজ দেইরকম হইগ্লাছে "আমি তাহাকে জিঞাসা করিলাম, ঠিক ত, সে দিনের মত রুথা ভোগাইবে না ত, সে বলিল, ''বাবু আমি কি আপনার সহিত নিথ্যা বলিতে পারি। আপনি গেলেই দেখিতে পাইবেন, আমা কথা সভা কি মিথাা, তথন আমি তাহার সহিত গেলাম, গিয়া দেখি অভির ঠিক পূর্দ্ধবং বসিয়া আছে, আমি মতান্ত বিরক্ত হইয়া বলিলাম যে, চালাকির আর জায়গা পাও না, আমার সহিত চালাকি করিতে আসিয়াছ, ইহাতে তাহার পুত্র অতান্ত ভীত হইয়া বলিল, আমি আপনার স্তিত নিথ্যা বলি নাই আনি যাইবার সময় দেখিয়া গিয়াছিলাম, অন্ত অত্য দিন ফিট হইবার সময় প্রথমে যেরূপ হাত পা চিন চিন করে ও সর্বাঙ্গ কাঁপিতে থাকে, আজিও ঠিক সেই প্রকার হইজেছে। বাবার নিকট জিজ্ঞাসা করিলেই বুঝিতে পারিবেন, আমার কণ সতা কি না ? তথন আমি অছিরকে জিজ্ঞাসা করিলাম, আমাকে ৰার বার অনর্থক সংবাদ দিতে বল কেন্ ? অছির বলিল্— ''আপনাকে কি আমি ইচ্ছা করিয়া মিথ্যা সংবাদ দিয়া বলিয়াছি, সে দিন সামাশুরূপ বুরিতে পারিয়াই সংবাদ দিতে বলিয়াছিলাম, কিন্তু আজ যে সময় সংবাদ দিতে গাঠাইয়া ছিলাম, তথন আমার হাত পা চিন চিন

করিয়া সর্বাঙ্গ কাঁপিতেছে আর বসিয়া থাকার শক্তি নাই দেখিয়া সংবাদ দিতে, বলি, বলিয়াই বিছানায় পডিয়া ছিলাম, কিন্তু আশ্চর্য্য এই যে, যেমন আমার ছেলে আপনাকে সংবাদ দিতে গেল, তাহার একটু পরেই, আমার দর্মাঙ্গ কম্পন ও হাত পা চিন চিন করা কমিতে আরম্ভ করিল, শরীরও ক্রমে স্বস্থ হইতে আরম্ভ হইল, তাহা দেখিয়াই আমি আমার স্ত্রীকে বলি নাম, থোকাকে ( তাহার পুত্রকে দে থোকা বলে ) ফিরাও, আমার অস্ত্রথ গ্লারিয়াছে, আমার স্ত্রীও থোকাকে ফিরাইতে থানিক দুরু গিয়াছিল, থোকা আরও ক্রত গিয়াছিল, সেই জন্ম তাহার দেখা পায় নাই, আমার ভাগা <sup>†</sup>মন্দ, সেইজন্ম আমি আপনাকে দেখাইতে পারিতেছি না, আপনাকে সংবাদ দিতে গেলেই তার ফিট হয় না, এক্লপ যে কেন হয়, আমি তাহার বুঝিতে পারিতেছি না, ছই দিনই ঐ প্রকার হইল," তাহার নিকট ঐ প্রকার শুনিয়া আমার বিশ্বাস হইল যে, উহারা আমাকে মিথ্যা সংবাদ দেয় নাই, তবে যে কেন ঐপ্রকার হইতেছে তাহার কারণ চিন্তা করিতে লাগিলাম 🏿 মামার অমুমান হইল, যে ভৌতিক যোনি কর্ত্তক অছির আক্রান্ত হয়, সে মতান্ত সমতান, ( Evil sprit ) সে বুঝিতে পারিয়াছে যে, তাহার আক্র-মণ কালে আমি উপস্থিত ২ইতে পারিলে, তাহাকে আনদ্ধ করিয়া ফেলিব, সেইজন্ম আমাকে সংবাদ দিতে আসিলেই, ে আর আক্রমণ না করিয়া, নিরস্ত হটয়া চলিয়া যায়, অছির ও স্তুত্ত হটয়া উঠে। আমি জানি, এমন ভৌতিক যোনি আছে যে, তাহাকে আবদ্ধ করা অতাস্ত কঠিন, সে যেমন বুঝিতে পারে যে, যে তাহাকে আবদ্ধ করিতে সক্ষম, সে ব্যক্তি উপস্থিত হইয়াছে, সে ত**ংক্ষণাং আশ্রিত** ব্য**ক্তিকে পরিতাাগ করিয়া পলায়ন** করে. মাবদ্ধাকরী সে স্থান হইতে চলিয়া গেলে পুনরায় আক্রমণ করে, এরপ সমতানটাকে বিভাডিত করা মতান্ত কঠিন, হিষ্ট্রীয়া-রূপে আক্রমণকারী ভূতকে আমি পূর্বেক কথন ঐ ভাবে পলায়ন করিতে দেখি নাই, সেই

জন্ম উপস্থিতক্ষেত্রে তাহাই ঠিক কিনা পরীক্ষা করার উদ্দেশ্রে পুনরাগমনের সময় সংবাদ দিতে চলিয়া আসিলাম, পরে যে দিন আবার আক্রমণের সংবাদ পাইলাম, সেদিন না গিয়া ফল কি হয় দেখিবার জন্ত, যাওয়া প্রহিত করিয়া, সংবাদদাতাকে বলিয়া দিলাম আজু আরু আনি যাইতে পারিতেছি না তুমি যাইয়া অছিরকে বুলিও, আজু যে প্রকার হয়, তাহা সে যেন নিজে আদিয়া আমাকে বলে, ইহা সকাল বেলার কথা, অছির বৈকালে আমার নিকট আসিয়া বলিল, আজ ভয়নেক ভাবে আক্রান্ত হইয়াছিল, সে আক্রমণ এত তীব্র যে, সে ওরপভাবে ইহার পূর্বে আর কখন আক্রান্ত হয় নাই, তথন আমার সন্দেহ দুঢ় হইল, সেই সন্দেহ দূর করিয়া বিশ্বাসে পরিণত করণোদ্দেশ্রে, তাহাকে পুনরাক্রমণের সংবাদ দিতে উপদেশ দিয়া বিদার করিয়া দিলাম,তাহার পর দ্বিস আবার আক্রমণের সংবাদ পাইলাম, কিন্তু গেলাম না, ভাবিলাম দেখি আজ সাবার কি হয়, পরে জানিলাম, সে দিনও ভরানক আক্রাপ্ত হইয়াছিল, আর এক দিন আক্রমণের সংবাদ পাইবানাত্র তাহার বাটীতে গেলাম গিয়া দেখিলাম অছির স্বস্থ, দানাগুভাবে আক্রান্ত হইয়াই স্কুত্ইয়াছে, তথন সন্দেহ দুর হুইয়া, বিশ্বাদে পরিণত হইল, সেই দিন হইতে তাহাকে উপদেশ দিলাম যে, যেমন হিষ্ট্রীয়া হইবার উপক্রম হইবে, আমাকে আর সংবাদ না দিল্ল আমার বাটী ঘাইবে, সেই দিন হইতে সে যখন পাড়ার হুত্র বুঝিতে পােং, তৎক্ষণাৎ আমার বাটীতে চলিয়া আইসে, আশ্চর্য্য ব্যাপার এই যে সে যত আনার বাটীর নিকটবর্ত্তী হুদ, তত স্কুম্ব হুইতে থাকে, আমার বাটাতে উপস্থিত হুইবার সামান্ত পরে সম্পূর্ণ স্কস্থ হইয়া উঠে, অনেক ভদ্রগোকে ঐ অবস্থা গুনিরা যার পর নাই আশ্চর্যা হইয়া তাহার নিকট জিজ্ঞাসা করিয়া সমস্ত শুনিয়াছেন, আমাদের গ্রাম বাদী প্রদিদ্ধ সাহিত্যিক ভৌতিক কাণ্ডে সম্পূর্ণ অবিশ্বাদী শ্রীণুক্ত জগংপ্রসন্ন রায় করেকদিন অছিরের নিকট কূট প্রশ্ন করিয়া সমস্ত

সবস্থা শুনিয়া অবাক হইয়া বার-পর-নাই চমৎক্বত হইয়া এই ঘটনাটা "অলোকিক রহ**স্তে" প্রকাশ** করিতে বার বার আমাকে অমুরোধ করিয়া-ছেন, আজু তাঁহারই অনুরোধে ইহা লিখিত হইল, দেঢ় বৎসরের অধিক কাল হইল, ঐ একই ভাবে সছিরের কাটিয়া বাইতেছে, যে কোন গতিকে আমার নিকট উপস্থিত হইতে সক্ষম হইলে, অথবা আমার নিকট উপস্থিত হইতে পারিলেই অছির হিষ্ট্রীয়ায় আক্রমণ হইতে রক্ষা পায়, সামাত্য ক্র হইয়া নিবৃত্ত হইয়া বায়, কিন্তু ইহার মধ্যে যত বার আমার নিকট উপস্থিত হইতে সক্ষম হয় নাই, অথবা আমার নিকট হইতে দূরবন্তী স্থানে আক্রাস্ত হইয়াছে, তথন ভয়ানক কণ্ট পাইয়াছে, এক্ষণে আমার প্রতীত হইয়াছে যে, মছিরের আক্রমণকারী ভূতবোনি অত্যস্ত সমতান, সে যে সময় বুঝিতে পারে যে, তাহার আবদ্ধ হইবার সম্ভাবনা নাই, সে সময় আরও তীরভাবে শাক্রমণ করে, এবং যে সময় আবদ্ধ হইবার সম্ভাবনা থাকে সে সময় কেবল উকি ঝুকি মারিয়াই পলায়ন করে, যাহারা ভূতাশ্রিত হিষ্টীয়া রোগী, তাহারা স্বাভাবিক ভাবে আক্রান্ত না হুইলেও, একটা ক্বত্রিম উপায়ে আক্রান্ত করিয়া আক্রমণকারী যোনিকে আবদ্ধ করা যায়, আমার ইচ্ছা আছে, সছিরকে সেই ক্রতিম উপারে হিষ্টীয়া আক্রাস্ত করিয়া, সেই ভৌতিক-ষোনিকে আবদ্ধ করিতে চেষ্টা করিব, কিন্তু আলম্ম-পরবশ হইয়া এই দীর্ঘ কালের মধ্যেও সে চেষ্টা করিতে পারি তাহা হইলে যাহা ফল হইরে, তাহা আপনাকে জ্ঞাপন করিব যদি পাঠকগণের মধ্যে কেহ এরপ হুইবার কোন কারণ স্থির করিতে পারেন, তবে এই পত্রিকায় লিখিলে অমুগৃহীত इहेव।

শ্ৰীপতিতপাবন রায়।

### বিপত্নীক।

রমেক্সবাবু যথন বিপত্নীক হইলেন, মাতা ও আত্মীয়বন্ধু সকলে পুনরার দার পরিগ্রহের জন্ম চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু তিনি কিছুতেই সম্মত হইলেন না; নাতার কাতর ক্রন্দন আত্মীয়-বন্ধুর অজস্র অমুরোধ ঠেলিয়া তিনি ব্রন্ধচর্যো জীবন কাটাইতে দৃঢ়সঙ্কল্ল করিলেন। মাতঃ পুলের অনিচ্ছা দেখিয়া আর জেদ করিলেন না, সস্তানের তৃঃথ জননী কতকটা হৃদয়ঙ্কম করিলেন।

শোকের প্রথম অবস্থা অতীত হইলে তাঁহার মামীমাতা একদিন বলিলেন, "হাারে রমেণ; সতাই কি বিবাহ কর্বি না; তোর মৃত ছেলে-মামুষ কে কবে না বিয়ে করেছে।" রমেক্ত হাসিয়া উত্তর করিলেন "মামীমা স্ত্রীলোকে অল্লবয়সে বিধবা হইলে কি আবার বিবাহ করে ?" মামীমা বলিলেন "তোর এক কথা, হিন্দুর ঘরে মেয়ে বিধবা হইলে কি আবার বিয়ে হয়।" রমেক্ত বলিলেন, "আর পুরুষ বিধবা হইলে তার কি প্রকারে বিবাহ হইতে পারে ?" সেই পর্যান্ত কেহ বিবাহের কথা বলিলেই তিনি বলিতেন, "প্রথমে আমাকে বুঝাইয়া দাও স্ত্রীলোক যথন বিধবা হয়, পুরুষ কেন হইবেনা ? তথন হইতে আর কেহ বিবাহের কথা বলিতেন না।

দিনের পর দিন কাটিয়া গেল, ক্রমে বংসরও চলিয়া গেল; রমেক্রনাথ, এখন সম্পূর্ণ ব্রহ্মচর্য্য লইরাছেন, একবেলা আহার করেন, মাছ খান না, স্ত্রীলোকের স্থায় নির্জ্জলা একাদশী করিতেন, জননী নীরবে সকল সহ করিতে লাগিলেন, বিধবা কন্থার স্থায় পুত্রের জন্ম ঘাদশী প্রভাত হইতে না হইতেই অশ্রুপূর্ণ লোচনে জলথাবার লইয়া বসিয়া থাকিতেন।

তিনি এম, এ পাশ, কোন স্থদুর পশ্চিমে রাজার মাষ্টার ছিলেন, ক্রমশঃ

কাজ কর্মণ্ড ছাড়িয়া দিলেন। তিনি স্বনেশের জন্ম জীবন উৎসর্গ করিয়া-ছিলেন, স্বদেশী বলিয়া তাঁহার থব গাতি ছিল। কোন পশ্চিমাঞ্চলে তাঁহার বিষাহ হইয়াছিল এক ভগিনীর খণ্ডরালয়ও সেইস্থানে। ভ্রাতা ভগিনীর এক বাটীতেই বিবাহ হইয়াছিল, স্থতরাং, পত্নী বিমোগের পরও মধ্যে মধ্যে তিনি সেথানে যাইয়া থাকিতেন।

সময় কাহার অপেকা করেন।; তাহার পর পাচ বৎসর চলিয়া গিয়াছে। রমেক্সনাথ এখন বাড়ীতেই থাকেন অধিকাংশ সময়ই তিনি একটা ঘরে একলা থাকিতেন; কিস্তু তাঁহার প্রশান্ত মর্ত্তি দেখিলে তিনি যে শোকে গ্রিয়মাণ তাহা বোধ হইত না৷ একদিন তাহাব শ্বন্ধরবাটী হইতে পত্র আসিল, যে তাঁহার শ্বশ্রমাতা অত্যন্ত পীডিত। তিনি কাল বিলম্ব না করিয়া মাতার নিকট বিদায় লইয়া চলিয়া গেলেন। পুত্রকে বিদায় দিয়া মাতা অশ্রপূর্ণ লোচনে গৃহে আদিলেন; তিনি কিছুতেই স্থির হইতে পারিতেছিলেন না, কি যেন এক অজানিত আশস্কায় মাতার হৃদয় কাঁপিয়া উঠিতেছিল। তুই দিন পরে পুলের পত্র পাইয়া কতকটা নিশ্চিন্ত হইলেন বটে কিন্তু তাঁহার মনের ব্যাকুলতা কিছুতেই গেল না সপ্তাহ না ঘাইতেই তিনি পুত্রকে আদিবার জন্ম বারংবার লিথিতে লাগিলেন।

জননীর পত্র পাইয়া রমেক্র জিনিদ পত্র গুছাইয়া, ভগিনীর নিকট বিদায় দইয়া শাশুডীর নিকট বিদায় চাহিলেন; তিনি আরও কিছুদিন থাকিবার জন্ম অনেক করিয়া বলিতে লাগিলেন ও কন্সার জন্ম কাঁদিতে লাগিলে। রমেন্দ্র খশ্রার কাতরক্রন্দনে কি ভাবিয়া আসা স্থগিত রখিলেন।

শনিবার অপরাত্রে এই ঘটনা হইল: রাত্রে রমেন্দ্রের ভয়ানক জ্বর হইল। পশ্চিমে দে সময় প্লেগের প্রাত্নভাব। সকলে ভীত হইয়া প্রাতে সাহের ডাক্কার আনিলেন। ডাক্কার দেখিয়া প্রেগ' বলিয়া গেলেন। পুরুষেরা স্ত্রীলোকদের আর জানাইলেন না; বাহির হইতে রমেন্দ্রের মাকে ও কনিষ্ঠ ভ্রাতাকে টেলিগ্রাম করিয়া দিলেন।

ক্রমে অপরাহ্ন হইয়া আসিল; যাতনার যেন একটু উপশম, হইল। রমেন্দ্রের এক জ্যেষ্ঠ শ্রালিকা মাথার কাছে বদিয়া বাতাস দিতেছেন। রোগীকে যেন একটু স্বস্থ বোধ হইতেছে, কিন্তু তিনি যেন মধ্যে মধ্যে কাহার সহিত কথা কহিতেছেন ও হাসিতেছেন এইরূপ ভাব দেখাইতেছে। বেলা আন্দাজ ৪॥০।৫টা, যিনি মাথার নিকট বসিরাছিলেন, তিনি বেশ জাগ্রত, ঘরে আর কেহ নাই, এমন সময় দেখিলেন, ধীরে ধীরে কে রমেন্দ্রের পারের নিকট আসিয়া দাঁড়াইল। তিনি হেঁটমুথে বাতাস দিতে-ছিলেন। মুথ তুলিয়া দেখেন, সরোজ—(রমেন্দ্রের মৃত স্ত্রী) পলকে যেন মোহাবিষ্ট হইলেন, সে যে মৃত একথা কিছুই না ভাবিয়া জিজ্ঞাসিলেন, ''কে সরোজ নাকি – রমেন্কে দেখতে এসেছ'' —উত্তর হইল হাঁ ''কেমন -- দেখলে," "দেখছিত, যেদিন মাছ থাইয়াছে, সেই দিনই প্লেগের বিষ ঢ়কেছে ;:( তাঁহারা অনেক অনুরোধ করিয়া এক দিন মাছ থাইয়েছিলেন ) তবে রবি, সোম এ ছদিন কিছু হবে না" বলিয়া মূহুর্তে চোথের পলক না লইতেই সে মূর্ত্তি কোথায় অন্তর্হিত হইল, তিনি তথন ভয়ে বিশ্বয়ে অভিভূত হুইবা পড়িয়াছিলেন। সে মোহ নিমেষে অন্তর্হিত হুইল তথন তাহার বুঝিতে আর কিছুই বাকী রহিল না। রমেন্দ্রের ভগিনীকে ডাকিয়া সকল বলিলেন, রমণীরা সকলে ক্রন্দন করিতে লাগিলেন।

রাত্রি অতিবাহিত হইল; তাঁহার মাতা ও প্রাতা আসিয়া পঁছছিলেন।
তথন রোগের পূর্ণাবস্থা কথা বন্ধ হইয়া গিয়াছে, কিন্তু জ্ঞান খুব।
প্রাতাকে ইঙ্গিতে জানাইলেন, কথা কহিবার শক্তি নাই প্লেট পেন্সিল
দাও,—কিন্তু উঠিবার ক্ষমতা কই ? শৃত্যে লিখিয়া সকলের কুশল
ক্রিজাসা করিলেন।

সে রাত্রিও কাটিয়া গেল. মঙ্গলবার দিন প্রাতে রোগীর কণ্ঠস্বর বাহির হইল; ভাঙ্গা ভাঙ্গা গলায় কেহ কিছু জিজ্ঞাদা করিলে উত্তর দিতে লাগিলেন। তাক্তারও একটু আশা দিল, বেলা আন্দান্ত ২টা হঠাৎ রমেক্র উচ্চৈশ্বরে হাসিতে লাগিলেন।

মাতা কনিষ্ঠ পুত্ৰকে বলিলেন, "রমেন অত হাসিতেছে কেন ?" ভ্রাতা হাসির কারণ জিজ্ঞাসা করিলে বলিলেন, "দেখ ছ না সরোজ আসিয়াছে, আমাকে যে লইতে আসিয়াছে, তোমরা দেখতে পাচ্ছনা, ওই সে দাঁড়িয়ে ররেছে." বলিয়া পুব হাসিতে লাগিলেন। অন্তকাল মধ্যেই তাঁহার প্রাণবার বহির্গত হইল, পত্নী-প্রেমিক রমেক্র যাইয়া পত্নীর সহিত মিশিলেন।

মাতা ৩২ বৎসরের যুবাপুত্র হারাইয়া হাহাকার করিতে করিতে ভগ্নহৃদয়ে বাটী ফিরিয়া আসিলেন। কিন্তু তিনিও বংসরেক পরে পত্তের অমুসন্ধান করিয়াছিলেন 1

শ্রীমতী----পাঠিকা—

### গোপেশ্বরের চাকরী।\*

আজ গোপেশ্বর ও তাহার সঙ্গিগণের মুক্তিতে অনেকেরই মহা আনন্দ- শুধু অনেকের কেন ? চক্রাস্তকারী শত্রুপক্ষীয় কয়েক জন ব্যতীত সকলেই এই নিরপরাধী ব্যক্তিগুলির মুক্তিলাভে যৎপরোনাস্তি আনন্দিত

গোপেশ্বরের আনন্দ যে প্রবল প্রতাপ অর্থশালী জমিদারের কূট জাল

अवन्यकः माध्यत्र मश्यात्र "त्यात्यव्यत्र ठाकत्री" काञ्चन मश्यात्र इटेत्व ; मङ्गन्त्र পাঠকবর্গ ইছা অনুগ্রছ করিয়া দেখিয়া লইবেন। W: 3: 7:

ভেদ করিয়া বীরের মত বাহির হইতে পারিয়াছে, ততোধিক আনন্দ তার দলস্থ লোকগুলির মুক্তিতে; আজ মেন দশভূজা দশ হস্তে তার জন্মে শাস্তি, তৃপ্তি ও আনন্দের স্রোত বহাইয়া দিতেছেন, তার চক্ষে আজ মেন সার। বিশ্বের দৈন্ত অবসাদ মুছিয়া গিয়া, বসস্তের সৌন্দর্য্য-সঙ্গীতের তান. প্রাণের ভাব-লহরী বিকসিত হইয়া উঠিতেছে। আরও উল্লাস যে তার স্থা একা ও অসহায়া হইয়াও নিজের মান বাঁচাইয়াছে, স্বামীর জন্মে পতিপ্রাণা রমণার এই ত্যাগ ও ক্লেশ স্বাকার দেখিয়া সে আনন্দের সঙ্গে গর্ম্মও অন্থত্ব করিল।

রাধারাণীও তদ্ধপ আহলাদিত; তার যে শ্রম সার্থক হইয়াছে, সহার সম্বলহানা দরিদ্রা যে স্বামীর মুক্তির কারণ-স্বন্ধপ হইয়াছে, মা কালী যে তার মুথ রক্ষা করিয়াছেন ইহাতে আনন্দ ও ক্বতজ্ঞতাভরে বড় বড় টানা টানা ভাসা ভাসা চক্ষু হুটী বারম্বার ছল ছল করিয়া উঠিতে লাগিল। বিধুমুখী, ক্ষারোদ বাবু, যতু মোক্তার তাঁহার গৃহিণী, পুরোহিত দীননাথ চক্রবন্তী প্রভৃতি সকলেই এই স্থেময় পরিণামে আনন্দিত। শিশু কালাচাদও নিশ্চিম্ত ছিল না, সে পিতাকে দেখিবামান্তই চিনিতে পারিয়া তাড়াতাড়ি কোলে উঠিয়া মহা কলরব জুড়িয়া দিল।

কিন্ত অন্তর্য্যামী পুরুষ তথনো বুঝি হাসিতেছিলেন, তথনো যে তাঁর মনে কি ছিল তাহা সাধারণ মানব-বৃদ্ধির অগম্য। বিধাতা যে তাহার অদৃষ্টরূপ আকাশে তথনো কাল-বৈশাথের ঝটকা ও অশনি-সম্পাতের ব্যবস্থা করিয়া রায়্ধয়াছিলেন। নিরীহ গোপেশ্বর তথন তাহা ঘুণাক্ষরেও বুঝে নাই।

মানবের যথন দৈব প্রতিকূল হয়, তথন তার চারিদিকেই হানা পড়ে, অভাগা যে দিকে চায়, সাগর শুকায়ে যায়, ছদিনের হাসি ছদিনে ফুরায়, দীপ নিভে যায় আঁধারে। তথন স্থথের লাগিয়া যে বরই বাঁধ না কেন তাহা আগুনে পুড়িয়া যায়, জলের জন্ম নেবের দিকে চাহিলে বজু আসিয়া মাথায় হানিয়া পডে।

• কুক্ষণে গোপেশ্বর জন্মগ্রহণ করিয়াছিল, কুক্ষণে সে বিবাহ করিয়াছিল, কুক্ষণে সে গৃহস্থালী লইয়া স্থা হইবার চেষ্টা করিয়াছিল কুক্ষণে রাধারাণী ভূমিষ্ঠ হইয়াছিল - কুক্ষণে খণ্ডর গ্রহে পদার্পণ করিয়াছিল, কুক্ষণে সে তার উচ্ছ সিত রূপ-রাশি লইয়া যুবক জমিদারের কু-নজরে পাডয়াছিল।

তথনো আনন্দের উল্লাস স্রোতে ভাটা পড়ে নাই, তথনো গোপেশ্বর দেশে ফিরিবার ইতিকর্ত্তব্যতা স্থির করে নাই, সেই সময়ে অর্থাৎ সেই রাত্রেই রাধারণী দারুণ কলেরায় আক্রান্ত হইল। বঙ্গদেশে এ রোগ তথনো নৃতন, নদীয়া ঘশোহর প্রভৃতি স্থানে মহামারী মহাবিক্রম দেখাইয়া সমগ্র বাঙ্গালা সমগ্র হিন্দুস্থানে বিস্তৃত হইতেছিল। তথনো ইহার চিকিৎসা ও ঔষধ স্থির হয় নাই, আক্রমণ হইলেই লোকে বুঝিত যে মৃত্যু অনিবার্যা।

অভাগা গোপেশ্বর শিরে করাঘাত করিয়া ব্রিল যে তার সব আশা ও কল্পনায় ছাই পড়িল--রাধারাণীও বুঝিল তার সব শেষ হইতে আর বিলম্ব নাই।

রাধারাণীর অনুরোধে তাহাকে অলক্ত ও সিন্দূর রঞ্জিত করা হইল, রক্তপ্রাম্ভ বস্ত্র-পরিহিত হইয়া প্রাণের জালা বুকে চাপিয়া কালাচাঁদকে গোপেশ্বরের বুকে তুলিয়া দিয়া, স্বামীর পদ্ধূলি শিরে লইয়া চিরদিনের মত হাসিমুথে চকু মুদিল।

বজ্রাহত গোপেশ্বর চিত্রাপিতের মত সিক্ত নয়নে, কম্পিত বক্ষে অস্তিম যাত্রার এই ক্লেশকর অভিনয় দেখিতেছিল। গোপেশ্বর কাব্য ও দর্শন পাঠ করে নাই. শোক উৎসবের উচ্চাস ছিল না, পুরুষোচিত লজ্জার ষক্ত অন্তরের আবেগ আকুলতা. উচ্চৈঃশ্বরে কুটে নাই, কিন্তু তার এই মুহুর্ত্তের অভাবনীর পরিবর্ত্তন, জীবনসঙ্গিনী পরিত্যক্ত নবীন যৌবনের এই অসহায় অবস্থার ভীষণতা ও শৃক্ততা বৃষি বা ভাষায় প্রকাশ করা যায় না। কেবল একমাত্র ভুক্তভোগীই বৃষিতে পারিবেন। চিতা ধৃ ধ্ করিয়া তেজা গর্বে জ্লিয়া উঠিল, গোপেশ্বর মনে করিল যে ওই চিতায় ঝাঁপাইয়া পড়িয়া তার শৃক্ত অবসর ও ভগ্ন হৃদয়ের সকল জালা মিটাইয়া দেয়—আবার পাছুটান শিশু কালাচাঁদ মা মা করিয়া কাঁদিয়া উঠিল—তাহাকেই বা সাস্থনা দেয় কে প

আজ গোপেশ্বরের সঙ্গ শৃত্ত, গৃহ শৃত্ত, হৃদয় শৃত্ত - অবশ্ত সাস্ত্রনা দিবার লোকের অভাব হয় নাই কিন্তু মন তা বৃঝিল না।

এখন সে করে কি ? অনেকে উপদেশ দিলেন যে সে দেশে ফিরিয়া গিয়া আবার গৃহস্থ হউক ঘর সংসার দেখুক ? তার মন কিন্তু এ প্রস্তাব চাহিল না — সে ত বড় স্থথে বড় আশায় আনন্দের ঘর সংসার পাতিয়াছিল, তবে ভগবান্ এসব অকালে ঘুচাইলেন কেন ? তার অদৃষ্টে স্থথ নাই শান্তি নাই তাহা সে ব্রিয়া লইয়া ভাবিল আবার সংসার পাতিলে না জানি এই-রূপ বা ইহা অপেক্ষাও অশান্তির আগুন জলিয়া উঠিতে পারে।

আবার ভাবিল তার ত সব গিয়াছে, শিশু পুত্র ও বাঁচিবে কিনা সন্দেহ স্থতরাং কিসের ভাবনা কিসের ভয়, সে আজ জমিদাঞের উপর প্রতিহিংসা চালাইয়া কুন হাদয়কে শাস্ত করিবে। কিন্তু তার কোন সঙ্করাই স্থির হইল না—কালাচাঁদের কাতর মুখখানি মুহুর্ত্তে তার সমস্ত কল্পনা, অবসাদ ও সঙ্কল্প উণ্টাইয়া দিতেছিল।

অনেক ভাবিয়া চিস্তিয়া স্থির করিল যে তার অদৃষ্টে স্থথের আশা বিড়-ম্বনামাত্র,—এথন কালাচাঁদ যদি বাঁচিয়া থাকিয়া মান্থ্য হয় ত যথেষ্ট। ভগবানের কাছে আর তার কোন প্রার্থনা নাই। এজন্ত ঠিক করিল যে সে এথন তার দেশে যাইবে না —কেবল ভদ্রাসন 🤅 রাথিয়া দিয়া অ**ত্যাত্ত** জমিগুলি বিক্রম বা বিলি করিয়া দিয়া সহরে থাকিয়া কোনরূপে জীবিকা নিৰ্ব্বাস্থ করিয়া পুত্ৰকে স্থ'শক্ষিত করিবে—সে যদি আজ নিজে শিক্ষিত হইত তাহা হইলে হয় ত জমিদার তাকে এত সহজে বিপন্ন করিতে পাবিত না।

সঙ্করের কথা একদিন ক্ষীরোদ বাবুকে জানাইয়া বলিল বাবু আপনি ষদি আমাকে চাকর রাথেন ত তাহলে আর কিছু চাই না, যতদিন আমার সামর্থ থাকিবে ততদিন আপনার বিনা বেতনের চাকর থাকিব, আমাকে কেবল হুই মুঠা খাইতে দিবেন তাহা হুইলেই যথেষ্ট— এক প্রার্থনা ষে ছেলেটা আপনার আএয়ে থেকে যেন মানুষ হতে পারে—অবশ্র অপর স্থানেও থাকিতে পারি কিন্তু আপনারা বিপদের সময় যেরূপভাবে সাহায্য করেছেন তাতে অপর হানে থাকলে নেমকহারামী হবে: আমাকে যদি রাথেন ত জানবেন যে আমার কাঁধে মাণা থাকতে আপনার কোন বিপদ ঘটবে না।

ফীরোদবার সহজে কোন উত্তর দিতে পারিলেন না কেননা এক মাতৃ-হীন শিশুর ভার গ্রহণ কর:ঃনিতান্ত সহজ কার্য্য নয়।

বিধুমুখী কিন্তু এ প্রস্তাব উৎসাহের সহিত গ্রহণ করিল - একে ত কিছুদিন অবস্থানে রাণারাণী ও কালাচাঁদের প্রতি তার একটা মায়া পড়ে গিয়েছিল — তার উপর মাতৃহান শিশু বলিয়া তার মাতৃহদয়ের স্নেত বাল-কের উপর কিছু বেশীরূপইে পড়িয়াছিল।

ক্ষারোদবাবু বন্ধুবান্ধবগণের সহিত পরানর্শ করিলেন - তাঁহারা সকলেই বলিলেন যে বিপদের সময় যথন তুমি সাহায্য করেছিলে তথন উপস্থিত আশ্রয় দেওয়া উচিত—বাস্তবিকই উহার কিসের অভাব নিজের দেশে ও সমাজে অবস্থা ও ক্ষমতাপন্ন কেবল শিশুটীর জন্মই কাতর – স্বতরাং তোমার উপর যে একটা গুরুভার পড়ছে তাও নয়—তাছাড়া ওরা বীরের জাত যা মুথে তাই কাজে—যদি তুমি আশ্রয় দাও তা হলে জান দিয়ে তোমার মান রাথবে ?

ক্ষীরোদ বাবু সম্মতি প্রদান করিলে গোপেশ্বর আনন্দ ও ক্বতজ্ঞতা সহকারে আজীবন দাসত্বের জন্ম প্রস্তুত হইল। দেশের জমিগুলি বিক্রম করিয়া দিল, ইচ্ছা যে যদি কখন ছেলেটা মানুষ হয় বা ভগবান দিন দেন তথন জমি উদ্ধার করা বিশেষ ত্রক্ত হইবে না।

তথনো তার আশঙ্কা যে ভগবান তার অদৃষ্টে স্থথ লিথেন নাই, প্রায়ই অজ্ঞানিত বিপদের জন্ম আকুল হইয়া কালাচাঁদকে অধিকতর আগ্রহের সহিত বকে জড়াইয়া ধরিত।

আবার বজু হাঁকিল; কালাচাঁদ দাকণ ম্যালেরিয়ায় আক্রান্ত হইল—
গোপেশ্বর আবার প্রমাদ গণিল বুঝিল ভগবান বুঝি তার শেষ অবলম্বন
আশার কুঁড়িটাও ছি'ড়িয়া দেন।

গোপেশ্বরকে আবার মৃত শিশু পুত্রকে কোড়ে করিয়া শ্মশানে ঘাইতে হইল।
সে এখন উন্মাদ—প্রাণ ভরিয়া উটেচঃস্বরে কাঁদিয়া লইল স্থাথের শেষ
শ্বিতিটীকে বিদায় দিবার সময় চক্ষুজলে হৃদয়ের বছদিন সঞ্চিত গুপ্তব্যথা,
কত নিদারুণ দাগা মুছিয়া লইল।

হতাশে শুমরিয়া শপথ করিল যে যদি সে যথার্থ সর্দারের বংশে জনিয়া থাকে যদি তার লাঠি ধরা সার্থক হয় ত হরকাস্তের মুণ্ড কপোতাক্ষের জলে ভাসাইবে—তার পর না হয় নিজেও ফাঁসি যাইবে। জেলের স্থেত সে দেখিয়াছে—তার কিসের আশা কিসের ভাবনা, তার অতীত গিয়াছে, বর্ত্তমান শুল্য, ভবিষ্যৎ নাই, তবে কেন প্রতিহিংসা তুলিবে না। আবার মনে হইল না এখনো বিলম্ব আছে, সে, উপকারকের নিকট দাসত্বে বন্ধ, এখনো ক্বতজ্ঞতাঝাণ পরিশোধ হয় নাই।

প্রতিজ্ঞার কথা শুনিয়া ক্ষীরোদবাবু অনেক বুঝাইয়া নিরস্ত করিবার চেষ্টা করিলেন বলিলেন গোপেশ্বর তুমি তাহাকে শাস্তি দিবার কে? সে তার পাপের ফল একদিন না একদিন ভোগ করিবেই –মধ্য হইতে তুমি কেন আবার একটা নরহত্যা পাপে লিপ্ত হও।

গো। বাবু আমি না দিলে উহাকে কে সাজা দিবে ?

সে যে বড়লোক, ভগবান বড়লোকের কাছে ঘেঁসে না, ভগবানের সাজা গরীবের জন্ম। আমার এত সাজা কি জন্ম বাবু ? আমি কি এমন পাপ করেছি।

ক্ষী। তুমিই হয়ত গত জন্মে ওই হরকাস্ত বাবুর মত ছিলে বহ-লোককে গৃহ শৃত্ত করিয়াছিলে, বছসতীকে কুলত্যাগিনী করাইয়াছিলে তাই আজ তোমার এত হর্দশা, এত ক্লেশ ? আমরা বুঝিতে পারি না তাই ভগবানকে দোষ দিই।

গোপেশ্বর এইরূপ কথা মধ্যে মধ্যে শুনিত বুঝিতে চেষ্টা করিত ও শান্ত মূর্ত্তি হইত – কিন্তু আবার মন বিদ্রোহী হইয়া প্রতিহিংদার জন্ত ব্যাকুল হইত।

স্থবিধা বুঝিয়া বুদ্ধিমতী বিধুমুখী ধীরে ধীরে ননীগোপালকে গোপেশ্বরের কোলে তুলিয়া দিলেন; নীরবে বিধুমুখী গোপেশ্বরের ব্যথার ব্যথী হইয়াছিলেন-- যেদিন অসহায়া রাধারাণী শিশুপুত্র বক্ষে লইয়া তাঁহার প্রাঙ্গণে আদিয়া দাঁডাইয়াছিল, দে দিন সাগ্রহে উৎসাহে ও আশায় তাহা-দের আশ্রম দিয়াছিলেন পরে রাধারাণীর গুণে তাহার প্রতি অত্যন্ত আক্সষ্ট হইয়া পড়িরাছিলেন; তাঁহার সে আশাও সফল হইয়াছিল, কিৰ ভগবান একি করিলেন ? অঙ্কুর গজাতে না গজাতে সমূলে বিনষ্ট হইয়া গেল।

কালাচাঁদের প্রতিবিদ স্বরূপ ননীগোপালকে লইয়া গোপেশবের শৃষ্ট

ৰক্ষ অনেকটা পূরণ হইল—বিধুমুখী তাহা লক্ষ্য করিলেন ও ধীরে ধীরে ননীর সকল ভার গোপেশ্বরের হাতে তুলিয়া দিলেন। নিমজ্জমান ব্যক্তি বেমন তৃণথগুকেও ধরিবার :চেষ্টা করে, গোপেশ্বরও সেরূপ এই ম্মবোধ শিশুটাকে উপলক্ষ্য করিয়া উত্তপ্ত হৃদয়ের বিষময় জালা জুড়াইবার চেষ্টা করিল।

গোপেশ্বর দাসত্ব গ্রহণ করিয়াছে বটে কিন্তু ক্ষারোদবাবু চাকরের অপেক্ষা কনিষ্ঠ সহোদরের তুলা ব্যবহারে ও স্নেই মমতায় তাহাকে বথোচিত প্রফুল্ল করিবার চেষ্টা কারতেন, আহারের সমর নিজের নিকটে লইয়া আহার করিতেন, বিধুমুখী নিকটে বাসয়া পর্য্যবেক্ষণ করিত—নির্বাক মৌনী উদাসহদয় গোপেশ্বর কথন কিছু থাইত কথন অন্যমনস্কভাবে বসিয়া বসিয়া উটিয়া পড়িত—আমোদ আহলাদ কথাবক্তা ও অবলম্বন যা কিছু ননী-গোপালই তাহার একমাত্র লক্ষ্য ও প্রবতারা, কথন কোলে তুলিয়া, মাথায়, করিয়া বেড়াইয়া আসিত আবার নির্জ্জনে গ্রহ একটা তপ্ত অঞ্জবিন্দু লোক লোচনের অজ্ঞাতে বস্ত্রপ্রাপ্ত দিয়া মুছিয়া ফেলিত।

একদিন স্থবিধা ব্যাঝরা ক্ষারোদ ও বিধুমুখা উভয়েই গোপেশ্বরকে ধরিয়া বলিল "তুমি আর কত দিন এরূপ কপ্ত করিয়া পাগলের মত ঘ্রিবে, ভোমার যথন সবই আছে তথন আমরা বলি কি যে তুমি আবার ধর সংসার করো, এ বিষয়ে আর অমত করিও না।

গো। না মাঠা কুরণ তোমরা আর ও কথা বলো না—আরো কষ্ট শাতনা বাড়বে ? আমার অদৃষ্টে স্থ্য নেই এটা বেশ বুঝেছি, তা না হলে আর সব থাকিতে আমার এ ছরবস্থা কেন ?

বলিতে বলিতে রুদ্ধ স্থানেবেগের উচ্ছ্বাসে বালকের ন্যায় কাঁদিয়া ফেলিল।

ক্ষী। তা নয় গোপেশ্বর, পৃথিবীতে যেমন পাপ পুণ্য, আলো অন্ধকার

আছে, আকাশে বেমন স্বর্গ নরক আছে ; মান্তবের ও তেমনি স্থুপ তঃখ, স্থদিন ছদিন আছে স্থসময় বা তুঃসময় মানুষের চিরদিন এক রকম থাকে না: এক দিন 'না এক দিন পরিবর্ত্তন হবেই হবে।

গো। নাবাবু সে আশা আর করি না. এখন যে কটা দিন বেঁচে থাকি, এর চেয়ে যেন আর হাড়ীর হাল না হয়—ও দব লোভ আর দেখাবেন না তবে এটা জানবেন যে যার হতে আমার আজ এ হর্দ্দশা, যদি আমার লাঠি ধরা সার্থক হয়. তা হ'লে এর শোধ নিবই নিব। তার জীবনে আর স্থথ শাস্তির কোন আশাই নাই, এই অবসাদময় হুশ্চিন্তাও তাহার দগ্ধ হুদয়কে অনেক সময় স্থৈষ্য প্রদান করিত, আবার প্রতিহিংসার জন্ম ও সমরে সমরে গুমরির। উঠিত।

#### यष्ठे পরিচেছদ।

ভগ্নশাথা মুমূর্য বৃক্ষকাণ্ড যেমন আপনার বহু আয়াদ প্রাপ্ত রুদটুকু দিয়া পরগাছার পরিপোষণ করে, গোপেশ্বরও তদ্ধপ হৃদয়ের সমস্ত স্নেহ মমতা ও দেহের যাহা কিছু সামর্থ্য দিয়া ননীগোপালকে মানুষ করিয়া তুলিতে লাগিল। হর্বল জীব অনেক সময় আসলের পরিবর্তে নকল লইয়াই পরিতৃষ্ট থাকে, গোপেশ্বরও সেরূপ নিজ পুত্রের অভাব এই পালিত পুত্রের ক্ষমতায় যথা সম্ভব ভুলিতে লাগিল।

কিন্তু তবু কি যেন এক অজ্ঞাত আশঙ্কা নৈশ আবছায়ার মত তাহাকে মধ্যে মধ্যে অভিভূত করিত বহু চেষ্টা করিয়া বাহিরে বা মনোমধ্যে সে ইহার মূল খুজিয়া পাইত না—কেমন একটা ছুর্ভাবনায়, নদী-তীরস্থ একচক্ষ হরিণের স্থায় অজ্ঞাত বিপদাশস্কায় বুকের ভিতর রহিয়া রহিরা গুরু গুরু করিয়া উঠিত। ছিন্ন হৃদয় ও দগ্ধ অদৃষ্ট গোপেশ্বর বুঝিতে পারিত না—ইহার উপরেও অপরম্বা কিম্ব ভবিষ্যতি।

চাকুরীর থাতিরে ক্ষীরোদ বাবুকে ক্রমে ক্রমে বছ জেলা মহকুমা, থানা চৌকি প্রভৃতিতে বদলি হইতে হইল, তথন এত জেলা স্কুল ও কলেজ প্রভৃতি হয় নাই স্কুতরাং ননীগোপালের লেখা পড়ার অস্ক্রবিধা দূর করিবার জন্ম প্রস্তাব হইল যে তাহাকে কলিকাতার মেসে বা বাসা করিয়া রাখা হউক কিন্তু তাহাতেও বছু গোলযোগ, কলিকাতা তথন যমালয় তুল্য অস্বাস্থ্যকর স্থান ছিল এবং নবীন বয়সোচিত নানারূপ কুসংসর্গও জুটিবার সম্ভাবনা।

ননীগোপালের কোনরূপ অস্থবিধা হয়, এটা গোপেশ্বরের অসম্থ তাই সে সাগ্রহে বলিল যে তার যথন কোন কাজ নাই কেবল বিদিয়া বিদিয়া থাওয়ান হইতেছে তথন সে কলিকাতায় ননীর সঙ্গে থাকিয়া তাহাকে রক্ষণাবেক্ষণ করিবে। বাড়ীর চাকর কেবল বিদিয়া বিদিয়া অন্ধ্বংস করিবে কেন ? বিধুমুখী শুনিয়া জিভ কাটিয়া বলিলেন, "সে" কি ? তুমি আমাদের চাকর হইবে কেন ? তুমি আমাদের বাড়ীর লোক।

গো। না মা, অনেক দিন ত আমি তোমাদের চাকর হইরা আছি তবে তোমরা আমাকে এখনো কোন কাঙ্গ দাও নাই।

বি। সে চাকরী তুমি ত তোমার ছেলের জন্ত লইয়াছিলে—ভগবান যখন তোমার সে আশাও নির্ম্মূল করেছেন তথন আর কিসের চাকরী তোমার।

গোপেশ্বর নীরবে থাকিয়া একটা দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিল—কিছুক্ষণ কথা কহিতে পারিল না — বছদিনের কত পুরাতন স্থথ হঃথ মিশ্রিত শ্বতি গুলি মনের উপর কোলাহল পূর্ব্বক ভাসিয়া উঠিয়া তাহাকে উদ্বেলিত করিয়া তুলিল।

বহু তর্ক বিতর্কের পর স্থির হইল যে কলিকাতার বাসা লইয়া ননী গোপেশ্বরের রক্ষণাবেক্ষণে থাকিবে ও ছুটীর সময় পিতা মাতার নিকট আসিবে। 🔭

ননীর বন্ধুবর্গ এই অম্ভুত চরিত্র চাকরের কার্য্য কলাপে বিস্মিত হ ইয়া তাহাকে নানারূপ প্রশ্ন করিত ননীগোপাল কেবল হাসিয়া বলিত আমিও ঠিক জানি না এই লোকটী আমার চাকর কিম্বা গার্জেন।

ছুটির সময় যথন ননীকে লইয়া গোপেশ্বর ফিরিত তথন ননীর স্থন্দর স্বাস্থ্য বিনয় নম্রতা, ব্যবহার ও বিদ্যান্তরাগ দেখিয়া পিতা বিরলে আনন্দ প্রকাশ করিতেন ও নীরবে গোপেশ্বরের প্রতি আন্তরিক ক্রতজ্ঞতা জ্ঞাপন করিতেন।

ইহার পর প্রায় বিশ বৎসর কার্টিয়া গিয়াছে— ক্ষীরোদ বাবু বাহান্ন জেলার জল থাইয়া সদর ওয়ালার পদে উন্নীত হইয়া পুনরায় যশোহরে আসিয়াছেন - বয়োধিকো প্রোঢ়ত্ব প্রাপ্তি বাতীত বিশেষ কিছু নৃতনত্ব चटि नार्ट ; त्कवन तित्न गालितियात जञ्च कीत्तान हुँ हुए। प्र वक्टी नृजन বাটী প্রস্তুত করাইয়া পরিবারস্থ সকলকে সেইথানেই রাথিয়াছে। ফুর্ত্তি আনন্দ ও অবলম্বনের অভাবে গোপেশ্বরের মহাবলবান দেহেও জরা অকালে প্রাধান্ত বিস্তার করিয়াছে মন্তকে থানিকটা টাক পড়িয়াছে. কেশরাজির অনেকগুলি খেত শুভ্রতা ধারণ করিয়া, পাত্র চর্ম্ম কৃঞ্চিত ও দেহ যাষ্ট্র কর্মৎ বক্রতা প্রাপ্ত হইয়া বার্দ্ধক্যের স্থচনা বেশ পরিষ্কার রূপেই ফুটিয়া উঠিয়াছে।

কিন্তু সেই অজ্ঞাত আশঙ্কা ও হুর্ভাবনা তথনও তাহকে ত্যাগ করে नारे, ठारे मে অনেক ভাবিয়া श्वित করিল তাহার নিজের আর কি বিপদ হইতে পারে, যাহাদের আশ্রমে এতদিন আছে তাদের না কোন विभाग रुप १ जाविया हिन्दिया श्वित कतिल-एय भीष्ठारे रेशांपत निकरे

হৈইতে বিচ্ছিন্ন হইয়া তীর্থ যাত্রা করিবে তার পর তার অদৃষ্টে বাহাই

ঘটুক না কেন তাহাতে ছঃথ করিবার কেহই বা কিছুই থাকিবে না।

ননী সেবার এম এ পরীক্ষা দিয়া চঁচুড়ার বাটাতে আছে। বংশারে

তথনও পরীক্ষার ফল বাহির হয় নাই, গোপেশ্বর ক্ষীরোদকে

বলিল, বাবু আমার আর মন টিকিছে না আপনারা শীঘ্রই ননীর

বিবাহের আয়োজন করুন। ননীর বিবাহ দেখিয়া আমি তীর্থ যাত্রা

করিব।

ক্ষীরোদ বাবু পরীক্ষার ফল পর্যান্ত অপেক্ষা করিবার সঙ্কল্ল করিয়া-ছিলেন, কিন্তু গোপেখরের আগ্রহাতিশয়ো শীঘ্রই বিবাহ খির করিবার জন্ম উল্লোগ করিলেন।

बीत्तरतन्त्रनाथ हर्ष्ट्राश्रीश्राय।

# যমদূত দর্শন।

----:0:---

শ্রীবৃক্ত স্থরেন্দ্রনাথ বস্তু চুঁচ্ড়া ক্যাকশিয়ালের অধিবাদা। তিনি কলিকাতা কন্ট্রোলার জেনেরল অফিসে কাজ করেন। প্রত্যহ বাড়ী হইতে কলিকাতায় যাতায়াত করেন। তাহাতে তাঁহাকে চুঁচ্ড়ার যতেশ্বরতলার থেয়া পার হইয়া কাঁকিনাড়া ষ্টেদন দিয়া কলিকাতায় যাতায়াত করিতে হয়। তবে ঝড়বৃষ্ট্যাদি ছুর্যোগ ঘটিলে, প্রবলতরঙ্গময়ী ভাগারথী পার হওয়া বড়ই বিপজ্জনক বলিয়া হুগলীঘাট দিয়া গতায়াত করাই একমাত্র গতি হইয়া পড়ে।

এই যে কয়দিন উপ্যাপরি বৃষ্টিপাতে দামোদর নদ ভাসিয়া গিয়া কুলবর্ত্তী বিস্তৃত ভূথগুকে শুশানে পরিণত করিল, কত সাশ্রয়কে অনাশ্রয় করিয়া, কত পনীকে নির্ধন করিয়া, কতশত জীবজন্ত ও মানবের প্রাণ অকালে তরণ করিয়া একটা ভারতবাাপী হাতাকারের স্থচনা করিয়া দিল তাহারই একদিন সন্ধাকালে অবিশ্রান্ত বৃষ্টিপাত হইতেছিল। প্রবল ঝঞ্চাবাত সেই বৃষ্টিতে আরও যেন ভরঙ্করী করিয়া তলিতেছিল। ক্ষণে ক্ষণে ঘনঘটাচ্ছন আকাশে চঞ্চল দামিনীবিকাশ, ক্ষণে ক্ষণে কৰ্বধিব-कारी वर्जनमान एक अक विश्ववाभी महा प्रनायत स्राम करिएक्रिन। তথন ৫টা ৫০ মিনিটের ট্রেণথানি শিয়ালদহ হইতে ছাড়িয়া শন শন বেগে বগুলা অভিমুখে গমন করিতেছিল।

সেই টেণে বহু যাত্রীর মধ্যে পূর্বেক্তি স্থারেক্ত বাব, এবং আরও কয়েকজন চুঁচড়ার অধিবাসী ছিলেন। তাহাদের মধ্যে শ্রীমৃক্ত অঘোর-নাথ দে অন্ততম, তিনি স্থারেন্দ্র বাবুর খব নিকট পল্লীবাসী।

দারুণ ত্র্যোগ দেখিয়া তাঁহারা আরু কাঁকিনাডায় নামিলেন না। একেবারেই নৈহাটী গিয়া নামিলেম। কিছু পরেই হুগলীর খেয়া টেণ\* ছাড়িল। সেই টেণে তাঁহারা হুগলীযাটে গিয়া নামিলেন। তথন রাত্রি ৮ ঘটিকা হইবে। স্থতরাং অন্ধকার ঘনতর হইয়াছিল।

তাঁহাদের দলপুষ্টি থাকিলেও এই ভীষণ অন্ধকারময় রাত্রিতে আলোকের অভাব বিলক্ষণ বুঝিতে পারিয়া লগ্ঠন সংগ্রহের জ্বন্ত সমুৎস্কুক হইলেন। সন্নিকটেই পূর্ব্বোক্ত অঘোর বাবুর আত্মীয় প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত জন্থরীলাল দের বাটী। তাঁহারা তাঁহার বাটীতেই গমন করা युक्तियुक्त भरन कत्रित्वन।

<sup>\*</sup> বে টেণটা ছগলীনদী পার করিবার অস্ত হুগলী সেডুর উপর দিয়া নৈহাটা হইতে বাাঙেল পৰ্যান্ত বাড়ায়াত কৰে।

তাঁহারা জহুরী বাবুর গৃহে গমন করিবামাত্র জহুরী বাবু এতগুলি
ভুজুলোককে এই দারুণ হুর্যোগের সময় উপস্থিত দেখিয়া পরম সমাদরে
অভ্যর্থনা করিলেন, এবং এই অসময়ে কেবল লগুন দিয়া.বিদায় দেওয়া
ভুজুনীতি বিরুদ্ধ মনে করিয়া রুষ্টির প্রশমন পর্যান্ত তাঁহার বাটাতে অপেক্ষা
কারতে বিশেষ অহুরোধ কারলেন। ভুজুজুনের ভুজুবাহারে তাঁহারাও
পরম আপ্যায়িত হইয়া সে অহুরোধ রক্ষা করিতে কিছুমাত্র,ইতস্ততঃ
কারলেন না। কিন্ত জহুরা বাবু তাঁহাাদগকে শুধু মৌথিক সন্থাবহারে
পরিতৃষ্ট করিলেন না, তাঁহাদের জন্ম একটা মহাভোজেরও ব্যবস্থা করিয়া
সেই বাদলের সম্মান বিলক্ষণ রক্ষা করিলেন।

পরে বৃষ্টি প্রশমিত হইলে একটা লগুন দিয়া তাঁহাদিগকে বিদায়
দিলেন। তথন বৃষ্টিপাত ছিল না বটে, আকাশ পূ্ব্বিং ঘনঘটাচ্ছ্র
ছিল, এবং ক্ষণে ক্ষণে বিহাৎ চমকিয়া উঠিয়া—অন্ধকারপীড়িত পথিকদিগকে যেন তাঁব্র পরিহাস করিতেছিল। তাঁহারাও নানা গল্প-গুজব
কারয়া চুচুড়া অভিমুখে যাত্রা করিতে লাগিলেন।

পথে গমন করিতে করিতে যেমন যেমন বাড়ী আসিতে লাগিল, অমান এক একজন করিয়া দল হইতে বিচ্ছিন্ন হইতে লাগিলেন। শেষে দাড়াইলেন হুই জন, স্থরেক্ত বাবু ও অঘোর বাবু। অঘোর বাবুর বাড়ী আগেই ছিল। তিনি নিজবাটার সম্মুথে আসিবামাত্র স্থরেক্ত বাবুকে বাললেন, "আম এখন আসি, তুমি, ভাই, এই লগ্ঠনটা লইখা যাও, কাল প্রোভংকালে আমাকে পাঠাইয়া দিও। আমি চাকর দিয়া উহা জন্থরী বাবুর বাটাতে পাঠাইয়া দিব।"

স্থারক্ত বাবু লগ্ঠন লইলেন না। বলিলেন,—"আমার বাড়ী ত এই বাগানটা পার হইলেই পাওয়া যাইবে। এটুকু আমি অমনিই যাই। আপনি লগ্ঠন রাখিয়া দিন।"

এই কথা বনিয়া তিনি গৃহের দিকে বাইতে লাগিলেন। এক মনে ষাইতেছেন।—সন্ধার্ণ পথ তাহার উভয়পার্থে ত্রইটি বুহৎ উন্থান। বুক্ষের অন্তরালে,সেই পথ নীরন্ধ, অন্ধকারে সনাচ্ছন্ন হইয়াছিল। মধ্যে মধ্যে বিছাৎপ্রভা তাহার পথ গমনে একটু সাহায্য করিতেছিল মাত্র। তিনি এক মনে বাইতেছেন।

একরার বিহাৎ ঝলকিয়া উঠিল। দেখিলেন অদূরে এক ক্বম্ববর্ণ মন্ব্যমূর্ত্তি। সেই জনমানব্দমাগনশূন্ত ভীষণ কাস্তারে একটা মন্থ্যমূর্ত্তি দেথিয়া তাঁহার হৃদয়ে একটু সাহ্দ হইল। কিন্তু সে সাহ্দ বেশীক্ষণ স্থায়ী হইল না। কারণ সে মন্ত্র্যামূর্ত্তি ক্রতবেগে তাঁহার দিকে আসিতে আসিতে যথন তাঁহার নিকটে আসিয়া পৌছিল, তথন দেখিলেন যে মূর্ত্তিকে তিনি আশ্বাসজনক বলিয়া মনে করিয়াছিলেন, তাহা এক মহাভীতিজনক বিকটমূর্তি! প্রকাণ্ড আকার, চক্ষু ছটি যেন জল্ জল্ করিতেছে। ললাট হইতে যেন এক অগ্নিশিথা উদ্গত হইতেছে। ঠিক সেই সময়েই একবার বিছাৎ চমকিয়া উঠিল। তিনি দেখিলেন, কপালে যেন রক্তবর্ণ সিন্দুরের গাঢ় প্রলেগ, মুথ অতি বিক্বত। আর সমস্ত শরীর যেন ভল্লুকের মত কৃষ্ণবর্ণ আবরণে আবৃত! সেই বিকট-মূর্ত্তি তাহার পাশ দিয়া চলিয়া গেল। ধাইবার সময় অস্পষ্টভাবে কি ষেন একটা শব্দ করিল। তিনি যেন "যম" "যম" এইরূপ শব্দ শুনিতে পাইলেন। 🧸

অন্তলোক হইলে হয়ত তৎক্ষণাৎ মৃচ্ছিত হইত। কিন্ত তিনি বিলক্ষণ বলবান, ও সাহসী। এই জন্ম মনে অত্যন্ত ভীত হইলেও ক্ষণকালের জন্ম সাহদ অবলম্বন করিয়া অতি ক্রতবেগে গৃহাভিমুখে ধাবিত হইলেন। কিন্তু বাড়ীর দারের নিকট গিয়া আর দাড়াইতে পারিলেন না। একবার 'মা' বলিয়া ডাকিয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন।

যথন সংজ্ঞা হইল, দেখিলেন সমস্ত পরিবার বিমর্ষচিত্তে তাঁহাকে পরিবেষ্টন করিয়া আছেন। তাঁহার সংজ্ঞা হইবামাত্র সকলের বদনে হর্ষরেখা দেখা দিল। তাঁহাদের সেবা শুশ্রাষায় অচিরেই তিনুনি সম্পূর্ণ স্কন্থ হইলেন।

যথন স্বস্থ হইলেন, তথন সকলেই উন্গ্রীব হইয়া ব্যাপার কি জানিবার জন্ম ইচ্ছা প্রকাশ করিলেন। তিনি তথন যথাযথ সমস্ত ঘটনাই বলিলেন।

তাঁহার মুথে এই সকল বৃত্তান্ত শুনিয়া সকলে বিশ্বয়বিহ্বল হইয়া বলিয়া উঠিলেন,—"ওঃ—ঐ সময়ে যে পার্শ্ববর্তী বাড়ীর অমুক হঠাৎ ফিকবেদনায় কাতর হইয়া মরিয়া গিয়াছে। তবে বা যমদূত তাহাকে লইতে আসিয়াছিল!

বাস্তবিক যতদ্তই আদিয়াছিল। স্থরেক্স বাবু যমদ্তকেই দেখিয়া-ছিলেন। তবে যে তাহার মুখে "যম" "যম" শব্দ শুনিতে পাইয়াছিলেন, তাহা কি ঐ যমদ্ত মৃতব্যক্তির প্রাণ লইয়া যমের নিকট যাইতে যাইতে যম নাম কীর্ত্তন করিতেছিল, না স্থরেক্সবাবু প্রবল আতঙ্ক বশতঃই ঐরপে শব্দ একটা কল্পনা করিয়াছিলেন, তাহা বিবেচ্য।

শ্রীভবভূতি বিম্বারত্ব 🕽



# থিয়েটারের

ফেজ, সিন, ড্রেস, চুল প্রভাতর প্রয়োজন
হইলে অর্দ্ধ আনার ফ্যাম্পদহ
ক্যাটালগের জন্ম লিখুন।

মজুমদার এও কোং পেণ্টার্স,

২২ নং ুহারিসন রোড, কলিকাতা।

### পাশ্চাত্য রদায়নশাস্ত্রের স্থপ্রদিশ্ধ অধ্যাপক ও স্থবিখ্যাত কবি অদ্ধেয় পণ্ডিত শ্রীযুক্ত ক্ষীরোদপ্রদাদ

বিতাবিনোদ, এম, এ,

মহাশর বছদিন যাবৎ নানা দেশীয় খনিক জল সংগ্রহ কররা বহু
পরিশ্রমে বৈজ্ঞানিক যন্ত্র ছারা ভিতরের খনিজ পদার্থ দকল রাসায়নিক
পরীক্ষার আবিদ্ধার করতঃ "লাইমোডাইন" প্রস্তুত করিয়াছেন।
লাইমোডাইন জলে হই তিন বিন্দু দিলে বস্তুতঃই সেই জল জীবনের কার্য্য করে। ইহাতে জন্ন অজীর্ব, আমাশর, কলেরা প্রভৃতি সকল প্রকার
উদরদোরজনিত রোগই সম্পূর্ণ আরোগ্য করে। ইহার এমনই গুণ বে সংক্রোমক কলেরার সময় ইহা ক্রার জলে কিলা জালা বা কল্পীর জলে মিশ্রিত করিলে সে জল মহামারীর সংক্রামকতা দ্র করিয়া দের। এই জাপুর্ব্ব আবিদ্ধার জগতের যে কি মহান্ উপকার সাধন করিয়াছে ভাহা বলিরা শেব করা যার না।

### অজীর্ণ, অম, আমাশয়, উদরাময় ও কলেরার একমাত্র মহৌষধ॥

অমুরোগ যতদিনের হউক না কেন, অমু কর্তৃক গলাজালা, বুকজালা, চুরা ঢেকুর উঠা, আহারে অনিচ্ছা, আহার মাত্র ামি হওয়া, মধ্যে মধ্যে পেট ফাঁপা প্রভৃতি ইহা সেবনে একেবারে দুরাভৃত হয়।

রক্ত আমাশর বা খেত আমাশর যতদিনের হউক না কেন ইহা শেবনে নিশ্চ হই স্পুনর্ণর না আরোগ্য হয়। পেটের পীড়া, স্তিকা, গ্রহণী, অভিসার—যেরপ ও যতদিনের হউক না কেন, ইহা ব্যবহারে অচিয়ে অর সময়ে আশ্চর্যারপে অারোগ্য হয়।

কলের।র—ইহা কড়াৎকৃষ্ট মঙৌষণ। কলেরার সর্ব অবস্থাতেই ইহা সেবনে তৎক্ষণাৎ ধাবতার উপস্থ দূব ক রয়া শরার প্রস্থ করে।

সময় অসময়ের জন্য এক শিশি প্রত্যেকেরই **ঘরে** 

#### রাখ। বিশেষ কর্ত্তব্য।

স্থান্থ শরীরে — আচার স্থে প্রভাহ ছই চারি ফোঁটা জলসহ সেবনে আহারীর বস্তু সংগ্রে বিপাক করত: স্বাথবিক দৌর্কার দূর করিয়া স্বায়ুর পেশীসমূহের বলাশন করে। ব্যাহার ধর্মদা চিন্তা অধ্যয়ন বা টনিক। শারীরিক ও স্নার্যবিক অবসাদনাশকতার ক্ষমতা দেখিলে আশ্চর্যান্থিত হইতে হয়। ইহার বিশেষ বিশেষত্ব এই যে, এই মহৌষধ এক শিশি ঘরে রাখিলে গৃহস্থ ডাক্তার গরচের দায় হইতে অনেকটা অব্যাহতি পাইবেন এবং প্রতিবাদীগণেরও প্রভৃত উপকার করিতে সমর্থ ছইবেন। কারণ, লাইমোডাইন ২।৩ ফেটাটাভেই বিশ্বয়কর কার্য্য করে।

ঁ কিশেষ দ্রষ্টবাঃ— ইংার উপকারিতা সম্বন্ধে—বহু পণ্ডিত মণ্ডলীর ভাকোর, কবিরাজ ও জমিদার প্রভৃতির রাশি রাশি প্রশংসাপত্র আছে। বি্ফাপন বাহুল্য ভয়ে তাহা প্রকাশ করিলাম না।

শুলা— হই আছিল শিশি ২ টাকা ভাক মাণ্ডল।৵• আনা।
মফঃখল হইতে ঔষণের জন্ম মনি অভার, পত্র টেলিগ্রাফ্ প্রভৃতি
নিয় ঠিকানায় পাঠাইবেন।

শ্রীম্বেন্দ্রনাথ বন্দ্রোপান্যায় ২৬নং হরলালমিত্রের খ্রীট, বাগবাঞার, কলিকাতা।

সোল এজেণ্ট -- মেসাস বিটক্কজপাল এও কোং---থোংরাপটী, কলিকাত।

### সচিত্র! অৰ্চ্চনা ৷ সচিত্র!

সম্পাদক কেশবচন্দ্র গুপ্ত, এম-এ, বি-এল।

এই ফাল্পনে অর্চনার দশম বর্ষ থারস্ত হইল। এই ফাল্পন মাসেই অর্চনা সচিত্র হইরা বাহির হইতেছে। অর্চনার নৃতন পরিচয় অনাবশুক। বঙ্গবাসী, বহুমতী, হিতবাদী, সাহিত্য প্রভৃতি প্রসিদ্ধ পত্রসমূহ অর্চনা প্রথম শ্রেণীর মাসিক বলিরা বিঘোষিত। প্রবীণ প্রধাতনামা লেখক বৃন্দ অর্চনার লেখক। নবীন ও প্রবীণ সাহিত্যর্পিবৃন্দের সমন্বর্গকে পরিপাটীরূপে মুক্তিত। অর্চনা উৎকৃত্র এণ্টিক কাগজে পরিপাটীরূপে মুক্তিত। কভার, চিত্রাদি, স্লিখিচ প্রবাধ সম্বাবে অর্চনাকে এত সৌন্দর্যাশালিনা করিরা তুলিরাছে যে প্রত্যক্ষ সংখ্যা কর্চনা প্রস্থান উপহার দিবার সাম্প্রী ইইরাছে।

গত ববে অর্চনার কলেবর বৃদ্ধি চইয়াছিল, কিন্তু মুগ্য বাড়ে নাই, বর্ত্তমান বর্বে চিত্র সংবোজিত হইবে অথচ বাধিক মূল। পূর্বেবৎই রহিল ! পাঠক এ স্ববোগ ছাড়িবেন কি ! গত বর্বে অর্চনার প্রাচকাতিশয়ে আমর। অনেকগুলি প্রাহক ফিরাইতে বাধ্য ইইরাছিলাম। এবারেও নির্দিষ্ট সংখ্যা ছাবিতেছি, অত্পর শীঘই প্রাহক ইউন, অস্তথা

যদি পুনমুদ্রিত না হয় তাহা হইলে পাইবার আশা থাকিবে না; কারণ মাদিক পত্রিকা সাপ্তাহিক নহে। বে, বে সপ্তাহ হইতে গ্রাহক হইলেন, পর বর্ষের তৎপূর্বে তারিধ পর্যান্ত কাগজ পাইলেই এক বর্ষ পূর্ব হইবে। মাদিক পত্রের গ্রাহক হইলে বর্ষের অ্থম হইতেই গ্রাহন করিতে হয়। অদ্যই পত্র লিখুন। অর্চনার বার্ষিক মূল্য সর্ব্বে ১। (ভি: পি: তে ১। ০)।

ম্যানেজার অর্চনা

১৮ নং পার্বতীচরণ ঘোষের লেন, অর্চনা পোষ্ট আফিদ কলিকাতা।

### ইফার্ণ লাইফ্ ইন্সিওরেন্স কোম্পানী লিমিটেড্।

এই স্থপরিচিত কোম্পানী গত প্রায় ৪ বংসর যাবং অর্তি দৈক্ষতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন, সাধারণ বীমা ব্যতীত মধ্যবিত্ত ও দরিল ব্যক্তিগণের উপযোগী সঞ্চয় বীমাবিভাগ বা প্রভিডেট ফণ্ড ডিপার্টমেণ্ট থোলা হইরাছে। ইহাতে মাসিক অতাল্প পদিরা মৃত্যু-কালে বা পুত্র কতাদির বিবাহ সময়ে যথেই অর্থসাহায্য পাওয়া যার।

উপস্থিত কোম্পানীর কার্যাবলী করেক জন সম্ভ্রাপ্ত ও বিশিষ্ট ভদুলোকের উপর শুস্ত হইয়াছে। নিয়মাবলী সংশোধিত হইয়া অভিন নব উৎসাহে কার্য্য চলিতেছে। কার্যার প্রনারও অভূতপূর্ব বৃদ্ধি পাইতেছে। ভারতের নানা প্রদেশ ও ব্রহ্মদেশে চীফ এজেন্সী স্থাপিত হইয়া মাসে প্রায় লক্ষ টাকার বীমা প্রস্তাব পাওয়া বাইতেছে। বিস্তারিত বিবরণ জানিবার জন্ত হেড আফিসে আবেদন করুন। সর্ব্বি এজেণ্ট আবিশ্রক।


#### শুভসংবাদ---

ভারতগভর্ণমেন্টের আইন অমুযায়ী টাকা জমা দেওয়া হইয়াছে। বীমাকারীদের পক্ষে ইহা অঙীব আনন্দের সংবাদ।

#### ১৯১০ খৃষ্টাব্দের ডাইরেক্টরগণ।

রার ষতীক্রনাথ চৌধুরী জমিদার এম, এ, বি এল, টাকি। শ্রীযুক্ত নরেক্রলাল চৌধুরী জমিদার হুগলী, শ্রীযুক্ত ষতীক্রনাথ রার চৌধুরী জমিদার সাতক্ষীরা। শ্রীযুক্ত মণীক্রনাথ মুথোপাধাার জমিদার রাণাঘাট। জ্যাটণী শ্রীযুক্ত কে, সি, দত্ত। মান্তবর শ্রীযুক্ত রমণীমোহন দাস, ক্রমিদার। শ্রীযুক্ত শৈলজানাথ রারচৌধুরী, জমিদার।

> শ্রীশৈলজানাথ রায় চৌধুরী, জ্বোরেল ম্যানেশার।



শ্রীযুক্ত অনুকৃষ চক্ত মুখোপাধ্যায় প্রণীত

### বিথি-প্রসাদ।

মনোরম দামাজিক উপন্যাদ।

২৬২<sup>°</sup>পৃষ্ঠায় সমাপ্ত। তিনখানি স্থকর চিত্র শোভিত। মূল্য ১০ টাকা মাত্র।

এই প্রস্থে জনান্ত বনদ, প্রেত্ত ব, কর্মফল, পাপপুণার বিচার, হিন্দুশাস্ত্রসম্প্রত ঐ সকলের ব্যাখা, আদর্শ হিন্দুর, আঙ্গ, অজ্ঞান হিন্দুর, এবং পাশ্চাত্য-শিক্ষিত, পাশ্চাত্য সভ্যতাদীপ্ত বাঙ্গালী-সাহেবের সমাজ চরিত্র, পাশাপাশি ভাবে প্রাঞ্জল ও ওক্তবিনী ভাষার বর্ণিত হইয়াছে । ইহাতে অর্থান্থবিগণ প্রবর্জিত সনাতন ধর্মের সরল ব্যাখা আছে, অঘটিতাহা একদেশ-দার্শতাপূর্ণ নহে—প্রাচ্য ও প্রতীচ্যের দর্শন শাস্ত্র সমহরে লিখিত এই সকল জাটিস বিষয় যাগতে স্কুমার-মতি বালক, সামান্ত শিক্ষিত মহিলা পর্যান্তও সহক্ষে বৃথিতে পারেন, তক্রপ ভাষার ও ভাবে উপস্থাসের বর্ণনাছলে বিষ্তু করা হইয়াছে।

এইও গেল শাস্ত্রীয় কথার বিচার, এতবাতীত কি কি আছে দেখুন। আমুষ্ঠানিক হিন্দুজীবনের আদর্শ চিত্র, পিশাচ প্রকৃতি মানবের ভীষণ জিঘাংসা, হিন্দু বালিকার প্রবল ধর্মজাব, পরহিত সাধনের অনুপম দৃষ্টাস্ত—এ সকলের অভাব পরিদৃষ্ট হইবে না। এক কথার এমন শাস্ত্রোপদেশ মূলক, গবেষণাপূর্ণ, সারগর্ভ, সর্বাসপূর্ণ উপস্থাস বহুকাল বাবৎ বন্ধ সাহিত্যে প্রকাশিত হয় নাই। যদি ভাবুক ইও, ধর্ম পিপামু হও, জানার্জ্যনে বন্ধপরারণ হও, তাহা হইলে 'বিধি-প্রসাদ' পাঠ করিয়া নিজে পরিতৃপ্ত হও—আজীয় স্ক্রনকে পড়িতে দিয়া নিজের কর্ম্ববা সাধন ও তাহাদিগের সম্ভোব বিধান কর।

#### বিজ্ঞাপন।

সচিত্র নৃতন অলৌকিক বিজ্ঞাপন ( দ্বিতীয় বর্ষ ) মাগিক পত্রিকা

### ব্রন্ধবিতা।

(বঙ্গীয় ভদ্ধবিস্থা সমিতি হইতে প্রকাশিত ) সম্পাদক-

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাত্বর এম, এ, বি, এল-

🖹 যুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদাস্তরত এম. এ. বি এল।

এই পত্রিকার প্রতিমাসে ধর্মও অধ্যাক্সবিদ্যা সম্বন্ধে প্রবন্ধ এবং উপনিষ্কাদি শাস্ত্র-এছ ধারাবাহিকরণে প্রাঞ্জল ব্যাধ্যানহ মন্ত্রিত ছইতেছে। তান্ত্রে আর্থা-লাল্ল-নিটিজ অমূল্য তত্ত্ব রাজি পাশ্চাত্য বিজ্ঞানের আলোকে পরিস্ফুট করিবার অভিলাথে বছবিধ বৈজ্ঞানিক তত্ত্ব আধ্যাত্মিক আধ্যায়িকা, যোগশাস্ত্র, চিন্দু স্ল্যোতিষ প্রভৃতি বিষয়ে প্রবন্ধাদি এবং ধর্ম ও আধাস্থিক বিষয়ক প্রয়ের সম্ভব্তর প্রকাশিত হইয়া থাকে।

আকরে—ররেল ৮ পেজী সাত কর্মা। বৈশাগ মাসে বর্ম বারস্ত। উৎকৃষ্ট কাপজ পরিষ্কার ছাপা।

মুলা-সহর ও মৃত:বল সর্বত্ত ভাক্মাণ্ডল সুমেত বার্ষিক এই টাকা মাত্র। তত্বজ্ঞানপিপাস্থ ব্যক্তিগণ দত্বর গ্রাহকশ্রেণী ভক্ত হউন ইহাই প্রার্থনা।

৪া৩A. কলেজ শ্বোয়ার. (গোলদীয়ার পূর্ব) কলিকাতা।

ব্ৰন্ধবিভা কাৰ্য্যালয় ) শ্ৰীবাণীনাথ নন্দী।
৪০০A, কলেজ কোয়ার,
লন্ধবিগর পূর্বা) কার্য্যাধঃক্ষ।

# সেদিনীপুর-হ্রিভেষী

মেদিনীপুরের একমাত্র বৃহৎ ও বছল প্রচারিত সাগুাহিক সংবাদপত্ত। ্রেলার কালেন্টারীর ও দেওয়ানী আদালতের সম্<mark>দার ইস্তাহার</mark> युना २ - हाका। মুদ্রিত হর। প্রত্যেক দেনদারকে একথানি কারয়া কাগন প্রেরি চ হশ্রায় নৃতন নৃতন বাক্তি পাইরা থাকে। উহাতে বিজ্ঞাপন দাতাদের প্রচ্ব লাভ। বিজ্ঞাপনের দর স্থলত।

কলক্ষ—ভক্তের ভগবংন্—প্রণগীর পত্ত।

উৎকৃষ্ট সত্য ঘটনামূলক গ্রন্থ। পাঠে কলকের ভর পাকিবে না। - কলকীও সাবধান হইবেন। ভাষার লালিতা ও মধুরতায় মৃগ্র হইবেন। শিক্ষাণ চুড়ার ! রস ও রসিক-ভার প্রস্রবন। হাতে পড়িলে পাঠ শেব না করিয়া ছাড়িতে পারিবেন না। মূল্য বাঁধাই ue আনা আবাধা I/o আনা।

ভজের ভগবান—ৰতি অপূর্ব্ব প্রস্থ। সতীর পতিভক্তির উজ্জন দুয়ান্ত ও ভগবানের ভজ ৰক্ষা দেখিলা চক্ষের জনে বক্ষঃ ভানিলা বাইবে, না পড়িলে বুঝা যায় না। মূলা। আনা।

প্রশন্ত্রীর পত্র—স্ত্রীপাঠা। সভীর পতিভক্তি ও কর্ত্তবাসম্পাদন দেশিয়া মুগ্ধ হইবেন। ভাষার লালিতো ও মাধর্ষে। বিষয়ের পরিক্ষ রণে ও শিক্ষায় ইহ। অমুলা মূল্য। আনা।

পুত্তক ভিনধানি পাঠ কৰিয়া মুগ্ধ না হইলে মূল্য ফেরত দিব। कार्गाधाक---(यिनिशेश्व हिटेड्यी, यिनिशेश्व ।

### প্রীরাসাম্বজ-চরিত।

#### শ্রীমৎ স্বামী রামক্রফানন্দ-প্রণীত।

শ্রীসম্পাদারে প্রচলিত শাচার্যা রামাস্থানর বিস্তৃত জীবনবৃত্তান্ত বালাল। ভাষার এই প্রথম প্রকাশিত ভইল। গ্রন্থকার এমন তন্তাবভাষিত ও রসগ্রাহী হইরা তুলিকা শ্রিয়াহেন, ও'চিত্র আকিয়াছেন ৰে বঙ্গনাহিত্যে আচার্যাের যোগ্য পরিচয় দিবার ক্ষন্ত বে শামরা যোগ্য লেখক পাইরাছিলাম, তাহা :পুত্তকখানি পাঠ করিতে করিতে হুদরক্ষম করিবেন।

গ্রন্থের মলাট ফুলর কাপড়ে বাঁধান এবং প্রাচীন জাবিড়া পুঁথির পাতার মত নানা বর্ণে চিত্রিত। আচাধ্য রামাকুজের জীবদশায় খোদিত প্রতিমূর্তি গ্রন্থে সলিবিট হইরাছে। মূল্য ছুই টাকা মাত্র।

প্রাপ্তিস্থান-উদ্বোধন কার্য্যালয়। বাগ্রাঞ্চার, কলিকাতা।

-সূত্তৰ ধরণের

**দ**চিত্র মা**দি**ক পত্রিকা

নতন ধরণের

### গল্প-লহরী।

শ্রীজ্ঞানেন্দ্রনাথ বস্থ সম্পাদিত। প্রাবণ মাস হইতে নিয়মিত প্রকাশিত হইতেছে। প্রতিমাসেই স্থান্দর ছবিতে পত্রিকা স্থানোভিত।

আকার ডিমাই ৮পেজী ৮ ফর্মী।

শ্রাবণ সংখ্যার নিম্নলিখিত গরগুলি আছে। শ্রীযুক্ত কাণী প্রসর স্থান গুপ্ত এম এ লিখিত —'মুমঙ্গলা ও প্রাণের বিনিমন্ন,' শ্রীযুক্ত মুনীক্ত অসাদ সর্বাধিকারা নিথিত—'নবীনের সংসার' ও শ্রীযুক্ত জানেক্তনাথ মোৰ বি, এ লিখিত 'গদ'ধরের ভ্রমণ'।

এই পত্রিকা কেবলমাত্র থকার প্রকার গর, মনোহর
উপস্থাস, চিত্তচ্ম দপ্রদ ল্লমণকাছিনা, ডিটেক্টিভের লোমহর্ষণ ঘঠনাবলা
শিক্ষাপ্রদ সমাজ-চিত্র এবং রসাল চাট্নী প্রভাতিতে পূর্ণ থাকিবে। বাজে
নীরস প্রবন্ধ হহাতে ভান পাহবে না। বঙ্গের খ্যাতনামা গ্র ও উপস্থাস
শেক্ষপণ ইহাতে নির্মিত লিখিবেন।

অপ্রিম বাবিক মুল্য ভাক মাগুল স্থেত সহর ও মকঃস্থলে ১॥• টাকা।

অবিম মূল্য বাতীত কাং। কেও পত্রিকা পাঠান হয় না। নমুনা সংখ্যা

বাবেল স্মেত ৴৽ অনা।

শ্রীসকীশচন্দ্র হোষ। কায্যাধ্যক, ''গল্প-শহরী''



রাজ্ভবর্ণের অন্নাদিত, বিষয় ও পৃষ্ঠপোষিত—
কৰিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের
জবাকুসুম তৈল
শিরোরোগের মহৌষধ।

গুণে অদিতীয় ! গন্ধে অতুলনীয় !

শ্বাকৃষ্য তৈল ব্যবহার করিলে মাখা ঠাঙা খাকে, জকালে চুল পাকে না, মাখার টাক পড়ে না। বাঁহাদের বেশী রকম মাখা খাটাইতে হয় উহাদের জবাকৃষ্ম তৈল নিতা ব্যবহায় বন্ধ। "ভারতের বাধীন মহারাজাধিরাজ হইতে সামান্ত কুটারবাসী পর্যান্ত সকলেই জবাকৃষ্ম তৈলের গুণে মুদ্ধ। জবাকৃষ্ম তৈলে বাবহার করেন এবং সকলেই জবাকৃষ্ম তৈলের গুণে মুদ্ধ। জবাকৃষ্ম তৈলে মাখার চুল বড় নরম গুক্ষিত হয় বলিয়া রাজরাণী হইতে সামান্ত মহিলারা পর্যান্ত অভিত্ত সাহাত্ত জবাকৃষ্য তৈল ব্যবহাঃ করেন।

এক শিশির মূল্য ১০ এক টাকা। বিজ্ঞানা। ভাকমাশুল। চারি আনা; ভিঃপিতে ১। ০০ পাঁচ আনা।
সি, কে, সেন কোং লিমিটেড,
ব্যবস্থাপক ও চিকিৎসক—

কবিরাঞ্জ ঐতিপেন্দ্রনাথ সেন ২৯ নং কলুটোলা খ্রীট, কলিকাতা।